# छीछील

# श्रुणापत उंगामगाग्

अविशामित कुर्याप्ति अवि

শ্রীগৌরাস্থমঠ রাইপুর \* বীরভূম

#### শ্রীমন্মহাপ্রভুর ৫০০ বর্ষ-পূর্ত্তি সন্ন্যাসগ্রহণ-লীলা উপলক্ষ্যে প্রকাশিত

বিশ্বব্যাপী শ্রীকৃষ্ণতৈতন্য-মহাপ্রভুর বাণী-প্রচারের মূল-পুরুষ শ্রীচৈতন্যমঠ, শ্রীগৌড়ীয়মঠ ও গৌড়ীয়মিশনের প্রতিষ্ঠাতা নিত্যলীলাপ্রবিষ্ট পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী

# श्रुणाप्तर उँगाम्याय्

প্রভুপাদপ্রেষ্ঠ তদীয় অধন্তন রেজিন্টার্ড গৌড়ীয় সমিতির প্রতিষ্ঠাতা
ও আচার্য্য নিত্যলীলা-প্রবিষ্ট ত্রিদণ্ডিস্বামী শ্রীশ্রীমন্ডক্তিময়ূখ
ভাগবত গোস্বামী ঠাকুর-সঙ্কলিত এবং তদাপ্রিত
গৌড়ীয়-সমিতির বর্ত্তমান সভাপতি ও আচার্য্য
ত্রিদণ্ডিভিক্ষু শ্রীভক্তিবিজয় শ্রীধর মহারাজ
কর্তৃক সম্পাদিত অমূল্য বাণী-সম্পদ্
গ্রন্থরূপে আত্মপ্রকাশ
করিলেন।

#### প্রকাশক

#### ত্রিদণ্ডিস্বামী শ্রীভক্তিবারিধি ত্রিদণ্ডী মহারাজ

গৌড়ীয়-সমিতি \* শ্রীগৌরাঙ্গমঠ \* রাইপুর \* বীরভূম।


পঞ্চম সংস্করণ ১৪১৭ বঙ্গাব্দ [সর্ববস্থত সংরক্ষিত]

মুদ্রণে
মেসার্স সিদ্ধার্থ প্রিন্টার্স সিউড়ী \* বারুইপাড়া \* বীরভূম ফোনঃ (০৩৪৬২) ২৫৫-১৮১


#### প্রাপ্তিস্থান ঃ—

- ১। শ্রীগৌরাঙ্গমঠ; পোঃ রাইপুর, ভায়া বোলপুর জেলা— বীরভূম, পিন - ৭৩১২০৪
- ২। শ্রীভাগবত-আগ্রম; পোঃ চিনপাই, জেলা— বীরভূম, পিন - ৭৩১১০২
- ৩। শ্রীগৌরাঙ্গমঠ; সিন্দারপটি, পোঃ + জেলা— পুরুলিয়া, পিন - ৭২৩১০১


শ্রীমন্মহাপ্রভুর ৫০০ বর্ষ-পূর্ত্তি-সন্ন্যাসগ্রহণ-লীলা ১৪১৭ বঙ্গাব্দ



শ্রীশ্রীনিত্যানন্দপ্রভু শ্রীশ্রীমন্মহাপ্রভু শ্রীশ্রীতাদ্বত আচার্য্য প্রভু হেতমপুর শ্রীগৌরাঙ্গমঠে সেবিত শ্রীবিগ্রহগণ




শ্রীল প্রভুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমন্ডক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর





চিনপাই শীভাগবত-আশ্রমে সেবিত শীশীগুরুবর্গের শীমূর্তি





জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিবিজয় শ্রীধর গোস্বামী ঠাকুর

CAN WELL ASSESSED TO THE SERVICE OF THE STATE OF THE SERVICE OF TH



#### শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

#### নিবেদন

পরমকরুণাময় প্রীপ্রীগুরু-গৌরাঙ্গ-রাধা-বনমালীজীর অপরিসীম করুণা ও অহৈতুকী কৃপাশীবর্বাদে ''প্রীপ্রীল প্রভুপাদের উপদেশামৃত'' গ্রন্থের পঞ্চম সংস্করণ পরম দয়াল স্বয়ং-ভগবান্ শ্রীমন্মহাপ্রভুর পাঁচ শত বর্ষপৃর্ত্তি সন্ধ্যাস-গ্রহণ লীলা বৎসরে প্রকাশিত হইলেন। পরমারাধ্য শ্রীগুরুদের মদীয় পরমগুরুদের শ্রীপ্রীল প্রভুপাদের শুভ আবির্ভাবের শতবর্ষ-পৃর্ত্তিকালে—১৯৭৩ খৃষ্টাব্দের অক্টোবর মাসে এই অমূল্য গ্রন্থটি সর্ব্বপ্রথম প্রকাশ করিয়া ভাগ্যবান্ সজ্জনবৃন্দ ও ভক্তগণের চিত্তাকর্ষণ ও বিশেষরূপে আনন্দবর্দ্ধন করিয়াছিলেন। এই অমূল্য শিক্ষামৃত পাঠ করিয়া উচ্চশিক্ষিত অনেকেই বলিয়াছেন—''সরল ভাষায় এরূপ পারমার্থিক মীমাংসা আমাদের দৃষ্টিতে কখনও আসে নাই; এই সুমীমাংসা সত্য-সত্যই চিত্তাকর্ষক, মন্মান্সপর্শী ও মহামঙ্গলকর। এই হৃদয়গ্রাহী উপদেশামৃত গ্রন্থটি কণ্ঠহার ও নিত্যপাঠ ক'রতে আমাদের একান্ত অভিলাষ।''

স্বাং-ভগবান্ শ্রীশ্রীগৌরাঙ্গ-মহাপ্রভুর নিত্যসিদ্ধ পার্ষদ শ্রীশ্রীল প্রভুপাদের এই সকল অমূল্য উপদেশামৃত যে কত মঙ্গলকর, কত সুসিদ্ধান্তপূর্ণ, কত চিত্তাকর্ষী ও কত কৃষ্ণসুথকর, তাহা প্রকাশ করিবার ভাষা আমার নাই। আত্মমঙ্গলকারী সেবোন্মুখ নিষ্কপট সাধক শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গের কৃপা ভিক্ষা করিয়া শ্রদ্ধাপূবর্বক মনোযোগ-সহকারে ইহা পাঠ করিলে নিজ জীবনে ইহার প্রয়োজনীয়তা, অপূবর্বত্ব ও প্রত্যক্ষ

সত্যতা অবশ্যই উপলব্ধি করিতে পারিবেন, ইহা আমার সুদৃঢ় বিশ্বাস।

ভগবদিছায় শ্রীপ্রীধামে আবিভূত হইয়া শ্রীশ্রীমন্মহাপ্রভূর অতুলনীয় ও অপরিসীম করুণার কথা জগদ্বাসীকে যিনি জানাইয়াছিলেন, সেই জগদগুরু শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভূপাদ কৃপাপূর্বক জগতের মঙ্গলের জন্য যে সমস্ত অমূল্য উপদেশ বিভিন্ন সময়ে, বিভিন্ন বক্তৃতায়, বিভিন্ন প্রবন্ধে, পত্রাবলীতে ও হরিকথা-প্রসঙ্গে প্রদান করিয়াছেন, তাহাই আমার শ্রীগুরুপাদপদ্ম ভক্তগণের একান্ত আগ্রহে প্রশ্নোত্তর-ধারায় গ্রন্থাকারে পর পর দুইটি সংস্করণে প্রকাশ করিয়াছেন। শ্রীগুরুপাদপদ্মের অপ্রকটের পরেও এই গ্রন্থের তৃতীয় ও চতুর্থ সংস্করণ তাঁহারই অহৈতৃকী কৃপায় প্রকাশিত হইয়াছিল। তাহাও কিছুদিন পূর্বে নিঃশেষ হইয়া যাওয়ায় করুণাময় প্রভুর প্রেরণায় ও শ্রদ্ধালু জনগণের একান্ত আগ্রহে শ্রীমন্মহাপ্রভুর পাঁচ শত বর্ষপূর্ত্তি সন্ন্যাস-গ্রহণ ও ভারত পরিভ্রমণ লীলার স্মৃতিতে এই গ্রন্থের বহুল প্রচারের উদ্দেশ্যে এই উপদেশামৃতের পঞ্চম সংস্করণ পুনরায় প্রকাশিত হইলেন। মঙ্গলমূর্ত্তি শ্রীগুরুপাদপদ্ম, সকল মঙ্গলালয় সপরিকর শ্রীশ্রীগৌরাঙ্গমহাপ্রভু এবং সপরিকর শ্রীশ্রীরাধা-বনমালীজী নিজগুণে কৃপা করিয়া মাদৃশ নগণ্য সেবককে এই জগনাঙ্গলকর কার্য্যে শক্তি-সামর্থ্য প্রদান করুন, ইহাই তাঁহাদের শ্রীচরণকমলে কাতর প্রার্থনা ও হার্দ্দ নিবেদন।

বর্ত্তমান সংস্করণের সেবানুকূল্যকারী সজ্জনগণের জীবমঙ্গলময়
মহান্ প্রচেষ্টার জন্য শ্রীহরি-গুরু-বৈ ক্ষবচরণে তাঁহাদের সবান্ধব
পারমার্থিক কল্যাণ প্রার্থনা করি।

আজ এই শুভদিনে আমার নিত্যজীবনদাতা শ্রীগুরুপাদপদ্ম ইহ জগতে প্রকট নাই, ইহা আমার অসহনীয় দুঃখ। তবে আমাদের হৃদয়দেবতা ও নিত্যরক্ষক শ্রীগুরুদেব আমাদের হৃদয়ে ও সর্ব্বর্ত্ত অবস্থান করিয়া সতত আমাদিগকে রক্ষা ও কৃপা করিতেছেন এবং তাঁহার কৃপা ও শুভেচ্ছাতেই 'শ্রীশ্রীল প্রভূপাদের উপদেশামৃত, গ্রন্থটি শ্রীমন্মহাপ্রভূর পাঁচ শত বর্ষপূর্ত্তি সন্ন্যাস-গ্রহণলীলা বৎসরে পুনঃ প্রকাশিত হইলেন— ইহাই আমাদের আনন্দ ও ভরসা।

স্নেহের মূর্ত্তি ও দয়ার সাগর শ্রীশ্রীগুরুদেব, করুণাময় শ্রীশ্রীল প্রভূপাদ ও গৌড়ীয় গুরুবর্গ এই দীন প্রভূ-কিঙ্করকে শ্রীগুরুপাদপদ্মের শ্রীচরণরেণুতে নিত্য অভিষক্ত করুন, ইহাই তাঁহাদের শ্রীচরণে এই দাসাধমের হার্দ্দ নিবেদন ও কাতর প্রার্থনা।

> ইতি— শ্রীহরি-গুরু-বৈষ্ণব-কৃপাভিষ্কৃ শ্রীভক্তিবিজয় শ্রীধর

শ্রীমন্মহাপ্রভুর ৫০০তম শতবর্ষ পূর্ত্তি সন্ন্যাসলীলা-বৎসর অক্ষয়তৃতীয়া ১লা জ্যেষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ ১৬ই মে, ২০১০ খৃষ্টাব্দ

#### শ্রীশ্রীগুরু - গৌরাঙ্গৌ জয়তঃ

# প্রশ-সূচী ঃ

১। কে ভজনরহস্য জানিতে পারে ?	>
২। আমরা কি করে বল পাবো ?	٥
৩। কর্তব্য-বৃদ্ধি হইতে যাহা করা যায়, তাহা কি ভক্তি?	>
৪। অন্যাভিলাষ কি ?	>
৫। কর্ত্তাভিমান কিসে যাবে ?	5
৬। জীবের মঙ্গল কখন হয় ?	২
৭। কৃষ্ণ কাহার প্রার্থনা শুনেন ?	২
৮। প্রকৃত শিষ্য কে ?	২
৯। এক জন্মে সিদ্ধি কি করে হবে ?	9
১০। ভগবান্কে জান্বার উপায় কি ?	•
১১। ভীষণ নামাপরাধ কি ?	9
১২। আচার্য্য কি করেন ?	9
১৩। সন্ন্যাস কাহাকে বলে ?	8
১৪। সাধুর কাজ কি ?	8
১৫। কি বিচার গ্রহণ করলে মঙ্গল হবেই ?	8
১৬। শ্রীবিগ্রহ কি সাক্ষাৎ ভগবান্ ?	¢
১৭। গুরু কোথায় পাবো ?	¢
১৮। সাধুসঙ্গ কি সবর্বক্ষণ করণীয় ?	৬
১৯। সংসার থেকে কি ক'রে উদ্ধার পাবো ?	৬
২০। আমরা কি শিষ্য কর্বো ?	৬
২১। গুরু কি কৃষ্ণধনে ধনী ?	٩
২২। ভগবদর্শন করা মানে কি ?	9

২৩। অন্তৰ্দৰ্শন কি বিশেষ প্ৰয়োজন ?	٩
২৪। আমরা কি নিজেকে নিজে রক্ষা কর্তে পারি ?	৮
২৫। কে উদ্ধার পায় ?	৮
২৬। মঙ্গল কি করে হবে ?	br
২৭। মঙ্গলের রাস্তাটা কি ?	\$
২৮   উক্ত কে ?	۵
২৯। ভগবদর্শনের পথ কি ?	8
৩০। কৃষ্ণসেবা কি করে পাবো ?	8
৩১। আমরা কি শ্রীনামের সেবক ?	20
৩২। কৃক্ষের পূর্ণকৃপা-লাভের উপায় কি ?	>>
৩৩। কে গুরু হইতে পারেন ?	>>
৩৪। কৃষ্ণসেবা ব্যতীত কি জীবের অন্য কোন কৃত্য নাই ?	
সেবা কি করে পাবো ?	22
৩৫। বৈষ্ণবদর্শনের কথা কিভাবে বুঝা যাবে ?	১২
৩৬। মহাপ্রভুর উপকার কি সর্ব্বশ্রেষ্ঠ উপকার ?	১২
৩৭। আমার সম্বন্ধজ্ঞান হয়েছে তা কি করে বুঝ্বো ?	20
৩৮। সেবা বাদ দিয়ে নিজে সুখে থাকার চেষ্টা কি ভাল ?	20
৩৯। শ্রীভগবন্নাম কিভাবে গ্রহণ করিতে হইবে ?	\$8
৪০। আত্মা, মন ও দেহ—এই তিনটিতে কি ভেদ ?	28
৪১। আমার ত' জগতের অভিজ্ঞতা ছাড়া আর কিছুই নাই;	
তাহা হইলে এ সমস্ত বিষয় কি করিয়া জানা যাইবে ?	24
৪২। কাহারও কাহারও সংবাদ পিয়ন না আনিতেও পারে ত' ?	50
৪৩। বৈকুঠের সংবাদ আনয়নকারী পিয়নকে কিরূপে চেনা যাইবে এ	<u>এবং</u>
সংবাদের সত্যত্ব ও মিথ্যাত্বই বা কিরূপে জানা যাইবে ?	50
৪৪। জাগতিক অভিজ্ঞতাই আমাদের সম্বল। তাহা বর্জ্জন করিয়া কে	ন
অতিমর্ত্ত্য বস্তুতে কিরূপে শরণাগত হওয়া যাইবে ?	36

৪৫। কি উপায়ে সেই সাহস অর্জন করা যাইবে ?	36
৪৬। শরণাগতি ও দৃঢ়তা কি বিশেষ প্রয়োজন ?	26
৪৭। গুর্বানুগত্যে কৃষ্ণভজন না করিলে কি কৃষ্ণভজন হয় না ?	39
৪৮। সন্ন্যাসী সাজিলেই কি সুবিধা হইবে ?	39
৪৯। এই জগৎ কি বদ্ধজীবের কারাগার ?	36
৫০। কৃষ্ণ কাহাকে আকর্ষণ করেন ?	32
৫১। আমাদের সুবিধা বা মঙ্গল কি করিয়া হইবে ?	58
৫২। রাধারাণী কি মূল গুরু ?	२०
৫৩। আমাদের ভগবদনুভূতি হচ্ছে না কেন ?	२०
৫৪। এ জগতে এত দৃঃখ আছে কেন ?	२२
৫৫। গ্রাম্যকথা বলা ও গ্রাম্যকথা শুনা কি ভক্তিহানিকর ও অমঙ্গলজনক ?	२२
৫৬। নিত্যকল্যাণ লাভের উপায় কি ?	२७
৫৭। শ্রীগুরুপাদপদ্ম শ্রদ্ধাই কি ভক্তির মূল ?	২8
৫৮। সুখী হইবার উপায় কি ?	20
৫৯। ভক্তি জিনিষটি কি ?	२७
৬০। ভগবান্ কি জীবের স্বতন্ত্রতায় বাধা দেন ?	२७
৬১। মায়া জিনিষটি কি ?	२७
৬২। আরোহবাদ কি একেবারে ছাড়া যায় ?	२१
৬৩। জীবের চালক কে ?	२५
৬৪। আরোহবাদ কাহাকে বলে ?	90
৬৫। কৃষ্ণ ও বিষ্ণুতে কি পার্থকা ?	90
৬৬। বৈষ্ণব কে ?	02
৬৭। ভগবৎসেবা ব্যতীত কি কল্যাণ হয় না ?	05
৬৮। গুরুনিষ্ঠ না হলে কি হরিভজন হবে না ?	७२
৬৯। ভক্তের প্রার্থনা কিরূপ হবে ?	99
০০। মঙ্গলের পথ কি ?	99

৭১। স্বতন্ত্রতা কি পরিত্যাজা ?	98
৭২। প্রকৃত স্বাধীনতা জিনিষটা কি ?	<b>७</b> 8
৭৩। ভগবান্কে সম্পূর্ণ বিশ্বাস করিতে না পারাই কি অঙ্গলের কারণ	? ৩৫
৭৪। ভগবান্ কি ভক্তের অধীন ?	৩৬
৭৫। কাহার সঙ্গ কর্বো ?	७९
৭৬। শ্রীগুরুদেব কি মানুষ ?	७९
৭৭। গুরুসেবা কি প্রত্যহই করা কর্তব্য ?	৩৮
৭৮। বর্ণাশ্রম-ধর্ম্ম কি আত্মার ধর্ম্ম বা নিত্যধর্ম ?	৩৯
৭৯। কীর্ত্তন কি সর্বশ্রেষ্ঠ ভক্তাঙ্গ ?	৩৯
৮০। গৃহস্থের কর্ত্তব্য কি ?	80
৮১ ৷ সেবা জিনিষটি কি ?	82
৮২। আমাদের ভক্তি কি করে বৃদ্ধি হবে ?	8२
৮৩। হরিসেবা কি নিজে নিজে করা যায় না ?	80
৮৪। বিশ্বকে কিভাবে দেখতে হবে ?	8¢
৮৫। শ্রীগুরুদেবের Direct সঙ্গ ও সেবা কি বিশেষ প্রয়োজন ?	84
৮৬। আমরা কি শ্রীরূপানুগবর শ্রীগুরুপাদপদ্মের দাস ?	86
৮৭। সর্বশ্রেষ্ঠ উপকার কি ?	86
৮৮। কাহার কপাল ভাল ?	86
৮৯। কাহাকে দান করিতে হইবে ?	89
৯০। শুদ্ধভক্তের বিচার কিরূপ ?	89
৯১। কে ভগবান্কে লাভ করিতে পারে ?	84
৯২। কাহার সেবা করা কর্ত্তব্য ?	84
৯৩। এ জগতে কি প্রকৃত সাধুর আদর আছে ?	85
৯৪। গুরুদর্শন না হইলে কি ভগবদর্শন হয় না ?	00
৯৫। গুরুকে ভুলিলেই কি অসুবিধা হবে ?	60
৯৬। বৈষ্ণবের ছিদ্র কারা দেখে ?	65

৯৭। শ্রীগুরুদেব কি প্রত্যেক বস্তুতেই বিরাজমান ?	62
৯৮। হৃদয়ে ভগবং-স্ফূর্ত্তি কখন হয় ?	৫२
৯৯। পূর্ণভাবে শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় না কর্লে কি ঠক্তে হবে ?	42
১০০। জড়াভিনিবেশ হতে কে আমাকে রক্ষা কর্তে পারেন ?	42
১০১। ভগবান্কে কিভাবে ডাক্তে হবে ?	৫৩
১০২। গুরুসেবা কি বিশেষ প্রয়োজন ?	68
১০৩। কাহার সঙ্গ করিব ?	aa
১০৪। সবই কি ভগবানের দয়া ?	44
১০৫। মন্ত্রসিদ্ধি ও ভক্তিসিদ্ধির মধ্যে বৈশিষ্ট্য কি ?	46
১০৬। যাহার অর্থের প্রতি লোভ আছে, তাহার সঙ্গ কি পরিত্যজ্য ?	60
১০৭। সকলে মিলিয়া মিশিয়া সেবা করাই কি ভাল ?	49
১০৮। সাংসারিক কষ্টও কি ভগবানের দয়া ?	49
১০৯। যেখানে ভক্তগণ থাকেন, সেখানকার সকল লোক ভাল হয় না কেন	?&&
১১০। আমাদের জীবন কি আদর্শস্থল হওয়া উচিৎ ?	(b
১১১। আমাদের ব্যাধি কি ?	¢b
১১২। পার্থিব অসুবিধায় ভক্তের কি কর্ত্তব্য ?	63
১১৩। শ্রীগুরুপাদপদ্ম কি সম্পূর্ণ নিরপেক্ষ ?	৫৯
১১৪। ভগবানের কৃপাতেই কি গুরু মিলে ?	69
১১৫। গুরুসেবার উপকরণে ভোগবৃদ্ধি করা কি উচিত ?	63
১১৬। পূর্ণ আত্মসমর্পণ কর্লে কি মঙ্গল হবেই ?	40
১১৭। আমাদের কোথায় অসুবিধা ঘটিয়াছে ?	40
১১৮। ভক্তি কি করে লাভ হয় ?	63
১১৯। আমরা জীবিত, না মৃত ?	७२
১২০। কে সিদ্ধিলাভ কর্বেন ?	७२
১২১। বহু ব্যক্তিকে গুরুর সমান মনে করা কি উচিত ?	७२
১২২। সাধ কি করেন ?	৬৩

১২৩। শ্রীবিগ্রহ কি বস্তু ?	৬৩
১২৪। সর্বশ্রেষ্ঠ উপাসনা কি ?	७8
১২৫। চিত্ত স্থির কর্বার সহজ উপায় কি ?	৬8
১২৬। আমাদের কি শিষ্য করা উচিত ?	৬8
১২৭। আপনি ত' বহু শিষ্য করেছেন ?	৬8
১২৮। প্রকৃত সেব্য কি ?	৬৫
১২৯। আমাদের সবচেয়ে বড় কর্ত্তব্যটা কি ?	৬৫
১৩০। স্বাধীনতা লাভের উপায় কি ?	৬৬
১৩১। কি ক'রে নিজেকে জান্তে পারবো ?	৬৬
১৩২। শ্রীচৈতন্যদেব কি করেছেন ?	৬৬
১৩৩। সাধুসঙ্গ কি করে হবে ?	৬৮
১৩৪। শ্রেয়ঃপথে কি বিঘ্ন থাকেই ?	৬৮
১৩৫। বিবর্ত্ত কাহাকে বলে ?	৬৮
১৩৬। চেতন ও অচেতন ভেদ কি ?	৬৮
১৩৭। মানুষ কি পরজগতের কথা বল্তে পারে ?	৬৯
১৩৮। সকলে পরমার্থ কথা ধর্তে পারেন না কেন ?	৬৯
১৩৯। বর্ণাশ্রমধর্ম্ম কি নিতা ?	90
১৪০। শ্রীচৈতন্যদেব কে ?	95
১৪১। গীতার সর্ব্ধর্মান্ পরিতাজ্য—এত বড় কথাকে ভগবান্	
শ্রীগৌরাঙ্গদেব এহো বাহ্য—একথা কেন বললেন ?	१२
১৪২। পরীক্ষা জিনিষটা কি দয়া ?	90
১৪৩। লোক তীর্থে যায় কেন ?	90
১৪৪। ভোগ ও ত্যাগ দুইই কি পরিত্যাজ্য ?	98
১৪৫। শ্রীরূপ গোস্বামী প্রভু কে ?	90
১৪৬। কর্মা ও লীলার মধ্যে কি পার্থক্য ?	৭৮
১৪৭। প্রকৃতি বা মায়া কি জগৎ-সৃষ্টির মূল কারণ ?	96

১৪৮। কাহার সেবা সবচেয়ে শ্রেষ্ঠ ?	95
১৪৯। গীতার 'সবর্বধর্মান্ পরিতাজ্য মামেকং শরণং ব্রজ' শ্লোকের	
অর্থ কৃপা করে বলুন।	४२
১৫০। অনর্থ-নিবৃত্তির উপায় কি ?	४०
১৫১। আমরা কিভাবে থাকিব ?	৮৫
১৫২। তৃণাদপি সুনীচতা কা কৈ বলে ?	<b>७</b> ए
১৫৩। জীবে দয়া মানে কি ?	৮৬
১৫৪। ভগবান্ যা করেন তা সবই কি মঙ্গলকর ?	৮৬
১৫৫। মন্ত্রে যে নমঃ শব্দ আছে, তার অর্থ কি ?	४९
১৫৬। ভগবদর্শন কি ক'রে হ'বে ?	שש
১৫৭। জীবের বদ্ধ অভিমান কতকাল থাকে ?	৮৮
১৫৮। আমরা ভগবানে সম্পূর্ণ নির্ভর কর্তে পারছি না কেন ?	<b>४</b> ४
১৫৯। কখন আমাদের মঙ্গল হয় ?	৮৯
১৬০। শরণাগতি ব্যতীত কি মঙ্গল হয় না ?	64
১৬১। কাহারা মঠে বাস করিবেন ?	৯০
১৬২। কাহার সহিত মঠের সম্পর্ক নাই ?	82
১৬৩। ভগবান্ কাহাকে আকর্ষণ করেন ?	22
১৬৪। তর্কপন্থী কে ?	25
১৬৫। দূরে থাকিয়া বা গৃহে থাকিয়া সাধুসঙ্গে হরিকথা-শ্রবণ কি করি	য়া
সম্ভব হইবে ?	52
১৬৬। বৈষ্ণব-সঙ্গ কি বিশেষ প্রয়োজন ?	86
১৬৭। ভগবানের সকল ব্যবস্থাই কি সানন্দে শিরোধার্য্য ?	28
১৬৮। বৈষ্ণবের কি অশৌচ আছে ?	৯৬
১৬৯। শ্রীনাম যে সাক্ষাৎ কৃষ্ণ, তাহা কখন বুঝিতে পারিব ?	৯৬
১৭০। কি করিলে আমাদের মঙ্গল হইবে ?	৯৭
১৭১। গুরুসেবা ব্যতীত কি মঙ্গলের কোন আশা নাই ?	29

১৭২। নিষ্কপট গুরুসেবকের চিত্তবৃত্তি কিরূপ হইবে ?	55
১৭৩। হরিনাম কি বস্তু ?	৯৯
১৭৪। নামসংকীর্তনই কি মঙ্গললাভের সর্ব্বাপেক্ষা সহজ	
ও শ্রেষ্ঠ উপায় ?	\$00
১৭৫। মনুষ্য-জীবনের কর্ত্তব্য কি ?	\$00
১৭৬। কাহার নিকট কথা শুন্তে হবে ?	500
১৭৭। ভগবৎ-প্রাপ্তির উপায় কি ?	\$08
১৭৮। শরণাগতের মঙ্গল কি হবেই ?	\$08
১৭৯। শরণাগতের লক্ষণ কি ?	\$08
১৮০। দেবজন্ম অপেক্ষাও কি মনুষাজন্ম শ্রেষ্ঠ ?	200
১৮১। সর্বশ্রেষ্ঠ উপকারী বন্ধু কে ?	३०७
১৮২। কিভাবে কৃপা বা শক্তি লাভ হয় ?	३०७
১৮৩। ভক্তি ও অভক্তি কাকে বলে ?	306
১৮৪। দুর্বলচিত্ত ও অপরাধীর মধ্যে পার্থক্য কি ?	309
১৮৫। হরিজন কাহাকে বলে ?	309
১৮৬। কেহ কেহ বলেন—সবই সমান, ইহা কি ঠিক ?	308
১৮৭। শুদ্ধভক্তগণ গুরুকে কিভাবে দেখেন ?	306
১৮৮। আমাদের বিঘ্ননাশ ও অভীষ্ট পূরণ হচ্ছে না কেন ?	১০৯
১৮৯। জীবের কৃত্য কি ?	308
১৯০। শ্রীনামগ্রহণকালে জড়চিন্তা আসে কেন ?	20%
১৯১। কি করে সহজে ভগবান্কে পাওয়া যায় ?	220
১৯২। শ্রীমন্দির নির্ম্মাণে অর্থদান কি মঙ্গলকর ?	220
১৯৩। শ্রীরঘুনাথ দাস গোস্বামী প্রভু কে ?	222
১৯৪। গৃহস্বভক্তের বিচার কিরূপ হবে ?	222
১৯৫। কোথায় শ্রদ্ধা করিতে হয় ?	555
১৯৬। অনুসরণ ও অনুকরণের মধ্যে বৈশিষ্ট্য কি ?	225

১৯৭। ভগবন্নাম ও ভগবৎ-কথা ত' বৈকুণ্ঠ বস্তু।	
আমরা এ জগতে থেকে তা কি করে পাব ?	220
১৯৮। যীশুখ্রীষ্ট ত' জগদ্গুরু। তাঁহার উপদেশই ত' আমাদের মঙ্গল	লাভে
যথেষ্ট। তবে আবার মহান্তগুরুর আবশ্যক কি ?	220
১৯৯। জীব ত' তটস্থাশক্তি। এজন্য সে সেবা করিতেও পারে, আবার	>>8
ভোগ করিতেও পারে। ভোগবীজও তাহাতে অব্যক্তভাবে থা	
সিদ্ধির পরেও কি জীবের সেই ভোগবীজ বা ভোগবাসনা থা	কে ?
২০০। অর্থের সদ্ব্যবহার কিসে হয় ?	224
২০১। পরনিন্দা কি গর্হণীয় ?	224
২০২। সংসারে কি সুখ আছে ?	224
২০৩। ভজনের সহায় কি কি ?	226
২০৪। ঠাকুরের বিষয়-রক্ষণও কি সেবা ?	226
২০৫। বৈষ্ণবের কৃত্য কি ?	226
২০৬। শ্রীহরিনাম ও শ্রীহরি কি একই বস্তু ?	226
২০৭। ভক্তমাত্রেই কি পূজনীয় ? ভক্তের রক্ষক কে ?	228
২০৮। বৈকৃষ্ঠ ও জগতের মধ্যে পার্থক্য কি ?	229
২০৯। নাস্তিকের পরিণাম কি ?	224
২১০। কামের হস্ত হইতে পরিত্রাণের উপায় কি ?	224
২১১। সংশয়াত্মার কি মঙ্গল হয় ?	224
২১২। শ্রীগৌরাঙ্গদেব কি কৃষ্ণই ?	229
২১৩। ভক্তসেবা ও ভগবৎ–সেবা কি স্বহস্তে করণীয় ?	229
২১৪। শ্রান্ধে পিতৃপুরুষকে কি প্রসাদ দেওয়াই উচিত ?	279
২১৫। মায়াতীত কৃষ্ণের সঙ্গে মায়াবদ্ধ আমাদের সম্বন্ধ-স্থাপন	
কি করিয়া সম্ভব ?	520
২১৬। শ্রীনামভজনের কি ফল ?	250
১০০ কীল্পীলেম কি ক্ষমতাত হ	252

২১৮। নিজের চিকিৎসা নিজে করা কি উচিত ?	252
২১৯। সেবা কি অবশ্য করণীয় ?	५२२
২২০। রিটার্ণ টিকিট করিয়া কি শ্রীগুরুগৌরাঙ্গের নিকট আসা উচিত	? ১२२
২২১। কিভাবে লোককে কথা বল্তে হবে ?	ऽ२२
২২২। ভগবৎ-সেবা কি নিজে নিজে বা অন্য লোকের সঙ্গে হয় না	?520
২২৩। হরিনাম ছাড়া কি অন্য উপায়ে আমাদের মঙ্গল হবে না ?	\$28
২২৪। চৈত্ত্যগুরু বা অন্তর্যামীর কৃপা জিনিষটি কিরূপ ?	\$28
২২৫। বেদান্ত কি পঠনীয় ?	256
২২৬। জ্ঞানী ও ভক্তের সন্ন্যাসে পার্থক্য কি ?	256
২২৭। মঙ্গল কি করে হবে ?	256
২২৮। কি করে সাধুকে দিনবো ?	259
২২৯। বিষয়ী কে ?	३२४
২৩০। শ্রীনাম–সংকীর্ত্তনই কি মুখ্য ভজন ?	३२४
২৩১। প্রকৃত কৃষ্ণসেবা কি করে হয় ?	25%
২৩২। সাধুর সঙ্গ কি বিশেষ প্রয়োজন ?	200
২৩৩। গুরু-নিত্যানন্দের কৃপা কি করিয়া পাওয়া যাইবে ?	202
২৩৪। যাঁহাদের অর্থ আছে, সেই সব গৃহস্থ ভক্ত ও মঠবাসী ভক্ত	
যদি অর্থের দ্বারা ভালভাবে ঠাকুরের সেবা না করেন, তবে বি	के
তাঁহাদের অপরাধ হয় ?	202
২৩৫। জীবের মঙ্গল কিভাবে হয় ?	२०२
২৩৬। ভক্তগণ গৃহে বা মঠে কিভাবে থাকিবেন ?	200
২৩৭। সন্ন্যাসী হইলেই কি সংসার হইতে মুক্তি হয় ?	200
২৩৮। বাহিরের ক্রিয়াকলাপ, বিদ্যা, ধন বা দারিদ্রা দেখিয়া কি	
ভক্তকে চেনা যায় ?	208
২৩৯। সদ্গুরুচরণাশ্রয়ে কি সবই লাভ হয় ?	200
২৪০। নিষ্কিঞ্চন কে?	200

### গ্রীগ্রীল প্রভূপাদের উপদেশামৃত

২৪১। অনুকূল কৃষ্ণানুশীলন জিনিষটা কি ?	206
২৪২। আমরা কি নিঁখুত সত্যকথা বলিব ?	209
২৪৩। গৃহরত কে ?	704
২৪৪। কাহার নিকট ভাগবত শুনিব ?	१०४
২৪৫। ভদবদর্শনের রাস্তাটা কি ?	\$80
২৪৬। শ্রীনামকীর্ত্তনের কি ফল ?	787
২৪৭। কৃষ্ণকার্যাই কি ভক্তি ?	782
২৪৮। কৃষ্ণদাস্য কি উপায়ে লাভ হইবে ?	787
২৪৯। জীবত্ত্ব কি ?	>84
২৫০। আপনার কথা শুনে খুব উপকৃত হচ্ছি। দয়া করে আরও	
কিছু হরিকথা বলুন।	884
২৫১। ভক্তিই প্রেয়: –এই সুসিদ্ধান্ত কে আমাদিগকে বিশেষভাবে	
জানিয়েছেন ?	184
২৫২। মঠে কি কৃষ্ণসংকীর্ত্তনাগ্নি সবর্বক্ষণ প্রজ্বলিত রাখতে হবে ?	>89
২৫৩। কিভাবে গৃহে থাকিতে হয় ?	\$89
২৫৪। প্রেমিক ভক্তগণ কখন হাঁসেন, কখন কাদেন কেন?	784
२৫৫। किनयुगधर्म कि ?	789
২৫৬। ভক্তের বিচার কিরূপ হয় ?	>6>
২৫৭। ভগবানের জন্মলীলা কিরূপ ?	262
২৫৮। শ্রীরাধারাণীকে আমরা এখন কোথায় পাব ?	205
২৫৯। কোন ঘটনা ঘটলে সেটাকে কিভাবে দেখ্তে হবে ?	200
২৬০। বর্ত্তমান জীবের অবস্থা কিরূপ ?	760
২৬১। আমরা নিজ স্বরূপের পরিচয় কি করে পাব ?	200
২৬২। ভগবৎ-সেবাবিহীন মানবকে পত্ততুল্য বলা হয় কেন ?	200
২৬৩। ধর্মা কি মানুষের সৃষ্ট বন্তু ?	১৫৬
২৬৪। ভগবৎ-সেবাই কি প্রকৃত স্বাধীনতা ?	200

২৬৫। শরণাগতের বিচার কিরূপ ?	>0 17
২৬৬। কোন্ বিষয়ে যত্নপর হতে হবে ?	308
২৬৭। গুরুকৃপা ও কৃষ্ণকৃপা কি এক ?	<b>\$</b> &c
২৬৮। অসুবিধা আসিলে ভক্ত কি করেন ?	360
২৬৯। কাহাকেও বৈষ্ণব করা যায় কি ?	১৬০
২৭০। কখন ব্রজে যাওয়া হবে ?	3.50
২৭১। কর্ম্মী লোকের চিত্তবৃত্তি কিরূপ ?	১৬১
২৭২। মহাপ্রভুর সঙ্গী ও ভক্ত কি এক কথা ?	১৬১
২৭৩। সাধনক্রিয়া ও সাধনভক্তি কি এক ?	১৬২
২৭৪। গুরুর সহিত আমার তফাৎ কোথায় ?	১৬২
২৭৫। কোন বংশে ভক্ত জন্মগ্রহণ করিলে সেই বংশের	
কি কোন মঙ্গল হয় ?	১৬৩
২৭৬। ভক্তগণ নীচকুলে কেন আবির্ভূত হন ? ভক্তের ত' কর্মফল	় নাই,
তবে ভক্তগণ মূর্খ, রোগগ্রস্তরূপে প্রতিভাত হন কেন ?	১৬৩
২৭৭। যেখানে হরিকীর্ত্তন হয়, তাহাও কি ধাম ?	<b>\$</b> \&8
২৭৮। শ্রীচৈতন্যদেব কি সাক্ষাৎ ভগবান্ ?	. 598
২৭৯। শ্রীগৌরাঙ্গদেবের দয়া কি ?	১৬৬
২৮০। কৃষ্ণনাম ও গৌরনামে কি বৈশিষ্টা ?	১৬৮
২৮১। বৈষ্ণবের বিচার কিরূপ ?	১৬৯
২৮২। অনর্থ কি?	368
২৮৩। ভত্তের জগদর্শন কিরপ ?	390
২৮৪। ভগবৎ-কৃপালাভের উপায় কি ?	390
২৮৫। ভগবান্ কাহার দ্রব্য গ্রহণ করেন ?	390
২৮৬। বৈকৃষ্ঠবস্তুতে আমাদের বিশ্বাস হয় না কেন ?	\$90
२৮१। সেবা काशक वला ?	393
২৮৮। প্রীতির ধর্মাটি কি ?	392

২৮৯। জীবের চরম লক্ষ্য কি ?	295
২৯০। মানবকল্পিত ধর্ম্ম ত' আত্মধর্ম্ম বলিয়া মনে হয় না, এ	
সম্বন্ধে আপনার কি মত ?	290
২৯১। কনিষ্ঠ অধিকারী ৬ক্ত কি কর্ম্মী ও জ্ঞানী অপেক্ষা শ্রেষ্ঠ ?	290
২৯২। কে হরিকীর্ত্তন করিতে পারেন ?	\$98
২৯৩। অধোক্ষজ বস্তুকে কি করে জানা যাবে ?	\$98
২৯৪। প্রণিপাত ও পরিপ্রশ্ন মানে কি ?	390
२৯৫। সाधु कि ?	390
২৯৬। শ্রীবিগ্রহ ত' সাক্ষাৎ ভগবান্ ?	১৭৬
২৯৭। আমাদের ভজনে উন্নতি হচ্ছে না কেন ?	399
২৯৮। জীবের প্রয়োজনীয় বিষয়টী কি?	396
২৯৯। বিষয়ী হওয়া কি ঠিক ?	३१४
৩০০। আমি কি শিষ্য কর্তে পার্বো ?	294
৩০১। শ্রীগুরুদেবকে কিরূপ বিচার কর্বো ?	299
৩০২।গৌড়ীয় ভক্ত কাহারা ?	240
৩০৩। ত্যাগীও কি বদ্ধ ?	222
৩০৪। জীবের স্বতন্ত্র ইচ্ছা আছে কি ?	242
৩০৫। বহিরঙ্গা শক্তি ও চিচ্ছক্তির কার্যা কি ?	222
৩০৬। গুরুতত্ত্ব ও রাধাতত্ত্বে কি বৈশিষ্ট্য ?	३४२
৩০৭। শারীরিক সুস্থতালাভের জন্য ভগবানের নিকট প্রার্থনা কি	
অভক্তি বা ভক্তিবাধক ?	३४२
৩০৮। অসুস্থ অবস্থায়ও কি ভজন করণীয় ?	३४२
৩০৯। অভত্তকে ভক্ত মনে করা কি উচিত ?	240
৩১০। প্রতিষ্ঠাকাঞ্জ্মা কি ভক্তিবাধক ?	<b>३४७</b>
৩১১। অসৎসঙ্গ কি পরিত্যাজ্ঞা ?	>४००
৩১২। কে ভগবৎসেবার জন্য ব্যস্ত হয় না ?	\$48

৩১৩। বাহাদুর হওয়া কি ভাল ?	\$78
৩১৪। দীক্ষিত ভক্ত পিতৃশ্রাদ্ধ কিভাবে করিবেন ?	364
৩১৫। অসন্তুষ্টভাব কি করিয়া যায় ?	364
৩১৬। আউল, বাউল কি বৈষ্ণব নয় ?	১৮৬
৩১৭। ঈশ্বরবিশ্বাস কি প্রচুর দরকার ?	১৮৬
৩১৮। শরণাগতি কি ?	369
৩১৯। শ্রীগৌরাঙ্গদেবকে কি পতিরূপে ভজন করা যায় ?	229
৩২০। গৃহব্রত ব্যক্তির সঙ্গ কি গর্হণীয় ?	566
৩২১। মঠ-প্রতিষ্ঠার উদ্দেশ্য কি ?	366
৩২২। ভক্তের চিত্তবৃত্তি কিরূপ হইবে ?	১৮৯
৩২৩। কেবলাদ্বৈতবাদীর সহিত বৈষ্ণব বৈদান্তিকের পার্থক্য কি ?	१८%
৩২৪। ভক্তগণ কি নীতি স্বীকার করেন ?	220
৩২৫। কৃষ্ণলীলা ত' অশ্লীল হইতে পারে না ?	220
৩২৬। ধর্ম্মের কি ক্রমবিকাশ আছে ?	222
৩২৭। শ্রীকৃষ্ণসংকীর্ত্তনে কি সকলেরই অধিকার আছে ?	326
৩২৮। অতি ক্ষুদ্র বস্তু জীব বিভু ভগবানের সেবা কি করে কর্বে ?	220
৩২৯। সেবা জিনিষটি কি ?	320
৩৩০। আমরা কৃষ্ণকে দেখতে পাচ্ছি না কেন ?	228
৩৩১। বিষয় ও আশ্রয়ের মধ্যে কি সম্বন্ধ ?	126
৩৩২। সার্ব্বজনীন ধর্ম্ম কি ?	১৯৫
৩৩৩। শ্রীগুরুপাদপদ্মে কিরূপ দৃঢ়তা থাকা প্রয়োজন ?	১৯৭
৩৩৪। সাধক আমাদের চিত্তবৃত্তি বা বিচার কিরূপ হইবে ?	229
৩৩৫। কে কৃষ্ণকে দিতে পারে ?	১৯৯
৩৩৬। সদ্গুরু কি উপদেশ দেন ?	299
৩৩৭। কাম কি করে যাবে ?	200
৩৩৮। ভক্ত কাহাকে বিপদ্ মনে করেন ?	200

৩৩৯। আপনি ত' অনেক শিষ্য করেছেন ?	२०১
৩৪০। সরলতা কি বিশেষ প্রয়োজন ?	२०३
৩৪১। সেবা কি নিজে করিতে হইবে ?	२०३
৩৪২। গৃহসেবাকে ভগবৎসেবা মনে করা কি ভ্রান্তি ?	२०२
৩৪৩। God, আল্লা ও কৃষ্ণ—ইহার মধ্যে কি বৈশিষ্ট্য ?	२०७
৩৪৪। শ্রীগুরুদেব আশ্রিতকে কি দেন ?	२०७
৩৪৫। ভক্তের ক্রিয়াকলাপ কে বুঝিতে পারে ?	२०४
৩৪৬। শ্রীগুরুদেবের উপদেশ কি প্রতাহই আলোচা ?	२००
৩৪৭। কিসে চিরস্থায়ী মঙ্গল হ'বে ?	२०७
৩৪৮। শ্রীগুরুদেবকে প্রভুপাদ বা বিষ্ণুপাদ বলা হয় কেন ?	२०७
৩৪৯। কর্মা কি ?	२०१
৩৫০। অনুক্ষণ হরিভজন কি করিয়া করা যাইবে ?	२०४
৩৫১। হরিকীর্ত্তন কি অনুক্ষণ করণীয় ?	२०४
৩৫২। কাহার সঙ্গ করণীয় ?	২০৯
৩৫৩। আনুগত্য কি বিশেষ প্রয়োজন ?	२५०
৩৫৪। কর্ম্মী, জ্ঞানী ও ভক্তের বিচার কিরূপ ?	250
৩৫৫। সংসার-প্রবৃত্তি কি থামান দরকার ?	520
৩৫৬। আমাদের মঙ্গল কিসে হবে ?	525
৩৫৭। ভগবৎ-তত্ত্ব কিরূপে প্রকাশিত ?	२ऽ२
৩৫৮। গুরুনিষ্ঠ বৈষ্ণবের বিচার কিরূপ হয় ?	२ऽ७
৩৫৯। আমরা কি কর্বো ?	२ऽ७
৩৬০। ত্যাগী হওয়া কি ভাল ?	२५१
৩৬১। আমাদের প্রধান কার্য্য কি ?	२३४
৩৬২। গুরু কে ?	२२०
৩৬৩। ভক্তিমার্গ কি ?	२२५
৩৬৪। কে আনুগত্য করিতে পারে না ?	२२১

৩৬৫। গুরুবৈষ্ণব কি আমাদের সকল কার্য্যই অনুমোদন করেন	? ২২:
৩৬৬। ব্রাহ্মণ কে ?	222
৩৬৭। দেহের সার্থকতা কিসে হবে ?	222
৩৬৮। কোন্ ভক্তের সেবা কিভাবে করণীয় ?	২২২
৩৬৯। গুরুকে ভোক্তা ভগবান্ মনে করা কি ঠিক ?	222
৩৭০। হরিভজন করা কি বিশেষ প্রয়োজন ?	২২৩
৩৭১। কৃষ্ণসেবা কি করিয়া পাইব ?	<b>২</b> ২৪
৩৭২। অশুদ্ধ মন কি ?	220
৩৭৩। শাস্ত্র কি সাক্ষাৎ ভগবান্ ?	२२७
৩৭৪। কৃপাপৃবর্বক আমাকে কিছু উপদেশ দেন।	२२७
৩৭৫। আমাদের চিত্তবিক্ষেপ কেন আসে ?	२२७
৩৭৬। ভজন বা ভক্তি জিনিষটি কি ?	२२१
৩৭৭। ভক্তি কি কলিযুগধর্মা ?	२२१
৩৭৮। ভোগবুদ্ধি কি করে কাটবে ?	२२१
৩৭৯। কে গুরুর কার্য্য কর্তে পারেন ?	२२४
৩৮০। প্রকৃত গুরু আমরা কি করে পাব ?	२७०
৩৮১। আপনাদের মিশনের উদ্দেশ্য কি ?	२०১
৩৮২। আমাদের করণীয় কি বলুন ?	২৩৩
৩৮৩। বৈষ্ণব কে ?	২৩৪
৩৮৪। আমাদের বিচার কিরূপ থাকিবে ?	२७8
৩৮৫। গৌড়ীয় মঠ কি বলেন ?	२०४
৩৮৬। ভগবদর্শন কি ক'রে হবে ?	২৩৬
৩৮৭। কে কৃষ্ণকে পাইবেই ?	२०७
৩৮৮। কর্ত্তাভিমানী ব্যক্তির মঙ্গল হয় কি ?	২৩৬
৩৮৯। আমাদের শ্রীনামে রুচি কি করে হবে ?	২৩৭
৩৯০। শুদ্ধসেবা লাভ ও ভগবদর্শন কখন হয় ?	২৩৮

৩৯১। পশুরা মানুষ হয় কি জন্য ?	२७४
৩৯২। ভক্তগণ কি বলেন ?	२०४
৩৯৩। হৃদয়মন্দিরে কাহারা ভগবৎসেবা করেন ?	২৩৯
৩৯৪। গুরু কে এবং গুরুসেবা কিভাবে করণীয় ?	২৩৯
৩৯৫। দিব্যজ্ঞান কি ?	280
৩৯৬। মনোবল কি করে হবে ?	280
৩৯৭। মঙ্গল কি করে হবে ?	280
৩৯৮। শরণাগত ভক্তগণ ভিক্ষা করেন কেন ?	485
৩৯৯। সংসার-প্রবৃত্তি কি ক'রে কম্বে ?	285
৪০০। আমরা কিভাবে থাকিব ?	485
৪০১। কাহার নিকট ভগবৎ-কথা শুন্লে মঙ্গল হবে ?	২৪৩
৪০২। আমাদের শুদ্ধনাম হচ্ছে, ইহা কি করে বুঝ্বো ?	২৪৩
৪০৩। আমাদের কামনা-বাসনা কি ক'রে যাবে ?	<b>২</b> 88
৪০৪। কি ক'রে নিজেকে জান্তে পার্বো ?	<b>২</b> 88
৪০৫। আমরা কৃষ্ণসেবা কর্তে পারছি না কেন ?	₹8¢
৪০৬। কোন্ বিষয়ে সাবধান হ'তে হবে ?	২৪৬
৪০৭। গুরুকৃপাই কি কৃষ্ণকৃপা ?	289
৪০৮। ভক্তের বিচার কিরূপ ?	289
৪০৯। যারা ভগবান্কে চায়, তাদের প্রথম কার্যাটি কি?	284
৪১০। সব্বত্রই কি শ্রীধাম ?	২৪৯
৪১১। অনর্থ কি ?	২৪৯
৪১২। ভগবৎ-কৃপা কি করে পারো ?	২৪৯
৪১৩। ভগবান্ কৃষ্ণই কি নিজের সেবা নিজে শিক্ষা দিবার	
জন্য গুরুরূপে অবতীর্ণ ?	200
৪১৪। ভক্তি কি ?	200
৪১৫। ভক্তিলাভের উপায় কি ?	२७५

৪১৬। ভগবদর্শনের পথটি 奪 ?	262
৪১৭। শ্রীরাধারাণী কে ?	२७२
৪১৮। শ্রীগৌরসৃন্দর কে ?	২৫৩
৪১৯। শ্রীগৌরোপাসনা কি ?	<b>२</b> ৫8
৪২০। মনুষ্যজন্ম পাইয়া হরিভজন কি অবশ্য করণীয় ?	<b>२</b> ৫8
৪২১। কে গুরুর কার্য্য করিতে পারেন ?	२०७
৪২২। সিদ্ধি কি করে হ'বে ?	२৫१
৪২৩। প্রকৃত শিষ্যের বিচার কিরূপ হয় ?	२०४
৪২৪। ভক্তের আশ্রয় ব্যতীত কি ভগবৎসেবা হয় না ?	२०४
৪২৫। দীক্ষার স্বরূপ কি ?	২৫৮
৪২৬। আমাদের এখন প্রধান কর্ত্তব্য কি ?	२৫৯
৪২৭। ব্রহ্মচারীর কর্ত্তব্য কি ?	२৫৯
৪২৮। জাগতিক শান্তি ও অশান্তি কিরাপ ?	२७०
৪২৯। সাধকের কথা ও সিদ্ধের কথার মধ্যে কি বৈশিষ্টা?	২৬১
৪৩০। মহাপ্রভু কেন গোপী গোপী জপ করিতেন ?	২৬১
৪৩১। সেবোনাুখ কর্ণ ব্যতীত কি শ্রবণ হয় না ?	২৬১
৪৩২। অধাক্ষজ ও অপ্রাকৃতে কি বৈশিষ্ট্য ?	२७३
৪৩৩। ব্যক্তিগত কথা দ্বারা কি বেশী মঙ্গল হয় ?	२७२
৪৩৪। শুদ্ধ কীর্ত্তন কি ?	২৬৩
৪৩৫। ভক্তি কি একমাত্র ভগবানেই প্রযোজ্য ?	২৬৩
৪৩৬। আমাদের প্রভু কে ?	২৬৫
৪৩৭। শ্রীনামকীর্ত্তন কি অবশ্য করণীয় ?	২৬৫
৪৩৮। সন্যাসী ভক্তের শ্রীচরণে হাত দেওয়া কি উচিত ?	২৬৬
৪৩৯। শিষ্য করা কি উচিত ?	২৬৭
৪৪০। আমরা কিভাবে বিষয় গ্রহণ কর্বো ?	२७१
৪৪১। সদ্ধর্ম্ম কি ?	২৬৮

৪৪২। কর্ত্তাভজা কি ?	২৬৮
৪৪৩। কিভাবে লোককে সম্মান দিতে হয় ?	২৬৯
888। দীক্ষা গ্রহণের পর কি কাহারও বিষয়ে আসক্তি থা	কে? ২৬৯
৪৪৫। কর্মা ও জ্ঞান কি আত্মার ধর্মা ?	290
৪৪৬। শ্রীকৃষ্ণনামসংকীর্ত্তনই কি একমাত্র সাধন ?	२१১
৪৪৭। সেবা জিনিষটি কি ?	२१১
88৮। হরিভজনহীন জীবন কি বৃথা ?	२१১
৪৪৯। শ্রীনামকীর্ত্তনই কি সাধন-শিরোমণি ?	२१२
৪৫০। শ্রীকৃষ্ণসংকীর্ত্তন কাহাকে বলে ?	<b>२</b> 98
৪৫১। আমাদের প্রয়োজন কি ?	२१৫
৪৫২। আনন্দ বস্তুটী কি ?	२१৫
৪৫৩। এই জগৎ কি জীবের ভোগ্য ?	२१७
৪৫৪। আত্মা কি ভোগ করে ?	২৭৬
৪৫৫। ভগবান্ কি বস্তু ?	२१७
৪৫৬। শ্রীমন্ত্রাগবত কি বলেন ?	২৭৬
৪৫৭। আমাদের চিন্তনীয় বিষয় কি ?	२१४
৪৫৮। কিসে আমাদের মঙ্গল হবে ?	२१४
৪৫৯। গুরুদেব কি বস্তু ?	२१४
৪৬০। ভগবান্কে কে দিতে পারেন ?	२१४
৪৬১।বৈষ্ণব কি অকিঞ্চন ?	२१৯
৪৬২। অবৈশ্বৰ কে ?	२१५
৪৬৩। আমরা কি করে রক্ষা পাবো ?	२४०
৪৬৪। আমাদের ভগবদনুভূতি কি করে হবে ?	२४०
८७৫। कृष्क्षशाश्चि मात कि ?	२४५
৪৬৬। কৃষ্ণবিভাব জিনিষ্টা কি?	२४२
৪৬৭। ভগবান্ কি অচিন্তা বস্তু ?	२४२

৪৬৮। হরিকথা কোথায় শুনিব ?	२४७
৪৬৯। প্রকৃত সাধু কে ?	२४७
৪৭০। ভক্তের দেহ কি ভগবন্মন্দির ?	২৮৪
৪৭১। কে ভাগবত পাঠ করিতে পারেন ?	২৮৪
৪৭২। কিরূপ গুরু আশ্রয় করা উচিত ?	२४७
৪৭৩। প্রেয়ঃপন্থী ও শ্রেয়পন্থীর বিচারে কি পার্থকা ?	२४
৪৭৪। প্রকৃত পরোপকার কি ?	२४७
৪৭৫। মন কি বিশ্বাসঘাতক ?	২৮৭
৪৭৬। সত্যকথা সকলে শুনে না কেন?	२৮9
৪৭৭। শ্রীচৈতন্যদেব কি কেবল বাঙ্গালীর ঠাকুর ?	२४४
৪৭৮। পরমার্থজগতে কাহাদের সাফল্য হয় ?	२४४
৪৭৯। আমাদের কৃষ্ণদর্শন হচ্ছে না কেন ?	२४%
৪৮০। গুরুদর্শন হ'লে কি আর লঘুদর্শন থাকে ?	२५०
৪৮১। গৃহস্থের কর্ত্তব্য কি ?	২৯১
৪৮২। মঠ করিয়া থাকাই কি আমাদের কার্য্য ?	২৯২
৪৮৩। গুরুকৃপাই কি ভাগবানের কৃপালাভের উপায় ?	২৯৩
৪৮৪। প্রভো, আপনি কি গুণ্ডিচায় যাবেন ?	২৯৩
৪৮৫। আমাদের মঙ্গল কি করে হবে ?	<b>২৯</b> ৪
৪৮৬। কর্মকাণ্ড ও জ্ঞানকাণ্ড কি ?	२৯৫
৪৮৭। ভাগ্য কি ?	২৯৫
৪৮৮। কর্ম্মী, জ্ঞানী ও ভক্তের বিচার কিরূপ ?	२৯৫
৪৮৯। সর্বশ্রেষ্ঠ উপকার কি ?	২৯৬
৪৯০। পরিকর-বৈশিষ্ট্য কাহাকে বলে ?	২৯৬
৪৯১। ভগবান্ শ্রীগুরুগোবিন্দ কি নিগ্রহও করেন ?	২৯৭
৪৯২। আমরা সংসার থেকে কিরূপে নিষ্কৃতি পাব ?	২৯৭
৪৯৩। কোন্ বিষয়ে চেষ্টা করিতে হইবে ?	२৯৮

৪৯৪। আপনারা মঠে লীলাকী র্ত্তন করান না কেন ?	२५४
৪৯৫। জড় জগতের সহিত পর জগতের পার্থক্য কি ?	900
৪৯৬। কর্মফলও কি ভগবৎকৃপা ?	900
৪৯৭। অপ্রাকৃত-তত্ত্বের উপলব্ধি কি করে হবে ?	000
৪৯৮। আমরা কাহার অনুগত হইব ?	905
৪৯৯। আধ্যক্ষিক কাহাকে বলে ?	७०२
৫০০। ধ্যান কি কৃত্রিমভাবে হয় ?	909
৫০১। শ্রীচৈতন্যচরিতামৃত কি লীলগ্রন্থ ?	900
৫০২। তর্কপন্থী কারা ?	900
৫০৩। শ্রীমন্মহাপ্রভুর সময় ত' অনেকেই গুরুর কার্য্য করেছেন ?	908
৫০৪। সব ধর্মেই ত' সেই গুরু হতে পারে ?	908
৫০৫। আমরা বাস্তব সত্য কি করে জান্তে পার্বো ?	908
৫০৬। চৈত্তাগুরু কে ?	200
৫০৭। ভগবান্কে ত' কেউ কেউ নিবির্বশেষ বলেন ?	200
৫০৮। কাঁহারা প্রচার কর্তে পারেন ?	200
৫০৯। আমরা কি করে ভগবানের জন্য প্রস্তুত হতে পারবো ?	906
৫১০। সদ্গুরু কি করে পাব ?	904
৫১১। হরিকীর্ত্তন কি অনুক্ষণ করণীয় ?	906
৫১২। আমরা ত' পরোপকার করাকেই ধর্ম্ম মনে করি ? এ সম্বন্ধে	n
আপনার কি মত ?	७०७
৫১৩। বিশ্চুর সেবা করিলে কি করিয়া জগতের সেবা বা	
পরোপকার হইবে ?	002
৫১৪। মহামন্ত্রে যে হরেরাম উল্লিখিত আছে এ রাম কোন্ রাম ?	७०५
৫১৫। বাস্তবসত্যের সন্ধান কি করিয়া পাইব ?	202
৫১৬। সত্য কোন্টি না বুকিবার পূর্বের্ব কিরূপে প্রপন্ন হওয়া যাইবে	
৫১৭। ইনিই যে সদ্গুরু তা' কি করে বুঝ্তে পারবো ?	022

(	৫১৮। গীতা ও শ্রীমদ্ভাগবতের মধ্যে বৈশিষ্ট্য কি ?	055
- (	৫১৯। চৈত্ত্যগুরু কি করেন ?	७५२
-	৫২০। মন্ত্র গ্রহণ করেও আমাদের মননধর্ম্ম দূর হচ্ছে না কেন ?	050
(	৫২১। আত্মার ধর্ম্ম কি ?	<b>0</b> 28
1	৫২২। বিলাস ও বিরাগ মানে কি ?	958
	৫২৩। শব্দের কি নিতাত্ব আছে ?	028
	৫২৪। যত মত তত পথ—এই কথাটা কি ঠিক ?	250
	৫২৫। শুদ্ধভক্তসঙ্গ কি বিশেষ প্রয়োজন ?	250
	৫২৬। কেহ কেহ বলেন—শ্রীমূর্ত্তিপূজা একটা means to an end	d
	অর্থাৎ সাধ্যলাভের উপায় মাত্র। ইহা কি ঠিক ?	७५७
	৫২৭। আচার্য্য কে ?	७५७
	৫২৮। পরতন্ত্র জীবের স্বতন্ত্রতা কোথা থেকে আস্ল ?	959
	৫২৯। মায়া মানে কি ?	७५१
	৫৩০। আমাদের প্রভুত্বাভিমান বা ভোক্তৃত্বাভিমান করে কাট্বে ?	७५१
	৫৩১। ভগবানের প্রতি নির্ভরতা কেন আস্ছে না ?	959
	৫৩২। ভগবান্ কে ?	974
	৫৩৩। জীব বদ্ধ হ'লো কেন ?	७३४
	৫৩৪। তা' হলে ঈশ্বরঃ সবর্বভূতানাং হাদ্দেশেহর্জন তিপ্ততি।	
	ভাময়ন্ সবর্বভূতানি যন্তার ঢ়ানি মায়য়া॥ –গীতার এই বাবে	গ্র
	সার্থকতা কি ?	७५४
	৫৩৫। জীবের স্বতন্ত্রতার সদ্ব্যবহার ও অসদ্ব্যবহার কি ভগবৎ-	প্রবণায়
	হয় ?	७३४
	৫৩৬। তা' হলে সবই ভগবদিচ্ছায় হয় বা সবই ভগবৎকৃপা—	
	এ সিদ্ধান্ত কিরূপে হয় ?	022
	৫৩৭। আমরা যে পাপ করি, তা'ও কি ভগবানের দয়া ?	022
	৫৩৮। আমরা কেন অন্য কাজে ব্যস্ত হচ্ছি ?	७२०
	৫৩৯। এখন আমাদের কি কর্তে হবে ?	७२३

## গ্রীশ্রীল প্রভুপাদের উপদেশামৃত

৫৪০। কি উপায়ে কৃষ্ণে ভক্তি হয় ?	७२५
৫৪১। বৈষ্ণবধর্মা জগতের কি উপকার কর্ছে?	७२ऽ
৫৪২। বৈষ্ণবধর্ম কয়জন লোকেই বা জানে ?	७२२
৫৪৩। বৈষ্ণবধর্মে কারো ব্যক্তিগত কল্যাণ হতে পারে,	
জগতের তাতে কি উপকার হয় ?	৩২২
৫৪৪। বৈষ্ণবধর্ম কি সকলের পক্ষেই গ্রহণীয় ?	७२७
৫৪৫। বিষ্ণুসেবা করলে কি কাজকর্ম্ম সব ছেড়ে দিতে হবে ?	७२७
৫৪৬। যাঁরা হরির সেবা করেন, তাঁরা জীবের সেবা করেন না	१ ७२७
৫৪৭। লোককে অন্ন-বস্ত্রাদি দিয়ে সাহায্য করা কি জীবে দয়া নয়	१०२७
৫৪৮। স্মার্ত্তেরা কি বিষ্ণুপূজা করেন না ?	৩২৪
৫৪৯। দেবতা-পূজা অবৈধ হলেও তাতে ত' কৃষ্ণেরই পূজা হয়	। ७२७
৫৫০। ভক্ত কি নিজের কোন কথা বলেন ?	७२७
৫৫১। হিন্দুধর্ম্মে পৌত্তলিকতা আছে কেন ?	७२७
৫৫২। শ্রীচৈতন্যদেবের মতটি কি—সংক্ষেপে বলুন ?	७२४
৫৫৩। কৃষ্ণের উপাসনার কথা কিছ বলবেন ?	000
৫৫৪। অধােক্ষজ বস্তৃটি কি ?	005
৫৫৫। শ্রীটেতন্যদেবের অনুগত সজ্জনগণ কোন্ প্রণালী স্বীকার করেন	? 993
৫৫৬। বৈষ্ণবধশুহি কি মূল ?	७७२
৫৫१। किक्ता भाषा कर्ना कर्नि ?	000
৫৫৮। কেউ কেউ বলেন—Time is money (সময় হচ্ছে অর্থ	)
এ কথাটা কি ঠিক ?	999
৫৫৯। কেহ কেহ রজোগুণ বৃদ্ধি করার কথা বলেন কেন?	008
৫৬০। যদি কেহ অর্থ ভগবৎসেবায় না লাগাইয়া পুত্র-পৌত্রাদির	
জন্য সঞ্চয় করে, তবে তার কি গতি হয় ?	998
৫৬১। সর্বশ্রেষ্ঠ উপাস্য কে ?	200
৫৬২। প্রমার্থ-বিষয়ে আমার বিশ্বাস হইতেছে না কেন ?	200

### শ্রীশ্রীল প্রভুপাদের উপদেশামৃত

৫৬৩। পঞ্চোপাসকের বিষ্ণু-উপাসনাটা কিরূপ ?	900
৫৬৪। সেবা কি ?	৩৩৬
৫৬৫। সনাতন ধর্ম্ম কি ?	৩৩৬
৫৬৬। ভক্ত ও অভক্ত কে ?	७७७
৫৬৭। জগৎকে কিভাবে দেখ্বো ?	७७१
৫৬৮। কোন্ পথ গ্রহণ কর্তে হবে ?	906
৫৬৯। ভগবান্ কাহাকে উদ্ধার করেন ?	७७৮
৫৭০। জীবে ও ঈশ্বরে কি ভেদ ?	994
৫৭১। কে ভগবানের দয়া পায় ?	७७৮
৫৭২। শ্রেয়ঃ ও প্রেয়ঃ কি এক ?	906
৫৭৩। সেবার ফল কি ?	080
৫৭৪। শিষ্যের বিচার কিরূপ হবে ?	980
৫৭৫। শুদ্ধভজন কি উপায়ে হয় ?	980
৫৭৬। জীবের নিত্যধর্ম্ম কি ?	980
৫৭৭। অন্যান্য ইন্দ্রিয় হইতে কর্ণের বৈশিষ্ট্য কি ?	७8२
৫৭৮। জীবের প্রয়োজনীয় বিষয়টি কি ?	७8२
৫৭৯। আমাদের পূর্ণ মঙ্গল কি করে হবে ?	080
৫৮০। ভগবদবিমুখ জীব প্রথমে কি হইয়া জগতে আসিয়াছে ?	088
৫৮১। জীব কি পুরুষ ?	988
৫৮২। সদ্গুরুচরণাশ্রয়ের ফল কি ?	980
৫৮৩। ভগবৎপ্রাপ্তি কিভাবে হয় ?	084
৫৮৪। সংসার ভাল লাগে কেন ?	980
৫৮৫। হরিকথা শুনেও মঙ্গল হচ্ছে না কেন ?	৩৪৬
৫৮৬। ভক্তি ও ভোগ কি পৃথক্ জিনিষ ?	086
৫৮৭। ভক্তের দর্শন কিরূপ ?	086
৫৮৮। পাপ ও অপরাধ কি এক ?	৩৪৭

### গ্রীগ্রীল প্রভূপাদের উপদেশামৃত

৫৮৯। ভক্ত কি সব্বব্ৰই ভগবান্কে দর্শন করেন ?	989
৫৯০। ভক্তের সংসার ও বদ্ধজীবের সংসার কি এক ?	986
৫৯১। হরিকীর্ত্তন কি মহামঙ্গলকর ?	986
৫৯২। বৈরাগ্য কাকে বলে ?	984
৫৯৩। ভগবদাশ্রয় কি করে হয় ?	৩৪৯
৫৯৪। বর্ত্তমানে আমাদের রুচি কোন্ দিকে ?	000
৫৯৫। হরিকথা শুনেও সেইভাবে চল্তে পারছি না কেন ?	003
৫৯৬। কোন ব্যক্তির পূর্বের্ব সদুদেশ্য ছিল, কিন্তু কিছুদিন পর তার	
আবার অসদুদেশ্য বা সংসারপ্রবৃত্তি হয় কেন ?	003
৫৯৭। ভগবদ্বক্তগণ এ জগতে কেন আসেন ?	७৫२
৫৯৮। কামিনী-কাঞ্চন কি ভক্তিবাধক ?	७७२
৫৯৯। জগতে খাঁটী সাধুর আদর আছে কি ?	৩৫৩
৬০০। দুর্ব্বলতা ও কপটতা—এই দুই এর মধ্যে তফাৎ কি ?	909
৬০১। আমাদের দৃগতির কারণ কি ?	948
৬০২। শ্রীমন্মহাপ্রভুর মতে মানবজীবনের সর্বপ্রধান কর্ত্তব্য কি	? ७৫8
৬০৩। গুর্ববজ্ঞা কি মহা-অপরাধ ?	७४१
৬০৪। কৃষ্ণের উপাসনা কে করিতে পারেন ?	964
৬০৫। ভক্তদেষীর প্রতি ক্রোধ কি ভক্তি ?	৩৫৯
৬০৬। হরেকৃষ্ণ-মহামন্ত্র বেদে বা শাস্ত্রে কোথায় আছে ?	960
৬০৭। কোন্টী একান্ত কর্ত্তব্য ?	042
৬০৮। পরতত্ত্বের সাক্ষাৎকার কি করে হবে ?	067
৬০৯। ভক্ত কি সেবা ছাড়া অন্য কিছু চায় ?	७५२
৬১০। মাপিয়া লওয়া মানে কি ?	७७२
৬১১। অতীন্দ্রিয়বস্থু ভগবানের সেবা কি এই জড় ইন্দ্রিয় দ্বারা হয়	? ७५२
৬১২। অধঃপতনের ক্রমটা কি বলুন ?	৩৬৩
৯১৩। হ্যব-শব্দেব অর্থ কি ?	969

# শ্রীশ্রীল প্রভুপাদের উপদেশামৃত


৬১৪। ভক্তিপথই কি আশ্রয়নীয় ?	949
৬১৫। ওঁ-কার শব্দের অর্থ কি ?	960
৬১৬। খবরের কাগজ পড়া কি খারাপ ?	৩৬৪
৬১৭। ত্রিদণ্ডী কাহাকে বলে ?	৩৬৪
৬১৮। স্ত্রীর সঙ্গে বাস কি উচিত ?	<b>9</b> 68
৬১৯। কৃষ্ণভজন ব্যতীত কি জীবের কোন কাজ আছে ?	৩৬৪
৬২০। সাধুগুরুর পদধূলি কি গ্রহণীয় নয় ?	998
৬২১। ভগবান্ কিভাবে রক্ষা করেন ?	७७७
৬২২। ২৪ ঘণ্টাই কি ভগবৎসেবা করণীয় ?	৩৬৫
৬২৩। সর্বশ্রেষ্ঠ গ্রন্থটা কি ?	৩৬৫
৬২৪। দুর্বৃদ্ধি কি ?	৩৬৬
৬২৫। ভগবান্ কা'র কাছে প্রকাশিত হন ?	৩৬৬
৬২৬। জ্ঞান ও বিজ্ঞান কি ?	৩৬৬
৬২৭। আমার ভাল লাগাটা কি ভক্তি ?	৩৬৬
৬২৮। স্ত্রীদর্শন কি নিষিদ্ধ ?	944
৬২৯। কোন্টা মঙ্গলের পথ ?	966
৬৩০। পূর্ণবস্তু কি ?	৩৬৭
৬৩১। কি প্রার্থনীয় হওয়া উচিত ?	৩৬৭
৬৩২। জীবন্ত সাধুর কথা কি খুব শক্তিপ্রদ ?	७७१
৬৩৩। পণ্ডিত কে ?	७७९
৬৩৪। কৃষ্ণ সকাম ভক্তকেও ভক্তি দেন, কিন্তু শাস্ত্র অন্যত্র বল্ছে	<del>1</del> —
কৃষ্ণ যদি ছুটে ভক্তে ভুক্তি মুক্তি দিয়া। কভু ভক্তি না দেন	,
রাখেন লুকাইয়া॥ অতএব এই উভয় বাক্যের সামঞ্জস্য কি	? ৩৬৮
৬৩৫। দীক্ষাগুরু ও শিক্ষাগুরু কাহাকে বলে ? চৈত্তাগুরুর কার্য্য বি	ই? ৩৬৯
৬৩৬। কে সংসার থেকে উদ্ধার পাবে ?	990
৬৩৭। কৃষ্ণসেবক জীবের কর্ত্তাভিমান কেন হয় ?	७९०

## শ্রীশ্রীল প্রভুপাদের উপদেশামৃত

৬৩৮। বেশীদিন বাঁচিয়া থাকা কি ভাল ?	०१०
৬৩৯। কিভাবে সংসারে থাকিতে হইবে ?	७१১
৬৪০। আমরা কর্ত্তা হই কেন ?	095
৬৪১। মন্ত্র কাহাকে বলে ?	७१५
৬৪২। অধঃপতন কেন হয় ?	७१५
৬৪৩। আমরা আজ পর্যান্ত যা শিক্ষা করেছি, তা' কি করে কাট্বে	१७१२
৬৪৪। প্রতিমাদর্শনই ত' ভগবদর্শন ?	७१७
৬৪৫। বাজে কথা বা গ্রাম্যকথা বলা কি অমঙ্গলজনক ?	७१७
৬৪৬। সকলকেই কি কীর্ত্তন করতে হ'বে ?	998
৬৪৭। সব ভক্তই কি শ্রীমন্দিরে গিয়া ভোগ দেন ?	৩৭৪
৬৪৮। ভগবদর্শন কি এই চক্ষে হয় ?	998
৬৪৯। সেবা কি স্বহস্তে করা উচিত ?	७१८
৬৫০। আসক্তি কোন্ বস্তুতে হওয়া মঙ্গল ?	७१৫
৬৫১। গুরুকৃপা ব্যতীত কি কিছুই হবে না ?	७१৫
৬৫২। স্ত্রীসঙ্গ করা কি অনুচিত ?	७१৫
৬৫৩। আমাদের ভগবৎপাদপদ্মে মতি হয় না কেন ?	७१৫
৬৫৪। আমাদের উন্মুখতা আসে না কেন ?	७१७
৬৫৫। আমাদের ভগবান্কে ডাকিবার প্রবৃত্তি হয় না কেন ?	
সংসারকৃপের মধ্যে পড়িয়া থাকিতে ইচ্ছা হয় কেন ?	७१७
৬৫৬। আমরা কেন এখানে আসিলাম ?	७१४
৬৫৭। ভক্তির কথা সকলে বুঝ্তে পারে না কেন?	७१४
৬৫৮। প্রতাক্ষ, পরোক্ষ, অপরোক্ষ ও অধোক্ষজ কাহাকে বলে ?	७१४
৬৫৯। কর্মা ও জ্ঞান কি আত্মধর্মা ?	৩৭৯
৬৬০। পরাশান্তিলাভের উপায় কি ?	७१५
৬৬১। कि कतिल मनन रहेत ?	040
৬৬২। অর্চন ও কীর্ত্তনের মধ্যে বৈশিষ্ট্য কি ?	७४३

#### শ্রীশ্রীল প্রভূপাদের উপদেশামৃত

৬৬৩। শুদ্ধনাম কখন হয় ?	७५५
৬৬৪। ভগবান্ আমাদের কাছে কি চান ?	৩৮২
৬৬৫। অনর্থ কি ?	৩৮২
৬৬৬। শ্রীগুরুপাদপদ্ম কি ব্রহ্মবস্তু বা বৃহদ্বস্তু ?	৩৮২
৬৬৭। ভক্তি ও অভক্তি কি ?	OP8
৬৬৮। ব্রজবাসী কে ?	৩৮৪
৬৬৯। ভক্তসেবা বাদ দিয়া কি প্রকৃত মঙ্গল হয় না ?	<b>9</b> 68
৬৭০। শ্রীগুরুপাদপদ্মের স্বরূপ কি ?	৩৮৫
৬৭১। আমাদের কৃষ্ণদর্শন হচ্ছে না কেন ?	৩৮৭
৬৭২। ভগবানের দয়া কি পাওয়া যাবেই ?	<b>0</b> bb
৬৭৩। শ্রীগৌরাঙ্গের কথাই কি সবচেয়ে বড় কথা ?	<b>0</b> bb
৬৭৪। ভক্তি কি ?	৩৮৯
৬৭৫। গুরুর আদেশ যথাযথ পালন না কর্লে কি অমঙ্গল হ	য়ে ? ৩৮৯
* উপদেশ- রত্নমালা	020-872



#### <u> जीजीश्य</u>न-भीवाको खग्रण्ड শ্রীশ্রীল প্রভুপাদের উপদেশামৃত

প্রশু—কে ভজনরহস্য জানিতে পারে ? উত্তর—শ্রীস্বরূপ-রূপানুগবর শ্রীগুরুপাদপদ্মের বিশেষ বিশ্রম্ভ সেবকই ভজনরহস্য জানিতে পারেন। যাঁহার শ্রীগুরুপাদপদ্মে সুদৃঢ় বিশ্বাস ও প্রীতি আছে, সেই গুরুনিষ্ঠ ভক্তই বিশ্রম্ভ-সেবক। শ্রুতি বলেন— যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হার্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ॥ ভগবানে যেরূপ অচলা ভক্তি, সেইরূপ অচলা ভক্তি যাঁহার গুরুতে আছে, সেই মহাত্মার নিকটেই শাস্ত্রার্থ প্রকাশিত হয়।

প্রঃ—আমরা কি করে ব'ল পাবো ?

উঃ—শ্রীশুরুদেবের সেবা আদর ও প্রীতির সহিত কর্লে হৃদয়ে প্রচুর বল আস্বে। গুরুসেবা ও নামসেবা ধারাই ভক্তিবল লাভ হবে ?

थः — कर्खवा-वृष्कि **२**३८७ याश कत्रा याग्न, जाश कि ङङि ? উঃ---কর্ত্তব্য-বৃদ্ধি, কৃতজ্ঞতা প্রভৃতি মনের বৃত্তি। তাহা আত্মার বৃত্তি বা আতাধর্ম নহে। কর্ত্তব্য-বুদ্ধির ক্রিয়া মন-বুদ্ধি-অহঙ্কারের উপর, আর ভক্তির ক্রিয়া আত্মার ভূমিকায়। যাহা out of pure love न ় তাহা ওদ্ধভক্তি নয়। প্রীতির সহিত যাহা করা যায়, তাহাই ওদ্ধভক্তি 'Euty is but a regulation.আত্মার বৃত্তি বা ধর্মা হলো ভক্তি, আর মনের বৃত্তি বা ধর্ম হলো কর্ত্তব্যবৃদ্ধি। আতাধর্মই একমাত্র মঙ্গলের রাস্তা।

প্রঃ—অন্যাভিলাষ কি ?

উঃ—জগতে যতক্ষণ থাকিব, কেবল নিজের ইন্দ্রিয়-তর্পণই ক্রিব— এইরূপ ইতর অভিলাষই অন্যাভিলাষ।

প্রঃ—কর্ত্তাভিমান কিসে যাবে ?

উঃ—তৃণাদপি সুনীচ হও অর্থাৎ নিজেকে ভগবৎসেকক ব'লে জান, তা' হ'লে কর্ত্তাভিমান আদৌ থাক্বে না। তখন সানন্দে হরিনাম কর্ত্তে পার্বে প্রঃ—জীবের মঙ্গল কখন হয় ?

উঃ— বাস্তব সত্য তখনই আমাদের করায়ত্ত হয়, যখনই আমরা শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করি—গুরুর হ'য়ে কৃষ্ণসেবাকে জীবন করি।

প্রঃ কৃষ্ণ কাহার, প্রার্থনা তনেন ?

উঃ—হে কৃষ্ণ, আমি আপনার নিকট থেকে আমার নিজের কোন সুখ চাই না আপনার যা ইচ্ছা, তাহাই আমার শিরোধার্য্য। তা'তে যদি আমার কষ্টও হয়, তাহাই আমার সুখ। মঙ্গদময় আপনার ব্যবস্থায় কোন অমঙ্গদ নাই। এরূপভাবে আন্তরিক শ্রন্ধা-বিশিষ্ট হ'লেই কৃষ্ণ তাঁর সেবকের নিবেদন গ্রহণ করেন, নতুবা গ্রহণ করেন না।

প্রঃ—প্রকৃত শিষ্য কে ?

উঃ—ভগবান্ কৃষ্ণচন্দ্র আমার মঙ্গলের যাবতীয় ভার যাঁর করে অর্পণ ক'রেছন, সেই শ্রীগুরুদেবের শ্রীপাদপদ্মে যদি আমি পূর্ণ শরণাগত হ'তে পারি, তবেই আমি প্রকৃত শিষ্য।

শ্রীগুরুদের আমার মঙ্গলের জন্য যে ব্যবস্থা করেন, তাহা নতশিরে গ্রহণ করাই আমার কর্ত্তব্য, ইহাই প্রকৃত শিষ্যের বিচার; নতুবা অমঙ্গল অনিবার্য্য।

বিনি ভোগী না হ'য়ে–ইন্দ্রিয়দ্বারে বিষয়ভোগ না ক'রে গুর্ব্বানুগত্যে সতত ভগবৎ-সেবা করেন, তিনিই প্রকৃত শিষ্য।

এ জগতে সবই গুরুসেবার উপকরণ—সবই কৃষ্ণ-সেবার বস্তু; গুরুসেবার উপকরণে ভোগবৃদ্ধি হ'লে মঙ্গল হ'বে না—প্রত্যেক বস্তুতে গুরু-দর্শন না হ'লে অমঙ্গল অনিবার্য্য, প্রকৃত শিষ্য ইহা মর্ম্মে মর্ম্মে অনুভব ক'রে সতত গুরু-কৃষ্ণ-সেবাকেই জীবন করেন।

প্রকৃত শিষ্য অন্তরে বাহিরে গুরুদর্শন করেন। শিষ্য নিজেকে লঘু জানিলেও তাঁর লঘুদর্শন বা ভোগ্যদর্শন নাই। গুরু ছাড়া এ জগতে আমার আপন বল্তে আর কেউ নাই, এই সুবুদ্ধি নিষ্কপট শিষ্যের থাকেই। প্রকৃত শিষ্য গুরুদাস অভিমানে প্রতিষ্ঠিত এবং গুরুতে ঈশ্বরবুদ্ধি-বিশিষ্ট। গুরুতে তাঁর প্রগাঢ় বিশ্বাস ও সহজ প্রীতি।

প্রকৃত শিষ্য গুরুকে পরমাত্মীয়রপে, কৃষ্ণপ্রেষ্ঠরপে, প্রীত্যাস্পদরপে, নিত্য প্রভু, নিত্য সেব্য এবং জীবন-সর্বান্ধ ব'লে জানেন। শিষ্য জানেন যে, শ্রীগুরুদেব যুগপৎ ভক্তিবিগ্রহ ও ভগবদ্-বিগ্রহ। শ্রীগুরুদেব কৃষ্ণের প্রাণাপেক্ষা প্রিয় ও তাঁহার অভিন্ন-মূর্ত্তি বা প্রকাশবিগ্রহ। শ্রীগুরুপাদপদ্মের দাস্য ব্যত্তীত কৃষ্ণদাস্য-লাভের সম্ভাবনা নাই। যাঁরা গুরুর দাস্য বা সেবা করেন, তাঁরাই প্রকৃত বৈষ্ণব বা প্রকৃত শিষ্য, আর বাদবাকি সকলেই অহন্ধার-বিমৃঢ়াত্মা— সোজা কথায় ভোগী হ'বার বাসনাযুক্ত।

প্রঃ—এক,জন্মে সিদ্ধি কি ক'রে হবে।

উঃ— স্বতন্ত্রতা পরিত্যাগ পূর্বেক শরণাগত হয়ে শুর্বানুগত্যে নিষ্কপটে ভজন কর্নে এক জন্মেই সিদ্ধি হবে।

প্রঃ—ভগবান্কে জান্বার উপায় কি ?

উঃ— শ্রীগুরুদেবের শ্রীমুখে ভগবানের কথা শ্রদ্ধা পূর্বক শুন্ত হবে। শ্রীগুরুপাদপদ্মে প্রপত্তি ব্যতীত ভগবান্কে জান্বার অন্য উপায় নাই। যিনি শ্রীগুরুপাদপদ্মে শরণাগত হন, তিনিই ভগবান্কে জান্তে পারেন।

প্রঃ—ভীষণ নামাপরাধ কি ?

উঃ—শ্রীগুরুদেবে মনুষ্যবৃদ্ধিই মারাত্মক অপরাধ, ভীষণ নামাপরাধ। গুরুতে মর্ত্তাবৃদ্ধি হ'লে কোটী জন্মেও আমাদের মঙ্গল হ'বে না। তখন নানা বিঘ্ন এসে আমাদিগকে অভিলাষ-সাগরে ভাসাইয়া বিপন্ন কর্বে। এক শ্রীগুরুপাদপদ্ম ব্যতীত আর কেউ আমাদিগকে দুঃসঙ্গের হাত হ'তে রক্ষা কর্তে পার্বে না। গুরুতে মনুষ্যবৃদ্ধি থাকার জন্যই জীব তৎপাদপদ্মে আত্মনিবেদন কর্তে পার্ছে না।

প্রঃ—আচার্য্য কি করেন ?

উঃ—আচার্য্য ভগবানের সংবাদ-বাহক। তিনি বৈকুষ্ঠের সংবাদ আমাদের

কাছে এনে দেন। গুরুষুখবিগলিত সেই বৈকুণ্ঠ-সংবাদ কেবলমাত্র সেবোনাুখ কর্ণ দ্বারা গ্রহণ কর্তে হ'বে। পূর্ণ শরণাগত হ'লে আচার্য্যের কৃপায় সবই পাওয়া যাবে। বৈকুণ্ঠের লোক ছাড়া বৈকুণ্ঠের কথা ঠিক ঠিক কেহ বলতে পারে না। যিনি কলকাতা দেখেছেন, তাঁর কাছেই কলকাতার কথা শুন্তে হ'বে, তবেই খাঁটী সংবাদটা পাওয়া যাবে।

প্রঃ—সন্যাস কাহাকে বলে ?

উঃ—অনুক্ষণ হরিভজনই প্রকৃত সন্যাস। ভগবস্তুক্তের সন্যাস—ভুক্তি ও মুক্তির সহিত। ভক্তগণ ডোগ-কামনা ও মুক্তি-কামনার সহিত সন্যাস করিয়া ভক্তিদেবীর চরণাশ্রয় করেন।

প্রঃ—সাধুর কাজ কি ?

উঃ— সাধুর কার্যা হচ্ছে—Absolute এর touch এ (ভগবানের সংস্পর্শে) ২৪ ঘন্টার মধ্যে ২৪ ঘন্টাই থাকা। এরূপ Living source বা জীবন্ত সাধুর সঙ্গ হ'লে—তাঁর কাছে হরিকথা তন্লে ভগবানে বিশ্বাস নিশ্চয়ই হ'বে এবং সেবাপ্রবৃত্তিও জাগ্বে। সাধু হ'বার জন্যই সাধুসঙ্গ কর্তে হবে। প্রণত বা শরণাগত হ'য়ে সাধুসঙ্গ করলে সমস্ত অসুবিধা নিশ্চয়ই কেটে যাবে। নিজের আশ্রিত বা সঙ্গীকে নির্ভয়, নিশ্চিন্ত ও সুখী করাই সাধুর কাজ। সাধুসঙ্গ জিনিসটি Battery-র action-এর মত। জগতের বহির্ম্মুখ লোককে ভগবানের প্রতি উন্মুখ করাই সাধুর কার্যা এবং ইহাই প্রকৃত জীবে দয়া। সাধুর প্রকৃষ্ট সঙ্গ হ'লে মঙ্গল হ'বেই হ'বে। প্রণত হয়ে সাধুর কথা ভন্তে হ'বে এবং সেইভাবে সেবাময় জীবন যাপন কর্তে হ'বে, তবেই প্রকৃষ্ট সাধুসঙ্গ হ'বে। আমাদের মত বন্ধ জীবগণকে মায়ার হাত হ'তে উদ্ধার করাই সাধুর কার্য্য।

প্রঃ—কি বিচার গ্রহণ কর্লে মঙ্গল হবেই ?

উঃ—বিশ্বকে ভগবৎ-সেবক দেখলে আর কোন দুঃখ থাকে না। স্বতন্ত্রতা পরিত্যাগ পূর্ব্বক শরণাগত হয়ে নিঙ্কপটে ভজন কর্লে এক জন্মেই

#### ভগবৎপ্রান্তি হবে।

ভগবান্কে যিনি দেখিয়ে দিতে পারেন, যিনি ২৪ ঘন্টার মধ্যে ২৪ ঘন্টাই ভগবানের সেবা করেন, তাঁর কাছেই ভগবানের সেবার কথা তন্তে হবে। তা হ'লেই মঙ্গল হ'বে।

ভগবন্ধক সাধুগণ ভক্তিচক্ষে শ্যামসুন্দর কৃষ্ণকে হৃদয়ে দর্শন করেন। এরপ সাধুর সঙ্গ ও কৃপা হ'লে আমরাও হৃদয়ে ভগবান্কে দেখ্তে পাব।

আমরা আর একটুকু সময়ও নষ্ট না ক'রে সতত ভগবানের সেবার জন্য ব্যস্ত হ'ব। সংসঙ্গেই সেবা কর্তে হবে। সব সময় সংসঙ্গে থাকলে সেবাপ্রবৃত্তি বাড়তে থাক্বে।

ভগবান্ শরণাগত ডক্তের সকল বাঞ্ছাই পূর্ণ করেন এবং তাহাকে কখনও প্রত্যাখ্যান করেন না। 'কৃষ্ণ সেই সত্য করে যেই মাগে ভৃত্য।'

আমাদিগকে আশ্রয় দিয়া রক্ষা করার ক্ষমতা একমাত্র ভগবানেরই আছে, এতদ্বাতীত অপর কাহারও সে-শক্তি নাই—এই বিশ্বাস দৃঢ় হ'লেই আমরা নির্ভয়, নিশ্চিন্ত, সুখী ও সফলকাম হ'তে পার্বো।

মঙ্গলময় কৃষ্ণের মঙ্গল-দাতৃত্বে পরিপূর্ণ বিশ্বাস হ'লে আমাদের মঙ্গল নিশ্চয়ই হ'বে। ভগবৎপাদপদ্মে পূর্ণ শরণাগত হলে যে কি মহা-মঙ্গল হয়, তাহা ভাষায় ব্যক্ত করা যায় না।

প্রঃ—শ্রীবিগ্রহ কি সাক্ষাৎ ভগবান্ ?

উঃ— নিশ্চয়ই। কৃষ্ণবিগ্রহ সাক্ষাৎ কৃষ্ণই। 'প্রতিমা নহ তুমি সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন। শ্রীবিগ্রহ ভগবানের অর্চাবতার। নিজ হ্রদয়দেবতাই বাহিরে শ্রীমূর্ত্তিরূপে প্রকাশিত।

প্রঃ—গুরু কোথায় পাব?

উঃ—করুণাময় কৃষ্ণ যাঁকে আপনার গুরু ব'লে প্রেরণ করবেন, তিনিই বাহিরে মহান্তগুরুরূপে আপনার নিকট প্রকাশিত হবেন। ভগবৎ-কৃপায় গুরু মিল্বে এবং গুরু-কৃপায় ভগবান্কে পাওয়া যাবে। নিজ নিজ ভাগ্য অনুসারে গুরু মিলে। সর্ব্বজ্ঞ ভগবান্ বিভিন্ন লোকের বিভিন্ন চিত্তবৃত্তি দেখে তাদের নিকট সেইরূপ গুরুই প্রেরণ করেন। যারা ভগবানের নিক্ষপট কৃপা চান, যারা নিত্যমঙ্গল লাভের জন্য ভগবানের উপর সম্পূর্ণ নির্ভর করেন, ভগবান্ সেই সরল নিক্ষপট ব্যক্তিগণের প্রতি প্রসন্ন হ'য়ে তাঁদিগকে কৃপা কর্বার জন্য তাঁদের নিকট নিজেই গুরুরূপে প্রকাশিত হন। আর যারা ভগবানের কপট কৃপা চান তাঁদের চিত্তবৃত্তি অনুসারে ভগবানের মারা তাঁদের কাছে তদনুযায়ী গুরু

নিষ্কপট ব্যক্তির কখন অসুবিধা হয় না । তিনি অচিরেই সদ্গুরুর সন্ধান পান।

প্রাপ্ত প্রাপ্ত বি সর্বেক্ষণ করণীয় ?

উ৪— সর্বাক্ষণ সাধুসঙ্গে থাক্তে হ'বে। সংসঙ্গ ব্যতীত দুর্বাল আমি কিছুতেই বাঁচ্তে পার্বো না। সংসঙ্গ থেকে তফাৎ হ'য়ে থাক্লে আমাদের প্রভু হ'বার দুর্বাদ্ধি আস্বে। সব সময় সাধুগুরুর আজ্ঞানুবর্ত্তী না থাক্লে বিপদে পড়ে যেতে হবে। নিরাশ্রয় হলেই মায়া আমাদিগকে ধর্বে। তখন আমরা মায়ার নফর হয়ে সংসারে ঘুরে বেড়াব।

প্রঃ—সংসার থেকে কি করে উদ্ধার পাব ?

উঃ— ভগবানের কৃপা ব্যতীত কেহ কোন কালে সংসার থেকে উদ্ধার হতে পার্বে না। আমরা কৃষ্ণের নিত্য কেনা গোলাম—এই কথাটা ভুলে গেলেই মায়ার গোলাম হয়ে পড়তে হবে। ভগবৎ-সেবাই হলো ভক্তি, আর ভোগেচ্ছাই অভক্তি বা সংসার।

এই সর্ব্বনাশকর সংসার হতে বাঁচ্বার একমাত্র উপায়—প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তিসহকারে গুরুবৈক্ষবের নিকট কৃষ্ণকথা শ্রবণ। প্রীতির সহিত হরিকথা শুন্লে সংসার কর্বার প্রবৃত্তি থেমে যাবে।

প্রঃ—আমরা কি শিষ্য কর্বো ?

উঃ-ওদ্ধভক্ত বা মুক্ত না হ'য়ে শিষ্য কর্তে নাই। আগে সদ্ওরু আশ্রয়

ক'রে নিজে শিষ্য হ'তে হ'বে এবং গুরুর শ্রীমুখে হরিকথা শ্রবণ কর্তে হবে। তৎপরে সেই সব কথাগুলি নিজ জীবনে আচরণ করে দৈন্যের সহিত কীর্ত্তন কর্তে কর্তে নিজেও গুরু হতে হবে। মৎলব করে চিরকাল লঘুই থাক্বো, এটা আত্মবঞ্চনা। গুরু হতে হবে মানে—কৃষ্ণভক্ত হ'তে হ'বে—সর্বাক্ষণ সর্বেন্দ্রিয়ে কৃষ্ণসেবায় নিযুক্ত থাক্তে হবে।

শিষ্য কর্তেই হবে এরপ কথা নয়। তবে ভগবানের ইচ্ছা হলে কোন কোন শুদ্ধভক্ত লোকের মঙ্গলের জন্য উপদেশ দিয়ে থাকেন। এতে তাঁদের কোন অভিসন্ধি থাকে না। লঘুকে গুরু করা, বহিনাখকে উনাখ করা, সকলকে কৃষ্ণভক্ত করাই তাঁদের উদ্দেশ্য।

প্রঃ—গুরু কি কৃষ্ণধনে ধনী ?

উঃ— ভগবানের মালিক— শ্রীগুরুদেব। ভগবান্ শ্রীকৃষ্ণ শ্রীগুরুদেবের সম্পত্তি বা ধন। এজন্য গুরুই ভগবান্কে দিতে পারেন। গুরুর প্রসাদেই কৃষ্ণের কৃপা ও দর্শন লাভ হ'বে।

थः - जगवमर्गन कता ग्राप्त कि ?

উঃ—ভগবদ্দর্শন করার অর্থ–Cent percent engagement of the senses in the service of Godhead অর্থাৎ ২৪ ঘন্টার মধ্যে ২৪ ঘন্টা সর্ক্বেন্দ্রিয়ে ভগবানের সেবাই আআধর্মে প্রতিষ্ঠা ও ভগবদ্দর্শন। ওরুক্পায় ভজনপ্রভাবে অন্তরে-বাহিরে কৃষ্ণকৃতিই কৃষ্ণদর্শন।

थঃ - जर्जर्भनि कि विस्थि श्रियाजन ?

উঃ—নিশ্চয়ই। ভোগ্যদর্শন, আকারদর্শন বা বহির্দর্শন ছেড়ে দিয়ে অন্তর্দর্শন বিশেষ দরকার। অন্তর্দর্শন না হ'লে বহির্দর্শন থাক্বেই। বহির্দর্শন ত' মায়াদর্শন।

খামের অভ্যন্তরস্থ চিঠির বিষয়ে উদ্গ্রীব হ'লে বাহিরের খামখানা দেখ্বার আর অবসর থাকে না। বিশ্বকে ভগবং সেবকরূপে দর্শন হ'লে আমাদের বহির্দর্শন থাক্বে না। বিশ্বের সর্ব্বত্রই ভগবান্ বিরাজিত। প্রত্যেক হৃদয় ভগবানের বসতিস্থল।

আমার হৃদয়মন্দিরে ভগবান্ সতত অবস্থান কারিতেছেন আমাকে সেবাসুযোগ প্রদান কর্বার জন্য, এই চিস্তা বা দর্শন প্রবল হ'লে 'আত্যবৎ মন্যতে জগৎ' ন্যায়ে সর্বত্র ইষ্টদর্শন হ'বে। তখন আর বহির্দর্শন, ইতরদর্শন, লঘুদর্শন বা বিশ্বদর্শন থাক বে না। তখনই বিশ্বং পূর্ণসুখায়তে মনে হ'বে।

প্রঃ—আমরা কি নিজেকে নিজে রক্ষা কর্তে পারি ? উঃ—কখনই না। আমি নিজেকে রক্ষা করিব—ইহা অভক্ত অসুরের বিচার। এরূপ কুবিচার আসিলেই বিপদ্।

কৃষ্ণই আমার রক্ষাকর্তা, সুতরাং আমার আবার ভয় কিসের? ভক্ত প্রহ্লাদের ন্যায় এই সুবিচারই গ্রহণীয়। ভগবানের কথায়— উদাসীন হ'লে এবং ভগবানের উপর নির্ভরতা কমে গেলেই নানা কুবিচার ও অহদ্বার এসে আমাদিগকে বিপন্ন কর্বে।

#### প্রঃ-কে উদ্ধার পায় ?

উঃ—যখনই আমরা ভগবানের সেবা ক'রবো না, তখনই অন্য চিন্তা বা ভোগবুদ্ধি এসে আমাদিগকে গ্রাস কর্বে। করণাময় শ্রীকৃষ্ণ এই বিপদ্ হ'তে আমাদিগকে রক্ষা কর্ বার জন্য সর্ব্বদাই প্রম্ভুত, কিন্তু আমরা তাঁর উপর সম্পূর্ণ নির্ভর না কর্লে কি করে রক্ষা পাব ? কৃষ্ণ জীবকে গুরুরূপে রক্ষা ক'রে থাকেন। কৃষ্ণকৃপার মূর্ত্তি হ'লেন—গুরু। কৃষ্ণের প্রতিনিধি শ্রীগুরুদেব জীবকে সংসার হ'তে উদ্ধার ক'রে কৃষ্ণের নিকট নিয়ে যাবার জন্য এ জগতে আসেন। যে সব ভাগ্যবান, সজ্জন সেই গুরুদেবের কৃপা সাদরে গ্রহণ করেন, তাঁরাই সংসার থেকে উদ্ধার পেয়ে পরাশান্তির ধামে যেতে পারেন।

श्र- भन्नम कि क'त्र र'ति ?

উঃ— কৃষ্ণ আমার নিত্যপ্রভু, আমি কৃষ্ণের নিত্যদাস— এই জ্ঞান বা অনুভূতি যদি ভাগ্যক্রমে একবার এসে যায় তাহি'লে সমস্ত অমঙ্গল পুড়েছাই হয়ে যায় এবং যাবতীয় মঙ্গল করায়ত্ত হয়ে থাকে।

প্রঃ—মঙ্গলের রাস্তাটা কি ?

উঃ—সম্পদে বিপদে ভগবানে শরণাপত্তিই একমাত্র মঙ্গলের রাজা।
কৃষ্ণ নিশ্চয়ই রক্ষা কর্বেন—এই শরণাগতি ছেড়ে দিয়ে নিজে রক্ষাকর্ত্তা
সাজ্তে গেলেই সর্ব্বনাশ। সর্ব্বতোভাবে কৃষ্ণে নির্ভর কর্লেই মঙ্গল।
নতুবা জন্ম জন্ম দুঃখ ভোগ কর্তেই হ'বে। আশ্রিতবৎসল ভগবান্
আশ্রিতের সকল ভারই গ্রহণ করেন। এখন আমরা আশ্রিত হ'লেই হ'লো।

প্রঃ—ভক্ত কে ?

উঃ—যিনি কৃষ্ণের জন্য নিজের সুখে জলাগুলি দেন, যিনি কৃষ্ণসুখার্থ ভোগ ত্যাগ ক'রে নিরম্ভর কৃষ্ণসেবায় নিযুক্ত থাক ্তে পারেন, তিনিই ভক্ত। তাঁরই মঙ্গল হয়।

কৃষ্ণকে সুখ দিবার প্রবৃত্তিই ভক্তি। স্বসুখকামী হ'য়ে নিজে সুখে থাক্বো, এটা অভক্তি। এতে দুখঃই হবে।

কৃষ্ণ সেজে—সংসারী হ'য়ে স্ত্রীসম্ভোগ কর্বো এটা অভক্তের বিচার।
এরূপ অভক্তের আদর্শ না নিয়ে ভক্তের আদর্শে অনুপ্রাণিত হ'লেই
মঙ্গল। নিজেকে সতত কৃষ্ণসেবায় নিযুক্ত না রাখলে ভোগী বা ত্যাগী
হ'তে হবে—ভক্ত হওয়া যাবে না।

প্রঃ—ডগবদর্শনের পথ কি ?

উঃ-গুর্বানুগত্যে সেবোনুখ হ'য়ে কৃষ্ণকৃপাপেক্ষাই ভগবদর্শনের রাস্তা। তত্তেহনুকম্পাং শ্লোক ইহার প্রমাণ।

Transparent গুরুর মধ্য দিয়েই ভগবদ্দর্শন হয়। শুদ্ধ ভক্তিপথই ভগবদ্দর্শনের পথ।

প্রঃ—কৃষ্ণদেবা কি ক'রে পাব ?

উঃ-- मुक ना र'ल कृष्धरमवांग्र अधिकात रग्न ना । यिनि मर्खन डगवान्त

দেন, তিনিই মুক্ত। সর্ব্যস্থ অর্পণে কার্পণ্যই বদ্ধতা বা কৃষ্ণবিমুখতা।
মুক্তপুরুষণণ যথাসর্ব্যস্থ দিয়া কৃষ্ণসেবা করেন। তাঁরা কৃষ্ণার্থে
অখিলচেষ্ট।

গুরুকৃপা ব্যতীত সর্বেশ্ব দেওয়া বা মুক্ত হওয়া যায় না। কৃষ্ণ শ্রীগুরুদেবেরই ধন। তিনি না দিলে কেহ কৃষ্ণকে পেতে পারে না। গ্রজন্য শ্রীগুরুদেবের সেবা ব্যতীত কখনও কৃষ্ণসেবায় অধিকার হয় না।

গুরুর হ'য়ে কৃষ্ণসেবা কর্তে হ'বে। তবেই কৃষ্ণসেবা লাভ হ'বে। যেখানে গুর্ববনুগত্য ও গুরুসেবা নাই, সেখানে কৃষ্ণসেবা অসম্ভব।

প্রঃ—আমরা কি শ্রীনামের সেবক ?

উঃ— নিশ্যই। আতা্মরপে, কার্স্করপে বা স্বরপাবস্থায় কৃষ্ণসেবা ব্যতীত আমাদের অন্য কোন কৃত্য নাই। কৃষ্ণনামই সেই কৃষ্ণবস্ত। এজন্য শ্রীনামসেবাই কৃষ্ণসেবা।

যথনই আমরা শ্রীকৃষ্ণসেবা বা শ্রীনামসেবা ভুলিয়া যাই, তখনই স্বরূপবিস্ফৃত হইয়া বিরূপাবস্থায় মায়ার কবলে কবলিত হইয়া দুঃখ পাই। গুরুকৃপায় যখন আমাদের সম্বন্ধজ্ঞান হয়, তখন আমরা জানিতে পারি—আমরা কৃষ্ণের নিত্যদাস এবং ঈশাবাস্যমিদং সর্ব্বম্ অর্থাৎ জগতের সকল বস্তুই কৃষ্ণের সেবার উপকরণ।

যাঁহারা সংসার হইতে উদ্ধার পাইয়া চিরসুখী হইতে চান, তাঁহারা সতত কৃষ্ণনামসংকীর্ত্তন করিবেন, ইহাই মহাপ্রভুর উপদেশ। তাই সক্তগণ নিজেকে শ্রীনামের সেবক বলিয়াই জানেন এবং জগতের প্রত্যেক জীবকে কৃষ্ণভোগ্য ও প্রত্যেক বস্তুকে কৃষ্ণসেবার উপকরণ বলিয়া জ্ঞান করেন।

শ্রীকৃষ্ণনাম— অখিলরসামৃতসিন্ধ। শ্রীকৃষ্ণনাম— সচ্চিদানন্দ-বিগ্রহ। শ্রীকৃষ্ণনাম— শ্যামসুন্দর, যশোদানন্দন। অখিলরসামৃত-মূর্ত্তি কৃষ্ণনামের সেবাই সাক্ষাৎ কৃষ্ণসেবা। এজন্য ভক্তগণ শ্রীনামসংকীর্ত্তনমুখেই সতত কৃষ্ণসেবা করিয়া গুরুকৃষ্ণের সুখবিধান করেন।

প্রঃ—কৃষ্ণের পূর্ণকৃপা লাভের উপায় কি?

উঃ—শ্রীবার্ষভানবীর গণে—শ্রীরূপানুগগণে গণিত হইলেই কৃষ্ণের পূর্ণকৃপা লাভ করা যায়। শ্রীরূপানুগবর শ্রীগুরুপাদপদ্মের পদধূলি বা কিঙ্কর হইতে পারিলেই সে সৌভাগ্য লাভ হইয়া থাকে। এজন্য আমাদের প্রত্যকেরই তৃণাদপি সুনীচ হওয়া প্রয়োজন। যাহার যাহা আছে তাহা ছাড়িয়া দিয়া নিজেকে গুরুর কিঙ্কর ও শ্রীনামের সেবক বলিয়া জানাই তৃণাদপি সুনীচতা।

প্রঃ—কে গুরু হইতে পারেন ?

উঃ—যে নিজেকে বৈষ্ণব মনে করে, সে branded অবৈষ্ণব। আর যিনি নিজেকে গুরু বা বড় মনে করেন, তিনি গুরু হইবার অযোগ্য। যিনি শিষ্যের শিষ্য অভিমান করেন, তিনিই গুরু হইবার যোগ্য। ভগবানের ন্যায় যাঁহার গুরুতে অচলা ভক্তি আছে, সেই গুরুনিষ্ঠ ভক্তই গুরুর কাজ করিতে সমর্থ।

প্রঃ— কৃষ্ণসেবা ব্যতীত কি জীবের অন্য কোন কৃত্য নাই? সেবা কি ক'রে পাব?

উঃ—কৃষ্ণসেবা ব্যতীত নিত্য কৃষ্ণদাস জীবের অন্য কোন চেষ্টা নাই। যিনি শ্রীভগবান্ ও শ্রীগুরুদেবে অচলাশ্রদ্ধাবিশিষ্ঠ, তাঁহারই হৃদয়ে পরমার্থ-বিষয়ক সত্যবাক্য প্রকাশিত হয়।

যেদিন আমরা সেবাবিগ্রহ শ্রীগুরুদেবকে শ্রীটেতন্যদেবের সহিত অভিন্ন বলিয়া উপলব্ধি করিতে পারিব, সেই দিনই আমাদের শ্রীগৌরসুন্দরের সেবা লাভ হইবে, সেই দিন আমরা শ্রীরাধাগোবিন্দের নিভৃত্সেবা লাভ করিবার সৌভাগ্য পাইব। মহান্তগুরুদেবকে যখন সাক্ষাৎ শ্রীকৃষ্ণটেতন্যদেবের নিজজন বলিয়া উপলব্ধি হয়, তখনই শ্রীরাধাগোবিন্দের লীলাকথা আমাদের শুদ্ধ নির্মাল হদয়ে ক্র্ডিপ্রাপ্ত হয়। প্রঃ—বৈষ্ণবদর্শনের কথা কিভাবে বুঝা যাবে ? উঃ— মানুষ যত বড়ই পণ্ডিত বা মনীষী হউন না কেন, যাঁহার চরিত্র মূর্ত্তবৈষ্ণবদর্শনম্বরূপ, সেইরূপ আচার্য্যের শরণাপন্ন না হওয়া পর্যান্ত বৈষ্ণবদর্শনের কথা হৃদয়ঙ্গম কর্তে পারেন না। গীতা বলেন-

> তদ্ধিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া। উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ॥

অর্থাৎ Unconditional surrender, honest enquiry and serving temper—এই তিনটি তণ থাকিলেই বৈষ্ণ্যবদর্শনের কথা বুঝা যায়। যাঁহারা এই তিনপ্রকার আচার্য্য-দক্ষিণা লইয়া উপস্থিত হন, বৈষ্ণবদর্শনের অধ্যাপকগণ তাঁহাদিগকে দর্শনের তথ্যসমূহ উপদেশ করেন। বৈষ্ণবদর্শনের অধ্যাপক আচার্য্যগণ কোন প্রকার জাগতিক দক্ষিণার প্রলোভনে প্রলুব্ধ হন না।

প্রঃ—মহাপ্রভুর উপকার কি সর্ব্বশ্রেষ্ঠ উপকার ?

উঃ—নিশ্চরই। মহাপ্রভু ও মহাপ্রভুর ভক্তগণের ন্যায় সর্ব্বশ্রেষ্ঠ উপকারী আর হয় নাই, হ'বে না। অন্যান্য উপকারের প্রস্তাব বা ছলনা উপকারের নামে মহা-অপকার, আর মহাপ্রভু ও মহাপ্রভুর ভক্তগণের উপকার সত্য সত্যই নিত্য পরম উপকার। তাহা দু-দশ দিনের উপকার নয়, তাৎকালিক উপকার নয়— যে উপকারের প্রস্তাব কিছুক্ষণ পরেই অপকার প্রস্বব কর্বে— যে উপকারের দারা আর এক পক্ষের অপকার হ'বে, যেমন আমাদের দেশের উপকারে অন্য দেশের অপকার অনিবার্য্য— আমার তাৎকালিক সুখে আর একজনের দুঃখ আবার অপরের সুখে আমার ভোগের অভাব, আমি গাড়ী-ঘোড়ায় চ'ড়ে উপকৃত হ'লে গোড়াগুলির অসুবিধা অনিবার্য্য—এরপ উপকারের কথা ব'লে মহাপ্রভুর ভক্তগণ কখনও লোকবঞ্চনা করেন নাই। তারা এমন উপকারের কথা ব'লেছেন— এমন জিনিষ দান ক'রেছেন,যে উপকার সকলের পক্ষে সর্ব্বকালে সর্ব্ববিস্থায় পরম উপকার। এ উপকার কোন দেশবিশেষের

উপকার, অন্য দেশের অপকার নহে; এ উপকার সমগ্র বিশ্বব্রক্ষান্ডের উপকার। সূতরাং সঙ্কীর্ণ সাম্প্রদায়িক নশ্বর উপকারের প্রস্তাব মহাপ্রভূত্ব অকগার কোনদিন কাহারও কোন মন্দ প্রসব করে না। তাই মহাপ্রভূর দয়া অমন্দোদয়া দয়া। এইজন্যই বলি—মহাপ্রভূ মহাবদান্য, মহাপ্রভূর ভক্তগণ মহা-মহা-বদান্য। এ সকল গল্পের কথা নয়, কাব্য-সাহিত্যের কথা নয়— সব চেয়ে বড় সত্য কথা।

মহাপ্রভুর দয়াটা হ'চেছ পরিপূর্ণ দয়া,আর যত দয়া সব limited সব বঞ্চনাময়ী। মৎস্যদেব, কূর্ম্মদেব, বরাহদেব, রামচন্দ্র, এমন কি কৃষ্ণচন্দ্র পর্যান্ত নিজ আশ্রিতজনের প্রতি মাত্র দয়া বিতরণ ক'রেছেন, কিন্তু বিরোধীগণকে সংহার ক'রেছেন, আর মহাপ্রভুবিরোধীকে দয়া ক'রেছেন— যেমন কাজী,বৌদ্ধগণকে তিনি অমন্দোদয়া বিতরণ কর্তে কুষ্ঠিত হন নাই। রামোপাসক রামায়েৎগণকেও তিনি ভদ্ধ বৈশ্বব ক'রেছেন।

প্রঃ—আমার সম্বন্ধজ্ঞান হ'য়েছে তা কি করে বুঝ্বো ? উঃ—দিব্যজ্ঞানদাতা শ্রীগুরুদেবের কৃপায় সম্বন্ধজ্ঞান লাভ হয়। গুরুকৃপায় যেদিন সম্বন্ধজ্ঞান হয়, সেদিন জান্তে পারা যায়—কৃষ্ণই আমার নিত্যপ্রভূ, আমি কৃষ্ণের নিত্যদাস, কৃষ্ণসেবাই আমার নিত্য ধর্মা।

কৃষ্ণই একমাত্র সম্মা বিশ্ব এবং বিশ্বের অতীত দ্বিদল বৈকুষ্ঠের একচছত্র সমাট্। সুতরাং তাঁর পূজায় কেউ বাধা দিতে পারে না। তাঁর পূজা সকলেই কর্ছে, কিন্তু অবিধিপূর্বেক পূজা হলে পূজাকারীর কোন সুবিধা হয় না। যাঁরা সূর্য্য, গণেশ, শক্তি প্রভৃতির পূজা কর্ছেন, তাঁরাও কৃষ্ণের ছায়া-শক্তির পূজা কর্ছেন। কারণ কৃষ্ণ হ'তে কারো স্বতম্ব অধিষ্ঠান নাই। কিন্তু ছায়ার পূজা হ'য়ে যাওয়ায় তাঁদের স্বরূপজ্ঞান বা সম্বন্ধজ্ঞান হ'চ্ছে না।

প্রঃ—সেবা বাদ দিয়ে সুখে থাক্বার চেষ্টা কি ভাল?

উঃ— কখনই না। নিজে সুখে থাক্বার চেষ্টা ত' অভক্তি। যে ব্যক্তি হরি-গুরু-বৈষ্ণবসেবা বাদ দিয়ে নিজ সুখ-স্বাচ্ছন্দ্য নিয়ে ব্যস্ত থাকেন, তিনি অপরের নিকট হ'তে সেবা চাহিলেও অপরে তাঁর সেবায় ব্যস্ত হন না, পরম্ভ তিনি সকলের উপেক্ষা ও অপ্রশংসার পাত্র হ'য়ে থাকেন, পক্ষান্তরে যে ব্যক্তি নিজ সুখ-সুবিধা অগ্রাহ্য ক'রে গুরুকৃষ্ণের সেবায় সর্বাক্ষণ কায়মনোবাক্যে নিযুক্ত থাকেন, তাঁর সেবা কর্বার জন্য লক্ষ্ক ব্যক্তি, এমন কি স্বয়ং মহাপ্রভু প্র্যান্ত এসে উপস্থিত হন।

প্রঃ—শ্রীভগবন্নাম কিভাবে গ্রহণ করিতে হইবে ?

উঃ— শুদ্ধভক্তগণ পাপনিবারণ, পুণ্যসংগ্রহ কিংবা স্বর্গপ্রাপ্তির জন্য অথবা জগতের দূর্ভিক্ষ, মহামারি, অশান্তি, রাষ্ট্রবিপ্লব, রোগ-নিবারণ, ধনকামনা, রাজ্যপ্রাপ্তি প্রভৃতি ভোগ্যবস্তু লাভের জন্য ভগবান্কে ডাকেন না। ভগবন্নাম যখন সাক্ষাৎ পরমেশ্বর, তখন সেই পরমেশ্বর দ্বারা নিজের কোন ভোগের কার্য্য করাইতে চাহিলে ভগবান্কে—পরমপূজ্য বস্তুকে ভূত্যরূপে পরিগণিত করা হয়। তাহা অপরাধ। এজন্য ভগবানের সেবার জন্য ভগবান্কে না ডাকিলে উহাকে ব্যর্থ নাম বা বৃথা নাম বলা হয়। যীও ব'লেছেন -- Don't take God's Name in vain, ইহা দারা যে, অনুক্ষণ ভগবানের নাম লইতে হইবে না—শয়নে, স্বপনে, আহারে, বিহারে সকল সময় সর্বস্থানে ভগবানের নাম লইতে হইবে না, তাহা উদ্দিষ্ট হয় নাই , কারণ ভগবানের সেবার জন্য ভগবানকে ডাকা বৃথা নহে. তাহাই একমাত্র কর্ত্তব্য । কিন্তু অন্য উদ্দেশ্যে অর্থাৎ কোন কামনা পুরণের জন্য ভগবানকে ডাকার অভিনয়ই — বৃথা কার্য্য। ভগবানের নাম কখনও বৃথা অর্থাৎ ধর্মার্থ কামমোক্ষকামনায় গ্রহণ করিতে হইবে না, কিন্তু ভগবানের সেবার জন্যই অনুক্ষণ ভগবান্কে ডাকিতে হইবে।

প্রঃ—সাত্রা, মন ও দেহ—এই তিনটিতে কি ভেদ ? উঃ—শাদ্র আত্রা, মন ও দেহ অর্থাৎ চিৎকণ, চিদাভাস ও জড়—এই তিনটি বিষয়ের পরস্পর ভেদ ও সৃশ্ব বিশ্বেষণ করিয়াছেন। আত্মা দেহ ও মনোরূপ সত্ত্বের সন্ত্রাধিকারী। দেহ ও মন আত্মার সম্পত্তি, আত্মা আবার পরমাত্মার সম্পত্তি। আত্মার দুইটি দেহ বা উপাধি—একটি সৃশ্ব উপাধিরূপ মন, আর একটি স্থুল উপাধিরূপ দেহ। বহির্দেহ পঞ্চভূত বা পরমাণুর সমষ্টি, অন্তর্দেহ বা মানসিক দেহ বহির্দেহের চালক। আত্মা বন্ধাবস্থায় মনের দ্বারা বিজাতীয় সম্পত্তির সহিত সংশ্লিষ্ট। আত্মা সুপ্ত বলিয়া অধুনা পরমাত্মার সেবায় অনভিজ্ঞ। মালিককে সুপ্ত দেখিয়া অধীনস্থ কর্মাচারীদ্বয় মালিকের স্বার্থ দেখিবার পরিবর্ত্তে তাহাদের নিজ নিজ অপস্বার্থ দেখিতেছে।

মন পরিবর্ত্তনশীল, আত্মা অপরিবর্ত্তনীয়, নিত্য। মনের কার্য্য—ভোগ বা নির্ভোগ (ত্যাগ), আত্মার কার্য্য—ভগবানের সেবা। মন তৃতীয়-মানের বস্তু পর্যান্ত জানিতে পারে, চতুর্থ-মানের বস্তু (অধ্যক্ষজ বস্তু) জানিবার অধিকার মনের নাই। জগতের অভিজ্ঞতা হইতে বাস্তব সত্যকে—অতীন্দ্রিয় বস্তু ভগবান্কে জানা যায় না।

প্রঃ—আমার ত' জগতের অভিজ্ঞতা ছাড়া আর কিছুই নাই; তাহা হইলে এ সমস্ত বিষয় কি করিয়া জানা যাইবে ?

উঃ—বর্ত্তমান অবস্থাতে সে সমস্ত বিষয় জানা অত্যন্ত কঠিন ইহা যেমন সত্য, তদ্রূপ সে সব বিষয় জানিবার যে উপায় আছে, তাহাও সত্য। আমাদের দূর-দেশস্থ বান্ধবের সংবাদ পিয়ন আনিয়া দেয়।

প্রঃ—কাহারও কাহারও সংবাদ পিয়ন না আনিতেও পারে ত'?
উঃ— পিয়ন যাহাদের চিঠি আনিয়া দিল না, জানিতে হইবে তাহাদের কপাল বড়ই মন্দ। তবে একটা কথা— যাহারা সংবাদের জন্য আর্ত্ত, তাহাদের নিকট অবশ্যই পিয়ন সংবাদ আনিয়া দেয়।

প্রঃ—বৈকুষ্ঠের সংবাদ-আনয়নকারী পিয়নকে কিরূপে চেনা যাইবে এবং সংবাদের সত্যত্ত্ব ও মিথ্যাত্ত্বই বা কিরূপে জানা যাইবে ? উঃ—আমার প্রার্থনা অকপট হইলে সর্ব্বক্ত ভগবানের কৃপায় সবই জানা যাইবে। বিদ্যার্থী ব্যক্তি বিদ্বানের কৃপা–সাহায্যেই বিদ্বান্কে চিনিতে পারে। স্কদয়স্থ ভগবান্ই আমাকে সব বিষয়ে সাহায্য করিবেন, আমি তাঁহার প্রতি নির্ভর করিলেই হইল।

কোন বস্তু-বিষয়ে জ্ঞান উপার্জ্জন করিতে হইলে জগতে দুইটি উপায় দেখিতে পাওয়া যায়। একটি জগতের অভিজ্ঞতা দ্বারা বস্তু জানিবার প্রয়াস, আর একটি জগতের অভিজ্ঞতা অসম্পূর্ণ জানিয়া যে রাজ্যের জ্ঞান, সেই রাজ্য হইতে অবতীর্ণ মহাপুরুষের নিকট সর্ব্বতোভাবে আত্মসমর্পণ পূর্ব্বক শ্রুতিমূলে জ্ঞানলাত।

প্রঃ—জাগতিক অভিজ্ঞতাই আমাদের সম্বল। তাহা বর্জ্জন করিয়া কোন অতিমর্ক্তা বস্তুতে কিরূপে শরণাগত হওয়া যাইবে ?

উঃ— কঠিন মনে করিয়া ভীত হইলে চলিবে না। সত্যবস্তু জানিতে হইলে হ্রদয়ে খুব বল চাই। সাঁতার শিখিতে হইলে প্রথমে জল দেখিয়া ভীত হইলে সাঁতার শেখা যাইবে না। শরণাগতি ব্যাপারটা কঠিন নয়, উহা আত্মার পক্ষে অতি সহজ ও স্বাভাবিক। শরণাগতির বিপরীত যাহা কিছু, তাহাই অস্বাভাবিক ও ক্লেশকর।

প্রঃ—কি উপায়ে সেই সাহস অর্জন করা যাইবে ?

উঃ—ভগবানের কথা শুনিতে হইবে—ভগবানের এজেন্টের নিকট হইতে শুনিতে হইবে। যখন সেই কথা শুনিব, তখন জগতের সমস্ত অভিজ্ঞতা, কৃতর্ক প্রভৃতিকে বন্ধ রাখিয়া দিতে হইবে। জীবন্ত সাধুর নিকট ভগবানের পরাক্রমপূর্ণ বীর্য্যবতী কথা শুনিতে শুনিতেই হৃদয়ের দৌর্ব্যল্যাদি অনর্খগুলি কাটিয়া যাইবে, ফ্রদয়ে অভৃতপূর্ব সাহস আসিবে, তখন শরণাগতি বা আত্মার সহজধর্ম্ম সম্পূর্ণভাবে উদিত হইবে। সেই শরণাগত হৃদয়ে অতীন্দ্রিয় রাজ্যের স্বপ্রকাশ সত্য স্বয়ং প্রকাশিত হইবে। এই উপায়েই সত্য জানা যায়, অন্য কোন পন্থায় অকৈতব সত্য জানা অসম্ভব।

প্রঃ—শরণাগতি ও দৃঢ়তা কি বিশেষ প্রয়োজন ?

উঃ—নিক্যই । ভগবানে full confidence থাকা প্রয়োজন । হরিভজনেও

এইরপ firm determination থাকা দ্রকার—I must receive His Grace. I must not go astray. I must always go on chanting His name. God will undoubtedly help me, if I am bonafide.

শ্রীগুরুপাদপদ্ম ঐকান্তিক শরণাগতি হইলে সর্ব্বার্থসিদ্ধি নিশ্চয়ই হইবে। শ্রীরূপাভিন্ন শ্রীগুরুদেবের কৃপাই আমাদের সম্বল হোক্। তা' হ'লেই আমাদের মঙ্গল হ'বে।

প্রঃ—গুর্বানুগতো কৃষ্ণভজন না করিলে কি কৃষ্ণভজন হয় না ? উঃ—কখনই না। আমরা একমাত্র কৃষ্ণানুশীলনই করিব। এই কৃষ্ণানুশীলন কৃষ্ণভক্তের আনুগত্যে বা নির্দেশেই হইয়া থাকে। শ্রীবার্যভানবীদেবী কৃষ্ণের অনুকূলা : শ্রীরাধারই নামান্তর অনুকূলা । শ্রীবার্ষভানবীদেবীর প্রিয় নিজজনগণ সকলেই গুরুপাদপদ্ম। গৌড়ীয়-বৈষ্ণব আমরা অনুকূলার কৃষ্ণ অর্থাৎ রাধার কৃষ্ণের উপাসক। গৌড়ীয়-বৈষ্ণবগণ কৃষ্ণ অপেক্ষা রাধারই অধিক পক্ষপাতী। শ্রীগুরুদেব শ্রীরাধার অভিনুমূর্ত্তি। অনুকূলার আনুগত্যেই কৃষ্ণের অনুশীলন হইয়া থাকে। যেখানে অনুকূলার অর্থাৎ গুরুর আনুগত্য নাই, সেখানে অনুকৃল-কৃষ্ণানুশীলন বা কৃষ্ণসুখানুসন্ধান থাকিতে পারে না। সেখানে আছে কেবল স্বসুখবাঞ্ছার তাণ্ডব নৃত্য। এইরূপ ভক্তিবিরোধী চিত্তবৃত্তি বা দাম্ভিকতা পরিত্যাগ করিয়া গুর্ব্বানুগত্যে কৃষ্ণের সেবা করিলেই সব সুবিধা হইবে। কিন্তু দুর্ভাগ্যবশতঃ আমরা কৃষ্ণসুখানুসন্ধানের কথা ভুলিয়া গিয়া নিজের সুখে ব্যস্ত হইয়া পড়িতেছি। হায় ! কৃষ্ণকে গৃহকর্ত্তা না করিয়া নিজেই গৃহকর্তা সাজিয়া গৃহব্রত হইতেছি। কিন্তু আমরা যদি মঙ্গল চাই, তবে জীবন থাকিতে থাকিতেই সাবধান হইব : নতুবা বঞ্চিত হইতে হইবে, সুবর্ণসুযোগ পাইয়াও হারাইতে হইবে।

প্রঃ—সন্যাসী সাজিলেই কি সুবিধা হইবে ? উঃ—কখনই না : বাহিরে পোষাকী সন্মাসী হইলে সুবিধা হইবে না ওক্তদেবতাত্মা হইয়া ওক্তমেবাকে জীবন করিতে পারিলেই প্রকৃত সন্মাসী হওয়া যাইবে। এইরূপ গুরুনিষ্ঠ ও নামনিষ্ঠ ভক্ত-সন্যাসী হওয়াই প্রয়োজন। কিন্তু গুর্ব্বানুগত্যে কৃষ্ণসেবা না করিয়া যাহারা অসৎসঙ্গ করিবে, তাহাদের সর্ব্বনাশ হইবে। তাহারা কোনদিন ভগবান্কে জানিতে বা ভগবানের সেবা লাভ করিতে পারিবে না। এখানে সাধুবেশে মানুষকে ঠকাইতে পারা যায়। কিন্তু কর্ম্মফলদাতা সর্ব্বজ্ঞ ভগবান্ ত' আর তাহাদিগকে ছাড়িবেন না। যাঁহারা সাধু সাজিয়া অসৎসঙ্গে লিপ্ত আছেন,তাঁহারা নিজের পায়ে নিজেই কুঠারাঘাত করিতেছেন। ভগবানের উপর নির্ভর না করিয়া অপরের উপর নির্ভর করিলে কেবল দুঃখই হইবে

প্রঃ— এই জগৎ কি বদ্ধজীবের কারাগার ?

উঃ— যাঁহারা এ জগতে কোন জিনিষ চান না সেই নিষ্কিঞ্চন ভক্তগণ বিচার করেন— এ জগতে এমন কোন বস্তু নাই যাহা আমাদিগকে চিরকাল সুখ দিতে পারে; এজগতে নিত্যসুখদ কোন বস্তু নাই। এই পৃথিবীটা বন্ধজীবের কারাগার। আমরা কৃষ্ণবহিন্দুখ হইয়া এখানকার বন্দী হইয়া পড়িয়াছি। এজন্য আমাদের এত দুঃখ, এত কষ্ট ! আমরা মনরূপ জেলদারোগার হুকুমমত এই কষ্টগুলিকে সুখ বলিয়া মনে করিতেছি এবং যথেষ্ট কষ্টগু পাইতেছি। যে সকল মূর্খ মায়িক জগতের বিষয়ভোগের প্রতি ধাবিত হইতেছে, তাহারা মায়ার ফাঁদে entangled হইয়া যাইবে।

যাহারা গৃহব্রত, তাহারা মনে করে— 'আমাদের সেবক দরকার, আমরা গৃহব্রত হইয়া সুবিধা করিয়া লইব, আমরা নিজের ইন্দ্রিয় পরিচালনা দ্বারা সব বুঝিয়া লইব।' রাজনৈতিক, সাহিত্যিক,পণ্ডিত, ধনী, পরার্থী, দেশনেতা, বিদ্বান্, কর্ম্মী প্রভৃতি হইবার আকাজ্জা মায়ার প্রভু হইবার চেষ্টামাত্র। কিন্তু প্রহাদ মহারাজ বলেন—'ইন্দ্রিয়ণ্ডলিকে বাহিরের দিকে চালনা করিও না। তোমরা বহিরর্থমানী হইও না। আমরা দেহাত্মবাদী বা গৃহব্রত হইয়া জগতে প্রভু সাজিয়াছি, আমরা জগণকে ভোগনেত্রে দেখিতে গিয়া মনেকরি, 'আমার সেবক-সকলই আমার সেবার জন্য সাজান রহিয়াছে,

ক্ষিতি-অপ্-তেজ-মরুৎ-ব্যোম, চন্দ্র-সূর্য্য-গ্রহ-নক্ষত্র, পশু-পক্ষী-বৃক্ষ-লতা সকলই আমার ভোগের জন্য সাজান আছে। আমরা ভাবি—আমি জগতের ভোক্তা, জগতের সকলেই আমার সেবা করিবে। কিন্তু ভাবি না যে, এই জগৎ কাহার জন্য ? বস্তুতঃ জগৎটা জগদীশ্বরের সেবার উপকরণ। হরিভজন না করিলে জগতের একটী তৃণও গ্রহণ করিবার আমার অধিকার নাই।

প্রঃ — কৃষ্ণ কাহাকে আকর্ষণ করেন ?

উঃ — কৃষ্ণবম্ভটি ত্রিভুবনকে আকর্ষণ করেন। বাস্তব বম্ভই আকর্ষক। কৃষ্ণ কাহাকে আর্কষণ করেন ? চুম্বক লৌহকে আকর্ষণ করে, কান্ঠকে আকর্ষণ করে না,তদ্রপ সেব্য ভগবান্ সেবোনাখ ও সেবককেই আকর্ষণ করেন। সেবার মাধুর্যালোভে সেবোনাখ ও সেবকগণ আকৃষ্ট হন। মধ্যস্থলে বা মাঝপথে যদি সেবোনাখ ব্যক্তি অন্য বন্তুর দ্বারা আকৃষ্ট হয়, তবে মূল আকর্ষণ হইতে বঞ্চিত হইয়া থাকে। একদিকে বন্ধনমূলক সংসারের আকর্ষণ, অন্যদিকে মঙ্গলজনক কৃষ্ণের আকর্ষণ । এজগতে রূপ-রুস-গন্ধ-স্পর্শ-শব্দাদি আকর্ষক বম্ভগুলি আমার অতি নিকটে আছে। এজন্য দুর্বল আমি তাহাদের দারা আকৃষ্ট হইয়া যাই। এমতাবস্থায় সাধুগুকর নিকট অনবরত হরিকথা শুনিতে পারিলে আমরা নিকটস্থ শক্রর হাত হইতে নিষ্কৃতি পাইতে পারিব। আমরা কৃষ্ণপাদপদ্মে আকৃষ্ট না হইলে মায়া দারা আকৃষ্ট হইতেই হইবে। কৃষ্ণের নামরূপাদি আমাদিগকে আকৃষ্ট করিলে আমরা বর্তমানে ভোক্তারূপে কৃষ্ণের সজ্জায় যে বসিয়া আছি, সেই অসুবিধা হইতে ছুটি পাইতে পারি। কৃষ্ণের কথা যত আলোচনা হইবে ততই আমাদের ভোক্তাভিমান দূর হইবে, তখন কৃষ্ণ আমাদিগকে আকর্ষণ করিবেন।

প্রঃ—আমাদের সুবিধা বা মঙ্গল কি করিয়া হইবে ? উঃ—গৃহব্রত বা গৃহাসক্ত হইলে ভয়ানক অসুবিধা। কিন্তু যিনি অনুক্ষণ কৃষ্ণের সেবা করেন, সেই শ্রীগুরুদেবের আনুগত্য ও সেবা করিলে আমাদের আর কোন অসুবিধা থাকিবে না। ভগবস্তুক্তের অনুগমন ও অনুসরণ ব্যতীত মঙ্গলের অন্য রাস্তা নাই। মূলবস্তু ভগবানের সেবা অপেক্ষা ভগবৎপ্রেষ্ঠ গুরুদেবের সেবা অধিক মঙ্গলজনক গুরুসেবা শ্বারাই আমাদের অধিকতর সুবিধা হইবে। গুরুসেবা করিলে পভিত জীবের উদ্ধার হয়। যারা বাস্তবিক মঙ্গল চান, তারা অবশ্যই সাদরে গুরুবৈক্ষবের সেবা করিবেন। গুরুবৈক্ষব-সেবা কি? গুরুবৈক্ষবগণ কৃষ্ণসেবা ব্যতীত অন্য কিছু করেন না। গুরুবৈক্ষব সেবার অর্থ—তাঁহাদিগকে ভগবৎসেবায় সহায়তা করা—সাধুগুরুর আজ্ঞানির্বিচারে সানন্দে পালন করা। এজন্য সর্বাবস্থায় গুর্বানুগত্য প্রয়োজন গুরুবিশ্বই হয়। গুরুকে অস্থীকার বা অবজ্ঞা করিলে সর্ব্বনাশ হয়। 'আমি হরিসেবা করি'—এটা কেবল দান্তিকতা। দান্তিকতা পতনের প্রথম কারণ ও প্রধান কারণ। গুরুবৈক্ষবের ছিন্তু দেখিলে সর্ব্বনাশ অনিবার্য্য। গুরুসেবা ব্যতীত জীবের কিছুতেই সুবিধা বা মঙ্গল হইবে না।

নিজ সুখের জন্য ব্যস্ত হইলে অমঙ্গল হয়। ঐকান্তিক না হইলে কৃষ্ণসেবা হয় না। গুরুসেবা না করিলে ঐকান্তিক হওয়া যায় না। গুরুবৈক্ষবসেবা ব্যতীত মায়াবদ্ধ জীবের পরিত্রাণ লাভের অন্য কোন উপায় নাই।

थः—<u>भी</u>ताधातानी कि मृन छक ?

উঃ—হ্লাদিনীস্বরূপা পরাশক্তি শ্রীরাধিকাই সকল ভক্তের গুরু। এমন কি, শ্রীরাধা কৃষ্ণেরও গুরু—কৃষ্ণ তাঁহার শিষ্য হইয়া নটের কার্য্য শিক্ষা করেন।

বদ্ধভক্তগণ অর্থাৎ মধুররস ব্যতীত অন্যান্য রসের ভক্তগণ শ্রীনিত্যানন্দ প্রভুকে মূল গুরু বলিয়া জানেন। কিন্তু মধুররসের রসিকগণের মূল গুরু হ'লেন—শ্রীরাধিকা

প্রঃ—আমাদের ভগবদনুভূতি হচ্ছে না কেন ?

উঃ—ভগবৎসেবক জীব ভগবান্ ও তক্তের সঙ্গ ও সেবা অনুক্ষণ না কর্লে কি ক'রে ভগবদনুভূতি হ'বে ? আমরা সাংসারিক বা জাগতিক ব্যাপার নিয়ে ব্যস্ত থাক্লে জগদীশ্বরের সাড়া কি ক'রে পাব ? বর্ত্তমানে দুষ্ট আশার বশবর্ত্তী হ'য়ে আমাদের এমন একটা দুর্ক্বৃদ্ধি হ'য়েছে যে, এ জগতের সঙ্গে আমাদের ভারী কাজ প'ড়ে গ্যাছে। Original fountain Head হ'তে দুরে স'রে প'ড়ে আমাদের এরূপ অসম্বৃদ্ধি হ'য়েছে। চোরাবালির উপর পা দিলে যেমন পা ব'সে যায়, সেইরূপ treacherous soil-রূপ phenomena-র উপর নির্ভর ক'রে আমরা ডুবে যাচ্ছি। আমরা কৃষ্ণমুখী না হ'য়ে দুষ্টাশয়বিশিষ্ট হ'য়ে বহির্মুখ চেষ্টার দ্বারা সময় কাটাছিছ। বিষ্ণুমায়া আমাদিগকে ভোগী বা কর্মবীর ক'রে আবদ্ধ ক'রে দিছেছ। সুতরাং We should be cautious. We should require guidance at every step. আমরা খুব সাবধান হ'ব। আমাদের প্রতি পদবিক্ষেপে নিয়ামক অর্থাৎ গুরুপাদপদ্মের আনুগত্য বিশেষ প্রয়োজন।

ভগবৎসেবা অপেক্ষা ভক্তসেবা অধিক মঙ্গলপ্রদ । ভগবৎসঙ্গ অপেক্ষা ভক্তসঙ্গ দ্বারা জীবের বেশী উপকার হয়। ভগবানের স্থান অর্থাৎ গুরুগৃহ ভদ্ধভজনের অধিকতর অনুকৃপ । যথায় বৈষ্ণবগণ, সেই স্থান বৃদ্দবন—এসব কথাগুলি ভাল ক'রে বুঝা দরকার। তা'না করে আমরা যদি গুরুসেবায় উদাসীন হই' তাহ'লে সেবক হ'তে পার্লাম না, অহঙ্কারী হ'য়ে গেলাম—বহির্জগতের চিন্তাস্রোতেই আবদ্ধ থাক্লাম।

শীরাধাণোবিন্দের পাদপদ্মের সেবার কথা ব্যতীত আর বড় কথা
Theistic world-এ নাই । সুতরাং অধ্যাক্ষজ-সেবা-বিশ্বিত হ'য়ে যা'তে
আধক্ষিক হ'য়ে না পড়ি, তজ্জন্য সর্ব্বক্ষণ হরিকথা শ্রবণ করা দরকার।
হরিতজনের প্রতি আমাদের তীব্র দৃষ্টি রাখা আবশ্যক। কারণ অনেক জন্ম
কেটে গ্যাছে অন্যান্য কার্য্যে। এই জন্মেই যা'তে সর্ব্বশ্রেষ্ঠ প্রয়োজন
লাভ হয়, তদ্বিষয়ে সর্ব্বক্ষণ সতর্ক থাক্তে হ'বে। খুব সাবধান হ'য়ে

আদর ও প্রীতির সহিত সর্কাঞ্চণ গুরুকৃষ্ণের সেবা কর্লে ভগবদনুভূতি হ'বেই হ'বে।

প্রঃ—এ জগতে এতো দুঃখ আছে কেন ?

উঃ—তগবান্ বলেন—এত দুঃখ-কন্ট, এত আপদ্-বিপদ্ সাজিয়ে রেখেছি তোমাদিগকে দুঃখ দিবার জন্য নহে, পরম্ভ দুঃখটা অপ্রয়োজনীয়—ইহা শিক্ষা দিবার জন্য, নিত্য প্রার্থনীয় সুখ, নিত্য বরণীয় আনন্দ অনুসন্ধানের জন্য।

প্রঃ—গ্রাম্যকথা বলা ও গ্রাম্যকথা তনা কি ভক্তিহানিকর ও অমঙ্গলকর? উঃ—নি-চয়ই। শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন—'গ্রাম্য-কথা না শুনিবে, গ্রাম্যবার্ত্তা না কহিবে। ভাল না খাইবে, আর ভাল না পরিবে॥' যাঁহারা হরিভজনে শ্রদ্ধা-বিশিষ্ট ও রুচি-সম্পন্ন, তাঁহাদের জন্যই এই কথাগুলি বলা হয়েছে। ভাল খাওয়াতে নিজের বেশী ক্ষতি হয়, অপরের তাহাতে বিশেষ কিছু অসুবিধা অর্থাৎ হরিভজনে বাধা সৃষ্টি করা হয় না। কিন্তু ভাল পরাটা বেশী খারাপ। অপরের জন্যই লোক ভাল পরে। অপরের জন্য কেন? অপরের চক্ষুরিন্দ্রিয় ও মনকে হরিভজন হইতে ছুটি করানই ভাল পরার উদ্দেশ্য। জিহ্বার লালসা ভাল নয়। তাহাতে ভক্তিহানি হয়। জিহ্বার লালসে যেই ইতি উতি ধায়। শিশ্মোদর-পরায়ণ কৃষ্ণ নাহি পায়॥' ইহাও মহাপ্রভুর কথা। গ্রামাবার্ত্তা তনিলে ভাল খাওয়ার চেয়ে নিজের অমঙ্গল বেশী হয়, আর গ্রাম্যবার্ত্তা বলিলে ভাল পরার থেকেও অপরের বেশী অসুবিধা করা হয়। অসদ্বার্তা বা গ্রাম্যকথা বেশ্যা-সদৃশী। তদুরা জীবের চিত্ত কলুষিত ও বিক্ষিপ্ত হয় বলিয়া হরিভজনে খুব বাধা হয়। বাজে কথায় যা'দের ৰুচি বেশী, তা'দের হরিকথায় স্বাভাবিক রুচির অভাব জানিতে হইবে শ্রীল রঘুনাথ দাস গোস্বামী বলিয়াছেন—'অস্বার্ত্তা বেশ্য বিস্ক মতিসক্ষেহ্রণীঃ !

পাঁচটা লোক একসঙ্গে সমবেত হইলে বাজেকথা **হইবে। এজন্য** ভক্তগণ সতত হৰিকথা কীৰ্ত্তন করেন। হরিকথা হ**ইলে কেহই গ্রা**মাকথা বা বাজেকথা আলোচনার সুযোগ পায় না।

যাঁহারা হরিভজন করিতে চান, তাঁহারা গ্রাম্যকথা শুনিবেন না ও বিলবেন না এবং ভাল খাওয়া-পরার দিকেও দৃষ্টি দিবেন না। কারণ ভাল খাওয়া-পরার ইচ্ছা বা তাহাতে রুচি হরিভজন হইতে অবশ্যই দূরে সরাইয়া দিবে। ভাল ভাল খাওয়া-পরার ইচ্ছা ও তাহাতে রুচি হরিভজন হইতে তফাৎ করিয়া জীবকে বিপথগামী করিবে এবং তাহার ভজন হইতে ছুটি হইয়া যাইবে। এজন্য ভজনেচ্ছু ব্যক্তিমাত্রেরই এসব বিষয় হইতে সাবধান থাকা বিশেষ প্রয়োজন; নতুবা অমঙ্গল অনিবার্য্য।

প্রঃ—নিত্যকল্যাণ-লাভের উপায় কি ?

উঃ—ভগবদ্ধক্তের শুভাকাজ্জা এই যে, জীবগণ কেবল অমঙ্গলের মধ্যেই না থাকুক, তাহারা নিত্যকল্যাণ লাভ করুক। সেই নিত্যকল্যাণলাভের উপায়—কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুদেবের পাদপদ্মশ্রেয়। যাহার পাদপদ্ম আশ্রয় করিলে নন্দনন্দন কৃষ্ণের সেবালাভ হয়, শ্রীরূপাভিন্ন সেই শ্রীগুরুদেবের সেবা দৃঢ় বিশ্বাস ও প্রীতির সহিত করিতে হইবে এবং তাঁহার শ্রীমুখে হরিভজনের কথা শ্রবণ করিতে হইবে। শ্রীগুরুদেবের পদধূলি সম্বল হইলে ভুবনমোহন কৃষ্ণের মাধুর্য্যসেবা লাভ করিতে পারা যাইবে। এজন্য শ্রীগুরুদেবের পাদপদ্ম নিত্যভজনীয়। অপ্রাকৃত শ্রীগুরুপাদপদ্ম এজগতের বস্তু নহেন, অনিত্য বস্তু নহেন, রক্তমাংসের পিও মাত্র নহেন তিনি ভগবানের ন্যায়ই সচ্চিদানন্দ-বিগ্রহ। শ্রীগুরুপাদপদ্ম নরব্রহ্ম, নর নহেন। ভগবদ্ধক্তকে অর্থাৎ গুরু ও গৌরাঙ্গকে যাহারা জগতের অন্যতম বস্তু ব'লে মনে করে, তাহারা নিজের স্বার্থসিদ্ধির জন্য সেবার অভিনয় মাত্র করে। তাহা ওদ্ধসেবা নহে। তা'কে বাণিয়া-বৃত্তি বা পদ্মানাতি বলা হয়। জীব যে-কাল পর্য্যন্ত ভজনীয় বস্তু শ্রীগুরুপাদপদ্মের পূর্ণ আনুগত্য না করে, সে-কাল পর্য্যন্ত ভগবান্ তাহার দর্শনীয় হন না । যাহারা শ্রীগুরুপাদপদ্মের অপ্রাকৃতত্ত্ব,ঈশ্বরত্ব ও কৃষ্ণপ্রেষ্ঠত্ব অবগত নহে,তাহারা চিদ্রাজ্যে অর্থাৎ কৃষ্ণসেবা-রাজ্যে প্রবেশের সম্পূর্ণ অযোগ্য শ্রীগুরুদেবের কৃপা হ'লেই

আমরা অপ্রাকৃত-বন্ধর নিকট যাইতে পারিব—শ্রীটেতন্যদেবের শ্রীপাদপদ্ম আশ্রয় করিয়া চেতনময়—সেবা- শোভাময় দিব্যচক্ষ্ণর দ্বারা তাঁহার দর্শনলাভ করিতে পারিব—স্বয়ংরূপ শ্রীকৃষ্ণের শ্রীপাদপদ্মের নিকটে পৌছিবার সৌভাগ্য পাইয়া ধন্য ও কৃতার্থ হইব। প্রাকৃত রূপে আবদ্ধ থাকিলে শ্রীরূপাভিন্ন শ্রীগুরুপাদপদ্মের দর্শন লাভ হইবে না। ভজনীয়-বন্ত গুরু-কৃষ্ণের ভজন নিক্ষপটে করিলেই মঙ্গল হইবে, তখন আর ভোগপর দর্শন থাকিবে না। তাই আমাদের প্রার্থনা—

আদদানস্থৃণং দত্তৈরিদং যাচে পুনঃ পুনঃ। শ্রীমদ্তরুপদাস্ভোজধূলিঃ স্যাং জন্মজন্মনি॥

আমি দন্তে তৃণ ধারণ করিয়া পুনঃ পুনঃ এই প্রার্থনা করি যে—আমি অন্য কিছুই চাই না, আমি ধর্ম, অর্থ, কাম, মোক্ষ কিছুই চাই না, আমি কেবলমাত্র শ্রীগুরুদেবের পদধূলি হইতে ঢাই—শ্রীগুরুদেব যে প্রকারে ভগবানের সেবা সতত করেন, আমি তাঁহার আনুগত্যে সেইভাবেই ভগবানের সেবা করিতে চাই। কৃষ্ণ আমার, আমি কৃষ্ণের সেবা না করিলে কৃষ্ণের বড়ই কট্ট হইবে'—এইরপ ভাব পূর্ণরূপে বৃদ্ধি পাইলে তবেই আমাদের কৃষ্ণপ্রেম বা কৃষ্ণপ্রাপ্তি হইবে। শ্রীগুরুদেবের ম্বেহসেবা দ্বারাই এই সৌভাগ্য লাভ ঘটে।

প্রঃ—শ্রীগুরুপাদপরে শ্রন্ধাই কি ডক্তির মূল ?

উঃ—নিশ্যই। ভক্তি উদয়ের পূর্কে সমন্ধজ্ঞান একান্ত আবশ্যক।
শ্রীগুরুদেবই এই সমন্ধজ্ঞান-প্রদাতা। অপ্রাকৃত গুরুতে সুদৃঢ় শ্রন্ধাই ভক্তির
মূল। আদৌ শ্রন্ধা। 'বহু ধর্ম্ আছে'—এরপ অন্ধবিশ্বাস এবং যুক্তি-তর্ক
ছাভিয়া শ্রীগুরুপাদপদ্মের মঙ্গলময় উপদেশের প্রতি শ্রন্ধাই সর্কপ্রথমে
দরকার। শ্রন্ধা মানে কি ? শ্রন্ধা শব্দে full confidence in the words
of Sri Gurudeb. We have no reliance in the words of the
worldly persons except my Gurudeb. Because everyone is a pretender. এজন্য এজগতের সকল কথা পরিত্যাগ করিয়া

আমরা গুরুর কথায় সম্পূর্ণ বিশ্বাস স্থাপন করিব। নতুবা মঙ্গল হইবে না। শ্রীগুরুদেবের কৃপাতেই আমাদের সমস্ত অনর্থ দূর হইবে, আমাদের সকল আশা পূর্ণ হইবে, ভগবানের কৃপা ও দর্শন আমরা নিশ্চয়ই পা'ব।

সাধু-গুরুর নিকটে গেলে ও তাঁদের সঙ্গ কর্লে আমাদের সকল অসুবিধা দূর হ'বে, আমাদের শুদ্ধভক্তি লাভ হ'বে। এজন্য We should have implicit reliance in Sri Gurudeb in order to approach and serve the Absolute Person.Guru will give me the highest good. if perchance we meet a real Guru, then we must be saved and must be able to reach our goal. Guru will always supply and enrich us with transcendental knowledge and service.

আমি গুরুকে regulate করিব—ইহা নান্তিকের বিচার,ইহাই গুর্ববজ্ঞা। ইহা সর্ব্বদা পরিত্যাজ্য। জগতের কোন লোকের কথা আমি শুন্ব না, কিন্তু আমাকে উদ্ধার করিবার জন্য যিনি বৈকুষ্ঠ হইতে অবতরণ করিয়াছেন, সেই গুরুদদেবের কথাই গুনিব। অণুচৈতন্য আমরা শ্রীগুরুদদেবের কৃপায় বিভূচৈতন্যের নিকট যাইব, আমরা অপরের সঙ্গ পরিত্যাগ করিয়া আমাদের নিত্য প্রভূর নিকট যাইব। যদিও শ্রীগুরুপাদপদ্ম নিজেকে ভগবানের নগণ্য সেবক বলেন, তথাপি আমি গুরুকেই ভগবানের নিকট যাইবার একমাত্র উপায় ও নিত্যবান্ধব বলিয়া জানিব, গুরুকে ভগবান্ ও ভগবৎ-প্রিয়তম জানিয়া তচ্চরণে সর্ব্বন্থ সমর্পণ করিব। আমাদের যাবতীয় চেষ্টা নিপ্তমার্থভাবে গুরুদেবের সেবাতেই নিযুক্ত করিব। তাহা হইলেই আমাদের সর্ব্বার্থসিদ্ধি হইবে।

প্রঃ সুখী হইবার উপায় কি ?

উঃ— শ্রীগুরুপাদপদ্মান্তিকে অবস্থিত হইলে অভয়, অশোক ও প্রকৃত সুখী হওয়া যায়। সেবার দ্বারা তাঁহার সান্নিধ্য লাভ হয়। কায়মনোবাক্যে সর্বাক্ষণ গুরুসেবায় নিযুক্ত থাকিলে অতি শীঘ্র গুরুকুপা হয়। গুরু প্রসন্ন হইলে গুরুসেবা-প্রবৃত্তি উত্তরোত্তর বৃদ্ধি পায়। ইহাই সর্ব্রাপেক্ষা অধিক মঙ্গল ও একমাত্র লাভ।

প্রঃ—ভক্তি জিনিষটি কি ?

উঃ—ভগবৎসুখানুসন্ধানই ভক্তি। ভক্তি কৃষ্ণসুখতাৎপর্য্যময়ী, ন তু স্বসুখময়ী। ভক্তি আত্মার স্বাভাবিকী নিত্যা বৃত্তি— ইহাই জীবের স্বরূপের একমাত্র নিত্য ও স্বাভাবিক ধর্মা। আত্মস্বরূপে অন্য কোন ধর্মা নাই। ইতরবৃত্তিসমূহ আত্মার ধর্মা নহে, জীবের স্বরূপের ধর্মা নহে, ঐগুলি বিরূপের ধর্মা, এজন্য তাহা পরিনর্ত্তনশীল ও অনিত্য। এই ভক্তি শোক-মোহ-ভয়াপহা। দ্বিতীয়-অভিনিবেশ হ'তেই ভয়, শোক, মোহ প্রভৃতি উৎপন্ন হয়। কৃষ্ণ ও কার্ম্ব ভিন্ন অন্য প্রতীতিই দ্বিতীয়াভিনিবেশ। ভক্তি একাভিনিবেশময়ী, ভগবিন্নষ্ঠাময়ী,কৃষ্ণাভিনিবেশময়ী।

প্রঃ-ভগবান্ কি জীবের স্বতন্ত্রতায় বাধা দেন ?

উঃ—জীব বিভুটেতন্য পরমেশ্বরের অণু-অংশ। সমুদ্রে যে জলধর্মা আছে, বিন্দুতেও সেই জলধর্মা অণুপরিমানে আছে। বিভুটেতন্য ভগবান্ পরমেশ্বতন্ত্র, অণুচিৎ জীবেও তদনুপাতে শ্বতন্ত্রতা রয়েছে। জীব সৃষ্টবন্ত নহে, জীব নিত্য বস্তু। জীব জড় বস্তু নহে, জীব চেতন বস্তু। জীবের শ্বতন্ত্রতা কাহারও প্রদন্ত নহে। চেতন জীবের সত্তাতেই শ্বতন্ত্রতা শ্বাভাবিকভাবেই আছে। জীব শ্বতন্ত্রতার অপব্যবহার ক'রেই কষ্ট পাচ্ছে। ভগবান্ কাহারও শ্বতন্ত্রতায় বাধা দেন না। তিনি চেতনধর্ম্মের হন্তারক নহেন। ভগবান্ দয়ার সাগর। তাই তিনি চেতন জীবকে চেতনবৃত্তির সদ্ব্যবহার ও অসদ্ব্যবহারের কথাগুলি জানিয়ে দেন মাত্র। যিনি সেই সব ভগবদুপদেশ বা শাস্ত্রোপদেশ শ্রমণ ক'রে ভগবন্তুজন করেন—শ্বতন্ত্রতার সদব্যবহার করেন, তারই মঞ্চল হয়।

প্রঃ—মায়া জিনিষটি কি ?

উঃ—মীয়তে অন্য হতি মায়া যাকে **ষেপে নেও**য়া যায়, তা**হাই মা**য়া !

মা—যা=মায়া। নহে যাহা, তাহাই মায়া। নশ্বর, অনিত্য বস্তুমাত্রেই মায়া। ভগবান্ নহে যাহা, তাহাই মায়া। ভগবান্ মায়াধীশ, তাঁকে মাপা যায় না। খৃষ্টানদের মতে যেমন Godhead একটি আলাদা, Satan একটি আলাদা, শ্রীমদ্ভাগবতের কথিত মায়া সেরূপ নহে। ভাগবত School -এর মতে মায়া পূর্ণপুরুষ ভগবানে condemned state-এ (অপাশ্রিতভাবে) আছে কৃষ্ণবহির্দ্ম্থ জীবের প্রতি দন্ডবিধান ক'রে সংশোধন কর্বার জন্যে।

প্রঃ—আরোহবাদ কি একেবারে ছাড়া যায় ?

উঃ—যত দিন আমাদের নিজের শক্তির উপর—নিজের আত্মন্তরিতার উপর—নিজের অভিজ্ঞতার উপর নির্ভর কর্বার বুদ্ধি থাকে, ততদিন মানুষ ভগবচ্চরণে শরণাপনু হ'তে পারে না। প্রপত্তি বা শরণাগতি-বুদ্ধি না আসা পর্যান্ত আমরা আরোহবাদকে বহুমানন ক'রে থাকি : যখন নিজের ধার করা শক্তির ক্ষুদ্রতা—নিজের আত্রম্ভরিতার অকিঞ্চিৎকরতা—নিজের চেষ্টার ব্যর্থতা বুঝ্তে পারি, তখনই আমরা শরণাগত হ'য়ে অবরোহবাদ স্বীকার করি। শ্রীমন্ত্রাগবতে গজেন্দ্রের উপাখ্যান আছে। ঐ গজেন্দ্র পূর্কের মদমত্ত হ'য়ে সরোবরে হস্তিনীগনের সঙ্গে যখন ক্রীড়াতে উন্মন্ত হ'য়েছিল, তখন সকল জলচর জীবের জীবনসঙ্কট উপস্থিত হ'য়েছিল। তা'র ভয়ে অন্যান্য প্রাণীর তিষ্ঠানো দায় হ'য়েছিল। কিন্তু কিছুক্ষণ পরেই দৈবাৎ একটা মহাবলবান্ কুম্ভীর এসে ঐ মদমত্ত গজেন্দ্রের পা আঁকড়ে ধর্লে। হাতীতে ও কুমীরে তুমুল युक्त र'ला, এমন युक्त र'তে थाक्ला (य, এक राङ्गत वছत (करि) (गल, তথাপি যুদ্ধ শেষ হয় না, দু'জনেই দু'জনের শক্তির বাহাদুরী দেখাতে नाग्ला। এদিকে গজেন্দ্রের বল ক্রমশঃই কমে আস্তে থাক্লো, বল-হ্রাসের সঙ্গে সঙ্গে মদমন্ততা, নিজশক্তির বড়াই, বাহাদুরী সবই ক্যে যেতে লাগ্ল। গজেন্দ্র কুদ্ভিরের গ্রাসে পড়ে আর কোন উপায় না দেখতে পেয়ে একমাত্র ভগবানের চরণে শরণ গ্রহণ করাই সবচেয়ে মঙ্গল স্থির

ক'রল। যতক্ষণ জীব ঐ মদমত্ত গজের ন্যায় নিজের ক্ষুদ্র অহমিকাকে বড় মনে করে, ততদিন পর্য্যন্ত সে আরোহবাদকে বছমানন করে, আর যখন তা'র চিত্তে ভগবদাশ্রয়ত্বের মহিমা উদিত হয়, তখন প্রপত্তি বা অবরোহবাদে তা'র চিত্ত ধাবিত হয়। সাধুগণ প্রপত্তির কথাই ব'লে থাকেন। তাঁরা আরোহবাদের উপদেশ দেন না। যিনি যত বড় হউন না কেন, আরোহবাদকে মঙ্গলের পথ মনে ক'রলে তাঁর পতন অবশ্যম্ভাবী ক্ষাই সর্ব্বাশ্রয়। অন্যাশ্রয়বুদ্ধি কখনও আমাদিগকে রক্ষা করতে পারে না।

প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্মাণি সর্ব্বশঃ। অহঙ্কার-বিমৃঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে॥ (গীতা)

অহঙ্কারবিমৃঢ়াত্মাগণেরই কর্মকাণ্ডীয় বৃদ্ধি, তাঁরা অভ্যুদয়বাদী—
তাঁরাই আরোহবাদী, আর মোক্ষবাদী জ্ঞানী-যোগিগণ নিজের চেষ্টায় উঁচু
হ'তে চান। 'জ্ঞানী জীবন্মুক্তদশা পাইনু করি' মানে।' জ্ঞানী ব্রহ্ম হ'তে
চান। ক্ষুদ্রের বড় হবার পিপাসার নামই —আরোহবাদ। যোগী পু'চার-পাঁচ হাত উঁচু হতে চান—বিভৃতি বা কৈবল্য লাভ ক'রতে চান, এ সকলই
আরোহচেষ্টা।

আমরা যে যেখানে আছি. সেখান থেকে আরোহবানী জ্ঞানী হওয়ার যত্ন না ক'রে— আরোহবাদী কন্মী ও যোগী হওয়ার দুর্কৃদ্ধি না ক'রে—বৃত্তৃক্ষা বা মুমুক্ষা-দ্বারা তাড়িত না হ'য়ে যদি কায়মনোবাক্যে প্রপন্ন হ'য়ে সাধুর কথা শ্রবণ করি, তা হ'লেই অজিত ভগবান আমাদের কাছে জিত হ'বেন। যে যতটা পণ্ডিত আছি বা মূর্য আছি — যে যেখানে আছি. সেখানে থাকাকালেই সাধুদিগের শ্রীমুখ হ'তে অবতীর্ণ বৈকৃষ্ঠবার্ত্তা শ্রবণ করা কর্ত্রব্য। বর্ত্তমানে আমরা পরিচ্ছিন্ন ভূমিকায় অর্থাৎ কৃষ্ঠরাজ্যে বাস ক'রছি। আমরা যদি এখানে আমাদের mental speculation নিয়ে শাস্ত্র বিচার ক'রতে আরম্ভ করি, তা'হলে আমরা বিশ্বিত হ'ব।

বুজুক্ষা ও মুমুক্ষার দ্বারা তাড়িত হ'য়ে শাস্ত্র আলোচনা করা মানে—শাস্ত্রকে আমাদের অধীন ক'রে ফেল্তে চাওয়া, কিন্তু শাস্ত্র সাক্ষাৎ কৃষ্ণ্য—কৃষ্ণের অবতার। তিনি বল্ছেন—

তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া। উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ॥ (গীতা)

প্রত্ব হওয়ার জন্য যে চেষ্টা, সেটা কর্মকাও। প্রভুত্বমদমত হ'য়ে যে উপদেশ লাভ কর্বার অভিনয় করি, তাতে আমরা বঞ্চিত হই, শাস্ত্র আমাদের কাছে প্রকাশিত হন না। শাস্ত্র শরণাগতের কাছেই প্রকাশিত হন।

শ্রহতি বলেন---

যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ॥
ভগবানের ন্যায় যাঁহার গুরুদেবেও অচলা ভক্তি আছে, তাঁর কাছেই শ্রুতির
মর্ম্মার্থ প্রকাশ পেয়ে থাকে।

শ্রীমন্মহাপ্রভুর উপদেশ—
তৃণাদপি সুনীচেন তরোরিব সহিষ্ণুনা।
তমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ॥ (চৈঃ চৈঃ)
যে সময় তৃণাদপি সুনীচ থাকা যাবে, সেই সময় হরিকীর্ত্তন হবে,
একটুকু উঁচু হতে চাইলেই কীর্ত্তন হ'তে ছুটি পেতে হবে।

প্রঃ—জীবের চালক কে ?

উঃ—বিষ্ণুই সর্ব্বজীবের নিয়ামক ও ঈশ্বর। জীবসকল যে যে কর্ম্ম ক'রে থাকে, ঈশ্বর তদনুরূপ ফলদান করেন। পূর্ব্বকর্মানুসারে জীবের প্রবৃত্তি ঈশবের প্রেরণার দ্বারা কার্যা কর্তে থাকে। জীব হেতুকর্ত্তা বা প্রযোজ্যকর্তা। জীব নিজ কর্ম্মের কর্তা হ'য়ে যে ফল-ভোগের অধিকারী এবং যে ভাবী কর্ম্মের উপযোগী হ'ছে, সে

সকল ফলভোগে ও কার্য্য-করণে প্রযোজক-কর্ত্তরূপে ঈশ্বরের কর্তৃত্ব রয়েছে। ঈশ্বর ফলদাতা আর জীব ফল- ভোক্তা।

শরণাগত ভক্তগণকে ভগবান্ স্বয়ংই চালিত করেন। বহিন্দু্র্য জীবগণ মায়াশক্তি দ্বারা চালিত হয়।

প্রঃ—আরোহবাদ কাহাকে বলে ?

উঃ—আরোহবাদ বল্তে রাবণের স্বর্গের সিঁড়ি বাঁধ্বার নীতি সেরূপ uphill work is the most puzzling task. শ্রীমন্ত্রগবত এরূপ uphill work বা রাবণের 'স্বর্গের সিঁড়ি বাঁধা' নীতি পরিত্যাগ কর্তে ব'লেছেন।

একটা হ'ছে লন্ঠন যোগাড় ক'রে গায়ের জোরে রাত্রে সূর্য্য দেখতে যাবার চেষ্টা, আর একটা হচ্ছে অরূণোদয়ের সাধনা বা অপেক্ষা ক'রে সূর্য্য-রশ্মিতে সূর্য্য দেখা প্রেয়ঃকামী হ'লেই আমাদিগকে আরোহবাদী হ'তে হ'বে—জ্ঞানের প্রয়াস, যোগের প্রয়াস, কর্মের প্রয়াস ক'রতে হ'বে। আরোহবাদ-চেষ্টাটা সর্ব্বদাই অসম্পূর্ণ থাক্বে। বিশ বছরের সভ্যতা বা অভিজ্ঞতা একশো বছরের সভ্যতা বা অভিজ্ঞতার কাছে আরও অসম্পূর্ণ ও ভুল- দ্রান্তিপূর্ণ ব'লে প্রমাণিত হবে; হাজার বছরের সভ্যতা, অভিজ্ঞতার কাছে দু'শো বছরের সভ্যতা, অভিজ্ঞতা একেবারে বাতিল হ'তে পারে। কাজেই আরোহবাদের রান্তা বুদ্ধিমান্ ব্যক্তি অনুসরণ করেন না। তা'রা অবরোহ-পন্থী।

প্রঃ— কৃষ্ণ ও বিষ্ণুতে কি পার্থকা ?

উঃ—কৃষ্ণ ও বিষ্ণু তত্ত্তঃ একই বস্তু। উভয়েই ভগবন্তত্ত্ব, পূর্ণতত্ত্ব, শক্তিমান্ তত্ত্ব। মাধুর্য্য-বিগ্রহ কৃষ্ণই ঐশ্বর্য্য-মূর্ত্তিতে বিষ্ণু বা নারায়ণ। কৃষ্ণ দিভুজ, মুরলীধর: আর বিষ্ণু চতুর্ভুজ, শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী। বিষ্ণুতে ৬০টি গুণ পূর্ণমাত্রায় আছে আর কৃষ্ণে ৬৪টি গুণ পরিপূর্ণ মাত্রায় বিরাজিত। কৃষ্ণ লক্ষীর মন হরণ করিতে পারেন, কিন্তু নারায়ণ কৃষ্ণকান্তা ব্রজগোপীগণের মন হরণ করিতে পারেন না। শান্ত, দাস্য ও

সখ্যদ্ধি (গৌরব-সখ্য) এই ২॥° প্রকার রসে বিষ্ণুর সেবা হয়; কিন্তু কৃষ্ণের সেবা শান্ত, দাস্য, বিশ্রন্তসখ্য, বাৎসল্য ও মধুর রস—এই পঞ্চরসে সর্ব্বতোভাবে প্রগাঢ় প্রীতির সহিত নিজ পতি, পুত্র প্রভৃতি জ্ঞানে হইয়া থাকে।

শ্রীকৃষ্ণ স্বয়ংরপ মূল-দীপস্বরূপ, তাঁহা হইতেই অসংখ্য বিষ্ণুতত্ত্বরূপ দীপ প্রজ্বলিত বা প্রকাশিত হইয়াছে।

কৃষ্ণ মাধুর্য্যবিগ্রহ আর বিষ্ণু ঐশ্বর্য্যবিগ্রহ। কৃষ্ণ পরমেশ্বর হইয়াও নিজেকে ঈশ্বর মনে করেন না পরম্ভ নিজেকে নন্দের পুত্র, রাধার নাথ প্রভৃতি বলিয়াই জানেন: কিন্তু বিষ্ণু ঈশ্বর-অভিমানী। বিধিমার্গে বিষ্ণু-সেবা আর রাগমার্গে কৃষ্ণ-সেবা হ'য়ে থাকে। বিষ্ণুসেবায় সম্ভমবুদ্ধি থাকায় সম্ভোচ-ভাব আছে: কিন্তু ব্রজবাসী ভক্তগণের কৃষ্ণসেবায় কোন সম্ভোচ নাই।

প্রঃ— বৈষ্ণব কে ?

উঃ— গুরুর সেবকগণ বৈষ্ণব। সদ্গুরুচরণাশ্রিত দীক্ষিত ভক্তগণই বৈষ্ণব। গুরুভক্তির তারতম্য অনুসারেই কৃষ্ণভক্তির তারতম্য বা বৈষ্ণবতা। গুরুত্যাগী বা গুরুদ্বেষী ব্যক্তি বৈষ্ণব নহে: সে অবৈষ্ণব, পাষভী ও নারকী। গুরুদ্রোহী ব্যক্তি জগদীশ্বরের বিদ্বেষী, সমগ্র জগতের বিদ্বেষী। গুরুনিষ্ঠ নিদ্ধাম ভক্তই গুদ্ধভক্ত। তাই বলি—

কনক-কামিনী প্রতিষ্ঠা-বাঘিনী ছাড়িয়াছে যারে সেই ত' বৈষ্ণব। সে-ই অনাসক্ত সে-ই শুদ্ধতক্ত

সংসার তথায় পায় পরাভব ॥

প্রঃ— ভগবৎসেবা ব্যতীত কি কল্যাণ হয় না ?
উঃ— না । কৃষ্ণবিমুখ হ'য়ে জীব পরমাত্ম-বিচার নিয়ে যোগমার্গে.
আবার কেহ বা ব্রহ্মবিচার কর্তে কর্তে নির্বিশেষ জ্ঞানমার্গে ধাবিত
হ'ছে। এতে মঙ্গল হয় না । কিন্তু ভগবৎ-সেবা সাক্ষাৎ ভগবান্কে

প্রদান করে: ভগবৎসেবা ব্যতীত আত্মার কল্যাণ হ'তে পারে না !
ভগবান সানিধা-লাভের বস্তু মাত্র নন, পরস্তু নিত্যসেব্য বস্তু । ভগবৎকথাশ্রবণে রুচির অভাবের পরিচায়ক— অন্যকথা আলোচনা । ভগবৎ-কথার
আলোচনা সাক্ষাৎ সেই রুচি প্রদান করে , মরণের পূর্ব্বে জীবন্যুক্ত অবস্থা
লাভ না কর্লে জন্মান্তর করিয়ে দেবে । এই সব অসুবিধার হাত হ'তে
পরিত্রাণ পাবার ইচ্ছাও হয় না, অসৎসঙ্গে থাক্লে— হরিকথা-বিমুখ
থাকলে , যদি কারো বা হয় তা'ও আত্মসুখেচ্ছা থেকে হয় । ভগবৎসেবা আত্মসুখেচ্ছা নয়— আত্ম-সুখানুসন্ধান নয়: আত্ম-সুখানুসন্ধিৎসা
জিনিষটি অপস্বার্থপরতা মাত্র : বৃভুক্ষু ও মুমুক্ষু উভয়েই আ ক্রসুখান্বেষী
এজন্য ভোগী ও তাগী (মুমুক্ষু) সম্প্রদায়কে ভগবান সাহায্য করেন না,
বিমুখনোহিনী মায়াশক্তি ভাহাদিগকে সাহায্য করে । আর মিনি সর্ক্তোভাবে
ভগবানে প্রপন্ন এবং ভগবৎ-সুখান্বেষী, মায়াধীশ ভগবান তাঁকেই স্বয়ং
সাহায্য করেন

গুরুদেবতাত্মা হ'য়ে নিম্নপটে সেবা কর্তে কর্তে আমাদের মুক্ত হ'তে ২'বে। তবেই শুদ্ধসেবা লাভ হ'বে, কারণ মুক্ত না হ'লে সুষ্ঠ সেবা হয় না।

গ্রবানুগড়ো আমাদিগকে সব সময় হরিনাম কর্তে হ'বে। নামডজনই কৃষ্ণভজন— এ কথাটা সতত মনে রাখ্তে হ'বে। শ্রীনাম-সেবাদারাই সর্বার্থসিদ্ধি হ'বে— সর্ব্বোচ্চ ভজনরাজ্যের কথা একমাত্র শ্রীনামসেবা-দারাই লাভ হবে।

গ্রন্থ গুরুনিষ্ঠ না হ'লে কি হরিভজন হবে না ?

উঃ— গুরুদেবতাত্মা না হ'লে কৃষ্ণভজন হ'বে না । দেখুন, গুরু জীব
নন্ গুরু ঈশ্বর, তাই গুরুকে দেবতা বলা হ'য়েছে আর গুরু হলেন
আত্যা অর্থাৎ প্রীতির পাত্র বা প্রিয়। যিনি ওরুকে ঈশ্বর ও প্রিয় ব'লে
জানেন তিনিই গুরুদেবতাত্মা। এই গুরুদেবতাত্মা গুরুভতুই ওরুর কৃপা
পান কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুদেব গুরুনিষ্ঠ ভাজের প্রতি প্রসন্ন থাকেন ব'লে

গুরুর প্রাণবন্ধু কৃষ্ণও সেই গুরুদেবতাত্মা ভক্তের প্রতি প্রসন্ন হন।

হরি-গুরু-বৈষ্ণব— এই তিনটি কিরপে সাজান আছে দেখুন। ওরু
মাঝখানে বসে আছেন ভগবান্ ও বৈষ্ণবকে ক্রোড়ীভূত ক'রে। আপনারা
গুরুকে দৃঢ়ভাবে ধরুন, তা'হলেই ভগবান্ ও ভক্ত সকলেরই কৃপা পারেন।
গুরু প্রসনু থাক্লেই শ্রীহরি ও বৈষ্ণবগণ প্রসনু থাক্রেন। কিন্তু আপনারা
যদি গুরুদেবতাত্মা না হ'তে পারেন, গুরুকে জীবন না কর্তে পারেন,
তা'হলে সব গওগোল হ'য়ে যাবে, আপনারা ভক্ত ও ভগবান্ কারও কৃপা
লাভ কর্তে পার্বেন না, অবশেষে ভগবং-সেবা হ'তে বিষ্ণিতই হ'বেন।

এসব কথা শুনে কোন ভক্ত দুঃখ ক'রে বল্লেন, প্রভাে, আপনি
ত' কৃপা ক'রে গুরুর মাহাত্যা ও গুরুদেবতাত্মা হ'বার কথা প্রচুর ব'লেছেন কিন্তু দুর্ভাগ্য আমাদের, আমরা তা' গ্রহণ কর্তে পারলাম কৈ ? তদুন্তরে প্রভূপাদ দুঃখিতান্তঃকরণে বললেন— আমারই কপাল মন্দ ! আমি ত'
অনেক কথাই বল্লাম কিন্তু লোক আমার কথা শুন্লা কৈ ?

श्रः — डाङ्व शार्थना कित्रभ. राव ?

উঃ— ভক্তের প্রার্থনা— হে রাধার্মণ, আমাকে রক্ষা কর। আমি যেন সমাবর্ত্তন ক'রে নিজের সর্ক্রনাশ না করি। যাঁরা সংসারে প্রবেশ ক'রেছেন তাঁদের প্রার্থনা হবে— হে ভগবান্! আমি যেন সংসারে অত্যাসক্ত না হ'য়ে পড়ি, আমার সংসার বাসনা যেন ক্ষয় হয়। তোমার সেবার দিকে যেন নিরম্ভর আমার দৃষ্টি থাকে। আমাকে রক্ষা কর।

প্রঃ— মঙ্গলের পথ কি ?

উঃ— জড় জগতের যে সকল রাস্তা তা'র একটিও মঙ্গলের পথ নয়—ভগবৎসেবার রাস্তা নয়। আমি ভক্ত অপেক্ষা বেশী বুঝি, এরূপ বিচার কেবল নরকের রাস্তা । ঐসব পথে অনুগমন অমঙ্গলকর । ভগবদ্ভক্তের অনুগমন বা আনুগতাই মঙ্গলের পথ।

আমাদের যত অসুবিধাই থাকুক, আমরা যেন ভগবদ্ধক্তের অনুগমন কর্তে পারি। স্বীয় অযোগ্যভার উপলব্ধিরূপ দৈন্যই ইহার মূল। আমি অযোগ্য— এই বিচার যদি আসে, তবেই আমরা ভগবস্তুক্তের পাদপদ্মের শোভা লক্ষ্য কর্তে পার্বো। সাধারণ মনুষ্যজাতির যে কথা, তাতে ইন্দ্রিয়তর্পণ কি প্রকারে সাধিত হ'বে তার বিচারই প্রবল। তাকে যদি ধর্ম্মপথ ব'লে বিচার করি তা'হলে আর প্রকৃত ধার্ম্মিক হওয়া হ'লো না। ভক্ত-সেবাই সর্ব্বাপেক্ষা অধিক মঙ্গলপ্রদ।

প্রঃ—স্বতন্ত্রতা কি পরিত্যাজ্য ?

উঃ— নিশ্চয়ই। স্বতন্ত্র ত' দান্তিক, অনুগতই দীন। ভক্তি আশ্রয় ক'রে যদি দান্তিক হই— তথু ভগবানের পূজা ক'রে ভক্তের পূজায় অনাদর প্রদর্শন করি, তা'হলে ভক্তের চরণে অপরাধবশতঃ নানাপ্রকার অসুবিধা হবে— ভগবৎ-দেবায় বিভৃষ্ণা এসে অমঙ্গল বরণ কর্তে হ'বে।

মনুষ্যজীবন ত' অমঙ্গল সঞ্চয়ের জন্য নয় পরম্ভ পরমমঙ্গলের জন্য—ইহা ভুলিয়া যাই কেন ? আমি সর্ব্বাপেক্ষা অপদার্থ, সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র, অধম, ইহা ভুল হয় কেন ? মায়ার প্রলোভনে প্রলুক্ক হ'য়ে ভোগী হ'বার—বড় হ'বার—কর্ত্তা হ'বার বিচার নিতান্ত ক্ষুদ্র ও অপ্রয়োজনীয়। যদি বড় হ'বার প্রবৃত্তি কমাবার ইচ্ছা থাকে, তবে যাঁরা 'বড়'য় সেবক, সেই দীন ভগবন্তক্তের সঙ্গ কর্তে হবে, তাদের বিচার গ্রহণ কর্তে হ'বে।

প্রঃ—প্রকৃত স্বাধীনতা জিনিষটা কি ?

উঃ—এ জগতের প্রভু হ'বার চেন্টাই অভক্তি। এখানে প্রভুত্ব বা স্বাধীনতা-কামনা ভৃত্যত্ব বা অধীনতা-কামনা ছাড়া আর কিছু নহে। এ জগতের স্বাধীনতা অধীনতারই প্রচহনুরূপ। কিন্তু সচিচদানন্দবিশ্রহ পরমেশ্বরের অধীনতা বা ভৃত্যত্ব-কামনাতেই পূর্ণতম স্বাধীনতা লাভ হয়। জীব যে-কাল পর্য্যন্ত ভগবানের অনুগ্রহ-রজ্জু ধরিয়া থাকেন, সেকাল পর্যন্ত তাঁর নাম হয় 'সেবক'। যারা মনে করেন, আমরা জুড়জগতের স্বাবলম্বী, নিরপেক্ষ, তাঁরাই বন্ততঃ পরাপেক্ষায়ুক্ত। আর পরমেশ্বরের অধীন ব্যক্তিগণই প্রকৃত স্বাধীন।

বাস্তবিক স্বাধীনতা লাভ হ'লে 'আমরা শ্রীহরির নিত্য অধীন'— এই বিচার এসে উপস্থিত হয়। যে বস্তুর পূর্ণতা আছে তাহাই পরাবস্ত । সেই পরাংপর বস্তু শ্রীহরির অধীনতা বা দাস্যই প্রকৃত স্বাধীনতা—সুখকরী স্বাধীনতা। এতদ্বাতীত কর্ত্তা-অভিমানে বা প্রভ্-অভিমানে যে স্বাধীনতার অভিনয়, তাহা মহাদুখঃকর এবং মায়ার অধীনতা বা মায়ার দাস্য ব্যতীত আর কিছুই নহে।

প্রঃ—ভগবান্কে সম্পূর্ণ বিশ্বাস করিতে না পারাই কি অমঙ্গলের কারণ ? উঃ— যেখানে মঙ্গলময়ের প্রতি সম্পূর্ণ বিশ্বাস বা আস্থা নাই, সেখানে অমঙ্গল ত' হবেই। এইজনাই আরোহপত্মা বা অশ্রৌতপত্মা সর্ব্বতোভাবে পরিত্যাগ করিয়া অবরোহপথ বা শ্রৌতপত্মাই গ্রহণীয়। যদি আমরা মঙ্গল চাই, তবে আমাদের এতাবৎকালের সঞ্চিত যাবতীয় বিষয় তাঁহার শ্রীপাদপদ্মে হেতু-রহিতভাবে—নিদ্ধামভাবে সমর্পণ করিতে হইবে এবং চাহিয়া থাকিতে হইবে তাঁহার অহৈতুকী কৃপার দিকে। তাঁহার প্রসাদলেশ দ্বারা অনুগৃহীত না হওয়া পর্য্যন্ত তাঁহার কথা কিছুতেই জানিতে পারা যাইবে না। তাঁহার মঙ্গলদাতৃত্বে পরিপূর্ণ বিশ্বাস না থাকিলে আবার আমরা আমাদের সংগৃহীত বিষয়সমূহ নিঃশঙ্কচিত্তে ছাড়িয়া দিতেও পারিব না। আমরা যদি দুর্ভাগ্যক্রমে এই শ্রমে পতিত হই যে, আমার যাহা আছে তাহা ছাড়িয়া দিয়া শেষে কি বিপদে পতিত হইব ? যদি তাঁহার আমাকে দিবার কিছুই না থাকে তবে কি আমার একুল ওক্ল দুকুল যাইবে ? — এই প্রকার সন্দেহ সম্পূর্ণ ভিত্তিহীন। এই প্রকার সন্দেহ জাগিলে জীবের সমূহ অমঙ্গল উপস্থিত হইবে।

ভগবান্ কখনও শরণাগত ভক্তকে অপূর্ণমনোরথ করিয়া প্রত্যাখ্যান করেন না। আমাদের যাবতীয় অভাব পূরণের—আমাদিগকে সর্ব্বতোভাবে আশ্রুদানের ক্ষমতা একমাত্র ভগবানেরই আছে, এতদ্ব্যতীত অপর কাহারও নাই— এই বিশ্বাস দৃঢ় হইলেই জীব নির্ভয়, নিশ্চিন্ত ও সুখী হইতে পারে। ভগবানের অমন্দেদেয় দয়ায় জীবের যে কি মহামঙ্গল হয়, তাহা ভাষায় প্রকাশ করা যায় না। ভাঁহার কৃপা হইলে অনুক্ষণ সেবা করিয়াও সেবার আশা মিটে না, আমি কিছুই করিতে পারিলাম না, ভাঁহাতে আমার বিন্দুমান্র প্রীতি হুইল না— এই প্রকার একটি অমূল্য অপ্রাকৃত অভাব বা অতৃপ্তি নামক সম্পদ লাভ হয়। তথন ভাঁহার নাম-রূপ-গুণ-লীলাদির অনুশীলন একঘেয়ে, ভবিষ্যৎ নৈরাশ্যরূপ অন্ধকারময়, ভাঁহার কাছে আসিয়া ঠিকয়াই গেলাম— ইত্যাকার অনুশোচনার কারণ থাকে না।

কৃতজ্ঞ, সমর্থ, মহাবদান্য প্রভু আমাদিগকে কখনও নিরাশার সমুদ্রে নিক্ষেপ করিবেন না। আমাদের স্বতস্ত্রতা বলিয়া একটি মহামূল্য রত্ত্র আছে বটে, কিন্তু ভাহা ভগবংপরতন্ত্র। যে মুহূর্ত্তে আমরা এই বিচারের বিরুদ্ধাচরণ করিয়া স্বতন্ত্রভার অপব্যবহার করিতে যাইব, সেই মুহূর্ত্তেই আমাদের সর্ব্রনাশ হইবে।

জগতের লোকের নিকট প্রার্থী হইলে কেহই আমাদের অভাব পূরণ বা আমাদের সমস্যার সমাধান করিয়া দিতে পারিবে না। এইজনাই গীতা আমাদিগকে সর্ব্বেশ্বরেশ্বর ভগবদ্ধর পাদপ্রে সর্ব্বেভাভাবে শরণাপর হইবার কথা তারশ্বরে বলিয়া দিতেছেন। শ্রীকৃষ্ণই সেই ভগবদ্ধর— শ্বয়ং ভগবান। তাঁহাতে প্রপত্তিই জীবের একমাত্র লক্ষীভূত বিষয়। তাঁহাতে সমর্পিতাত্যা হইলেই আমাদের জীবনের সকল উদ্দেশ্য, সকল কর্ত্ববাকর্ত্বরা-বিচারের সম্পূর্ণতা সাধিত হইবে। অভএব নানা অনর্থ ও নানা বাধাবিশ্লের মধ্য দিয়া কি উপায়ে সেই আত্যসমর্পণ ব্যাপার মর্থাৎ সম্পূর্ণ শরণাগতি সংসাধিত হইতে পারে, তাহা আলোচনা করা আবশ্বক।

প্রঃ—ভগবান্ কি ভক্তের অধীন ?

উঃ— নিশ্চয়ই। ভক্তাধীন গোবিন্দ। ভগবস্তুজ ভগবানের শক্তি ইইলেও তাঁহার শক্তি সেবার বিচারে ভগবান্ ইইতেও বেশী। কেননা তাহা না হইলে তিনি ভগবান্কে সেবা করিয়া উঠিতে পারিতেন না। ভগবান্ সক্তিদ্রস্বতন্ত্র হইয়াও ভক্তের সেবাশ্রীর নিকট অস্বতন্ত্রের ন্যায় হইয়া পড়েন। তিনি বলিতে থাকেন— 'অহং ভক্তপরাধীনো হ্যস্বতন্ত্র ইব দ্বিজ।'

বস্তুতঃপক্ষে সেব্যের মর্ম্মজ্ঞ না হইতে পারিলে সেবা হয় না। উৎকৃষ্ট সেবক কখন সেব্যের আদেশ-প্রতীক্ষায় থাকেন, কখন সেব্যের আন্তরিক ভাব বুঝিয়া সেবা করেন। ভগবান্ যেমন ভক্তের অন্তর্রবিহারী. ভক্তও তেমন ভগবানের অন্তর্রবিহারী— অন্তর্যামীরও অন্তর্যামী।

প্রঃ— কাহার সঙ্গ কর্বো ?

উঃ— যিনি বলেন— ভগবানের আরাধনা কর, তিনিই শ্রীগুরুপাদপদ্ম। ভক্তই সাধু, অপরে সাধু নহে কর্মী, জ্ঞানী বা যোগীর চিন্তাস্রোত বহিন্দুখতা হ'তেই জাত। এজনা কর্মাযোগীর সঙ্গ, ব্রক্ষজ্ঞানী মায়াবাদীর সঙ্গ ও কুযোগীর সঙ্গ পরিত্যাজ্য। একমাত্র ভক্তিযোগীরই সঙ্গ কর্তে হ'বে। তবেই মঙ্গল হ'বে।

श्रः - श्रीक्करमन कि मानूष ?

উঃ— কখনই না। শ্রীগুরুদের ক্ষণবিধ্বংসী রক্ত-মাংসের পিণ্ডমাত্র নহেন। শ্রীমদ্ভাগরত বল্ছেন—শ্রীগুরুদের ভগ্রান্ই। তিনি অবতার।

শ্রীগুরুদেব কৃপা পূর্ব্বক স্বেচ্ছায় এজগতে আগমন করেন পরজগৎ হ'তে। প্রকট-অপ্রকট উভয় লীলাতেই তিনি নিত্য। তিনি সর্ব্বদাই আমাদের নিয়ামকরূপে অবস্থান ক'রে আমাদের বুদ্ধিবৃত্তি প্রেরণ ক'রছেন।

সচিচদানন্দবিগ্রহ শ্রীগুরুদের অভিমর্ত্য মহাপুরুষ। তাঁকে মানুষ মনে কর্লে নরক হ'বে— নামাপরাধ হ'বে। তিনি আত্মবিৎ–কৃষ্ণতত্ত্বিৎ। তিনি শ্রীচৈতন্যদেবের অত্যন্ত প্রিয়জন। আমাদের ন্যায় পতিত্বে উদ্ধার কর্বার জন্য তিনি অবতীর্ণ হ'য়েছেন। তিনি কর্মী, জ্ঞানী বা যোগী নন্ তিনি লীলাময়ের লীলার পার্ষদ বা সঙ্গী— সর্বশ্রেষ্ঠ ভগবদ্ধক্ত।

দেবতা যেরপ নিতা, গুরুও তদ্রপ নিত্য। দেবতা শক্তে— অপ্রাকৃত কামদেব কৃষ্ণ। শ্রীগুরুদেব সেই কৃষ্ণস্বরূপ— কৃষ্ণ হ'তে অভিনু, কৃষ্ণের প্রকাশবিগ্রহ।

শ্রীগুরুদের অভেদ-বিচারে উপাস্য-পরাকাষ্ঠা। তিনি ভগবান্ হ'য়েও।

ভগবৎ-প্রেষ্ঠ : শ্রীগুরুদের আশ্রয়জাতীয় বিষ্ণুবিগ্রহলীলার প্রকটকারী, গুরু ও কৃষ্ণ অচিন্ত্য-ভেদাভেদ-প্রকাশতত্। শ্রীগুরুদের— আশ্রয়জাতীয় তত্ব, শ্রীকৃষ্ণ— বিষয়-তত্ব। শ্রীগুরুদের— সেবক ভগবান, শ্রীকৃষ্ণ— সেব্য-ভগবান বা স্বয়ং-ভগবান । শ্রীগুরুদের—মুকুদ্দ-প্রেষ্ঠ, রাগমার্গে স্বরুপসিদ্ধ শিষ্যের দর্শনে কৃষ্ণশক্তি— অভিনু শ্রীবার্ষভানবী-প্রকাশ।

কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীওকদেব স্থরপশক্তি কিন্তু শ্রীকৃষ্ণ শক্তিমান্ শ্রীকৃষ্ণ—
পুরুষ বা ভোক্তা, আর আমাদের শ্রীওকদেব— কৃষ্ণের প্রকৃতি বা কান্তা।
প্রঃ— গুরুলপাদপদ্মের সেবা সর্ব্বাগ্রে প্রয়োজন। প্রত্যেক বর্ষপ্রারম্ভে,
প্রত্যেক মাসপ্রারম্ভে, প্রত্যেক দিবসপ্রারম্ভে, প্রত্যেক মুহূর্ত্তপাদপদ্মের সেবা করা কর্ত্ব্য। আমরা যদি অনুক্ষণ গুরুপাদপদ্মের সেবা না করি, তা'হলে নিশ্চয়ই আরও অসুবিধায় পড়্বো, যে মুহূর্ত্তে গুরুসেবা ভুল্বো, সেই মুহূর্ত্তেই নিজেকে ভুলে যাবো।

জাগতিক শিক্ষক বা গুরুগণ-প্রদন্ত বিদ্যা ক্ষুদ্র ফল প্রসব করে। পারমার্থিক গুরু সেরপ ক্ষুদ্র-ফল-প্রদাতা নন : শ্রীগুরুপাদপদ্ম বাস্তব মঙ্গলবিধাতা : আশ্রয়জাতীয় ভগবান্ শ্রীগুরুদেবের অনুগ্রহ যে মুহুর্ত্তে রহিত হ'য়ে যাবে, সেই মূহুর্ত্তে জীবের নানা অভিলাষ এসে উপস্থিত হ'বে। বর্ত্যপ্রদর্শক গুরু যদি আমাদিগকে উপদেশ না দেন— কিস্তাবে গুরুপাদপদ্ম আশ্রয় কর্তে হ'বে— কি ভাবে গুরুপাদপদ্মের সহিত ব্যবহার কর্তে হ'বে. তবে প্রাপ্ত রতুপ্ত হারিয়ে ফেল্তে হয়। নামভজনই একমাত্র ভজন, শ্রীগুরুদেব এই ভজনপ্রণালী শিক্ষা দেন। সূত্রাং গুরুদেব প্রসন্ন না হ'লে ভজনবল আমরা কি ক'রে পাব ? এইজন্যই বলি— যাঁরা ভগবান্কে পেতে চান, প্রকৃত শান্তি চান, সংসার হতে নিষ্কৃতি চান, তাঁরা গুরুসেবাকেই জীবন কর্বেন, অনুক্ষণ গুরুসেবা কর্বেন— গুরুর প্রসনুতার জন্য প্রাণপণে যতু কর্বেন, তা'হলে আর কোন অসুবিধা থাক্বে না. সমস্ত মঙ্গল করায়ত্ত হ'য়ে যাবে— অমঙ্গলের মুখে ছাই পড়ে যাবে।

বিষয়জাতীয় কৃষ্ণ অর্দ্ধেকটা, আর আশ্রয়জাতীয় কৃষ্ণ অর্দ্ধেকটা। এতদুভয় বিলাস-বৈচিত্রাই পূর্ণতা। বিষয়জাতীয় পূর্পপ্রতীতি—শ্রীকৃষ্ণ,আর আশ্রয়জাতীয় পূর্পপ্রতীতি— আমার শ্রীশুরুপাদপদ্ম। সমগ্র জীবন ভগবানের সেবা কর্তে হ'বে, নিজে আচরণ ক'রে সর্ব্বন্ধণ দেখাচ্ছেন যিনি, তিনিই গুরুপাদপদ্ম। সেই গুরুদেব প্রত্যেক বস্তুতেই বিরাজমান। অনুষ্ণণ সেই শ্রীশুরুপাদপদ্মর সেবা ব্যতীত আমাদের আর কোন কৃত্যই নাই।

প্রঃ— বর্ণাশ্রম-ধর্মা কি আত্মার ধর্মা বা নিত্য ধর্মা ?

উঃ— ঋষিগণ আমাদিগকে বর্ণাশ্রম-ধর্মে নিষ্ঠাযুক্ত হ'বার উপদেশ দিয়াছেন। বর্ণাশ্রমধর্ম পালনের উপযোগিতা আছে। কিন্তু শ্রীগৌরাঙ্গনেব ব'লেছেন— বর্ণাশ্রমধর্ম পালনের উপযোগিতা কতক্ষণের জন্য ? বর্ণাশ্রম আমাদের নিতাধর্ম নহে। তাহা আত্মার স্বরূপবৃত্তি নহে অর্থাৎ আমাদের স্বরূপের ধর্মা নহে। তাহা বিরূপে থাকাকালে কথঞ্চিৎ স্বরূপের দিকে অভিযানের জন্য কোন বিশেষ বৃত্তি ও বিশেষ অবস্থানে অবস্থিত হ'য়ে বিষ্ণুপূজার চেষ্টা মাত্র। বর্ণাশ্রমধর্মা অহৈতৃকী অপ্রতিহতা নির্মালা কৃষ্ণসেবা নহে। বর্ণাশ্রমে অবস্থিত হ'য়ে কৃষ্ণসেবা হয় না, কর্থাঞ্চৎ বিষ্ণুর পূজা-চেষ্টা হয়। এজন্য শ্রীটেতন্যদেব ব'লেছেন— 'তৃমি কে' ? আগে নির্দয় কর । তৃমি কি ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্র ? তুমি কি সন্ম্যাসী, গৃহস্থ, বানপ্রস্থ বা ব্রক্ষচারী ? এ সকলই তোমার বন্ধদশার সাময়িক পরিচয়, ঐ সকল তোমার স্বরূপের নিত্য পরিচয় নহে। জীবের স্বরূপের পরিচয় হচ্ছে—জীব কৃষ্ণের নিত্যদাস, আত্মা পরমাত্মার সেবকঃ পরমাত্মার সেবাই ভা'র ধর্ম্ম।

থঃ — কীর্ত্তন কি সর্ব্বশ্রেষ্ঠ ভক্তাঙ্গ ?

উঃ— ভগবন্ধক্তির যত প্রকার অঙ্গ আছে, তনাধ্যে শ্রীকৃষ্ণ-সংকীর্বনই একমাত্র প্রধানতম ও পরম প্রয়োজনীয় অঙ্গ। শ্রীকৃষ্ণ- সংকীর্ত্তনে পরমার্থ- জীবন-যাপনের সর্বশ্রেষ্ঠ যোগ্যতা লাভ হয়। শ্রীকৃঞ্চনামে সর্বর্শান্ত, সর্বব্যোতা, সর্ব্ব-আকাজ্ঞার পরিপূর্তি, সর্ব্বসাধনের চরমফল ও সিদ্ধি নিহিত আছে।

শ্রীকৃষ্ণের নামে আমাদের যাবতীয় ক্রিয়াভিনিবেশ, যাবতীয় প্রবৃত্তি, যাবতীয় চিন্তা, যাবতীয় ধারণা — সকলই নিয়মিত হ'য়ে থাকে শ্রীকৃষ্ণনাম আমাদের জিহ্বাগ্রে উদিত হ'লে আমরা নশ্বর জগতের যাবতীয় কৃত্য, কর্ত্তব্য-বুদ্ধি, নশ্বর জগৎ ভোগ কর্বার প্রবৃত্তি এবং আমাদের পারিপর্শ্বিক সুবিধা-অসুবিধা প্রভৃতি সমন্তই অনায়াসে পারিত্যাগ কর্তে পারি। শ্রীকৃষ্ণনামেই ভক্তিপথের সকল বাধা অনায়াসে তিরোহিত হয়। শ্রীকৃষ্ণনাম কেরলমাত্র সাধন-ব্যাপার নহেন, তাহা সাধনের ফল সাধ্যবন্তুও বটে। কৃষ্ণনাম শুর্বাকুগত্যে পুনঃ পুনঃ উচ্চারণ কর্তে হ'বে। শ্রীকৃষ্ণনামে সর্ব্ব-প্রকার শ্রেয়ঃ প্রস্কৃতিত হয়। শ্রীনামের সেবা দ্বারাই জীবের যাবতীয় মঙ্গল হ'বে। একমাত্র শ্রীকৃষ্ণনামই আমাদিগকে নিত্যানন্দ-সাগরে নিমজ্জিত করতে পারেন। শ্রীকৃষ্ণনাম অথিলরসময়

শ্রীগৌরসুন্দরই পর্মোপাস্য বস্তু— জগতের সকলেরই শেষ উপাস্যবস্তু— জগতে যত উপাস্য বস্তু আছে, সেই সকল উপাস্য বস্তুরও পর্যোপাস্য বস্তু। শ্রীগৌরসুন্দর সাক্ষাৎ কৃষ্ণ হয়েও ভাগবতধর্ম স্বয়ং আচরণ ক'রে জগৎকে জানিয়ে দিয়েছেন— শ্রীকৃষ্ণ-সংকীর্তুনই ভাগবতধর্মের পরাকান্তা। শ্রীকৃষ্ণ-সংকীর্তুনই মহাধ্যান, মহা-যক্ত ও মহার্চ্চন। কৃষ্ণের ধ্যান, যক্ত্রেঅর্চ্চন— সাধারণ মাত্র। কৃষ্ণ-কীর্তুন-রূপ মহাধ্যানে, মহায়ক্তে, মহার্চনে তর্দ্বিষয়ের পরিপূর্ণতা।

## প্রঃ-- গৃহত্তের কর্ত্তব্য কি ?

ইঃ— নিজের সুখের জন্য হতু করলে ভোগী গৃহব্রত হ'রে পড়তে হ'রে।
কৃষ্ণ-সেবার জন্য নিখিল প্রয়াস কর্লে মঙ্গল হ'বে। যারা ক্রী.পুতা.গৃহ.
আত্রীয়স্তজন সব ছেড়ে সর্কাতোভাবে অনুক্ষণ কৃষ্ণভজন করছেন, ভাঁদিকে
নানাভাবে সাহায্য বা সেবা করবার জন্য গৃহস্থ-ভক্তগণ অনুক্ষণ যতুপর

থাক্বেন। তবেই গৃহস্থগণের মঙ্গল হ'বে। সংসারাসক্তি শিথিল হ'বে।

যাঁরা পারমার্থিক গৃহস্থ অর্থাৎ গৃহস্থ-বৈষ্ণাব, তাঁরা নিজের স্ত্রী-পুত্র-কন্যার
জন্য যেরূপ পরিশ্রম করেন, তদ্রপ হরিসেবার জন্যও প্রচুর চেষ্টা ক'রে
থাকেন। নিজ স্ত্রী-পুত্র-কন্যা প্রভৃতি ভগবদ্ভজন কর্ছে জান্লে তা'দের
পোষণ করেন, নতুবা দৃধ-কলা দিয়ে সাপ পোষণ করেন না, তাদের সঙ্গ
প্রতিকৃল যা ভক্তিবাধক জেনে তফাৎ হ'য়ে যান। আমি যখন প্রভু সাজ্তে
চাই, অন্যের উপর প্রভুত্ব কর্তে চাই, তখনই মায়া বা প্রকৃতির বশীভূত
হ'য়ে পিছি। বর্ত্তমান বিপন্ন মানবজাতির একমাত্র মঙ্গলকর কৃত্য হচ্ছে—
এই যে সংসার— এই যে বোকামীর হাতে পড়েছি, তা' হ'তে উদ্ধার
লাভ ক'রে কৃষ্ণা-সংসারে প্রবিষ্ট হওয়া। নিম্নপটে শ্রীগুরুপাদপদ্ম আশ্রয়
কর্লোই সংসার হ'তে উদ্ধার লাভ হয়, অন্য উপায়ে হয় না। যে গুরুদেবন্ধ
কৃপায় সংসার থেকে উদ্ধার পাওয়' যায়, সেই ওরু কি অভক্ত, অন্যাভিলামী,
কন্মী, ছলনাময় প্রচ্ছনু নান্তিক, নির্ভেদ্জ্রানী বা যোগী হ'তে পারেন ?
প্রমপুরুষ ভগবানে সর্ব্বতোভাবে ভক্তিবিশিষ্ট না হলে কি কেহ প্রকৃত

গৃহস্থ বা বৈরাগী প্রত্যেকেরই গুরুসেবাই প্রধান কর্ত্তবা। শ্রীগুরুদেবের শ্রীমুখবিগলিত হরিকথা সেবোনাখ কর্ণে পৌছিলে চন্দুর অজ্ঞান-তিমির বিদ্রিত হয়, তখন চন্দু নির্মাল হয় এবং সেই নির্মাল চন্দ্রতে কৃষ্ণদর্শন হ'য়ে থাকে।

আমার প্রতৃত্বে ইচ্ছা আমার সর্ব্বনাশের কারণ। যদি স্বেচ্ছায় প্রেয়ঃপথে চালিত হই— সংসার কর্তে দৌড়াই— সংসার নিয়ে বাস্ত হই. তবে ত্রিতাপ-জালা অনিবার্যা। সূত্রাং মনের কথা ও মনোধর্মী লোকের কথা না শুনে যারা সর্ব্বক্ষণ ভগবংসেবা করেন, তাঁদের উপদেশ সর্ব্বভোভাবে শ্রবণ করা কর্ত্ব্য।

প্রঃ— সেবা জিনিষটি কি ?

উঃ— সেবা দেহ-মনের ধর্ম্ম বা কার্য্য নহে। সেবা আত্মার ধর্ম। সেবায়

বাণিয়াগিরি নাই। কৃষ্ণপুখার্থ কৃষ্ণসেবাই প্রকৃত কৃষ্ণসেবা, তাতে স্বসুখবাঞ্ছার লেশমাত্র নাই। সেবা জিনিষটা— অব্যভিচারিণী, অহৈতুকী, অপ্রতিহতা আত্মবৃত্তি। বেদান্তবাধই হ'তে পারে না—শ্রীগুরুপাদপদ্মের অব্যভিচারিণী সেবা ব্যতীত। ভগবস্তুক্ত ব্যতীত কেহই গুরু হ'তে পারে না— এটা গোঁড়ামির কথা নয়, বাস্তব সত্য কথা। ভগবান কৃষ্ণ বল্ছেন— আমাকে যে যেভাবে সেবা করে, আমিও তাঁকে সেইভাবে সেবা (কৃপা) করি। কান্তরসে সর্কাঙ্গ দিয়ে সেবা, কাজেই কৃষ্ণও সেখানে তাঁর সর্কাঙ্গকে বিলিয়ে দেন— আপনাকৈ দিয়েও ঋণী জ্ঞান করেন। কান্তরসেই প্রপত্তির পরিপূর্ণতা ও সেবার পরাকাষ্ঠা।

প্রঃ— আমাদের ভক্তি কি ক'রে বৃদ্ধি হ'বে ?

উঃ—সেবা কর্তে কর্তেই সেবা-প্রবৃত্তি জাগ্বে—সেবা প্রবৃত্তি বাড়্বে। যেখানে গুরুকৃষ্ণের সেবা কর্বার ইচ্ছাই নাই, সেখানে আবার বাড়ার কি কথা আছে ? যদি চিত্তবৃত্তি গুরুর চরণে থাকে, তা' হ'লে আমরা যেখানেই থাকি না কেন, আমাদের সেবা-প্রবৃত্তি বৃদ্ধি লাভ করবে। নতুবা ইন্দ্রিয়পরায়ণতা বা সংসার-প্রবৃত্তিই বাড়্বে। নিরম্ভর সাধৃগুরুর সেবা কর্লে সব সুবিধা হ'য়ে যাবে। তা' না ক'রে যদি আমরা সংসারের সেবা, মায়ার সেবা বা নিজের সুখ-সুবিধা নিয়ে বাস্ত থাকি, তা' হ'লে নানাবিধ অমঙ্গল বা অশান্তি এসে আমাদিগকে বিপন্ন কর্বে। ভক্তসঙ্গ ও ভক্তসেবা ছাড়া ভক্তি বাড়ে না।

আমি গুরুকৃষ্ণকে আশ্রয় কর্লাম কিন্তু তাঁদের সেবার দিকে আমার আদৌ দৃষ্টি নাই। ভক্তিপথ আশ্রয় ক'রে যদি ভক্তিই না করি, নানাভাবে সেব্যের সেবা কর্বার জন্য প্রস্তুত না হই, তা' হ'লে মঙ্গলের আশা কোথায় ?

আগে খ্রীগুরুপাদপ্র আশ্রয় করতে হ'বে, নিজে লঘু হ'তে হ'বে, ইহার নাম অশ্রয়। আশ্রিতের কাজ হচ্ছে—ভৃত্য হ'য়ে সেবা করা। কিন্তু আমরা তা' কর্ছি কি ? সক্র্যুষ্ঠ গুরুপাদপ্রেয় অর্পণ কর্তে হ'বে, তবে ত' পূর্ণবস্তু পাওয়া যাবে গুরুকে সর্বাধ্ব দেওয়া ত' দূরের কথা, আমরা কিছুই দিতে চাই না। অথচ মুখে কৃপা চাই। অন্তর্যামীকে ফাঁকি দেওয়া চলে না। গুরুপাদপদ্ম-দর্শন না হ'লে কৃষ্ণসেবা-প্রবৃত্তি কি ক'রে বাড়বে ? গুরুপাদপদ্ম-দর্শনের পরও যদি আবার যোষিৎ-দর্শন হয়, সংসার করার প্রবৃত্তি বাড়ে, তবে পতন হ'য়ে গেল— উদ্ধৃগতি হ'লো না— নীচেই থাক্লাম। যদি কেহ বান্তবিকই গুরুপাদপদ্ম আশ্রয় করেন, আর যদি প্রীতির সহিত গুরুসেবা করেন,তা হ'লে নিক্রই কৃষ্ণসেবা লাভ হ'বে—কৃষ্ণ-বিষয়ে দিব্যজ্ঞান লাভ হ'বে—সেবা প্রবৃত্তি বর্দ্ধিত হ'য়ে সেবানন্দে মগু হ'বে।

যে কাজ কর্লে বিষয় বাড়াবার প্রবৃত্তি কমে, সংসার-বাসনা কমে, এরপ কাজ কর্তে হ'বে। তখন আর কর্ত্তাভিমান বা ভোক্তাভিমান থাকে না, তখন কৃষ্ণভোগ্য জগৎকে বা কৃষ্ণযোষিৎকে পরমপূজ্যা গুরুজ্ঞান করেতে পারা যায়। আমি ভোক্তা, আমি কর্ত্তা—এই জড় অভিমান কমে গেলেই ভগবানের সেবা-প্রবৃত্তির উদয় হয়। সংসার-বাসনা প্রবল থাক্লে, সংসারের জন্য বেশী ব্যস্ত হ'লে সেবা-প্রবৃত্তি জাগ্বে না। ভগবৎ-সেবার জন্য উৎকণ্ঠা হ'লে মানুষ নিজেকে গুরুর পুত্র-জ্ঞান করে বিলয়া এসকল পিতা-পুত্রাদির সঙ্গে আর সম্বন্ধ থাকে না, তখনই প্রকৃত মঙ্গল হয়—মঠবাস হয়—প্রকৃত আশ্রয় হয়।

প্রঃ— হরিসেবা কি নিজে নিজে করা যায় না ? উঃ— কৃষ্ণ যদি জীবকে দয়া করেন, তবেই হরিসেবা করা যায়। নতুবা

মানুষের চৌদ্দ পুরুষের সাধ্য নাই যে, এত হাঙ্গামা কাটিয়ে হরিসেবা

কর্তে পারে। হরিসেবা তামাসার কথা নয়।

জন্ম-নামক একটি যোষিৎ, ঐশ্বর্য্য-নামক আর একটি যোষিৎ, পান্ডিত্য-নামক তৃতীয় প্রকার যোষিৎ ও সৌন্দর্য্য-নামক চতুর্থ প্রকার যোষিৎ। এই সকল যোষিৎকে গোপীজনবল্পভের সেবায় নিযুক্ত না কর্লে এদের কবলে প'ড়ে যেতে হবে। ভগবৎ-সম্পর্ক দর্শনের পরিবর্ত্তে ভোগ্যবৃদ্ধিতে জগদর্শন ও যোষিদ্দর্শনে নানা অসুবিধা হচ্ছে— ভগবৎ-সেবক হ'বার পরিবর্ত্তে জগতের প্রভু হ্বার বা জগতের উপর প্রভুত্ত্ব কর্বার ইছ্ছা জাগ্ছে। এখানে সকলেই সেব্য বা প্রভু হতে চাচ্ছে, ইহাই অবৈষ্ণবতা। সেব্য ও সেবকের সহিত যোগসূত্রই হলো ভক্তি বা সেবা, আমি অপজ্যর সেব্য, এই অভিমান হ'লে সেবা আর কি ক'রে হবে ? সেবকই ত' সেবা কর্বে ?

আমি কর্ত্তা হয়ে শ্রবণ কর্বা,দর্শন কর্বো,কীর্ত্তন কর্বো,শ্ররণ কর্বো—এটা কর্মীর বিচার— অভজের বিচার। যখন নিজ কর্তৃত্বাভিমান পরিত্যাগ পূর্ব্বক যাবতীয় চেষ্টা ভগবৎ-সেবায় নিযুক্ত হবে, তখনই সুবিধা হবে।

ভগবং-সেবক আমরা সাধুসঙ্গে থেকে ২৪ ঘন্টাই ভগবানের সেবা কর্বো। আমরা সর্বতোভাবে ভগবং— পাদপদ্মে নির্ভর কর্বো। সকল বিপদ্ বা সমস্যার মীমাংসা—ভগবানের বিধানের উপর সুম্পূর্ণ নির্ভর করা।

এজগতে আমরা পতি-পত্নী সম্বন্ধ, পিতা-পুত্র সম্বন্ধ, বন্ধু-বন্ধু সম্বন্ধ ও প্রত্যু-ভৃত্য সম্বন্ধ-এই চারিটা সম্বন্ধ নিয়ে সেবা করি। স্বরূপ-জ্ঞানের অভাবেই ইহ জগতে এই অনিত্য সম্বন্ধ হয়েছে। এজগতে যত কিছু তা' প্রথমমুখে দেখতে ভাল হতে পারে, কিন্তু শেষটা নৈরাশ্য। 'মাধব হাম পরিণাম নিরাশা', এই ৪টা সম্বন্ধের মধ্যে যে কোন একটা সম্বন্ধ ভগবানের সঙ্গে হলেই মঙ্গল, তাতেই হরিসেবা হবে।

এই জড় জগৎ থেকে বৈকৃষ্ঠ-লোকে যাওয়া যায় ভগবানের সেবা আরম্ভ কর্লে। আর অপরের নিকট থেকে সেবা গ্রহণ কর্বার ইচ্ছা হ'লে এখানে আসক্ত হয়ে ত্রিভাপ ভোগ কর্তে হবে।

আমরা কৃষ্ণ নহি— প্রভু নহি, আমরা কৃষ্ণের সেবক। কৃষ্ণই আমাদের নিতা সেবা, নিতা প্রভু। আমরা কৃষ্ণের eternal slaves — কৃষ্ণের নিত্য কেনা গোলাম— এই কথাটা ভুলে কৃষ্ণের সেবার বিরদ্ধে অভিযান কর্তে গেলেই সংসার হবে, তথন ত্রিতাপগ্রস্ত হ'য়ে আমাদের দুঃখের আর সীমা থাক্বে না। সংসারটা হ'লো নরকের দ্বার: সেখানে আছে কেবল ভোগ বা নিজের ইন্দ্রিয়তর্পণ। কৃষ্ণকে ভুললেই সংসারহর্বে। তাই শাস্ত্র ব'লেছেন— চারি বর্ণাশ্রমী যদি কৃষ্ণ নাহি ভজে। স্বধর্মা করিলেও সে রৌরবে পড়ি মজে।

প্রঃ— বিশ্বকে কিভাবে দেখতে হবে ?

উঃ— আপনারা এই বিশ্বকে— বিশ্বের যাতীয় বস্তুকে কৃষ্ণসেবার উপকরণরপে দর্শন করুন। এ জগতের সকল বস্তুই কৃষ্ণসেবার সামগ্রী। যেদিন আপনারা গুরুকৃষ্ণকৃপায় দ্বিতীয়াভিনিবেশের হাত থেকে নিষ্কৃতি পেয়ে কৃষ্ণময় জগৎদর্শন কর্তে পারবেন, সেই দিনই আপনাদের এই বিশ্ব-স্বরূপেই গোলোকদর্শন হবে। আপনারা সমগ্র নারীজাতিকে কৃষ্ণভোগারূপে— কৃষ্ণকান্তারূপে দর্শন করুন, তাঁদের উপর কোন প্রকার ভোগবৃদ্ধি কর্বেন না। তাঁরা কৃষ্ণ-ভোগাা, জীবের কখনও ভোগ্যা নহেন। আপনারা পিতামাতাকে অন্যরূপে দর্শন না করে, কৃষ্ণের পিতৃ-মাতৃরূপে দর্শন করুন। আপনারা পুত্রকে নিজ সেবক মনে না ক'রে বালগোপালের সেবকের গণরূপে দর্শন করুন। তাঁহলে আপনাদের বিশ্বদর্শন থাক্বে না, গোলোকদর্শন হবে।

প্রঃ— শ্রীগুরুদেবের Direct সঙ্গ ও সেবা কি বিশেষ প্রয়োজন ?

উঃ—নিশ্চয়ই । শ্রীগুরুদেবের সহিত Direct communion থাকা দরকার। যাঁহারা গুরুর সেবা ও সঙ্গ সাক্ষাদ্ভাবে করিতে চায় না তাহারা বিশ্বিত হইতে বাধা। Direct communion with Guru is the first step on the path of Divine service Guru is to be served in every entity. If Guru is not served no one can be really served. I must not hear anything till I am authorised to hear by my Divine Master Sri Gurudeb.

## শ্রীশ্রীল প্রভুপাদের উপদেশামৃত

প্রঃ— আমরা কি শ্রীরূপানুগবর শ্রীগুরুপাদপদ্মের দাস ? উঃ— হা । শ্রীচৈতন্যদেবের মধুরসাশ্রিত ভক্তগণ নিজদিগকে শ্রীরূপানুগদাস বা শ্রীরূপানুগবর শ্রীগুরুপাদপদ্মের দাস বলিয়া অভিমান করেন

প্রঃ— সর্বশ্রেষ্ঠ উপকার কি ?

উঃ— কৃষ্ণে মতি হউক— এইরপ শুভাকাজ্জা বা আশীর্কাদই জগতের মঙ্গলজনক। জীবকে কৃষ্ণে মতিবিশিষ্ট করিতে পারিলে উহাই সর্কাপেক্ষা বড় উপকার। সকলকে কৃষ্ণভক্তি দান করাই সর্কশ্রেষ্ঠ দান বা সর্কাপেক্ষা বড় Altruism, ভক্তগণের চিত্ত সর্কাদাই এইরূপ পরোপকারের জন্যই ব্যম্ভ।

ভগবান্কে জানাই সর্বশ্রেষ্ঠ জ্ঞান। শাস্ত্র বলেন, 'বিদ্যা ভাগবতাবধি'
প্রভু কহে, কোন্ বিদ্যা বিদ্যামধ্যে সার। রায় কহে, কৃষ্ণভক্তি বিনা বিদ্যা
নাহি আর॥ (চৈঃ চঃ)। বর্ত্তমানে যে Godless education(নিরীশ্বর
শিক্ষা) প্রচারিত ও প্রসারিত হইয়াছে, তদ্মরা জগদ্মসীর কোন সুবিধা
হইতেছে না—অসুবিধাই হইয়াছে, হইতেছে ও হইবে। শ্রীচৈতন্যদেবের
দয়া বিতরণের দ্বারাই মনুষ্যজাতির সর্বশ্রেষ্ঠ উপকার হইবে।

প্রঃ— কাহার কপাল ভাল ?

উঃ—মনুষ্যজাতির ভাগ্য বা কপাল—দুই প্রকারের। এক প্রকার লোকের কপাল—পোড়া, আর একপ্রকার লোকের কপাল—জোড়া। যাঁহার কপাল ভাল ও বড়, তিনিই হরিভজনের জন্য চেষ্টা করেন। তিনি এই জন্মেই হরিভিজ লাভ করেন— তাঁহার আর জন্মান্তর অপেক্ষা করিতে হয় না। আমরা একান্তভাবে শ্রীচৈতন্যদেবের শ্রীপাদপদ্ম আশ্রয় করিলে এই জন্মেই সকল মঙ্গল লাভ করিব। মঙ্গলের রাস্তায় আসিয়াও অসৎসঙ্গফলে জীবের পুনরায় পতন হইতে পারে। সুতরাং আমাদিগকে সর্কাক্ষণ কনক-কামিনী-প্রতিষ্ঠাশার লোভ হইতে দূরে থাকিতে হইবে। হরিভক্তির কথা পুনঃ পুনঃ শুনিলে সকল প্রকার অসৎচিন্তা দূর হইয়া যাইবে। শ্রীচৈতন্যদেবের কথা এত সত্য, এত বড় ও এত সুন্দর যে, তাহার নিকট অন্য কথা

কখনও টিকিয়া থাকিতে পারে না এবং পারিবেও না। ধর্মার্থকাম-মোক্ষধিকারকারী শ্রীচৈতন্য-কথার সেবকই প্রকৃতপক্ষে মহা-উদার। গৌরভক্তগণ কত বড় বৃদ্ধিমান্, কত চিন্তাশীল ও কত বড় পরোপকারী তাহা একবার নিরপেক্ষ চিত্তে অনুধাবন করা দরকার। আমি অন্যের উপর প্রভুত্ব করিব, অপরে আমার সেবা করুক— এই প্রকার ভীষণ দুর্ব্বৃদ্ধি হইতে শ্রীচৈতন্যচন্দ্রের দয়া আমাদিগকে উদ্ধার করুন।

প্রঃ — কাহাকে দান করিতে হইবে ?

উঃ—যদি উপকার করিতে হয়, যদি দান করিতে হয়, তবে গুরুবৈষ্ণবক্ষেই দান করা কর্ত্তব্য। All credit is due to the Godloving people only. যিনি ২৪ ঘন্টা ভগবানের ভজন করেন, একমাত্র তাঁহাকেই বিশ্বাস ও সেবা করিতে হইবে। যে ব্যক্তি ভগবানের সেবা করে না, সেবা গ্রহণ করিবার জন্য ব্যস্ত, তাহাকে কখনও বিশ্বাস করিতে হইবে না এবং তাহাকে কিছু দেওয়াও উচিত নয়

প্রঃ— ভদ্ধভক্তের বিচার কিরূপ ?

উঃ—শুদ্ধভক্তের বিচার এই যে, বস্তুগুলি আমার ভোগের জন্য নয়, কিন্তু যাবতীয় বস্তুই ভগবানের সেবার জন্য। সকল চেত্রন ও অচেতন বস্তু সবই কৃষ্ণেরই সেবার জন্য। সুতরাং All our activities should tend to His unalloyed service. হ্যমীকেণ হ্যমীকেশ্র-সেবনং ভক্তিরুচ্যতে। All our services must target to Him only. আমাদের যাবতীয় ইন্দ্রিয় দারা হ্যমীকেশের সেবা করাই দরকার। All are servitors of Krishna. Therefore we shall not deprive them of their service. Let all of them offer their services to Krishna. তিনি আমাদের সেবা গ্রহণ করুন, ইহাই আমাদের প্রার্থনীয় হউক। যদি ইউগুলিকে আমার ঘরের জন্য ব্যবহার করি, তবেই অসুবিধা হইল। কিন্তু ইটগুলি ভগবানের মন্দিরের কাজে লাগাইলেই আমাদের সুবিধা হইল। অটেতন পদার্থ যদি ভগবানের সেবায় নিয়োজিত হয়, তবেই

তদদ্বারা উহাদের সদ্ব্যবহার হইল। Our senses should be directed to His service. All objects are really and essentially properties of Godhead. These are never meant for the enjoyment of conditioned people. It is wrong & misguided to think that the things are created for us. Nothing is for our sensuous enjoyment: Everything should be properly adjusted for the service of Godhead.

ইহ জগতে ঘত রক্মের জাচতন পদার্থ আছে, সরলই হরিসেবায় নিযুক্ত হইলে তবে সার্থক হইরে। এই যে কতকগুলি বাশ দেখ্ছেন, ইহার দ্বারা যদি হরিকথা-শ্রন্থের খ্রান করা যায়, তরেই এগুলির সদ্ব্যবহার হ'রে। শ্রীহরিমন্ত্রির ও হরিভক্তের সেবার জন্যই আমরা এসব দ্বা ব্যবহার করি। ভক্তের সকল কার্য্যই ভগবানের সুখের জন্য—হির-গুরু-বৈষ্ণারের সেবার জন্য। A true devotee does not do anything for his sensuous enjoyment. শুদ্ধভ নিজের জন্য বা আত্মীয়-স্বজনের জন্য কোন কাজ করেন না. কিন্তু Absolute এর জন্যই সকল করেন। He is always true to the service of the Supreme Lord.

প্রঃ— কে ভগবান্কে লাভ করিতে পারে ?

উঃ— যাঁহারা শ্রীরূপাভিন্ন শ্রীওরুদেরের অকপট আনুগত্য করিবেন, তাঁহারাই ভগবানের কৃপা পাইরেন— তাঁহারাই কৃষ্ণপ্রেন লাভ করিতে পারিবেন।

প্রঃ— কাহার সেবা করা কর্ত্তব্য ?

উঃ— গুরু ও ভগবান্ ঘাংশাক্ষর বসু। Absolute Person এর সঙ্গে যাঁহার adjustment হরেছে, তিনি গুরুকে ঈশ্বররূপে, দেবতারূপে দেখ্ছেন। গুরু সেবক-ভগবান বা আশ্রমবিগ্রহ, এজন্য গুরু— ভগবান্

ও ভক্ত যুগপৎ। গুরু ভগবান হইয়াও ভগবৎ-প্রিয়তম। 'গুরু পুণশক্তি, কৃষ্ণ পূর্ণ-শক্তিমান্। দুই বন্তু ভেদ নাহি শাস্ত্র-পরমাণ'॥ যিনি ২৪ ঘন্টা ভগবানের সেবা করেন, সেই ভগবস্তুক্ত গুরুরই সেবা করা দরকার। গুরুসেবার সঙ্গে সঙ্গে গুরুনিষ্ঠ বৈষ্ণবের সেবা করাও আবশ্যক ও মঙ্গলকর। তবে ভগবদভক্ত ব'লে ভূয়ো লোকের সেবা কর্লে কোন লাভ হ'বে না। কলির প্রাবল্যে আজকাল ভক্ত বা বৈষ্ণ্যবের নামে অনেক <u> ७७ ७ भाष७ (मथा याएक এই जनाइ तम्बि - ७.क- देवकादत स्रिवाई</u> কর্তে হ'বে. ওদ্ধ-ভজের সেবা কর্লেই মঙ্গল হ'বে। কিন্তু ভবিষ্যতে যদি কেহ অভক্ত হয়ে যায়,তবে তার জন্য শ্রম স্বীকার কর্তে হ'বে না তা'র সেবা কর্বার জন্য ব্যস্ত হ'তে হ'বে না। কারণ অভক্তের সেবা করলেই অমঙ্গল হবে। ভগবদ্ধক্তেরই আনুগত্য ও সেবা করা দরকার। শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় ক'রে দৃঢ় বিশ্বাসের সহিত গুরুসেবা কর্তে হবে : বিশ্রম্ভেণ গুরোঃ সেবা— ইহাই শাস্ত্রের উপদেশ : বিশ্রম্ভেণ অর্থে— দৃঢ় বিশ্বাসেন প্রীত্যা বা । দৃঢ় বিশ্বাস বা প্রীতির সহিত গুরু-বৈঞ্চব-সেবা कर्राल मन्नल २'रवरे २'रव, कृष्ध अन्न १रवनरे। छक्रक मनुषावृष्कि কর্তে নাই। ওরু নির্দোষ সুতরাং তাঁহার দোষ দেখ্তে নাই।

সময় ও সুযোগ চিরকাল থাকে না। এজন্য সময় (আয়ুঃ) থাক্তে থাক্তে সাধুসঙ্গে হরিভজনের সুযোগ-সুবিধা গ্রহণ করা দরকার।

প্রঃ— এ জগতে কি প্রকৃত সাধুর আদর আছে ?

উঃ— কপটতা-পূর্ণ জগতে কপটেরই আদর। যে সকল সাধু জীবগণকে বিপথগামী করেন না, সেই সকল খাঁটি সাধুর আদর এজগতে নাই। হরিকথার নামে বর্ত্তমানকালে যারা লোককে বিপথগামী কর্ছেন তাঁদের দারা বিশ্বত হওয়াই বর্ত্তমান কালে একটা যুগধর্ম্ম হ'য়ে দাঁড়িয়েছে। যারা প্রকৃত সাধু— যারা অসাধুকে ধরে দিতে চাচ্ছেন, অসাধুগণ— কপটগণ— চোরগণ তাঁ দিগকে উল্টো 'ঐ চোর'— 'ঐ অসাধু'— 'ঐ ভঙ' ব'লে লোককে ধোঁকা দিয়ে নিজেদের পালাবার একটু ফাঁক খুঁজে

নিচ্ছে। মায়া কিছুতেই জীবকে নিচ্চপট হ'তে দেবে না, তাই কতরকম ক'রে খাঁটী সাধুর কাছ থেকে দূরে রেখে দেবার কল-কৌশল কর্ছে। প্রঃ— গুরুদর্শন না হইলে কি ভগবর্দশন হয় না ?

উঃ—না শ্রীগুরুদেব অপ্রাকৃত ভগবনুন্দির। সেই মন্দিরে ভগবান্ বিরাজিত আছেন। প্রেমবশ্য ভগবান্ শ্রীকৃষ্ণ সাধু-গুরুর মধ্যেই আত্মপ্রকাশ করিয়া বাস করেন। শাস্ত্র বলেন—

শ্রুতিমপরে স্মৃতিমিতরে ভারতমন্যে ভজম্ভ ভবভীতাঃ। অহমিহ নন্দং বন্দে যস্যালিন্দে পরংব্রহ্ম॥

অনেকে আপনাদিগকে ভগবদ্দর্শনের জন্য লালায়িত বলিয়া প্রচার করেন, কিন্তু গুরুদর্শন হইতেই যে ভগবদ্দর্শন হয়, তাহা তাহারা বুঝেন না। গুরুদর্শন না হইলে ভগবানের দর্শন হয় না। ভক্তির আরম্ভই হয় না যদি গুরুপাদপদ্ম বলিয়া কোন বস্তু না থাকে।

গুরুই কৃষ্ণপাদপদ্মের সহিত সাক্ষাৎকারের যোগসূত্র। কৃষ্ণ এই জগতে তাঁহার সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ সেবক বা শ্রেষ্ঠ বৈষ্ণবকে প্রেরণ করিয়া যে অপার করুণার পরিচয় প্রদর্শন করেন, সেই করুণাশক্তির মূর্ত্তবিগ্রহই হ'লেন শ্রীগুরুপাদপদ্ম। যিনি শ্রীবিগ্রহ ও শ্রীনামের সেবা শিক্ষা দেন, তিনিই শ্রীগুরুদেব। কেবল সম্রমের সহিত দূরে থাকিয়া গুরুসেবা করিলে চলিবে না। বিশ্রম্ভের সহিত অর্থাৎ দৃঢ় বিশ্বাস ও প্রীতির সহিত গুরুসেবা করিতে হইবে। যেমন শ্রীল রঘুনাথ শ্রীল স্বরূপদামোদর প্রভূর অন্ত

প্রঃ— গুরুকে ভুলিলেই কি অসুবিধা হ'বে ?

উঃ— নিশ্চয়ই : যিনি প্রতি মুহূর্ত্তে আমাকে স্বীয় পাদপদ্মে আর্কষণ ক'রে রাখেন, আমি সেই গুরুপাদপদ্ম হ'তে যে মুহূর্তে ভ্রন্ত হই, সেই গুরুপাদপদ্ম বিস্ফৃত হই, সেই মুহূর্তে আমি নিশ্চয়ই সত্য হ'তে বিচ্যুত বা ভ্রম্ত হ'লে অসংখ্য অভাবরাশি আমাকে

অভিনিবিষ্ট করে। আমি তাড়াতাড়ি স্নান্ কর্তে দৌড়াই, শীতনিবারণের জন্য ব্যস্ত হয়ে পড়ি, গুরুপাদপদ্মের সেবা ছাড়া অন্য কার্য্যে ধাবিত হই। যে গুরুপাদপদ্ম আমাকে এই সকল দ্বিতীয় অভিনিবেশ হ'তে রক্ষা করেন, বর্ষপ্রবৃত্তি, মাসপ্রবৃত্তি, দিনপ্রবৃত্তি, মুহূর্ত্তপ্রবৃত্তির প্রারম্ভে যদি সেই গুরুপাদপদ্মের স্মরণ না করি, তবে আমি নিশ্চয়ই আরও অসুবিধায় পতিত হ'ব। আমি তখন নিজে গুরু সাজ্তে চাব— অপরে আমাকে গুরু ব'লে পূজা করুক্, আমার এই দুর্বুদ্ধি এসে উপস্থিত হ'বে— ইহাই দ্বিতীয় অভিনিবেশ। আজ যে একদিনের জন্য গুরুপূজা কর্তে এসেছি, তা নয়, প্রতিমুহূর্ত্তেই আমাদের গুরু-সেবা করা কর্ত্বব্য

প্রঃ— বৈষ্ণবের ছিদ্র কারা দেখে ?

উঃ—যারা হরিভজন-বিমুখ, যা'দের বাহ্য বিচারে প্রতারিত চক্ষু,কর্ণ,নাসা প্রভৃতি সম্বল, তা'রাই বৈশ্ববের ছিদ্র অন্মেষণ করে। গীতায় শ্রীকৃষ্ণ বলেছেন— ভগবদ্ধক্তের কখনও অমঙ্গল হয় না, তাঁদের কখনও বিনাশ নাই ন মে ভজঃ প্রণশ্যতি। যাঁরা অনন্য ভজন করেন, তাঁরা কি কখনও অধঃপতিত হ'তে পারেন ? তাঁরা নিশ্চয়ই মঙ্গল লাভ করেন। আমাদের দৃষ্টিটা খারাপ এজন্য আমি অপরের দোষ দেখি, তাই নিজে মঙ্গল লাভ কর্তে পারি না।

আমি আধ্যক্ষিক হয়ে পত্লে অধ্যক্ষজ-সেবা হ'তে বঞ্চিত হ'ব— গুরুপাদপদ্ম-সেবা-হ'তে বঞ্চিত হ'য়ে যাব। আমার নিজের অমঙ্গল হওয়ার দরুণই পরের অমঙ্গলের কথা আমার মনে পড়ে আমি নিজে ছিদ্রযুক্ত ব'লেই অপরের ছিদ্রানুসন্ধানে আকৃষ্ট হই। আমার নিজের মঙ্গল ক'রে নিতে পার্লে আর অপরের ছিদ্র দেখ্বার সময় হয় না

প্রঃ— শ্রীগুরুদের কি প্রত্যেক বস্তুতেই বিরাজমান ? উঃ— হা। আশ্রয়জাতীয় গুরুবর্গ বিভিন্ন মূর্ত্তিতে আমাকে দয়া কর্বার জন্য উপস্থিত। ইহারা দিব্যজ্ঞানদাতা শ্রীগুরুপাদপদ্মেরই প্রকাশবিশেষ। বিভিন্ন আদর্শে জগদ্ওকর বিদ্ব প্রতিবিদ্ধিত হ'য়েছে। প্রত্যেক বস্তুতে আমার ওরুপাদপদ্ম প্রতিফলিত। বিষয়জাতীয় কৃষ্ণ অর্দ্ধেকটা, আর আশুয়জাতীয় পূর্ণ প্রতীতি— কৃষ্ণ আর আশুয়জাতীয় পূর্ণ প্রতীতি— কৃষ্ণ আর আশুয়জাতীয় পূর্ণ প্রতীতি— আমার ওরুপাদপদ্ম। চেতনের ভূমিকা-সমূহে যে আশুয়-জাতীয় অপ্রাকৃত প্রতিবিদ্ধ প'ড়েছে তাহাই ভিন্ন ভিন্ন মূর্তিতে আমার ওরুদেব। জীবনব্যাপী ভগবানের সেবা কর্তে হ'বে সর্কেক্ষণ দেখাছেল যিনি, তিনিই ওরুপাদপাদ্ম। সেই ওরুপাদপদ্ম প্রতি জীবহাদয়ে প্রতিবিদ্ধিত হয়েছেন, আশুয়জাতীয়-রূপে প্রতিবন্তুতে তার অবস্থান। তিনি প্রতি বন্তুতেই বিরাজমান।

প্রঃ— হৃদয়ে ভগবৎকৃর্ত্তি কখন হয় ?

উঃ—যদি ভাগাক্রমে চিত্তে শ্রীগুরুপাদপদ্মের ভ্রমণ, পর্যটন দেখতে প'ওয়া যায়, হৃদয়ে যদি শ্রীগুরুপাদপদ্মের দর্শন হয়, তবেই সেই শুদ্ধ চিত্তে ভগবৎ-ফূর্ত্তি হ'য়ে থাকে। যিনি প্রত্যেক ব্যাপারে আমাদিগকে ভগবৎ-সেবা কর্বার জন্য প্রবৃদ্ধ করেন, তার সেবা বা প্রসন্নতা বাতীত ভগবৎ-সেবা লাভের আর উপায় নাই।

প্রঃ— পূর্ণভাবে শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় না ক'রদ্রে কি ঠক্তে হবে ? উঃ— নিশ্চয়ই। আমরা মনে করি— আমরা গুরুর নিকট মন্ত্র পেয়েছি, কিন্তু যদি প্রকৃতপ্রস্তাবে পূর্ণভাবে গুরুপাদপদ্ম আশ্রয় কর্বার জন্য প্রস্তুত না হই তা'হলে যে পরিমাণ কপটতা কর্লাম, সেই পরিমাণে ঠকে যাছি

প্রঃ— জড়ার্ভিনিবেশ হ'তে কে আমাকে রক্ষা কর্তে পারেন ? উঃ— শ্রীগৌরাঙ্গের নিজজন শ্রীগুরুদেবই সংসার-রূপ মৃত্যুর হ'ত হ'তে আমাদিগকে রক্ষা করেন। কে গুরু, কে লঘু, আমরা তা' বিচার কর্বো। যিনি সকল গুরুর একমাত্র আরাধ্য বস্তু, সেই পূর্ণবস্তুর সেবা যিনি অনুক্ষণ করেন, তিনিই গুরু। সেতার শেখান গুরু বা কস্রৎ শেখান গুরুর কথা বল্ছি না, তা'রা মৃত্যুর হাত হ'তে রক্ষা করতে পারে না। ভাগবতের একটা শ্লোকেও পাই— সে গুরু গুরু নয়, সে পিতা পিতা নয়, সে মাতা মাতা নয়, সে দেবতা দেবতা নয়, সে স্বজন স্বজন নয়— যিনি আমাদিগকে নিতা-জীবন দিতে না পারেন— এ জড়জগতে মভিনিবেশরপ অজ্ঞানমৃত্যু হ'তে রক্ষা করতে না পারেন।

অজ্ঞতা হ'তেই মৃত্যু-মুখে পতিত হই, নিজ্ঞতা হ'তে মৃত্যুমুখে পতিত হই না। এখানে যে বিদ্যা অর্জ্জন করি, পাগল হ'য়ে গেলে, পক্ষাঘাত গ্রন্থ হ'লে বা মরণের পরে আর সে বিদ্যার মূলা থাকে না। বাস্তব সত্যের যদি অনুসন্ধান না করি তা' হ'লে আমরা অচেতন হয়ে যাই। যিনি মৃত্যু হ'তে উদ্ধার করতে না পারেন, তিনি ক্যেকদিনের জন্য ভোগা দেওয়ার লোক। যিনি বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ প্রভৃতি ইন্দ্রিয়ের প্রেরণায় আমাদিগকে লুব্ধ ক'রে থাকেন তিনি বঞ্চক। কিন্তু যে শ্রীশুরুপাদপদ্ম এ সকল বঞ্চনা হ'তে রক্ষা কর্তে পারেন, প্রত্যেক বর্ষ-পারন্তে, প্রত্যেক মাস-প্রারন্তে, প্রত্যেক দিবস-প্রারন্তে, প্রত্যেক মুহুর্ত্তের প্রারন্তে সেই গুরুপাদপদ্মের সেবা করাই কর্ত্ব্য।

थः — ङगवान्तक किङात डाक्ट शत ?

উঃ—শ্রীগৌরসুন্দরের বাণী এই যে, ভগবান্কে ডাক্তে হ'লে তৃণাদপি সুনীচ হ'তে হ'বে। একজন নিজের ক্ষুদ্রতা উপলব্ধি না কর্লে অপরকে ডাকেন না। যখন আমরা অন্যের সাহায্য-প্রার্থী হই, তখন নিজেকে অসহায় মনে করি— আমার দ্বারা কোন কার্য্য সম্পন্ন হচ্ছে না, অতএব অন্যের সাহায্য গ্রহণ করা ছাড়া উপায় নেই। পাঁচজন মিলে যে ক্যিটি করতে হ'বে, তা কেবল নিজের দ্বারা সম্ভবপর নয়। শ্রীগৌরসুন্দর ভগবানকে ডাক্তে বলেছেন, একথা গুরুপাদপদ্মের নিকট হ'তে পাই। ভগবান্কে ডাক্তে ব'লেছেন মানে ভগবানের সাহায্য গ্রহণ কর্তে ব'লেছেন, কিন্তু যখন ভগবান্কে ডাক্ত তুলাত্বে পরিণত

বা নিজের কোন কার্য্য উদ্ধার করিয়ে নেওয়ার জন্য তাঁর সাহায্য গ্রহণ কর্তে চাই, তা' হ'লে তা'তে 'তৃণাদপি সুনীচতা' থাকে না । বাহ্য দৈন্য 'তৃণাদপি সুনচীতা' নয়, সেটা কপটতা। যে-ভাবে ডাক্লে তাঁবেদার-সকল উত্তর দেয়, সে-ভাবে ডাকা ভগবানের নিকট পৌছে না । কারণ তিনি পরম-স্বতম্ব পূর্ণ-চেতনবম্ব, কা'রও বশ্য ন'ন । নিজের অস্মিতাকে নিম্নপট দৈন্যে প্রতিষ্ঠিত না কর্লে পূর্ণস্বতম্বের নিকট আবেদন পৌছে না ।

আর একটি কথা হচ্ছে—তৃণাদপি সুনীচ হ'য়ে ডাকার সঙ্গে যদি সহাওণ-সম্পন্ন না হই, তা' হ'লে ডাকা হয় না। আমরা যদি কোন বস্তুর প্রতি লোভী হ'য়ে অসহিষ্ণুতা দেখাই, তবে তৃণাদপি সুনীচ ডাবের বিরুদ্ধ ভাবাবলম্বন করা হয়। আমরা যদি সম্পূর্ণ বিশ্বস্ত হই—ভগবান্ পূর্ণবস্তু, তা'কে ডাকলে কিছু অভাব হবে না, তা' হ'লে সে সহনশীলতার অভাব হয় না। আর যদি আমরা লোভী হ'য়ে— অসহিষ্ণু হ'য়ে চঞ্চলতা প্রকাশ করি— আমার নিজের কিছু কৃতিত্ব— সামর্থ্য অবলম্বন ক'রে কার্যোদ্ধার কর্ব, এরূপ মতলব এঁটে রাখি, তা' হ'লে ভগবান্কে ডাকা হয় না।

আমরা অনেক সময় মনে করি যে, আমরা অনুগ্রহ ক'রে স্ত বাদি করি— ভগবানকে না ডেকে অন্য কার্য্যেও নিযুক্ত হ'তে পারি, এরপ বৃদ্ধিও সহনশীলতার অভাবের পরিচায়ক। এই সকল মনোভাব হ'তে আমাদিগকে রক্ষা কর্বার জন্য এবং আমরা তৃণাদিপ সুনীচ ভাব হ'তে যেটুকু বঞ্চিত হ'য়ে থাকি, তা' হ'তে রক্ষা কর্বার জন্য রক্ষকের আবশ্যক— সেরূপ দৃশ্প্রবৃত্তি হ'তে রক্ষা কর্বার জন্য আশ্রয়ের প্রয়োজন। ঠাকুর নরোত্তম ব'লেছেন— আশ্রয় লইয়া ভজে, তারে কৃষ্ণ নাহি ত্যজে, আর সব মরে অকারণ।

প্রঃ— গুরুসেনা কি বিশেষ প্রয়োজন ?

উঃ—শ্রীগুরুপাদপদ্মের সেবা সর্ব্বাগ্রে প্রয়োজন জগতে কর্মা, জ্ঞান ও

অন্যাভিলাষ লাভ কর্তে হ'লেও গুরুর আবশ্যক হয়, কিন্তু সেই সকল গুরুর প্রদন্ত বিদ্যা ক্ষুদ্র ফল প্রসব করে। পারমার্থিক শ্রীগুরুপাদপদ্ম সেরূপ ক্ষুদ্র-ফলপ্রদাতা ন'ন। শ্রীগুরুপাদপদ্ম বাস্তব-মঙ্গলবিধাতা। আশ্রয়জাতীয় ভগবান্ শ্রীগুরুদেবের অনুগ্রহ যে মুহূর্ত্তে রহিত হ'য়ে যা'বে সেই মুহূর্ত্তে নানাপ্রকার অন্যাভিলাষ এসে উপস্থিত হ'বে। গুরুনিষ্ঠ বৈষ্ণব যদি আমাদিগকে উপদেশ না দেন—কিভাবে গুরুপাদপদ্ম আশ্রয় কর্তে হবে, কিভাবে গুরুপাদপদ্মের সহিত ব্যবহার কর্তে হ'বে — এ সকল শিক্ষা যদি না দেন, তবে প্রাপ্ত রত্নও হারিয়ে ফেল্তে হ'বে।

প্রঃ—কাহার সঙ্গ করিব ?

উঃ—কৃষ্ণভক্ত-সঙ্গ ব্যতীত অপরের সঙ্গ করা উচিত নয়। কৃষ্ণভক্তগণই মঙ্গলময়, উপাদেয় ও নিত্য। দুঃসঙ্গ দারা অর্থাৎ কৃষ্ণছাড়া অন্যবস্তুর দারা আমাদের সত্য সত্যই অমঙ্গল হয়। সেইজন্য যাহা কৃষ্ণ নহে অথবা যাহা কৃষ্ণভক্তি নহে— এরূপ বিষয়ের আদের করিবে না।

এত হরিকথা শুনিয়াও সংসার বা সংসারাসক্তিকে আপনি এখনও বহুমানন করেন, ইহা দেখিয়া আমি বিস্মিত। ইহা দুর্ভাগ্যেরই পরিচয়। দুঃসঙ্গ হইতে কৃষ্ণ-লাভ হয় না। দুঃসঙ্গ ত্যাগ করিয়া সাধুসঙ্গ বরণ হইতেই হরিলাভ ঘটে, একথা মনে রাখিবেন।

বিষয়কে কৃষ্ণ-সম্বন্ধে নির্বান্ধিত করিয়া দেখিলে তাহা জীবের কোন ক্ষতি করিতে পারে না। জগৎ জগদীশ্বরের সেবার উপকরণ। কিন্তু হরি-সম্বন্ধীয় বস্তুকে নিজ ভোগ্য বিষয়-জ্ঞান করিলে জড়াসক্তি প্রবল হইয়া জীবের সংসার হইবে।

প্রঃ -- সবই কি ভগবানের দয়া ?

উঃ—দয়াময়ের সবই দয়া। শ্রীগৌরসুন্দর আমাদিগকে নানাপ্রকার অসুবিধা ও সঙ্গের মধ্যে রাখিয়া নানাভাবে পরীক্ষা করেন। সেই সকল পরীক্ষায় উত্তীর্ণ হওয়া জীবের ভাগ্যের উপর নির্ভর করে। শ্রীগৌরহরি দয়া করিয়া অন্তর্যামীরূপে নিতাসতা নিষ্কপট বাজিকে জানাইয়া দেন। যাহারা নিষ্কপটে হরি-গুরুপাদপদ্ম আশ্রয় করিয়াছেন, তাহাদের কোনদিনই বিপথে গমনকারিগণের ভ্রমময় বাকো শ্রন্ধা উদিত হয় না। দুর্ভাগা জীবই কপটবাকা শুনিয়া ভ্রান্ত হয়। ভরসা শ্রীমন্মহাপ্রভুর শ্রীচরণকমল।

সবর্বদা শ্রীটেতনাচরিতামৃত পড়িরেন এবং প্রকৃত অর্থাভিজ্ঞ বৈষ্ণাবের নিকট তাহার ব্যাখ্যা তনিবেন। আপনি নিরপরাধে নিঃসঙ্গে হরিনাম করিতে থাকুন এবং শ্রীটেতনাচরিতামৃত, প্রার্থনা, শরণাগতি পড়িতে থাকুন, ইহাতেই আপনার মঙ্গল হইবে। সাধুসঙ্গে হরিনাম করিলে গৌরহরি দয়া করিবেন।

প্রাংশ মন্ত্রাসিদ্ধি ও ভব্তিসিদ্ধির মধ্যে বৈশিষ্ট্য কি ?
উঃ — মন্ত্রাসিদ্ধি হইলে সংসার হইতে মুক্তি হয়। তখন শুদ্ধভক্তি,
সাধনভক্তি বা নিষ্ঠাভক্তি হয়। তৎপূর্কের সাধনক্রিয়া বা ভজনক্রিয়া।
আগে হয় মুক্ত তবে কর্ম্মবন্ধ নাশ। তবে সে ইইতে পারে শ্রীকৃষ্ণের
দাস। মন্ত্রসিদ্ধি হইলে সাধক মুক্ত হয়। তখন আর প্রাকৃত অহন্ধার
থাকে না। তখন হইতেই নিদ্ধাম হইয়া ভগবৎ-সুখার্থ ভগবৎ-সেবা
করিবার সৌভাগা হয়। ইহাই শুদ্ধ দাসা বা শুদ্ধভক্তি।

মন্ত্রসিদ্ধিতে মুক্তি হয় আর ভক্তিসিদ্ধিতে প্রেম হইয়া থাকে। প্রেমিক ভক্তই সিদ্ধভক্ত বা মহাভাগবত।

মন্ত্রসিদ্ধিতে মুক্তি হয় কিন্তু ৰামাভাসেই মুক্তি হইয়া থাকে। শ্রীকৃষ্ণনাম মুক্তকুলের উপাসা। শাস্ত বলেন—

কৃষ্ণমন্ত্র হৈতে হ'বে সংস্থার-মোচন। কৃষ্ণনাম হৈতে পাবে কৃষ্ণের চরণ॥ (তৈঃ চঃ)

প্রঃ—যাহার অর্থের প্রতি লোভ আছে, তাহার সঙ্গ কি পরিত্যাজ্য ? উঃ—অর্থ অনর্থের মূল। অর্থ ভগবৎ সেবায় লাগাইতে পারিলেই মঙ্গল; নতুবা অর্থ দ্বারা অমঙ্গল বা সংসারই হইবে। এজন্য হরিভজনকারী সজ্জনগণ নশ্বর অর্থে লুব্ধ হইবেন না। নিত্য-অর্থ বা পরমার্থের প্রতি লোভই দরকার। কোন মঙ্গলাকাঞ্জীর যেন অর্থের প্রতি আসক্তি না হয়। কারণ অর্থাসক্তি থাকিলে পরমার্থে আসক্তি হইবে না। তৎফলে জীবন বৃথা যাইবে। যে সকল ব্যক্তির অর্থলোভ আছে, সেই সকল ভগবিষমুখ ব্যক্তির মুখদর্শন যেন জীবনের শেষ কয়টা দিন আর করিতে না হয়, এই আশীবর্গাদ করিবেন।

প্রঃ— সকলে মিলিয়া মিশিয়া সেবা করাই কি ভাল ?

উঃ—হা। আমরা সকলে মিলিয়া মিশিয়া একতাৎপর্য্যপর হইয়া গুর্বানুগতো হরিসেবা করিব। সকলের সহিত বন্ধুত্ব রাখিয়া গুরুনিষ্ঠ ভক্তগণের সঙ্গে হরিসেবায় নিযুক্ত থাকা আমাদের কর্ত্তবা। আমরা সকলে ভগবৎ-সুখার্থ সতত হরিসেবায় ও গুরু- সেবায় নিযুক্ত থাকিব। নিজ সুখের জন্য ব্যস্ত হইতে গিয়াই জীব কৃষ্ণসেবা বিস্ফৃত হয় এবং তদ্ধেতু দুঃখ পায়। এজন্য সর্বাদা শরণাগত হইয়া সেবোনাখ থাকাই মঙ্গল।

প্রঃ— সাংসারিক কষ্টও কি ভগবানের দয়া ?

উঃ—দয়াময়ের সবই দয়া। It is all for the best. ভগবান্ যা করেন, সবই মঙ্গলের জন্য। করুণাময় ভগবান্ যাহাকৈ যখন যেখানে রাখেন তিনি তখন অদ্বানবদনে সেখানে থাকিয়া ভগবানের পুরস্কার বা তিরস্কার গ্রহণ করিবেন। ভগবানের যাবতীয় পুরস্কার বা তিরস্কার মঙ্গলের জন্য বিহিত হয়। ভগবানের মায়াশজির পুরস্কার জিনিষটাকে আমরা আদ্র করি, আর তাঁহার তিরস্কারগুলি আমাদিগকে নানাপ্রকারে যাতনা দেয়। মায়ার এই দও ভগবানের কৃপা-প্রসাদ লাভ করিবার উদ্দেশ্যেই বিহিত হয় বলিয়া তাহাও ভক্তগণ আদর করেন,তাহা অদ্বানবদনে সহিষ্ণুতার সহিত ভগবৎ-কৃপা বলিয়া গ্রহণ করেন।

যাহারা সাংসারিক অমঙ্গলকে ভগবানের দয়া বলিয়া বুঝিতে না পারেন তাহারা পুনরায় জগতের উন্নতি, সুখ প্রভৃতি অস্থেষণ করিতে গিয়া পরিশেষে নিক্ষলতা লাভ করেন। প্রঃ— যেখানে ভক্তগণ থাকেন, সেখানকার সকল লোক ভাল হয় না কেন ?

উঃ— যেখানে আলো সেখানে অন্ধকার থাকে না সত্য, কিন্তু আলোর নীচেই অন্ধকার দৃষ্ট হয়। যেখানে আলোক সেখানেই কিছু না কিছু অন্ধকার: যেখানে পুণ্য সেখানেই অপাশ্রিতভাবে কিছু না কিছু পাপ থাকার আবশ্যকতা আছে। অন্ধকার না থাকিলে আলোর ঔজ্জ্বল্য বাড়ে না। মূর্থতা আছে বলিয়াই পাণ্ডিত্যের উপযোগিতা বোধ হয়। দুঃখ না থাকিলে সুখের প্রয়োজনীয়তা উপলব্ধি হয় না।

প্রঃ— আমাদের জীবন কি আদর্শস্থল হওয়া উচিত ?

উঃ— আমাদের আদর্শ চরিত্রে অন্য লোক যা'তে অন্য প্রকার দর্শন না করে, তজ্জন্য আমরা যেন সবর্বদা সতর্ক থাকি। কোমলশ্রদ্ধগণের প্রতিপদেই বিপদ্। তাঁরা অন্তর্দ্ধর্শী নহেন, কেবল বাহ্যাকৃতি দেখিয়াই বিচার করেন।

প্রঃ— আমাদের ব্যধি কি ?

উঃ— নিজসুখার্থ কৃষ্ণেতর বিষয়সংগ্রহই আমাদের মূল ব্যাধি আমরা বিষয়রসে আনন্দ পাই; কিন্তু সকল বিষয়ের সর্বশ্রেষ্ঠ বিষয় যে কৃষ্ণ-তাঁর নামে, তাঁর সেবায় আমরা আনন্দ পাই না, এমনি আমাদের দুর্দেব !

পিত্তরোগীর যেমন মিছরী ভাল লাগে না, হরিবিমুখ বিষয়াসক আমাদেরও তদ্রাপ পরমমধুর কৃষ্ণনাম বা কৃষ্ণসেবা রুচিকর হয় না শ্রীরে বিষক্রিয়া হইলে মধুও তিক্ত লাগে।

মিছরীই পিত্তরোগের ঔষধ। মিছরী খাইতে খাইতে পিত্তরোগ সারিলে যেমন মিছরী মিউবোধ হয়, তদ্রুপ ইচ্ছায় অনিচ্ছায় কৃষ্ণনাম ও কৃষ্ণদেবা করিতে করিতেই বহিন্দুখিতা কমিবে, বিষয়াসজি কাটিবে। তখন ভগবৎ-সেবার মাধুর্য্য অনুভব হইবে। তখন কৃষ্ণনাম-মাধুর্য্য সতঃই প্রকাশিত হইয়া আমাদিগকে চিনায় ইন্দ্রিয়সমূহ-দারা চিনায় বিষয়-বিগ্রহের সেবায় নিযুক্ত করিবে। প্রঃ—পার্থিব অসুবিধায় ভক্তের কি কর্ত্তব্য ?

উঃ— সমস্তই ভগবদিছো। সুতরাং অসুবিধা উপস্থিত হইলে সহনশীল হইয়া ভগবৎ-করুণার প্রতীক্ষা ব্যতীত আর উপায়াম্বর নাই। শ্রীনৃসিংহদেব সর্বেক্ষণই ভক্তগণকে নানা প্রকার অমঙ্গল হইতে রক্ষা করেন: সুতরাং আমাদের ভক্তিতে অবস্থান হইলেই নিজের পোষণ-রক্ষণ চিম্ভা থাকে না। ভগবৎ-প্রপত্তিক্রমে মায়িক জগতের অমঙ্গলসমূহ নিঃশেষিত হয়।

প্রঃ—শ্রীগুরুপাদপদ্ম কি সম্পূর্ণ নিরপেক্ষ ?

উঃ—নিশ্চয়ই। আমার গুরুদের সম্পূর্ণ নিরপেক্ষ, জগতে কাহারও নিকট কোন কৃপাপ্রার্থী ন'ন। সকলে নিষ্কপটে হরিডজন করুন এই তাঁর ওড়েছো। কৃষ্ণেন্দ্রিয়-তর্পণের উপদেশ দেওয়াকেই তিনি সর্ব্বাপেক্ষা অধিক দয়ার কার্যা জানেন। বিষয়ে রুচি বা কাহারও আত্যেন্দ্রিয়-তর্পণযজ্ঞে বাঁতাস দেওয়াকে তিনি কৃপা জান্বার পরিবর্ত্তে ভীষণ হিংসা জ্ঞান করেন।

প্রঃ— ভগবানের কৃপাতেই কি গুরু মিলে ?

উঃ—হাঁ। যদি আমাদের এমন সৌভাগ্য হয় যে, আমরা ভগবদ্ধক্রের সঙ্গ পাই, তা' হ'লে সেই সুযোগ করিয়ে দেবার একমাত্র মালিক— কৃষ্ণচন্দ্র। গুরুর হাত দিয়ে তিনি বরাভয়প্রদ ব্যাপারটাকে প্রদান করেন। যাঁদের কপালের জাের আছে, তাঁরা এই সুবিধাটা পান। যাহার যেরূপ অধিকার, তাহার নিকট তদুপযােগী গুরু উপস্থিত হন।

প্রঃ—গুরুসেবার উপকরণে ভোগবৃদ্ধি করা কি উচিত ?

উঃ— কখনই না । ইহা অপরাধ। কাণ থাক্লে যদি হরিকীর্ত্তন শ্রবণ না হয়, যদি মেপে নেওয়ার ধর্ম্ম প্রবল হয়, যদি আমরা চন্দুকে নিযুক্ত করি— দৃশ্যবস্তুকে মেপে নেওয়ার জন্য, নাসিকাকে নিযুক্ত করি— গন্ধ ভোগ কর্বার জন্য, জিহ্বাকে নিযুক্ত করি— আস্বাদনীয় বস্তুর উপর প্রভুত্ব কর্বার জন্য, ত্বককে নিযুক্ত করি— স্পর্শের উপর আধিপত্য বিস্তার কর্বার জন্য, তা' হ'লে গুরুসেবার উপকরণে আমাদের ভোগবৃদ্ধির উদয় হ'লো, সেব্যবস্তুতে— গুরুতে লঘুজ্ঞান হলো, আমরা মঙ্গল পেলাম না।

প্রঃ— পূর্ণ আত্রসমর্পণ কর্লে কি মঙ্গল হবেই ? উঃ— নিশ্যেই। শ্রীগুরুপাদপদ্ম আমার মুর্খতা, অসম্পূর্ণতা, অসদ বিচারপ্রণালী, আস্থ্রসিদ্ধান্ত প্রভৃতিতে পূর্ণমাত্রায় অভিজ্ঞ। কাজেই আমার যাবতীয় রোগের অবস্থানুযায়ী তিনি ব্যবস্থা করেন। যার নিকট উপস্থিত হলে অন্য কারো কথা শুনবার আবশ্যক বোধ হয় না— অন্য কারো কাছে যেতে হয় না তিনিই সদ্ওক্ত। সকল মঙ্গলের মঙ্গলস্কুপ ভগবান আমার সকল মঙ্গল যাঁর করে অর্পণ ক'রেছেন, আমি যদি সেই গুরুদেবের নিকট শতকরা শত পরিমাণ আমাকে সমর্পণ করি, তা' হ'লে তিনি সম্পূর্ণ মঙ্গল আমাকে প্রদান করেন। আর যদি কপটতা, দ্বিহ্নদয়তা, লোকদেখান মিছাভক্তি বা ভগ্তামি করি, তা' হ'লে তিনি বঞ্চনা ক'রে থাকেন। তিনি বলেন— 'তুমি শিষ্য হও নাই, তুমি শাসন নিবে না, তোমার হৃদয়ে পাপ আছে, কপটলোকের বিচারের কথা শোনার দরুণ বর্ত্তমানে আমার কথা শুনবার মত কাণ তোমার প্রস্তুত হয় নি সূত্রাং তুমি বঞ্চিত হ'লে। তিনি আমার জন্য অমায়ায় যে ব্যবস্থা করেন, তা' নতশিরে গ্রহণ করাই আমার কর্ত্ব্য—এটা হচ্ছে শরণাগতের लक्ष

প্রঃ— আমাদের কোথায় অসুবিধা ঘটিয়াছে ?

উঃ— আমি মঙ্গল চাচ্ছি কিন্তু অমঙ্গলকে মঙ্গল ব'লে ঠিক ক'রেছি।
আমি আমার রোগ উপশমের জন্য অনেক সময় ডাক্তার ডাকি। ডাক্তার
এসে বল্লেন— 'ভূমি এই ঔষধ ও পথ্য গ্রহণ কর'। আমি বল্লাম, আমার
মনের মত— আমার ক্লচির মত ব্যবস্থা করুন, দেখুন তা' হলে ডাক্ডারীটা
কর্লাম আমি। এতে কি রোগ সাড়্বে ? সেইরূপ গুরুর কাছে এসে যদি
তার কথা না শুনে নিজের খেয়ালেই চলি, তা হ'লে মঙ্গল কি ক'রে
হবে? এজন্য খোসামুদে লোককে বৈদ্য বল্লে সুবিধা হ'বে না। আমার
যে যে ঔষধ ও পথ্যে সতা সত্য মঙ্গল হ'বে তা' আমাকে প্রদান না
ক'রে যদি বৈদ্য আমায় খোসামোদ ক'রে আমার মনের মত কথা ব'লে

বা ব্যবস্থা দিয়ে কেবল দর্শনীটা নিয়ে যান, তা'হলে তাতে আমার আপাত ক্ষণিক সুখ হ'বে বটে, কিন্তু ব্যাঞ্চি সার্বে না।

প্রঃ— ভক্তি কি ক'রে লাভ হয় ?

উঃ— ভক্ত-সঙ্গে ভক্তি লাভ হয়, অন্য উপায়ে ভক্তি হয় না। কৃষ্ণপ্রাপ্তিই জীবের সর্ব্বাপেক্ষা মঙ্গল। মহাভাগ্যফলে তাহা লাভ হয় ব্রক্ষাণ্ড -দ্রমণের বাসনা শেষ হ'লে জীব ভাগাবান হন।

গুরুর অনুগ্রহবলে আত্মধর্ম প্রকাশিত হ'লে জীবের ভক্তি- বীজ লভ্য হয়। গুরুর কৃপা ও কৃষ্ণের কৃপা আলাদা নয়। প্রসাদ—যা প্রকৃষ্টরূপে আনন্দিত হ'য়ে প্রদত্ত হয়, সেই অনুগ্রহ। শ্রীগৌরাঙ্গদেব ব'লেছেন—

> ব্ৰক্ষাও ভ্ৰমিঙে কোন ভাগ্যবান্ জীব। গুৰুকৃষ্ণ — প্ৰসাদে পায় ভক্তিলতা-বীজ

ভূত্য হ'য়ে প্রভূকে সেবা করাই হ'লো ভক্তি ভক্তি জিনিষটি প্রভূর সুখবিধান। নিজ-সুখার্থ প্রভূসেবা ভক্তি-পদবাচ্য নহে।

গুরুর নিকট থেকেই এই ভিক্তিবীজ লাভ হয়। মালী হ'য়ে এই বীজ হৃদয়-ক্ষেত্রে আরোপণ ক'রে তা'তে শ্রবণ-কীর্ত্তন -জল সেচন কর্তে হ'বে।

আমি সেবক, আমার সেবন-ধর্ম—এই বিচারে প্রতিষ্ঠিত হওয়াই মালী হওয়া। ভিজ্লতার বীজ—যা' গুরুর নিকট হ'তে প্রাপ্ত হ'লাম—য়া আহতুকী কৃপাবশতঃ কৃষ্ণ নিজেই গুরুরূপে প্রদান কর্লেন, সেই বীজ পেয়ে আমি কৃষ্ণ-সেবাই কর্বো। তা' না ক'রে যদি সেবায় উদাসীন হই. তবে অসুবিধায় পড়ে যাব। শ্রীগুরুপাদপদ্মের কৃপাবলে ভজনের বাধা অবশাই অপসারিত হবে। ভজনের বাধা অপসারিত হ'লে সুবিধা হবে।

গুরুমুখ হ'তে ও সাধুগণের নিকট হ'তে শ্রবণ হয়। সাধুগুরুর নির্দেশ্মত পাঠাদি কার্মাও শ্রবণের অন্তর্গত। শ্রীগুরুপাদপদ্ম হ'তে মুহূর্তের জনাও বিচ্যুত হ'লে নানা অসুবিধা অনিবার্যা। শ্রবণ- কীর্ত্তন হলো জল; সেচনকারী—গুরুপাদপদ্মাশ্রিত ব্যক্তি। বিশ্রম্ভের সহিত সর্ব্বদা শ্রীগুরুপাদপদ্মের সেবনই একমাত্র কৃত্য।

সাধু-গুরুর সঙ্গ করাই কর্ত্তব্য। ভক্তি-লতাকে স্বত্তে পালন করা দরকার। সুষ্ঠুভাবে ভগবানের সেবা কর্তে হবে— এই বিচার হ'তে বিচাত হ'লে নানা অসুবিধা এসে যাবে।

প্রঃ—আমরা জীবিত, না মৃত ?

উঃ—জীব ভগবৎ-সেবক । ভগবৎ-সেবাই ত'ার ধর্ম। সেবাই চেতনের উদ্বুদ্ধ অবস্থা বা জীবিতাবস্থা। ভগবৎ-সেবাকারীই জীবিত: সেবা-বিমুখ ব্যক্তিই মৃত।

কৃষ্ণ-কার্ম্ণ-সেবা ব্যতীত কাহারও অন্য কোন কৃত্য নাই। জীব তরু-কৃষ্ণের দাস। যথেচ্ছাচারিতায় জীবনের সদ্মবহার পাওয়া যায় না—জীবন্যুত অবস্থা মাত্র লাভ হয়। কর্ম্মকাণ্ডে প্রবৃত্তিবিশিষ্ট ব্যক্তি মৃত; মরে যাওয়ার দরুণই অসৎকার্য্যে প্রবৃত্তি, সত্য কথায় অমনোযোগিতা। বাস্তববস্তুর অনুশীলনে বঞ্চিত থাকাই মৃত-অবস্থা। যে কৃষ্ণাধীন না হইয়া মায়ার অধীন হ'য়ে আছে, সে জীবন্যুত। শারীরিক ও মানসিক সম্পদে সমৃদ্ধ হবার চেষ্টা আত্মার ধর্ম্ম নয়, সেটা প্রাণহীনের বা অচেতনের কার্য্য—অজ্ঞানের কার্য্য। ভক্তিই একমাত্র সৃথ, অন্যগুলি সুথের অভাব। ভোগী ও ত্যাগী উভয়েই মৃত—উভয়েই দুঃখী—উভয়েই অশান্ত। নিদ্ধাম ভক্তই জীবিত, সুখী ও শান্ত।

প্রঃ— কে সিদ্ধি লাভ কর্বেন ?

উঃ— শ্রৌত-পদ্থীই সিদ্ধিলাভ কর্বেন। তর্কের কোনদিন প্রতিষ্ঠা নাই। শ্রৌতপথ নিত্য সম্প্রতিষ্ঠিত। যিনি সর্ক্রদা ২৪ ঘণ্টার মধ্যে ২৪ ঘণ্টা। হরিকীর্ত্তন করেন, তিনিই সিদ্ধিলাভ কর্তে পারেন।

প্রঃ—বহু ব্যক্তিকে গুরুর সমান মনে করা কি উচিত ?
উঃ—না। গুরুর অবজ্ঞা কর্তে নাই—শ্রৌতবাণীর নিন্দা কর্তে নাই—বহু

ব্যক্তিকে গুরুর ন্যায় পূজ্যজ্ঞানে গুরুপাদপশ্মের অবজ্ঞা কর্তে
নাই—অদ্বয়জ্ঞান ব্রজেন্দ্রনন্দনের আশ্রয় ব্যতীত জীবের অন্য মঙ্গল নাই।

আমার শ্রীগুরুপাদপদ্ম দয়ার সাগর: তাঁর দয়াসিদ্ধুর একবিন্দু আমাকে আনন্দসাগরে মগ্ন কর্তে পারে।

শ্রীগুরুদের কতই না দয়া ক'রে আমাকে বল্তেন— তোমার পাণ্ডিতা, তোমার পবিত্রতা, তোমার আভিজাত্য প্রভৃতি সব পরিত্যাগ ক'রে আমার কাছে এস, আর কোথাও যেতে হবে না, তোমার যত ঘর, বাড়ী,প্রসাদ,সৌধ দরকার আছে—যত পাণ্ডিত্য,প্রতিভার দরকার আছে—যত সংযম, সন্মাসের দরকার আছে, সব পাবে, তুমি কেবল আমার কাছে এস। ঘর হউক,দোর হউক, পাণ্ডিত্য হউক—এরূপ বুদ্ধিতে দৌড়ো না—সাধারণ লোক যাকে প্রয়োজন মনে করছে, তা'কে প্রয়োজন মনে ক'রো না।

## প্রঃ—সাধু কি করেন ?

উঃ—সাধুগণের কর্ত্তব্য হচ্ছে—জীবের যে-সকল সঞ্চিত দুষ্ট বুদ্ধি আছে. তা' ছেদন ক'রে দেওয়া। সাধু মানেই হচ্ছে—তিনি একটা খড়া হাতে নিয়ে যূপকাষ্ঠের নিকট দণ্ডায়মান রয়েছেন, মানুষের ছাগের ন্যায় যে বাসনা, সেই বাসনাকে বলি দিবার জন্য বাক্যায়ররপ তীক্ষ্ণ খড়ের দারা। সাধু কা'রও তোষামোদ করেন না। সাধু যদি আমার তোষামুদে হন, তা হ'লে তিনি আমার অমঙ্গলকারী—আমার শক্র।

বৈশুবগণের অসৎসঙ্গ কর্বার প্রবৃত্তি নাই, তবে অসৎসঙ্গিগণের মঙ্গলের জন্য বৈশ্ববণণ বাক্যান্ত্র-দ্বারা অসৎসঙ্গীদিগের অসৎ-প্রবৃত্তি পরিহার করাইয়া তা দিগকে সৎসঙ্গে আনয়ন করেন

আমরা যদি নিষ্কপটে গুরুপাদপদ্ম আশ্রয় করি, তা' হ'লে ভগবৎ-সাক্ষাৎকার একজনোই হ'বে।

প্রঃ—শ্রীবিগ্রহ কি বম্ভ ?

উঃ— খ্রীবিহাহ অর্চাবতার।প্রতিমা নহ তুমি সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন। আপনি

শ্রীবিগ্রহ দেখ্বেন, পুতুল দেখ্বেন শ। বদ্ধ-জীবের ন্যায় শ্রীবিগ্রহের দেহ-দেহীতে ভেদ নাই। শ্রীবিগ্রহ-সচ্চিদানন্দাকার পরমকৃপাময় ভগবদবতার।

शः - मर्क्त भूषं উপामना कि ?

উঃ—মধুররসে নন্দনন্দনের সেবাই সকল-সাধন-শ্রেষ্ঠ ও সাধ্য-শ্রেষ্ঠ।
নন্দনন্দনের উপাসনাই উপাসনার পরাকাষ্ঠা। গোপললনাগণ নন্দনন্দনের
ঐশ্বর্যে মুগ্ধ হইয়া তাহাকে কান্তরূপে বরণ করেন নাই, কৃষ্ণের কোন
ঐশ্বর্য ব্রজরামাগণকে আকৃষ্ট করে নাই। কৃষ্ণের প্রতি তাহাদের স্বাভাবিকী
প্রীতি। কৃষ্ণের সুখই তাহাদের একমাত্র কাম্যা, সেই আহৈ কুকী মহতী
কামনাই কৃষ্ণকে কান্তরূপে বরণ করিয়াছে।

প্রঃ—চিত্ত স্থির কর্বার সহজ উপায় কি ?

উঃ—একমাত্র কৃষ্ণ-নামকীর্ত্তনের দ্বারাই মন নিগৃহীত হ'তে পারে। কর্ম্ম-জ্ঞান-যোগাদি-পদ্থায় মনের সাময়িক স্তব্ধভাব পুনরায় প্রতিক্রিয়া আনয়ন করে—অধিকত্রর চাঞ্চল্যসাগরে পাতিত করে।

প্রঃ—আমাদের কি শিষ্য করা উচিত ?

উঃ—শিষ্য কর্তে হ'বে না, শিষ্য হতে হবে অর্থাৎ নিরন্তর গুরু-কৃষ্ণসেবায় নিযুক্ত থাক্তে হবে। বিষ্ণুভক্ত বৈষ্ণাবগণ, সকল বস্তুতেই গুরু দর্শন করেন। বৈষ্ণাব-অভিমান এসে গেলে আর বিষ্ণু-বৈষ্ণাব-সেবা হ'লো না, আমি নিজে কিছু করি না বা কর্বো না, ভগবান্ যা করাবেন তাই কর্বো—এরপ কর্তভাভিমানরহিত, অনুষ্ণা ভগবৎ-সেবারত ব্যক্তিই জীবের মঙ্গল কর্তে পারেন—জীবকে কৃষ্ণোনা্মুখ কর্তে পারেন। মুখে কপটতা ক'রে বললে হ'বে না যে আমি কিছু করি না। বাস্তবিক আমি ভগবৎকর্তৃক চ'লিত এই অনুভৃতি থাকা চাই

প্রঃ—আমি কাহাকেও শিষ্য করি নাই অপরে যাহাদিগকে আমার শিষ্য

ব'লে মনে করেন, তাঁহারা আমার গুরুবর্গ।

অপরের সঙ্গ করা মানে তাহা হ'তে কিছু গ্রহণ করা। আমি শ্রীগুরুপাদপদ্ম হ'তে যাহা পাইয়াছি, তদ্ব্যতীত কাহারও নিকট হ'তে কিছু গ্রহণ করি না। শ্রীগুরুপাদপদ্মের নির্দ্দেশ ব্যতীত অপর কাহারও কথা অনুসারে আমি কোন কার্য্য করি না।

নিজের জন্য কাহারও নিকট হ'তে কিছু গ্রহণ কর্তে নাই। গুরুকৃষ্ণের সেবার জন্য শ্রদ্ধা বা প্রীতির সহিত কেহ কিছু দিলে তাহা সাদরে গ্রহণ ক'রে তদ্বারা ভগবৎ-সেবা কর্লেই মঙ্গল হয়।

কোন বস্তুতে ভোগলোলুপ দৃষ্টি নিক্ষেপ না ক'রে তাহা ভগবং-সেবায় নিযুক্ত কর্বার রহস্য অবগত হ'লেই ভজনরাজ্যে প্রবেশাধিকার হয়।

প্রঃ—প্রকৃত সেব্য কে ?

উঃ—কৃষ্ণই সকলের একমাত্র সেব্য—সমস্ত বস্তুর একমাত্র প্রভু । কৃষ্ণই সকলের একমাত্র স্থা, সকল মাতা-পিতার একমাত্র পুত্র, সকল যোষাকুলের একমাত্র কান্ত । যোষয়তি মোহয়তি ইতি যোষা । কৃষ্ণ যাঁর সেব্যবস্তুরূপে প্রকাশিত হন, তিনি আর অন্য বস্তুর সেবা করেন না ।

সকল কারণের কারণ—কৃষ্ণ। তিনি ব্রক্ষের কারণ, পরমাত্মার কারণ, যাবতীয় বিষ্ণুতত্ত্বের কারণ।

প্রঃ—আমাদের সবচেয়ে বড় কর্ত্রব্যটা কি ?

উঃ—এই মনুষ্য-জন্ম ক্ষণভঙ্গুর ও অতীব দুর্লভ। কাজেই পাষণ্ডতা, অপরাধ বা বৃথা কার্য্যে সময় নষ্ট না ক'রে সকলের সব ছেড়ে হরিভজনেই মন দেওয়া উচিত।

অনেক জন্মের পর এই মনুষ্য-জন্ম লাভ হ'য়েছে, আর এ জন্ম সবচেয়ে দুর্লভ— শুধু দুর্লভ নয়, সুদুর্লভ। ইহা অনিত্য হ'লেও পরমার্থপ্রদ। বুদ্ধিমান্ যিনি, চতুর যিনি, তিনি এই সাধনের দেহটা থাক্তে থাক্তে অন্যান্য বিষয়-কর্ম্ম সব ছেড়ে দিয়ে ক্ষণমাত্র বিলম্ব না ক'রে চরম কল্যাণলাভের চেষ্টা করবেন।

চরম কল্যাণ লাভ কর্তে হ'লে সদ্গুরুপদাশ্রয় কর্তে হ'বে সদ্গুরু আমার বহির্মুখ রুচির অনুকূলে কথা বলেন না, আমাদের সবচেয়ে বড় কর্ত্ব্য — একমাত্র কর্ত্ব্য — নিত্য কর্ত্ব্য যে কৃষ্ণভজন সেই ভগবস্তজনের কথাই বলেন। জগতের লোক আমার রুচির অনুকূলে কথা ব'লে আমাকে আকৃষ্ট কর্ছে—আমার প্রিয় হ'তে চাচ্ছে। কিন্তু যিনি আমাকে ঐভাবে হিংসা কর্তে চান না, সত্যি সত্যি আমার দুঃখে কাতর, আমার ব্যথায় ব্যথিত যিনি, সেই দরদী পরম-বান্ধবই শ্রীভরুদেব। শ্রীমন্তাগবত এইরূপ মুক্ত গুরুদেবের কাছে শরণাগত হ'তে উপদেশ দিয়েছেন—আমার যা' কিছু আছে সব ছেড়ে শ্রীগুরুপাদপদ্মে একান্তভাবে আশ্রয় নিতে ব'লেছেন।

প্রঃ--স্বাধীনতা লাভের উপায় কি ?

উঃ— ভগবানের চরণে শ্রণগ্রহণ ব্যতীত স্বাধীনতা লাভের— শান্তি লাভের অন্য উপায় নাই তর্কানুগত্যে অধ্যেক্ষজ পূর্ণ পুরুষের অধীনতাই স্বতন্ত্রতার সন্ব্যবহার, তাহাই পূর্ণ স্বাধীনতা,প্রকৃত স্বাধীনতা— জীবের নিত্য স্বভাব বা ধর্ম।

প্রঃ—কি ক'রে নিজেকে জান্তে পার্বো ?

উঃ—আমি কৃষ্ণদাস কিন্তু কৃষ্ণদাস্যে আমার বর্ত্তমান সময়ে সম্পূর্ণ অধিকার হচ্ছে না। বর্ত্তমানে আমি কৃষ্ণের সানিধ্য লাভ কর্তে অসমর্থ, ভগবজ্জ্ঞানের কথা জান্তে অক্ষম। সূত্রাং আমার আবশ্যক হ'ছে—আমি যে কৃষ্ণদাস, এটা জান্বার জন্য ষোল আনা যত্ন করা। সাধুসঙ্গ না হ'লে—কৃষ্ণপাদপরে শরণাগত না হ'লে কেহ নিজের বৃদ্ধি দিয়ে নিজেকে জান্তে পারে না।

প্রঃ—শ্রীচৈতন্যদেব কি ক'রেছেন ?

উঃ—মানুষের সর্বাস্থ—সমগ্র পৃথিবীর লোকের সর্বাস্থ যা'তে কৃষ্ণ-পাদপদ্ম-

সেবায় নিযুক্ত হয়, শ্রীচৈতন্যদেব সেই উপদেশ দিয়েছেন। শ্রীচৈতন্যমহাপ্রভুকৃষ্ণ হ'য়েও ভক্তের ভাব নিয়ে কৃষ্ণকে জানিয়েছেন—নিজে আচরণ ক'রে কৃষ্ণসেবা শিক্ষা দিয়েছেন। কৃষ্ণের পার্ষদ ভক্ত শ্রীরূপ প্রভু মহাপ্রভুকে এইভাবে স্তব ক'রেছেন—

> নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেমপ্রদায় তে। কৃষ্ণায় কৃষ্ণচৈতন্যনামে গৌরত্বিষে নমঃ॥

হে শ্রীকৃষ্ণচৈতন্য ! তুমি মহাবদান্য । তুমি তথাকথিত শিক্ষামন্দির স্থাপন কর্ছ না, তথাকথিত অনাথ-আশ্রম স্থাপন কর্ছ না, তুমি পূর্ত্তকার্য কূপ-খননাদি কর্ছ না, হাঁসপাতাল কর্ছ না, কিন্তু তুমিই জগতে প্রকৃত পারমার্থিক শিক্ষামন্দির স্থাপন ক'রেছ, তুমিই প্রকৃত অনাথগণের আশ্রয়স্থল, তুমিই ভক্তিরসামৃতিসিন্ধু আবিষ্কার ক'রেছ, তুমি গৌড়ীয়-হাঁসপাতাল অর্থাৎ ভবরোগ-চিকিৎসাগার স্থাপন ক'রেছ, তোমায় দয়া অমন্দোদয়া দয়া। জগতের দয়া মন্দ উদয় করায় কিন্তু তোমার দয়া জীবের সমস্ত ওভ এনে দেয়, তাই তুমি মহাবদান্য। তুমি কৃষ্ণপ্রীতির প্রকৃষ্ট প্রদানকারী, আত্রায় যে সহজ সেবা-বৃত্তি আছে, তা'র সেব্য তুমি। আকর্ষক তুমি চেতনের উন্যোধের জন্য মহাবদান্য-লীলা প্রকাশ কর্তে এসেছ।

হে শ্রীকৃষ্ণটেতন্য ! তুমি সবিশেষ পূর্ণ চিদানন্দ-বিগ্রহ। তোমার নিত্য নাম, রূপ,গুণ,লীলা রয়েছে। তুমি শক্তিমদ্-বিগ্রহ কৃষ্ণ। তোমার যে শক্তিষারা জগদ্বাসী সকলে মোহিত হচ্ছে, সেই শক্তির নাম ভুবনমোহিনী মহামায়া, সেই শক্তির শক্তিমদ্বস্তু কৃষ্ণ--ভুবনমোহন। সেই ভুবনমোহনকেও যিনি মোহিত করেন, তিনি ভুবন-মোহনমোহিনী শ্রীরাধিকাসুন্দরী। তুমি শ্রীরাধিকার ভাবকান্তিতে বিভাবিত। তোমার এই উদার্য্যময়ী লীলায় কৃষ্ণের চিত্তবৃত্তিতে যে রাধারমণভাব সেই ভাব নাই। কৃষ্ণের পূর্ণ-সেবাময়ী মূর্ত্তি যে রাধা, তার চিত্তবৃত্তিতে, তাঁর ভাবেই তোমার চিত্ত বিভাবিত।

তুমি কৃষ্ণপ্রেমপ্রদানকারী ব'লে মহাবদান্য। তুমি প্রেমময়বিগ্রহ, প্রকৃষ্ট প্রেম প্রদান কর্তে এসেছ। তুমি কৃষ্ণই।

প্রঃ—সাধুসঙ্গ কি ক'রে হ'বে ?

উঃ—মনোযোগ দিয়ে হরিকথা শ্রবণ দারাই সাধুর প্রকৃষ্ট সঙ্গ হয়। সাধুগণের প্রকৃষ্ট সঙ্গ হ'লে ভগবানের বীর্য্য ও জগতের দৌবর্বল্যের কথা আমরা বৃষ্তে পারি। আমরা তখন সাধুগণের কথামত সেবা কর্তে কর্তে কৃষ্ণ-সেবায় সৃদৃঢ় বিশ্বাস, আসক্তি ও প্রীতি লাভ করতে পারি। কৃষ্ণসেবায় ও কৃষ্ণে প্রীতিই জীবের চরম প্রয়োজন।

প্রঃ—শ্রেয়ঃপথে কি বিঘু থাকেই ?

উঃ—প্রেয়ঃকামী বর্ত্তমানে সদ্য সদ্য কোন অসুবিধায় পড়েন না বলে মনে হয়। কিন্তু শ্রেয়ঃকামীর বর্ত্তমানে কিছু অসুবিধা দেখা যায়, সেই অসুবিধাটুকু স্বীকার কর্তে হবে। এরপ অসুবিধা স্বীকার করাকে সহ্যত্তণ বলা হয়।

প্রঃ—বিবর্ত্ত কাহাকে নলে ?

উঃ—যে বস্তু যাহা নয়, তা'কে সেই বস্তু ব'লে ধারণা করার নাম বিবর্ত্ত। যেমন রজ্জুতে সর্প-ভ্রম।

শরীরটাই আমি—একথা শ্রীচৈতন্যদেব বলেন না । তিনি বলেন— দেহে আতাবুদ্ধি হয় বিবর্তের স্থান।

দেহ ও দেহী ভিন্ন। দেহী proprietor (মালিক) আর দেহ হ'লো property (সম্পত্তি)। দেহ দুই প্রকার , Subtle and gross (সৃদ্ধ ও স্থূল)। এই দুই দেহের Ownership (মালিকানা-স্বত্ব) আত্মার। মন চেতনাভাস, দেহ চেতনবিহীন। এই দুই প্রকার দেহে আমরা 'আমি'-বৃদ্ধি করি—ইহাই বিবর্ত্ত বা misconception.

প্রঃ—চেতন ও অচেতনে ভেদ কি ?

উঃ—অচিদ্ বস্তু–অচেতন বস্তু—জড় বস্তু initiative নিতে পারে না।

তা'র knowing (জ্ঞানশক্তি), willing (ইচ্ছাশক্তি) এবং feeling (অনুভবশক্তি) নাই। জড় বস্তু respond কর্তে পারে না, কিন্তু চেতন তা' পারে। আমাদের ভিতর, পত্তর ভিতর চেতন আছে, বৃক্ষের ভিতর অল্পমাত্রায়।

थः—मानुष कि भत-जगरजत कथा वन्र भारत ?

উঃ—পরজগৎ হ'তে আগত ব্যক্তিই পরজগতের কথা বল্তে পারেন। এ জগতের কোন লোক পরজগতের কথা বল্তে পারে না। পরজগৎ হ'তে আগত মহাপুরুষের শ্রীমুখে ভগবৎকথা শুন্বার সৌভাগ্য হ'লেই জীব বৈকুষ্ঠের সন্ধান পায়। ইহজগতের বিচার-প্রণালী দ্বারা পরজগতের বস্তু গ্রহণ করা যায় না। Transcedental-এর (অধোক্ষজের) সহিত Phenomenal (অক্ষজ) এক করা উচিত নহে। কপাল ভাল হ'লে বৈকুষ্ঠ হতে আগত মহাপুরুষের সন্ধান মিলে। তাই শ্রীচৈতন্যদেব ব'লেছেন—

> কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। ওরু-অর্ন্ত্র্যামীরূপে শিখায় আপনে॥

প্রঃ—সকলে পরমার্থ-কথা ধর্তে পারেন না কেন ?

উঃ—ভাগ্য না থাক্লে কি ক'রে ধর্বে ? সংস্কার থাকা চাই ত' ? যাঁরা ভাগ্যবান্ তাঁরা প্রণত হ'য়ে এ সব কথা শুনেন্, তাই তাঁরা ভগবৎ-কৃপায় বুঝ্তে পারেন। আর যারা Hasty conclusion -এ (দ্রুত সিদ্ধান্তে) উপনীত হয়, তা'রা সত্যবস্তু-গ্রহণে অসমর্থ। পূর্ণ জ্ঞানের অনুশীলনের জন্য তারা অল্প সময়ও দিতে পারে না। আমরা বাল্যকাল হ'তে যে সমাজে লালিত-পালিত, তা'তে materialism (জড় ভাব) এত বেশী যে, নিত্যে জীবনের আলোচনার জন্য এক মুহূর্ত্তও দিতে পারি না, ব্যবহারিক কার্য্যেই আমাদের ২৪ ঘন্টা ব্যয় হয়ে যায়। নিজে যে কি বস্তু . তা' জান্বার জন্য আমরা চেষ্টা করি না। কিন্তু মানবজীবনের ২৪ ঘন্টাই পারলৌকিক বিচারে ব্যয় করা কর্ত্তব্য : বুদ্ধিমানের কর্ত্তব্য নহে যে—তিনি তাঁর অমূল্য জীবন নিজ ইন্দ্রিয়-তৃপ্তির জন্য ব্যয় করেন

প্রত্যেকে নিজ নিজ মঙ্গল অনুসন্ধান কর্বেন—স্বার্থপর হবেন কিন্তু সংসারে অধিকাংশ লোক অপস্থার্থে— ইতর কার্য্যে নিযুক্ত—বালক খেলায়, যুবক সংসার-ধর্মে এবং বৃদ্ধ সম্পত্তি ও দেহরক্ষার জন্য যে অনুক্ষণ যত্ন করে, তা'তে নিজের স্বার্থে উদাসীনতা দেখা যায়। জগতের লোক জাগতিক স্বার্থ সংগ্রহের জন্য নিত্য স্বার্থে উদাসীন, কি দুঃখ!

কেহ কেহ বলেন—বর্ত্তমান স্বার্থের জন্য—আত্মার মঙ্গলের জন্য চিন্তা করা আবশ্যক নহে। ভবিষ্যতের কথা—'ক্ষেত্রে কর্ম্ম বিধীয়তে': পরস্ত্র তাহা ঠিক নহে। কারণ বাল্যকালে বিদ্যাশিক্ষা না কর্লে যৌবনে অসুবিধা ভোগ কর্তে হয়।

যিনি সমাজের মঙ্গল কামনা করেন, তিনি নিজের স্বার্থের সহিত (মঙ্গলের সহিত) অপরের বাস্তব স্বার্থ বা মঙ্গল চিন্তা কর্বেন। চেতনের ধর্ম্ম ভগবৎ-সেবা যাহাতে ভোগাদিদ্বারা বাধাপ্রাপ্ত না হয়, তজ্জন্য চেষ্টা করা কর্ত্ব্য। অনেকে বল্তে পারেন, পাপ কার্য্য ত্যাগ ক'রে পুণ্য করা উচিত: কিন্তু ইহাই শেষ কথা নহে। মানব বাস্তবিক বৃদ্ধিমান্ হ'লে মানবের তাৎকালিক কার্য্যের সঙ্গে নিত্য অবস্থানের কি সম্বন্ধ, তাহা প্রতি পদে পদে বিচার করা কর্ত্ব্য। ইহাতে পরাজ্ম্ব হ'লে আমরা অসুবিধায় পড়বো। কালে কার্য্য কর্লে ভবিষ্যতে লাভ হয়।

সময়ের যথার্থ সদ্যবহার না কর্লে অসুবিধা হয়। বৃদ্ধকালে পরলোকের অ'লোচনা কর্বার অভিলাষী ব্যক্তি সংসারের চিন্তায় বিব্রত থাকায় কোন উপকার পায় না।

প্রঃ—বর্ণাশ্রম ধর্ম কি নিত্য ?

উঃ—প্রত্যেক জীব-মাত্রে বাহিরের খোলসকে (খামকে) আত্মা ব'লে মনে করেন। আমি নিত্য ভগবৎ-সেবক, ভগবৎ-সেবাই আমার নিত্য ধর্মা আমি বর্ণী বা আশ্রমী নহি: সুতরাং বর্ণাশ্রম-ধর্ম্ম আমার নিত্য ধর্মা কি ক'রে হবে ? বর্ণাশ্রম-ধর্ম্ম সুষ্ঠভাবে পালিত হ'লে ইহ ও পরলোকে সুবিধা হয়। দেহ থাকা পর্য্যন্ত বর্ণাশ্রমধর্মা হয়। দেহ থাকা পর্য্যন্ত বর্ণাশ্রমধর্মা হয়। বৈহ থাকা পর্য্যন্ত বর্ণাশ্রমধর্মা হয়। বিহক মঙ্গলের উপযোগী.

চতুর্দশ ভুবনে ঔপাধিক স্থিতিতে ইহার আবশ্যকতা আছে, কিন্তু নিত্য জগতে ইহার কিছুই উপকারিতা নাই। শ্রীচৈতন্যদেব বলেন—আমি ব্রাহ্মণ নহি, ক্ষত্রিয় নহি, বৈশ্য নহি, শূদ্র নহি, আমি ব্রহ্মচারী নই, গৃহস্থ নই, বানপ্রস্থ নই,সন্যাসীও নই। ভগবানের সহিত আমার সমন্ধ, ভগবান্কে না ভুললে সেবক আমি, আমার সুবিধা হয়।

ভগবান্ চেতন, জীবও চেতন। জীব ভগবানের অংশ, জীব ভগবানের ন্যায় বিভূ-চেতন নহে, জীব অণুচেতন; জীব ভগবানের অধীন।

বর্ত্তমানে জীব চেতনের বা স্বতন্ত্রতার অপব্যবহার ক'রে দুর্গতি লাভ ক'রেছে। ভগবৎ-সেবা হ'তে বিচ্যুত হয়েই আমাদের দুর্গতি এবং তাহার সেবা হ'তেই সুবিধা।

## প্রঃ-শ্রীচৈতন্যদেব কে ?

উঃ—শ্রীচৈতন্যদেব দুহাজার দশ হাজার বৎসরের নহেন। তিনি সনাতন বস্তু। তিনি পুরুষোত্তম। তিনি অনাদি, সর্ক্রাদি ও সর্ক্রকারণ-কারণ। তিনি কালে উদ্ভূত নহেন, কিন্তু ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান— এই তিন কাল তাঁহা হ'তেই উদ্ভূত। তিনি নিত্য বস্তু—বিভু বস্তু। তিনি হাড়-মাংসের থলে নহেন। তিনি পুরাণ পুরুষ। তিনি পুরুষ—কর্ত্তা, তিনি সমগ্র আত্মজগতের পরমব্রক্ষা, পরমাত্মা ও ভগবদ্ধস্কা, তিনি সাক্ষাৎ কৃষ্ণাই। তিনি অবতারী, তিনি মহা-ভগবান্, পরমেশ্বর। তিনি স্বয়ং-ভগবান্।

শীচৈতন্যদেব কৃপামুধি—দয়ার সাগর। এত দয়া কেহ দিতে পারে না। ভগবানের কোন অবতারে এত প্রভূত দয়া বিতরিত হয় নাই। এ দয়া অযোগ্য ব্যক্তিকে যোগ্যতা দেওয়ার জন্য, ইহা অনন্তকালের জন্য পূর্ণ দয়া—ভগবানের নিজেকে নিজে দিয়ে দেওয়া। এরপ দানের কথা কখনও শুনা যায় নাই।

তিনি যে প্রেম দান ক'রেছেন, তার সৌন্দর্য্য দর্শন কর্তে কর্মী, যোগী ও জ্ঞানী অসমর্থ: কিন্তু ভাগ্যবান্ যে কেহ তা' লাভ কর্তে সমর্থ। এইজন্য আমি বলি—আপনাদের যত রকম ধরণের বিচার আছে, সব ছেড়ে চৈতন্যদেবের কথা শ্রবণ কর্বার জন্য সময় দিন। সাধারণ মনুষ্য হতে যাঁর বিশেষত্ব, তাঁর কথা শ্রবণে সময় দিলে প্রকৃত শান্তির পথ জগবদ্-উপাসনা উপস্থিত হবে। তখন ভগবান্কে পুত্র-ভাবে পালন কর্বার প্রবৃত্তি হবে। পুরুষের সহিত স্ত্রীলোকের বিবাহাদি দ্বারা মানবজীবনের পূর্ণতা বা শান্তি লাভ কর্বার যে বিচার উপস্থিত হয়, সেই-স্থানে ভগবান্ উপস্থিত হ'লে অনিত্য জ্ঞানে মাতার পুত্রের প্রতি পুত্রজ্ঞান প্রভৃতি দূর হবে। আমাদের সমস্ত ভাব যদি ভগবৎ-পাদপদ্মে নিযুক্ত কর্তে পারি, তবেই তাহার সার্থকিতা। শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর— এই পাঁচটা রস ভগবানে পূর্ণ মাত্রায় অবস্থিত। সেই ভাবগুলি ভগবানে নিযুক্ত কর্বার পরিবর্ত্তে অনিত্য বস্তুতে নিযুক্ত করায় ভগবদ্-বিষয়ে জ্ঞান লাভ কর্তে পার্ছি না।

ভগবদ্বস্তু পূর্ণজ্ঞানময়, আনন্দময়, তাঁকে জান্বার জন্য কত স্থানেই না ছুট্ছি কিন্তু ঘরের কাছে গোলোকপতি মানুষের আকারে গৌরাঙ্গরূপে আমাদের নিকট যে কথা বল্তে এসেছিলেন, তা' না শুনে অন্য চেষ্টা করলে আমরা কি ক'রে লাভবান্ হতে পার্বো ?

প্রঃ— গীতায় সর্ক্রধর্মান্ পরিতাজ্য— এত বড় কথাকে ভগবান্ শ্রীগৌরাঙ্গদেব এহো বাহ্য— একথা কেন বল্লেন ?

উঃ—মহাপ্রভুর গীতার এত বড় বাক্যকেও "এহো বাহ্য আগে কহ আর"— এ কথা রায় রামানন্দ প্রভুকে ব'লেছেন কেননা, ভক্তি আত্মার সহজ বৃত্তি, তা'তে ভগবানকে বলে ক'য়ে প্রতিজ্ঞাপত্র দিয়ে ভক্ত কর্বার জন্য চেষ্টা কর্তে হয় না ভক্ত প্রীতিবশতঃ স্বাভাবিকভাবেই ভগবানের সুখের জন্য সতত ব্যস্ত থাকেন।

পিতাকে যদি সাধনা ক'রে পুত্রকে স্বভক্ত কর্তে হয়, তবে পুত্রের মহিমা বা পুত্রের কৃতিত্ব বুঝ্তে সাধারণের বাকী থাকে কি? কোথায় ভক্ত আপনা হ'তে আপনভাবে আপন প্রভুর সেবা কর্বে, তা' না হ'য়ে বিপরীত হচ্ছে না কি ? এস্থলে ভক্ত ওধু ভগবান্কে ভুলে নাই, নিজেকেও ভুলেছে—নিজের নিত্য স্বরূপ, নিত্য অস্তিত্বের কথা ভুলে অনিত্যের প্রভ্ হ'য়ে অনিত্যের সেবায় নিযুক্ত হচ্ছে। এইজন্যই মহাপ্রভু এত বড় কথাকে 'এহো বাহ্য' ব'লে জগৎকে শুদ্ধভক্তি শিক্ষা দিবার জন্য—সক্ষোর্ত্তম ব্রজভজনের কথা জানাবার জন্য যত্ন ক'রেছেন'।

প্রঃ-পরীক্ষা জিনিষটা কি দয়া ?

উঃ—ছাত্রগণকে উনুত শ্রেণীতে নিয়ে যাবার জন্য শিক্ষকগণ কৃপা ক'রে পরীক্ষার ব্যবস্থা করেন। মনোযোগী, বুদ্ধিমান্ ছাত্রের পক্ষে পরীক্ষা আনন্দপ্রদ। পাঠে অমনোযোগী ছাত্রই পরীক্ষা দেখে ভীত ও দুঃখিত হয়।

যারা ভোগের কথা প্রচার করেন, লোকের রুচির অনুকূলে কথা বলেন, তাঁদের কোন বিপদ্, অসুবিধা বা বাধা নাই। কিন্তু ভগবানের সেবার কথা—আত্মার নিত্য বৃত্তির কথা—জীবের জীবনসর্বাধ ভক্তির কথা বল্তে গেলে প্রতি পদে পদে বিপদ্ লাভ হয়—পদে পদে অসুবিধা এসে নিরুৎসাহিত কর্বার চেষ্টা করে। কিন্তু যাঁরা ভক্তি-পথাশ্রিত, তাঁরা দৃঢ়ভাবে জেনে রাখ্বেন—সে বিপদ্, সে অসুবিধা বা সে বাধা আমাদের প্রভুত্তি বা প্রভুসেবা-প্রবৃত্তি পরীক্ষা কর্তে এসেছে এবং আমাদিগকে উত্তরোত্তর সেবা-পথে অগ্রসর হ'বার সহায়তা কর্তে এসেছে। এই সময় নামাচার্য্য শ্রীহরিদাস ঠাকুর, ভক্তরাজ শ্রীপ্রহাদের সেবা ও সহিষ্ণুতার আদর্শ গ্রহণ ক'রে দৃঢ়চিত্ত থাক্তে হ'বে। মানুষ অনিত্য বন্ধ লাভের জন্য ব্যপ্ত হ'তে গিয়ে শত শত জন্ম বঞ্চিত হচ্ছে। সহস্র সহস্র উদাহরণ দেখেও মানুষ যদি তুচ্ছ বিষয়ের জন্য বাধাবিপত্তিতে বিহ্বল না হ'য়ে জীবন পর্যান্ত পরিত্যাগ কর্তে পারে, তা' হ'লে বুদ্ধিমান্ জনগণ—মহাভাগবান্ ভক্তগণ কি ত্রিকাল–সত্যবস্তুর জন্য—ভগবানের জন্য এই নশ্বর জীবন নিযুক্ত কর্তে পার্বেন না ?

প্রঃ— লোক তীর্থে যায় কেন ?

উঃ— ভক্ত ও ভগবানের বিহারস্থলীই তীর্থ। সুকৃতিমন্ত জনগণ ভক্তসঙ্গ, ভক্তসেবা ও তৎফলে ভগবানের সেবালাভের জন্য তীর্থযাত্রা করেন। পাপী লোকগণ পাপ-প্রবৃত্তি প্রবলা রেখে সাময়িক পাপ-প্রকালন ও জড় প্রতিষ্ঠা অর্জনের জন্য তীর্থে গমন ক'রে থাকে। কিন্তু কৃষ্ণপ্রেষ্ঠ মহাপুরুষগণ অতীর্থকে তীর্থ ও পাপমলিন তীর্থকে তীর্থীভূত কর্বার জন্য তীর্থভ্রমণের লীলা করেন—স্বানুভাবানন্দে প্রভূসেবা—প্রমত্ত হ'য়ে বিপ্রলম্ভরসে স্বীয় প্রভূরই অনুসন্ধান ক'রে থাকেন।

প্রঃ— ভোগ ও ত্যাগ দুইই কি পরিত্যাজ্য ?

উঃ— মহাপ্রভু ভোগ ও ত্যাগ—উভয়ই বর্জন কর্তে ব'লেছেন। চন্ধু, কর্ণ, নাসাদির দ্বারা জড় রূপ-রস-গন্ধ-শন্ধ-স্পর্শ-গ্রহণই ভোগ। এই ভোগে আপাততঃ ক্ষণিক সুখ থাক্লেও পশ্চাতে দুঃখের পরিমাণ সুখ অপেক্ষা অনেক বেশী। এই কারণে ভোগ অপেক্ষা ত্যাগেরই আদর। ত্যাগ বা বিরাগ খুব ভাল; কিন্তু যে বিরাগ বা ত্যাগে 'নেতি' 'নেতি' ক'রে ত্যাগ কর্তে কর্তে পরমেশ্বর পর্য্যন্ত পরিত্যক্ত হ'য়েছেন, সে ত্যাগ ত' ভোগেরই আর একটা দিক্। জগৎকে যাঁরা মিথ্যা বলেন, কাকবিষ্ঠার ন্যায় জ্ঞান করেন, তাঁদের বিচার দ্রান্তিপূর্ণ: কেন না, তা'তে সর্ব্বশক্তিমান্ ভগবানের সৃষ্ট্যাদি শক্তির অন্তিত্ব অন্বীকার করা হয়। বিশ্ব সত্য কিন্তু বিশ্বের যাবতীয় বন্তু নশ্বর-ধর্ম্যক্ত—এই বিচারই বেদান্ত বিদ্গণের একমাত্র সুষ্ঠু বিচার।

ভোগ যেমন বস্তুতে ভগবানের সম্পর্ক বা অন্তরাবস্থিতি দেখতে দেয় না, পরস্তু ভোগীকে ভোগ দিয়ে ভোক্তা সাজায়, ত্যাগও সেই প্রকার সকল বস্তুই যে ভগবানের সেবোপকরণ, তা' বৃঝ্তে অবসর দেয় না এবং ভগবৎ-সম্বন্ধী বস্তুর প্রতি অবজ্ঞা আনয়ন করে!

বিষয়সমূহ বিশ্বের বৈভব। সেই রূপরসাদি বিষয় আবার চক্ষুরাদি ইন্দ্রিয়ের গতি। সুতরাং ইন্দ্রিয়বর্গ ইন্দ্রিয়-গ্রাহ্য বিষয়-গ্রহণে কখনই পরাজ্মখ হবে না—বিরতি লাভ কর্বে না। যদিও মাঝে মাঝে বাহ্য-ইন্দ্রিয়সংযম ক'রে বিরাগবিশিষ্ট জনগণ বাহিরে বৈরাগী সেজে থাকেন, তথাপি ইন্দ্রিয়ের রাজা মন তাহার মানস ইন্দ্রিয়দ্বারে সকলের অজ্ঞাতসারে বিষয়-ভোগেই বিভার হ'য়ে থাকে। আর যদি কেহ বৈরাগ্যলাভের জন্য বিষয় -গ্রহণের দ্বারম্বরূপ ইন্দ্রিয়-সমূহের বিনাশ-সাধনে নিযুক্ত হন, তা' হ'লে বৈরাগ্য-লাভের পূর্কেই ইন্দ্রিয় বিয়োগদুঃখ ঐ বৈরাগীকে ব্যথিত করে।

ভক্ত বিষয়কে ভোগ্য বা ত্যাজ্য না জেনে ভগবৎ-সেবোপকরণজ্ঞানে তাহা ভগবৎ-সেবায় নিযুক্ত করেন। ভক্ত বিষয়ে অনাসক্ত থেকে যথাযোগ্য বিষয় গ্রহণপূর্বেক সেবকাভিমানে সতত ভগবৎ-সেবাই করেন। ত্যাগ বা ভোগ আত্মার বৃত্তি নহে। সেবাই আত্মার নিত্যবৃত্তি। মুক্ত আত্মা বৈকুষ্ঠে নিজ সেব্যের সেবায় বিভার। আর ভাগ্যবান্ বন্ধ আত্মা বন্ধাবস্থা হ'তে শুদ্ধ বা মুক্ত হবার জন্য ভগবৎপ্রদত্ত ইন্দ্রিয় ও বিষয়গুলি ভোগানুকূলে বা স্বসুখার্থ ব্যবহার করেন না, ত্যাগানুকূলেও ত্যাগ করেম না, কেবল সেবানুকূলে গ্রহণ ও প্রতিকূলে ত্যাগ করেন।

প্রঃ—শ্রীরূপ গোস্বামী প্রভু কে ?

উঃ—ব্রীরূপপ্রভু ভগবানের নিত্যসিদ্ধ পার্ষদ। তিনি জগদ্গুরু—ভক্তস্মাট্। তিনি কৃষ্ণলীলায় ব্রীরূপমঞ্জরী গোপী। শ্রীরূপপ্রভু শ্রীগৌরাঙ্গের অন্তরঙ্গভক্ত। তিনি জীবতত্ত্ব ন'ন—জীবের প্রভু—স্বরূপশক্তিতত্ত্ব। তিনি শ্রীকৃষভানুনন্দিনীর প্রিয়জন।

শ্রীচেতন্যদেবের অন্যান্য ভক্ত অপেক্ষা শ্রীরূপপ্রভূর বিশেষত্ আছে ।
শ্রীরূপপ্রভূ শ্রীগৌরাঙ্গসুন্দরের অতিপ্রিয় । শ্রীরূপপ্রভূ গৌরসুন্দরের হৃদ্গতভাব যেরূপ জান্তেন, গৌরসুন্দরের অন্য কোন আচার্য্যানুষ্ঠানরত
অনুগতজনে সেরূপ সেবা-পরাকাষ্ঠার কথা প্রকাশিত হয় নাই । শ্রীস্বরূপরূপের অনুগত জনেই শ্রীগৌরসুন্দরের হৃদ্গত নিগৃঢ়-ভাব প্রকাশিত
হ'য়েছে । শ্রীরূপ গোস্বামী প্রভূর নিকট সকলেই ঋণী । যে পর্যন্ত গৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায় প্রকট থাক্বে, সে-পর্যান্ত শ্রীরূপ গোস্বামী প্রভূর অসামান্য
ও অপূর্ব্ব দানের কথা কেহ অস্বীকার কর্তে পার্বে না । শ্রীরূপের পূর্ণ
আনুগত্য ক'রেও সেই ঋণ কেহ শোধ কর্তে পারে না ।

যিনি শ্রীকৃষ্ণের অঙ্কে, বক্ষে, মন্তকে থাক্বার বস্তু, শ্রীকৃষ্ণ যাঁ কৈ অনুক্ষণ নিজ স্কন্ধে ও মন্তকে রাখেন—তিনিই আমাদের নিত্য উপাস্য শ্রীরূপ গোস্বামী প্রভু। শ্রীরূপের শ্রীচরণ-ধূলিই আমাদের আকাষ্ক্ষণীয়। শ্রীরূপের শ্রীচরণক্মলই আমাদের আশা-ভরসা।

কৃষ্ণদাস্য কিরপে লাভ হ'তে পারে ? তার উত্তরে শ্রীকৃষ্ণদাস্ কবিরাজ গোস্বমী প্রভু বল্ছেন শ্রীরূপরঘুনাথের দাস্য দারাই কৃষ্ণদাস্য লাভ হয়।

আমরা শ্রীরূপের পাদপদ্ম হ'তে যে পরিমাণে বঞ্চিত, আমাদের সেবোপলব্ধির পরিমাণ সেই পরিমাণে ন্যুন। শ্রীরূপের অনুগতজনই সর্ব্ব সম্পদের অধিকারী। শ্রীরূপপ্রভূ শ্রীকৃষ্ণানুশীলনের পূর্ণ আদর্শ। তিনি সাধারণ ঐতিহাসিকের চক্ষে তাঁর দাদা শ্রীসনাতন গোস্বামীর শিষ্য। কিন্তু শ্রীসনাতন প্রভূত্ত শ্রীরূপের কৃপা যাচঞা করেন। শ্রীসনাতন প্রভূ বলেন—খাঁরা শ্রীরূপের কৃপার আশা করেন না, তাঁরা কখনও শ্রীরাধাগোবিন্দের সেবা-

কর্মাকাণ্ডী ও নিভেদ-জ্ঞানী সম্প্রদায় যথন ভক্তির বিলোপ-সাধন কর্বার জন্য বল সংগ্রহ ক'রেছিলেন, সেই বলকে হ্রাস ও দমন কর্বার জন্য নৈন্ধর্ম্যাবাদ-প্রচারকারী শ্রীগৌরসুন্দরের সেনাপতির আবশ্যক হ'য়েছিল। শ্রীরূপ-সনাতনই মহাপ্রভুর সেই সেনাপতিদ্বয়। শ্রীরূপ— সেনাপতি আর রূপানুগগণ—সব সেনা। শ্রীদামোদর-স্বরূপ গৌড়ীয়ের ঈশ্বর, তাঁর নিকট হ'তে recruit ক'রে সব সেনা হবে— বিরুদ্ধদলকে —অন্যাভিলাবী, কর্ম্মা,জ্ঞানী, যোগী-সম্প্রদায়কে পরাজয় কর্বার জন্য।

রপানুগ সৈন্যের হস্তে অন্য কোন অস্ত্র নাই—তাঁদের একমাত্র অস্থ—কীর্ত্রন: কি ক'রে ভক্তিবিদ্বেষী সম্প্রদায়-সমূহের বিরুদ্ধে অভিযান কর্তে হবে, সেই সকল দুঃসঙ্গ হ'তে কিরূপে আত্মরক্ষা কর্তে হবে, তার প্রণালী শিক্ষা দিয়েছেন শ্রীগৌরসুন্দর প্রয়াগে সেনাপতি শ্রীরূপ গোস্বামী প্রভূকে শক্তি সঞ্চার ক'রে। সেনাপতি তাঁর সৈন্যগণের দ্বারা যেভাবে যুদ্ধ করিয়েছিলেন, তা' আলোচনা ক'রে আমরাও ভক্তিবিরোধী সম্প্রদায়ের বিচারের প্রতি গুলী কর্তে পার্বো—অসদ্বৃদ্ধি, ফলকামনা, কর্মাগ্রহ, অন্যাভিলাধিতা, পাষণ্ডতা, নাস্তিকতা, বিদ্ধভাব, এ সকলের প্রতি গুলী ক'রে ধ্বংস কর্বো।

শ্রীশ্রীজীব গোস্বামী হ'লেন শ্রীরূপানুগ-সৈন্যসিংহ। তিনি অমোঘ বিচার-বাণে সমস্ত অসৎ-মতকে সর্ব্বতোভাবে খণ্ডন ক'রেছেন। শ্রীরূপসেনাপতির অনুগত—শ্রীজীব ও শ্রীরঘুনাথ।

শ্রীরূপ তাঁর দাসগণের নিকট যে দুর্লভ সম্পদ্ রেখে গিয়েছেন, তা' আমরা শ্রীনরোত্তম ঠাকুর ও শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঠাকুরের নিকট পেতে পারি।

আমরা যদি সত্যি সত্যি হৃদয় থেকে নিষ্কপটে সেই অমূল্য সম্পদ্ চাই, তা' হলেই শ্রীরূপের সম্পদ্ আমরা পেতে পার্বো।

শ্রীরূপের সৌন্দর্যা, মাধুর্যা, অলৌকিকী অসামান্যা অহৈতুকী অমন্দোদয়-দয়া-কৃপা-পরাকাষ্ঠা: তা' পেলে কুরুপ, বিরূপানুগত্য আর থাকে না, সব সুরূপ হয়—সুদর্শন হয়। তখন বিশুভরা লোক যে রূপের জন্য পাগল, সেই কুরূপের প্রতি অতি সহজেই খৃৎক্রার কর্তে পারা যায়।

যে-রূপের দ্বারা কৃষ্ণের সেবা করা যায়, তা বর্তমানে ঢাকা পড়েছে—উপাধি দ্বারা। একটা মানসিক উপাধি আর একটা শারীরিক উপাধি। সেই রূপের বিরোধী হওয়ায় কেউ অন্যাভিলাদী কর্মী সাজ্ছি, কেউ জ্ঞানী সাজ্ছি, কেউ যোগী সাজ্ছি। আবার কখন মনে কর্বছি—আমি মানুষ, আমি দেবতা, আমি পণ্ডিত, আমি মূর্য, আমি ধনী, আমি দারদ্র, আমি পিতা, আমি পুত্র, আমি ব্রাহ্মণ, আমি সন্যাসী প্রভৃতি। অর্থের রূপ্রমণীর রূপ, প্রতিষ্ঠার রূপ আমাদের নিকট বরণীয় ও লোভনীয় হচ্ছে। শ্রীগৌরসুন্দরের শ্রীরূপ যে রূপের কথা জানিয়েছেন, সেইরূপ পাবার জন্য কি আমাদের একবারও লৌলা হ'বে না ?

সেবোলাখ, নিঙ্কপট দৈন্যময় প্রীতিচক্ষে শ্রীরূপ গোস্বামী প্রভুর পাদপদ্ম দর্শন হয়। ভজন, পূজন, সর্ব্বস্ব, ইহ-পর-কাল যখন শ্রীরূপ গোস্বামীর পাদপদ্ম হবে, তখনই শ্রীচৈতন্যদেবকে পূর্ণভাবে দেখতে পাব

শ্রীরূপ প্রভুর পাদপদ্মই আমাদের একমাত্র আশা-ভরসা, তাঁর কৃপাই আমাদের একমাত্র সম্বল । তাই প্রার্থনা—

আদদানন্তৃণং দক্তৈরিদং যাচে পুনঃ পুনঃ। শ্রীমদ্রূপপদাস্ভোজধূলিঃ স্যাং জন্ম-জন্মনি।

প্রঃ—কর্মা ও লীলার মধ্যে কি পার্থক্য ?

উঃ—কর্মা ও লীলাতে আকাশ-পাতাল ভেদ আছে।

কর্মা—বহির্মাথ জড়েন্দ্রিয়গ্রাহ্য, লীলা—সেবোনাথ চিদিন্দ্রিয়গ্রাহ্য, কর্মোর ভূমিকা—জগৎ, কর্মোর আধার—স্থূল বা সৃষ্ম উপাধি। কর্মা—অনিত্য, লীলা—নিত্যা। কর্মা—মায়াবদ্ধ জীবের ত্রিভাপ-ভোগ বা দও, আর লীলা—সর্বেভন্তম্বতন্ত্র স্বরাট্ পুরুষোত্তমের নিরন্ধুশ ইচ্ছা-প্রসূত আনন্দময়-ক্রীড়া। লীলার ভূমিকা—চতুর্দশ-ব্রহ্মাণ্ডাতীত বিরজা-ব্রহ্মাণোকেরও অতীত বৈরুষ্ঠ ও গোলোক। লীলা লীলাময়ের লীলা-শক্তির ইচ্ছায় জগতে প্রকাশিত হ'য়েও অতীন্দ্রিয় অবিচিন্ত্য স্বভাববশতঃ প্রাকৃতের সহিত লিগু বা প্রাকৃতের অধীন নয়, ইহাই গৌড়ীয়দর্শনের কথা।

প্রঃ—প্রকৃতি বা মায়া কি জগৎ-সৃষ্টির মূল কারণ ?
উঃ—গুণময়ী মায়া কখনই মুখ্য জগৎ-কারণ হ'তে পারে না ভগবদীক্ষণশক্তি সঞ্চারিত হ'লে প্রকৃতি সেই ভগবৎ-শক্তিবলে জগৎসৃষ্টির গৌণ
কারণ হয়— অগ্নি প্রবেশ ক'রে লৌহকে যেরপ দাহণ-শক্তি প্রদান করে.
তদ্রুপ অজাগলন্তনের ন্যায় প্রকৃতির দ্রব্যরূপ কারণত্ব ওণরূপ অংশে
যে মায়াকে নিমিন্তকারণ বলা হয়, তা'তেও কৃষ্ণই মূল নিমিন্তকারণ
নারয়েণ— কুদুকারস্থলীয় মুখ্য নিমিন্ত-কারণ, আর মায়া— চক্রদণ্ডাদিস্থলীয়
গৌণ নিমিন্ত-কারণ যেরপ কুম্বকার ব্যতীত ঘট হ'তে পারে না, সেইরূপ

কৃষ্ণ ব্যতীতও জগৎ হয় না। কারণার্ণবশায়ী পুরুষ দূর হ'তে যায়ার প্রতি যে ঈক্ষণ করেন, তাতে দুই প্রকার কার্য্য হয় অর্থাৎ পুরুষের কিরণকণা-রূপে অনম্ভ জীবকে মায়ামধ্যে নিবিষ্ট করে এবং স্বয়ং অঙ্গাভাসে মায়া স্পর্শ ক'রে অনম্ভ ব্রহ্মাণ্ড সৃষ্টি করে। অঙ্গাভাস—অঙ্গমিলনের আভাস মাত্র, প্রকৃতপ্রস্তাবে অঙ্গমিলন নয়। উহা মায়া মিশে এস ভগবান্ প্রভৃতি চিম্ভাস্রোতের ন্যায় নহে। কৃষ্ণই প্রত্যেক ব্রক্ষাণ্ডে এক এক পুরুষাকারে প্রবিষ্ট হন, অতএব কৃষ্ণই মূল জগৎ-কারণ।
শাস্ত্র বলেন—

কৃষ্ণ-শক্ত্যে প্রকৃতি হয় গৌণ কারণ। অগ্নিশক্ত্যে লৌহ থৈছে করয়ে জারণ ॥ (চৈঃ চঃ)

পরব্যোমের বাহিরে জ্যোতির্ম্ময়র্ম্য়ধাম, তার বাহিরে কারণসমুদ্র।
চিনায়ধাম কারণশূন্য, মায়া কারণময়ী। এই দুই এর মধ্যবর্তী স্থলকে
চিনায় জলনিধি কারণসমুদ্র বলা হয়। সেই জলশায়ী ভগবানের ঈক্ষণই
তার বাহিরে মায়াকে লক্ষ্য ক'রে সৃষ্ট্যাদি কার্য্য করে। কারণার্ণবের বাহিরে
মায়াশক্তি অবস্থিত। মায়া কারণ-সমুদ্রকে স্পর্শ কর্তে পারে না,
ভগবদীক্ষণ মায়া মধ্যে প্রবিষ্ট হ'য়ে মায়াকে ক্রিয়াবতী ক'রে থাকে।

প্রঃ—কাহার সেবা সবচেয়ে শ্রেষ্ঠ ?
উঃ—পদ্মপুরাণে শ্রীশিবজী শ্রীপার্ব্বতীদেবীকে ব'লেছেন—
আরাধনানাং সর্বেষাং বিষ্ণোরারাধনং পরম্।
তস্মাৎ পরতরং দেবি তদীয়ানাং সমর্চ্চনম্॥

জগতে যত প্রকার পূজা আছে, সকল পূজা অপেক্ষা ভগবান্ শ্রীহরির পূজা সর্ব্বোত্তম। আর সেই সর্ব্বোত্তম পূজা শ্রীহরির যিনি সেবা-পূজা করেন, সেই ভগবদ্ধজ্ঞের পূজা আরও অধিক বড় বা শ্রেষ্ঠ। সেই ভগবদ্ধজ্ঞকে ভগবান্ও পূজা ক'রে থাকেন। সর্ব্বাপেক্ষা পূজা—ভগবান। আর সেই ভগবানের পূজার বা প্রেমের পাত্র—প্রেমিক ভগবদ্ধজ্ঞ. সেই ভগবন্ধক্তের অর্থী—শ্রীগুরুপাদপদ্ম। ভগবান্ যাঁর পূজা ক'রে থাকেন, তার সেবা-পূজা যে নিশ্চয়ই সবচেয়ে বড়, তাহা বলাই বাহুলা।

মদ্গুরুঃ শ্রীজগদ্গুরুঃ, মন্নাথঃ শ্রীজগন্নথঃ। আমার গুরু—সমগ্র জগতের গুরু; আমার গুরুবিদ্বেষী ব্যক্তি জগদীশের বিদ্বেষী—জগতের সকলের বিদ্বেষী— মনুষ্যমাত্রের বিদ্বেষী—এই বিচারটা না আস্লে আমি শ্রীগুরুপাদপদ্মের প্রকৃত ভূত্য হতে পারি না—শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণ কর্তে পারি না—আমার নিজের লঘুত্ব বোধ হয় না— আমি তৃণাদপি সুনীচ ও অমানী মানদ হ'য়ে হরিকীর্ত্তন কর্তে পারি না।

গুরু-সেবার ন্যায় এমন মঙ্গলপ্রদ কার্য্য আর নাই। সকল আরাধনা অপেক্ষা ভগবানের আরাধনা বড়, ভগবানের আরাধনা অপেক্ষা গুরুপাদপদ্মের সেবা বড়—এই প্রতীতি সুদৃঢ় না হওয়া পর্যাপ্ত গুরুদেবের আশ্রয় ঠিকমত হয় না—আমরা আশ্রত, তিনি আমাদের একমাত্র আশ্রয়, পালক ও রক্ষক, এ বিচার আসে না। সর্ব্বস্থং গুরুবে দদ্যাং—এই শ্রৌতবাণী অনুসারে গুরুপাদপদ্মে সর্ব্বস্থ সমর্পণ না কর্লে—প্রাণ, অর্থ, বুদ্ধি, বাক্য, মন, বিদ্যা, কায় প্রভৃতি সব দিয়ে প্রীতির সহিত গুরুসেবা না কর্লে দিউয়াভিনিবেশের কবল হ'তে—বিষয়াসক্তি বা সংসার হ'তে নিক্ষৃতি হ'বে না— নিক্ষাম হওয়া যাবে না— স্বস্থকামনারূপ ভব রোগ সার্বে না— ভয়, চিন্তা, দৃঃখ, মোহ কাট্বে না। সর্ব্বভোভাবে শ্রীগুরুপাদপদ্মে আশ্রয় প্রহণ কর্লে আমি নির্দ্যোহ, নির্ভয় ও অশোক হ'তে পরি যদি আমরা নিক্ষপটে প্রাণভরা আশীর্কাদ-প্রার্থী হই, তা' হ'লে শ্রীগুরুপাদপদ্ম অমায়য় সর্ব্ববিধ মঙ্গল দান করেন

শ্রীগুরুদের মর্জ্য নহেন—তিনি অমর বন্তু, নিত্য বন্তু । শ্রীগুরুপাদপদ্ম নিত্য, তাঁর সেবা নিত্য, তাঁর সেবক নিত্য । সূত্রাং কত আশা-ভরসা আমাদের—মরণ ব'লে কোন জিনিষ আমাদের নাই। আমরা বশ্যকত্, আর শ্রীগুরুদের ঈশ্বর-বন্তু— সেবক-ভগবান্। শ্রীকৃষ্ণ বিষয়বিগ্রহ আর শ্রীগুরুদের—আশ্রুবিগ্রহ, যাকে আশ্রু ক'রে আমরা

ভগবান্কে পেতে পারি। স্থাং-ভগবান্ কৃষ্ণ বিষয়- বিগ্রহ হয়েও আশ্রয়বিগ্রহ গুরুতত্ত্বরূপে বর্ত্তমান। শ্রীগুরুদেব ঈশ্বর বা ভগবান্ হ'য়েও আমাদিগকে ভগবং-সেবা শিক্ষা দেন নিজে আচরণ ক'রে—ভগবানের সেবা ক'রে।

বর্ত্তমানে আমাদের সংসারাসক্তি বা কর্তৃত্বাভিমান প্রবল হ'য়েছে, তাই এত দুঃখ ও উদ্বেগ পাছি । সেই মারাত্মক কর্তৃত্বাভিমান হ'তে শ্রীগুরুদেবই আমাকে রক্ষা করেন। কিন্তু আমি রক্ষা চাই কৈ ? আমি ত' সংসারেই আট্কে থাক্তে চাই । সংসার হ'তে উদ্ধার পাবার ইচ্ছা থাক্লে ত' আমি সাক্ষাৎ ঈশ্বরমূর্ত্তি শ্রীগুরুদেবের— ভগবদবতার শ্রীগুরুপাদপদ্মের—ভগবানের প্রতিনিধি, প্রেষ্ঠজন বা প্রাণবন্ধু শ্রীগুরুদেবের প্রসমুতাবিধানের জন্য তাঁর সেবা কর্তাম্, সব দিয়ে তাঁর সেবা ক'রেও আশা মিট্তো না। কিন্তু এরূপ চিত্তবৃত্তি হচ্ছে কি ? গুরুকে যোল আনা দেওয়া দূরের কংগ. এক আনা দিবার প্রবৃত্তিও জাগ্ছে কি ? সারবন্ধু সার না কর্লে সারবন্ধু কি ক'রে পাওয়া যাবে ? শ্রীগুরুদেবে ভগবদ্বুদ্ধি না হওয়ার জন্যই আমাদের এই দুরবস্থা— এত সংসার-প্রবৃত্তি বা মায়ার প্রতি আসক্তি। এইজন্যই বল্ছি—শ্রীগুরুপাদপদ্মকে মর্ত্যুজ্ঞান বা মানুষ-বুদ্ধি ক'রো না। তিনি তোমার অনম্ভ-জীবনদাতা, তোমার ভবরোগের বৈদ্যা, সর্ব্বতোভাবে তোমার রক্ষক, পালক, উপকারক ও নিঃস্বার্থ বান্ধব।

আমরা যদি পূর্ণভাবে গুরুপাদপদ্ম আশ্রয় কর্বার জন্য প্রস্তুত না হই, তা' হ'লে যে পরিমাণ কপটতা বা অবহেলা কর্লাম, সেই পরিমাণে ঠকে যাচ্ছি। এ সব কথা আমাদের চিন্তার বিষয় হওয়া উচিত। নতুবা সদ্গুরুর চরণাশ্রয় ক'রেও বিশেষ কিছু লাভ বা মঙ্গল হ'বে না।

সকল মঙ্গলের মঙ্গলস্বরূপ ভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্র কৃপা ক'রে আমার সকল মঙ্গল যাঁর হাতে অর্পণ ক'রেছেন, আমি যদি তাঁর নিকট শতকরা শত পরিমাণ আমাকে সমর্পণ না করি, আমার সর্ব্বস্থ তাঁকে না দিয়ে যদি কপটতা করি, তা' হ'লে তিনি সম্পূর্ণ মঙ্গল আমাকে কি ক'রে দিবেন ? আমি অন্তরে সংসাবের জন্য ব্যস্ত থেকে বাহিরে লোকদেখন মিছার্ভিক বা ভণ্ডামী কর্লে সর্পর্জ তিনিও জামাকে বাধ্য হয়ে বঞ্চনা ক'রে থাকেন। 'যাদৃশী ভাবনা যস্য সিন্ধির্ভরতি তাদৃশী'। আমি সর্প্রতোভাবে ওক্কৃষ্ণের সেবা না ক'রে মায়ার সেবায় অর্থাৎ আত্মীয়ম্বজনের সেবায় ব্যস্তথেকে যখন গুরু-কৃষ্ণেকে বঞ্চনা করি, তখন অন্তর্য্যামী শ্রীগুরুদেব কৃপা ক'রে আমাকে বলেন—'তুমি শিষ্য হও নাই, তুমি শাসন নিবে না—আমার কথা তুমি ওন্বে না, তোমার হৃদয়ে পাপ আছে। বিশ্বাসঘাতক মনের কথা এবং জগতের লোকের আদর্শ ও বিচারের কথা শুনার দরুণ বর্ত্তমানে আমার কথা শুন্বার মত তোমার কাণ প্রন্তুত্ত হয় নাই: সূত্রাং তুমি বঞ্চিত হ'লে। 'তাই আবার বলছি—শ্রীগুরুদেব আমার জন্য অমায়ায় যে ন্যক্রা করেন, তা' নতশিরে গ্রহণ করাই আমার কর্ত্তব্য—ইহাই আশ্রিত বা শিশেন্ত লক্ষণ। নতুবা অমঙ্গল অবশান্তাবী।

হে আমার বন্ধুবর্গ, তোমরা ভোগী হ'য়ো না, কারণ এ জগতের সবই হ'লসেবার উপকরণ—সবই কৃষ্ণাসেবার বস্তু: গুরুসেবার উপকরণে ভোগবুদ্ধি হ'লে মঙ্গল হ'বে না—প্রত্যেক বস্তুতে গুরুসম্বন্ধ দর্শন না হ'লে মঙ্গল অনিবার্য্য।

প — পীত: ব সবর্বধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ শ্লোকের অর্থ

বৃধা ক'রে বংল ?

৬৪ – গীতায় শ্রা গগবান্ সকল প্রকার ধর্ম ছেড়ে তাঁর চরণে শরণগ্রহণের
। ব'লেছেন। মে শগবান্ গীতার অন্যত্র স্বয়ং উপদেশ ক'রেছেন যে,
। বর্দ্ধ ছেড়ে পরধর্ম গ্রহণ ক'র্লে কোনও শুভদয় হয় না— স্বধর্মে
থেকে নিহত হওয়া ভাল, তবুও ভয়াবহ পরধর্ম যাজন করা উচিত
নহে, সেই ভগবান্ আবার ব'লেছেন— তোমাদের যাবতীয় ধর্মা পরিত্যাগ
কর। এই উভয়বিধ ভগবদ্বাক্যের সামঞ্জস্য কোর্যায় ? দেখুন, মানব নিজ
বিদ্যা, বুদ্ধি, পারদর্শিতার দ্বারা পুক্ষষোত্তম ভগবানকে জান্তে পারে না,
ভগবানের কৃপাতেই লোক ভগবান্কে জান্তে পারে, আমরা যদি সেই

কৃষ্ণচন্দ্রের ঔদার্যাময়-লীলা-প্রকটকারী শ্রীকৃষ্ণটেতন্য মহাপ্রভুর কথা আলোচনা করি— যিনি কৃষ্ণ হ'য়েও কৃষ্ণের কথা বল্বার জন্য জগতে অবতীর্ণ হয়েছিলেন, তাঁর কথা মন দিয়ে শ্রবণ করি, তবেই এ প্রশ্বের সদুত্র সৃষ্ঠভাবে পেতে পারি

মহাপ্রভু সন্ন্যাসের পর কাশীতে ঢল্রশেখরের গৃহে বাস কর্ছেন বাঙ্গলার বাদ্শাহ হোসেনশাহের প্রধান মন্ত্রী সাকর্মিল্লিক বা শ্রীসেনাক্র প্রভু তথায় উপস্থিত হ'য়েছেন। মহাপ্রভুর নিকট তিনি প্রশু কর্লেন

কে আমি, কেন আমায় জারে তাপত্রয় । ইহা নাহি জানি— কেমনে হিত হয় ৷৷ (ৈচঃ ১ঃ) ইহার উত্তরে মহাপ্রভু কি বল্লেন, শুনুন—

জীবের সরপ হয় কৃষ্ণের নিত্যদাস।
কৃষ্ণের তটস্থাশক্তি, ভেদাভেদ-প্রকাশ।
কৃষ্ণ ভূলি' সেই জীব অনাদি-বহির্ম্ম্থ।
অতএব মায়া তারে দেয় সংসার-দুঃখ।
সাধু-শাস্ত্র-কৃপায় যদি কৃষ্ণোনাখ হয়।
সেই জীব নিস্তরে, মায়া তাহারে ছাড়য়॥
তাতে কৃষ্ণ ভজে, করে গুরুর সেবন।
াায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ॥ (চৈঃ চঃ)

জীব ভাগান কৃষ্ণের সেবক, কৃষ্ণ জীবের নিত্য প্রভ্, কৃষ্ণসেবাই জীবের িত্যধর্ম বা মুখ্য কৃত্য— একমাত্র কর্ত্তব্য। আমরা দেহ নহি—দেহী— অণুচৈতন্য আত্রা, ইহাই শান্ত্র-বাক্য। কিন্তু এসব কথা ভূ'লে যশ্র আমরা দেহ ও মনকে 'আমি' ব'লে মনে করি, তখনই যত অসুবিধা, যত বিভ্রাট্। তখন আমরা দেহের উৎপত্তি যে কুলে, যে দেশে, সেই দেশ ও কুলকে 'আমরা' বলি। তখন আমি নিজেকে ব্রাহ্মণ, ক্ষব্রিয়, বৈশ্য, শূদ্র, স্লেচ্ছ, পুরুষ, স্ত্রী অভিমান করি। আবার দেহের

পরিবর্ত্তন বা অবস্থা-ভেদে আপনাকে বালক, বৃদ্ধ, যুবক বলিয়া মনে করি। সেই দেহকে 'আমি' ভারতবাসী, আমি বাঙ্গালী, আমি ইংলওবাসী, আমি হিন্দু, আমি মুসলমান, আমি মাড়োয়ারী, আমি পাঞ্জাবী, আমি বিহারী অভিমান করি। আবার আশ্রমীর অভিমানে নিজেকে ব্রহ্মচারী, গৃহস্থ বা সন্মাসী ব'লে মনে করি। দেখুন, এই অবস্থায় ধর্মান্ডেদ এবং বহু ধর্মের অবতরণ, কল্পনা বা সৃষ্টি।

গীতার বক্তা— ভগবান্। তিনি ব'লেছেন— আত্মানিতা, অপরিবর্ত্তনীয়; দেহ— অনিত্য ও হাসবৃদ্ধিযুক্ত। যাহারা দেহের পরিবর্ত্তনের সঙ্গে পরিবর্ত্তনহীন আত্মার পরিবর্ত্তন বা জন্ম-মৃত্যু স্বীকার করে, তাহারা মূর্য: সূতরাং "সর্ক্রধর্ম্ম" শব্দে জীবের দেহ-মনে আত্মবৃদ্ধি ক'রে যতপ্রকার ঔপাধিক ধর্ম্ম স্বীকৃত হয়েছে অর্থাৎ ব্রহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য-শূদ্র—বর্ণধর্মাসমূহ, ব্রহ্মচারী-গৃহস্থ-বানপ্রস্থ-সন্যাসী—আশ্রমধর্মসমূহ এবং তদ্মতিরিক্ত অন্ত্যজাদি ধর্ম্ম, লৌকিক নিজ ভোগ বা ত্যাগপর পারলৌকিক ধর্মা এবং বিশেষভাবে বলিতে গেলে কৃষ্ণাশ্রয় বা কৃষ্ণসেবা বা কৃষ্ণসেবা-ধর্মা ব্যতীত চর্তৃদ্দশ স্বনের যাবতীয় ধর্ম্ম বুঝায়।

দেহ-মনের ধর্মা-অনিত্যধর্মা ত্যাগ ক'রে. শুধু ত্যাগ ক'রে নয়—পরিত্যাগ ক'রে অর্থাৎ দেহ-মনের স্কৃতিতে বিস্কৃতি এনে—প্রাকৃত অভিমান ছেড়ে নিত্য আত্যার নিত্যধর্মা পরমাত্যার সেবা কর— ''আমার ভজনা কর" এই কথা কৃপা ক'রে করুণাময় ভগবান্ আমাদিগকে ব'লেছেন । কিছু এই সহজ সত্য কথা ভ্রান্ত জীব হঠাৎ গ্রহণ কর্তে পারে না তাহার প্রমাণ দেখুন পরবর্ত্তী বাক্যে ভগবান্ ব'লেছেন— 'অহং ত্বাং সর্ব্ব-পাপেভ্যো মোক্ষয়িস্যামি' অনিত্য, জড় দেহ-মনোধর্মা ছেড়ে যা'বে, চ'লে যাবে, বিনাশপ্রাপ্ত হবে, পূর্ব্বাসিভিবশে বা মোহবশে সেই অনিত্য ধর্মাত্যাণ পাপ হ'বে ব'লে বিচার করে। হায় ! হায় ! যে নিত্যধর্মের অপালনই মহাপাপ বা মহাপরাধ, সেই নিত্যে উদাসীন, অনিত্যে নিত্য-বৃদ্ধিকারী বদ্ধজীব অনিত্য-ধর্মের অপালনকে পাপ ব'লে বৃক্ছে। আবার

বিষয়-ভোগেই বিভার হ'য়ে থাকে। আর যদি কেহ বৈরাগ্যলাভের জন্য বিষয় -গ্রহণের দ্বারস্বরূপ ইন্দ্রিয়-সমূহের বিনাশ-সাধনে নিযুক্ত হন, তা' হ'লে বৈরাগ্য-লাভের পূর্কেই ইন্দ্রিয় বিয়োগদুঃখ ঐ বৈরাগীকে ব্যথিত করে।

ভক্ত বিষয়কে ভোগা বা ত্যাজ্য না জেনে ভগবৎ-সেবোপকরণজ্ঞানে তাহা ভগবৎ-সেবায় নিযুক্ত করেন। ভক্ত বিষয়ে অনাসক্ত থেকে যথাযোগ্য বিষয় গ্রহণপূর্ব্বক সেবকাভিমানে সতত ভগবৎ-সেবাই করেন। ত্যাগ বা ভোগ আত্মার বৃত্তি নহে। সেবাই আত্মার নিত্যবৃত্তি। মুক্ত আত্মা বৈকৃষ্ঠে নিজ সেব্যের সেবায় বিভোর। আর ভাগ্যবান্ বদ্ধ আত্মা বদ্ধাবস্থা হ'তে শুদ্ধ বা মুক্ত হবার জন্য ভগবৎপ্রদত্ত ইন্দ্রিয় ও বিষয়গুলি ভোগানুকূলে বা স্বসুখার্থ ব্যবহার করেন না, ত্যাগানুকূলেও ত্যাগ করেম না, কেবল সেবানুকূলে গ্রহণ ও প্রতিকৃলে ত্যাগ করেন।

প্রঃ—শ্রীরূপ গোস্বামী প্রভু কে ?

উঃ—ব্রীরপপ্রত্ন ভগবানের নিত্যসিদ্ধ পার্ষদ। তিনি জগদ্ওরু—ভক্তস্মাট্। তিনি কৃষ্ণলীলায় শ্রীরূপমঞ্জরী গোপী। শ্রীরূপপ্রত্ন শ্রীগৌরাঙ্গের অন্তরঙ্গভক্ত। তিনি জীবতত্ত্ব ন'ন—জীবের প্রত্ন—স্বরূপশক্তিতত্ত্ব। তিনি শ্রীকৃষভানুনন্দিনীর প্রিয়জন।

শ্রীচেতন্যদেবের অন্যান্য ভক্ত অপেক্ষা শ্রীরূপপ্রভুর বিশেষত্ব আছে।
শ্রীরূপপ্রভু শ্রীগৌরাঙ্গপুন্দরের অতিপ্রিয়। শ্রীরূপপ্রভু গৌরসুন্দরের হৃদ্গতভাব যেরূপ জান্তেন, গৌরসুন্দরের অন্য কোন আচার্য্যানুষ্ঠানরত
অনুগতজনে সেরূপ সেবা-পরাকাষ্ঠার কথা প্রকাশিত হয় নাই: শ্রীম্বরূপরূপের অনুগত জনেই শ্রীগৌরসুন্দরের হৃদ্গত নিগৃঢ়-ভাব প্রকাশিত
হ'য়েছে। শ্রীরূপ গোস্বামী প্রভুর নিকট সকলেই ঋণী। যে পর্যন্ত গৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায় প্রকট থাক্বে, সে-পর্যন্ত শ্রীরূপ গোস্বামী প্রভুর অসামান্য
ও অপূর্ব্ব দানের কথা কেহ অস্বীকার কর্তে পার্বে না। শ্রীরূপের পূর্ণ
আনুগত্য ক'রেও সেই ঋণ কেহ শোধ কর্তে পারে না।

প্রয়োগ।

আমি শ্রীশুরুপাদপদ্মের পদধূলি— আমি শুরু-কৃষ্ণের দাস, এই অপ্রাকৃত অভিমানই তৃণাদপি সুনীচতা।

জীবে দয়া, নামে রুচি, বৈষ্ণব-সেবা —এই তিনটি মহাপ্রভূর শিক্ষা। তৃণাদপি সুনীচতার অর্থ— কপটতা নহে, মুখে বা বাহ্য অভিনয়ে নীচতা প্রদর্শন নহে, কিন্তু তৃণাদপি সুনীচতার লর্থ— সত্য সত্য কীর্ত্তনে অধিকার অর্থাৎ নামে রুচি— শ্রীনামের সেবক অভিমান। গুরু-বৈষ্ণব-সেবাই নামে রুচির দ্বার-স্বরূপ, গুরু-বৈষ্ণব-সেবাই তৃণাদপি সুনীচতা, অবৈষ্ণবের নিকট নীচতা নহে, বৈষ্ণবের নিকট নীচতা, দৈন্য-প্রকাশ বা কৃপাভিক্ষা। যার তার নিকট দৈন্য কর্তে নাই— ইহাই মহাজনোপদেশ। গুরু-বৈষ্ণব-বিষেধী পাষণ্ডের নিকট— রাবণের নিকট কিংবা চঙ্গবিপ্রের নিকট নীচতা প্রদর্শন বৈষ্ণব-সেবা বা তৃণাদপি সুনীচতা নহে, তাহা দ্বারা কখনও কীর্ত্তনে অধিকার বা নামে রুচি হয় না, উহার দ্বারা জীবের প্রতি হিংসা করা হয়। রামভক্ত হনুমানজীর লক্ষা-দহনই প্রকৃত তৃণাদপি সুনীচতা।

প্रঃ — जीत्व मग्ना भारन कि ?

উঃ— জীবে দয়া অর্থে শ্রীচৈতন্যদেব জীবকে বিষ্ণু-বৈষ্ণব- সেবায় উন্ধুদ্ধ করার উপদেশ দিয়েছেন। ইহাই শ্রীচৈতন্যদেবের দয়ার অধিক চমৎকারিতা।

প্রঃ— ভগবান্ যা' করেন, তা' সকই কি মঙ্গলকর ?

উঃ— নিশ্চয়ই। দয়াময়ের সবই দয়া। মঙ্গলময়ের বিধানে অমঙ্গল থাক্তে পারে না। ভগবান্ যখন যা' করেন, সবই মঙ্গলের জন্য করেন। যারা আপাত ইন্দ্রিয়তর্পণের ব্যাঘাতকে অমঙ্গল বা ভগবানের নিষ্ঠুরতা বিচার করেন, সেই সকল বদ্ধজীব সম্প্রদায় দাবার একচাল মাত্র বুঝেন; চার, পাঁচ চালের পর কি হ'বে তা' বুঝ্তে পারেন না।

चीरिष्ठनार्मित ७ डीरिष्ठना-छक्णरान्त म्या अमर्नाम्य-म्या,

তাঁ দের দয়ায় অমঙ্গল বা মন্দ ব'লে কিছু নাই। রোগীকে যখন বৈদ্য তিজ্ঞ ঔষধ প্রদান করে, তখন রোগী বৈদ্যকে দয়াহীন নিষ্ঠুর বলে, কিন্তু রোগনির্ম্মুক্ত হ'লে বুঝতে পারে যে, বৈদ্য তিজ্ঞ ঔষধ দিয়ে কত দয়ার কার্য্য ক'রেছেন।

ध्रঃ— মদ্রে যে নমঃ শব্দ আছে , তার অর্থ কি ?

উঃ— অহন্ধার বা স্বতন্ত্রতা পরিত্যাগ ক'রে প্রণত বা শরণাগত হওয়াই নমঃ শব্দের অর্থ। হে গুরুদেব, হে কৃষ্ণ, আজ হ'তে আমি তোমার আশ্রিত সেবক, তুমি কৃপা ক'রে আমাকে চালিত কর, সেবায় নিযুক্ত কর; আজ হ'তে আমি আমার কর্তৃত্ব বা অহন্ধার পরিত্যাগ কর্লাম। এখন তোমার আদেশ, উপদেশ, নির্দেশই আমার জীবনের প্রবতারা বা নিয়ামক হউক, ইহাই প্রার্থনা।

আমি কর্ত্তা, আমি ভোক্তা, আমি দ্রষ্টা, আমি পালক— এই সব জড় অভিমান পরিত্যাগ করার নাম নমস্কার। আমি কর্ত্তা— এই দুর্ব্বৃদ্ধি শ্রীশুরুপাদপদ্মের কৃপায় অপসারিত হ'লে তখনই প্রকৃত দীক্ষা বা দিব্যজ্ঞান লাভ হয়।

কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীশুরুদেব প্রকট থাক্তে থাক্তে তাঁর বিশ্রম্ভ-সেবা বারা সিদ্ধি লাভ করাই বৃদ্ধিমন্তা। কিন্তু সেই অতিমর্ত্তা শ্রীগুরুদেবে প্রীতিবিশিষ্ট না হওয়ার জন্য যদি সিদ্ধি লাভ করিতে না পারি, তাঁকে হদয়-দেবতা জেনে হদয় দিয়ে যদি সম্যগ্রুপে নিদ্ধামভাবে তাঁর সেবা কর্তে না পারি, তা' হ'লে আমি নিশ্চয়ই বঞ্চিত — নিশ্চয়ই বঞ্চিত। আমার একমাত্র রক্ষক— একমাত্র উদ্ধারকর্ত্তা— একমাত্র নিরুপাধিক বান্ধবকে নিকটে পেয়েও কপালের দোষে হারালাম। এমনই আমার দুর্দ্দৈব ! সুরধুনীর তীরে এসে পানীয়-সংগ্রহের জন্য আবার মরুভূমির দিকে ছুট্লাম— রত্ত্রখনির সন্ধান পেয়েও বত্র সংগ্রহের জন্য পুনরায় মনোহারী দোকানের কাচখণ্ডের চাকচিক্যের অনুসন্ধানে প্রশুর্ক হ'লাম, কি সর্বেনাশ। যাঁরা সুবৃদ্ধি হ'বেন, তাঁরা নিম্নপট ও অন্যাভিলাষ-শূন্য হ'য়ে

শ্রীগুরুপাদপদ্মে পূর্ণ আনুগত্যময় জীবনযাপনে দৃঢ়সংকল্প হউন, নতুবা বঞ্চিতই হ'বেন।

প্রঃ— ভগবদর্শন কি ক'রে হ'বে ?

উঃ—শ্রীহরি স্বপ্রকাশ-বস্তু। তিনি দয়ার সাগর। আমরা সেবোনুখ হ'লে শ্রীহরি কৃপা ক'রে— তিনি কিরূপ আকারের হরি, কি রকম রং-এর হরি— সকলই চেতনের বৃত্তিতে প্রকাশিত ক'রে দেন।

ভোজা কর্তৃত্বভিমানে ব্যস্ত। কর্তৃত্বভিমান নিয়ে যে দর্শনের প্রচেষ্টা, তাহাতে ভগবদ্দর্শন হয় না। শ্রবণানুগ্রহে শুদ্ধচিত্তেই ভগবদ্দর্শন সম্ভব। জড়ের কোন অভিজ্ঞতা চেতনকে দর্শন কর্তে পারে না। চেতনের বৃত্তি দ্বারা, চেতনের চক্ষু দ্বারা চেতনের দর্শন হয়। সেবকই সেব্যের দর্শন পায়। সেব্য সেবককেই কৃপা ক'রে দর্শন দেন। আগে অন্তর্দর্শন, পরে বহির্দর্শন।

প্রঃ— জীবের বন্ধ-অভিমান কতকাল থাকে ?

উঃ— যে কাল পর্য্যন্ত আনন্দধর্ম্ম বা ভক্তিধর্ম্ম জীবে প্রস্কৃটিত না হয়, যে কাল পর্যান্ত জীব নিজেকে ভগবৎ-সেবক ব'লে জানতে না পারে, ততদিনই তার বদ্ধজীব-অভিমান বা কর্ত্তা-অভিমান থাকে। অপ্রাকৃত অভিমান না হ'লে জড়াভিমান কি ক'রে যাবে ?

প্রঃ— আমরা ভগবানে সম্পূর্ণ নির্ভর কর্তে পার্ছি না কেন ?
উঃ— অণুচেতন আমাদের একমাত্র স্বভাব— শরণাগত হওয়া — বৃহৎ
চেতনের আশ্রা গ্রহণ করা বহির্জগতের কথা সম্বল করায় আমরা
ভগবানে শ্রনা-বিশিষ্ট হ'তে পার্ছি না। যিনি বহির্জগতের কোন বস্তু
আকাজ্ফা করেন না, যিনি অকিঞ্চন, প্রাকৃত জগতের দৃশ্য বস্তু যার
অবলম্বনীয় হয় না, তিনিই শ্রনাবিশিষ্ট হ'তে পারেন— ভগবানে নির্ভর
কর্তে পারেন। জীবন্ত-শাস্ত্র সাধুর শ্রীমুখে বীর্যাবতী হরিকথা শ্রবণ
কর্তে কর্তে আমরা ভগবানে সম্পূর্ণ নির্ভর কর্তে পারি।

প্রঃ— কখন আমাদের মঙ্গল হয় ?

উঃ— সাধু মহাজনের নিকট ভগবৎকথা শুনে যখন আমরা তাঁর আনুগত্য করি, তখনই আমাদের মঙ্গল বা সুবিধা হয়। Pottery work কর্তে হ'লে অভিজ্ঞ কুন্তুকারের নিকট শুনে নিয়ে কার্য্যারম্ভ কর্তে হয়। সন্দেশ তৈরী কর্তে হ'লে মোদকের নিকট নির্মাণ-প্রণালী জেনে নিতে হয়। সেরূপ শ্রেষ্ঠ অভিজ্ঞের আনুগত্য না ক'রে স্বতন্ত্রভাবে মঙ্গল লাভ কর্বার বিচার গ্রহণ কর্লে আমাদের সাফল্যভাবে অনেক অসুবিধা হ'য়ে থাকে। তখন আমরা শাস্ত্রের প্রকৃত মর্ম্ম বুঝ্তে না পেরে মনোধর্মের বশীভূত হ'য়ে পড়ি।

শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করাই আমাদের কর্ত্তব্য। আম্নায়পস্থা গ্রহণ ব্যতীত সত্য উপলব্ধির অন্য উপায় নাই। নিক্ষিঞ্চন মহাজনের শ্রীচরণ-রজে অভিষেক ব্যতীত আমাদের 'দর্শন' ব'লে কোন কথাই হতে পারে না। মহাজনগণই আমাদিগকে ভোগ্য-দর্শন বা কুদর্শনের হাত হ'তে রক্ষা কর্তে পারেন। বাস্তব সত্য তখনই করায়ত্ত হয়— যখনই আমরা শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করি— গুরুর হ'য়ে কৃষ্ণ-সেবাকে জীবন করি।

প্রঃ— শরণাগতি বাতীত কি মঙ্গল হয় না ?

উঃ— না । কৃষ্ণের পূর্ণ শরণ গ্রহণ ব্যতীত জীবের পূর্ণ মঙ্গল নাই । আমাদের প্রত্যেক পদবিক্ষেপে. দ্রমনে, সদসৎকার্য্যকালে কৃষ্ণ যদি আমাদের স্মৃতিপথে না থাকেন, তা' হ'লে নিশ্চয়ই আমরা বিপথগামী হব।

ইন্দ্রিয়জজ্ঞানে আমি-আমার-ভাব প্রবল থাক্লে সুবিধা হবে না।
'আমরা ভোক্তা, জড়জণং আমাদের ভোগ্য'— এই বুদ্ধিতে আচ্ছন্ন হ'য়ে
গোলে আমরা অধঃপাতে চ'লে যাব। আমরা চিংবস্তু, জড়জগং অচিং
বস্তু যাকে ভোগ কর্তে পারি, তাকে বলে 'জড়'। আমারা নিজ-স্বরূপ
ভুলে গিয়ে 'অচিং বস্তুটা আমাদের ভোগ্য , আমরা ভোক্তা ' এরূপ
অহঙ্কারের বশবর্ত্তী হই। অহঙ্কার প্রবল হ'তে হ'তে 'অহং ব্রহ্ম', 'আমি

খোদা' এরূপ দুর্ব্বিচার এসে জীবের সর্ব্বনাশ করে। 'আমি বড় হ'ব' এরূপ বিচারে আচ্ছনে হ'লে জীবের মঙ্গলের পথ একেবারে অবরুদ্ধ হ'য়ে যায়।

প্রঃ-- কাহারা মঠে বাস করিবেন ?

উঃ— আমাদের মঠে কসরত-ওয়ালাদের বাসের প্রয়োজন নাই, বাবু-ভায়াদের বাসের প্রয়োজন নাই, হরিভক্তেরাই মঠে বাস করিবেন।

যে-সব শিশ্মোদর-পরায়ণ অর্থাৎ লম্পট ও পেটুক ব্যক্তি মঠে আশ্রয় লইয়াছে, তাহাদিগকে একে একে বিদায় দিলে মঠের খরচা কমিয়া যাইবে, জগজ্জপ্তাল কমিবে।

যে সকল ব্যক্তি মঠের আচার-বিচার পালন করে না, যাহাদের গুর্কানুগত্য ও দৈন্য নাই, সেই স্বতন্ত্র দান্তিকগণকে ঘরে পাঠাইয়া দিতে হইবে। তাহাতে আমাদের লোক কমিয়া যায়, সেও ভাল। যাহারা হরিভজন করিবে না, লাভ-পূজা-প্রতিষ্ঠা এবং কনক-কামিনীই যাহাদের আকাক্ষণীয়, তাহাদিগকে মঠে রাখা হইবে না; যেহেতু তাহারা অন্তরে মঠ-বিরোধী। আমি মঠে অনেকদিন আছি, মঠের অনেক কাজ করিয়াছি, তজ্জন্য ভাল থাবাে, ভাল পর্বাে, মোড়লি কর্বাে, প্রচুর সম্মান চাই এবং মঠে প্রভুত্ব-পরিচালনারূপ প্রচুর share পাওয়া আবশ্যক, এরূপ ভক্তিবিরোধী বিচারকে আদৌ প্রশ্রুয় দিতে হইবে না। সংশয়, পরনিন্দা ও পরচর্চাে করিতে করিতে জীবের ঐ সব অসুবিধা আসে।

আমি বড় ওস্তাদ, আমি বড় বুদ্ধিমান, আমি ভাল বজা, আমি ভাল গায়ক— এসব ভক্তিবিক্লদ্ধ বিচারে প্রমন্ত হইতে হইবে না। আমাদিগকে তুণাদিপি সুনীচ হইতে হইবে। আমাকে যদি কেউ আক্রমণ করে বা আমার নিন্দা করে, তখন আমার তাহা সহ্য ক'রে হরিনাম করা উচিত। আমার তখন জানা উচিত যে, আজ ভগবান্ কৃপা ক'রে আমাকে তুণাদিপি সুনীচ হ'বরে অবসর প্রদান ক'রেছেন। যখন কেউ ব্যক্তিগতভাবে আমাকে গালি গালাজ কর্তে থাক্বে তখন আমি জান্বা— যে সকল লোক

অসুবিধায় পড়বে ভগবান্ তা'দের দ্বারা আমার মঙ্গল ক'রে দিতেছেন।
প্রঃ— কাহার সহিত মঠের সম্পর্ক নাই ?

উঃ— যিনি দিব্যজ্ঞানের অপব্যবহার করিবার মানসে কপটতার বশবর্ত্তী হইয়া মঠের আশ্রয় গ্রহণ বা আনুগত্য স্বীকার করেন, তাঁহার সহিত মঠের কোন সমন্ধ থাকিতে পারে না বা নাই।

নদী পার হ'বার জন্য যেমন একটা নৌকা, একটা মাঝি রাখতে হয়, সেরূপ একটা গুরু রাখারও দরকার— এরূপভাবেই এ-সকল লোক আমাকে গুরু ক'রেছে। এরা আমাকে কোন দিনই দেখে নাই, আমিও কোন দিনই তা'দের সঙ্গ করি নাই। জীবনের শেষ ক'টা দিনও এদের আর সঙ্গ কর্বো না। এই সব কপট লোক পূর্ব্ব হ'তে কপটতা বিস্তার না কর্লেও গুরু-বৈষ্ণবের চরণে অপরাধ-ফলে হরিভক্তি হ'তে বিচ্যুত হ'য়ে পুনরায় সংসার-বাসনা লাভ করে।

যথন আমরা শ্রীগুরুদেবের সঙ্গে তর্কপথ আবাহন করি, যখন আমরা নিজেদের অক্ষজজ্ঞানে গুরুকে মাপ্তে যাই, শ্রীগুরুদেবের অনুসরণ না ক'রে অনুকরণ করি, তখনই আমাদের অমঙ্গল বা সর্ক্রনাশ হ'য়ে থাকে। এসব দুর্ব্বৃদ্ধি ছেড়ে দিয়ে যখন শ্রীগুরুদেবের শ্রীচরণে আত্মসমর্পণ করি, তখনই আমাদের মঙ্গল হয়।

অর্থ, বিদ্যা, যোগ্যতা, পাণ্ডিত্য ও বাহাদুরির গরম ভগবস্তক্তের জীবনের প্রয়োজনীয় বিষয় নহে। কারণ তদ্ধারা গুরু-বৈষ্ণব-লজ্ঞনজনিত অপরাধই হয়। তৎফলে জীব গুরুকৃষ্ণ-সেবা হ'তে বঞ্চিত হ'য়ে থাকে। প্রঃ— ভগবান কাহাকে আকর্ষণ করেন ?

উঃ— নন্দনন্দন কৃষ্ণই স্বয়ং-ভগবান্। সেই কৃষ্ণবস্তুটি ত্রিভুবনকে আকর্ষণ করেন। কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুদেবই কৃষ্ণের আকর্ষণী শক্তি। বাস্তববস্তুই আকর্ষক। তিনি কাহাকে আকর্ষণ করেন ? চুম্বক লৌহকে আকর্ষণ করে, কিন্তু কাষ্ঠকে আকর্ষণ করে না। তদ্রাপ সেব্য ভগবান সেবোনাুখ ও সেবককেই আকর্ষণ করেন। সেব্যের স্নেহ, কৃপা ও মাধুর্য্যে সেবোনাুখ

ও সেবক আকৃষ্ট হন। সেই আকর্ষক বস্তু অচিন্ত্য-শক্তিদ্বারা আকৃষ্টকে টানিয়া লইয়া যান, মধ্যস্থলে বা পথে আকৃষ্ট যদি অপর কোন অবান্তর বস্তু দ্বারা আকৃষ্ট হয়, তাহা হ'লে মূল আকর্ষণ হতে বিচ্যুত হয়।

এক দিকে বন্ধন বা বঞ্চনা-মূলক সংসারের আকর্ষণ, অন্য দিকে কৃষ্ণের আকর্ষণ। এজগতে রূপ-রস-শব্দ-স্পর্শাদি আকর্ষক বন্তুগুলি আমার অতি নিকটে আছে। আমি দুর্ব্বল বলিয়া তাহাদের দ্বারা আকৃষ্ট হইয়া যাই। সেজন্যই Living source বা বলবান সাধুর নিকট হরিকথা শ্রবণ করিতে হয়। আমরা যদি সাধু-গুরুর নিকট হরিকথা ওনিতে থাকি, তবে এ নিকটস্থ শক্রর হস্ত হ'তে রক্ষা পাইতে পারি। কৃষ্ণাকর্ষণে না পড়িতে পারিলে মায়ার দ্বারা আকৃষ্ট হইতেই হইবে।

## প্রঃ— তর্কপন্থী কে ?

উঃ— মানব যে-কাল পর্যান্ত তর্কপথ গ্রহণ করে, সে-কাল পর্যান্ত গুরুর দর্শন লাভ ঘটে না। শ্রীগুরুপাদপদ্মের বাণী বা সত্য হ'তে পার্থক্য লাভ ক'রে অন্য কোন সত্য হ'তে পারে না— এই বাস্তব সত্যের নিষ্ঠা পরীক্ষা কর্বার জন্য যে বিপরীত মত বা সন্দেহ উপস্থিত হয়, তাহাই তর্কপথ। যারা তর্কপন্থী, তারা গুরুপাদপদ্মের অবজ্ঞা করেন। একমাত্র গুরুপাদপদ্মই সকল সন্দেহ ও বাদ নিরসন কর্তে সমর্থ। তর্কের প্রতিষ্ঠা নাই। আম্লায়-পথে— শ্রৌতপথে বা বিভদ্ধপথে যে সত্য আগত হয়, তা' পরিবর্ত্তনীয় নয়। সেই অপরিবর্ত্তনীয় সত্যের প্রদাতাকে আম্বা গুরুপাদপদ্ম ব'লে থাকি। গুরুবিদ্রোহীর তর্কনিষ্ঠ হৃদয়ে যে বিচার প্রণালী, তা'তে গুরুবজ্ঞা ও শাস্ত্রাবজ্ঞা থাকে।

প্রঃ— দূরে থাকিয়া বা গৃহে থাকিয়া সাধুসঙ্গে হরিকথা শ্রবণ কি করিয়া সম্ভব হইবে ?

উঃ— আমাদের মঠে সর্ব্বদাই হরিকথা ও সকলেই হরি-সেবারত। সেই সেবাপ্রাণ ভক্তগণের সঙ্গ আমাদের প্রত্যেকেরই সর্ব্বতোভাবে করণীয়। যেখানে হরিকথা নাই, সেই স্থান যতই আত্মীয়-স্বজন-বেষ্টিত হউক না কেন, যতই বাসের সুবিধাজনক হউক না কেন, সেই সব স্থান বা তাদৃশ সঙ্গ আমার নিতান্ত অপ্রয়োজনীয় বোধ হয়। ভগবানের কৃপায় মঠে সর্বেক্ষণ হরিকথা ও হরিসেবা-প্রবৃত্তি দেখিয়া মহাপ্রভুর করুণার কথাই চিন্তা করি।

মঙ্গলাকাজ্ঞী সজ্জনগণ মধ্যে মধ্যে মঠে আসিয়া গুরু-বৈষ্ণবগণের নিকট হরিকথা শ্রবণ করিবেন। আমাদের যদি হরিকথায় রুচি ও হরিসেবা-প্রবৃত্তি থাকে, তাহা হ'লে তাহাই আমাদিগকে অন্যের সঙ্গ হইতে পৃথক্ রাখিবে। সর্ব্বদা পারমার্থিক পত্রিকা ও মহাজনগণের গ্রন্থাদি শ্রীগুরু-গৌরাঙ্গের কৃপাভিক্ষা করিয়া নিজে নিজে আলোচনা করিলে তদ্যারাই ভক্তদিগের মুখে হরিকথা শ্রবণফল লাভ হইবে।

যদিও এই পৃথিবীতে অপ্রাকৃত রাজ্যের বহু ভক্তের সাক্ষাৎকার আমরা লাভ করি না, তথাপি শ্রীমন্মহাপ্রভুর সময়ের ভক্তগণের কথোপকথন ও লীলাকথা গ্রন্থরূপে নিত্যকাল বর্ত্তমান আছে বলিয়া আমাদের হতাশ হইবার কিছু নাই। আমরা যদি ভগবৎ-কথার মধ্যে এখানে বাস করি, তাহা হ'লে আমাদের মঙ্গল অবশ্যই হ'বে এবং কোন অসুবিধাই আমাদের কিছু করিতে পারিবে না।

ভগবদিছোয় আমরা যেখানেই থাকি, সেখানে যদি আমরা ভগবৎ-কথা আলোচনা করি, তাহা হইলে সাংসারিক সকল কথা ও সকল কার্য্যের মধ্যেই আমরা ভগবানের কৃপা, ভগবানের স্মৃতি ও ভগবদ্ধক্তির কথা অনুভব করিতে পারিব। ভগবান ভক্তগণকে যে অবস্থায় রাখিয়া সুখী হন, সেই অবস্থাতেই বাস করিয়া নিজের দুঃখাদি ভূলিয়া থাকাই উচিত।

সাধুসঙ্গ ও হরিকথা আলোচনা করিতে করিতে হাদয়ে ভগবানের সেবাপ্রবৃত্তি উন্মেষিত হইলেই সকল অবস্থাতেই হরিস্মরণ হইয়া থাকে।

আমাদের পরীক্ষার জন্য ভগবান্ সর্ব্বদাই জগতের অন্তরালে অবস্থান করিতেছেন। প্রত্যেক ঘটনার অন্তরালে ভগবানের কৃপা লক্ষ্য করিলে অমাদের আর কোন দুঃখ থাকিবে না।

ভগবানের পরীক্ষার স্থল— এই পৃথিবী অর্থাৎ সংসার। এই পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইলে শুদ্ধভক্তগণের নিকট হরিকথা শ্রবণ করিতে হইবে। বর্ত্তমানে সব সময় সাধুসঙ্গে হরিকথা শ্রবণের সুযোগ না হ'লেও আমরা যদি গ্রন্থালোচনা-মুখে হরিকথা শ্রবণ করি, তা' হলে আমরা আর সৎসঙ্গের এত অভাব অনুভব করিব না। ভগবস্তুক্ত সর্ব্বেই ভগবদ্দর্শন করেন আর ভগবদ্বিশ্বেষী অভক্তগণ ভগবানের অন্তিত্ব পর্যান্ত বিশ্বাস করিতে পারে না।

আমরা মধ্যবর্তীস্থানে অবস্থিত হইয়া একবার হরিসেবায় রুচি দেখাই, পরক্ষণেই আবার বিষয়ভোগে ব্যন্ত হই। হরিসেবায় প্রমন্ত হইবার ইচ্ছা প্রবল হইলেও আমাদের বিষয়ভোগ নিবৃত্ত হয়। বিষয়ে তাৎকালিক সুখ ও দুঃখ বর্ত্তমান, কিন্তু হরিসেবা ভগবানের আনন্দ বিধান করে। এজন্য আমরা সেই আনন্দের উদ্দেশ্যে সর্ব্বদা সেবাপর থাকিব।

প্রঃ— বৈষ্ণবসঙ্গ কি বিশেষ প্রয়োজন ?

উঃ— নিশ্চয়ই। গুরুর সঙ্গ ও গুরুনিষ্ঠ বৈষ্ণবের সঙ্গ বিশেষ মঙ্গলপ্রদ। বৈষ্ণবের সঙ্গ না করিলে অযোগ্য আমরা সদাচার, গুরুনেষা প্রভৃতি শিখিব কি করিয়া ? সম্মুখে আদর্শ সবসময় দরকার। গুরুনিষ্ঠ, নামনিষ্ঠ ও সেবানিষ্ঠ বৈষ্ণবের সঙ্গ না কর্লে আমাদের গুরুনিষ্ঠা, গুরুতে আপনজ্ঞান, গুরুতে ঈশ্বরবৃদ্ধি,গুরুসেবা করার প্রবৃত্তি ইইবে না। কিভাবে গুরুসেবা করিতে হয়, কিভাবে গুরুর সহিত ব্যবহার করিতে হয়—এসব কথা যদি নিম্পট গুরুনিষ্ঠ বৈষ্ণব আমাদিগকে জানাইয়া না দেন, তাহা হইলে সদ্গুরু পাইয়াও প্রাপ্তরত্ব হারাইয়া ফেলিতে হয়, গুরুসেবা হইতে বঞ্চিত হয়তে হয়।

প্রঃ— ভগবানের সকল ব্যবস্থাই কি সানন্দে শিরোধার্য্য ?
উঃ— নিশ্চয়ই। মঙ্গলময়ের সকল ব্যবস্থাই মঙ্গলময়ী। মঙ্গলময়ের ব্যবস্থায় কোন অমঙ্গল নাই বা থাকিতে পারে না। দয়াময়ের স্বই

দয়। it is all for the best. ভগবান্ যাহা করেন তাহা সবই আমাদের মঙ্গলের জন্যই করিয়া থাকেন। এখন ভগবানের দয়া দেখিতে শিখিলেই মঙ্গল।

ভগবান্ যাঁহাকে যখন যেখানে রাখেন বা যেভাবে রাখেন, তিনি তখন অম্লানবদনে সেখানে থাকিয়া ভগবানের পুরস্কার বা তিরস্কার গ্রহণ করিবেন। ভগবানের যাবতীয় পুরস্কার বা তিরস্কার মঙ্গলের জন্যই বিহিত হয়। ভগবানের মায়াশক্তির পুরস্কারকে আমরা আদর করি: আর তাঁহার তিরস্কারগুলি আমাদিগকে যন্ত্রণা দেয়। মায়ার এই দণ্ড ভগবানের কৃপা-প্রসাদ লাভ করিবার উদ্দেশ্যেই বিহিত হয় বলিয়া তাহাও ভক্তগণ অনাদর করেন না, তাহা অম্লানবদনে সহিষ্ণুতার সহিত ভগবৎ-কৃপা বলিয়া গ্রহণ করেন। যাঁহারা সাংসারিক অমঙ্গলকে ভগবানের দয়া বলিয়া বুঝিতে না পারেন, তাঁহারা পুনরায় সংসারের উনুতি, সুখ অম্বেষণ করিতে গিয়া পরিশেষে নিস্কলতা লাভ করেন।

সমস্তই ভগবদিছো। সুতরাং অসুবিধা উপস্থিত হইলে সহাগুণ-সম্পন্ন হইয়া ভগবৎ-করুণার প্রতীক্ষা বাতীত আর উপায়ান্তর নাই। শ্রীনৃসিংহদেব সর্কাক্ষণই ভক্তগণ কে নানা প্রকার অমঙ্গল হইতে রক্ষা করেন। সুতরাং আমাদের ভক্তিতে অবস্থান হইলেই নিজের পোষণ-রক্ষণ চিন্তা থাকে না। ভগবৎ-প্রপত্তিক্রমে মায়িক জগতের অমঙ্গলসমূহ নিঃশেষিত হয়।

প্রাক্তন-কর্মাফলে আমরা কখন সুস্থ, কখন অসুস্থ হইয়া পড়ি। যখন সুস্থ আছি মনে করি, আমরা তখনই কৃষ্ণবিমুখ হইয়া পড়ি এবং তৎকালে নিজাপেক্ষা শ্রেষ্ঠ ভক্তগণকে নিকৃষ্ট মনে করি। এইজন্য কৃষ্ণ আমার অবস্থা বিচার করিয়া নানা প্রকার দুঃখে, কষ্টে, অস্বাস্থ্যে ও অসুবিধায় রাখেন। তখন ভক্তগণ তত্তেহনুকম্পাং' শ্লোকের অর্থ বুঝিবার চেষ্টা করেন।

কৃষ্ণের যাহাতে আনন্দ, আমাদের তাহাই সম্ভষ্টচিত্তে স্বীকার করা কর্ত্তবা। কৃষ্ণ যদি আমাকে বিমুখ রাখিয়া সুখী হন, তাহা হইলে আমার যে দুঃখ্ তাহাই আমার বরণীয়। 'কৃষ্ণের সেবায় দুঃখ হয় যত. সেও ত' পরম সুখ'–এই উপলব্ধি বৈঞ্চবের, তাহা অনুসরণ করার জন্য যত্ন করা প্রয়োজন।

প্রঃ— বৈষ্ণবের কি অশৌচ আছে ?

উঃ— না। বৈষ্ণব গৃহস্থই হউন বা ত্যক্তগৃহই হউন, তাঁহার কোন আশৌচ নাই। হরিসেবা করিলেই পিতৃশ্রাদ্ধ ও পিতৃতর্পণাদি সমাধা হয় এজন্য ভক্তগণকে স্বতন্ত্রভাবে শ্রাদ্ধ-তর্পণাদি করিতে হয় না। তবে লোক-ব্যবহারের জন্য গৃহস্থ-ভক্তগণ হরিনাম গ্রহণে নিত্য ওচি হইয়া একাদশাহে বা যে কোনও দিন মহাপ্রসাদের দ্বারা শ্রাদ্ধ করিতে পারেন—ইহাই বৈষ্ণবশ্রাদ্ধ।

প্রঃ— শ্রীনাম যে সাক্ষাৎ কৃষ্ণ, তাহা কখন বুঝিতে পারিব ? উঃ— নাম ও নামী অভিনু বস্তু। আমাদের অনর্থ ঘুচিয়া গেলে উহা বিশেষরূপে উপলব্ধি হইবে। কৃষ্ণনাম নিরপরাধে উচ্চারিত হইলেই আপনারা স্বয়ং বুঝিতে পারিবেন যে, 'নাম' হইতেই সকল সিদ্ধি করতলগত হয়।

শ্রীনাম গ্রহণ করিতে করিতে অনর্থ অপসারিত হইলে শ্রীনামেই রূপ. গুণ ও লীলা আপনা হইতেই ফুর্ন্তি হইবে। চেষ্টা করিয়া কৃত্রিমভাবে রূপ. গুণ ও লীলা স্মরণ করিতে হইবে না। যিনি নাম উচ্চারণ করেন. তাহার নিজের অস্মিতায় স্থূল-সৃক্ষ-শরীরের ব্যবধান ক্রমশঃ রহিত হইয়া নিজ সিদ্ধরূপ উদিত হয়। নিজ সিদ্ধস্বরূপ উদিত হইয়া 'নাম' উচ্চারিত হইতে হইতেই কৃষ্ণরূপের অপ্রাকৃতত্ব দৃগ্গোচর হয়। শ্রীনামই জীবের স্বরূপ উদয় করাইয়া কৃষ্ণরূপে আকর্ষণ করান। শ্রীনামই জীবের স্কুণের উদয় করাইয়া কৃষ্ণগুণে আকর্ষণ করান। শ্রীনামই জীবের স্কুণের করাইয়া কৃষ্ণগুণে আকর্ষণ করান। শ্রীনামই জীবের স্কুণের করাইয়া কৃষ্ণগুণা আকর্ষণ করান। শ্রীনামই জীবের স্বক্রিয়া উৎপন্ন করাইয়া কৃষ্ণগ্লীলায় আকর্ষণ করান।

নামকেবা বলিলে নামেচ্চারণকারীর নিজ প্রয়োজনীয় অনুষ্ঠানাদিও

## তন্মধ্যে অন্তর্নিবিষ্ট।

শ্রীনাম করিতে করিতে শ্রীনামের কৃপাতেই সব হইবে। শাস্ত্র শ্রবণ, পঠন ও তদ্বিষয়ক অনুশীলন দ্বারা শ্রীনামে রুচি হয়।

थः — कि कितल आमाप्तत मक्रम रहेरव ?

উঃ— ভগবানে মতি রাখিয়া ভগবান্কে ডাকিলেই সকল মঙ্গল হয়, আমি ইহাই জানি। আপনারা তাহাই করিবেন, ইহাই আমার নিবেদন।

সাংসারিক উন্নতি, সুবিধা, অসুবিধা দিবার ভগবান্ই একমাত্র মালিক। আমরা তাঁহার প্রতিপাল্য ও শরণাগত। আমাদের প্রতি তাঁহার যে ব্যবস্থা তাহাই নতশিরে প্রহণ করা কর্ত্ব্য।

প্রঃ— গুরুসেবা ব্যতীত কি মঙ্গলের কোন আশা নাই ?

উঃ— না। যিনি মঙ্গল দান কর্তে এলেন, যিনি মঙ্গলমূর্ত্তি, মঙ্গলদাতা ও জীবের একমাত্র আশ্রুর, সেই মঙ্গলকে বাদ দিয়া মঙ্গল কি ক'রে হ'বে ? শ্রীগুরুদেব ত' বৈকুষ্ঠগত মহাজ্ঞন— ভগবৎ-প্রেরিত মহাপুরুষ, তাঁর আশ্রুর ও সেবা ছেড়ে-তাঁর সঙ্গ বাদ দিয়ে আমরা কি ক'রে বৈকুষ্ঠে যাব ? গুরুকৃপাই ত' সকল মঙ্গলের মূল। সেই কৃপালাভের জন্য কি যত্ন কর্লাম যে কৃপা পাব ? আমি তাই আমার অহঙ্কার পরিত্যাগ ক'রে শ্রীগুরুপাদপদ্মে নমস্কার বিধান কর্ছি। 'আমি দ্রন্তা, আমি ভোক্তা'—এই অহঙ্কার পরিত্যাগ করার নাম নমস্কার। এইজন্যই মঞ্জে নমঃ শব্দ আছে।

আমি কর্ত্তা— এই দুর্কৃদ্ধি শ্রীগুরুপাদপদ্মের কৃপাতেই দূর হয়।
আমি ভগবং- সেবক— এই অভিমান শ্রীগুরুপাদপদ্মের কৃপাতেই জাগে।
জাগতিক অভিমান, অহন্ধার, অবিচার, কুবিচার প্রভৃতি তাঁর কৃপাতেই—
তাঁর সেবাপ্রভাবেই অপসারিত হয়। আমি বর্ষে বর্ষে গুরুপাদপদ্ম পূজা
কর্বার বুদ্ধিবিশিষ্ট ছিলাম না, গুরুপাদপদ্ম-সেবাই যে আমার একমাত্র
কৃত্য—ইহা শ্রীগুরুপাদপদ্মের কৃপা দ্বারাই জান্তে পার্লাম। অন্ধের অনুগ্মন
না ক'রে চন্দুত্মান্ গুরুপাদপদ্মের অনুগ্মন—গুরুপাদপদ্মের পূজা করাই

কর্ত্তব্য । গুরুই আমার একমাত্র বন্ধু, একমাত্র আত্রীয় ও একমাত্র রক্ষক, ইহা আমি তাঁর কৃপাতেই জান্বার সৌভাগ্য পেলাম। গুরুপাদপদ্ম দর্শন করার পর আমার গুরুপাদপদ্মসেবা ছাড়া অন্য কোন কৃত্য আছে— এ বৃদ্ধি আর নাই। ভগবানের প্রিয়ত্ম সেবক, প্রেষ্ঠ নিজজন শ্রীগুরুপাদপদ্ম আমাকে অহঙ্কারের হস্ত হ'তে পরিত্রাণ কর্বার জন্য দয়াপরবশ হ'য়ে যখন নন্দনন্দনের সেবা জানালেন, তখনই জান্তে পার্লাম যে, কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণ ব্যতীত জীবের অন্য কোন কৃত্য নাই— জীবের অন্য কোন মঙ্গল নাই। নন্দনন্দনই জীবের একমাত্র উপাস্য, জীবন, ভৃষণ ও সর্ক্ষর। শ্রীগুরুপাদপদ্ম সেই নন্দনন্দনের অত্যন্ত প্রিয়ত্ম।

সেই গুরুপাদপদ্মের সেবা আমার ন্যায় অনিপুণ ব্যক্তি কায়,মন বা বাক্য কোন প্রকার উপকরণ দ্বারাই কর্তে পারে না । কিন্তু তথাপি দয়ার সাগর, স্নেহের সমুদ্র শ্রীগুরুপাদপদ্ম নিজগুণে আমাতে শক্তি সঞ্চার করেন, আমাকে প্রীতির চক্ষে দর্শন করেন । এত তাঁর দয়া ! আমি যদি তাঁর প্রসাদ লাভ কর্তে পারি, তিনি ছাড়া এ-জগতে আমার আপন বল্তে কেহ নাই, এ সুবৃদ্ধি যদি আমার হয় তা'হলে তাঁর সেইতুকী হাদ্দী দয়ার দ্বারাই তাঁর সেবা করার যোগ্যতা লাভ কর্তে পার্বো । স্বেহ-সেবার দ্বারাই তিনি সম্ভন্ত হ'বেন । যেদিন তাঁর হাদ্দী কৃপা হ'বে— যেদিন তিনি আমার প্রতি সুপ্রসন্ন হ'বেন, সেই দিনই আমি পরমমঙ্গলের কথা ঠিক ঠিক বুঝ্তে পারবো । তখন আর গুরুক্ ক্ষের সেবা ব্যতীত আর কিছুই আমার কাছে বড় মনে হ'বে না— আর কিছু ভাল লাগ্বে না । এজন্য শ্রীগুরুপাদপদ্ম তাঁর যে শক্তি পরিচালনা করেন, সেই শক্তি গ্রহণ করার সামর্থ্য যাতে হয়, শ্রীগুরুপাদপদ্মের নিকটে আমরা সেই মঙ্গল অভিলাধই কর্বো ।

শ্রীগুরুপাদপদ্মের দয়ার তুলনা নাই। সর্বেশ্বরেশ্বর স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ পর্য্যন্ত যাঁর প্রেমে বশীভূত, সেই গুরুপাদপদ্মকে দুর্ভাগা আমি অত বড় মনে কর্তে পারি না। তথাপি তিনি যে দয়া ক'রেছেন, তাঁর প্রতি কৃতজ্ঞতা দেখাবার সামর্থ্য আমার নাই ৷ তাঁর দয়ার প্রর্ত্যপণ করা আমাতে সম্ভবপর হয় না ৷

প্রঃ— নিষ্কপট গুরুসেবকের চিত্তবৃত্তি কিরূপ হবে ?

উঃ— নিষ্কপট শিষ্য গুরুদেবতাত্মা হবেন। তিনি গুরুকে দেবতা অর্থাৎ ক্রম্বর এবং আত্মা অর্থাৎ একমাত্র প্রীতির পাত্র বলিয়াই জানিবেন। শ্রীগুরুদেব আমার নিতা প্রস্কু, আমি তাঁর নিত্য সেবক— ইহাই শিষ্যের অভিমান বা বিচার। গুরুসেবাই তাঁর জীবন, ভূষণ ও সন্তা। গুরু ছাড়া তিনি আর কিছু জানেন না। শয়নে, স্বপনে,ভোজনে, ভজনে সর্ব্বাবস্থায় তাঁর গুরুচিস্তা— গুর্বানুগত্য। তাই তিনি জানেন— কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুপাদপদ্ম ঈশ্বরবন্ধ— স্বতন্ত্রবস্তু। শ্রীগুরুদেব অযোগ্য আমার সেবা গ্রহণ করুন বা নাই করুন, আমি কিন্তু নিষ্কপটে কায়মনোবাক্যে সর্বেদা সর্ব্বতোভাবে তাঁর ঐকান্তিক সেবা কর্বার জন্য প্রস্তুত থাক্বো। তিনি যদি পদাঘাত করেন, তবে জান্বো— আমার অযোগ্যতা; কিন্তু গুরুপাদপদ্ম সত্য। ক্ষণভঙ্গুর বিষয় যেন আমাকে গুরুপাদপদ্মের সেবা হ'তে— বাস্ত ব সত্য গুরুপাদপদ্ম হ'তে ক্ষণিকের জন্যও বিমুখ কর্তে না পারে। গুরুপাদপদ্ম কৃপা ক'রে আমার সেবা গ্রহণ করুন, আমার যেন কোন দুঃসঙ্গ না হয়— আমি যেন গুরুপাদপদ্ম হ'তে বিচ্যুত না হই, ইহাই আমার একমাত্র প্রার্থনা।

আমি অযোগ্য হ'লেও অযোগ্যকে তিনি অধিক দয়া ক'রে থাকেন. এই আমার ভরসা। আমি তাঁর অহৈতুকী দয়ার আশাবন্ধ নিয়ে গুরুপাদপদ্মের সেবায় অধিকতর লৌল্যযুক্ত হব।

## প্রঃ— হরিনাম কি বস্তু ?

উঃ— হরিনাম অচেতন পদার্থ ন'ন কিংবা কল্পিত বস্তু ন'ন— দৃশ্য-পদার্থবিশেষ ন'ন, দৃশ্য জগতের কোন বস্তু ন'ন। হরিনাম ভগবদবতার— সাক্ষাৎ ভগবান্। নামই হরি, হরিই নাম। শ্রীনাম অপ্রাকৃত বস্তু— পরিপূর্ণ বস্তু। তিনি সর্ক্রশক্তিমান্ ভগবান্ স্বয়ং। অপ্রাকৃত নামই স্বয়ং-বস্তু— নামী শ্রীনাম সতঃপ্রকাশ বস্তু। শ্রীনাম can take initiative. অপ্রাকৃত নামই স্বয়ং নামী; অপ্রাকৃত নামই রূপী, অপ্রাকৃত নামই গুণী, অপ্রাকৃত নামই পরিকরবান, অপ্রাকৃত নামই লীলাময়। অপ্রাকৃত নামই রূপ, অপ্রাকৃত নামই গুণ, অপ্রাকৃত নামই পরিকরবৈশিল্পা, অপ্রাকৃত নামই লীলা। নাম ও নামীতে কোন ভেদ নাই। অপ্রাকৃত নাম শব্দব্রক। যেই নাম সেই কৃষ্ণ। কলিকালে নামরূপে কৃষ্ণ অবতীর্ণ। বিভু-চেতন হরিনাম কথা বল্তে পারেন যিনি হরিনাম করেন, তিনিও চেতনবন্তু। তিনি বল্ছেন—হে হরিনাম। আমি তোমার দাস, তোমার আনুগত্য স্বীকার কর্লাম।

যিনি হরিনাম কর্তে প্রবৃত্ত হ'ন, তিনি হরিনাম প্রভুর ভৃত্য। সাক্ষাৎ কৃষ্ণই কৃষ্ণনামরূপে এখানে এসেছেন। এজন্য আমরা হরিনামকেই সম্যুগ্রূপে আশ্রয় কর্বো: আর কারো কাছে যাব না।

প্রঃ—নাম-সংকীর্ত্রনই কি মঙ্গললাভের সর্ব্যাপক্ষা সহজ ও শ্রেষ্ঠ উপায়? উঃ— নাম ছাড়া দিতীয় পন্থা হ'তে পারে না। ইহ জগতে যাঁ দের কোন কৃত্য নাই, তাঁরাই হরিনাম করেন। নাম-সংকীর্ত্রনই একমাত্র উপায়–একমাত্র উপায়। এতদ্বাতীত অধ্যেক্ষজ রাজ্যে প্রবশের অন্য কোন উপায় নাই।

নাম-সংকীর্ত্নই একমাত্র লক্ষ্যের, একমাত্র উপায়। নাম-সংকীর্ত্রন ব্যতীত দ্বিতীয় উপায় নাই। আর নামসংকীর্ত্তনে যে প্রেমা লাভ হয়, তদ্বাতীত অন্য কোন প্রম্ লক্ষ্যও নাই। এজন্য শাস্ত্র ব'লেছেন—

হরেনাম হরেনাম হরেনামৈব কেবলম্। কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা। অন্য কোন উপায় নাই— নাই— নাই। ফিনবার নিষেধ করা হয়েছে।

'कलो डू नाममात्वेष शृङाउ ङ्गवान् इतिः।'

প্রঃ— মনুষ্য-জীবনের কর্ত্তব্য কি ?
উঃ— বিচার দুই প্রকার— প্রেয়ঃপর ও শ্রেয়ঃপর। শ্রেয়ের অনুসন্ধানই

প্রয়োজনীয়। প্রেয়ঃ অতি সুলভ ; কিন্তু শ্রেয়ঃ সহজলভ্য নহে। শ্রেয়ে আত্মার প্রেয়ঃ আছে, কিন্তু বহিম্মৃখ মানসিক প্রেয়ে আত্মার শ্রেয়ঃ নাই।

শ্রীমন্তাগবত বল্ছেন— অনেক জন্মের পর মনুষ্যজন্ম লাভ হ'য়েছে, সুতরাং ইহা অত্যন্ত দুর্লভ। এই জন্ম অনিত্য কিন্তু পরমার্থপ্রদ। স্বতন্ত্রতা পরিত্যাগপূবর্বক শরণাগত হ'য়ে নিম্নপটে ভজন কর্লে একজন্মেই ভগবং-প্রাপ্তি হ'তে পারে। অতএব ধীর ব্যক্তি মৃত্যুর পূবর্ব পর্যান্ত আর ক্ষণমাত্র বিলম্ব না ক'রে চরমকল্যাণ লাভের জন্য যত্ন করবেন। আহার-বিহারাদি বিষয় সকল-জন্মেই পাওয়া যায়, কিন্তু পরমার্থ অন্য জন্মে লভ্য নহে।

আমাদের যে কোন জন্ম হোক্ না কেন, বিষয়-লাভ প্রত্যেক জন্মেই হ'বে। মনুষ্য না হ'লেও বিষয় সব জন্মেই পাওয়া যা'বে।

মনুষ্যজন্মে শ্রেয়ের অনুসন্ধানই কর্ত্ব্য। প্রেয়ের অনুসন্ধান পশুতেও করে।মনুষ্যজাতির বিশেষত্ব— আমরা কাণ দিয়ে শুন্তে পারি এবং শ্রুত বিষয়ের আলোচনা করতে পারি কিন্তু পশুদের পরস্পর আলোচনার ক্ষম তা নাই। যা'তে শ্রেয়ঃ লাভ হয়, তাহা লাভ কর্তে পারি মনুষ্যজন্মে যা'তে আত্মমঙ্গল হয় তৎসম্বন্ধে চিন্তা না কর্লে সাধারণ নিম্ন শ্রেণীর ন্যায় বিচার হয়ে যায়। কিন্তু আমাদের বিবেক আছে। দেবজন্ম হ'লেও ভোগে উনাত্ত হ'য়ে পড়ব— সদসদ বিচার চাপা পড়বে— এখানে প্রাকৃত সুখ-দুঃখ উভয়ই পাওয়া যায়, কিন্তু দেবজন্মে প্রাকৃত সুখ বেশী প্রাকৃত ব'লে সেই সুখও নিত্যম্রায়ী নহে— 'ক্ষীণে পুণ্যে মর্ত্যলোকং বিশন্তি।'

মনুষ্যজীবনে অনেক কাজ প'ড়ে গে'ছে। প্রভু সেজেছি— কার্য্যের কর্তা ব'লে নিজেকে অভিমান কর্ছি— ভগবানের সেবা-বঞ্চিত হ'য়ে অপরের সেবা গ্রহণ করছি। বিভিন্ন বস্তুর প্রার্থী হ'য়ে বিভিন্ন দেবদেবীর সেবা করছি। ধর্ম্মের জন্য সূর্য্যের, অর্থের জন্য গণেশের, কামের জন্য শক্তির এবং মোক্ষের জন্য শিবের উপাসনা কর্ছি। ইহা বস্তুতঃ পূজা নহে— পূজ্যকে আমার বস্তু সরবরাহ করবার সেবকই ক'রে ফেল্ছি। সেবা বলে কাকে, তা' জানা দরকার। শুধু সেবাের আনন্দবিধানের নামই সেবা। শ্রীহরি সকলের মূল (Fountain-head), আমরা
সকলে সেই শ্রীহরিরই সেবক, তাঁর সেবাই আমাদের ধর্মা, কার্যা বা
কর্ত্তবা। তাঁর সেবা কর্লে সকলেরই সেবা হ'য়ে থাকে। 'যথা
তরাের্ম্লনিষেচনেন' শ্রোকই তা'র প্রমাণ।

বাস্তব বঞ্জ যাহা, ভাহা না জানার দরুণ যত অসুবিধার সৃষ্টি
হ'য়েছে। এই অসুবিধার হাত থেকে নিষ্কৃতি পাওয়া দরকার। মনুষ্যজন্ম
ভাহা সম্ভব। অমরা একটু ধৈর্য্য অবলম্বন পূর্ব্বক যদি সাধুর নিকট
ভগবৎ-প্রসঙ্গ শ্রুবণ করি, তা' হ'লে ইহ জগতের রূপ, রস, গন্ধ, শব্দ,
স্পর্শের দ্বারা আমরা বড়শীবিদ্ধ মৎস্যের ন্যায় আকৃষ্ট হ'ব না। তখন
ভগবানের নিত্য আকর্ষণে আকৃষ্ট থাক্ব।

দুনিয়াদারীতে যাঁরা ব্যস্ত আছেন, তাঁরা অধােক্ষজের সেবা বুঝ্তে পারেন না। কিন্তু অধােক্ষজের কথাই আলােচনা করা দরকার। কি ক'রে আলােচনা হ'বে ? — সাধুসঙ্গ প্রভাবে।

সাধুগণের সঙ্গ করা দরকার। বন্ধ-জীবের সঙ্গক্রমে আমাদের অসুবিধা উপস্থিত হচ্ছে। সাধুর প্রকৃত সঙ্গ হ'লে ভগবানের শক্তির উপলব্ধি হবেই। সাধুসঙ্গের অভাব হ'লে জগতের শক্তিদ্বারা অর্থাৎ মায়াশক্তির দ্বারা প্রতারিত হ'ব। আমরা অহন্ধার-বিমূঢ়াআত্ব হ'তে মুক্ত হ'তে পার্বো শদি হরিতে প্রপন্ন হই। তদ্যতীত আর দ্বিতীয় পত্মা নাই। ভগবান্ই পূর্ণবন্তু— জীবের একমাত্র উপাস্যবন্তু বা আশ্রয়। তাঁর সেবা লাভ কর্তে হ'লে তাঁর প্রকাশ-বিগ্রহ শ্রীগুরুদেবের পাদপদ্ম আশ্রয় কর্তে হবে।

শ্রীগুরুপাদপদ্ম হ'তে অপ্রাকৃত শব্দব্রক্ষ বৈকৃষ্ঠ-নাম পাওয়া যায়।
সেই নামের আভাসেই সংসার হ'তে মুক্তি হয়। ভগবানের নাম কর্লে
আর মাতৃকুক্ষিতে আস্তে হয় না— অনাবৃত্তিঃ শব্দাৎ অনাবৃত্তিঃ শব্দাৎ।
এসব কথা একবার তনে যদি বুক্তে না পারা যায় তবে পুনঃ পুনঃ

তন্তে হবে। শব্বক্ষের— শ্রুতির— বেদের যিনি আশ্রয় গ্রহণ কর্বেন না. তাকে আবার সংসারে আস্তে হ'বে।

ভগবান্কে যিনি দেখিয়ে দিতে পারেন, যিনি ২৪ ঘন্টার মধ্যে ২৪ ঘন্টাই ভগবানের সেবা করেন, তাঁর নিকটেই ভগবানের কথা ভন্তে হ'বে। শ্রীভগবানের সেবাগার ও শিক্ষাগারই মঠমন্দির।

ভগবন্তক সাধুগণ ভক্তিচক্ষে শ্যামসুন্দর কৃষ্ণকৈ হৃদয়ে অবলোকন করেন। সাধুর কৃপা হ'লে আমরাও হৃদয়ে ভগবান্কে দেখতে পাব। ভক্তি-চক্ষে ভগবদ্দর্শন হয়। এই চোখ দিয়ে দেখতে গেলে পৃথিবীর জিনিষ দেখা হ'বে। এ জগতের ব্যাপারে যদি মুগ্ধ হ'য়ে পড়ি, তা' হ'লে আর ভগবান্কে জান্তে পার্লাম না।

আমরা আর একটুও সময় নষ্ট কর্ব না, সর্ববোভাবে সর্বস্থের আধার যে ভগবান, তাঁর বিষয় চিন্তা কর্বো— তাঁর অনুশীলন কর্বো। তৎফলে ভগবদর্শনের বাধাওলি কেটে যাবে। শ্রীকৃষ্ণের আরাধনা দ্বারাই আমাদের পরমমঙ্গল লাভ হ'বে। যে মুহূর্ত্তেই বুঝতে পার্বো— ভগবদ্বস্থ আমার প্রভু, সেই মুহূর্ত্তেই আমার সুবিধা হবে। এ জগতে আরাধনা কর্বার আর কোন বস্তু নাই।

ভগবৎ-প্রসঙ্গ শ্রবণ ও কীর্ত্তনেই বাস্তবিক মঙ্গল হ'বে। ভগবান্কে ভূলে কর্ত্তাভিমানে যে কর্মা করা যায়, তাতে শুধু অমঙ্গলের কথা।

আমরা বর্ত্তমানে স্থানচ্যুত হয়ে পড়েছি— জড় জণতের সঙ্গে সন্ধন্ধবিশিষ্ট হয়েছি। এখন ভগবানের সঙ্গে সন্ধন্ধবিশিষ্ট হয়ে নিত্যস্বভাবকে প্রকট কর্তে হবে। আমরা চিরদিন এই পৃথিবীতে থাক্তে পার্বো না। যারা ভগবানের সেবা চান, তারা জগতের কিছু চান না। তারা— অকিঞ্চন। জগতের মঙ্গলের জন্য— নিজের ভাবী মঙ্গলের জন্য নিষ্কিঞ্চন হ'য়ে ভগবানের ভজন করাই কর্তব্য।

প্রঃ— কাহার নিকট কথা ভন্তে হ'বে ? উঃ— শ্রীগুরুপাদপদ্ম হ'তে ভগবৎ-কথা ভন্তে হ'বে এবং সেই শ্রুতবাণী ইষ্টদেবের সুখার্থ অন্য শুশ্রুর নিকট কীর্ত্তন করতে হ'রে— অশ্রদ্ধানের নিকট নহে।

গুরুর নিকট শ্রবণ কর্তে হ'বে— পাষণ্ডের নিকট নহে। ভুলবশতঃ অভজকে গুরু কর্লে তাঁকে বর্জন ক'রে পুনরায় বৈষ্ণবগুরুর কৃপা গ্রহণ কর্তে হ'বে।

প্রঃ -- ভগবৎ-প্রান্তির উপায় কি ?

উঃ— ভগবানের সেবাই জীবের নিত্যধর্ম। জীব যে সকল বস্তুর পশ্চাতে ধাবিত হয়, সে সকলই জনা, স্থিতি ও ভঙ্গধীন। অসতে সতাবৃদ্ধি বা অনিত্যে নিত্যবৃদ্ধি ক'রে সুখের বিনিময়ে দুঃখই মানবের ভাগো ঘটে থাকে। কিন্তু মানব যখন বৃদ্ধিমান্ হয়, দেখে ওনে চতুর হয়, তখন সাধুসঙ্গে সেই অশোক, অভয়, অমৃতাধার ভগবানের সেবায় জীবন উৎসর্গ। শ্রীশ্রীরাধা-গোবিন্দের সেবাই জীবের সাধ্য-পরাকান্তা। শ্রীরাধাগোবিন্দের মিলিত-তনু শ্রীগৌরসুন্দর সকলকে সেই সেবাশ্রী প্রদানের জন্যই প্রপঞ্জে অবতীর্ণ হয়েছিলেন। শ্রীনামাশ্রয় দ্বারা সেই কৃপা লাভ হয়, এতদ্বাতীত অন্য উপায় নাই।

প্রঃ—শরণাগতের মঙ্গল কি হ'বেই ?

উঃ— নিশ্চয়ই হ'বে। যে মুহূর্ত্তে আমরা শরণাগত, সেই মুহূর্ত্তেই মঙ্গল আমাদের করায়ত্ত। মূল মালিকের উপর নির্ভর করলেই মঙ্গল। আমরা যে যতটা যতক্ষণ অশরণাগত, সে ততটাই ততক্ষণ অমঙ্গলকে আলিঙ্গনক'রে র'য়েছি।

কৃষ্ণ আমাদিগকে জগতে ক্লেশ দিতে আনেন নাই। আমরা স্বতন্ত্রতার অপব্যবহার ক'রে নিজের কর্তৃত্বেই নিজের অমঙ্গল ও ক্লেশ বরণ ক'রেছি। তাঁর মঙ্গলময়ী বাণীতে শ্রন্ধা হ'লেই আমাদের কর্ত্তা-অভিমান চিরতরে বিদূরিত হয়; তখন আমরা কশ্মবীর সাজ্তে থাবিত হই না, তাঁর বাণী শ্রবণের জন্য তাঁর শ্রীচরণে শরণাগত হই। প্রঃ—শরণাগতের লক্ষ্ণ কি ?

উঃ— কর্তৃত্ব পরিত্যাগ করাই শরণাগতের লক্ষণ। কর্তৃত্ব পরিত্যাগ ক'রে কৃষ্ণকে গোপ্তৃত্বে বরণই শরণাগতির স্বরূপ-লক্ষণ। আশ্রিত ব্যক্তির কর্তৃত্বের দরকার থাকে না। শ্রীবৃষভানুনন্দিনীর পাল্য হ'বার বিচার উপস্থিত হ'লে জগতের কোন ক্ষুদ্র অভিমান আমাদের হৃদয় অধিকার কর্তে পারে না। আমি কৃষ্ণের আশ্রিত— এই অভিমান না হলে শরণাগতি বা আশ্রয় হ'লো না। তৎফলে 'পিতা' অভিমান, 'কর্ত্তা' অভিমান স্বাভাবিক।

প্রঃ— দেবজনা অপেক্ষাও কি মনুষ্যজনা শ্রেষ্ঠ ?

উঃ— নিশ্চয়ই। দেবজনা থেকে মনুষ্যজনা ভাল। এজন্য দেবতাগণও মনুষ্যজনা আকাজ্জা করেন। দেবতারা এত বিষয়ভোগে মন্ত থাকেন যে, ভবিষ্যতে যে তাদের জন্য দুঃখ-ভাগ্রার পরিপূর্ণ হ'য়ে র'য়েছে, তা' তারা চিন্তাই করতে পারেন না। সাময়িক সুখের নেশাতেই তারা মস্গুল থাকেন। দেবতা ত' কিছু সময়ের জন্য, ক্ষীণে পুণো মঠ্যলোকং বিশন্তি।

ইতর প্রাণী অপেক্ষা মানুষের ভবিষ্যতের জন্য চিন্তা অধিক।
দেবতাগণ মানুষ অপেক্ষা সুখ-সাছন্দে বাস করেন. তাঁরা অধিক দিন
ভোগ ক'রতে পারেন; কিন্তু সেই দেবতাগণের শেষে অসুবিধা আছে।
দেবতারা জন্ম, ঐশ্বর্য্য, শ্রুত, শ্রীদ্বারা পরিবেষ্টিত হ'য়ে সেই সকলের
শ্রীবৃদ্ধির যতু করেন। তাঁরা মানুষ অপেক্ষা অধিক ভোগ সমৃদ্ধ করেন
ব'লে আমরা তাঁদিগকে বড় মনে করি। কিন্তু মানুষের একটা বিশেষ
সুবিধা এই যে, তাঁরা দেবতার ন্যায় অতি বড় না হওয়ার দরুল তারতমাগত
মঙ্গল চিন্তা ক'রবার অধিকার লাভ ক'রেছেন। মানুষত দেবতার অনুকরণে
জন্ম-ঐশ্বর্য্য প্রভৃতিতে বান্ত থাক্লে নিজের মঙ্গল চিন্তা ক'রতে পারেন
না। দেবজন্ম অপেক্ষা মনুষ্যজন্মে ভগবদ্ভজনের ও সাধুসঙ্গের সুযোগ
বেশী। এইজন্য দেবজন্ম অপেক্ষা মনুষ্যজন্মের শ্রেষ্ঠত্ব।

মনুষ্যজীবনে নানা প্রকার অসুবিধা প্রতি-মুহূর্ত্তে আমাদিগকে জাগতিক লাভের বা সংসারের ক্ষণভঙ্গুরতা জানিয়ে দিচ্ছে: কিন্তু দেবতাদের অপেক্ষাকৃত নিরবচ্ছিন্ন ভোগময় জীবনে এই সকল ক্ষণভঙ্গুরতা সহজে উপলব্ধি হয় না। এরপ মনুষ্য-জীবন লাভ ক'রে আমাদের অবকাশ হ'য়েছে, যাতে ক'রে আমরা নিজের মঙ্গল বিধান ক'র্তে পারি— কোন্টি মঙ্গল কোন্টি অমঙ্গল ় তা' জান্তে পারি।

প্রঃ— সর্বশ্রেষ্ঠ উপকারী বন্ধু কে ?

উঃ— যারা হরিনামে জীবকে আকর্ষণ করেন, তাদের ন্যায় প্রকৃত বান্ধব ও উপকারী জগতে আর কেহ নাই। কোটি কোটি দাতা কর্ণের দান হরিনাম-প্রচারকারিগণের মহাবদান্যতার নিকট অতি সামান্য ও তিরস্কৃত।

প্রঃ— কিভাবে কৃপা বা শক্তি লাভ হয় ?

উঃ— একান্তভাবে শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিলে শুরু কর্তৃক জীব-হৃদয়ে কৃষ্ণ-শক্তি সঞ্চারিত হয়। সেই কৃপা-শক্তি সেবা-দ্বারা পরিপুষ্ট হ'য়ে ক্রমশঃ অনর্থরাশি ধ্বংস করিতে থাকে। কিন্তু সেবা ছাড়িয়া দিলে বা সেবার প্রতি উদাসীন হইলে আবার অনর্থরাশি প্রবল হওয়ায় কৃষ্ণশক্তি ক্রমশঃ অপসৃত হয়। কোন বীজ উপ্ত হইলে যেমন তাহাতে যত্ত্বের সহিত জল-সেচনাদি দ্বারা উহাতে অন্ধুর বাহির হয় এবং সেই অন্ধুর সবল হইয়া বৃক্ষে পরিণত হইবার পূর্ব্ব পর্যান্ত তাহাকে বাহিরের আক্রমণ হইতে রক্ষা করা প্রয়োজন, সেই প্রকার গুরু-দন্ত কৃষ্ণ-শক্তি ভজন-দ্বারা ক্রমশঃ বির্দ্ধিত করা প্রয়োজন।

প্রঃ— ভক্তি ও অভক্তি কাহাকে বলে ?

টঃ— ইন্দ্রিয়জ জ্ঞানকে পরিত্যাগ না করার নাম অভক্তি তাহা তিনটি খাতের মধ্য দিয়া প্রবাহিত— অন্যাভিলাষ, কর্ম্ম ও জ্ঞান। নিজের সুবিধা ও অারের সুবিধা (ইন্দ্রিয়তর্পণ) করার নাম কর্ম্ম। সুবিধাও কর্বো না অসুবিধাও কর্বো না, নিরপেক্ষ থাক্বো, ইহার নাম জ্ঞান। ইন্দ্রিয়জ-জ্ঞান ও নির্কিশেষ-জ্ঞান উভয়কে পরিত্যাগ ক'রে অধ্যোক্ষজ বন্ধ শ্রীহরির ইন্দ্রিয়তোষণই ভক্তি। ভোগ ও মুক্তির হাত হ'তে মুক্তিলাভ না হ'লে ভক্তির ভূমিকা আরম্ভ হয় না।

প্রঃ— দুর্বেলচিত্ত ও অপরাধীর মধ্যে পার্থক্য কি ?

উঃ— দুর্ব্বলচিত্ত ও অপরাধী ঠিক এক শ্রেণীর নহে। যদিও দুর্ব্বলতাই কালে অপরাধে পরিণত হইতে পারে, তথাপি দুর্ব্বলতার অধিকারে কামনারূপ পাপ ও অপরাধের প্রতি ঘৃণা আছে। দুর্ব্বলচিত্ত ব্যক্তি পাপ ও অপরাধ অত্যন্ত অন্যায় জানিয়াও তাহা পরিত্যাগে অসমর্থ। আর অপরাধী ব্যক্তি কখনও ঐ সকলকে অন্যায়ই বিবেচনা করেন না। তিনি যাহা করেন ও যাহা বুঝেন, তাহাই ভাল, বরং প্রকৃত সাধুরই বুঝা ভূল হইয়াছে, এরূপ মনে করেন।

দুর্ব্বলচিত্ত ব্যক্তি কামনাকে আদর ও রুচির সহিত গ্রহণ না করিয়া গর্হণ করিতে করিতে পরিত্যাগ করিবেন। তাহা হইলেই তাঁহার প্রতি কৃষ্ণ-কৃপা হইতেছে জানা যাইবে: নতুবা কৃষ্ণ-কৃপা হইতে বঞ্চিত হইতে হইবে।

श्रः - रित्रजन काशांक वर्ण ?

উঃ— বর্ত্তমানে হরিজন শব্দের অপব্যবহার হ'চছে। বন্তুতঃ হরিজন ব'লতে অপ্রাকৃত ভগদ্ভকগণ, যাঁহাদের স্বরূপ উদ্ধুদ্ধ হইয়াছে। তাঁরা যে কোন কুলে উদ্ভূত হউন না কেন, তাঁদের যে কোনরূপ বাহ্য পরিচয় থাকুক না কেন, যাঁরা সদ্গুরু পদাশ্রয়ে একান্ত হরিসেবক, তাঁরাই হরিজন। তাঁদের হরিসেবা ব্যতীত অন্য কোন অভিলাষময় কৃত্য নাই। যাঁরা অবৈষ্ণব, যাঁদের স্বরূপ উদ্ধুদ্ধ হয় নাই, তাঁ দিগকে হরিজন বলা অসঙ্গত ও অশাস্ত্রীয়। যদিও স্বরূপে সকলেই নিত্য হরিজন, কিন্তু বিরূপগ্রস্ত অবস্থায় তাঁদের হরিজনত্বর পরিচয় নাই। তাঁদের স্বরূপ উদ্ধুদ্ধ হউক, তাঁরা হরিসেবা করুন, তখন তাঁ দিগকে হরিজন বল্তে আমাদের আপত্তি নাই। ধান্যমাত্রেই চাউল সত্য, কিন্তু ধান্যটা চাউল নহে। ধান্যের আবরণটা চলিয়া গেলেই তা'কে চাউল বলে।

জীবমাত্রেই হরিদাস বা হরিজন সত্য, কিন্তু যখন হরিদাসো নিযুক্ত, তখনই সে হরিজন-পদবাচ্য, তৎপূর্কো নহে। প্রাপ্ত কেই বলেন—সবই সমান, ইহা কি ঠিক ?
উঃ— সৎ ও অসৎ, ভক্ত ও অভক্ত, পাপী ও পুণ্যবান, শিক্ষিত ও অশিক্ষিত, দেবতা ও ভগবান, সতী ও অসতী, ধর্মা ও অধর্মা, আলো ও অন্ধকার, আত্মধর্মা ও অনাত্মধর্মা, ভক্তি ও অভক্তি—এসব সমান কি ক'রে হ'বে ?

याता आ छा छतीन वस्त थवत दार्थ ना. वस्र- टर्वित সृक्षाण्- সृक বিচারে যারা প্রবেশ করে নাই, তাদের নিকট সবই ভাল। অক্ত ব'লক বলতে পারে--তা'দের হিজিবিজি লেখার অর্থ হ'বে না কেন ? অভিজ্ঞ ব্যক্তির লেখার যদি অর্থ হয়, তাহলে হিজিবিজিরও অর্থ হওয়া আবশ্যক। হিজিবিজি লেখা ও অর্থ-সূচক লেখা উভয়কে সমান না বল্লে মূর্য ব্যক্তি তা'তে সাম্প্রদায়িকতা বা পক্ষপাতিত্-দোষ আরোপ করে। যাঁরা হরিবিষয়, হরিকথা বা সত্য-সিদ্ধান্তের আন্তরিক খবর রাখেন না, সেইরূপ জনমতের নিকট appeal ক'র্লে তারা বল্বেন—প্রকৃত সিদ্ধান্ত জানাইয়া দেওয়াই সাম্প্রদায়িকতা, অসৎ সিদ্ধান্ত বিরাস করাটাই নিন্দা। তাঁহাদের মত এই যে— আমরা যখন কিছু জানি না, তখন সবই সমান বলিয়া গোঁজামিল দেওয়াটাই ভাল । তা তৈ সকলেই সম্ভুষ্ট থাকিবে, কাহারো সঙ্গে অসদ্ভাব হ'বে না। কিন্তু সত্য ও অসত্য, ভক্তি ও অভক্তি কখনও এক হ'তে পারে না। ভক্তি যাঁদের নাই, যাঁরা ভগ্ৰৎ-সেবার প্রয়োজনীয়তা বোধ করেন না, প্রকৃত মঙ্গল যাঁরা চান না, ভোগ ও প্রতিষ্ঠাই যাঁদের আকাক্ষণীয়, তাঁ'দের নিকট বিদ্ধা ও ওদ্ধা ত' একই মনে হ'বে।

প্রঃ— তদ্ধভক্তগণ গুরুকে কিভাবে দেখেন ?

উঃ— গুরু সাধারণের নিকট একরণে পরিচিত্ অন্তরঙ্গ ভজের নিকট অনারপে। গুদ্ধভজের নিকট শ্রীগুরুপাদপদ্ম নিজের পরম-জাত্রীয়রপে, কৃষ্ণপ্রেষ্ঠরূপে, একমাত্র প্রীত্যাম্পদরূপে, নিতাসেরা, জীবন ও সর্বাধ্ব বিলিয়া অনুভূত। শ্রীগুরুপাদপদ্ম কৃষ্ণের পরমপ্রেষ্ঠ ও তদভিনু। শ্রীগুরুদেবের দাস্য ব্যতীত কৃঞ্চদাস্যের সম্ভাবনা নাই। যাঁরা গুরুর দাস্য বা সেবা করেন, তাঁ'রাই প্রকৃত ভগবস্তুক্ত বা বৈঞ্চব।

পাপযুক্ত চক্ষুতে গুরুপাদপদ্ম দর্শন হয় না। মনুষ্যালর্গন— গুরুদর্শন নহে, তা'তে নরক হয়। গুরু লঘু নহেন, মনুষ্যা নহেন, তিনি ঈশ্বর, তিনি ভগবানের নিজজন, তিনি মহাপুরুষ, মহাজন, নামাচার্যা— কৃষ্ণপ্রেষ্ঠ। প্রঃ— আমাদের বিঘ্ননাশ ও অভিষ্ট-পূরণ হ'চ্ছে না কেন ? উঃ— ভগবদভিনু শ্রীগুরুদেবে আমাদের মন্ত্যবুদ্ধি ও ভজ্জন্য দোষদৃষ্টি বিদূরিত হয় নাই। তাই আমরা তাঁর চরণে নিজপটে সাজ্যসমর্পণ কর্তে পারি নাই। বেদবাক্য, ভগবদ্বাক্য, গীতাবাক্য লজ্জন করিয়া গুরুতে মনুষ্যবুদ্ধি, বৈশুবে জাতিবুদ্ধি ও ভগবানে শিলা-পাথর-কাঠ-মাটি-বুদ্ধি করার জন্যই আমাদের এই দূরবস্থা।

প্রঃ— জীবের কৃত্য কি ?

উঃ— ব্রজেন্দ্রনন্দন কৃষ্ণই কামদেব— সকলের একমাত্র নিত্য সেবা। তাঁ'র সেবাই জীবের নিত্যধর্মা বা কৃত্য। তগবৎ-সেবার কথা তুলিয়া গিয়াই জীব কখনও 'হাম খোদাই' বুদ্ধি লইয়া 'অহং ব্রহ্ম শি'র ভ্রান্ত ধারণায় নির্বিশেষ-জানী হয়, কখনও বা ভোগী সাজিয়া বর্ণাশ্রম-ধর্মা পালনের জন্য বাস্ত হইয়া পড়ে, কখনও স্ত্রীর মনোরঞ্জন করাই তা'র প্রধান কর্ম্ম হইয়া পড়ে। এইজন্যই বলি— হে জীবগণ। অপেনারা দন্ত, স্ত্রীপূজা ও স্থোণভাব পরিত্যাগ করুন। শ্রীমতী রাধান প্রির দাস্যে, শ্রীরপমঞ্জরীর কৈন্ধর্যো আত্মনিয়োগ করুন। ব্রজগোপীর আবুলা অনুমূলণ কৃষ্ণসেবায় নিযুক্ত হউন।

প্রঃ—শ্রীনামগ্রহণকালে জড়চিন্তা আসে কেন?

উঃ— গুরুর্নুগতে। শ্রীকৃষ্ণনাম\_গ্রহণে মঙ্গল হয়। শ্রীনাম-গ্রহণ-কালে জড়চিন্তার উদয় হয় বলিয়া শ্রীনাম-গ্রহণে শিথিলতা করিবেন না। শ্রীনামগ্রহণ করিতে করিতে ক্রমশঃ ঐ সকল বৃথা চিন্তা অপনোদিত

হইবে। তজ্জন্য ব্যস্ত হইবেন না। অগ্রেই ফলের সম্ভবনা নাই কৃষ্ণনামে অত্যন্ত প্রীতির উদয়ে জড়চিন্তার লোভ কমিয়া যাইবে। কৃষ্ণনামে অত্যাগ্রহ না হইলে জড়চিন্তা কিরূপে যাইবে ? কায়মনোবাকো শ্রীনামের সেবা করিলেই শ্রীনামী পরমঙ্গলময়-স্বরূপ প্রদর্শন করেন

প্রঃ— কি ক'রে সহজে ভগবান্কে পাওয়া যায় ?

উঃ— যাঁরা ভগবানের সেবা করেন, সেই ভক্তের সঙ্গেই ভগবদ্ধকি লাভ হয়। ভক্তগণ ভগবানের সেবা সার ক'রেছেন। তাঁরা ভগবানের নাম-রূপ-গুণ-লীলা-কথাকেই জীবন-সর্ব্বস্ব ক'রে সর্ব্বদা সেই সব আলোচনা করেন। যাঁরা ভগবানের সুখের জন্য সেবা করেন, তাঁদের সঙ্গ ক'রলেই মঙ্গল হ'বে। ভক্তগণ নিজের সুখের জন্য ভগবৎ-সেবার ভাণ করেন না। তাঁ'রা ইহকালের সুখ, পরকালের সুখ, দেহ-গেহাদির সুখ, এমন কি মুক্তিও চান না। তাঁরা 'ভাবে ভাবে হৃদয়-ভবনে' সত্ত ভগবানের সেবা করেন সেই সেবাপ্রবৃত্তি কোন বাধা মানে না। ভক্তগন সত্ত ভগবানের সেবা করেন সেই সেবাপ্রবৃত্তি কোন বাধা মানে না। ভক্তগন সত্ত ভগবানের গৃহস্থিত আত্মীয়-স্কলনে বা নিজ বন্ধুবান্ধবে তাঁদের প্রীতি নাই। ভক্তগণ ভগবানেই প্রপন্ন। ভক্তগণ ভগবানেই সার ক'রেছেন এবং ভগবান্ও ভক্তের প্রীতিতে আবন্ধ হ'য়ে নিজে সারাৎসার বন্ধ হয়েও সেই ভক্তগণকেই সার ক'রেছেন।

গ্রন্থ-ভাগবত ও ভক্ত-ভাগবতের সেবা দ্বারাই সহজে ভগবান্কে পাওয়া যাবে। শ্রীমদ্রাগবত বলেন—

নষ্ট-প্রায়েম্বভদ্রেম্ব নিত্যং ভাগবতসেবয়া। ভগবত্যুত্তমঃশ্লোকে ভক্তির্ভবতি নৈষ্ঠিকী ॥

প্রঃ— শ্রীমন্দিরনির্মাণে অর্থদান কি মঙ্গলকর ? উঃ— বহু অর্থ ব্যয় ক'রে নিজের ভোগবিলাস-গৃহ নির্মাণের বিচার অপেকা সেই অর্থদারা ভগবং-সেবা করা, গুরু-বৈষ্ণাবের সেবা করা বা ভগবানের সেবামন্দির নির্মাণ করার সুবিচার ও সুবৃদ্ধি যে কত অধিক শ্রাঘা, কত মহামঙ্গলকর,তাহা ভাষা দ্বারা বর্ণনা করা যায় না।

যাঁহারা শ্রীবিষ্ণুমন্দির নির্মাণ করেন, তাঁহারা যমদ্বারে যান না; পরম্ভ বিষ্ণুদ্ত কর্তৃক বৈকুষ্ঠে নীত হন। যম ও তাঁহার ভৃত্যগণ ভগবংসেবকগণের আজ্ঞাবহ।

প্রঃ—শ্রীরঘুনাথ দাস গোস্বামী প্রভু কে ?

উঃ—শ্রীরঘুনাথ দাস গোস্বামী প্রভু চৈতন্য-দাস ছিলেন বটে: কিছু তাঁর প্রবল অভিমান— তিনি শ্রীরূপানুগ, তিনি স্বরূপ-রূপের কিঙ্কর, স্বরূপের রঘু তিনি, মহাপ্রভুর প্রেষ্ঠের প্রেষ্ঠ তিনি, স্বরূপ-রূপের পরমপ্রেষ্ঠ তিনি। শ্রীরঘুনাথ শ্রীরাধাগোবিন্দের বড় প্রিয় সেবক। শ্রীরূপ মঞ্জরীর সাহচর্য্যে তিনি শ্রীরাধাগোবিন্দের সেবা করেন।

শ্রীল রঘুনাথের শ্রীচৈতন্যদাসাভিমান থাকিলেও শ্রীস্বরূপ-দামোদর ও শ্রীরূপের কিঙ্করাভিমান অধিকতর প্রবল। শ্রীবার্ষভানবীর সেবার কথা এরূপ প্রগাঢ়-ভাবে আর কি কেহ বলিয়াছেন ?

প্রঃ— গৃহস্থ-ডক্তের বিচার কিরূপ হ'বে ?

উঃ— গৃহস্থতক্ত মনে রাখিবেন—গৃহটি শ্রীকৃষ্ণের এবং তিনি তাঁহার পাল্য কুরুররূপে গৃহে আছেন। তাল-মন্দ নাহি জানি সেবামাত্র করি। তোমার সংসারে আমি বিষয়প্রহরী॥ শ্রীকৃষ্ণকে গৃহের প্রভু জানিয়া সর্ব্বরু দিয়াই তাঁহার সেবা করিতে হইবে। গৃহব্রতগণ শ্রীহরি ও শ্রীতক্রকে পূজ্যবৃদ্ধি করে না। তাহারা শ্রীতক্র ও শ্রীবিগ্রহকে অন্য বস্তুসামান্যে দর্শন করে। যাঁহারা গৃহব্রতবৃদ্ধি ছাড়িয়া সর্ব্বরু কৃষ্ণ-সেবায় অর্পণ করেন, তাঁহারাই কৃষ্ণনাম করিতে পারেন। গৃহাসক্তি না ছাড়িলে, সর্ব্বরু কৃষ্ণ-সেবায় অর্পণ না করিলে, গুরু-কৃষ্ণের না হইলে কৃষ্ণনাম হয় না।

প্রঃ— কোথায় শ্রদ্ধা করিতে হইবে।

উঃ— জগতের সকল কথা ছাড়িয়া আমাদিগকে গুরুর কথায় পূর্ণ বিশ্বাস স্থাপন করিতে হইবে। কারণ গুরু-কৃপা ব্যতীত অন্য কোন উপায়ে অনর্থ দূর হইবে না— মঙ্গললাভ হইতে পারে না। এইজন্য শ্রীগুরুদেবকেই ভগবানের নিকট যাইবার একমাত্র উপায় ও একমাত্র নিত্যবাদ্ধব বিদয়া জানিতে হইবে।

শ্ৰে Full confidence in the words of Sri Gurudeb. We have got no reliance in the words of the so-called gurus or religious reformers or pretenders.

সাধুওকর সঙ্গ করিলেই অমঙ্গল দূর হইয়া ফাইরে— ওন্ধডক্তি লাভ হইবে এজন্য We should have implicit reliance in Sri Gurudeb in order to approach and serve the Absolute Person.

A sadhu is he who will relieve me from all puzzling doubts. A sadhu will give me the highest good. I should make friends with such a real Guru who is really wishing my highest good, if perchance we meet a real Guru then we must be saved and must be able to reach our goal, he will always suuply and enrich us with transcendental knowledge and service.

প্রঃ— অনুসরণ ও অনুকরণের মধ্যে বৈশিষ্ট্য কি ?
উঃ— যেমন আনুগত্য ও তোষামোদ এক নহে. তদ্রুপ অনুসরণ ও
অনুকরণ এক নহে। অনেকে অনুকরণ কার্য্যকে অনুসরণ ব'লে ভ্রম
করেন। দু'টী কথা— অনুকরণ ও অনুসরণ। যাত্রার দলের নারদ সাজা—
অনুকরণ, আর শ্রীনারদের প্রদর্শিত ও আচরিত ভক্তিপথে গমন—
অনুসরণ কৃত্রিমভাবে নকল করার নাম অনুকরণ, আর সতা সত্য
মহাজনের পথে গমন— অনুসরণ।

আমরা মনে করি— আমরা অনুসরণ কর্ছি, কিন্তু প্রকৃত-প্রস্তাবে আমি অনুকরণই ক'রে বস্ছি। অনুসরণ— নিজের আচরণ। কেবল অনুকরণ কার্য্যের দ্বারা অনুসরণ কার্য্যটা হবে না। অনুকরণ (imitation)— বিকৃত প্রতিফলন নামক একটা বাপার অনুকরণ ও অনুসরণ কার্যাদ্বর বাহিরের দিকে দেখতে একই প্রকার । মেকি সোণা (Chemical Gold) ও খাটি সোণা (Pure Gold) বাহিরের দিকে দেখতে অনেকটা এক প্রকার অনুকরণকে অপর ভাষায় ঢং বলে । আমাদের হৃদয়ে বিপ্রালিন্সা নামে যে একটা বৃত্তি আছে, তার দ্বারা আমরা অপরকে বঞ্চনা ক'রে নিজেদের প্রতিষ্ঠাদি সংগ্রহের জন্য ঐরপ ঢং বা অনুকরণ ক'রে থাকি । শৌতপথের অনুকরণ মাত্র হ'লে অনুসরণ হয় না অনুকরণ কার্য্য দ্বারা অনুসরণ হয় না বিলয়া সে-কার্য্যের কোন মূল্যই নাই

প্রঃ— ভগবন্নাম ও ভগবৎ-কথা ত' বৈকৃষ্ঠবস্ত্র: আমরা এ-জগতে থেকে তা' কি ক'রে পাব ?

উঃ— ভগবন্নাম ভগবংরাজ্য হইতে কৃপাপূর্ব্বক এ জগতে অবতীর্ণ হন ।
শ্রীমর্চ্চাবতার, শ্রীনামাবতার ও শ্রীগুরুদেবাবতার ভগবানের কথা বহন
ক'রে এ জগতে আনেন । ইহারা তিনজনই অভিনু । শ্রীঅর্চাবতার ও
শ্রীনামাবতার বিষয়জাতীয় ভগবান আর শ্রীগুরুদেবাবতার আশ্রয়জাতীয়
ভগবান অর্থাৎ শ্রীগুরুদেব বা আচার্য্যকে আশ্রয় করিয়া আমরা বিষয়বিগ্রহ
কৃষ্ণের সন্ধান পাই । তবে এখানে একটি কথা এই যে— শ্রীরাধা আশ্রয়বিগ্রহ বলিয়া শ্রীরাধানাম ও শ্রীরাধাবিগ্রহ আশ্রয়জাতীয় ভগবদ্বম্ভ । ভগবনাম
ও ভগবানে কোন ভেদ নাই । কিন্তু জড়ের নামে ও জড়-বস্তুতে ভেদ
আছে ।

প্রঃ— যীতথ্রীষ্ট জগদ্তক : তাঁহার উপদেশই ত' আমাদের মঙ্গললাঙে যথেষ্ট তবে আবার মহান্তগুরুর আবশ্যক কি ?

উঃ— আমরা জগদ্ওরু ও মহান্তওরু— উভয়ই স্বীকার করি কেবল-জগদ্ওরু-বাদ স্বীকার করিলে তাহাতে অনেক প্রকার অনর্থ উপস্থিত হয় : মহাত্মা যীওকে যদি জগদ্ওরু স্বীকার করিয়া বর্তমানে কেহ তাহার অনুসরণ করিতে চাহেন এবং মহান্তওরুর অনাবশ্যকতা বিচার করেন তাহা হইলে তিনি খ্রীষ্টের বিচার কতটা ঠিকভাবে অনুসরণ করিতে

পারিবেন, তদ্বিষয়ে প্রশ্নের অবকাশ আছে . মহান্ত-গুরু-পারস্পর্যাই ভগবান্ বা জগদ্ওরু আচার্য্যগণের বার্তা কৃপাপূর্ব্বক আমার নিকট পৌঁছাইয়া দেন। হিমালয় হইতে যে মূল জলধারা নির্গত হইয়াছে, তাহা যেমন বহুদূরে এই নবদ্বীপের তটে উপবিষ্ট আমার নিকট গঙ্গার খাত আনয়ন করিয়া দিতেছে এবং আমি এতদূরে বসিয়াও হিমালয়ের জলধারা স্পর্শ করিতে পারিতেছি, সেইরূপ মহাস্তগুরু ভগবৎ-পাদপদ্ম হইতে নিঃসৃত ওদ্ধভক্তি-মন্দাকিনীধারা আমার নিকট পর্যান্ত আনয়নপূর্বেক আমার হত্তে ও শিরে প্রদান করিয়া থাকেন: কিন্তু যদি ঐরপ গঙ্গার খাত না থাকিত তাহা হইলে আমার মত সাধারণ লোক— বলহীন : অর্থহীন লোক হিমালয়ে আরোহণ করিয়া সেই জলধারা স্পর্শ করিতে পারিত না, আর হিমালয়ের সেই স্রোত-সম্মেলন ছিন্ন হইয়া পড়িলে অনেক সময় দৃষিত जनधात्रात्क हिमानस्यत अविज जनधाता विनया वतन कतिवात विभए পতিত হইতে হইত: মহাত্মা যীও দুই হাজার বৎসর পূর্বের যে-সকল কথা প্রচার করিয়াছেন তাহা যদি গুরুপারম্পর্য্যের মধ্য দিয়া বর্ত্তমান কাল পর্যান্ত কোন ব্যক্তি-বিশেষের নিকট প্রবাহিত না হইয়া আসে, কেবল তাহা পুস্তক ও উপদেশের মধ্য হইতে খুঁজিয়া লইতে হয়, তাহা হইলে হয়ত মহাত্রা যীতর প্রচারিত সত্যের বিকৃতিকেই, এমন কি তাঁহার বিরুদ্ধবাদকেই তাঁহার মত বলিয়া গ্রহণ করিবার ভ্রান্তি উপস্থিত হইতে পারে!

মহান্তগুরুও জগদ্গুরু। তিনি পূর্ব্ব জগদ্গুরুরই প্রকাশ-বিগ্রহ।
তিনি জগদ্গুরুরই কথা গুরু-পারম্পর্যো প্রাপ্ত হইয়া আমার নিকট
কৃপাপূর্ব্বক পৌছাইয়া দিয়া থাকেন। তিনি কোনপ্রকার বঞ্চক নহেন—
আমার তোষামোদকারী নহেন—আমার নিকট হইতে কোন জাগতিক
বন্তব প্রার্থী নহেন। তিনি নিরপেক্ষ সত্যের বার্ত্তা-বহনকারী।

প্রঃ— জীব ত' তটস্থশক্তি এজন্য সে সেবা করিতেও পারে, আবার ভোগ করিতেও পারে ভোগবীজও তাহাতে অব্যক্তভাবে থাকে। সিদ্ধির পরেও কি জীবের সেই ভোগবীজ বা ভোগবাসনা থাকে ? উঃ— না : শাস্ত্র বলেন—

জগৎ দুবিল, জীবের হৈল বীজনাশ। (চৈঃ চঃ আঃ ৭২৭)

ভগবানের তটস্থাখ্য-জীবশক্তিতে কৃষ্ণোনাখী চেষ্টার সহিত কৃষ্ণবৈমুখা-রূপ ভোগবাসনা-বীজও অব্যক্তভাবে অবস্থিত সংসার-কৃষ্ণ হইতে বাসনা-বীজ কাল-প্রবাহে সিঞ্চিত হইয়া নানা প্রকার ভোগবন্ধন ঘারা বন্ধজীবকে অহরহঃ ত্রিতাপক্লিষ্ট করিতেছে

যেরূপ মৃত্তিকায় প্রোথিত বীজ জলমগু হইলে উহা হইতে অঙ্কুরাদি উদ্যমের সম্ভাবনা থাকে না, সেইরূপ ভগবৎসেবা-সমুদ্রের অতল-বারিতে কৃষ্ণসেবেতর ভোগ-বাসনা-বীজ প্রেমবন্যায় ডুবিয়া গিয়া নষ্ট হইয়া গেল এবং তাহা হইতে আর বাসনা-অঙ্কুরের উদ্যম সম্ভাবনা রহিল না।

প্রঃ— অর্থের সদ্যবহার কিসে হয় ?

উঃ— আমরা সংকর্মী বা কুকর্মী নহি, আমরা অকৈতব হরিভক্তের পাদত্রাণবাহী, 'কীর্তুনীয়ঃ সদা হরিঃ' মন্ত্রে দীক্ষিত

গ্রন্থ-প্রকাশে, হরিকথা-প্রচারে ও শ্রীহরি-গুরু-কৈন্ত্রব-সেবায় অর্থের নিয়োগই অর্থের সন্ধাবহার ইহা অক্ষয় ফলপ্রদ

প্রঃ— পর্রনিন্দা কি গর্হণীয় ?

উঃ— পরের স্বভাব বা কর্মোর নিন্দা ও প্রশংসা করিতে নাই—ইহা শ্রীমন্তাগবত বলিয়াছেন শ্রীচৈতন্যভাগবতও বলিয়াছেন—'পরচর্চ্চকের গতি নাহি কোন কালে 'পরনিন্দকের গতি নরকপ্রাপক পরস্বভাবের নিন্দা না করিয়া আত্ম-সংশোধন করিবেন শ্রীগুরুদেবের শাসন ও সমালোচনা লোকের মঙ্গলের জন্য আমাদের এরপ হাসামার কার্যো না যাওয়াই ভাল।

প্রঃ— সংসারে কি সুখ আছে ?

উঃ — সংসারে প্রকৃত সুখ নাই সংসার নানা প্রকার অঘটন ঘটাইয়া বহু

অশান্তি উনয় করায়। তাহাতে ভাল-মন্দ ও আংশিক পবিত্রতা থাকিলেও অনেক সময় নানাপ্রকার অশান্তি উৎপাদন করিয়া থাকে। এজন্য তত্তেহনুকম্পাং শ্লোকের প্রাকট্য শ্রীগোলোকধামে এরূপ যথেচ্ছাচারিতা নাই। স্থান-বিশেষে বা কালবিশেষে যে-সকল অসুবিধা উপস্থিত হয়. তাহা সহ্য করা ব্যতীত অন্য উপায় নাই।

প্রঃ— ভজনের সহায় কি কি ?

উঃ— ভগবদিমুখ প্রপঞ্চ—যন্ত্রণাময় পরীক্ষার স্থল। সহিষ্ণুতা, দৈন্য ও পরপ্রশংসা প্রভৃতি এখানে হরিভজনের সহায়।

28-- ठाकूत्त्रत विषय-त्रक्षण ७ कि त्रवा ?

উঃ— আমাদের সকলেরই মূল প্রয়োজন— ভগবান ও ভক্তের সেবা।
এই সেবা করিতে গিয়া আমাদিগকে সাধারণ বিষয়ীর ন্যায় যে সমস্ত
কার্যা করিতে হয়, তাহা ভজন-প্রতিকৃল নহে, বরং উহাই ভগবস্তজনের
অনুকৃল জানিবেন। প্রাকৃত ভোগ হইতে অবসর পাইতে হইলে গৃহস্থ ও
সন্মাসী উভয়েরই কৃষ্ণভজন আবশাক।

প্রঃ— বৈষ্ণবের কৃতা কি ?

উঃ— বৈষ্ণাবের আচরণ সম্বন্ধে শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন যে. গৃহস্থের সঞ্চয় এবং বিরক্তের ভিক্ষাদ্বারা স্বকার্যা সম্পাদনপূর্ব্যক উভয়েরই ভগবদ্বজন অর্থাৎ কৃষ্ণানুশীলন আবশাক। উভয় জীবনেই গ্রাসাচ্ছাদন ভগবদনুগ্রহসাপেক্ষ। এজন্য ভগবিন্নির্ভরতা সকলেরই অবশা কৃত্য।

শারীর-সংরক্ষণের জন্য যেরপ সকল ইন্দ্রিয়ই ক্রিয়াপর হয়, কিন্তু কোন সঙ্গ যদি তাহাতে উদাসীন্য প্রকাশ করিয়া শারীর-সংরক্ষণ-কার্য্যে বিমুখতা প্রদর্শন করে, তাহা হইলে শারীর ন্যুনাধিক ক্ষতিগ্রস্ত হয়—ইহা জানিলে সকল মঙ্গলাথীরই হরিগুরু-বৈষ্ণবঙ্গেবা, জীবে দয়া ও কৃষ্ণনাম-ভজনই যুগপং কৃতা হইয়া পড়ে।

প্রঃ—শ্রীহরিনাম ও শ্রীহরি কি একই বস্তু ?

উঃ—শ্রীহরিনাম ও ভগবান্ শ্রীহরি— দুইটি পৃথক্ বন্তু নহেন, একটিমাত্র বন্তু । শ্রীনাম ও নামী অভিনু শ্রীনামপ্রভুর কৃপায় শ্রীরূপ, গুণ, পরিকর-বৈশিষ্ট্য ও লীলা শ্রীনামেই প্রস্কৃটিত হইয়া জীবকে বর্হিজগতের অনুভূতি হইতে পৃথক্ভাবে স্থাপন করেন । সে-সময় জড়বদ্ধ জীবের অন্য চিন্তা বা মনশ্যঞ্জল্য থাকিতে পারে না । যাহাতে শ্রীনামের কৃপা হয়, সর্বতোভাবে শ্রীনামের নিকট তাহাই প্রার্থনা করিবেন । অষ্টকাল-লীলা-স্মরণ অনর্থযুক্ত অবস্থার কৃত্য নহে : কীর্ত্তনমুখেই শ্রবণ হয় এবং স্মরণের সুযোগ উপস্থিত হয়, সেইকালেই অষ্টকাল-লীলা-সেবার অনুভূতি সম্ভব । কৃত্রিমবিচারে অষ্টকাল-লীলা-স্মরণ করিতে নাই ।

প্রঃ—ভক্তমাত্রেই কি পূজনীয় ? ভক্তের রক্ষক কে ? উঃ—কাঙ্গালভক্তগণের প্রতি কোন ধনী বা সম্রান্ত ব্যক্তি যদি অত্যাচার করেন, তবে শ্রীনৃসিংহদেব তাহার প্রতিবিধান করিবেন .

সামাজিক উচ্চাবচ-জাতিসমূহের মধ্যে যে সকল ব্যক্তি ভগবন্তক্তি আশ্রয় করিয়াছেন, তাঁহারাই আমাদের পারমার্থিক সম্মান ও পূজার পাত্র। বৈষ্ণবে জাতিবুদ্ধি অপরাধ।

প্রঃ—বৈকুষ্ঠ ও জগতের মধ্যে পার্থক্য কি ?

উঃ—চিজ্জগৎ পরম উপাদেয় মূল-বিশ্বসদৃশ; অচিজ্জগৎ তাহার হেয় প্রতিবিদ্ধ। প্রভেদ এই যে, চিনায়রাজ্যে যে সব ইন্দ্রিয় কার্য্য করে, তাহাতে কোন অচিৎ-পিণ্ডের বাধা নাই, চিনায় সদ্গুণ-সমূহ এই অচিজ্জগতের সহিত বিচিত্রতায় সাদৃশ্য লাভ করিলেও অচিজ্জগৎ চিজ্জগতের বিকৃত প্রতিফলিত ছায়ামাত্র অচিজ্জগতে কালক্ষোভ্য বিষয়, আনন্দবোধ, নানাপ্রকার অভাব প্রভৃতি ছায়ার ন্যায় দেশ, কাল ও পাত্রকে বিজরিত করিয়া রাখিয়াছে চিনায়জগৎ-নিত্য, অচিদ্-বিজ্জিত, সর্ব্রেভ্ড ও সুখময়-বিচিত্রতাপূর্ণ, স্বর্বসদ্গুণ-মণ্ডিত ও অনুক্ষণ নিত্য আনন্দপ্রদ আর অচিজ্জগতে নানা প্রকার হেয়তা, অনুপাদেয়তা, অভাব প্রভৃতি আমাদের

প্রয়োজনে ব্যাঘাত সৃষ্টি করে আমরা প্রত্যেকেই আমাদের দৈনন্দিন জীবনে এই সকল কথা অনুভব করি :

থঃ — নান্তিকের পরিণাম কি ?

উঃ— শ্রীভগবান্ আমাদের মঙ্গলের জন্যই বিধান করিয়া থাকেন, ইহা বিশ্বাস করি। নান্তিকেরা জগতে কখনই প্রতিষ্ঠা লাভ করিতে পারে না। দিনকতক তাহারা লাফালাফি করিয়া পরিশেষে দৈবশাসনে ঠাভা হইয়া যায়। বৈষ্ণব-বিদ্বেষফলে নান্তিকের ঐহিক ও পার্রাক্র অমঙ্গল ঘটে।

প্রঃ — কামের হস্ত হইতে পরিত্রাণের উপায় কি ?

উঃ— স্বসুখবাঞ্ছার অপর নাম কাম। পূর্ণবস্তুর সেবা করাই অপূর্ণ অংশের একমাত্র কৃত্য। সেবা-বিমুখতাই আমাদিগকে ক্লেশে নিমজ্জিত করে। এই ক্লেশের হস্ত হইতে মুক্তিলাভ করিতে হইলে নির্মাৎসর কৃষ্ণসেবকের সেবাই আমাদের একমাত্র ঔষধ, জানিতে হইবে। ইহ জগতে কৃষ্ণসেবকই কৃষ্ণ-প্রেম-বিরোধী কামের হস্ত হইতে পরিত্রাণকারী। অপ্রাকৃত কামদেব শ্রীকৃষ্ণের সেবোনুখতার অভাবেই আমাদের প্রাকৃত কামপ্রকৃতি। কামের আংশিক ব্যাঘাত বা ক্ষুণুতাই ক্রোধোৎপত্তির হেতু। কামকে বর্ত্তমানকালে ব্যাধিগ্রস্ত আমার ইন্দ্রিয়তোষণের জনক জানিতে হইবে। অপ্রাকৃত কামদেবের ইন্দ্রিয়তর্পণই ব্যাধি-বিমুক্ত আত্মার একমাত্র বৃত্তি। কৃষ্ণ-প্রপত্তি বা কৃষ্ণসেবাই প্রাকৃত কামবীক্ত-বিনাশক ও তাহার একমাত্র প্রতিষেধক।

প্রঃ— সংশয়াত্মার কি মঙ্গল হয় ?

উঃ— না। সংশয়াজ্মার বিনাশ অর্থাৎ সংসার অবশ্যস্তাবী সাধুগুরুর নিকট অভিগমন করার পরিবর্ত্তে অনুকরণ-আদির সাহায্যে অনুসরণ-পদ্ধতি ত্যাগ করা উচিত নয়। আমাদের নিকট Return Journey-র Ticket-holder-এর কোন দ্রব্য নাই। কেন না কৃষ্ণেতর পদার্থমাত্রকেই আমরা ভোক্তা শ্রীকৃষ্ণের ভোগ্য বলিয়া জানি। তদ্বিপরীত বিচার-পরায়ণ

জনগণেরই দুর্ভাগ্যক্রমে সন্দেহের উৎপত্তি এবং প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবার অভাব।

প্রঃ—শ্রীগৌরাঙ্গদেব কি কৃষ্ণই ?

উঃ— শ্রীগৌরসুন্দর কৃষ্ণ হইতে সর্বতোভাবে অভিনু বলিয়া দ্বাদশরস পূর্ণমাত্রায় তাঁহাতেই আছে। কেবল ভেদ এই যে— শ্রীকৃষ্ণ সম্ভোগ-বিচারময় আর শ্রীগৌরসুন্দর বিপ্রলম্ভ-বিচারযুক্ত : শ্রীকৃষ্ণ — সেব্যমূর্ত্তি আর শ্রীগৌরাঙ্গদেব সেবকের চেষ্টার অভিনয়কারী শ্রীরাধাগোবিন্দ-মিলিত-তনু উদার্য্যবিশ্বহ ব্রজেন্দ্রনন্দনই শ্রীকৃষ্ণচৈতন্যদেব। শ্রীগদাধর তাঁহারই আশ্রয়-জাতীয়-শক্তি। যেকালে আমরা শ্রীগৌরসুন্দরকে Predominating Half বলিয়া তাঁহার Transcendental Entity আলোচনা করি, সেইকালে তাঁহার শক্তি গদাধরকে Predominated Transcendental Entity-রূপে উদার্য্য-প্রকোষ্ঠে লক্ষ্য করি

প্রঃ—ভক্তসেবা ও ভগবং-সেবা কি স্বহস্তে করণীয় ?

উঃ— পরদারা অর্চন ও রন্ধন শোভনীয় নহে। তবে বিপাকে পড়িলে আতুরাবস্থায় কোন দিন উহা স্বীকার করা যায়। আমরা আলস্যবশতঃ যদি কৃষ্ণকে না খাওয়াই এবং নিজেরা খাইয়া থাকাই জীবনের উদ্দেশ্য হয়, তবে ভগবানের সেবার প্রতি আদর কমিয়া যাইবেই: মঠের সেবকের চিন্তাস্রোতের বিপর্যায় সাধন করা উচিত নহে। 'দ্রব্যং মূল্যেন শুদ্ধাতি' বিচার অসমর্থপক্ষে আমরা গ্রহণ করি, সমর্থপক্ষে গ্রহণ করা আলস্যেরই পরিচায়ক: কৃষ্ণার্থে অখিল-চেন্টাই আমাদের লক্ষ্য হউক: নতুবা ব্যবহারিক জীবন Godless বিচারপূর্ণ হইয়া যাইবে Godloving হইলেই কৃষ্ণের জন্য রসুই করিয়া ভক্তগণকে প্রসাদ দিতে মন যায়, নতুবা নহে কোর্নদিন ভক্তসেবায় বিমুখ হইতে হইবে না

প্রঃ—শ্রাদ্ধে পিতৃপুরুষকে কি প্রসাদ দেওয়াই উচিত ?

উঃ— শ্রাদ্ধবাসরে মহাপ্রসাদ পরলোকগত হরিনাম-পরায়ণ জনগণকে

দেওয়া যায় ভগবৎপ্রসাদ বাতীত অন্য পিণ্ড দেওয়া বুদ্ধিমন্তার পরিচয় নয়। কর্মাপদ্ধতি ফলভোগের আবাহন করে: যাহারা হরিনাম করেন, তাহাদের কর্মাফল-ভোগের বিচার নাই কিন্তু তাহাদের আত্রীয়-স্কলনের কৃত্য এই যে, শ্রাদ্ধা-বাসরে ভগবানের ভোগ দিয়া কিয়ৎপরিমাণে প্রসাদদ্ধারা পরলোকগত আত্রার মঙ্গল-বিধানের সাহাযা করা। ভগবত্তকগণকে প্রসাদদ্ধারা তৃপ্তি-বিধান ও হরিনাম-সংকীর্ত্তন করা কর্ত্ব্য।

প্রঃ— মায়াতীত কৃষ্ণের সঙ্গে মায়াবদ্ধ আমাদের সন্বন্ধ-স্থাপন কি করিয়া সম্ভব ?

উঃ—কৃষ্ণের সহিত আমাদের সম্বন্ধ-স্থাপন অসম্ভব মনে হইলেও করুণাময়
শ্রীকৃষ্ণ কৃপাপূর্বক আমাদের অধীনতায় আসিবার ব্যবস্থা করেন। সূর্যা
আতি বৃহৎ হইলেও তাহার বৃহত্ত্ব আমাদের ইন্দ্রিয়জজ্ঞানের অধীনতায়
পরিদৃষ্ট হইবার সুযোগ ভূতাকাশ-নামক একটি পদার্থের দ্বারা সম্ভব
হইতেছে সেইরপ জীবের ভক্তিরূপ চিদাকাশ কৃষ্ণসান্ধিয় ও কৃষ্ণসেবার
জনা কৃষ্ণসম্বন্ধের সুযোগ দিতেছে।

সূর্যা বৃহৎ ও সুদূরবর্তী হইলেও সূর্যোর কৃপালোকের সাহাযোই
সূর্যাদর্শন যেমন সম্ভব হয়, তেমনি শ্রীকৃষ্ণের কৃপালোকেই— কৃষ্ণকৃপার
মূর্ত্তি শ্রীগুরুদেবের সাহায়ো বা আশ্রয়েই আমরা কৃষ্ণের সহিত সম্বন্ধস্থাপনের সুযোগ পাই । ভগবৎ-কৃপায় সবই সম্ভব হয়।

প্রঃ— শ্রীনাম-ডজনের কি ফল ?

উঃ— শ্রীকৃষ্ণনাম-গ্রহণকালে শ্রীকৃষ্ণের অনুশীলন হইতে থাকে এবং কর্মাফল-ভোগ ও মুক্তি-পিপাসা দূর হইতে থাকে শ্রীনাম-প্রভাবে জীবের সকল অনর্থই ক্রেমশঃ দূরীভূত হয়।

শ্রীনামই হয়ং কৃষ্ণ—কেবল হয়ং নহে, হয়ং-রূপই নাম। আমাদের দুর্দির অপ্নোদনের জন্য অন্য কোন উপায় নাই— শ্রীনাম-ভজন বাতীত। শ্রীকৃষ্ণনামানন্দই আমাদিগকৈ জড়ানন্দ অর্থাৎ ভোগচিন্তা হইতে

রক্ষা করে। কৃষ্ণভোগ্য আমি, আমার নিত্য রূপে কৃষ্ণ প্রীত হইয়া আমাকে আর্কষণ করিলে আমি তাঁহার নিত্য রূপে মুগ্ধ হই

প্রঃ— শ্রীচণ্ডীদাস কি হদ্ধতক ?

উঃ—নিশ্চয়ই। শ্রীচণ্ডীদাস শুদ্ধভক্ত বলিয়াই ভগবান শ্রীগৌরাঙ্গদেব তাঁহার গীত শ্রবণ করিতেন। সেই চণ্ডীদাসের চিত্তবৃত্তি Servitor-এর চিত্তবৃত্তি। Servitor আপনাকে কৃষ্ণপ্রেষ্ঠানুগ জানেন। চণ্ডীদাস ও রামীর মধ্যে কদর্য্য ব্যাপার কিছু নাই শ্রীচণ্ডীদাস প্রেমিক ভক্ত স্বসুখ-বাঞ্ছার লেশমাত্র তাঁহাতে নাই। জড়ভোগবাদিগণ তাঁহাকে বুঝিতে না পারিয়া তাঁহার চরণে অপরাধী হইয়া নরকগামী হইতেছে। আধ্যক্ষিক বা Sensuous বিচারে যে চণ্ডীদাস, তাহা শুদ্ধভক্ত চণ্ডীদাস নহে আধ্যক্ষিকগণ অপ্রাকৃত চণ্ডীদাসকে চিনিবার অযোগ্য

অপ্রাকৃত দেহে মধুররসের সেবক জড়ভোগী পুরুষাকৃতি নহে। প্রাকৃত স্ত্রীদেহ ও অপ্রাকৃত ভক্তিরাজ্যের চিদানন্দ দেহের মধ্যে আকাশ-পাতাল ভেদ আছে: উহাই শুদ্ধভক্ত চণ্ডীদাসের মত

চণ্ডীদাস ও বিদ্যাপতির পাঠকগণ যদি মায়িক প্রভু অভিমান বা প্রভুক্স্থা পরিত্যাগ করিয়া কৃঞ্চদাস্য-সম্বন্ধে নিযুক্ত হন, তাহা হইলে কৃষ্ণকে ভোগাজ্ঞানের পরিবর্ত্তে সর্ব্বতোভাবে প্রভু জানিবার চিদ্বোধের সম্প্রকাশ হয় এবং বিদ্যাপতি ও চণ্ডীদাসের কৃষ্ণকথাণ্ডলির প্রকৃত মর্ম্ম বুঝিতে পারিয়া আর বিদ্যাপতিকে লছ্মীর উপপতো বা চণ্ডীদাসকে রামীর উপপতো স্থাপনপূর্বক নিজেদের ধারণায় বঞ্চনা লাভ করিতে হয় না।

প্রঃ — নিজের ঢিকিৎসা নিজে করা কি উচিৎ ?

উঃ— সংসারী-লোকের এত কষ্ট দেখিয়াও যাহারা সংসারে প্রবিষ্ট হয়, তাহাদের সুখৈষণা অতি প্রবল না হইলে ঐরূপ বিপন্ন হইবার ইচ্ছা হয় না।

প্রত্যেক জন্মেই পিতা-মাতা পাওয়া যায়, কিন্তু সকল-জন্মে মঙ্গলের

উপদেশ পাওয়া না যাইতেও পারে। নিজের চিকিৎসা নিজে না করিয়া সদ্বৈদ্যের আশ্রয়গ্রহণেই মঙ্গল হয়।

প্রঃ— সেবা কি অবশ্য করণীয় ?

উঃ— আমাদের কর্ত্তব্য গুরু-কৃষ্ণ-সেবা আমরা করিয়া যাইব। এখন কৃষ্ণের যা ইচ্ছা তাহাই হইবে। কৃষ্ণ যাহাকে যখন যেরূপ মতি দেন, আমাদের তাহাই স্বীকার্য্য। লোকগঞ্জনার ভয়ে শ্রীবার্ষভানবী দেবী কৃষ্ণসেবা পরিত্যাগ করেন না।

প্রঃ—রিটার্ণ টিকিট করিয়া কি শ্রীগুরু-গৌরাঙ্গের নিকট আসা উচিত ? উঃ— কখনই না। যাঁহারা রিটার্ণ টিকিট করিয়া মঠে আসেন, তাঁহারা সম্পূর্ণভাবে ভগবান্কে চান না। যে প্রকৃত্পক্ষে ভগবান্কে চায়,সে কি ভগবানের নিকট আসিয়া আর ফিরিয়া যাইতে চায় ? ভগবৎ-সেবক-অভিমান জাগিলে কি কেহ সাক্ষাৎ ভগবৎ-সেবা ছাড়িয়া মায়ার সেবা করিবার জন্য পুনরায় ব্যস্ত হয় ? দিবাজ্ঞান যাহাদের হইয়াছে, তাহারা কোনদিন রিটার্ণ টিকিট করিয়া ইষ্টদেবের নিকট আনে না বা আসিতে পারে না । যাহাদের প্রভু অভিমান বা কর্ত্ত্রভিমান আছে, যাহাদের লাল্য-পাল্য আছে. ভগবান্ ব্যতীত যাহাদের অনা কেহ আছে বা অন্য কিছু আছে, যাহাদের গুরুদাস-অভিমান-হওয়ার পরিবর্ত্তে পতি, পিতা, পণ্ডিত, মূর্য, ধনী, নির্ধন প্রভৃতি মায়িক অভিমান আছে, তাহারাই সেব্যকে ছাড়িয়া খ্রী, পুত্র, কন্যা প্রভৃতির সেবক-অভিমানে প্রমন্ত হইয়া উদ্বেগ ও দুঃখ পায়। এজন্য শাস্ত্র আমাদিগ্রে গুরুক্ষের নিকট গমন করার পরিবর্ত্তে অভিগমন করিতে বলিয়াছেন। অভিগমনে No question of return শ্রুতি বলেন— তদ্বিজ্ঞানার্থণ স গুরুমেবাভিগচ্ছেণ। অভিগমন অর্থে আশ্রয়।

প্রঃ— ভিভাবে লোককে কথা বল্তে হবে ?

উঃ— মানুষের রোগ রকম রকম। এদের পৃথক্ পৃথক্ ক'রে চিকিৎসা করা দরকার। রোগ নির্ণয় না হ'লে ঠিক চিকিৎসা হ'বে না, তাতে রোগও সার্বে না। Platform speaker এরপ ভিন্ন ভিন্ন রোগীর বেশী উপকার কর্তে পারে না, তা'তে কিছুটা উপকার হ'তে পারে। আমি ৪০ বংসর যাবং কোন লোকই পাই নাই। তারপরে যে সব লোক পাচছি, তা'রা খনিকটা কথা শুন্ছে, আর খানিকটা নিজেদের বিদ্যাবৃদ্ধির সম্বল ছাড়তে চাচ্ছে না।

জগতের জনগণ লোকপ্রিয়তার অনুসন্ধিৎসু: বাস্তব সত্যের অনুসন্ধিৎসু নাই ব'ল্লেই হয়। যাঁরা ধর্ম্মের প্রচারক ব'লে জাহির কচ্ছেন, তাঁরা মানুষকে না চটিয়ে সকলের মন রক্ষা ক'রে নিজেনের অন্তিত্ব রক্ষার জন্যই ব্যস্ত। সত্যকথা বল্লে ও সত্যকথা তন্লে Popularity-র (জনপ্রিয়তার) পরিচর্য্যা করা যায় না। এজন্য আমরা বহির্দ্ধুখ গণমতের Support (সহানুভৃতি) চাই না।

প্রঃ— ভগবৎ-সেবা কি নিজে নিজে বা অন্য লোকের সঙ্গে হয় না ?
উঃ— যাঁরা সেবা করেন, পরমেশ্বর যাঁহাদিগকে সেবকরূপে নিযুক্ত
ক'রেছেন, তাঁদের সঙ্গ ছাড়া অন্যের সঙ্গে বা নিজের খেয়ালে কি ক'রে
সেবা হ'বে ? যাঁরা ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ চান, ভারা ত' সেবক ন'ন বা
যারা সেবার অভিনয় মাত্র ক'রে সেব্যবস্তুকে নিজ ইন্দ্রিয়তৃপ্তির নফর
কর্বার জন্য প্রস্তুত, ভারাও সেবক ন'ন, সুতরাং ভাদের সঙ্গে কিরূপে
সেবা হবে ?

সাধারণ বন্ধজীবের নিজে নিজে বা ঐ জাতীয় অপর লোকের উপদেশ বা পরস্পর আলোচনায় কিছুতেই কৃষ্ণে মতি হ'বে না। যেহেতু তা'রা গৃহব্রত—গৃহাসক্ত। গৃহব্রত তা'রাই, যা'রা জাগতিক ব্যাপার নিয়ে ব্যস্ত। এইজন্য শাস্ত্র বহির্দ্মখ লোকের দুঃসঙ্গ ত্যাগ কর্তে ব'লেছেন।

সাধুর কার্যা হচ্ছে—Absolute-এর touch-এ (বাস্তব বস্তুর সংস্পর্শে) ২৪ ঘণ্টার মধ্যে ২৪ ঘণ্টা থাকা। এরূপ সাধুর সঙ্গ হ'লেই সেবাপ্রবৃত্তি জাগ্বে। সাধু তা'কেই বলে—যার সংস্পর্শে আস্লে তিনি তার বাক্যান্তের দ্বারা আমার সব অসুবিধা ছাড়িয়ে দিতে পারেন—সংসারের প্রতি আসক্তি, মনোধর্মা সব ছিনু করে দিতে পারেন।

সঙ্গ কিশে হয় ? কাণ দিয়ে। অন্যভাবে দুঃসঙ্গ হ'য়ে যেতে পারে। কাণ দিয়েও সংসঙ্গ না হ'তে পারে, যদি প্রণতি বাদ দিয়ে অহিমকা প্রবল করি।

প্রঃ— হরিনাম ছাড়া কি অন্য উপায়ে আমাদের মঙ্গল হ'বে না?
উঃ— কি ক'রে হ'বে ? হরিনামকীর্ত্তন ত' যুগধর্ম্ম। যুগধর্ম্ম বাদ দিয়ে
ত' যুগবাসীর মঙ্গল হ'তেই পারে না। মঙ্গলময় ভগবান্ আমাদের মঙ্গলের
যে ব্যবস্থা দিলেন, সেই হরিনামকীর্ত্তন ছেড়ে অন্যপথে কি ক'রে মঙ্গল
হ'বে ?

হরিনামকীর্ত্রন ছাড়া অন্য Alternative আছে. ইহাই তর্কপথ। হরিনামের আর অন্য কোন Alternative কল্পনা করাটাই এই পৃথিবীর চিন্তাস্রোত। যারা হরিনাম-গ্রহণকারিগণকে একটা party মনে ক'রছেন. হরিনাম শ্রবণ-কীর্ত্রনই একমাত্র পথ নয় যাঁরা মনে ক'রছেন, তাঁরা অপ্রাকৃতকে মাপ্তে যাচ্ছেন, ভগবানের আদেশ বা নির্দেশ তাঁরা লজ্ঞন কর্ছেন। এজন্য তাঁরা মাপার দল বা মায়ার দল, অভক্তসম্প্রদায়। খোদার উপর খোদ্গিরি কর্তে যাওয়া ভাল নয়, তা'তে সর্ক্রনাশ হয়—অমঙ্গলই হয়। শাস্ত্র কি বল্ছেন শুনুন—

হরেনাম হরেনাম হরেনামের কেবলম । কলৌ নাস্তোব নাস্তোব নাস্তোব গতিরনাথা ॥

প্রঃ— চৈত্তাগুরু বা অর্ভ্রযামীর কৃপা জিনিষটি কিরপ ?

উঃ— চৈত্তাগুরু দীক্ষাগুরু ও শিক্ষাগুরুর উপদেশ গ্রহণের শক্তি দেন।

চৈত্তাগুরুর কৃপা ব্যতীত (অন্তর্যামীর কৃপা ভিন্ন) মহান্তগুরুর (দীক্ষাগুরু ও শিক্ষাগুরুর) কথা বুঝা যায় না, তাঁর কৃপা পাওয়া যায় না, চিত্তের মিলনতা দূর হয় না, শিক্ষা দৃঢ় হয় না। চৈত্যগুরুই কৃপা ক'রে দীক্ষাগুরু ও শিক্ষাগুরুর কৃপা-গ্রহণের যোগাতা প্রদান করেন। শীচৈতন্যদেব স্বয়ংই দীক্ষাগুরু-রূপে দিব্যক্তান ও শুদ্ধভক্তি প্রদান করেন, নিজাভিন্ন শিক্ষাগুরু-

সকলকে জগতে প্রেরণ ক'রে সেই ভক্তি সংরক্ষণ করেন এবং নিজেই চৈতত্তক হ'য়ে সেবোনাখ জীবহাদয়ে সেই দীক্ষা ও শিক্ষা গ্রহণ কর্বার শক্তি দেন।

প্রঃ— বেদান্ত কি পঠনীয় ?

উঃ— বেদান্ত-শাস্ত্রের আলোচনা করা কর্ত্ব্য তবে শাস্কর-ভাষা পড়া উচিত নয় খ্রীভাষ্য বা গোবিন্দ-ভাষ্যের সাহায্য নিয়ে বেদান্ত পড়লে মঙ্গল হ'বে খ্রীমন্ত্রাগবত বেদান্তের অকৃত্রিম ভাষ্য খ্রীভাগবতের আকুাত্যেই বেদান্ত পড়তে হ'বে বেদান্ত-শাস্ত্রে খ্রীহরিনাম-প্রভুর কথা আছে 'অনাবৃত্তিঃ শব্দাৎ অনাবৃত্তিঃ শব্দাৎ 'খ্রীহরিনাম-প্রভুর কীর্ত্তনের সহিত বেদান্ত পাঠ করা কর্ত্ব্য।

প্রঃ— জ্ঞানী ও ডক্তের সন্মাসে পার্থকা কি ?

উঃ—ভগবদ্ভজনই পূর্ণ সন্ন্যাসের অবস্থা। জ্ঞানমার্গীয়গণের 'অহং ব্রহ্মামি' বিচারে সন্ম্যাস— পরব্রক্ষের সেবা পরিত্যাগ। তাঁরা সন্ম্যাস কর্তে গিয়ে ভগবানের সেবা ত্যাগ ক'রেছেন। অনুক্ষণ ভগবদভজনই যে প্রকৃত্ত সন্ম্যাস— একথাটা দুর্ভাগা তাঁহাদের মাথায় চুক্লো না। তাই মায়াবাদী সন্ম্যাসীগণ কৃষ্ণের নাম-রূপ-গুণ-পরিকরবৈশিষ্ট্য ও দ্বীদ্যা— সকলের সহিতই সন্ম্যাস ক'রেছেন। কিন্তু ভজের সন্ম্যাস— ছুক্তি ও মুক্তির সহিত্ত মায়াবাদী ভুক্তির সন্ম্যাস কর্তে গিয়ে ভক্তির সহিত্তও সন্ম্যাস ক'রেছেন। আর ভগবদ্ভক্ত ভুক্তি ও মুক্তি-কামনার সহিত্ত সন্ম্যাস ক'রেছেন। আর ভগবদ্ভক্ত ভুক্তি ও মুক্তি-কামনার সহিত্ত সন্ম্যাস ক'রেছেন। শ্রুতিদেবী যাঁ'র শ্রীচরণ-নথের অর্চ্চন করেন, ভগবদ্ভক্ত সেই অপ্রাকৃত শ্রীনামের অনুশীলনের প্রতি সন্ম্যাস গ্রহণ করেন নাই. শ্রীনামকে অনিত্য জ্ঞান করেন নাই কারণ তাঁরা শ্রীনামাশ্রিত—শ্রীনামের সেবক। তাই তাঁরা সত্ত শ্রীনামভজনে তৎপর।

श्र - प्रजल कि क'रत श्रव ?

छै। कृष्ध ७ कार्र्फ् व आश्रय यर्ग कत्रावर प्रविधा र'त रा वाङि

নিজেকে কর্ত্তা মনে করে তা'র মঙ্গল হয় না। আত্মার বৃত্তি উন্মেষিত কর্তে হ'লে শুদ্ধভক্তের সঙ্গ লাভ করা দরকার। ভক্তক্রেকের সঙ্গদারা মঙ্গল হ'বে না।

কৃষ্ণপাদপদ্ম-সেবা বাতীত সবই অসুবিধা, সবই অমঙ্গল ধর্মকামনা, অর্থকামনা, কামিনীকামনা, প্রতিষ্ঠাক্মনা ও মোক্ষকামনা— এগুলি ভক্তি নয় প্রত্যেক কার্য্যে— প্রত্যেক পদবিক্ষেপে— প্রত্যেক চিন্তায় যদি কৃষ্ণের সেবা হয়, তবেই তা ঠিক হ'লো, তাতেই মঙ্গল হ'বে।

সত্য সত্য অকৃত্রিম সাধুর অনুসন্ধান করা দরকার। আমাদের চিত্তে যদি আলস্য, কপটতা ও অন্য অভিলাষ থাকে, তা' হ'লে সেরূপ সাধু বা গুরুই মিল্বে শ্রীকৃষ্ণের সংকীর্ত্তনকারী কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুপালপদ্মের আশ্রয়েই বাস্তব চরম মঙ্গল লাভ হ'বে। ভাগ্য ভাল হ'লে কৃষ্ণকৃপায় নিশ্চয়ই এরূপ সদৃগুরু মিল্বে।

দুশ্চরিত্র লোক হরিকীর্ত্তন বা শ্রীমন্তাগবত পাঠ কর্তে পারে না।
ভক্ত-ভাগবতই শাস্ত্র পাঠ কর্তে—হরিকীর্ত্তন কর্তে পারেন। চরিত্রহীন.
অন্যাভিলাষী, দান্তিক ব্যক্তির মুখে হরিকীর্ত্তনামৃত বে'র হয় না। তা'রা
যে-সকল কথা বলে, সেগুলি মায়ার কুহক বা বিষ। এজন্য যা'র তা'র
কাছে পাঠ বা হরিকথা ওন্তে নাই। তা'তে মঙ্গলের পরিবর্ত্তে অমঙ্গলই
হয়।

গুরুত্যাগী ও গুরুদেবাবিমুখ ব্যক্তির সঙ্গ দৃঢ়ভাবে পরিত্যাজ্য।
তা'রা অসং তা'দের সঙ্গ কর্লে জীবের সর্ব্রনাশ হয়।গুরুনিষ্ঠ ভজের
কাছেই হরিকথা শুন্ত হবে তা' হ'লে আমাদেরও গুরুনিষ্ঠা, নামনিষ্ঠা
ও হরিগুরুপাদপয়ে শরণাগতি হ'বে, হদয়ে দৃঢ়তা, বল ও সাহস আস্বে।
এরপ নিষ্কিঞ্চন গুরুনিষ্ঠ ভজের কাছে হরিকথা শ্রবণ কর্লে তাঁর
সঙ্গপ্রভাবে ভজিই একমাত্র আশ্র্যণীয়, এই সুবিচার আস্বে। তখন
নির্বিশেষবাদ, কর্মা,জ্যন, যোগ সব তুচ্ছ বোধ হ'বে

কৃষ্ণাশ্রয়ই এক্মাত্র মঙ্গল। ভগবানের পাদপদ্ম যদি আশ্রয় করি, তা'তে লেখাপড়া শিখি বা না শিখি, বল থাকুক আর নাই থাকুক, কিছুতেই অসুবিধা নাই।

ভগবানের ভক্তগণ মানবের উপকারের জন্য এ জগতে আসেন। তাঁদের জগতের কোন কর্ত্তব্য নাই—এজগতে আস্বার কোন আবশ্যকতা নাই।জীবের বহিন্মুখ প্রবৃত্তিকে পরিবর্ত্তিত ক'রে কৃষ্ণোনুখ করাই তাঁদের একমাত্র কার্য্য ও কর্ত্তব্য এরূপ শুদ্ধভক্তের সঙ্গই মঙ্গলপ্রদ।

প্রঃ— কি করে সাধুকে চিন্বো ?

উঃ— আমরা অনেক সময় সাধুকে মেপে নিতে চাই। সাধুর সেবাময় ক্রিয়াকলাপ বুঝ্তে না পেরে তাঁকে Reject (নাকচ) ক'রে দিই, যেন আমি তাঁর Examiner (পরীক্ষক)। আমি কোন্ যন্ত্র দিয়ে সাধুকে দেখৃছি ? অহন্তার পরিত্যাগ পূর্বেক দৈন্য ও আর্ত্তি নিয়ে সাধুর কাছে যেতে হয় এবং শরণাগত হয়ে তাঁর সঙ্গ কর্লে তাঁর কৃপায় তাঁকে জানা যায়। অন্যভাবে সাধুকে চেনা যায় না নিম্নপট হ'য়ে সাধুর নিকটি হরিকথা তনলে আমাদের সমস্ত অসুবিধা কেটে যায় এবং হদয়ে প্রচুর বল আসে।

গীতায় শ্রীকৃষ্ণ বলিয়াছেন---

তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া। উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ॥

প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবা-বৃত্তি নিয়ে ভগবত্তত্ত্বিৎ সাধুর নিকট গেলে সাধু ভগবন্তভানেচছু প্রণত সজ্জনকে উপদেশ প্রদান করেন।

প্রণিপাত মানে—Unconditional surrender, পরিপ্রশ্ন অর্থাৎ
Honest enquiry, সেবা-প্রবৃত্তি অর্থাৎ Serving temper নিয়ে সাধুর
কাছে যেতে হবে, তবেই আমাদের মঙ্গল হ'বে—অমরা ভগবজ্-জ্ঞান
লাভ ক'রে কৃতার্থ হ'তে পার্ব।

थ<sup>8</sup>— विषय़ी (क ?

উঃ— যিনি নিজের সুখের জন্য বিষয় সংগ্রহ করেন, বিষয় যাঁহার ভোগের যন্ত্র বা উপকরণ, তিনিই বিষয়ী। কিন্তু যিনি ভগবানের সেবার জন্য বিষয় সংগ্রহ করেন, তিনি বিষয়ী নহেন, তিনি ভগবৎ-সেবক ভক্ত ক্রিয়াকলাপ দেখিয়া ভোগী বা ভক্ত চেনা যায় না, উদ্দেশ্য দেখিয়া তাহা বুঝা যায়।

যিনি নিজ ইন্দ্রিয়তর্পণের জন্য ভোজন করেন তিনি ভোগী, কিষ্ত যিনি ভগবৎ-সেবার্থ শরীর রক্ষা করেন এবং তজ্জন্য ভোজন করেন তিনি ভক্ত। ভক্ত ভোগীও ন'ন ত্যাগীও ন'ন। ভক্ত হলেন ভগবৎসেবক। ভক্ত অর্থ, বিষয়, জাগতিক সকল দ্রব্যকেই ভগবৎ-সেবায় নিযুক্ত করেন। প্রঃ—শ্রীনাম-সংকীর্ত্তন কি মুখ্য ভজন ?

উঃ— শ্রীমনুহাপ্রভু ও গোদামিগণের সিদ্ধান্তানুসারে শ্রীনামসংকীর্ত্তনই মুখ্য ভজন। শ্রীকৃষ্ণনাম-সংকীর্ত্তনই ভক্তাঙ্গের মধ্যে শ্রেষ্ঠতম : শ্রবণ-শ্রবণদি শ্রীনামসংকীর্ত্তনের অধীন। শ্রীনামের কৃপা না হইলে লীলাক্র্রি হয় না। কীর্ত্তন ছাড়িয়া পৃথগ্ভাবে শ্রবণদি-চেষ্টা জড়-প্রতিষ্ঠা মাত্র।

মানুষের কল্পিত বা রচিত ছড়াকীর্ত্তন শ্রীনামকীর্ত্তন নহে, উহা নাম।পরাধ কীর্ত্তন : উহা কৃষ্ণেন্দ্রিয়তর্পণ বা ভজন নহে : উহা আত্যেন্দ্রিয়ত্তর্পণ অথবা ভজনের নামে ভোগ বা অপরাধ্যাত্র।

শ্রীটেতন্যমুখোদ্গীর্ণ শ্রীনামসংকীর্ত্রই ভক্তন, তাহাই প্রেমসম্পত্তি উৎপাদনে সমর্থ এবং ভক্তন-মধ্যে শ্রেষ্ঠতম বলিয়া সাধুজননির্ণীত। সেই স্বয়ংপ্রকাশ নামামৃত সেবোনাুখ একটি ইন্দ্রিয়ে আবির্ভূত হইয়া স্বীয় মধুররসে সমগ্র ইন্দ্রিয়োম প্লাবিত করিয়া থাকে। ভগবান্ শ্রীগৌরাঙ্গদেবও এই সিদ্ধান্তই কীর্ত্রন করিয়াছেন—

ভজনের মধ্যে শ্রেষ্ঠ নববিধা ভক্তি। কৃষ্ণপ্রেম, কৃষ্ণ দিতে ধ্যের মহাশক্তি॥

## তার মধ্যে সর্বশ্রেষ্ঠ নামসংকীর্ত্তন। নিরপরাধে নাম লইলে পায় প্রেমধন।

প্রঃ—প্রকৃত কৃষ্ণসেবা কি ক'রে হয় ?

উঃ— কৃষ্ণভক্ত গুরু-বৈষ্ণবের সেবা দারাই প্রকৃত কৃষ্ণসেবা হয়।
সহজিয়াগণ এটা বৃষ্তে পারে না। তা'রা মনে করে— যে কৃষ্ণের
সেবাপূজা করে, সে-ই খুব বড়: তাই তা'রা নিজে বৈষ্ণব অভিমান
করে, অপরের সেবা নেয়, নিজে গুরুবৈষ্ণবের সেবা ছেড়ে দেয়। কিন্তু
শ্রীচৈতন্যদেবের কথা ও গোস্বামীগণের কথা গুনেছেন যাঁরা, তা'রা
জানেন—কৃষ্ণের ভক্ত গুরু-বৈষ্ণবের সেবা দারাই সাঁত্যি সত্যি কৃষ্ণসেবা
হয়। কৃষ্ণভক্তের সেবা ছেড়ে কৃষ্ণসেবার ছলনার কোন মূল্য নাই।

যাঁ'রা সাধু-গুরুর সেবা ও আনুগত্য ছেড়ে কৃষ্ণসেবা ও নামভজনের অভিনয় করে, তা'দের প্রতি পদে পদে অপরাধ হয়। অপরাধ থাক্লে কৃষ্ণনাম বা কৃষ্ণসেবা হ'ল না। কিন্তু যে সব শরণাগত ভক্ত গুরু-বৈষ্ণবের আনুগত্য ও সেবা করে, গুরু-কৃষ্ণ-কৃপায় তা'দেরই কৃষ্ণসেবা ও নাম হয়। কৃষ্ণভক্ত গুরু-বৈষ্ণবের সেবা যারা আদর ও প্রীতির সহিত করে, তাদের প্রতিই শ্রীচৈতন্যদেব ও গোস্বামীগণের কৃপা হয়।

যথন আমার ধারণা ছিল —আমি গণিত-শাস্ত্রে বড় পণ্ডিত, দর্শন-শাস্ত্রে মহা-পণ্ডিত, তথন ভাগ্যক্রমে শ্রীগুরুদেবের দর্শন পেলাম। আমার মহা-সত্যবাদিতা, নির্মাল-নৈতিকজীবন, পাণ্ডিত্য প্রভৃতিকে যখন তিনি অকিঞ্চিৎকর জেনে ধাক্কা দিলেন, তখন আমি বুঝ্লাম—যিনি আমার এত ভালকে ধাক্কা দিতে পারেন, তিনি না জানি কত ভাল! তিনি যে ধাক্কা দিলেন তা'তে বুঝ্তে পার্লাম — আমার ন্যায় হীনব্যক্তি, ঘৃণিত ব্যক্তি আর নাই, এইটাই আমার স্বরূপ। আমি যে পাণ্ডিত্য, নৈতিক-চরিত্র প্রভৃতি পরম লোভনীয় মনে কর্ছি, এই মহাত্রা সে-সকল বন্তর কোন মূল্যই দিচ্ছেন না। তখন বুঝ্লাম— এই মহানু ব্যক্তিতে কি অমূল্য

জিনিষই না আছে । তখন বিচার কর্লাম—হয় ইনি অত্যন্ত দয়ালু, না হয় ইনি অত্যন্ত অহঙ্কারী। তখন আমি দীনভাবে ভগবানের নিকট কৃপাপ্রার্থী হলাম। তৎপরে ভগবৎকৃপায় জান্তে পার্লাম যে—এরপ নিষ্কিঞ্চন মহাপুরুষের কৃপা ও সেবা ছাড়া আমার মঙ্গলের অন্য কোন রান্তা নাই। যখন আমার এরূপ সুবৃদ্ধি হ'লো, তখন শ্রীগুরুদেবের আশ্রয় ও অজন্ত কৃপা পেয়ে আমি কৃতার্থ হ'লাম।

শ্রীগুরুদেবের কাছে আমি যে ধাক্কা পেয়েছি. তা'তে বুঝেছি পৃথিবীর লোককে সেরপ ধাক্কা না দিলে তা'দের চৈতন্য হ'বে না— চেতনা আস্বে না। তাই সকলকে বল্ছি— আমি সকলের চেয়ে— পৃথিবীতে যত লোক আছে সবচেয়ে মূর্খ— তোমরা আমার মত মূর্খ হ'য়ে যেও না, মেপে নেওয়ার কথার মধ্যে তোমরা থেকো না— বৈকুষ্ঠের-কথার মধ্যে ঢোক, খুব বড় লোক হ'য়ে যাবে। আমি ভগবৎ-কৃপায় য'কে পরম্মকল বুঝেছি. তোমাদিগকে সেই মঙ্গলের কথাই বল্ছি।

প্রঃ— সাধুর সঙ্গ কি বিশেষ প্রয়োজন ?

উঃ— নিশ্চয়ই। সাধুর সঙ্গ অপরিহার্য্য প্রয়োজনীয়। কিন্তু অধিকার অনুসারে সঙ্গ হয়। নিকটে থাকিলেই যে সঙ্গ হয় তাহা নহে; অতিদূরে থাকিয়াও সঙ্গ হয়। আবার একঘরে বাস করিয়াও সঙ্গ হয় না। আবার নিকটে থাকিয়াও সঙ্গ হয়, দূরে থাকিয়াও সঙ্গ হয় না। সাধু-সঙ্গের সুযোগ প্রদানের ক্রন্যই মঠে উৎসবাদির ব্যবস্থা। গৃহব্রত-ধর্ম্ম ধ্বংস করিয়া কৃষ্ণব্রত করিবার জন্য— জীবে দয়া, নামে রুচি ও হরি-গুরু-বৈষ্ণব-সেবার সুযোগ-প্রদান্যর্থ উৎসবের অনুষ্ঠান।

মাঠে যে উৎসবাদি করা হয়, শ্রীমন্তাগবত পাঠ করা হয়, হরিকথা আলোচনা করা হয়, তাহার মূল উদ্দেশ্য— চেতনের বৃত্তি উন্মেষিত করা সংসদে হরিকথা শ্রবণের দ্বারা চেতনের উন্মেষ হয়—জীবের মঙ্গল লাভ হয়ে থাকে।

ভক্তই সাধু। ভোগী বা ত্যাগী সাধু নহে। ভক্ত-সাধুর সঙ্গ কর্লে জানা যায় যে—ভোগের পথ যেরূপ কুপথ, ত্যাগের পথও সেরূপ বিপথ। ফল্লু- বৈরাগী মধ্যপথে দিশেহারা হইয়া ত্যাগের পথ গ্রহণ করিয়াছে। জড় জড়তের প্রতি প্রতি বা প্রীতিরাহিত্য উভয়ই ঈশবিমুখতা। ভোগ ও ত্যাগ—এই দুইপ্রকার ঈশবিমুখতা পরিত্যাগ না করিলে ভক্তির পূর্ণ আশ্রয় লাভ হয় না। ফল্লভক্তির বিচার বুঝিতে না পারিলে হয় ভোগী, না হয় ত্যাগী হইয়া যাইতে হইবে।

প্রঃ—গুরু-নিত্যানন্দের কৃপা কি করিয়া পাওয়া যাইবে ? উঃ—আমি বাহাদুর—এই বিচার পরমার্থের বিচার নহে। আমার ন্যায় দীনহীন, অযোগ্য পৃথিবীতে আর কেহ নাই— এই অনুভব থাকিলে শ্রীগুরু-নিত্যানন্দের কৃপা হয়।

যদি শ্রীগুরুদেবের নিকট থাক্বার অভিনয় করি, তা' হলেও অসুবিধা হ'য়ে যাবে; আবার যদি দূরে থাকি, তা হলেও অসুবিধা হ'য়ে যাবে। কিন্তু যদি গুরু-বৈষ্ণুবে আপনজ্ঞান, শ্রদ্ধা বা প্রীতি থাকে, তা' হ'লে দূরে বা নিকটে থাক্লেও সুবিধা হ'বে।

একদিন একটা ভদ্রলোকের ছেলে এন্ট্রান্স পাশ, কঠোর বৈরাগ্য, হাঁটুর উপর কাপড়, মলিন বসন, সে হঠাৎ আমার কাছে এলো। সে দু'চার দিন ভাসা ভাসা থাকে ও চলে যায়। আমি তখন শ্রীমায়াপুরে থাকিয়া জমিদারীর কার্য্য দেখা-শুনা করি, বিষয়কার্য্য করি। এসব দেখে আমার প্রতি তা'র অশ্রদ্ধা এসে গেল এবং অন্যত্র গিয়ে অসৎসঙ্গফলে সে অধঃপতিত হ'লো। সদুদ্দেশ্য না বুঝে সাধুর বাহ্য ক্রিয়াকলাপ দেখে তা'কে মাপ্তে গেলে এইরূপ সর্ব্বনাশই হয়।

প্রঃ— যাঁহাদের অর্থ আছে, সেই সব গৃহস্থ ভক্ত ও মঠবাসী ভক্তগণ যদি অর্থের দ্বারা ভালভাবে ঠাকুরের সেবা না করেন, তবে কি তাঁহাদের অপরাধ হয় ? উঃ— জগদ্গুরু শ্রীল শ্রীজীব গোস্বামী প্রত্ন শ্রীভক্তিসন্দর্ভে বলিয়াছেন— যে তু সম্পত্তিমন্তো গৃহস্থান্তেষাং তু অর্চ্চনমার্গ এব মুখ্যঃ। ভাঃ ২০ ৷৮৪ ৷৩৭ বলেন—

> অয়ং স্বস্তায়নঃ পত্না দ্বিজাতের্গৃহমেধিনঃ। যজ্জিয়াগুবিত্তেন শুক্লেনেজ্যেত পুরুষঃ॥

গৃহস্থ-ভজগণ অর্থনারা শ্রন্ধা ও প্রীতির সহিভ শ্রীহরির সেবাপূজা করিবেন। তাহাতেই তাহাদের মঙ্গল হইবে। কিন্তু তাহা না করিয়া নিষ্কিঞ্জন-ভজ্তবং কেবল শ্রবণ-কীর্ত্তন-স্মরণাদি-নিষ্ঠ হইলে বিত্তশাঠ্য অপরাধ হইবে সুতরাং গৃহস্থ-ভক্ত ও মঠবাসী ভক্তগণ শ্রবণ-কীর্ত্তন-স্মরণাদি করিয়াও কৃপণতা ও শঠতা পরিত্যাগ পূর্ব্বক অর্থাদি দ্বারা যথাসাধ্য হরি-গুরু-বৈষ্ণব্বেবা করিবেন কারণ শঠতা ও কৃপণতা দেখিলে ভগবান্ শ্রীহরি অপ্রসন্ন হন। তা'তে সিদ্ধিলাভে ব্যাঘাত হয়।

ভগবান্ শ্রীগৌরাঙ্গদেবও গৃহস্থের কর্ত্তব্য সম্বন্ধে কুলীন-গ্রামবাসী ভক্তগণকে বলিয়াছেন—

> প্রভু কহে—কৃষ্ণসেবা, বৈষ্ণবসেবন । নিরন্তর কর কৃষ্ণনাম-সংকীর্ত্তন ॥ (চৈঃ চঃ)

প্রঃ—জীবের মঙ্গল কিভাবে হয় ?

উঃ— তগবজ্-জ্ঞানের অভাববশতঃ স্বতন্ত্রতাই জীবকে বিপন্ন করে।
বহিরঙ্গা মায়া বিমুখ জীবকে বিষয়বিগ্রহ করিয়া তোলে—ভোজা-অভিমানে
প্রমন্ত করে। তখন সে নিজ-স্বরূপের কথা ভূলিয়া বিরূপগ্রস্ত হয় এবং
মায়িক অভিমানে কন্তু পায়, সংসার ভ্রমণ করিতে করিতে জীব ভাগ্যক্রমে
ভগবং-কৃপায়। ভাত্তর সঙ্গ পাইয়া যখন ভগবং-সেবায় রুচিবিশিষ্ট হন,
তখন সেই ভাগ্যবান্ জীব ভগবদভিন্ন আশ্রয়জাতীয় ব্রহ্মবস্ত
শ্রীগুরুপাদপদ্মে শ্রদ্ধান্থিত হইয়া তাঁহার সেবাক্রমে ভজনরাজ্যে প্রবেশ
করেন।

সদ্গুরুচরণশ্রেয়পূর্ব্বক সাধুসঙ্গফলে জীব যখন শ্রীগুরুপাদপদ্মকে সকল মঙ্গলাকর জানিয়া আশ্রয়জাতীয় ভগবদভিন্নবিগ্রহ বলিয়া অনুভব করিতে পারেন তখনই তাঁহার সেবা-প্রবৃত্তি প্রবল হয়। গুরুপাদপদ্মরূপ শ্রৌভপথ পরিত্যাগ করিলেই বহিন্মুখ জীবের বিপদ্ হয়।

ভাগ্যক্রমে যে সব জীব ব্রজেন্দ্রনন্দনের প্রিয়তম শ্রীগুরুদেবের শ্রীপাদপদ্মে আশ্রয়ের সৌভাগ্য পায়, তাহারাই শুদ্ধভক্তি লাভ করিয়া মায়ার হাত হইতে নিশ্কৃতি পায়। শ্রীগুরুপাদপদ্মে অপরাধ ঘটিলে জড়াভিনিবেশ আসিয়া জীবকে শ্রেয়ঃপথ হইতে চ্যুত করিয়া আপাতমধুর ভোগপথে বা ত্যাগপথে বিচরণ করায়। তজ্জন্যই ভাগ্যবান্ সজ্জনগণ শ্রীগুরুদেবের আনুগত্যে নিত্যকাল ভগবৎসেবায় নিযুক্ত থাকেন, তখন প্রেয়েবিচার ভাঁহাদের আর রুচিকর হয় না বা ভাল লাগে না

প্রঃ—ভক্তগণ গৃহে বা মঠে কিভাবে থাকিবেন ?
উঃ— কি মঠবাসী ভক্ত, কি গৃহস্থ-ভক্ত সকলেই বাহিরে বিষয়ী-প্রার্থ থাকিয়া অন্তরে ভক্তিনিষ্ঠা রাখিবেন। বাহিরে ভক্ত সাজিয়া অন্তরে বিষয়াসক্ত, গৃহাসক্ত, অর্থাসক্ত, প্রতিষ্ঠাকামী বা বিষয়ী হইবেন না। ইহা কপটতা এবং ভীষণ ভক্তিবাধক। মর্কট-বৈরাগ্য খুব ঘৃণিত ব্যাপার। ইহা জীবকে ভক্তিপথ হইতে ঘূটি করাইয়া অধঃপতিত করে। মহাপ্রভুর আদর্শ ও শিক্ষাই আমাদের গ্রহণীয়। শ্রীমন্মহাপ্রভু শ্রীরঘুনাথ দাস গোস্বামী প্রভূকে কি বলিয়াছেন—

মর্কট-বৈরাগ্য না কর লোক দেখাএর যথাযোগ্য বিষয় ভূঞ্জ অনাসক্ত হঞা !! অন্তরে নিষ্ঠা কর. বাহ্যে লোক-ব্যবহার অচিরাৎ কৃষ্ণ তোমায় করিবেন উদ্ধার !!

প্রঃ—সন্ন্যাসী হইলেই কি সংসার হইতে মুক্তি হয় ? উঃ—না। সন্ন্যাসী সাজা ও প্রকৃত সন্ন্যাসী হওয়া এক নয়। ভুক্তি ও মুক্তির সহিতই সন্যাস করিতে হইবে : যিনি ধর্মার্থকাম- মোক্ষবাঞ্ছা ত্যাগ করিয়া কৃষ্ণসেবাকে জীবন ও সার করিয়াছেন, তিনিই প্রকৃত সন্যাসী।

প্রকৃত সন্মাসী হওয়া ব্যাপারটি মহাজনের অনুসরণ ও পরাব্যনিষ্ঠা:
আর সন্মাসী সাজা জিনিষটা অনুকরন বা ঢং ছাড়া আর কিছুই নয়।
মহাপ্রস্থু বলিয়াছেন—পরাত্যনিষ্ঠা মাত্র বেষ-ধারণ।
মুকুন্দসেবায় হয় সংসারতারণ ॥

সন্যাস গ্রহণ পূর্বেক কায়, মন, বাক্য, অর্থ, বিদ্যা, বৃদ্ধি, বিষয় প্রভৃতি দিয়া প্রীতির সহিত কৃষ্ণের সেবা করিলেই সংসার হইতে মুক্তি লাভ হয় এবং ভক্ত হওয়া যায়। সেবা ব্যতীত মঙ্গল লাভ অসম্ভব। কি গৃহস্থ, কি মঠবাসী সকলকেই প্রাণ দিয়া সেবা করিতে হইবে. তবেই মঙ্গল হইবে—ভগবান প্রসন্ন হইবেন। কার্পণ্য ও শঠতা পরিত্যাণ পূর্বেক সেবাপ্রাণ হইতে পারিলেই মঙ্গল হইবে—এই জন্মেই ভগবানের কৃপা পাওয়া যাইবে।

প্রঃ—বাহিরের ক্রিয়াকলাপ, বিদ্যা, ধন বা দারিদ্র্য দেখিয়া কি ভক্তকে চেনা যায় ?

উঃ—কখনই না। ভোগী হ'লো জড়বিলাসী বা বিষয়ী আর ত্যাগী হ'লো বিষয় দুঃখকর জানিয়া বিষয়বিরক্ত। ভোগী ও ত্যাগী উভয়েই সকাম এবং অভক্ত। তাই তাহারা ভক্তের সেবাবিলাসী ও সহজ বিরাগের কথা বুঝিতে পারে না ভক্ত বহির্দর্শনে জন্ম, ঐশ্বর্য্য, বিদ্যা, সৌন্দর্য্য আদি জাগতিক ঐশ্বর্যাযুক্ত বা ঐ প্রকার ঐশ্বর্যারহিত যে কোন লীলাই করুন না কেন, তাহাকে তদনুপাতে দর্শন করিতে গেলে বঞ্চিতই হইতে হইবে। যেহেতু —বৈফাবের ক্রিয়ামুদ্রা বিজ্ঞে না বুঝায়। কর্মী ও জ্ঞানী—ভোগী ও ত্যাগী তাহাদের স্থুল দর্শনে ভক্তকে যাহাই দর্শন করুক না কেন, তাহা কিন্তু ভক্তের স্বরুপ নহে ষ্টেড়শ্বর্যাপতি ভগবানের ভক্তগণের

কোন ঐশ্বর্য্যেরই অভাব নাই। তবে তিনি সেই ঐশ্বর্য্যকে ভগবৎসেবায় সমর্পণ ব্যতীত ভোগী বা ত্যাগীর ন্যায় প্রাপঞ্চিক-জ্ঞানে ভোগ বা ত্যাগে প্রবৃত্ত হন না। সূতরাং ভগবদ্ধক্তের কোন ঐশ্বর্য্য দর্শনে বা অদর্শনে তৎপ্রতি অশ্রন্ধা বা অনাদর করিতে হইবে না। জগতের সমুদয় বিষয়ের—সর্ব্ববিধ ঐশ্বর্য্যের সদ্যবহার একমাত্র তিনিই জানেন।

ভক্ত ভোগীও ন'ন, ত্যাগীও নন, তিনি তদুভয় হইতে স্বতন্ত্র হইয়া কেবলমাত্র কৃষ্ণেন্দ্রিয়তর্পণকারী। ভক্তকৃপাক্রমেই তাদৃশ বিচার বা বুদ্ধি লাভ হয়। সুতরাং অহঙ্কার পরিত্যাগ পূর্ব্বক ভগবদ্ধক্তের শ্রীপাদপদ্মে আত্রসমর্পণ করিয়া সর্ব্বদা হরিকীর্ত্তন ও হরিসেবা করিবার বিচারবিশিষ্ট হইলেই মাপিয়া লইবার বিচার বা ইতর পিপাসা থামিয়া যাইবে—নিত্য মঙ্গল লাভ হয়।

প্রঃ—সদ্তরুচরণাশ্রয়ে কি সবই লাভ হয় ?

উঃ—শ্রীগুরুদেবের পদাশ্রয়ে কৃষ্ণনাম, কৃষ্ণমন্ত্র প্রভৃতি সবই লাভ হয়।
কিন্তু শ্রীগুরুপাদপদ্মে প্রচুর পরিমাণে সেবার বিচার না আসিলে এই সব
অপ্রাকৃত বন্তর উপলব্ধি হয় না। বিশ্রন্তভাবে অর্থাৎ দৃঢ়বিশ্বাস বা প্রীতির
সহিত গুরুকে আশ্রয় না করিলে, গুরুর নির্দেশমত ভক্তিপথে অগ্রসর
হইতে না পারিলে আমাদের বাস্তবিক মঙ্গল হয় না। কারণ আধ্যক্ষিকগণ
তর্কপন্থী। তর্কপন্থায় শ্রৌতপথ বা ভক্তিপথের কথা হদয়ঙ্গম হয় না
ভক্ত-গুরুর আশ্রয়ে থাকিয়া তদানুগত্যে ভক্তিপথে বিচরণ না করিলে
বৃদ্ধির উপযুক্ত ব্যবহার হইবে না এইজন্যই শাস্ত্রে উক্ত হইয়াছে—
আদৌ গুরুপাদাশ্রয়ঃ, তম্মাৎ কৃষ্ণদীক্ষাদি-শিক্ষণম্, বিশ্রন্তেণ গুরোঃ সেবা,
সাধুবর্ত্ত্রানুবর্ত্ত্রনম্।

প্রঃ—নিদ্ধিক্ষন কে ?

উঃ—যিনি ইহ-জগতের কোন বস্তুই চান না, তিনিই নিষ্কিঞ্চন। তিনি বিচার করেন—আমাকে চিরকাল সুখ দিতে পারে এমন কোন বস্তু এ- জগতে নাই। এই পৃথিবীতে নিত্যসুখদ কোন বস্তু নাই। এই পৃথিবীটা বদ্ধজীবের কারাগার, আমরা কৃষ্ণবহির্দ্মুখ হইয়া এখানকার বন্দী হইয়া পড়িয়াছি, এইজন্যই এত কষ্ট পাইতেছি।

প্রাদ মহারাজ ভারতস্মাট্ হইয়াও নিষ্কিঞ্চন ভক্ত। আবার সুদামা বিপ্র অতি গরীব হইয়াও নিষ্কিঞ্চন। কারণ ইঁহারা উভয়েই নিষ্কাম ভক্ত।

নিষ্কিঞ্চন ভক্তগণ জানেন যে—এই জগণ্টা হরি-গুরু-বৈষ্ণবের সেবার উপকরণ এইজন্য তাঁহারা জগতের কোন বস্তুর প্রতি ভোগবৃদ্ধি করেন না এবং তাহা ত্যাগও করেন না, উপরম্ভ সকল দ্রব্যকে ভগবংসেবাতেই নিযুক্ত করেন। হরিভজন না করিলে জগতে একটি তৃণত গ্রহণ করিবার অধিকার আমার নাই, ইহা তাঁহারা মর্দ্মে মর্দ্দে উপলব্ধি করেন।

ভক্তগণ জানেন—কৃষ্ণকে শুদ্ধভক্তি করিলে সুবিধা ও মঙ্গল ইইবে।
নিরপরাধে নিরন্তর কৃষ্ণনামের সেবা করিলেই ভক্ত, ভক্তি ও ভগবানের
স্বরূপ জানা যাইবে। সাধুগুরুর নিকট ইইতে কৃষ্ণকথা শ্রবণের সৌভাগ্য
হইলে তাহা কীর্ত্তন করিতে হইবে, তাহা ইইলেই কৃষ্ণানুশীলন ইইবে।
কৃক্তের অনুশীলন না ইইলে কৃষ্ণেতর বন্তুর অনুশীলন ইইয়া যাইবে।

প্রঃ—অনুকূল-কৃষ্ণানুশীলন জিনিষ্টা কি ?

উঃ— আমরা একমাত্র কৃষ্ণানুশীলনই করিব : কৃষ্ণানুকৃলা হ'লেন শ্রীরার্ধভানবী দেবী। শ্রীবার্ধভানবীরই নামান্তর অনুকৃলা। শ্রীরাধার প্রিয়েজনগণ সকলেই গুরুপাদপদ্ম। গৌড়ীয়গণ অনুকৃলার কৃষ্ণ অর্থাৎ র'পের কৃষ্ণের উপাসক। তাঁহারা কৃষ্ণ অপেক্ষা শ্রীবার্ধভানবীরই পক্ষপাতী বেশী অনুকৃলার আনুগত্যেই কৃষ্ণের অনুকৃল অনুশীলন হইয়া থাকে। অনুকৃলান কার্যাটী কৃষ্ণের সন্ধান্ধ হইলেই সব সুবিধা হইবে। কিন্তু হায়। আমরা কৃষ্ণাকে গৃহপতি না করিয়া নিজে গৃহকর্তা সাজিয়া গৃহব্রত হইয়া পড়িতেছি।

প্রঃ—আমরা কি নিখুঁত সত্য কথা বলিব ?

উঃ—নিশ্যই। আমরা কাহাকেও বঞ্চনা না করিয়া সকলের নিকট নির্ভীকভাবে সত্যকথা বলিব। জীবের প্রকৃত মঙ্গল যাহাতে হয়, সেইরূপ সত্যকথা অপ্রিয় হইলেও বলিতে হইবে, ইহাতে ভূতোদ্বেগ হয় না। বাস্ত ব সত্যেরই অনুসন্ধান করা দরকার। পৃথিবীর সকল লোকের মঙ্গল কিরূপে হইবে, সেই চিন্তা করা প্রয়োজন। দৃঢ়-প্রতিজ্ঞ হইয়া নিজের ও অপরের মঙ্গল করিতে হইবে। কেবল বর্ত্তমান যুগের মনুষ্যের জন্য নয়—সকল যুগের সকল মানুষ্যের অনন্তকালের মঙ্গলের জন্য চেষ্টা করিতে হইবে। যে স্থান হইতে আর কোন দিন ফিরিয়া আসিতে হইবে না, সেই সুখময় বৈকুষ্ঠরাজ্যের কথাই সকলকে বলিতে হইবে। সেই অপ্রাকৃত জগতের কথা অপরকে জানাইতে হইলে আমাদের শ্রীতরুপাদাশ্রয় লাভ করা একান্ত আবশ্যক।

আমরা সব সময়েই সেই দিব্যক্তানপ্রদাতা শ্রীগুরুপাদপদ্মকে Serve করিব। যদি আমরা গৃহে থাকি, তাহা হইলেও বাড়ীর সকল লোক মিলিয়া তাঁহার সেবা করিব। আমরা ভাল ভাল ঘরবাড়ীতে ভগবান্কে ও ভক্তগণকে রাখিব—নিজেরা কুটীরে থাকিব। আমরা যদি না খাইয়া ভগবানকে খাওয়াই তবে তাঁহার করুণা পাইব। প্রত্যেক জিনিসটা ভগবানের—এই বিচারটি আমাদের সব সময় থাকিবে। জগতের সকল জিনিষ ভগবানের সেবায় লাগাইতে পারিলেই জীবন সার্থক হইবে। এ সব কথা নিজে আচরণ করিয়া প্রচার করিতে হইবে। নির্জীকভাবে সত্যকথা বলিতে না পারিলে শ্রীগুরুগৌরাঙ্গ প্রসনু হইবেন না। যাঁহার ভক্তিশক্তি ও দৃঢ়তা যত বেশী, তিনি তত নির্জীক প্রচারক।

লোকের কাছে নিরপেক্ষ সত্যকথা বলিলে পাছে উহা লোকের অপ্রিয় হয়, এই ভয়ে যদি সত্যকথা না বলি, তাহা হইলে ত' আমি শৌতপথ পরিত্যাগ করিয়া অশৌতপথ গ্রহণ করিলাম, তাহা হইলে আমি নাস্তিক ও বঞ্চক হইলাম। প্রঃ—গৃহব্রত কে ? উঃ—তিনিই গৃহব্রত—িহিন পুরুষ বা দ্রী অভিমান করেন : গৃহব্রতগণ কনক-কামিনী-প্রতিষ্ঠ-লোলুপ। কনক, কামিনী ও প্রতিষ্ঠা ভোগ করিবার প্রবৃত্তি-বিশিষ্ট ব্যক্তিই গৃহব্রত।

য়াহারা গৃহব্রত, তাহারা মনে করে—আমাদের সেবক দরকার, আমরা গৃহের কর্তা হইয়া যথেচ্ছভাবে ইন্দ্রিয়তর্পণ করিব, ইহাই আমাদের ব্রত বা লক্ষ্য।

আমরা দেহাত্রেলী বা গৃহব্রত হইয়া প্রভু সাজিয়াছি। আমরা জগৎকে ভোগনেত্রে দর্শন করিতে যাইয়া অসুবিধায় পড়িতেছি। সমগ্র জগৎ ভগবৎ-সেবার বস্তু— এই সুবুদ্ধি না আসা পর্যান্ত আমাদের গৃহব্রতবৃদ্ধি কাটিরে না, আমরা মঙ্গলের সন্ধান পাইব না। যাহারা ভোগবা ত্যাগ কর্রো বিসার করে, তাহাদের সর্ক্রনাশই হয়। তাহারা কোনদিন ভগবান্কে জানিতে পারে না।

জনিত। জগতের উপর নির্ভর করিলে দুঃখ ও মৃত্যুই লাভ হইনে। কৃষ্ণবহিন্দুখ সংসার করার ফলই প্রকৃত মরণ ও নানা আধি-ব্যাধিরূপ ত্রিতাপে জ্বন।

সংসারের চিন্তা-ভাবনা সমন্তই মরণের জন্য তাহা যে আমাকে দিন দিন নরকের নিকে লইয়া যাইত্যেছে, উত্রেভর দুঃখে নিক্ষেপ করিতেছে ও করিবে, এ চিন্তা গৃহরুতের নাই

প্রঃ—কাহার নিকট ভাগবত ভনিব ?

উঃ—শ্রীমন্তাগৰত মহাভাগৰত শ্রীগুরুদের ও গুরুনিষ্ঠ শ্রদ্ধ করের নিকট গুনিতে হইবে যে ব্যক্তি নিজে ভাগৰত নয়, তাহার নিকট শ্রীমন্তাগৰত গুনিলে মঙ্গল হইবে না।

যহার চরির খারাপ, কামের চিন্তা যাহার প্রকল, যাহার প্রতিষ্ঠা ও অর্থ আনুশ্যক, সে কথনও শ্রীমন্তাগরত পাঠ করি,ত পারে লা কার্য মুখে শ্রীমন্তাগবত কীর্ত্তিত হন না। সে শ্রীমন্তাগবত-পাঠের ছলে নিজেন্দ্রিয়তর্পণ করে মাত্র। সে নিজে বঞ্চিত, তাই অপরকে বঞ্চিত করে।

যিনি সর্বাক্ষণ হরিভজন করেন এরূপ শ্রীগুরুদেবকে আশ্রয় করিয়া তাঁহার শ্রীমুখে অথবা তাঁহার নির্দ্দেশে অন্য শুদ্ধ-বৈষ্ণবের নিকট শ্রীমড্রাগবত শুনিতে হইবে। তাহা হইলেই মঙ্গল ও ভক্তি হইবে।

শ্রীমন্তাগবত যাঁহাদের জীবন ও সেব্য, তাঁহারাই সত্য সত্য ভাগবত পাঠ করেন, ঠাকুর-সেবা করেন, হরিনাম করেন, তাঁহাদেরই সঙ্গ করিতে হইবে, তাঁহাদিগকেই সমস্ত দিতে হইবে। কারণ তাঁহারা আমার মত ভোগ করেন না অথবা ঠাকুর-সেবার ছল করিয়া আত্মবঞ্চনা ও পরবঞ্চনা করেন না, কিংবা ভগবৎ-সেবোপকর্ণকে প্রাপঞ্চিকবোধে ত্যাগ করিয়া ফল্লু-বৈরাগীর ন্যায় জড় প্রতিষ্ঠাও সংগ্রহ করেন না।

আমি যাঁহার সঙ্গ করিব বা ঘাঁহার কথা শুনিব, তিনি শ্রৌতপন্থী হইবেন। সাধু-গুরু কখনও প্রেয়ঃপথী স্বীকার করেন না। তাঁহারা শ্রেয়ঃপন্থী বা শ্রৌতপন্থী। শ্রৌতপন্থী সাধুগণ নিজ গুরুর নিকট হইতে সত্যপথে বা ভক্তিপথে চলিবার যে শিক্ষা পাইয়াছেন, তাহাই তাঁহারা অপরকে বলেন। তাঁহারা নিজের মনঃকল্পিত কোন কথা কাহাকেও বলেন না।

আমরা অনেকসময় গুরু করি বা সাধুসঙ্গ করি—মঙ্গল বা শ্রেয়ের জন্য নহে, পরন্ত আমাদের প্রেয়োলাভের জন্য—নিভ অপস্বার্থসিদ্ধির জন্য। আজকাল গুরু করা কার্য্যটা একশ্রেণীর লােকের মধ্যে নাপিত-ধ্যেপা রাখার ন্যায় একটা লৌকিক বা কােলিক ধারা, আর এক শ্রেণীর মধ্যে একটা ফ্যাশান হইয়া দাঁড়াইয়াছে। সাধুসঙ্গ বা পাঠগুনা ব্যাপারটাও সেইরপ ধরণের একটি কার্য্য হইয়া পড়িয়াছে। সুতরাং আমাদের মঙ্গল আর কি করিয়া হইবে ? উপযুক্ত শিক্ষকের নিকট কথা না শুনিলে কি কাহারও সুবিধা হয় ? এইজন্য যাহারা মঙ্গল চান, তাহারা সঙ্গবিষয়ে

সাবধান হইবেন, সাধুনামধারী লোকের নিকট হরিকথা শুনিতে গিয়া বিপন্ন হইবেন না।

ভাগ্যক্রমে ভগবং-কৃপায় যদি কেই প্রকৃত সাধুর সঙ্গ লভের সৌভাগ্য পান, তাহা ইইলে তাঁহার নিকট সত্যের সন্ধান পাইবামত তাহাতে নিষ্ঠাযুক্ত হওয়া উচিত। আমাদের জীবনের যাহার যতটুকু সময় আছে, তাহার একমুহূর্ত্তও বিষয়কার্য্যে বা অন্যকার্য্যে নিযুক্ত না করিয়া হরিভজনে নিযুক্ত করা আবশ্যক—সৎসঙ্গ করিবার জন্য ব্যাকুল হওয়া প্রয়োজন। কারণ অন্যান্য কর্ত্তব্যগুলি সব জন্মেই করা যাইবে কিন্তু জীবের একমাত্র কর্ত্তব্য সদ্গুরু-চরণাশ্রয়ে বা সৎসঙ্গে কৃষ্ণভেজন, মনুষ্যজন্ম ছাড়া অন্য জন্মে সম্ভব হইবে না।

প্রঃ—ভগবদ্দর্শনের রাস্তাটা কি ?

উঃ— ভগবান্ শ্রীহরি নির্ত্তণ বস্তু— মায়াতীত বস্তু। সেই নির্ত্তণ বস্তু ভগবানের সহিত সাক্ষাৎকারের অন্য রাস্তা নাই একমাত্র কাণ ছাড়া। সাধুর শ্রীমুখবিগলিত বৈকুষ্ঠকথার অলৌকিক শক্তি আছে। সেই বৈকুষ্ঠশব্দ কাণে গেলে আমাদের চেতনতা প্রকাশিত হবে— কৃষ্ণোনাখতা ভাগ্রে। যে শব্দ বৈকুষ্ঠ হ'তে এ জগতে অবতীর্ণ হয়, সেই শব্দই আমাদিগকে বৈকুষ্ঠে লইয়া যায়; আর এ জগতের শব্দ বা কথা আমাদিগকে নরকের যাত্রী করায়। শ্রীচৈতন্যচন্দ্র বৈকুষ্ঠের কথা বল্বার জন্য এজগতে এসেছিলেন কিন্তু সেই পরম-কৃপামধ্যের কথা দুভাগ্যবশতঃ আমাদের কাণে যাচেছ না। যাহারা ভাগ্যবান্, তাঁহারাই মহাপ্রভুর কথা বৃক্তে পারেন। ভাগ্যক্রমে আমরা যদি ভগবানের সেবা কর্বার প্রবৃত্তিবিশিষ্ট হই, তা' হ'লেই আমাদের কাণে এসব কথা যাবে— আমরা এসব কথা শুন্তে পার্ব।

যাঁর যে অবস্থা, সেই অবস্থা থেকেই উন্নত হ'তে হবে—ভাল হ'তে হ'বে। জীবন্ত সাধুর কাছেই চেতনময়ী বাণী তন্তে হবে। যে মুহূর্ত্তে আমরা প্রকৃত সাধুর কাছে হরিকথা না তন্ব—নিহ সেবা না কর্ব,সেই মুহূর্ত্তেই মায়া আমাদিগকেগ্রাস কর্বে। অতএব আমাদের কর্ত্ব্য—কোথায় হরিকথা হচ্ছে—সত্যি সত্যি চেতন থেকে চেতনময়ী হরিকথা প্রকাশিত হচ্ছে, সেই দিকে মনোযোগ রাখা। Living source থেকে সেবোনাখ কর্ণ দিয়ে হরিকথা শ্রবণ কর্লে চেতনের বৃত্তি উন্যোষিত হ'বে। তখন নির্মল চিত্তে আমরা ভগবদ্-অনুভূতি বা ভগবদ্দর্শন লাভ কর্তে পার্ব। শৌতপথে বা শ্রবণপথেই ব্যবদ্দর্শন হয়। এভদ্যভীত ভগবদ্দর্শনের অন্য কোন রাস্তা নাই।

## श्र-शिनामकीर्ज्यन कि कन ?

উঃ—শ্রীকৃষ্ণনাম-কীর্ত্তন কৃষ্ণের সাক্ষাৎ অনুশীলন বা সেবা। কীর্ত্তন করিতে করিতে ভুক্তিবাঞ্ছা ও মুক্তিপিপাসারপ অনর্থ দূর হয়। শ্রীনামের কৃপায় সকল অনর্থই ক্রমশঃ বিদূরিত হয়। কৃষ্ণনাম সাক্ষাৎ কৃষ্ণ। শক্তিমান্ কৃষ্ণনাম অসীম শক্তিশালী। তাঁহার কৃপায় অসম্ভব বলিরা কিছু নাই। শ্রীনামকীর্ত্তনের ফলে অনর্থনিবৃত্তি ও পরমার্থ-প্রাপ্তি সবই অনায়াসে হয়। নামের ফলে কৃষ্ণপদে প্রেম উপজয়।

কৃষ্ণনামই জীবের একমাত্র আশ্রয়। কলিকালে কৃষ্ণনাম-কীর্ত্তন ব্যতীত জীবের আর সাধনভজন কিছু নাই। শ্রীনামভজন ব্যতীত জীবের মঙ্গললাভের ও অমঙ্গল দূরীকরণের অন্য কোন উপায় নাই

## প্রঃ—কৃষ্ণকার্য্যই কি ভক্তি ?

উঃ—নিশ্যই। কৃষ্ণের কার্যা ছাড়া ভক্তের অন্য কার্য্য নাই। ১৯৬৬ গ্র ভগবৎ-সেবনোদ্দেশ্যে যাহা করেন, সেই কৃষ্ণকার্যাই ভক্তি, কর্ত্তা কর্তৃত্বাভিমানে যাহা কিছু করেন, তাহার ফল তিনি ভোগ করেন। এইজন্যই কর্ম্ম ও ভক্তির মধ্যে অনেক পার্থক্য।

### প্রঃ—কৃষ্ণদাস্য কি উপায়ে লাভ হইবে ?

উঃ—আমরা ভগবানের শরণাগত—শ্রীগুরুপাদপদ্মের আশ্রিত। ভগবান্কে এই চক্ষে দেখতে পাওয়া যায় না। শুদ্ধভক্তগণ ভক্তিচক্ষে ভগবান্কে দর্শন ক'রে থাকেন। আমরা বদ্ধজীব শ্রীচৈতন্যদেবের দাসগণের জুতা বইতে পার্লেই আমাদের ভগবদ্দাস-অভিমান জাগ্বে এবং ভক্তকৃপায় আমাদের ভক্তিচক্ষু প্রস্কৃতিত হ'বে, তখন আমরা গুরুকৃপায় কৃষ্ণদাসা ও কৃষ্ণদর্শন লাভ করতে পার্বো

প্রঃ—জীবতত্ব কি ?

উঃ—জীব শব্দে—যাহার জীবন আছে। ভগবানের তিন প্রকার শক্তি—
অন্তরঙ্গা, বহিরঙ্গা, ও তটস্থা জীব তটস্থা-শক্তি-পরিণত বস্তু। জীব —
বস্তু, অবাস্তব আকাশকুসুম নয়। জীব— অজবস্তু, জীব সৃষ্টবস্তু নহে,
জীব নিত্যকাল বর্ত্তমান। জীব চেতন ইইলেও অণুচেতন। কিন্তু ভগবান্
বিভূচেতন। এজন্য জীবের সহিত ঈশ্বরের নিত্য ভেদ। মহাপ্রভূব ব'লেছেন—মায়াধীশ, মায়াবশ—ঈশ্বরে জীবে ভেদ।

ঈশ্বর ব্রহ্মবস্তু, বৃহদ্মন্ত কিন্তু জীব ক্ষুদ্রবস্তু, অণুচিদ্বস্তু। ঈশ্বর মায়াধীশ কিন্তু জীব মায়াবশ। জীব স্বরূপতঃ কৃষ্ণের নিত্যদাস আর কৃষ্ণ জীবের নিত্য প্রভু। জীব—কৃষ্ণ-সেবক, কৃষ্ণ জীবের সেব্য ,প্রভু, নিয়ামক ও রক্ষক। কৃষ্ণ-সেবাই জীবের নিত্য কৃত্য। মহাপ্রভু ব'লেছেন—

জীবের স্বরূপ হয় কৃষ্ণের নিত্যদাস।
কৃষ্ণের তটস্থা-শক্তি, ভেদাভেদ-প্রকাশ।
কৃষ্ণ ভুলি সেই জীব অনাদি-বহিন্দুখ।
অত এব মায়া তা'রে দেয় সংসার-দুঃখ।
সাধু-শান্ত-কৃপায় যদি কৃষ্ণোনাখ হয়।
সেই জীব নিস্তরে, মায়া তাহারে ছাড়য়।
তা'তে কৃষ্ণ ভজে, করে ওরুর সেবন।
মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ। (চৈঃ চঃ)

জীব—আত্যা জীব মন ও দেহ নয়, জীব দেহী। দেহী জীব দেহ পরিত্যাগ করে, তখন দেহটা পড়ে থাকে। জীব—চেতন, মন— চেতনভাস, দেহ— অচেতন বা জড়। মন সৃক্ষ শরীর বা Sub!! body, মন Dim reflection of animation (চেতনতার অস্পষ্ট প্রতিফলন)—চেতনের আভাস meddling with the world.মন আত্মার সহিত এক নয়। মন সর্ব্রুদা বহির্জগতে বিচরণশীল। মন বহির্জগতের স্থুল-বস্তু গ্রহণ করিতে পারে, নিত্যবন্ত ঈশ্বরের সন্ধান রাখতে বা দিতে পারে না। আমি জীব, আমি মন বা দেহ নহি। শরীর ও আমি—দেহ ও দেহী এক নয়। গৃহ ও গৃহী এক হ'তে পারে না। আত্মা, দেহী বা জীব—সৃন্ধ-শরীর মনের মালিক, স্থুল শরীরের মালিক। একজন Property, আর একজন (জীব)— Proprietor. অজ্ঞানতা-বশতঃই জীবের দেহে আত্মবৃদ্ধি হয়— দেহকে আমি বলিয়া দ্রান্তি হয়। মহাপ্রস্থু ব'লেছেন—

জীবের স্বরূপ—কৃষ্ণদাস-অভিমান।
দেহে আত্মজ্ঞানে আচ্ছাদিত সেই জ্ঞান॥
দেহে আত্মবুদ্ধি হয় বিবর্ত্তের স্থান।
দেহে আত্মবুদ্ধি—এই মিথ্যা হয়॥

(द्रुष्ठ हुई)

জীব নিত্য-বস্তু, স্থুল ও সূক্ষ্ম শরীরের ন্যায় অনিত্য নহে। কৃষ্ণ-সেবক জীব কৃষ্ণকে ভুলিয়া যাওয়ার জন্যই তাহার এত কষ্ট, এত দুর্গতি।

কৃষ্ণোনাখতাই জীবের স্বাস্থা। নিজেকে কৃষ্ণদাস বলিয়া জানাই জীবের সুস্থাবস্থা। বর্ত্তমানে জীব দাস-অভিমান তুলিয়া ভোগী বা ত্যাগী হ'য়ে উঠেছে। এটা—ব্যারাম, জীব তখন রোগী।

তার মুখটাকে কৃষ্ণের দিকে ফিরিয়ে দেওয়ার নাম চিকিৎসা। কৃষ্ণবহির্মুখ জীবকে কৃষ্ণোন্মুখ করাই জীবের প্রতি দয়া এবং ইহাই প্রকৃত
উপকার বা সর্বশ্রেষ্ঠ উপকার। কৃষ্ণের জীব কৃষ্ণকে ভুলে কন্ত পাচ্ছে।
এখন সাধুসঙ্গপ্রভাবে সেবোন্মুখ হ'য়ে কৃষ্ণের সহিত completely
dovetailed (সম্পূর্ণরূপে সংযুক্ত) হ'তে পার্লেই সমস্ত অসুবিধা কেটে
যাবে এবং জীব চিরসুখী হ'তে পার্বে।

প্রঃ— আপনার কথা শুনে খুব উপকৃত হচ্ছি। দয়া ক'রে আরও কিছু হরিকথা বলুন।

উঃ—গৌরসুন্দর যে সেবার কথা ব'লেছেন সেই সেবাই সর্বোদ্তম: যে প্রথম দ্বারা বর্ত্তমান ব্যাধি আরোগ্য হ'য়ে সেবা-বৃত্তির উদয় হয়, গৌরবিহিত কীর্ত্তনের মধ্যে সেই ঔষধটা আছে: এই ঔষধ গ্রহণ করা সকলের কর্ত্তব্য। তা' হলেই আমরা শান্ত হ'তে পার্বো: কৃষ্ণনাম-সংকীর্ত্তনই দেই আমোঘ ঔষধ। হরিকীর্ত্তন সর্ব্বদা করা দরকার। শ্রীটেতন্যবিহিত হরিকীর্ত্তনই চিরশান্তি লাভের একমাত্র পথ ও পাথেয় হরিকীর্ত্তনে সর্ব্বশক্তি নিহিত র'য়েছে—সর্ব্বপ্রয়োজন-শিরোমণি অনুস্যুত আছে। শ্রীটেতন্যপ্রদর্শিত-পথে শ্রীমন্তাগবত-অনুশীলনই শ্রীটেতন্যপ্রদর্শিত-পথে শ্রীমন্তাগবত-অনুশীলনই শ্রীটেতন্যাশ্রিত ব্যক্তিগণের কৃত্য।

কৃষ্ণদেবা ভূলে এখানে আমরা প্রভু হ'য়ে গেছি। প্রভু হ'বাব ইচ্ছা হ'য়েছিল, এ-জগৎ তা'র সুযোগ দিয়েছে এই জগৎ সেজন্য সাজান র'য়েছে। কিন্তু প্রভু হওয়াটা স্বরূপের ধর্ম্ম নয়, ইহা বিরূপের ধর্ম্ম। এতে শান্তি হয় না। সেবাময় অবস্থাই শান্তি কৃষ্ণসেবক-অভিমানই শান্তি লাভের উপায়। ভোগ ও ত্যাগ আত্যধর্ম নহে। ভগবৎ-সেবাই আত্যধর্ম।

সামি কে—এই কথাটা ভুলে যাওয়ার জন্যই আমানের সর্বনাশ হ'লেছে। আমি ভগবৎ-সেবক—ইহাই দিব্যক্তান। কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুদেব আম দিগতে এই দিব্যক্তান বা দীক্ষা প্রদান ক'রে ইহা জানিয়ে দেন ওরু-সেরাফালেই আত্মধর্মা ভগবন্ধক্তি প্রকাশিত হয় কৃষ্ণের ভক্তগণের কাছে গিয়ে যদি নিস্কপটে তাঁদের কথা শুন্তে পারি, তা' হ'লে এ জন্মে আ ভানে শঙ্গে বা সুবিধা অবশ্যই হবে। আমাদের সর্বাধ কৃষ্ণসেবায় নিযুক্ত হ'লেই জীবন সার্থক হয়। আপনারা পণ্ডিত ব্যক্তি, আপনাদিগকে আমি অলাধু মনে কর্ছি না। আপনারা সাধু, আপনাদের সকলের দু'টো পায়ে ধ'রে ব্যক্তি— আপনারা কৃপা ক'রে আমাকে এই ভিক্ষা দেন। ভাগেয়ে বিহির্তাগতের বড় লোক, এ কথা ভুলে যান। সর ছেড়ে দিত্য

আপনাদের আকর্ষণ চৈতন্যচন্দ্রের চরণে হোক— একটুকু হোক্। একটুকু হ'লেই আপনারা সঙ্গে সঙ্গে বৃঞ্তে পারবেন যে— চৈতন্যদেরের কথার মধ্যে কোন অসুবিধার কথা নাই। সে কথা যাঁর কাণে সত্যি সত্যি যাবে, তিনি কীর্ত্তন আরম্ভ ক'রে দিবেন। আমার ভাই সকল! আপনারা এমনভাবে অমহলের পথে কেন যাচ্ছেন? অন্য কথায় কি প্রয়োজন? সব সময় কৃষ্ণকথা শ্রবণ করা কর্ত্তব্য। সর্ব্বতোভাবে কৃষ্ণের সেবা করা বিশেষ আবশ্যক।

বর্ত্তমানে আত্মা মনকে সব ভার দিয়ে ঘুমুচ্ছেন। ঘুম একটুকু ভাঙ্গা দরকার। কারণ মন আমার পরম শক্ত এবং ভীষণ বিশ্বাসঘাতক। সে আমাকে দৃঃখের সাগরে নিক্ষেপ ক'রে দিবে। সুতরাং মনকে অধীন রাখা দরকার। আমরা যেরূপ অবস্থায় থাকি না কেন, ভগবান্কে ভুলে থাক্লেই সব অমঙ্গল। কৃষ্ণপাদপদ্ম আশ্রুয় কর্লেই সকল সুবিধা হয়। যদি হরিকে ছেড়ে দেওয়া যায়, তা' হলে ঘোর অন্ধকারে প্রবেশ ক'রে আত্মাকে কষ্ট দেওয়া হয়। মহাভাগ্যফলে মনুষ্যজন্ম লাভ হ'য়েছে। মনুষ্যজন্ম পেয়েছি— বোকামী কর্বার জন্য নয়— শয়তানী কর্বার জন্যও নয়। মনুষ্য জন্মের Normal condition (স্বাভাবিক অবস্থা)—
ভগবানের সেবা করা।

কৃষ্ণ তোমার হঙ' যদি বলে একবার। মায়াবন্ধ হৈতে কৃষ্ণ তা'রে করে পার॥ (চৈঃ চঃ)

প্রঃ— ভক্তিই প্রেয়ঃ— এই সুসিদ্ধান্ত কে আমাদিগকে বিশেষভাবে জানিয়েছেন ?

উঃ— জগতের মঙ্গলের জন্য ভগবান্ শ্রীগৌরাঙ্গদেব যাঁ দিগকে মহান্ত গুরুরূপে এজগতে প্রেরণ ক রেছেন, তা দেরই অন্যতম হ লেন জগদ্ধরু শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর। যে মহাপুরুষ বর্তমান জগৎকে গুদ্ধভক্তির কথা এবং গুরুধারা প্রচুররূপে জান্বার সুযোগ দিয়েছেন, সেই গৌরপ্রেষ্ঠ ঠাকুর শ্রীভক্তিবিনোদই আমাদের আশ্রয়স্থল। শ্রীমন্তক্তিবিনোদ ঠাকুরের ভক্তিতেই প্রেয়োবৃদ্ধি। ভক্তিই শ্রেয়ঃ— এই কথাটি পূর্ব্ব পূর্ব্ব আচার্য্যগণ ব'লেছেন ভক্তিই প্রেয়ঃ— এই কথা শ্রীরূপানুগবর শ্রীমন্তক্তিবিনোদ ঠাকুর জগৎকে বিশেষভাবে জানিয়েছেন। যাঁদের প্রেয়োবিচারে ভক্তি নাই, তাঁরাই শ্রেয়োহীন হরিবিমুখ অবৈষ্ণব মানবজাতির অন্যাভিলাষ, কর্মা ও জ্ঞানে, প্রেয়োবৃদ্ধি বা ইন্দ্রিয়তর্পণে বিনোদন: কিন্তু ভগবন্তক্তিতে যাঁর প্রেয়োবৃদ্ধি বা কৃষ্ণেন্দ্রিয়তর্পণে যাঁর একমাত্র বিনোদ, সেই শ্রীভক্তিবিনোদ ঠাকুর শ্রীগৌরাঙ্গদেবের প্রেষ্ঠ নিজজন ও অভিন্ন-বিগ্রহ

শ্রীভজিবিনোদ ঠাকুর অহৈতুকী ভজিকেই নিজ প্রেয়ঃ জেনে একমাত্র ভজিপথরূপ শ্রেয়ঃপথে বিচরণ কর্বার জন্য জগদ্বাসীকে উপদেশ দিয়েছেন। তোমার প্রেয়ঃপথ একটা, আমার প্রেয়ঃপথ আর একটা— এরূপ অভজিবিনোদ-চেষ্টা হ'তে শ্রীমন্তুজিবিনোদ ঠাকুর জীবকুলকে রক্ষা ক'রেছেন, শ্রীল ভজিবিনোদ আংশিক বস্তুর বিনোদ— অভজির বিনোদের কথা জগতে প্রচার করেন নাই। তোমার বিনোদন কার্য্য ভজি থাকে থাকুক, আমার বিনোদন-কার্য্যের বস্তুল— অভজি এরূপ বিচারে যারা ধাবিত, সেই সকল চিজ্জড়সমন্বয়বাদীর বিচারও ভজিবিনোদের বিচার নহে। অভজি ও ভজি কখনও এক নহে, কৃষ্ণের বিনোদ ও মায়ার বিনোদ— এক বস্তু নহে। ভজ্জির পূর্ণ বিনোদন ব্যতীত ভজিবিনোদের অন্য কোন বৃত্তিতে প্রীতি নাই।

জগজ্জাল দারা শুদ্ধভক্তির স্রোতঃ রুদ্ধ হ'য়ে গিয়েছিল ভক্তিতে একমাত্র প্রেয়োবৃদ্ধি যাঁর, সেই শ্রীমদ্বজিবিনোদ ঠাকুর শুদ্ধভক্তিপ্রবাহ পুনারায় জগতে প্রবাহিত ক'রেছেন। সেই ভক্তি- বিনোদ প্রভুর কথায় যাঁর একমাত্র আদর, তিনিই আমার শ্রীগুরুদেব আর যাঁরা আদর করেন, তাঁরাও আমার শুক্তবর্গ।

যিনি ভক্তিকেই একমাত্র প্রেয়ঃজ্ঞান করেন, আমরা একমাত্র সেই শ্রীগুরুপানপদ্মেরই আশ্রিত। সেই গৌরজন শ্রীভক্তিবিনোদ প্রভুকে যাঁরা এজগতের লোক মনে করেন, তাঁদের সহিত আমাদের কোন সম্বন্ধ নাই। সেই ভক্তিবিনোদ-বিরোধী দুর্ভাগার দুর্মুখ যেন কোন দিন আমাদের দর্শন না হয়।

প্রঃ— মঠে কি কৃষ্ণসংকীর্ত্তনান্নি সর্ব্বেষণ প্রজ্বলিত রাখ্তে হবে?
উঃ—নিশ্চয়ই।প্রত্যেক মঠে শ্রীকৃষ্ণসংকীর্ত্তনান্নি নিরন্তর প্রজ্বলিত থাক্বে
: তাহা যেন কখনও নির্ব্বাপিত না হয়, সেদিকে তীব্র দৃষ্টি রাখ্তে হবে।
মঠে কাম বা ইন্দ্রিয়তর্পণের কোন গন্ধ থাক্বে না, শ্রীরাধাগোবিন্দের
পরিপূর্ণ ইন্দ্রিয়তর্পণই সর্ব্বোপরি বিজয় লাভ কর্বে। সংকীর্ত্তনান্নির
চেতোদর্পণ-মার্জ্তনময়ী শিখা মঠে প্রজ্বলিত না থাক্লে পরস্পরের মধ্যে
মনোমালিন্য, ছিদ্রান্দেষণ, কপটতা, মৎসরতা, বিদ্বেষ প্রভৃতি অনর্থ এসে
আমাদের চিত্তকে কলুষিত ক'রে ফেল্বে, তৎফলে ভব-মহাদাবান্নি
উত্তরোত্তর বৃদ্ধি হ'তে থাক্বে।

কৃষ্ণসংকীর্ত্তনান্নি মঠে ও হাদয়ে অনুক্ষণ প্রজ্বলিত না থাক্লে ভবের মূলোৎপাটন ও তাহার চরম ফল প্রেমালাভ হ'বে না। এই কৃষ্ণসংকীর্ত্তনান্নি যাবতীয় অন্যাভিলাষ, কর্মা, জ্ঞান, যোগ, ব্রত, তপঃ প্রভৃতি সকলকে ভস্মসাৎ ক'রে সর্ব্বোপরি বিজয়লাভ কর্বে কুমেধাগণই অন্য সাধন ও সাধ্যের স্বীকার করেন কিন্তু সুমেধাগণ সংকীর্ত্তন-যজ্ঞে মহাপ্রভুর আরাধনা ক'রে থাকেন। শ্রীকৃষ্ণসংকীর্ত্তন হ'লেই সত্যযুগের মহাধ্যান, ত্রেতার মহাযজ্ঞ, দ্বাপরের মহার্চ্তন শ্রীরাধাগোবিন্দ-মিলিত-তনু শ্রীগৌরসুন্দরের সেবা হয় না, এজন্য মহার্চ্চন শ্রীকৃষ্ণসংকীর্ত্তন বিশেষ আবশ্যক। তাই মহাপ্রভু শিক্ষাষ্টকের প্রথমেই 'পরং বিজয়তে শ্রীকৃষ্ণসংকীর্ত্তনম্'— এই কথা ব'লেছেন।

প্রঃ— কিভাবে গৃহে থাকিতে হয় ?

উঃ— পরমহংসকুলের প্রকৃষ্ট সঙ্গ হইতেই গৃহান্ধকূপে পতিত হইবার যোগ্যতা বিনষ্ট হয়, আর সেই মুক্তকুলের সঙ্গ-ফলেই পারমার্থিক গৃহস্থ হইবার যোগ্যতা লাভ হয়। যাঁহারা অভিনুবিচারে ভক্তভাগবত ও গ্রন্থভাগবতের সঙ্গ ও আলোচনা না করেন, তাঁহারা কখনই গৃহে মঙ্গল লাভ করিতে পারেন না।

ভগবংশেবা করিবার জন্য গৃহে বাস করা ভাল, কারণ তাহাতে সূষ্ঠু হরিভজন হয়, গৃহব্রতধর্মে তাহা হয় না। কৃষ্ণসেবা করিব— এই সমঙ্গ করিয়া গৃহে প্রবেশ করাই শ্রেয়ঃ, ফল্পুবৈরাগ্য বা মর্কট-বৈরাগ্য অপেক্ষা তাহা অনেক গুণে শ্রেষ্ঠ। ফল্পুবৈরাগ্য আদৌ শ্রেয়ঃসাধক নহে। হরিভজনের অনুকৃল সংসার হইলে সেইরূপ গৃহাশ্রমই গ্রহণীয় আর যদি প্রতিকৃল সংসার হয়, তাহা হইলে সেইরূপ গৃহান্ধকৃপ পরিত্যাজ্য। ফল্পুবৈরাগ্যের কস্রৎ দেখাইবার জন্য যদি গৃহের প্রতি বিভূষ্ণা উপস্থিত হয়, তাহা হইলে সেরপ গৃহপরিত্যাগ শ্রেয়ঃ নহে। এরূপ অপক বৈরাগী দুই দিন পরে পতিত হইয়া যায়।

ভগবদ্ধকের সঙ্গফলেই গৃহব্রত-ধর্মা বিনষ্ট হয়। যাহারা কেবল বহির্জগতের নীতি অবলম্বন করিয়া গৃহে প্রবেশ করে, তাহারা গৃহব্রতধর্মেই অধিকতর নিবিষ্ট হয়। ভগবদ্ধকের সন্ম্যাসাশ্রম গ্রহণ যেরূপ প্রয়োজন, তদ্রপ ভগবদ্ভকের গৃহস্থাশ্রম-গ্রহণও প্রয়োজন। ভগবদ্ভকের গৃহ-প্রবেশই বাঞ্চনীয়, অভক্রের গৃহপ্রবেশ কর্ত্ব্য নহে। ভগবদ্ভক গৃহে প্রেশ করিলে জানিতে হইবে— তিনি মঠপ্রবেশই করিয়াছেন। কারণ পার্মার্থকের গৃহপ্রবেশ ও মঠপ্রবেশে কোন ভেদ নাই। কিন্তু গৃহব্রতের গৃহপ্রবেশ ও কৃষ্ণব্রতের গৃহপ্রবেশের মধ্যে আকাশপাতাল ভেদ বর্তমান।

অনুক্ষণ অনুকূল কৃষ্ণানুশীলন করিবার জন্যই গৃহ-প্রবেশ করিতে হইরে অসংসঙ্গ, প্রজন্ম হইতে পারমার্থিক গৃহস্থ সর্ব্বদা দূরে থাকিবেন। উৎসাহ, নিশ্চয়, ধৈয়া ও শ্বাবণ-কীর্ত্তনাদি ভক্ত্যুঙ্গ গৃহস্থ-ভক্ত সাদরে প্রজন করিবেন হরি-গুরু-বৈষ্ণবঙ্গেরা, শ্রীনামকীর্ত্তন, সাধুসঙ্গ, হরিকথা-শ্বণ গৃহস্থ-ভক্তের অবশ্য কর্ত্তব্য। কৃষ্ণসেবার জন্য অথিল প্রয়াস করিকেই মঙ্গল হইরে।

হ: — হৈছিত ভক্তগণ কখন হাঁদেন, কখন কাঁদেন কেন ?

উঃ— প্রেমিক ভক্তের ক্রিয়াকলাপ বুঝা বড় কঠিন। প্রেমই ভক্তকে উন্মন্ত করে, ভক্ত নিজে কিছু করেন না। কৃষ্ণানুরাগ হ'লে ভক্ত কখন হাঁসেন,কখন কাঁদেন। ভক্ত হাঁস্ছেন— দেখ্ছেন জগৎ কি কর্ছে অথবা তখন বিশ্বং পূর্ণ-সুখায়তে। তাই তিনি আনন্দে হাঁস্ছেন— সর্ব্বে কৃষ্ণময়দর্শন। আবার কখন কাঁদ্ছেন— জগতের লোক কত অশান্তিতে র'য়েছে। অন্য লোক কি বিবেচনা কর্ছে, তা' তাঁর গ্রাহ্যের বিষয় হচ্ছে না।

শ্রীমদ্ভাগবত (১১ ৷২ ৷৪০) ব'লেছেন— এবংব্রতঃ স্বপ্রিয়নামকীর্ত্ত্যা জাতানুরাগো দ্রুতচিত্ত উচ্চৈঃ। হসত্যথো রোদিতি রৌতি গায়ত্যুন্মাদবন্ত্বুত্যতি লোকবাহ্যঃ ॥

শ্রীমন্যহাপ্রত্ব বলিয়াছেন—
কিবা মন্ত্র দিলা, গোসাঞি, কিবা তার বল।
জিপিতে জপিতে মন্ত্র করিল পাগল।
হাসায়, নাচায়, মোরে করায় ক্রন্দন।
এত শুনি' গুরু মোরে বলিলা বচন।
কৃষ্ণনাম-মহামন্ত্রের এই ত' স্বভাব।
বেই জপে, তা'র কৃষ্ণে উপজয়ে ভাব।
কৃষ্ণনামের ফল— প্রেমা, সর্কাশান্ত্রে কয়।
ভাগ্যে সেই প্রেমা তোমায় করিল উদয়।
প্রেমার স্বভাবে করে চিত্ত-তনু-ক্ষোভ।
কৃষ্ণের চরণ-প্রাপ্ত্যে উপজয় লোভ।
প্রেমার স্বভাবে ভক্ত হাঁসে, কাঁদে, গায়।
উন্যত্ত হইয়া নাচে, ইতি-উতি ধায়। (চৈঃ চঃ)

প্রঃ— কলিযুগধর্ম কি ?
উঃ— হরিনামসংকীর্ত্রনই কলিযুগধর্ম। হরের্নাম হরের্নাম হরের্নাম বরের্নামেব কেবলম্। কলৌ নাজ্যেব নাজ্যেব নাজ্যেব গতিরন্যথা।

— বৃহদ্নারদীয়পুরাণের এই শ্লোকই তাহার প্রমাণ। শাস্ত্র আরও বলেন—

কলিযুগধর্ম—কৃষ্ণনাম-সংকীর্ত্তন।
নিরপরাধে নাম লৈলে পায় প্রেমধন॥
শ্রীমদ্ভাগবত (১২৩ ৫২) ব'লেছেন—
কৃতে যদ্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতো মথৈঃ।
দ্বাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ॥

শ্রীহরির কীর্ত্তন হ'লে সমস্ত কার্য্য সুষ্ঠুভাবে সাধিত হয়। সত্যযুগে ধ্যানের কথা বর্ণিত আছে। কলিকালে বিক্ষিপ্তমনে ধ্যানের কথা পালিত হ'তে পারে না। এজন্য কলিতে মহাধ্যানের কথা বর্ণিত হ'য়েছে। হরিনামকীর্ত্তনই সেই মহাধ্যান। কৃত্যুগে অর্থাৎ সত্যযুগে স্ক্লধ্যানের কথা প্রচলিত ছিল। কিন্তু তা'তে ঔদার্য্যবিগ্রহ শ্রীগৌরসুন্দরের দর্শন হ'ত না। এজন্য কলিকালে মহাধ্যান। ধ্যানে দোষ প্রবেশ ক'রেছিল ব'লে ত্রেতায় যজ্ঞ প্রবর্ত্তিত হ'য়েছিল। এজন্য কলিকালে মহাযজ্ঞ সংকীর্ত্তনের বিধি। যজ্ঞে দোষ আরোপিত হওয়ায় দ্বাপরে অর্চ্তন-বিধি প্রবর্ত্তিত হলো। কলিতে মহার্চ্তন বিধি। শ্রীনামসংকীর্ত্তনই সেই মহার্চ্তন।

সমস্ত চিকিৎসায় হতাশ হ'য়ে অন্তিমকালে যেমন অত্যন্ত মুমূর্ষ্ রোগীকে বিষবড়ি খাইতে দেয়— তাতে খুব শক্তি আছে ব'লে, সেরপ কলিকালে জীবের চরম দুর্দ্দশা দেখে শ্রীনামকীর্ত্তনের ব্যবস্থা হ'য়েছে।শ্রীনামে সর্ক্বশক্তি সমর্পিত হ'য়েছে—শ্রীনামে সকল শক্তি পূর্ণমাত্রায় আছে।

হরিনাম-কীর্ত্তনই মহাধ্যান, মহাযজ্ঞ, মহার্চ্চন। কৃষ্ণের ধ্যান, যজ্ঞ, অর্চ্চন সাধারণ মাত্র। কৃষ্ণকীর্ত্তনরূপ মহাধ্যানে, মহাযজ্ঞ, মহার্চ্চনে তত্তদ্ বিষয়ের পরিপূর্ণতা। শ্রীনামভজনই মহার্চ্চন, মহাযজ্ঞ, মহাধ্যান। এই মহাধ্যানে অন্যমনস্ক হওয়া উচিত নয়। সুমেধাণণ এই মহাধ্যান, মহাযজ্ঞ ও মহার্চ্চনরূপ হরিনামসংকীর্ত্তন করেন, আর কুমেধাণণ অন্যান্য

পথ স্বীকার করেন ; তা'তে তাঁ'দের মঙ্গল হয় না। তাই শ্রীমদ্ভাগবত ব'লেছেন—

> কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গান্ত্রপার্ষদম্। যজ্ঞৈঃ সংকীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ॥ সংকীর্ত্তনযজ্ঞে কলৌ কৃষ্ণ-আরাধন। সেই ত' সুমেধা, পায় কৃষ্ণের চরণ॥ (চৈঃ চঃ)

প্রঃ— ভক্তের বিচার কিরূপ হয় ?
উঃ— মুক্ত ব্যক্তি মুক্তি কামনা করেন না। ভক্তগণ মুক্ত। তাই তাঁদের
ধর্মার্থকামমোক্ষবাঞ্ছা থাকে না।

ভক্তিই সুখ, অন্যগুলি সুখের অভাব। এজন্য ভক্তই সুখী, আর বাদবাকী সকলেই দুঃখী বা অশান্ত। ভক্তি না থাকায় কি কর্মী, কি জ্ঞানী, কি যোগী, কি ভোগী, কি ত্যাগী কাহারও শান্তি নাই। 'আমার সুখ হোক্, বাদবাকী লোকের অসুবিধা হোক্'—এরই নাম অন্যাভিলাষ, কর্মজ্ঞানাদির পথ। আর কা'কেও বঞ্চিত না ক'রে সকলে মিলে হরিকীর্ত্তন করি, ২৪ ঘণ্টা হরিকীর্ত্তন করি— এরপ বিচার কেবলা-ভক্তি-পথের পথিকের। কেবলাভক্তির পথে অন্য কোন অবান্তর সাধনের সাহায্য বা মিশ্রণ স্বীকৃত হয় না, কারণ কীর্ত্তনই একমাত্র নিরপেক্ষ অব্যর্থ অস্ত্র।

প্রথমে কাণ দিয়ে শুন্তে হয়, পরে সকল ইন্দ্রিয়ের অনুকূলক্রিয়া উপস্থিত হয়। তখন ভগবানের রূপ, গুণ, পরিকর-বৈশিষ্ট্য, লীলা দর্শন হয়। ভক্তগণ এই বিচার গ্রহণ করিয়াই ক্রমপন্থায় উনুত হন।

প্রঃ— ভগবানের জন্মলীলা কিরূপ ?

উঃ— শ্রীশচী-জগন্নাথের নিত্যসিদ্ধত্ব-হেতু তাঁহাদের হৃদয় ও দেহ শুদ্ধসন্ত্রময়— কখনই সাধারণ প্রাকৃত জীবের ন্যায় নহে। বিশুদ্ধসন্ত্বের নাম বসুদেব, বসুদেবেই চিদ্বিলাসী বাসুদেব প্রকটিত হন।

জড়েন্দ্রিয়তর্পণময় প্রাকৃত-রক্তমাংসময়-দে২ স্ত্রী-পুরুষের কামক্রীয়া

ও গর্ভের ন্যায় শ্রীজগন্নাথ ও শ্রীশচীদেবীর মিলন এবং শ্রীশচীদেবীর গর্ভসঞ্চার হয় নাই। সূত্রাং মনে মনে এরূপ চিন্তা করাও অপরাধ। ভগব্ং-সেবোনুখ চিত্তে বিচার করিলে শুদ্ধসন্ত্রময়ী শ্রীশচীদেবীর অপ্রাকৃত গর্ভমাহাত্ম্য হদয়ঙ্গম হইবে।

ভাঃ ৯ ।২ ।১৬শ্লোকের টীকায় শ্রীধরস্বামিপাদ বলিয়াছেন— মন আবিবেশ মনসি আবির্বভূব, জীবানামিব ন ধাতুসম্বন্ধ ইত্যর্থঃ।

এ সম্বন্ধে শ্রীরূপ গোস্থামী প্রভু লঘুভাগবতামৃত-গ্রন্থে বিলিয়াছেন— কৃষ্ণ প্রথমে বসুদেবের হৃদয়ে প্রকট হন। তৎপরে বসুদেবের হৃদয় হইতে দেবকীর হৃদয়ে প্রকট হন।

শ্রীচৈতন্যচরিতামৃত আদি ১৩ পরিচ্ছেদে আমরা পাই—
জগন্নাথ মিশ্র কহে— স্বপ্নে যে দেখিল।
জোতির্মায় ধাম মোর হৃদয়ে পশিল।
আমার হৃদয় হৈতে গেলা তোমার হৃদয়ে।
হেন বৃঝি জন্মিবেন কোন মহাশয়ে।

প্রঃ—শ্রীরাধারাণীকে আমরা এখন কোথায় পাব ?
উঃ—শ্রীরাধারাণী এখন যে নাই, তা নয়। এখনই আমরা তাঁকে পেতে
পারি, তাঁ'র সেবা লাভ কর্তে পারি আমরা যদি শ্রীগুরুপাদপদ্দে
শ্রীরাধারাণীর পদনখশোভা দর্শন করি, তা' হ'লে শ্রীরাধারাণীকে কোথায়
পাব, এরূপ বিচার আর থাকে না ভাগ্য ভাল হ'লে শ্রীরাধার নিজজন,
শ্রীরাধার অভিনুমূর্তি শ্রীগুরুপাদপদ্দে শ্রীরাধারাণীর পদনখশোভা দর্শন ও
তাঁ'র সেবালাভের সৌভাগ্য হয়।

মধুররসে শ্রীগুরুপাদপন শ্রীরাধারাণীর প্রিয় সখী বা অভিন্ন-শ্রীবার্ষভানবী। মধুররসাশ্রিত গুরুনিষ্ঠ ভক্তগণেরই শ্রীগুরুপাদপদ্মে শ্রীরাধাপদনখশোভা দর্শন হয় শ্রীগুরুপাদপদ্ম যে শ্রীরাধার প্রকাশমূর্ত্তি বা অভিন্ন-শ্রীবার্ষভানবী তাহা একমাত্র গুরুর সিগ্ধশিষাগণই অনুভব করতে পারেন

প্রঃ— কোন ঘটনা ঘটলে সেটাকে কিন্তারে দেখতে হ'বে ?

উঃ— সেদিক্ থেকে— কৃদ্ধের দিক্ থেকে দেখ, সব ঠিক আছে আর

এদিক্ থেকে দেখলে— নিজের বা অপরের কর্ত্ত্র দিক্ থেকে দেখলে

দেখ্বে— সব উল্টো-পাল্টা।

সেদিক্ থেকে দেখা জিনিষটা অবরে ইপন্থায়— শ্রীতপন্থায় বা

Deductive process- এ দেখা। ইহাই সূষ্ঠ্ব দর্শন বা ঠিক দেখা।
আর এদিক্ থেকে দেখা মানে আরোহপন্থায় বা Inductive processএ দেখা— মেপে নেওয়ার বুদ্ধিতে দেখা— ভগবানের কর্তৃত্ব না দেখে
নিজের কর্তৃত্বের অহন্ধারে দেখা। ইহার ফল— দুঃখ।

প্রঃ বর্ত্তমান জীবের অবস্থা কিরূপ ?

উঃ— আমরা কেবল এই জন্যের মাত্র ক-একটি দিনের জনা দেহ লইয়া ব্যস্ত। কিন্তু জীবনটার পরে কি আছে, আমাদের জীবনের কি কৃত্য. তদ্বিষয়ে আমরা একটুও চিন্তা করি না সাধারণ মনুষ্যজাতির জড় চিন্ত স্থাত যত প্রকার ধর্মের আলোচনা করে, তাহা প্রকৃতপ্রস্তাবে সবই ছলধর্মা।

শান্ত বলেন-

পৃথিবীতে যত কথা ধর্ম্ম নামে চলে। ভাগবত কহে, সব পরিপূর্ণ ছলে॥

আমরা অগ্রসর হইতেছি কিংবা পশ্চাতে পর্না যাইতেছি, তা'র একটা তুলনামূলক বিচার হওয়া প্রয়োজন মানাধর্মী সকলেরই গতি সত্যের বিপরীত দিকে শ্রীচেতনাদের বাস্তব সত্যের পথে অগ্রসর হইবার কথাই শিক্ষা দিয়াছেন কিন্তু যাহারা দম্ভারে বলিতেছেন— তাঁহারা নিজেরাই ব্রহ্ম হইয়া যাইবেন, তাঁহাদিগদে দেই ভ্রান্তির পথ হইতে উদ্ধার করা একান্ত প্রয়োজন মানুধ মতিবার প্রের্গ দু'টো ভাল কথা জানিয়া রাখুক ভারতের সহস্র সহস্র মতবাদের মীমাংসা হইয়া যাইতে পারে— যদি শ্রীটেতন্যদেবের ভক্তগণের সঙ্গলাভের সৌভাগ্য মানুহের হয়।

অদূরদর্শী লোক আরসুলার নাদিযুক্ত খাল্য খাইয়াই দিন কাটাইতেছে। তাহারা মনে করিতেছে— উহা ছালু আর কোন বস্তু নাই। কেহ কেহ বলিতেছে— জগতে থাকার প্রয়োজন নাই, সন্তাটা লোপ করিয়া দিলেই শান্তি। যেমন শাক্যাসিংহের বিচার (অচিৎ-মাত্রবাদ) চিন্মাত্রের কথা শঙ্করাচার্য্য বলয়াছেন— কেবল তেতন ছাড়া আর যা কিছু সব মিথ্যা। আবার কেবল-অচেতন-বাদীর দল Altruistic idea লইয়াই ঘুরিয়া বেড়াইতেছেন। তাঁহারা জাগতিক জ্বানসংগ্রহে ব্যক্ত কিন্তু চিন্তাস্রোতটা চেতনেরই হওয়া প্রয়োজন।

একটা বিরুদ্ধ শক্তি মানুষকে deluce (কেনা) করিতেছে ভগবানের কথা আলোচনা করিলে আর উহার ভোগায় পড়িতে হইবে না। বিশ্বকে ভগবৎ-সেবক দেখিলে আর কোন নুগ্য থাকিবে না কৃষ্ণানুশীলনের অভাবেই অসুবিধা খ্যুতেত্ব

শ্রীকৃষ্ণ গীতায় যাহা বলিয়াছেন, মহাপ্রত্র এর রামার সেই বিষয়তী বলিয়া দিয়াছেন—

> জীবের স্বরূপ হয় ক্রেন্ট নির্মাণত কৃষ্ণের তউস্থা-শক্তি, ভেনারেল-প্রকাশ এ কৃষ্ণ ভূ'লি সেই জীব বর্লাস-শক্তির অতএব মায়া তা'রে নেয় সংসার-দুঃখ :

ভগবান্ বলিতেছেন—হে জীব, তুমি ললতি করিছে। অন্তর্মুখ ধর্মাও তোমাতে ছিল, তুমি আমাকে সেবা করিতে পর্লিতে, কিন্তু তাহা না করিয়া আমার নিকট থেকে সেবা চহিতেছ Absclute ভগবান্ হইতে উদ্ভূত হইয়াও স্বতন্ত্রভাবে ভোগ করিতে গিয়া 'মাপিয়া লওয়া' ধর্মা পাইয়াছ। তুমি নিজে নিজে প্রভূ সাতিতে চাহিছে। কিন্তু তানিও তুমি সেবক। ভগবং-সেবক আমরা যদি ভগবানের সেবা না করিয়া তাঁহার নিকট হইতে সেবা চাই, তাহাতে আমাদের কোনদিনই মঙ্গল হইবে না।

হরি সকলের প্রভু, আর বাদবাকী সকলেই তাঁহার সেবক। হরিকথা শ্রবণ করা তাঁহার সেবা। যে সকল কথা জগতের ব্যবহারের জন্য, তাহার নাম হরিকথা নহে। হরিকীর্ত্তনকারী হইলেন গুরু, আর শ্রবণকারী হলেন শিষ্য। শ্রবণকারী Submissive হইবেন। যাহারা শুনিতে দ্বিধা বোধ করে, তাহাদের নিকট হরিকথা কীর্ত্তন করিলে তাহাদের কিছু মঙ্গল হইবে না। শুনিতে আগ্রহ থাকা দরকার। শ্রবণকারী inquisitive হওয়া প্রয়োজন। বৃথা সময় নয় করার প্রয়োজন হইলে অন্য চিন্তান্ত্রোত আসিবে। আমরা যদি সৌভাগ্যবান্ হই, তবেই শুরু হরিকথা অনুসন্ধান করিব। তাহা হইলেই আমরা petter way pass করিব।

যেদিন ভগবং কথা আলোচনার সুযোগ না হয়, সেই দিনই দুর্দ্দিন,মেঘাচহন্ন দিন দুর্দ্দিন নহে—

শাস্ত্র বলেন---

ভিন্নিং বুর্দিনং মন্যে, মেঘাছেনং ন দুর্দিনম্।

ত শপ-কথা-পীযূষবর্জিতম্॥

প্রভাৱত কি কারে পাব ?

ত্ত নার আছে — এই শৃতি যদি না জাগে, তবে আ দু দি দা জাগে, তবি ক্ষাকেশ। ইন্দ্রিয় দারা তাঁরই সেবা কর্তে হ'লে কর্ত্বিয় হালিয় বা চিদ্-ইন্দ্রিয়-দারা তাঁর সেবা হয়। শূত্রিক সিলাকলম্বরূপ পাওয়া যায়। আত্মার দারাই পরমান্ত্রিয় কর্ত্বিয় হালা ক্ষাক্রিয়েল সমূহ হালা ক্ষাক্রিকশের সেবা হ'য়ে থাকে। অধােক্ষজনসেবাহীন মানর পত্তুলা সর্বেদাই সাধুর সঙ্গ কর্তে হ'বে। ভগবদ্ধক্ত লাম্বিত্বিয় সমূহ হালা ক্ষাক্রিয় সঙ্গ কর্তে হ'বে। ভগবদ্ধক

সুখ দিবার প্রবৃত্তি জাগরে সাধুসাগকলেই বাস্তব দেহের সন্ধান পাওয়া যাবে। তখন আর দেহাভাবুদ্ধি বা প্রাকৃত অভিযান থাক্বে না— সর্বনাশকর স্বসুখবাহা চিরভারে বিদ্রিত হ'বে।

ভক্ত ভোগাও (বুজুগুনানান, তাগীও (মুমুক্ষু) নান ভক্ত সতত ভগ্যবং-সেবারত— ভগ্যানের সুখবিধানে তংগর ভোগীর দুশ্চেষ্টা— ভগ্যান্কে ব্ভিত কানে আমি ভেগ কর্বো আর আমি ভগ্যান্ হ'ষে ভগ্যান্কে চকাব— হহাহ লোটা মায়াবাদীর চেটা ভ্রেজর এসব দুস্প্রত্ নাই। তারা সেব-প্রভাবে ধ-দ্বর্গে প্রতিষ্ঠিত— সেবক-অভিমানে প্রমত।

আমি ভগ্রৎসেরক— ইহ'ই জাঁবের দ্রূপ। ভগবৎ-সেবকের সঙ্গে ভগবৎসেবা কর্তে কল্তেই এই স্কুপ জাগরিত হয়। তখন আর বিরূপের চেষ্টা দৃষ্ট হয় না।

প্রঃ— ভগ্রং-দেব বিহান মানবকে প্রভুল্য বলা হয় কেন ?
উঃ— ভগ্রং-দেবাই জানের কর্ত্র্য়— এ-জ্ঞান প্রুর নাই। প্রুরা কেবল
নিজের ইন্দ্রিয়ভর্পণটি ও স্কল্ডির ইন্দ্রিয়ভর্পণটি বুঝে। নিজ ইন্দ্রিয়তর্পণ
ব্যক্তিত তা'ল আর কিছু লাভে না মানুষ্ভ যদি কেবল নিজ ইন্দ্রিয়তর্পণ
বা স্বসুখ নিয়েই থাকে, ভগ্নাং লেবার বিচার—— ভগ্রান্কে সুখ দিবার
প্রবৃত্তি যদি তা'দের লা আকে, ভারা রিদ্ প্রুর ন্যায় কেবল আহার-বিহার
নিয়েই ব্যক্ত থাকে, ভারে ভালিগাতে প্রভুল্য বা নরপ্রভ ছাড়া আর কি
বলা যাবে ?

কৃষ্ণস্থানামন বা কৃষ্ণভাষিই ধর্ম এই ভক্তি যাঁর **আছে, তিনিই** প্রকৃত মানবপদেশা, বাহলৈ শ্রীলাঃ প্রভিত্তি সমানাঃ স্বসুথকামনাই প্রত্ব বা কামুকত্ব। আর কৃষ্ণপুষকামনাই প্রকৃত মনুষ্যত্ব

প্রঃ— ধর্মার কি মার্কের সৃষ্ট বস্তু ?

উঃ— কখনই না ই সভাবত ব'ড়েলহ্ন— -

सम्बन्धः भाष्कः द्वार - १,००० १ व देव दिवृद्धाः गुण सम्भ एकवा १

ন সিদ্ধমুখ্যা অসুরা মনুষ্যাঃ কুতো নু বিদ্যাধর-চারণাদ্মঃ ॥ (ভাঃ ৬।৩।৯৯)

ধর্ম সাক্ষাৎ ভগবৎপ্রণীত। ভৃগু প্রভৃতি সত্ত্বগপ্রধান ঋষিগণও ইহা জানেন না, দেবতাগণও জানেন না, সিদ্ধগণ, অসুরগণ, মানুষগণ কেহই জানেন না; বিদ্যাধর ও চারণদিগের কথা আর কি বলিব ?

ভাগবতধর্ম বা পরমধর্ম মানুষের সৃষ্ট নহে বা মানুষসৃষ্টির পরে
তাহা সৃষ্ট হয় নাই। তাহা নিত্যকাল আছে ও থাকিবে। তাহা অপরিবর্তনীয়
ও অথগুনীয়। অধ্যক্ষজ শ্রীহরিতে ভক্তিই সেই ধর্ম। এতদ্ব্যতীত অন্যান্য
মনঃকল্পিত যে-সকল ধর্ম জগতে প্রচারিত হইয়াছে, হইতেছে ও হইবে,
সেগুলি মানুষেরই কল্পিত অনিত্যধর্ম বা পরমধর্মের বিরোধী ধর্ম।
এজন্য ভাগবদধর্মা, পরমধর্মা বা আত্মধর্মের সহিত দেহধর্মের ও
মনোধর্মের একাকার হইতে পারে না। তাই ভগবান কৃষ্ণচন্দ্র গীতায়
অন্যান্য যাবতীয় ধর্মা পরিত্যাগ পূর্মেক ভগবদ্-আশ্রয়রপ নিত্যধর্ম গ্রহণের
উপদেশ দিয়াছেন—

সক্রিম্মান্ পরিত্যজ্য **মামেকং শরণং ব্রজ**। বন্ধ ভূখ সক্রিপাপেড্যো মোক্ষয়িয্যামি মা ওচঃ ॥

ভাগবভধর্ম আত্রার নিত্যা বৃত্তি। আত্রা মানবসৃষ্টির পূর্কেও বিরাজিত। সেই নিত্য আত্রার বৃত্তি ভক্তিধর্মাও নিত্য। এই আত্রধর্ম প্রকট করার জন্য যে যতু, তাহাই সাধন।

পশুস্থভাব মানুষকে মানুষ নামে যোগ্য করা সাধারণ নৈতিক ধর্মের কার্য্য, কিন্তু ভাগবতধর্ম্ম ইহার অনেক উর্দ্ধে; জীবকে পরাৎপর ভগবানের সেবায় সম্পূর্ণ যোগ্যভা দানের জন্যই ভাগবতধর্ম্মের নিত্য প্রয়োজন। এককথায় ভাগবতধর্ম্মে মানুষ বা প্রাণীর সুবিধাবাদ নাই, তাহাতে আছে অধ্যক্ষজ ভগবানের ষোলআনা নিত্য সুখান্ষেষণ। তাহাই প্রকৃত সুখ বা অফুরন্ত সুখ-লাভের একমাত্র উপায়।

Vox populi is not vox. Dei but vox Dei should be vox

populi. অর্থাৎ গণমত প্রমেশ্রের বাণী নহে, কিন্তু প্রমেশ্রের বাণী সজ্জনমত হওয়া উচিত, ইহাই মহাজনোপদেশ। কিন্তু চিজ্জড়সমন্বয়বাদিগণ ঠিক ইহার বিপরীত কথা বলিতেছেন— 'যত মত তত পথ' গণমত হইবে কি না ঈশ্বর-প্রাপ্তির পথ বা প্রমেশ্বরের মত! কি আশ্বর্য! যেখানে গণমত-প্রিয়তাই ধর্ম্ম, সেখানে প্রমেশ্বরে প্রীতি নির্বাসিত, আর যেখানে জগতের লোকের সমর্থন বাস্তবসত্য-নিদ্ধারণের ক্টিপাথর, সেখানেও অকৃত্রিম সত্য অস্তমিত।

প্রঃ — ভগবৎসেবাই কি প্রকৃত স্বাধীনতা ?

উঃ— হাঁ। আমরা এত মায়াধীন ও পরাধীন যে, নিজেকেই নিজে রক্ষা করিতে পারি না। এজন্য শ্রীমদ্ভাগবত পার্থিব ক্ষমতাকে বিশ্বাসঘাতিনী জানিয়া একমাত্র অনুক্ষণ ভগবদনুশীলনের জন্য আমাদিগকে উপদেশ দিয়াছেন। আমরা সর্ব্রদাই মৃত্যুর কবলে কবলিত হইয়া রহিয়াছি। সুতরাং মায়ার রাজ্যে আমাদের স্বাধীনতা কোথায় ? একমাত্র হরিসেবায় নিযুক্ত হইলেই আমরা আত্রার স্বাস্থ্য ও নিত্য স্বাধীনতায় প্রতিষ্ঠিত হইতে পারিব।

প্রঃ—শরণাগতের বিচার কিরূপ ?

উঃ— একান্তিক ভক্ত ভগবানের যাবতীয় বিধান অবনত মস্তকে স্বীকার করেন। ভগবানের ব্যবস্থায় চঞ্চলতা প্রকাশ করিলে তাঁহাতে শ্রদ্ধার অভাব ও অন্যাভিলাষ প্রমাণিত হয়।

ভগবৎকৃপা আপাতদৃষ্টিতে দণ্ড বা নিষ্ঠুরতা বলিয়া প্রতীয়মান হউক কিংবা সম্পদ্যুক্তই হউক, ভক্ত তৎপ্রতি দৃষ্টি না করিয়া ঐকান্তি কভাবে ভগবানেই শরণাপন থাকেন জাগতিক কোন প্রকার অসুবিধা তাঁহাকে শরণাগতি হইতে— কৃষ্ণকে গোপ্তত্ত্বে বরণ হইতে বিন্দুমাত্রও চ্যুত্ত্ করিতে পারে না।

ভগবান্ সর্ব্বদ্রষ্টা ; কিন্তু বদ্ধজীবের দর্শন নানা প্রকার বাধাযুক্ত। কাজেই ভগবানের বিধানে অসম্ভোধ বা চঞ্চলতা প্রকাশ কলিক নি অমঙ্গলই বরণ করা হয়। শরণাগত ব্যক্তির ভগবানের বিধানে সম্ভষ্ট হইয়া অনুক্ষণ হরিসেবা ব্যতীত অন্য কোন বিচার নাই।

প্রঃ— কোন্ বিষয়ে যত্নপর হ'তে হ'বে ?

উঃ— আত্মার নিত্যা বৃত্তি জাগ্রত করিয়া ভগবানের সেবালাভের জন্য যত্ন করিতে হইবে। ব্রজেন্দ্রনন্দনের সেবা-লাভের জন্যই সতত যত্নপর হইতে হইবে। কৃষ্ণ যাঁকে কৃপা করেন, সেই ব্যক্তির ভগবান্ ব্যতীত আর কোনও সম্পত্তি বা আশ্রয় থাকে না। জন্ম, ঐশ্বর্য্য, শ্রুত (পাণ্ডিত্য) ও শ্রীর গর্কের্ব গর্বিত হইলে তাহার কৃপা পাওয়া যাইবে না, তখন সংসারেই অবস্থান হইবে।

শ্রেয়ঃপত্মায় চালিত হইলে প্রেয়ঃপত্মা ভাল লাগে না। এজন্য বুদ্ধিমান্ ব্যক্তি শ্রেয়ঃপত্মা গ্রহণ পূর্বেক মৃত্যুকাল পর্যান্ত সংসঙ্গে ভগবানের ভজন করিয়া থাকেন।

জগতের সকল জিনিষই ভগবানের। তাহাতে লোভ করিলেই অসুবিধায় পড়িতে হইবে যাহারা ভগবানের কথা শ্রবণে বিমুখ, তাহারাই সংসারে আসক্ত বা আবদ্ধ থাকে। তাহারা মনোরথে বিচরণ করিয়া দুর্দৈবের মধ্যে পড়িয়া থাকে।

আমি বৈষ্ণব হ'য়ে গেছি— এরপ দুর্বৃদ্ধি ছেড়ে দিয়ে দীন হ'য়ে কৃপা প্রার্থনা কর্তে কর্তে সেবালাভের জন্য যত্ন কর্তে হ'বে। গুরু-বৈষ্ণব-ভগবানের কৃপা হ'লেই ভগবানের সেবা পাব। তখন আর অহন্ধার থাক্বে না।

মানবগণ কাম-ক্রোধের বশবর্তী হ'য়ে দান্তিক হয়। দান্তিক হ'লে গুরু-বৈষ্ণবের পাদপদ্ম-আশ্রয় আর প্রয়োজনীয় ব'লে মনে হয় না। তা'তে বদ্ধদশার ফাঁসি আরও দৃঢ়বদ্ধ হয়।

সর্বাক্ষণ সাধুসঙ্গে থাক্তে হ'বে। সৎসঙ্গ ব্যতীত আমরা বাঁচ্তে পার্বো না। সৎসঙ্গ থেকে তফাৎ হ'য়ে নির্জনে মানসিক চিন্তাশ্রোত নিয়ে থাক্লে প্রভু হ'বার দুর্ব্দ্ধি প্রবল হ'বে। তখন সাবধান না হ'লে— সাধু-গুরুর আজ্ঞানুবর্ত্তী না থাক্লে বিপদে পড়ে যেতে হ'বে। নিরাশ্রয় হ'লেই মায়া তা'কে ধর্বে— নিজের নফর ক'রে সংসারে ঘুরাবে।

श्रः - एक्कृ भा ७ कृष्ठकृ भा कि धक ?

উঃ— গুরুকৃপা ও কৃষ্ণকৃপা পৃথক্ নহে। গুরুদেব কৃষ্ণভজন ব্যতীত অন্য কিছু করেন না। আর কৃষ্ণও তার প্রেষ্টজনের সেবা ব্যতীত আর কারো সেবা অঙ্গীকার করেন না। গুরু ও কৃষ্ণ উভয়েই পরস্পর প্রেমাসক্ত, উভয়েই এক-আত্মা, উভয়েই পরস্পর প্রাণাপেক্ষা প্রিয়। শ্রীগুরুদেব কৃষ্ণভক্তিমান্ আর কৃষ্ণ ভক্তভক্তিমান্।

সকলের সকল সেবা গুরুদেব কর্তৃকই কৃষ্ণের চরণে নিবেদিত হয়। যাঁহাকে নিত্যকাল সেবা করিতে হইবে, সেই গুরুদেব ব্রক্ষাণ্ডবাসী জীববিশেষ ন'ন, তিনি পতিত জীবের উদ্ধারকল্পে কৃষ্ণেচ্ছায় প্রপঞ্চে অবতরণ করিয়া ভাগ্যবান্ জীবকে ভগবংসেবা শিক্ষা দেন। কৃষ্ণের প্রসাদ তাঁহার দ্বারাই আমাদের নিকট উপস্থিত হয়।

প্রঃ—অসুবিধা আসিলে ভক্ত কি করেন ?

উঃ— ভগবান্ অসুবিধার মধ্যে ফেলিয়া আমানিগকে পরীক্ষা করেন।
যিনি প্রকৃত ভগবৎসেবক, তিনি কোন অবস্থাতেই বিচলিত না হইয়া
সর্ব্বাবস্থাতেই কায়মনোবাক্যে ভগবানের সেবা করেন। প্রাকৃত ভোগ
তাঁহাকে স্পর্শ করিতে পারে না। তিনি সতত সেবাতেই অবস্থিত থাকেন।
তিনি জানেন— সেবাই আমার জীবন, সেবাই আমার সন্তা, সেবাই
আমার কার্য্য, এতদ্ব্যতীত যা কিছু সবই মৃত্যু বা সংসার।

थः — कारात्क दिक्क व कता याय कि ?

উঃ— বৈষ্ণব হওয়া বা করা যায় না। বিশ্বের সকলেই স্বরূপতঃ বৈষ্ণব অর্থাৎ বিষ্ণুর সেবক— এই স্বরূপটি সাধুসঙ্গে উপলব্ধি কর্তে হয়।

প্রঃ—কখন ব্রজে যাওয়া হ'বে ?

উঃ— যখন গুরুপাদপদ্মকে গদাধর পণ্ডিতের অভিনু ব'লে জ্বন হ'ে.

তখনই ব্রজে যাওয়ার রাস্তা হ'লো। আর যখন মনে হ'লো তিনি তা' ন'ন, তখনই মুক্ষিল।

বৃদ্ধিমানের কার্য্য হচ্ছে— মহাজনের অনুগমন ও অনুসরণ। আর নিজেরা মেপে নেবো— এ বিচারটা হচ্ছে বিশ্বদর্শনের বিচার— ভোগের বিচার। এতে সংসার লাভ হ'বে, ব্রজে যাওয়়া হবে না। ভোগবৃদ্ধিতে বিশ্ব-দর্শনটা অসুবিধার কথা। আমরা বিশ্বের উপর প্রভুত্ত্ব কর্বো— এইভাবে অনুপ্রাণিত হয়ে যে বিশ্বদর্শন, তাহা আমাদের বন্ধনের কারণ। বিশ্বআমাদের ইন্দ্রিয়তৃপ্তি করুক— এই বিচার হ'তেই সংসারের উৎপত্তি।

প্রঃ কর্মী লোকের চিত্তবৃত্তি কিরূপ ?

উঃ— একটা লোক জলে ড্বে যাচ্ছে, Altruistic (পরার্থী) কর্মীর চিন্তান্রোত হচ্ছে— সেই drowning man- এর (জলমগু ব্যক্তির) জুতা ও জামাকে বাঁচান। পশ্চান্ত্যদেশীয় ধর্মেও মানুষের খোসার উপকার করাটাই বড় কথা। মানুষের উপকার করা মানে অনেকেই বুঝেন মানুষের থোসার উপকার করা। জীবাত্মার উপর যে দেহ ও মনরূপ স্থুল সূক্ষ দুইটি আবরণ আছে, মানবজাতি সেই দুটো আবরণ বা খোসার ক্ষণস্থায়ী ও বিশ্বস্থাতক উপকারকেই উপকার মনে ক'রে থাকেন। এজন্য আমাদের একজন জার্মাণ ভক্ত ব'লেছেন— মানুষটা ডুবে যায় যাক্, মানুষের আত্মবৃত্তি অধঃপতিত হয় হোক্, মানুষের দেহ ও মনের জোগের যোগানদারী ক'রে তা'র জুতো ও জামাটা বাঁচানকেই জগতের তথাকথিত পরার্থী কর্ম্মিসম্প্রদায় মানুষের উপকার ব'লে মনে কর্ছেন। কি দুঃখ!

প্রঃ— মহাপ্রভুর সঙ্গী ও ভক্ত কি এক কথা ?

উঃ— না। সঙ্গী অর্থাৎ সমাগ্রূপে গমন করেন যিনি. তাঁকেই সঙ্গী বলে। যাঁরা অনুক্ষণ সঙ্গ করেন না, তাঁহাদিগকে সঙ্গী বলা যায় না, তাঁরা মহাপ্রভুর ভক্ত হতে পারেন। সঙ্গী অর্থে পার্ষদ আবার শ্রীনরোত্তম ঠাকুর মহাপ্রভুর প্রকটকালে আবির্ভূত না হলেও তিনি মহাপ্রভুর সঙ্গী। কারণ তিনি মহাপ্রভুর মনোহভীষ্ট পূর্ণ কর্বার জন্য জগতে অব টার্ণ হ'যেছিলেন তিনি নিত্যকাল মহাপ্রভুর সেবায় মন্ত—মহাপ্রভুর হৃদ্গতভাবে বিভাবিত। তিনি বিশ্রস্তু-ভাবের পরিপোষ্টা। সুতরাং ঠাকুর মহাশয় নিত্যসিদ্ধ।

প্রঃ — সাধনক্রিয়া ও সাধনভক্তি কি এক ?

উঃ— না। সাধনক্রিয়া কিছু আত্মার উপর হয় না সাধনক্রিয়া চিদাভাস মনের ভূমিকায়ই হইয়া থাকে। কালাধীন হরিবৈমুখ্য-নাশীনি সাধনক্রিয়া ও নিত্যা সাধনভক্তিতে (শুদ্ধভক্তিতে) প্রকারভেদ আছে। যে সকল ভক্ত্যুঙ্গ যাজনম্বারা অনর্থনিবৃত্তি কর্বার চেষ্টা করা হয়, তাহাই সাধনক্রিয়া। অনর্থেপিগমে সেবাবৃত্তি, শুদ্ধভক্তি বা সাধনভক্তি স্বতঃই প্রকাশিত হয়।

সাধনক্রিয়া আত্মার উপর কার্য্যকরী নহে। কিন্তু সাধনততি আত্মার ভূমিকায় নিত্য ক্রিয়াবতী। চিদাভাস মনের উপরই সাধনক্রিয়া প্রযুক্ত হয়। আত্মার উপর সাধনাক্রিয়া কখনও প্রযুক্ত হইতে পারে না। সাত্মধর্ম— আত্মার বৃত্তি বা স্বভাব হ'লো ভক্তি। সাধনাদি যাহা কিছু সবই মনোনিগ্রহ কর্বার জন্য। মনোধর্ম্ম নিগৃহীত হইলেই আত্মবৃত্তি বিকাশ লাভ করে। আত্মবৃত্তিতে সাধনভক্তি প্রকাশিত হইলে জীব ক্রমে ভার ও প্রেমভক্তিতে আরুত্ হন। সাধনভক্তির পরিপক্ষাবস্থাতেই ক্রমে ভারভিত ও প্রেমভক্তির প্রকাশ। যেমন একটা আম্রফলের কাঁচা, ভাঁসা ও পাকা অবস্থা। কিন্তু সাধনক্রিয়া সে-জাতীয় বস্তু নহে। সাধনভক্তি ও সাধনজিয়ার পরস্পর সম্বন্ধ ও ভেদ বুঝিতে না পারায় জগতে নানা গণ্ডগোলের সৃষ্টি হইয়াছে ও হইতেছে।

প্রঃ--- শুরুব সহিত আমার তফাৎ কোথায় ?

উঃ— আমি লঘু হইতেও লঘু তদপেক্ষাও লঘু; আর যিনি অনুক্ষণ বৃহতের সেবা করেন, সেই গুরুপাদপদ্ম বৃহৎ হইতেও বৃহৎ

#### তদপেক্ষাও বৃহৎ।

প্রঃ— কোন বংশে ডক্ত জন্মগ্রহণ করিলে সেই বংশের কি কোন মঙ্গল হয় ?

উঃ— যে কুলে মহাভাগবত আবির্ভৃত হন, সেই কুলের উর্দ্ধৃতন ও অধস্তন শত পুরুষ উন্নত হইয়া থাকেন। মধ্যম ভাগবত আবির্ভৃত হইলে উর্দ্ধৃ ও অধস্তন চতুর্দশ পুরুষ উন্নত হন। আর কনিষ্ঠ ভাগবত আবির্ভৃত হইলে উর্দ্ধৃও অধস্তন তিন পুরুষ উন্নত হইয়া থাকেন।

প্রঃ—ভক্তগণ নীচকুলে কেন আবির্ভৃত হন ? ভক্তের ত' কর্ম্মফল নাই, তবে ভক্তগণ মূর্য, রোগগ্রস্তরূপে প্রতিভাত হন কেন ?

উঃ— ভক্ত কখনও কর্মাফলবাধ্য নহেন। ভগবানের ইচ্ছাতেই তাঁহাদের জন্মগ্রহণ আদি যাবতীয় দীলা। তবে যে দেখা যায়— ভক্ত নীচকুলে আবির্ভূত হন, ব্যবহারিক চক্ষে মূর্য, রোগগ্রস্ত প্রভৃতিরূপে প্রতিভাত হন, তাহারও মহৎ উদ্দেশ্য আছে। লোক যদি দেখিতে পায় যে, ভগবন্ধক কেবল উচ্চকুলেই আবির্ভূত হন, বলিষ্ঠ ও জাগতিক পণ্ডিতরূপেই বিরাজিত থাকেন, তাহা হইলে তাহারা নিরুৎসাহ হইয়া পড়িবে। তাই করুণাময় ভগবান সকল লোকের মদল সাধন করিবরে জন্য বিভিন্ন শ্রেণীর লোকের মধ্যে তাঁহার ভক্তগণকে আবির্ভূত করাইয়া অন্য জীবের প্রতি দয়া করেন। ইহা খেদার পালিত শিক্ষিত হস্তিনী প্রেরণ করিয়া বন্য হস্তী ধরিবার ন্যায় জানিতে হইবে। শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরও বলিয়াছেন—

শোচ্য-দেশে শোচ্য-কুলে আপন সমান। জন্মাইয়া বৈষ্ণব সবারে করেন ত্রাণ।। যেই দেশে, যেই কুলে বৈষ্ণব অবতরে। তাঁহার প্রভাবে লক্ষ যোজন নিস্তরে।। যাত লেখ বৈদ্ধবৈর ব্যবহার-দুঃখ।
নিশ্য জানিহ সে-ই পরানন্দসুখ।
বিষয়মদান্ধ সব কিছুই না জানে।
বিদ্যা-ধন-কুলমদে বৈষ্ণব না চিনে।

ভগবড়ক নিত্তুলে আবির্ভূত হইয়াছেন বলিয়া মনে করিতে হইবে না যে, ভক্ত পাপয়েনি লাভ করিয়াছেন, কর্মফলবাধ্য হইয়া নীচ শূদ্রকুলে উদ্ভূত হইয়াছেন পরন্ত জানিতে হইবে— তিনি নীচকুল পবিত্র করিয়াছেন। কোন সক্তন কলিযুগের একমাত্র সাধন-প্রণালীতে যদি সিদ্ধিলাভ করেন, তবে তিনিই শ্রেষ্ঠ।

প্রঃ— যেখানে হরিকীর্তন হয়, তাহাও কি ধাম ?
উঃ— ভগবস্তুজ্ঞপণ যেখানে অবস্থান করিয়া নিরম্ভর ভগবং-কথা কীর্ত্তন করেন ও আলোচনা করেন, সেই সকল স্থানকে আমি শ্রীধাম ছাড়া অন্য কিছু বোধ করিতে পারি না। সেসব স্থান নিত্যধামেরই চিদ্বিলাসক্ষেত্র। শ্রীবিষ্ণুর অধিষ্ঠানক্ষেত্র— প্রত্যেক জীবহৃদয়, প্রত্যেক পরমাণু। সুতরাং সর্ব্বেরই শ্রীধাম যেদিন শ্রীভ্রুদেবের কৃপা হৃদয়ে স্ফূর্ত্তি হয়, সেইদিনই এইরূপ দর্শন হয়।

প্রঃ— শ্রীটেতন্যদেব কি সাক্ষাৎ ভগবান্?
উঃ— নিশ্চয়ই শ্রীটিচতন্যচন্দ্র সাক্ষাৎ পরমেশ্বর । শ্রীগৌরাঙ্গ মহাপ্রভূ
পরমপরিপূর্ণ চেতনবস্তু— বিভূচৈতন্য বস্তু । তিনি স্বয়ং-ভগবান্।
তিনি ঈশ্বরগণেরও ঈশ্বর— পরমেশ্বর । তাই নিত্যসিদ্ধ ভগবৎপার্ষদ
শ্রীল নরোত্তম চাকুর গাহিয়াছেন—

ব্রজেন্দ্রনন্দন হেই. শচীসুত হৈল সেই. বলরাম হইল নিতাই।

শাস্ত্র আরও ব্যুগ্রন---

সহং-ভগবান্ কৃষ্ণ, কৃষ্ণ পরতত্ত্ব।

পূর্ণজ্ঞান, পূর্ণানন্দ পরম-মহত্ত্ব॥
নন্দসুত বলি' যাঁরে ভাগবতে গায়।
সেই কৃষ্ণ অবতীর্ণ চৈতন্য গোসাই॥
স্থাং-ভগবান্ কৃষ্ণ, কৃষ্ণ সর্ব্বাশ্রয়।
পরম-ঈশ্বর কৃষ্ণ সর্বাশান্ত্র কয়।
সেই কৃষ্ণ অবতারী ব্রজেন্দ্রকুমার।
আপনে চৈতন্যরূপে কৈল অবতার॥ (১৯৯ চঃ)

আমরা ভগবৎসেবক; ভগবৎসেবাই সামাদের নিতা কৃত্য কলিকালে ভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্রই শ্রীগৌরাঙ্গরূপে অবতীর্ণ এজন্য ভগবান্ শ্রীগৌরাঙ্গদেবই কলিযুগবাসী আমাদের সকলেরই নিত্য উপাস্যা, নিত্য আরাধ্য বস্তু। যিনি এই সাক্ষাৎ ভগবান্ শ্রীটেডন্যকে ভজন না করেন, তিনি নিশ্যুই অচেতন। প্রমদ্যাল শ্রীটেতন্যক্রের উপাসনা যাহারা করিলেন না, তাঁহাদের তৈতন্যলাভ সম্ভব নয়।

শ্রীচৈতন্যচন্দ্র ষোলকলাবিশিষ্ট পরিপূর্ণ বন্তু। সুতরাং তাঁহার চেতনময়ী কথা জীবের হৃদয়ে প্রবিষ্ট হইলে জীবকে ফোলআনা তাঁহার পাদপদ্মে আকৃষ্ট করিবেই করিবে। যিনি আংশিকভাবে তাঁহার কথা শ্রবণ করিয়াছেন, ভিনি শ্রীচৈতন্যদেবের পাদপদ্মে আংশিকভাবে নিজেকে প্রদান করিয়াছেন। যতদিন পর্যান্ত জীব দেহ, গেহ, পুত্র, কাণ্ড, কর্লাহানোবাল্য যথাসকর্ষম দ্বারা শ্রীচৈতন্যচন্দ্রের সেবায় নিরন্তর উন্তে না হন, তত্তিন পর্যান্ত তাঁহার ষোল আনা শ্রীচৈতন্যদেবের কথা শ্রবণ করা হয় নাই জানিতে হইবে।

শ্রীগৌরসুন্দর ত্রিকালসত্য বস্তু। শ্রীগৌরাঙ্গদেব শ্রীশ্রীবাধাগোবিন্দ - মিলিততনু। তিনি সাক্ষাৎ শ্রীকৃষ্ণ হইয়াও রাধাভাবে বিভাবিত হইয়া জগন্মঙ্গলার্থ কৃষ্ণসেবকের লীলা করিয়াছেন। এজন্য অক্তভা বশতঃ কেহ কেহ তাঁহাকে মহাপুরুষ বা প্রচারক মাত্র মনে করেন কিন্তু তিনি সেইরূপ বস্তু নহেন। তিনি সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন ক্ষ্ণঃ। ব্রজেন্দ্রনন্দন

হৈলা শচীর নন্দন। শ্রীগৌরাঙ্গদেব শ্রীজগন্নাথ মিশ্রের নন্দন অর্থাৎ আনন্দবর্দ্ধক শ্রীজগন্নাথ মিশ্র পিতৃরূপে তাঁহার সেবক।

শ্রীগৌরাঙ্গদেব সচ্চিদানন্দবিগ্রহ, অসমোর্দ্ধবন্ত, অবতারী। অন্যান্য অবতারগণ তাঁহা হইতেই উদ্ভত তিনি পরতত্ত্ব-পরাকাষ্ঠা, স্বয়ং-ভগবান্, স্বয়ংরূপ ভগবান্, মূল ভগবান্ বা অংশী ভগবান্। কেহ তাঁহার সমান বা তাঁহা হইতে বড় নহেন শ্রীগৌরসুন্দর অভিন্ন-ব্রজেন্দ্রনন্দন হইলেও বিপ্রলম্ভ-অবতার াশ্রীকৃষ্ণ সম্ভোগময় বিগ্রহ আর শ্রীগৌরাঙ্গদেব বিপ্রলম্ভময় বিগ্রহ। শ্রীকৃষ্ণ মাধুর্য্য-বিগ্রহ আর শ্রীগৌরাঙ্গসুন্দর উদার্য্যবিগ্রহ।

প্রঃ—শ্রীগৌরাসদেবের দয়া কি?

উঃ — শ্রীগৌরসুন্দর বলিয়াছেন — শ্রীকৃষ্ণসংকীর্ত্তনই মানব-জাতির একমাত্র কৃত্য। এইটি তাঁহার মহাবদান্যতা। দেবশ্রেষ্ঠগণের, এমন কি ভক্তশ্রেষ্ঠ উদ্ধবাদিরও দুস্পাপ্য, নারদাদির অগম্য ব্যাপার পর্যান্ত এই শ্রীকৃষ্ণসংকীর্ত্তন হইতে জীব পাইতে পারে।

শ্রীগৌরাঙ্গদেব লোক-প্রতারক সমন্বয়বাদী নহেন। জীবের সর্বপেক্ষা অধিক মঙ্গল যাহাতে হয়, সেই কথাই তিনি বলিয়াছেন। জগতের লোক যে-সকল কথা শ্রেষ্ঠ বলিয়া জানিয়া রাখিয়াছেন, শ্রীচৈতন্যদেবের কথা শুনিলে সে-সকল অপূর্ণ ও দুর্বাল বোধ হইবে। জগতের ক্ষুদ্র ক্ষুদ্র সাধনপ্রণালীকে মনোধর্মী সম্প্রদায় বড় বলিয়া ফাঁপাইয়া দিয়া যে বঞ্চনা-প্রণালী অবলম্বন করিয়াছেন, সেরূপ বঞ্চনা করিবার জন্য গৌরসুন্দর আসেন নাই জগতে তথাকথিত সম্প্রদায়ে যে সাধন কল্পিত হইয়াছে ও হইবে, তাহা যে অত্যন্ত দুৰ্ব্বল ও কৈতবময়, ইহা শ্রীগৌরসুন্দর শ্রীমদ্ভাগবত দ্বারা জগতে প্রকাশ করিয়াছেন এবং আরও দেখাইয়াছেন যে—শ্রীকৃষ্ণনামসংকীর্ত্তনই সমগ্র জগতের একমাত্র মঙ্গলের উপায়। কিন্তু কৃষ্ণের সংকীর্ত্তন হওয়া চাই। নিজের সুখসুবিধার জন্য যে কীর্ত্তন, তাহা কৃষ্ণকীর্ত্তন নহে।

শ্রীকৃষ্ণনাম সাক্ষাৎ শ্রীকৃষ্ণ। শ্রীকৃষ্ণাক্ষর সাক্ষাৎ কৃষ্ণবন্ত।

কৃষ্ণকীর্ত্তন করিলে নির্বিশেষবাদীর দুর্ব্বৃদ্ধি, নান্তিকের নান্তিকতা দূর হইয়া যথার্থ মুক্তি লাভ হইতে পারে। মায়াবাদী প্রকাশানন্দ তাহার সাক্ষী। বিষয়ে অত্যাসক্ত ব্যক্তিরও কৃষ্ণকীর্ত্তন দ্বারা প্রকৃত মুক্তি ও মঙ্গল হইতে পারে। উৎকল-সমাট্ প্রতাপরুদ্রাদি তাহার প্রমাণ। কৃষ্ণকীর্ত্তন দ্বারা গাছের মুক্তি, পাথরের মুক্তি, পশু, পক্ষী, ব্যাঘের মুক্তি, স্ত্রী, পুরুষ—সকল জীবের মুক্তি হইতে পারে। ঝারিখণ্ড-বনপথের বৃক্ষ-লতা, পশু-পক্ষী তাহার উদাহরণ। কেবল কৃষ্ণকীর্ত্তন হইতেছে না বলিয়াই জীবের প্রকৃত মুক্তি হইতেছে না। শ্রীগৌরসুন্দর সকলের মঙ্গলের জন্য—পশু, পক্ষী, মানব, উদ্ভিদ্ প্রভৃতি প্রত্যেক জাতির মঙ্গলের জন্য এ জগতে আসিয়াছিলেন।

একমাত্র কৃষ্ণকীর্ত্তনেই আমাদের সমস্ত সুবিধা হইবে। কৃষ্ণ-সংকীর্ত্তনেই একমাত্র চরম শ্রেয়ঃ লাভ হয়। লেখাপড়া ও পাণ্ডিত্যের শেষ কথা—শ্রীহরিনামসংকীর্ত্তন।

ভগবানের সুখের জন্য যে কীর্ত্তন, তাহাই প্রকৃত কৃষ্ণকীর্ত্তন।
আর নিজের বা অপরের সুখ-সুবিধার জন্য যে কীর্ত্তনের অভিনয়, তাহা
কৃষ্ণকীর্ত্তন নহে— মায়ার কীর্ত্তন। কার্য্যের দ্বারাই যেমন কারণ অবগত
হওয়া যায়, কেহ হরিনাম করিতেছেন কি না, তাহার ফল দেখিয়াই বুঝা
যায়। হরিনাম করিতে করিতে যদি আবার কাহারও সংসারের প্রবৃত্তি বা
সংসারাসক্তি বৃদ্ধিপাপ্ত হয়, তাহা হইলে তাহার কীর্ত্তিত বিষয় হরিনাম
নহে, নিচয়ই জান্তে হইবে। শ্রীনামকীর্ত্তন দ্বারা সংসারের প্রতি আসক্তি
কাটিবে, সংসারের অসারত্ব বা তুচ্ছত্ব অনুভব হইবে, সংসার ভাল
লাগিবেনা, অনর্থ দূর হইবে, চিত্ত নির্মাল ও স্থির হইবে, অশান্তি বা দুঃখ
দূর হইবে, প্রেম লাভ হইবে এবং চিরশান্তি হইবে। কিন্তু যদি তাহা না
হয়, তবে আমি কি করিতেছি তাহা বিচার্য্য।

শ্রীচৈতন্যচরিতামৃত বলেন—
শ্রীকৃষ্ণচৈতন্য দয়া করহ বিচার .

বিচার করিলে চিত্তে পাবে চমৎকার ॥
এক কৃষ্ণনামে করে সর্বর্গাপ নাশ।
প্রেমের কারণ ভক্তি করেন প্রকাশ ॥
ভানায়াসে ভবক্ষয়, কৃষ্ণের সেবন।
এক কৃষ্ণনামের ফলে পাই এত ধন ॥
হর্ষে প্রভু কহেন—ভন স্বরূপ-রামরায়।
নাম-সংকীর্ত্তন কলৌ প্রম উপায়॥
সংকীর্ত্তনযজ্ঞে কলৌ কৃষ্ণ-আরাধন।
সেই ত' সুমেধা, পায় কৃষ্ণের চরণ॥
নাম-সংকীর্ত্তনে হয় সর্ব্বানর্থ নাশ।
সর্বতভাদয়, কৃষ্ণপ্রেমের উল্লাস॥
সংকীর্ত্তন হৈতে পাপ-সংসার নাশন।
চিত্তবদ্ধি, সর্ব্বভক্তিসাধন-উদগম॥
কৃষ্ণপ্রেমোদগম, প্রেমামৃত-আশ্বাদন।
কৃষ্ণপ্রেমোদগম, প্রেমামৃত-আশ্বাদন।
কৃষ্ণপ্রেমোদগম, প্রেমামৃত-আশ্বাদন।
কৃষ্ণপ্রান্তি,সেবামৃত-সমুদ্রে মজ্জন॥

ক্ষানাম করে অপরাধের বিচার।
কৃত্য বলিলে অপরাধীর না হয় বিকার॥
তৈতন্য-নিত্যানন্দে নাহি এসব বিচার।
নাম লৈতে প্রেম দেন, বহে অঞ্চধার॥
সত্তর উশ্বর প্রভু অত্যন্ত উদার।

# তাঁরে না ভজিলে কভু না হয় নিস্তার ॥ (চৈঃ চঃ)

প্রঃ— বৈষ্ণবের বিচার কিরূপ ?

উ৪— বৈষ্ণব বা বিষ্ণুভক্ত গুরুকে বা শিষ্যকে তাঁহার ইন্দ্রিয়ভোগ্য মনে করেন না। তিনি সভত গুর্বানুগত্যে কৃষ্ণসেবায় রত; সুতরাং অন্যান্য বস্তুকেও তিনি তাঁহার প্রভুর সেবায় নিযুক্ত দেখিতে পাইলেই সুখ অনুভব করেন। গুরুনিষ্ঠ শিষ্যের একমাত্র গুরুসেবা ব্যতীত কোনরূপ আত্যেন্দ্রিয়-তৃপ্তিবাঞ্ছা নাই। যেখানে ইহার বিপরীত আচরণ দেখিতে পাওয়া যায়, সেখানে প্রকৃত গুরুভক্তি নাই জানিতে হইবে। জগদ্গুরু শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর গুরুসেবার আদর্শ সম্বন্ধে শ্রীমদ্ভাগবতের (৪।২৮।৩৪) খ্রোকের টীকায় বলিয়াছেন—

গুরোঃ সেবায়াং প্রবৃত্তঃ শিষ্যঃ শ্রবণকীর্ত্তনাদীন্যপি ভোগান্ তদুখান্ প্রেমানন্দানপি গৃহান্ তদুচিত-বিবিক্তস্থলমপি নৈবাপেক্ষত। শ্রীগুরুসেবয়ৈব সুখেন সর্ব্বসাধ্যসিদ্ধার্থমিত্যুপদেশো ব্যঞ্জিতঃ।

গুরুনোরায় প্রবৃত্ত শিষ্য গুরুসেরার জন্য নিজের ব্যক্তিগত শ্রবণ-কীর্ত্তনাদিরূপ আত্মপ্রসাদ বা তদুখ প্রেমানন্দ অর্থাৎ নির্জ্জন ভঙ্গনানন্দ, এমন কি, তদুচিত নির্জ্জনবাসাদিকেও কখন অপেক্ষা করেন না। কারণ গুরুসেরা দ্বারাই অনায়াসে সর্ব্বার্থসিদ্ধি হইয়া থাকে।

#### প্রঃ—অনর্থ কি ?

উঃ— অর্থ (পরমার্থ) নহে যাহা, তাহাই অনর্থ। অন্য অভিলাষ, ধর্মার্থকামমোক্ষবাঞ্জা, কনক-কামিনীপ্রতিষ্ঠাকাজ্ঞা, স্বসুথবাসনা প্রভৃতি সবই অনর্থ। হরিনাম কীর্ত্তিত হইলে অনর্থ অপগত হয়। এখানে অনর্থ বিলতে জীবের ইন্দ্রিয়-তর্পণস্পৃহাকেই লক্ষ্য করে। নিজ ইন্দ্রিয়তর্পণস্পৃহাই ভগবৎসেবার প্রধান অন্তরায়। সুতরাং তৎকালে নিরবচ্ছিন্ন স্মরণকার্য্য প্রতিহত হইয়া কৃষ্ণেতর ভোগ্য মায়িক বস্তরই পশ্চাদনুধাবন প্রবৃত্তি ঘটায়।

প্রঃ— ভক্তের জগদর্শন কিরূপ ?

উঃ— মহাভাগবত সমগ্র জগৎকে ভগবানের প্রসাদরূপে— কৃপারূপে দর্শন করেন। কৃপা ত' সেব্য বস্তু। কৃপার প্রতি ত' আর প্রভুত্ব বা কর্তৃত্ব করা চলে না। ভগবদ্ভোগ্য বা ভগবৎ-কৃপা-মূর্ত্তি জগতের প্রতি ভোগবৃদ্ধি করিতে গেলে দণ্ড বা দুঃখ হইবেই।

প্রঃ--- ভগবং-কৃপালাভের উপায় কি ?

উঃ— যাঁরা সত্য সত্য হরিসেবক, যাঁরা অনুক্ষণ হরিসেবারত, তাঁ দিগকে লজ্মন না ক'রে তাঁদের আনুগত্য কর্লেই আমরা ভগবানের প্রসাদ লাভ কর্তে পারি। হরিভক্তের প্রসাদেই হরির প্রসাদ লাভ হয়। হরিভক্তের অপ্রসাদে জীবের কোনও প্রকারেই মঙ্গল হ'তে পারে না।

প্রঃ ভগবান্ ক'হার দ্রবা গ্রহণ করেন ?

উঃ— যিনি ভগবান্কে ডাকিয়া খাওয়াইতে পারেন, তাঁর দ্রব্যই ভগবান্ খান। তাঁকে ডাক্তেই যে সকলে পারে না। সুতরাং খাওয়াইবে কি ক'রে ?

কোন অন্তক্ত পণ্ডিত ভগবান্কে ভোগ দিলেও ভগবান্ তাঁর মন্ত্রপৃত-প্রদত্ত নৈবেদ্য গ্রহণ করেন না। তাঁর প্রদত্ত আতপতপুলের পাচিত ঘৃতসংযুক্ত অনু, নানাবিধ ব্যঞ্জন প্রভৃতি ভগবানের প্রীতি আক্ষণ কর্তে পারে না। কিন্তু ভগবৎসেবোনাখ ভিক্ষুকের যে- কোনরূপ অনু যে কোন প্রকারেই প্রদত্ত হোক্ না কেন, শ্রীভগবান্ তাহা প্রীতিভরে গ্রহণ করিয়া থাকেন।

প্রঃ— বৈকুণ্ঠবন্ততে আমাদের বিশ্বাস হয় না কেন ?
উঃ— মহাপাপী লোকের বৈকুণ্ঠবস্তুতে বিশ্বাস হয় না ! পাপমলিন চিত্ত
নির্মাল বস্তুতে বিশ্বাস স্থাপন করিতে পারে না । তাই মহাভারত ও
ক্ষন্দপুরাণ বলেন—

মহাপ্রসাদে গোবিন্দে নাম্ব্রক্ষণি বৈষ্ণবে।

## ষল্পপুণ্যবতাং রাজন্ বিশ্বাসো নৈব জায়তে ॥

অনুব্রন্ধ মহাপ্রসাদ, শিলব্রেন্ধ বা দারুব্রন্ধ ভগবদ্-বিগ্রহ, শব্দব্রন্ধ হরিনাম ও নরব্রন্ধ বৈষ্ণব-গুরু— এই চারিটি ব্রন্ধবস্তুতে স্বল্পপুণ্যবান্ অর্থাৎ মহাপাপী লোকের বিশ্বাস হয় না।

বর্ত্তমানকালে আমরা এই চতুর্ব্বিধ বৈকুষ্ঠবস্তুতে বিশ্বাস হারাইয়াছি বিলয়া নানাবিধ অনর্থ আমাদিগকে গ্রাস করিয়াছে। মহাপ্রসাদ,গোবিন্দ, নাম ও গুরু— এ চারিটীই বিষ্ণুবস্তু। কিন্তু
মায়ার জগতে আসিয়া আমরা এই বিশ্বাস হারাইয়াছি। মীয়তে অন্যাইতি মায়া— যাহা দ্বারা মাপা যায় তাহাই মায়া। কিন্তু এই চারিটী বস্তু মাপিয়া লইবার বস্তু নহে।

শ্রীগোবিন্দ স্বতঃপ্রকাশ বাস্তব বস্তু, অন্য আলো জ্বালিয়া তাঁহাকে দেখিতে হয় না। গাং বিন্দতি ইতি গোবিন্দঃ। অধ্যেক্ষজ গোবিন্দ। s not a concoction of human mind. শ্রীগোবিন্দ কাহারও মনঃকল্পিত বা মনগড়া বস্তু নহেন। শ্রীগোবিন্দই একমাত্র অধ্যেক্ষজ বস্তু—পরাৎপরবস্তু। পরমহিতকারী দিব্যজ্ঞানদাতা বৈশ্ববরাজ শ্রীগুরুদেবই আমাদিগকে এই বাস্তব-সত্য গোবিন্দের কথা জানাইয়া দেল।

শ্রীগোবিন্দ স্বয়ং অবিমিশ্র পরমানন্দবিগ্রহ। কিছুকালের জন্য যেটী আমাদের অক্ষজজ্ঞানে সত্য বলিয়া প্রতিভাত হয়, তাহা Apparent truth—Local truth—উহা Positive বা Absolute truth হইতে পারে না। অনাদিকালের বিচারে গোবিন্দের আদিতে কোনও বস্তু ছিল না। গোবিন্দসেবাবিমুখ জনগণের জন্য জড়-জগৎ সৃষ্ট হইয়াছে।

প্রঃ— সেবা কাহাকে বলে ?

উঃ— যাহাতে ঠাকুরের আনন্দ হয় — ভগবান্ শ্রীহরির সুখ হয়, তাহারই নাম সেবা। যাহাতে নিজের সুখ-সুবিধা হয়, তাহার নাম ভোগ।

কপটী ব্যক্তিগণ পুত্র-পৌত্রাদি লাভের জন্য যোড়শোপচারে

শ্রীবিশ্বহপূজা করিতে পারেন, কিন্তু তাঁহাদের উদ্দেশ্য— ঠাকুর-দেবার বিনিময়ে ঠাকুরের নিকট হইতে কিছু প্রাপ্ত। ইহাকে সেবা বলা যায় না। ঠাকুরপূজা ও নাম-আরাধনার নাম করিয়া জগতে কি কপটতাই না চলিতেছে!

ভগবানের সেবা ও ভগবৎসেবার অভিনয়— দুইটি পৃথক্ বস্তু।
ভগবানের শ্রীঅর্চ্চামূর্ত্তির সেবা যাহাতে সুষ্ঠুভাবে সম্পাদিত হয়, তজ্জন্য
আমাদের বিশেষ চেষ্টান্বিত হওয়া আবশ্যক। ভগবদ্-বিগ্রহের সেবক যে
সে হইতে পারে না। বিশ টাকা দিয়া নাম হয় না, পঞ্চাশ টাকা দাখিল
করিলে হরিকথার বক্তৃতা হয় না, পাঠ হয় না— উহাতে ভাষাবিন্যাস বা
লোকরঞ্জক আমোদ-প্রমোদ হইতে পারে, উহা ভক্তি বা বৈষ্ণ্যবধর্মা নহে,
উহার নাম ভোগ বা কর্ম্মকাণ্ড। দশ টাকার দেবল-ব্রাহ্মণ ঠাকুরসেবা
করিতে পারে না।

যে কালপর্য্যন্ত বিষ্ণু-বৈষ্ণবের সেবাই সর্ব্বোৎকৃষ্ট— এইরূপ দৃঢ় প্রতীতি না হইবে, তাবৎকাল পর্য্যন্ত আমাদের কোনই মঙ্গল হইবে না।

প্রঃ—প্রীতির ধর্ম্ম ও অপ্রীতির ধর্ম্ম এক নহে। আজ্মধর্মই প্রেমধর্ম্ম বা প্রীতির ধর্ম্ম, আর মনোধর্মই অপ্রীতির ধর্ম্ম। প্রেমধর্ম্মে—ভিজধর্মে— পরমধর্মে—জাগবতধর্মে—জাক্তমেবাধর্মে সংঘর্ষ নাই, তাহাতে Harmony (ঐক্যতান) বিরাজিত। প্রেমধর্মের যাজন হইতে বিচ্যুত হইলেই আমরা পরস্পর পরস্পরের প্রতি ভোগবৃদ্ধি করিয়া থাকি। মানবজাতি সকলেই কৃষ্ণের সেবক — ইহা জানিতে পারিলে মনুষ্যের আর কোন অসুবিধা থাকে না। তখন জীব নিজেকে বৈষ্ণাব বিলিয়া উপলব্ধি করিতে পারে। তখন বৈষ্ণবের সহিত বৈষ্ণবের স্বাভাবিক প্রীতি উদিত হয়।

জগতে প্রীতিধর্মের কথা নাই. সর্বর্রই বিরোধময় সংঘর্ষধর্ম।
প্রঃ— জীবের চরম লক্ষ্য কি ?
উঃ— ভুক্তি ও মুক্তি জীবের চরম লক্ষ্য হইতে পারে না। জীব ত'
ভগবৎসেবক। সূতরাং ভক্তিই তাহার চরম লক্ষ্য। মুক্তি ভুক্তিইই অপর

দিক্। ভুক্তি ও মুক্তি উভয়ই পিশাটীসদৃশ। উভয়ই জীবকৈ আন্তিকতা হইতে বিচ্যুত করিয়া দেয়। এজন্য ভগবদ্বিশ্বাসী সজ্জনগণ— আন্তিকগণ কখনও ভুক্তি ও মুক্তি-পিশাচীর শরণ গ্রহণ করেন না। ভগবত্তজগণ মুক্ত; সুতরাং মুক্ত-পুরুষ মুক্তির জন্য লালায়িত নহেন ভোগ ও ত্যাগ—ভুক্তি ও মুক্তি উভয়ই বর্জন করিয়া ভিক্তিই গ্রহণ স

প্রঃ— মানবকল্পিত ধর্মা ত' আত্রধর্মা বাল্যা মনে ধা না , এ সম্বেদ্ধ আপনার কি মত ?

উঃ— শ্রীমন্তাগবতক্ষিত সন্দাতন ধর্ম — ই চল্লালেরের কথিত ভাগবতধর্ম ব্যক্তীত অন্যাল্য সকল-গ্রকার মান্যনাল্য নাম-ধর্মে ক্ষমেনিক চিত্র ও কৈতব (বছ্জনা) নিহিত্রে জাছে। ভাগবতধর্ম হা শ্রীটোজনালেবের প্রচারিত বিমল আত্মধন্মই একমাত্র প্রোল্লিড-কৈছন-ধর্মা, তালা নির্মাৎসর সাধুগণের অনুমোদিত ও মান্রিত সন্দাতন-শ্রীতি হা মান্যনালিত ও মান্রিত সন্দাতন-শ্রীতি হা মান্যনালিত হা মান্যনালিত বা মান্যনালিত মান্যাধর্মা মাত্র—— ক্রেন্টোটি জ্যাল্যবর্গে ন্যাহ। স্বাস্থ্য বাল্যনাল

লৈ নিজে কিন্তু প্ৰস্তুহৰ হ'ল কিন্তু কিন্তু

আত্মধর্ম নিতাবস্ক আছে লিগা, তাইরে ধর্ম জিলা। ধর্ম তা ভগবৎপ্রণীত। দ্বাদশ মহাজন স্টোত আর কেশ্রী সেই ধ্যম্মর কথা জানেন না। তবে সেট দ্বাদশ মহাজনের অনুগ্রান বিগ্রাক্ষণ জানেন ও জানিবেন। সূতরাং ধর্মা মানুদের স্টাকি কবিলা হটাবাঃ

প্রঃ—কনিষ্ঠ-অধিকারী ভক্ত কি কন্মাঁও জ্ঞানী অংশদা শ্রেষ্ঠ ? উঃ—নিশ্চয়ই। ভক্ত যতই কনিছ হউন, তিনি ত' ভঙ্জিপথ—মঙ্গলর পথ গ্রহণ ক'রেছেন। কন্মী বা জ্ঞানীর ত' দে সৌভাগ্য নাই।

শ্রীমূর্তিসেরা, গুরুবৈক্ষরজেরা ও শ্রীনামাদেরা দ্বরা জীবের পরমমগল সাধিত হয় । ১১৮৮ চার ব'লেছেন ধে— শ্র সেরেন্থ জিহ্নায় একবার মাত্র কৃষ্ণনাম কীর্ত্তিত হয়, তিনিই শ্রেষ্ঠ সবাকার।

দেবীধামের সর্বশ্রেষ্ঠ পুণ্যকর্মী ও জ্ঞানী অপেক্ষাও শ্রীবিষ্ণুর নামান্থাক মন্ত্রে অর্চ্চনকারী কনিষ্ঠ-অধিকারী ভক্ত শ্রেষ্ঠ, যেহেতু কর্মী বা জ্ঞানী যত বড়ই হোন না কেন, বাস্তব-বন্ধ বিষ্ণুর নিতাসেব্যত্ত্বে তাঁহার বিশ্বাস নাই । সুতরাং মুখে বেদ মানিলেও তাঁরা প্রকৃত প্রস্তাবে নান্তিক, আর বিষ্ণুর আর্চ্চক—ভজনরাজ্যে তাঁর যতটুকুই মহিমা থাকুক না কেন, বিষ্ণুর বাস্তবসত্য-বিগ্রহত্ব গুরুমুখে গুনিয়া তাঁহাতে শ্রন্ধাবিশিষ্ট । শ্রীবিগ্রহ-অর্চনকারী একজন কনিষ্ঠ-অধিকারী বৈষ্ণুব শ্রীবিগ্রহের কাছে যে একবার ঘণ্টা বাদন করেন, সেই ঘণ্টার একটীবার বাদনের কাছে সহস্র কর্মীর অসংখা হাঁসপাতাল, দরিদ্রসেবা, সেবাশ্রম, বিদ্যালয়-স্থাপন এবং নির্ভেদ-জ্ঞানীর ধ্যান ও কৃষ্ণুসাধন ক্যাণ্য। ইহা সাম্প্রদায়িকতা নহে, ইহা বাস্তব সত্যকথা নান্তিক ইহার মন্মার্থ কিছুতেই হ্রদয়ঙ্গম করিতে পারেন না । তাই তাঁহার কথন প্রকাশ্যভাবে ভক্তিনিন্দক, কথন বা প্রচহন্ন-

প্রঃ— কে হরিকীর্ত্তন করিতে পারেন ?

উঃ—যিনি তৃণাদপি সুনীচ, তরুর ন্যায় সহিষ্ণু, অমানী ও মানদ—এই চারিটী গুণবিশিষ্ট, তিনিই হরিকীর্ত্তন করিতে পারেন। ভক্ত সর্ব্বোত্তম হইয়াও নিজেকে তৃণাপেক্ষা অধম বলিয়া জানেন। নিষ্কপট না হইলে তৃণাদপি সুনীচ হওয়া যায় না। নিষ্কামই নিষ্কপট।

কৃষ্ণনাম-উচ্চারণকারীই মহাভাগ্যবান : কৃষ্ণনামসংকীর্তনই পরস সাধন ও সাধা-— একথা মহাজনগণ ও শাস্ত্র বলিয়াছেন ·

কীর্ত্তনকারী নির্রভিমান বা নির্হন্ধার— অমানী : তিনি জড়ের কোন অভিমান রাখেন না।

প্রঃ—সংধাক্ষজ বস্তুকে কি ক'রে জানা যাবে ?

উঃ — অ'প্রাক্ষজ বন্তু হ'লেন ভগবান্ শ্রীহরি । সেই অধ্যাক্ষজ বন্তু

একমাত্র শ্রবণৈকবেদ্য। সাধুগুরুর নিকট সেবোনাুখ কর্ণদারা শ্রবণ কর্লে অধোক্ষজ বস্তুকে জানা যাবে।

ইহ জগতের যে সকল কথা আমরা শুন্তে পাই, সে সকল কথা শুন্বার পর কর্ণ-ইন্দ্রিয় ব্যতীত অপর ইন্দ্রিয়ের দ্বারা সে সকল কথা সত্য কিনা, আমরা বিচার ক'রে থাকি। কিন্তু আমার শ্রীশুরুদেব বা শাস্ত্র আমাকে যে-সকল কথা বলেন, শ্রবণেন্দ্রিয় ব্যতীত অপর ইন্দ্রিয় দ্বারা সে সকল বুঝে নেবার ক্ষমতা আমার নাই। বিষয়টী ইন্দ্রিয়জ-জ্ঞানের অতীত ব'লে সেরূপ চেষ্টা করা বিড়ম্বনা মাত্র। তর্কপথ অবলম্বন ক'রে সে-বিষয়ে কোন সন্ধান কর্তে পার্বো না। তবে ইন্দ্রিয়জ্ঞানাতীত যে-সকল কথা শ্রীশুরুদেবের শ্রীমুখ হ'তে কাণ দিয়ে শুন্বার সৌভাগ্য পাই, সে-সকল কথা আমাকে প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবা দ্বারা জেনে নিতে হ'বে।

প্রঃ—প্রণিপাত ও পরিপ্রশ্ন মানে কি ?

উঃ— প্রণিপাত মানে প্রণত হওয়া বা শ্রবণ-বিষয়ে কোন প্রকারে অমনোযোগী না হওয়া অর্থাৎ সর্ম্পূভাবে কাণ দিয়ে শুনা

এই প্রণিপাত ব্যতীত শ্রবণ সুষ্ঠু হয় না—প্রণিপাত ছাড়া অধাক্ষজ বস্তু জান্বার—সাধু-গুরু-শাস্ত্রকথা বুঝ্বার অন্য উপায় নাই।

যে শব্দ আমার গুরুপাদপদ্মে পৌছ্তে পারে, এমন শব্দ দ্বারা যে আমার বিজ্ঞাপ্য বিষয়, তাহাই পরিপ্রশ্ন। প্রশ্নের উত্তর গুণবার জন্য প্রস্তুত হ'য়ে যে প্রশ্ন, তাহাই পরিপ্রশ্ন। সন্দেহবাদী হ'য়ে যে প্রশ্নের চেষ্টা, তা' পরিপ্রশ্ন নয়। অহক্ষারের বশবর্তী হ'য়ে কেবল যে প্রশ্নের ছলনা, তাহাও পরিপ্রশ্ন নয়।

প্রণিপাত না হ'লে পরিপ্রশ্ন হয় না, আবার পরিপ্রশ্ন দারা বিষয়টী মীমাংসা না হইলে সেবা ঠিক হয় না।

প্রঃ---সাধু কে ?

উঃ—শ্রুতি বলেন—যিনি স্বরূপে প্রতিষ্ঠিত, তিনিই সং।

কৃষ্ণদাস্যই জীবের সন্তা বা শ্বভাব সেই কৃষ্ণদাস্যে যিনি নিযুক্ত তিনিই সং বা সাধু। কৃষ্ণভক্তই সাধু: ভক্তিই সাধুত্ব। ভগবানে ভক্তি যা'র নাই, তাঁকে সাধু বলা যায় না। এজন্য অভক্তই অসাধু। শাস্ত্র বলেন—

অসৎসালত, গি—এই বৈষ্ণাব-আচার।
স্ত্রীসালী—এক অসাধু, কৃজাভক্ত আর॥
কৃজাভক্ত—নিদ্ধায়, অতএব শাস্ত।
ভূচি-মুক্তি-দিদ্ধিকামী সকলই অশাস্ত । (চৈঃ চঃ)

প্রঃ—শ্রীরপ্রহ ত' সাক্ষাৎ ভগবান ?
উঃ—নিক্তরে । নাভিক পার্যভিগণ ব্লেন—শ্রীষ্টিপূজার আবশ্যক নাই।
শ্রীষ্টিপূজা ভারেনের ঘার শ্রাহিপ্রার বিরোধী।
ভারাক বাজন—কৈম্প্রের শ্রীমার্টিপূলা বৌধা-পদ্ধতির অনুগমন মাত্র,
শ্রোহপদ্ধতি নাই ভারাদের কপাল ভাল ইটাল ভারারাও একদিন বুঝিতে
পার্যিকের হে—শ্রীদ্রিছি জন্ম র-—ই মাকে কুপা করিবার জন্য ভগবান্ই
ভারান্তরে বিশেষ এন্টিছ ইইটা ইন

পরজন্তের ব্যাপের—ন্যায়া টি (৮ গ. ২) নহে, গ্রেহার proxy বা বিজ্যায়ে দেশা। কেন্য প্রান্তিন্তে এটিয়া একে উপস্থিত হন।

লামই লাগি : লালি র বালি । তার মালার বালান লাগি হার বালান — শ্রীমৃর্তিকে লাম লাগি । বালার বালার বালার বালার মনে করিতে নাই, লাখার মালার মালার গালান মনে করিতে নাই, লাখার মালার মালার গালান মনে করিতে নাই, লাখার মালার মালার গালান লাখার হার লাখার জালারই জীবের অর্চার আছার লাখার প্রান্ত লাখার বালার কথা।

র্বার্থের বিগ্রহ সচিচদানন্দাকার।

সে-বিগ্রহে কহ সত্ত্তণের বিকার ॥ শ্রীবিগ্রহ যে না মানে সে-ই ত' পাষও। অস্পৃশ্য, অদৃশ্য সে-ই হয় যমদণ্ড্য ॥ (চৈঃ চঃ)

পৌত্তলিকগণ অধঃপতিত, তাহাদের অর্চ্চ্যে শিলাধী। শালগ্রাম গণ্ডকীশিলা, গুরুদেব মনুষ্যের সহিত সমান বা মনুষ্যজাতি প্রভৃতি বিচার—ইহা নারকীদের বিচার। বৈষ্ণবগণ পৌত্তলিক নহেন। তাঁহারা অর্চ্চ্যবস্তুতে শিলা-বুদ্ধি করেন না— যে ইন্দ্রিয় দ্বারা বাহ্য রূপ-রসাদি গ্রহণ করা যায়, সেইরূপ বহির্মুখ ইন্দ্রিয় দ্বারা তাঁহারা পূজা করেন না। তাঁহারা সেবোনাখ ইন্দ্রিয় দ্বারা—চিদিন্দ্রিয় দ্বারা সচিচদানন্দ-বিগ্রহ ভগবানের সেবা করিয়া ইষ্টদেবের সুখবিধান করিয়া থাকেন।

শ্রীচৈতন্যচন্দ্র শ্রীজগন্নাথদেবকে সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন দর্শন করিবার লীলা প্রদর্শন করিয়াছেন। নিম্বকাষ্ঠ বা নিম্বকাষ্ঠের ভিতরে ভগবান্ আছেন—পৌত্তলিকের এইরূপ শ্রীবিগ্রহে দেহ-দেহী-ডেদ-বিচার তিনি প্রদর্শন করেন নাই। তিনি ব'লেছেন— 'প্রতিমা নহ তুমি সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন'।

প্রঃ—আমাদের ভজনে উন্নতি হচ্ছে না কেন ?

উঃ—কি ক'রে হ'বে ? আমরা ত' বাহিরের বস্তু নিয়েই ব্যক্ত আছি।
তাই বাহিরের চিন্তা—জগতের চিন্তাই প্রবল হ'চ্ছে। ভোগ্যদর্শন বা
বহির্দর্শন ছেড়ে অন্তর্দর্শন হওয়া ত' দরকার— হদয়দেবতার সেবার
জন্য ব্যহা-ব্যাকুল হওয়া ত' ইচিত ? কিন্তু তা' ত' কচ্ছি না ; সুতরাং
ভজনে উন্নতি হ'বে কি ক'রে ? নিজ সুখের জন্য বা সংসারের উন্নতির
জন্য ব্যক্ত হ'লে ভজনোন্নতি হওয়া কি ক'রে সম্ভব ? স্বজনাখ্য দস্যুগণকে
সুখী কর্বার জন্য ব্যক্ত ও উৎসাহান্দিত হ'লে আর নিত্যবান্ধব গুরুক্তক্তরে
সেবার জন্য উৎসাহ বা আগ্রহ কি ক'রে থাক্বে ? পশ্চিমদিকে হাঁট্লে
ত' আর পূর্ব্রদিকে যাওয়া হ'বে না । এত কথা বল্ছি তথাপি লোকের

দ্রন্তি—পরকে আপনজ্ঞান কিছুতেই ঘুচ্ছে না। লোকের কপালে দুঃখ আছে, সুতরাং আমি আর কি কর্বো ?

थः— ङीरवत थरगाजनीय विषयणे कि ?

উ

- জীব কৃষ্ণের সেবক, সুতরাং কৃষ্ণসেবা ও কৃষ্ণপ্রীতিই তাহার প্রয়োজন। কিন্তু জগতের লোক নিজ স্বরূপ তুলে ধর্মার্থ-কাম-মোক্ষ—এই চতুর্ব্বর্গকেই সর্ব্বেত্তিম প্রয়োজন মনে কর্ছেন। পঞ্চম-পুরুষার্থ কৃষ্ণপ্রেম বা কৃষ্ণপ্রীতি সেই চতুর্ব্বর্গকেও ধিক্কার কর্তে পারে। ভগবান্ শ্রীগৌরাঙ্গদেব এই কৃষ্ণপ্রেমের প্রদাতা। তিনি কৃষ্ণ হ'য়েও কৃষ্ণপ্রেমদাতা। সেই ভগবান্ শ্রীগৌরাঙ্গদেব অপেক্ষা বড় উপদেষ্টা বা শিক্ষক কেউ হ'তে পারেন না।

अश—विषशी इअग्रा कि ठिक ?

উঃ—কখনই না। আমরা ভগবৎ-সেবক; সুতরাং বিষয়ী কেন হ'ব? বিষয় জিনিষটা ত' আমাদিগকে কষ্ট দেয়— রূপ,রস,গন্ধ,স্পর্শ,শন্দ তরঙ্গায়িত হ'য়ে আমাদিগকে ধাকা দেয়। এজন্য বিষয়ী হওয়া উচিত নয়। তাই শ্রীণৌরাঙ্গদেব ব'লেছেন— যিনি ভগবড়জন কর্তে চান, তিনি যেন বিষয়ীকে দর্শন না করেন।

বিষয় বা ইন্দ্রিয়গ্রাহ্য ব্যাপার এসে উপস্থিত হলে ভগবদ্-বিস্মৃতি হয়, জগবড়ক্তকে ছোট মনে হয়। যিনি ভগবানের সেবা কর্বার জন্য ভক্তিপথে এগ্রসর হ'ডেছন, তিনি বিষয়ীকে দর্শন কর্বেন না—বিষয়ীকে দর্শন কর্বেন না যোষা মানে বিষয়; আর যোষাধিপতিত্বের অভিমানী হ'ছেছ বিষয়ী। বিষয়ী ত' হ'বেই না, এমন কি, বিষয়ী ও বিষয়ীর সঙ্গীকেও দর্শন কর্বে না। শ্রীগৌরসুন্দর ভবরোগের চিকিৎসক-সূত্রে আমাদিগকে ব'লে দিয়েছেন—বিষয়ীর সঙ্গ ক'রো না, যোষিৎসঙ্গ ক'রো না—ক'রো না।

প্রঃ – -আমি কি শিষা কর্তে পার্বো ?

উঃ—হিংসা পরিত্যাগ পূর্বেক জীবকে দয়া কর— বহির্দ্মুখ জীবকে কৃষ্ণোনাম কর। হিংসা কর্বার জন্য গুরুগিরি ক'রো না, নিজে বিষয়ে ডুবে যাবার জন্য গুরুগিরি ক'রো না—গুরু সেজো না। কিন্তু যদি তুমি গুরু-কৃষ্ণের নিষ্কপট ভৃত্য হ'তে পার, তাঁ'দের কৃপাশক্তি লাভ কর্তে পার, তাহ'লে ভয় নাই। নতুবা সর্ব্বনাশ হ'য়ে যাবে।

প্রঃ—শ্রীতক্রদেবকে কিরূপ বিচার কর্বো?

উঃ— গুরুকে কৃষ্ণের ন্যায় ভক্তি কর্বে। সাক্ষাৎ ভগবান্কে যেরূপ বিচার কর্বে, গুরুকে ভগবানের চেয়ে কোনও অংশে কম মনে কর্বে না। সাধুর কর্ত্তর্য হ'চ্ছে— ভগবানের ন্যায় গুরুকে জানা— পূজা করা— সেবা করা, যদি তা' না করেন, তবে শিষ্যস্থান হ'তে ভ্রষ্ট হ'য়ে যাবেন।

যাঁর গুরু ও ভগবানে অভিনুবৃদ্ধি আছে, তিনিই শাস্ত্রের মর্ম বুঝ্তে পারেন, হরিনাম কর্তে পারেন, হরিকথা বল্তে পারেন।

শ্রীকৃষ্ণ নিজেই নিজের সেবা শিক্ষা দিবার জন্য গুরুরূপে অবতীর্ণ হ'য়েছেন। কপাল ভাল হ'লেই লোক শাস্ত্রের এই নিখুত সত্যকথাটা বুঝ্তে পারে। নতুবা সন্দিধ্বচিত্ত হ'য়ে সংসায়-সমুগ্রেই ছুবে মরে।

শ্রীওকদেব বিষয়বিগ্রহ বা মূল আশ্রয়বিগ্রহ ন'ন। তিনি মূল আশ্রয়বিগ্রহের প্রকাশমূর্ত্তি। শ্রীকৃষ্ণ বিষয়বিগ্রহ কিন্তু শ্রীওকদেব আশ্রয়বিগ্রহ। শ্রীকৃষ্ণ Predominating Absolute বা ভোজা-ভগবান আর শ্রীওকদেব Predominated Absolute বা সেবক-ভগবান—আরাধক-ভগবান। আশ্রয়বিগ্রহ বা সেবাবিগ্রহ শ্রীওকপাদপদ্ম কৃষ্ণ হইয়াও কৃষ্ণের প্রয়তম বা কৃষ্ণপ্রেষ্ঠ, ইহাই গুরুতত্ত্বের বৈশিষ্ট্য। শ্রীকৃষ্ণ পূর্ণ-শক্তিমান্ আর শ্রীগুরুদেব কৃষ্ণের পূর্ণশক্তি। শ্রীগুরুদেব জীব নহেন, জীবের প্রভু। শ্রীগুরুদেব বিভূচেতন—স্বাংশশক্তি—স্বরূপশক্তি। কিন্তু ভীব আমরা অনুচেতন, তিইছা শক্তি, বিভিন্নাংশ।

প্রঃ— গৌড়ীয়-ডক্ত কাহারা ?

উঃ— বিষ্ণুভক্তগণ বৈষ্ণব, কৃষ্ণভক্তগণ কার্ম্ব আর শ্রীরাধার ভক্তগণ গৌড়ীয়।

পরকীয় মধুররসাশ্রিত শ্রীরূপানুগ গৌরভক্তগণই গৌড়ীয়। গৌড়ীয়ভক্তগণ লিলতার অবতার শ্রীস্বরূপদামোদর গোস্বামী প্রভুর অনুগত। এজন্য গৌড়ীয়গণ শ্রীস্বরূপ-রূপানুগ। তাই মহাপ্রভু শ্রীস্বরূপ-দামোদর প্রভুকে বলিয়াছেন—তোমার গৌড়ীয় করে এতেক ব্যবহার।

গৌড়ীয়গণের মঞ্জরী System. শ্রীরাধাগোবিন্দ, শ্রীরাধাগোপীনাথ ও শ্রীরাধা-মদনমোহনই গৌড়ীয়গণের উপাস্যবস্তু। শাস্ত্র বলেন—

শ্রীরাধা সহ শ্রীমদনমোহন। শ্রীরাধা-সহ শ্রীগোবিন্দ-চরণ॥ শ্রীরাধা-সহ শ্রীল শ্রীগোপীনাথ। এই তিন ঠাকুর হয় গৌড়ীয়ার নাথ॥

এই তিন ঠাকুর গৌড়ীয়াকে করিয়াছেন আত্মসাৎ। এ তিনের চরণ বন্দোঁ, তিনে মোর নাথ।। (চেঃ চঃ)

গৌড়ীয়-বৈষ্ণবগনের সেব্য অষ্টাদশাক্ষর মন্ত্রের নির্দ্দিষ্ট কৃষ্ণই মদনমোহন, গোবিন্দই গোবিন্দ এবং গোপীজন-বল্লভই গোপীনাথ। মদনমোহন-কৃষ্ণানুভবই সম্বন্ধ, গোবিন্দ-মেবাই অভিধেয় এবং গোপীজনবল্লভ কর্তৃক আকৃষ্টিই প্রয়োজন।

মদনমোহন-কৃষ্ণই সম্বন্ধাধিদেবতা। গোবিন্দ— অভিধেয়াধি-দেবতা এবং গোপীনাথ প্রয়োজন-অধিদেব।

সাধারণতঃ গৌরপদাশ্রিত ভক্তগণকে গৌড়ীয় বলা হয়। গৌড়দেশের ভক্তগণকেও গৌড়ীয় বলে। উৎকলদেশীয় ভক্তগণকে যেমন উড়িয়া-ভক্ত বলা হয়, তদ্ধ্রপ বঙ্গদেশীয় ভক্তগণও গৌড়ীয় ভক্ত বলিয়া সংজ্ঞিত হন। প্রঃ—ত্যাগীও কি বদ্ধ ?

উঃ— ভোগী ও ত্যাগী উভয়েই বন্ধ। একমাত্র ভগুই নিত্য কৃষ্ণসেবাপর। ভক্ত ভোগীও ন'ন, ত্যাগীও ন'ন। ভক্তের স্বসুখ-বাঞ্ছা নাই, তিনি সতত ভগবৎ-সুখানুসন্ধানে ব্যস্ত। কিন্ত ভোগী ও ত্যাগী উভয়েই স্বসুখকামী। এজন্য তাঁহারা দুঃখ পান। ভক্তের কামনা নাই, তিনি নিদ্ধাম; এজন্য ভক্তই প্রকৃত সুখী।

ভগবৎ-সেবাই জীবের ধর্ম। এই ভগবৎসেবায় শৈথিল্য আসিলেই জীব হরিসেবা ব্যতীত ভোগ্য ইতরবস্তুর— জগতের বা বিশ্বের প্রভূ হইবার ইচ্ছাবিশিষ্ট হয়। সুতরাং সাবধান থাকিলে ইহ ও পর জগতে কৃষ্ণ-সেবোনুখতার ব্যাঘাত নাই।

প্রঃ—জীবের স্বতম্র ইচ্ছা কি ?

উঃ—জীব অণুচিৎ; এজন্য বৃহৎ-শক্তি মায়া তাহাকে আবরণ করিতে পারে। তদ্বারা তাহার সেবা-বৈমুখ্য বা সেবা-শৈথিল্য লাভ ঘটে। জীব সতন্ত্র-ইচ্ছাবিশিষ্ট অণুচিৎ। সতন্ত্র ইচ্ছার বলে সে এতত ও ভক্ত এই দুই প্রকারে অবস্থান করে। অভক্ত-অবস্থাই এখার বদ্ধাবস্থা বা সেবাবৈমুখ্য। তৎফলে তাহার ব্রক্ষ হইবার বাসনা ৩ মারার প্রভু হইবার দুর্দ্দমনীয় চেষ্টা দক্ষিত হয়। উদ্ধৃতকের কৃপায়ই সেবাখর্নো আগরণ বা আত্মধর্মো তাহার স্বাস্থ্যলাভ ঘটে, তখন আর তাহাকে বন্ধ হইতে হয় না। জীবের সতন্ত্র ইচ্ছা নাশ করিবার প্রয়াস পাইলে উহা প্রাকৃত গুণমারে পর্যারসিত ইইয়া পড়ে। জড়তা ও চেতনা এক নহে। জড় ভোগেজ্য চেতনাবরণী ও বিক্ষেপিণী। ভক্তের কৃপা হইলে স্বতন্ত্র-ইজ্যাযুক্ত বদ্ধাবস্থা আনায়াসে ছাড়িয়া দেওয়া যায়। ভক্তের আনুগত্যই স্বতন্ত্রতার সন্যবহার আর নিজ ভোগেছাই স্বতন্ত্রতার অপব্যবহার।

প্রঃ—বহিরঙ্গা শক্তি ও চিচ্ছক্তির কার্য্য কি ?

উঃ নশ্বর বিশ্ব ভগবানের বহিরঙ্গাশক্তি-প্রকটিত: উহাতে গুণত্রয় বিশ্ব ভগবা জগৎ চিচ্ছক্তিপ্রকটিত; তথায় হলাদিনী,

দাহিনী সন্ধিৎ—এই শক্তিত্রয় সর্বেক্ষণ কার্য্য করেন। চিচ্ছক্তি-প্রকটিত লগ্নং শিচ্হকি-সৃষ্ট জগং হইতে ভেদধর্মাবিশিষ্ট। জীবের স্বরূপ—কেন্দ্র এবং ভগবানের ভটস্থাশক্তি হইতে উদ্ভূত। ভগবানের এই ছিট্র শক্তিই নিত্রা বখন ভটস্থা-শক্তিপ্রকটিত জীব অনিত্য সংসারে জোগী সং ভগনই তাহার অমঙ্গল হয় বা দুঃখ হইয়া থাকে। জীব ভগবিত্বি ইইলেই বহিরঙ্গা-শক্তি মায়ার দ্বারা আক্রান্ত হয়। আর ভগবিত্বি ইইলেই বহিরঙ্গা-শক্তি মায়ার দ্বারা আক্রান্ত হয়। আর ভগবিত্বি ইইলে চিচ্ছক্তি ভাহাকে ভগবৎসেবায় সাহায্য করেন।

প্রঃ—াক্তত্ ও রাধাততে কি বৈশিষ্টা ?

উঃ— শ্রীরাধাঠাকুরাণী মূল আশ্রয়বিগ্রহ।শ্রীরাধা মধুর-রসাচার্য্য-শিরোমণি।
শ্রীবার্যতানবী কৃষ্ণকান্তামুকুটমণি। মধুর-রসাচার্য্য মদীয় শ্রীশুরুদেব শ্রীরাধার
প্রিয়সখী—নিত্যসিদ্ধ ব্রজগোপী।শ্রীল নরোন্তম ঠাকুর মহাশয়ের গুরুরপা
সখী বামে প্রভৃতি বাক্য আলোচনা করিলে জানা যায় যে, গুরু বা সখী
শ্রীবার্ষতানবীরই কায়ব্যুহ এবং তাহা হইতে অভিন্ন।

প্রঃ—শারীরিক সুস্থতালাভের জন্য ভগবানের নিকট প্রার্থনা কি অভক্তি বা ভক্তিবাধক ?

উঃ—া , শ্রীকৃষ্ণ আমাদিগকে যখন যে অবস্থায় রাখেন, তাহাই আমাদের শিরে। মের্য্য । কেবল ভজনার্থী হইয়া শারীরিক মঙ্গল লাভ করিবার ইচ্ছাও ভিত্রি অনুকূল ব্যাপার । কিন্তু অনর্থযুক্তভাব লাভ করিবার জন্য নিরাময় হইবার আকাজ্জাসূলে ভগবানের নিকট হইতে অভক্তের সেবা আদায়ের যে তেখা তাহা বরণীয় নহে পরস্তু বিত্ববিনাশন শ্রীনৃসিংহদেবের পাদপদ্মে কৃষ্ণভলনের উদ্দেশ্যে সুস্থ হইবার প্রার্থনা নিশ্যুই আদরণীয়।

গ্রঃ—অসুস্থ অবস্থায়ও কি ভজন করণীয় ?

উঃ— দৈহিক অবস্থা ভাল না থাকিলেও কৃষ্ণভেজনে ঔদাসীন্য প্রদর্শন যুক্তিস্গত নহে বলিয়া কৃষ্ণভেজন হইতে বিরত হইব না, মনে করিতেছি। তবে একেবারে অসমর্থ হইলে ভজন কেবল স্মরণমাত্রেই পর্য্যবসিত হইবে।

প্রঃ—অভক্তকে ভক্ত মনে করা কি উচিত ?

উঃ—না। শ্রীগুরুদের নামাচার্য্য—শ্রীনামকীর্ত্তনকারী। নামাপরাধীকে গুরুজ্ঞান করা উচিত নয়। সদ্গুরু কাহারও ইন্দ্রিয় -তর্পন করেন না—কাহারও মনযোগান কথা বলেন না। প্রেয়ঃপদ্বী ভজের কথা পছল করেন না। তাঁহারা মনের মত কথা খুঁজিয়া বেড়ান, এজন্য তাঁরা প্রকৃত মঙ্গললাভে বঞ্চিত হন।

আভক্তকে ভক্ত মনে করা, মিছা ভক্তিকে ভক্তি মনে করা আলুবজ্জনা মাত্র। ভক্তের সেবা বা ভক্তকে সম্মান করার সৌভাগ্য না হইলে এ ভভ্তকে ভক্ত সাজাইবার ইচ্ছা হয়। ময়ূর-পুচ্ছ লাগাইয়া কাক কি ময়ূর হইতে পারে ? নীলবর্ণ শৃগাল কি পত্তরাজ হইতে পারে ? ছলনা কয়দিন তাকা থাকিবে ? সত্য প্রকাশিত হইবেই। যাঁহারা কৃষ্ণসেবা করেন, ভাহারা দুর্বল নহেন, তাঁহারাই সবল বা দৃঢ়চিত্ত। কৃষ্ণসেবাই বড় ভিলিম, কৃষ্ণসেবকই বড়, ভাগ্য ভাল হইলে ইহা বুঝা যায়। ক্ষুদ্র ধনমদ, ভুচ্ছ বিদ্যামদ, অকিঞ্জিৎকর রূপমদ প্রভৃতিকে বহিন্মুখতাবশতঃ বড় করিয়া তুলিলে কৃষ্ণসেবায় ও কৃষ্ণভক্তের প্রতি উদাসীন্য আসিয়া বিপদ্ ঘটাইবে

প্রঃ—প্রতিষ্ঠাকাজ্ফা কি ভক্তিবাধক ?

উঃ— জড় প্রতিষ্ঠা সংগ্রহ করিয়া লাভ নাই। তাহা বৈষ্ণবী প্রতিষ্ঠার ব্যাঘাতকারক। প্রতিষ্ঠারূপিণী শূকরী বিষ্ঠা যে পরিত্যাজ্য, ইহা সর্কলা স্মরণ রাখিতে হইবে।

পথ দুইটি—শ্রেয়ঃ ও প্রেয়ঃ। ভক্তিপথের পথিকগণ শ্রেয়ঃ শর্ছা ও নিষ্কাম। কিন্তু প্রেয়ঃপন্থী বিষয়ীগণ কনককামিনী-প্রতিষ্ঠাকামী এজন্য ভক্তসঙ্গই মঙ্গলকর।

প্রঃ—অসৎসঙ্গ কি পরিত্যাজ্য ?

উঃ— বৈষ্ণবের ক্রিয়ামুদ্রা বুঝিবার ভাগ্য সকলের হয় ন কেই অজ্ঞতাবশতঃ আমাকে কটাক্ষ করিলে আমার উপকারই হয় কিন্তু আমার নিত্য আরাধ্য শ্রীশুরুবৈষ্ণ্যবের বিদ্বেষ করিয়া কেহ কেহ পিতৃপুরুষ সহ নরকগামী হয়, ইহাই আমার দুঃখ।

দুর্লভ মনুষ্য-জন্ম পাইয়া নিজের মঙ্গল সাধন করাই বৃদ্ধিমন্তা।
মিছাভক্তের সঙ্গ করা বিপজ্জনক। যাহারা ভোগ ও ত্যাগ স্বীকার করে
তাহারা ভক্তির উল্টাপথেই চলিতেছে। আউল, বাউল প্রভৃতি ১৩টি
অপসম্প্রদায় আছে। তাহাদের সঙ্গ দুঃসঙ্গ সেরূপ অধঃপতিত
দুঃসঙ্গকে— ধর্মাধ্বজী স্ত্রীসঙ্গীকে সৎসঙ্গজন হইলে অধঃপতন
অবশ্যস্তাবী। আপনি ঐসব বিপথগামীর সঙ্গ করিবেন না। অসতের সঙ্গ

জড়ভোগী বা জড়-রসানন্দী ব্যক্তি অদীক্ষিত ও দিব্যজ্ঞান-বর্জিত। তাহারা মিছাভন্ড বা অসং! এরূপ অসতের সঙ্গ ত্যাগ করিয়া সংসঙ্গ ও সাধুশাস্ত্র মিলাইয়া জীবনপথে অগ্রসর হউন!

প্র%— কে ভগবং-দেবার জন্য ব্যস্ত হয় মা ?

উঃ— যাহাদের চিত্ত শ্রীকৃঞ্জপাদপদের সেনা ব্যতীত অন্য ইতর বস্ত অতিলাষ করে, তাহাদিগকে প্রশংসা বর' যার না। উহা তাহাদের মন্দভাগ্যের বিষময় ফলস্বরপ। যাহাদের মঙ্গল বিজমে ইইবে, সেই অঙ্কবৃদ্ধি জনগণই ভগবং-মোলের ছন্য ব্যন্ত না হইয়া অন্যাভিলাষী হইয়া পড়ে— সংসারাস্থিতি বাড়াইয়া তুলো। আগনারা সে-সব লোকের জন্য চিত্তা করিবেন না। শ্বর্মকলতুক্ পুমান্।

প্রঃ—বাহাদুর হওয়া কি ভাল ?

উঃ— না। গুরুল্জন ও প্রতিষ্ঠাশা সর্বেনাশকর। অতিরিক্ত অর্থ ও বাহাদুরীর গারম তগবড়াক্তর জীবনের প্রয়োজনীয় বিষয় নহে। তাহাতে গুরু-লজান-তানিত অসুবিধাই হইতে পারে। আপনি আশীর্বাদ করিবেন যেন আমার ভিত্ত হামবড়া বাধাদুর হইবার দিকে ধাবিত না হয়। আমি জনেক সমন গাঁহাদিগকে মাজীয়জ্যানে কর্নশ ও রড় বাকা বলিয়া থাকি, তাঁহারা মাপ করিবেন—এই উদ্দেশ্যেই বলি, কিন্তু আপনার বিসের তিনি

বুঝিলি রাম হইয়া গেল, ইহাই দুঃখ।

প্রঃ—দীক্ষিত ভক্ত পিতৃশ্রাদ্ধ কিভাবে করিবেন ?

উঃ দীক্ষিত নামাশ্রিত ব্যক্তি দশাহের পরে একাদশ দিবসে মহাপ্রসাদদারা পিও দিয়া শুদ্ধভক্ত বিপ্রগণকে সেবা করাইবেন। উহা মঠে আসিয়া করাই ভাল। আর যাঁহারা ভক্ত নন বা দীক্ষিত নন, যাঁহারা হরিনাম করেন না এবং সমাজের বাক্যবাণ সহ্য করিতে পারিবেন না, তাঁহারা স্মার্তমতে পিও দিবেন। শ্রীহরিনাম করিয়া পিতৃপুরুষগণকে প্রেতজ্ঞান শাস্ত্রানুমোদিত নহে। তবে স্মার্তমতে যে সকল ব্যবস্থা আছে, উহা অধিকার-বিচারে ব্যবস্থিত। বিশেষতঃ স্মার্তমতে শ্রাদ্ধ করিলে পুনরায় মাতৃকুক্ষিতে গমনকরিতে হয়। ভগবস্তুক্তগণ তাহা কখনও স্বীকার করেন না।

স্মার্ত্তের বিচার শান্ত্রবিরুদ্ধ বলিয়া স্মার্ত্তপদ্ধতি ভক্তগণ স্বীকার করেন না। আর মুক্তগণের বিচারপ্রণালীও স্মার্ত্তের বোধগম্য নহে।

যাঁহারা ভক্ত নহেন, তাঁহারা শূদ্র-বিচারে ব্রিংশৎদিবস শোকচিহ্ন ধারণ ও কাঁচা হবিষ্যান্নগ্রহণ করিবেন। নামাশ্রিত ভক্তগণ প্রত্যহ মহাপ্রসাদ গ্রহণ করিবেন। তাঁহাদের স্মার্ত্তবিধির জন্য ব্যস্ত হইতে হইবে না। পরলোক গমন করিয়া বৈষ্ণব প্রেত হন এবং তাঁহার শ্রাদ্ধ অনিবেদিত বস্তুতে হইবে বলিয়া যে কুমত প্রচলিত আছে, সে সকল কথা হইতে আপনি দূরে থাকিবেন।

প্রঃ—অসম্ভষ্টভাব কি করিয়া যায় ?

উঃ— ভগবানে ভক্তি থাকিলে জীবের অসন্তোষের কোন কারণ থাকে না। এই পৃথিবীতে আমরা সেবা-বিমুখ হইয়াই কর্মফলাধীন হই। কর্মফলে কখনও সুখভোগ বা প্রথম আবার কখনও দুঃখভোগ বা বিদ্বেষভাবাপন্ন হই। ভগবৎ-সেবার প্রয়োজন বোধ উদিত হইলে যাবতীয় ক্রেশ ও সুথৈষণা আমাদের কিছুই করিয়া উঠিতে পারে না। তুমি সর্ব্রদা ভগবৎসেবায় মন দিবে। তাহা হইলে কেহই তোমার কোন ক্ষতি করিতে

পারিবে না। চঞ্চল হইয়া বা কাহারও প্রতি অসম্ভট্টভাব প্রদর্শন করিয়া যদি তুমি পৃথিবীতে থাক, তাহা হইলে ভগবৎসেবার কথা তোমার মনে পড়িবে না, বাক্যুদ্ধ, দেহযুদ্ধ বা মানসিক অসন্তোষ-রূপ যুদ্ধ তোমাকে হরিসেবা করিতে দিবে না। সুতরাং তরুর ন্যায় সহ্যগুণ-সম্পন্ন হইয়া ভগবদিচ্ছাক্রমে কুরুক্ষেত্রেই থাক, তাহা হইলে তোমার মঙ্গল হইবে। যেদিন শ্রীগৌরহরি তোমাকে অন্যত্র পাঠাইবেন সেই দিনের জন্য তুমি অপেক্ষা কর।

প্রঃ---আউল, বাউল কি বৈষ্ণব নয় ?

উঃ— আউল, বাউল প্রভৃতি অবৈষ্ণব। তাহারা মাতাজী লইয়া কপট ডেকধারীর বেষে বেড়ায়। ভজের ক্রিয়া ও মিছাভজের দৌরাত্ম্য বাহিরে এক দেখা গেলেও প্রকৃত প্রস্তাবে দুধ ও চুণ-গোলার ন্যায় উভয়ের মধ্যে আস্মান্-জমিন্ ফারাক্।

শাস্ত্র বলেন---

অসংসঙ্গত্যাগ—এই বৈষ্ণব-আচার। ক্রীসঙ্গী—এক অসাধু, কৃষ্ণাভক্ত আর॥

আখড়াধারী বাবাজীগণ স্ত্রীসঙ্গী ও কৃষ্ণাভক্ত দুইই। সুতরাং তাহাদের দুঃসঙ্গ দৃঢ়ভাবে পরিত্যাজ্য। নতুবা হরিভজন অসম্ভব। তবে কাহারও নিন্দা না করিয়া দূরে থাকাই কর্ত্ব্য। অসৎ লোক অসংচিন্তা করুক, ভক্তগণ ভগবানের চিন্তা করুন। আমরা ভক্তের পথই অনুসরণ করিব।

প্রঃ—ঈশ্বরবিশ্বাস কি প্রচুর দরকার ?

উঃ—আমরা মঠাদিতে ঈশ্বর-বিশ্বাস বৃদ্ধির জন্য সর্ব্বক্ষণ সেবকগণকে induce করিতেছি। ফললাভ—নিজ নিজ ভাগ্যসাপেক্ষ। কৃষ্ণানুগ্রহ হইলেই সকলে লাভবান্ হইবে।

সর্বেক্ষণ আশ্রয়জাতীয়ের রসালোচনা করিবে। তাহা হইলে জড়পুরুষ-অভিমান তোমাকে ক্লেশ দিবে না। আমরা আমাদের মানস চেষ্টায় সকলপ্রকার ভোগে আবদ্ধ হইতে পারি। কিন্তু আত্মবৃত্তি ভক্তির উন্মেষ হইলে শুদ্ধ নির্মাল আত্মা সর্ব্বক্ষণ হরিকথার অনুসন্ধান করিবে। প্রঃ—শরণাগতি কি ?

উঃ—সকল বিষয়ে কৃষ্ণেচ্ছাই বলবতী। আমি কিছু করিব ইচ্ছা করিলেও কৃষ্ণের ইচ্ছা না হইলে তাহা পরিবর্ত্তিত হইয়া যাইবেই। তাঁহার ইচ্ছার সহিত ইচ্ছা মিশানই শরণাগতি বা শান্তি।

প্রাপঞ্চিক বিষয়সমূহ সকলই কৃষ্ণলীলার অনুকৃল। আমরা সংসারে সুখ পাইলে ভগবান্কে ভূলিয়া যাইব বলিয়া আমাদের মন পরীক্ষা করিবার জন্যই দয়াময়ের এই প্রপঞ্চ নির্মাণ। সুতরাং এখানে সুখে থাকিলে কৃষ্ণবিশ্বৃতি অবশ্যম্ভাবী বলিয়াই তাঁহার এই দয়ার পরিচয়।

নিজে ইচ্ছা করিয়া ব্রজে যাওয়া যায় না। শ্রীরাধাকৃষ্ণের ওভেচ্ছা ও কৃপা হইলেই ব্রজবাস সম্ভব হয়। ব্রজযাত্রায় আমাদের নিজেচ্ছাই কৃষ্ণের প্রতিকূল অনুশীলন ও বাধকস্বরূপ।

চৈত্র মাসে আমার মথুরা যাইবার প্রবল ইচ্ছা সত্ত্বেও কৃষ্ণ-ইচ্ছা অন্যরূপ হওয়ায় আমাদের ইচ্ছা বাধাপ্রাপ্ত হইয়াছিল। আগামী আশ্বিন মাসে তথায় যাইবার ইচ্ছা করিয়াছি। তবে কৃষ্ণের ইচ্ছা যদি অন্যরূপ হয়, তাহাতে আমার কোন হাত নাই, বরং তাহার ইচ্ছার বিরূদ্ধে চেষ্টা করিলে আমি দোষী সাব্যস্ত হইব।

হরিভজন করিলেই শরীর, মন ও আত্মা—তিনটি ভাল থাকিবে, কিন্তু আমার মত ভজনবিমুখ হইলে তিনটিই প্রতিকূল হইয়া দাঁড়াইবে। প্রঃ—শ্রাণৌরাঙ্গদেবকে কি পতিরূপে ভজন করা যায়? উঃ—বিষয়বিগ্রহ কৃষ্ণই একমাত্র ভোক্তা, তদ্বাতীত আর সকলেই তাঁর ভোগ্য। শ্রীণৌরসুন্দর বিষয়বিগ্রহ কৃষ্ণ হইয়াও ভক্ত-ভাবে বিভাবিত। তিনি কৃষ্ণ হইয়াও কৃষ্ণসুখানুসন্ধানে ব্যস্ত। শ্রীকৃষ্ণ মাধুর্য্যবিগ্রহ আর শ্রীণৌরাঙ্গদেব ঔদার্য্যবিগ্রহ। আশ্বাদক বিষয়বিগ্রহ বলিয়া শ্রীণৌরসুন্দর কৃষ্ণই। জীব নিজেকে আশ্বাদক (কৃষ্ণ) বলিয়া অভিমান করিলেই তাহার

সংসার হইবে। কৃষ্ণভোগ্য জীবের ভোক্তা-অভিমানই পতনের কারণ।
শ্রীগৌরসুন্দর স্বরূপতঃ বিষয়বিগ্রহ বা ভোক্তা কিন্তু তিনি আশ্রাবিগ্রহের লীলাভিনয়কারী। এজন্য মহাপ্রভুর পতিত্ব বৈধবিচারে শ্রীলক্ষীপ্রিয়া ও শ্রীবিষ্ণুপ্রিয়া ব্যতীত তধলীনগণ শুদ্ধ দাস্যরসাশ্রিতা দাসী মাত্র। তাহাতে মুখ্যরসানন্দ শন্দের প্রয়োগ হইতে পারে না। যেখানে মধুররতিতে শ্রীগৌরসুন্দরের কৃষ্ণরূপ জানিতে হইবে। যাহারা অজ্ঞাতবশে গৌরকে নাগর বলে, সেই গৌরনাগরী-মত অশাস্ত্রীয় ও অপরাধময়। তাই শ্রীকৃন্দাবনদাস গাকুর শ্রীটেতন্য-ভাগবতে লিখিয়াছেন—

অতএব যত মহামহিম সকলে। গৌরাঙ্গনাগর হেন স্তব মাহি বলে।

প্রঃ—গৃহব্রত ব্যক্তির সঙ্গ কি গর্হণীয় ?

উঃ—গৃহব্রতধর্মকে প্রবল করিবার যাহাদের ইচ্ছা, আমরা কোন দিনই তাহাদের সঙ্গ প্রার্থনা করি না। যে সকল ব্যক্তি হরিভজনে অনুরাগী ও কৃষ্ণগৃহধর্মে অবস্থিত, তাহাদের সেবা করিবার জন্য আমাদের বাঞ্ছা প্রবল হওয়া আবশ্যক। দুঃসঙ্গ পরিহার করিয়া সাধুর আশ্রয় গ্রহণ করাই কর্ত্তব্য। যাহাবা অসাধুকে সাধু বলিয়া ভ্রম করে, তাহারা অসুবিধার মধ্যেই পড়িবে।

প্রঃ—মঠ-প্রতিষ্ঠার উদ্দেশ্য কি ? উঃ—সাধারণ লোকের অনুগ্রহের উপর কিন্তু মঠ প্রতিষ্ঠিত হয় নাই। শুদ্ধ ভক্তগণের ভজনোনুতির জন্যই মঠ প্রতিষ্ঠিত।

শ্রীকৃষ্ণসংকীর্ত্রন দ্বারাই শ্রীগৌরাঙ্গের সেবা হয়। যজ্ঞৈঃ সংকীর্ত্তনপ্রায়ের্যজন্তি হি সুমেধসঃ—শ্রোকেই তাহার প্রমাণ। শ্রীকৃষ্ণের গৌরলীলার আদর্শ জীবের একমাত্র মঙ্গলের পথ।

ভোগী ও ত্যাগীর মন যোগাইবার জন্য মঠ করা হয় নাই : পরস্ত শুদ্ধভক্তিপ্রচারের জন্যই মঠ স্থাপিত হইয়াছে। মঠস্থাপনরূপ হরিসেবাদ্বারা

## আমাদের মঙ্গল হইবে।

কেবল দুই একটী টাকা দ্বারা মঠের উপকার পাওয়াই আমাদের সম্বল নহে। বাজে লোকের নিকট হইতে সাহায্য লইবার জন্য আমাদের আগ্রহান্বিত হওয়া উচিত নহে। পরম্ভ নিখুঁত সত্যকথা বলিয়া যদি কাহারও উপকার করিতে পার, তবেই কৃষ্ণসেবাময় মঠের সেবা করিয়া ধন্য হইবে।

লোক অনেকসময় আমাদের সহিত কপটতা খেলিতে ইওলিকে ভগবানের পরীক্ষা জানিবে। জীবের সৌজাগ্য না থাকিলে দৃষ্ণারা মায়াকে অতিক্রম করা কঠিন। মায়াবাদী ও ভোগী উভয়েই বছাজীর। হবিপ্রসমুজনগণই কৃষ্ণভজ্জের কৃপায় হিতাহিতজ্ঞানবিশিষ্ট। অনেকেই ভোগপ্রাখান্যে চালিত হইয়া সত্যের উপলব্ধি হইতে বিরত হয়, জানিও

শীঘই গয়ায় গিয়া প্রবলভাবে প্রচার করিবার ইছো আছে কৃষ্ণেচ্ছা হইলে উহা নিশ্চয়ই কার্য্যে পরিণত হইবে।

প্রঃ—ভজের চিত্তবৃত্তি কিরূপ হইবে ?

উঃ— কেনোপনিষদ্ বলেন— সর্বশক্তিমান্ ভগবানের নিজিও শক্তি
লাভ করিয়া আধিকারিক দেবগণ নিজ নিজ শক্তির পরিজান্য করেন।
আবার সেই শক্তি পুনর্গৃহীত হইলে তাঁহাদের শক্তি আর হলে না
শীরপানুগ ভক্তগণ নিজ শক্তির উপর আস্থা স্থাপন না করিয়া ভালা সকল মহিমার আরোপ করেন। আমরাও শ্রীকৃষ্ণিটেলের শ্রীয়াণ্
শীভক্তিবিনোদ ও শ্রীওক্রপাদপদ্মের উদ্দেশ্যেই সকল কার্য্য হরি। প্রভিত্র বা আনুগত্যের পথ ছাড়িয়া দিলে অহঙ্কারবিমূঢ়াতাত্ত্ব অলাকিশ্যের রা
করে।

প্রঃ— কেবলাদ্বৈতবাদীর সহিত বৈষ্ণব-বৈদান্তিকের পার্থক্যে কি ?
উঃ— অদৈতবাদী বা মায়াবাদী নির্বিশেষবাদের পক্ষপাতী, আর বৈঞ্জব-বৈদান্তিক নিত্য সবিশেষবাদ-স্বীকারকারী। অদ্বৈতবাদী প্রস্তান্ত্র কর্তিক আর বৈষ্ণব-বৈদান্তিক নিষ্কপট আন্তিক। অদ্বৈতবাদী আংক্তর বিজ্ব বৈষ্ণব-বৈদান্তিক অবরোহবাদী। অদৈতবাদী শরণাগতি-বিরোধী আর বৈষ্ণব-বৈদান্তিক নিত্য ঐকান্তিক শরণাগতির পক্ষপাতী।

প্রঃ—ভক্তগণ কি নীতি স্বীকার করেন?

উঃ—- যাঁহারা কৃষ্ণের প্রকৃত ভক্ত তাঁহারা কখনই অনৈতিকতার পক্ষপাতী নহেন। নিখিল সুনীতি একমাত্র ধর্মামূর্ত্তি শ্রীকৃষ্ণের পাদপদ্মেই পূর্ণতমরূপে আবদ্ধ। জীবাআর সর্কোচ্চ নীতি -বিজ্ঞানই পরমাত্রার প্রতি অনুরাগ। এই শুদ্ধ অনুরাণের শেষসীমা একমাত্র কৃষ্ণভক্তগণেই আছে।

মহাত্মা খ্রীষ্টপ্রচারিত উত্তমনীতিসমূহ অনম্ভকোটি গুণে পরিবর্দ্ধিত ও পরিপূর্ণতা প্রাপ্ত হইয়া কৃষ্ণভক্তগণের প্রেম-নীতির সেবা-সময় প্রতীক্ষা করিতেছে।

আমাদের বিচার কেবল লৌকিক নীতিতে আবদ্ধ নহে। লৌকিক নীতি অতিক্রম করিয়া যে অলৌকিক নীতি এবং তাহা অতিক্রম করিয়াও যে পারমার্থিক প্রেম-প্রয়োজন-নীতি, সেই নীতিই আমাদের কাম্য। যখন সেই অতিমর্ত্ত্য প্রেমনীতিতে কোন শুদ্ধ জীবাত্মা অধিষ্ঠিত থাকেন, তখন লৌকিকী নীতি-সমূহ অত্যম্ভ ছোট মনে হয়, কিন্তু লৌকিকী নীতির প্রতি ভক্তের কোন প্রকার বিদ্বেষ থাকে না বা অনুরাগও দৃষ্ট হয় না। অথচ সকল নীতিই সেই প্রেমিক পুরুষের সেবা করিয়া ধন্য হইবার জন্য পরমার্থনীতির পশ্চাতে দাসীর ন্যায় অপেক্ষা করে।

পারমার্থিকের চরিত্র কখনও নীতিহীন নহে। নীতি-বিদ্বেষী বা নীতিভ্রষ্ট ব্যক্তিগণ কখনই পারমার্থিক-পদবাচ্য নহে। ব্যক্তিচার কখনও ভক্তি হইতে পারে না।

প্রঃ---কৃষ্ণলীলা ত' অশ্লীল হইতে পারে না ?

উঃ—জিতেন্দ্রিয়-কুল-চূড়ামণি পার্ষদ-ভক্তগণ যে কৃষ্ণলীলার আলোচনা করেন, যে কৃষ্ণলীলা শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ করিলে পাপ ও সংসার হইতে নিষ্ঠৃতি হয়, চিরশান্তি লাভ হয়, প্রেমলাভ করা যায়, কামনা- বাসনার হাত হইতে চিরতরে উদ্ধার পাওয়া যায়, সেই কৃষ্ণলীলা যে কত সর্ব্বোত্তম-মীতিপরিপুই, নিখিল-মীতির কত আরাধ্যতম, তাহা জাগতিক মীতিবাদীগণ তাহাদের কুদ্রতম মন্তিকে ধারণাই করিতে পারিবে না। কৃষ্ণের প্রেমলীলা রোমিও-জুলিয়েটের ন্যায় নায়ক-নায়কা বা আদর্শ স্ত্রী-পুরুষের কামলীলার ন্যায় প্রাকৃত নহে। এখানকার কাম বৃত্তিমাত্র, আর অপ্রাকৃত কৃষ্ণরাজ্যের কাম বিগ্রহ-বিশিষ্ট। আত্যেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা বা ষসুখবাঞ্ছার নাম—কাম। আর কৃষ্ণপ্রীতি বা কৃষ্ণপ্রীতিবিধানের নাম—প্রেম। কাম— অন্ধকার, প্রেম— নির্মল ভাষ্ণরসদৃশ। অপ্রাকৃত কাম বর্থাৎ প্রেম কৃষ্ণেন্দ্রিয়পূর্তিবাঞ্জারপ বিগ্রহবিশিষ্ট। রিপু এখানকার কামকে অবিরত তাড়না করে, কিন্তু অপ্রাকৃত ধামে কৃষ্ণের চিনায়-বিগ্রহ-মাধুর্য্য কৃষ্ণকামকে চালিত করিয়া থাকে।

জগতের কামের চালক—রিপু, আর প্রেমের চালক—কৃষ্ণ।
কৃষ্ণের লীলাকে অশ্লীল বলা যাইবে না। এরূপ মনে করাও
অপরাধ। কারণ কৃষ্ণই অদিতীয় ভোক্তা, পরম-বাস্তব সত্য, নিরদ্ধুশ
ইচ্ছাময় স্বরাট্ (Spiritual Despot).

প্রঃ—ধর্মের কি ক্রমবিকাশ আছে ?

উঃ— নিশ্চয়ই আছে। ধর্মজগতে দুই শ্রেণীর ক্রেমবিকাশ-পদ্মা লক্ষ্য করা যায়। এক শ্রেণীতে ইন্দ্রিয়-তর্পণ বা আধ্যক্ষিক-জ্ঞানের ক্রমবিকাশ। আর এক শ্রেণীতে কৃষ্ণেন্দ্রিয়তর্পণ বা অধ্যক্ষজ-জ্ঞানের ক্রমবিকাশ। ইন্দ্রিয়তর্পণ বা আধ্যক্ষিকজ্ঞানের ক্রমবিকাশ যত গাঢ় হইতে থাকে, ততই নান্তিকতার মাত্রা বৃদ্ধি পায়। আবার ভগবদিন্দ্রিয়-তর্পণের ক্রমবিকাশ যত গাঢ় হইতে থাকে ততই আন্তিকতা অপূর্ণ হইতে পূর্ণ এবং ক্রমে পূর্ণ হইতে পূর্ণতর ও পূর্ণতমরূপে পরিক্ষুট হয়।

ইন্দ্রিয়তর্পণ বা আধ্যক্ষিক-জ্ঞানের ক্রমবিকাশে প্রথমে নাস্তি ক্যবাদ, দিতীয় স্তরে সন্দেহবাদ, তৃতীয় স্তরে অভ্যেয়তাবাদ, চতুর্থস্তরে মায়াবাদ এবং অবশেষে শূন্যবাদ আসিয়া উপস্থিত হয়। আবার অন্যদিকে ভগবিদিন্ত্রিয়তর্পণ বা অধ্যেক্ষজ-জ্ঞানের ক্রমবিকাশে অর্থাৎ চিদ্বিলাসের বিভারে নির্কিশেষ ব্রহ্ম ও একল-বাসুদেবের বিচার পরিত্যাগ করিয়া বাদ্দিনারায়ণ, সীতারাম, রুক্মিণীশ এবং রাধাগোবিন্দের উপাসনার ভ্রমতারতার্যা পরিপুষ্ট হইয়া থাকে।

্র লব-জাতি ইন্মিরতর্পণের ক্রমবিকাশে শ্রীরাধাগোবিন্দের অপ্রকৃত লীলাড়ে স্ক্রীল মানে করিয়া রাধানাথের ধারণা হইতে রুক্মিণীশের ধারণা কিন্তি এলে বলিয়া বিবেচনা করেন। আবার বহুবল্লভ দ্বারকেশের ধারণা স্থানিত্র এক-পাত্নীব্রভধর জানকী-বল্লভের ধারণা অধিকতর নৈতিক-বিচারপৃষ্ট মনে করেন।

ভারারা রামচন্দ্র অপেকা লক্ষ্মীনারায়ণের ধারণাকে অধিকতর ভত্তালগুজ বিচার করেন। আবার পুং-দ্রী-মিশ্র উপাস্যবিচার অপেক্ষা এব ্র-ক্রান্ত্রে কল্পিত ধারণা অধিকতর নীতিপুট বিচার করেন , কিন্তু েক্লা-বাশ্যুদের অর্থাৎ চিছেভিইন শক্তিমান্ পর্মেশ্বের অন্তিত্ব-কল্পনা ে ্যতা বা নিবিব্দেষবাদেরই প্রথম সোপানে পদবিক্ষেপ: এইরূপে ্যান্ত নামারী নীতি বা আধ্যক্ষিকজ্ঞান ক্রমশ্র উন্মার্গে আরোহণ করিতে ্তিত নির্নির্দেষ-ব্রহ্মবিচারে আসিয়া পড়ে অর্থাৎ পরমচেতনকে (Over Soul) টাহার নিত্য চিদ্বিলাস-ধর্ম হইতে চিরবর্জিত করিতে চায়, তংকে বাজিত্ব (Transcendental Personality) ধ্বংস করিবার প্রত্যায়। ত্রেম ইন্তিয়তপণ-নীতি আরও অগ্রসর হইতে ইচ্ছা ক্রিল অভি অধ্যাক্ষিক-জ্ঞানে জৈন-ধর্মা ও বৌদ্ধ -ধর্মোর আবাহন লার 'ভান ও বৌদ্ধর্মের অতি-নীতিবাদ চিন্মাত্র হইতে অচিন্মাত্রে, তি ভূ হই তে কেবল নস্তিতে বা শ্নাতে পরিণত হইয়া থাকে। হাত্রা এপ্রের ক্রমবিক্রশ মানব-মণীষ্যকে এইরূপে ভগবদিন্দ্রিয়-তর্পণের বিচার হাইটো পতিত করিয়া একেবারে নান্তিকের অতল জলধিতে হ'চনাত্র-সমাধি প্রদান করে। জীব যতই ভগবদিন্দ্রিয়-তর্পণের বিচার গ্রান্ত ইয়া অত্যেন্দ্রিয়-তর্পণের পথে অগ্রসর হইতে থাকিবে

ততই এইরূপ ক্রম-নাস্তিকতার দিকে ধাবিত হইবে।

প্রঃ—শ্রীকৃষ্ণসংকীর্ত্তনে কি সকলেরই অধিকার আছে ?

উঃ—নিশ্যুই। শ্রীহরিনাম ও ভগবান্ শ্রীহরি—দুইটী পৃথক্ বস্তু নহেন, একটীমাত্র বস্তু। শ্রীনাম ও নামী অভিন্ন।

শ্রীকৃষ্ণসংকীর্ত্তনে সকলেরই অধিকার আছে। কৃষ্ণে যেমন সর্ব্বশক্তি আছে, নামেও তদ্রূপ সর্ব্বশক্তি আছে। পুরুষ হরিভজন কর্বে, স্ত্রী কর্তে পার্বে না, সুস্থ ব্যক্তি হরিভজন কর্বে, রুগ্ন ব্যক্তি কর্তে পার্বে না, যা'র গায়ে খুব জোর নাই, সে হরিভজন কর্তে পার্বে না— এরূপ বিচার শ্রীনামসংকীর্ত্তনে নাই। ও বালক, আমি বৃদ্ধ হ'য়ে ওর সঙ্গে হরিকীর্ত্তন কর্বো না, আমি পণ্ডিত, মূর্যের সঙ্গে হরিকীর্ত্তন কর্বো না, আমি পণ্ডিত, মূর্যের সঙ্গে হরিকীর্ত্তন কর্বো না— এরূপ মনোধর্ম্ম ও দেহধর্মের বিচার আত্মধর্ম্ম শ্রীকৃষ্ণসংকীর্ত্তনে নাই। মল-মূত্র-ত্যাগ-কালে অথবা পাপযুক্ত হৃদয়ে হরিনাম কর্তে পারিনা— এরূপ বিচারও শ্রীকৃষ্ণসংকীর্ত্তনে নাই; মল-মূত্র-ত্যাগকালে হরিনাম করা যায়, পাপিষ্ঠ ব্যক্তিও হরিনাম কর্তে পারে; কিন্তু যারা হরিনাম করে পাপ হঙ্কম কর্বো— এরূপ কপটতার আশ্রম করে, তারা হরিনাম কর্তে পারে না, নামবলে পাপ কর্বার প্রবৃত্তি থাক্লে হরিনাম হয় না।

প্রঃ—অতি ক্ষুদ্র বস্তু জীব বিভু ভগবানের সেবা কি ক'রে কর্বে ?
উঃ—জীব আমি অচিৎ ক্ষুদ্র পদার্থ নহি, আমি চিনায় ক্ষুদ্র পদার্থ। এই
অতি ক্ষুদ্র জীবের মধ্যে অনন্তের সেবা কর্বার সামর্থ্য আছে। চেতনের
গঠন এরূপ নয় যে, অণু হ'লে সে অনন্তের সেবা কর্তে পার্বে না।
উদাহরণস্বরূপে বলা যায়—বিক্ষুলিঙ্গ আধার প্রাপ্ত হ'লে সমগ্র জগৎ
পুড়িয়ে ভন্মীভূত ক'রে দিতে পারে।

প্রঃ— সেবা জিনিষটি কি ?

উঃ— যাহাতে ঠাকুরের সুখ হয়, তাহারই নাম সেবা। আর যাহাতে নিজের সুখ-সুবিধা হয়, তাহার নাম ভোগ। ভগবান্ শ্রীহরি এ জগতে দুই প্রকারে আমাদের নিকট আদেন— (১) অর্চারূপে (২) নামরূপে। এই অর্চাবতার ও নানান্তারের প্রতি যাহাদের শ্রনা হয়, তাহাদেরই মঙ্গল হয়

কপটতা থাক্লে শ্রীবিগ্রহদেব ও শ্রীলামনী র্ল হইবে না তদ্ধভজের নিহুপট দেবা ও সঙ্গ ব্যতীত আমাদের মঙ্গল ইইতেই পারে না। ভগবান্ ও ভজ্জার বঞ্চনা করিয়া ভজ্জি হয় না। ভগবানের সেবা ও সেবার অভিনয়— দুইটি পৃথক্ বন্ধ। ভগবানের শ্রীঅর্চামূর্ত্তির সেবা যাহাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়, তজ্জন্য আমাদিগকে বিশেষ যতু করিতে হইবে। শ্রীবিগ্রহ সাক্ষাৎ ভগবান্ এজন্য যে সে ব্যক্তি শ্রীবিগ্রহের সেবা করিতে পারে না। বেতনভোগী লোক লিয়ে ঠাবুরের পূজা বা রামুদি সেবা হয় না। সদ্ভরুচরণাশ্রিত নিম্কপট সেবকই শ্রীবিগ্রহরূপী ভগবান্ ও শ্রীনামরূপী ভগবানের সেবা করিতে পারেন। কেননা টাকা নিয়ে ভগবৎ-সেবা হয় না— ভগবৎ-সেবা প্রাণ দিয়ে প্রীতির সহিত করিতে হয়।

বিষ্ণু-বৈশ্ববের সেবাই সর্ব্বেং ই— এরপ দৃড় বিশ্বাস যতদিন না হট্বে, ততদিন পর্যান্ত আমাদের কোন মঙ্গলই হট্বে না। এজন্য সর্ব্ধান্ম বিশেষ শ্রদ্ধার সহিত জীবিং হের লোগ করা কর্ত্বা; তবে শ্রীহিপ্রহ্সেরা ও ট্রীন্মানেরা ভগবানের দুখের জন্যই কবিতে হইবে। অন্য কোন ইন্দেশ্য থাকিলে সেবা হইবে ন তাই আমবা সকলের নির্কট প্রার্থন, জান ট্রেই— হে বন্ধুবর্গ, আগলায়া সন্যালর সম্পন্ন হইয়া ভগবানের সূথার জন্য ভগবংসেরা কালন হলালায় বহা চেহালাওলি মঙ্গলের পর লা। কপটতা করিয়া যাত্রার দ্বের দ্বের ভ্রান্তি ও ফ্রীর্ত্তন করুন, তাহা হইলেই মঙ্গল হইবে।

প্রঃ— আম্য়া কৃষ্ণকৈ দেখতে পদ্মি না কেন ? উঃ— কৃষ্ণ মধোক্ষজ বস্তু বলিয়া জড় ইন্মিয়াস ভাগেনি দান্ত উপ্তাকে জানা যায় না , কৃষ্ণ কাহারও ভোগ্য নন ; তিনিই এক মান্ত্র হোজা, মান সকলেই তাঁহার ভোগ্য। কৃষ্ণবিমুখতার জন্যই আমাদের বর্ত্তমান ধারণা কৃষ্ণকে দেখতে দের না। কৃষ্ণের মায়ার দুইপ্রকার বৃত্তি—(১) কৃষ্ণকে দেখতে না দেওয়া. (২) কৃষ্ণকে সরিয়ে দেওয়া। এই অসুবিধাদ্বয় দূর কর্তে পারেন— একমাত্র কার্ষ্ণ।

কুলীন্থামবাসীর প্রশ্নের উত্তরে শ্রীমন্মহাপ্রভু ব'লেছেন—কৃশুসেবা, কার্চ্চাসেবা ও নামসংকীর্ত্তন— এই তিনটীই জীবের কৃত্য: ভজনীয় বস্তু হ'লেন— ভগবনে, ভজনকারী হ'লেন— ভজ আর ভজনকৃত্তি হ'লো ভক্তি— এই তিনটিই লিত্য: ভগবানের সেবার জন্য অবিমিশ্রা চেষ্টা না করা পর্যান্ত ইহা উপলক্ষির বিষয় হয় না। মিশ্র-চেষ্ট্রাতে ভগবদুপলক্ষি সম্ভব নয়।

আমরা কপ্টতা ক'রে মুখে বল্ছি— আমরা বিষ্ণুপাসক — কৃষ্ণের দাস ; কিন্তু প্রকৃত প্রভাবে আমরা ইন্দ্রিয়ের দাস— ভোগী। যেকাল পর্যান্ত জীবে ওল্লা দেবা-প্রবৃত্তি উদিত না হর, সেকাল পর্যান্ত তাহার কোনও কৃষ্ণজ্ঞান হর নাই জানতে হ'বে। শ্রীগৌরসুল রের কথা আমাদের হাদয়ে প্রবিষ্ট না হওয়ার জন্যই আলাদের এই অবস্থা। কৃষ্ণ-সেবা ও কার্যু সেবার জিন্ত একমাত্র কৃত্য, যতিনন আমরা ইহা উপলব্ধি কর্তেনা পারি, ত তানন পর্যান্ত আমরা বঞ্চিত। আমরা ফলন নিচ্চপ্রেট কার্যের শরণ গ্রহণ করি, তখনই আমরা বঞ্চিত। আমরা ফলন নিচ্চপ্রেট কার্যের শরণ গ্রহণ করি, তখনই আমরা এ দুর্বুদ্ধি হ'তে ছুটি লেতে পারি।

যারা নিরন্তর ভগবদুপাসনা করেন, তাঁদের শ্রীহন্ত দ্বারা উন্মীলিত
চক্ষেই আমাদের ভগবদ্ধন সম্ভব হয়। যিনি সর্ব্বঞ্চণ ভগবদ্ধজন
করেন—যিনি প্রতি পদবিক্ষেপে সর্ব্বতোভাবে ভগবানের সেবা করেন,
সর্ব্বাস্থ দিয়ে ভগবানের সেবা ছাড়া যিনি আর কিছুই করেন লা, এমন
কোন মহাপুরুষের সেবাই আমাদিগকে শুদ্ধ কৃষ্ণভঙ্গন দিতে পারে—
কৃষ্ণদর্শন করাইতে পারে।

ক্ষান্ত শূর্য ক্রিক্টেন্ট্র কুপায় যখন হরিকীর্ত্তন করার সৌভাগ্য ে. তথন সংক্রিক্টিন্ট কুঞ্চ নিতান্ত অযোগ্য ব্যক্তিরও যাবভীয় অসুবিধা কৃপাপূর্ব্বক দূর করিয়া তাহাকে রক্ষা করেন—দর্শন দেন।

ভোগী ব্যক্তি ভোক্তা ভগবানের দর্শন পায় না। ভক্ত-গুরুর কৃপায় যখন সে নিজেকে কৃষ্ণ-ভোগ্য ব'লে জান্তে পেরে কৃষ্ণ-সেবা ও কার্ম্ধসেবাকে জীবন করে, তখনই ভগবৎ-কৃপায় তাঁ'র ভগবদর্শন হয়।

ত্যাগী সংসার-ত্যাগের দক্ষে ভগবন্কেও ত্যাগ ক'রেছে, এজন্য তা'র ভগবদার্শন হয় না। কেবলমাত্র ভক্তই গুরু-কৃপাপ্রদত্ত ভক্তিচক্ষে ভগবানের দর্শন পায়।

প্রঃ— বিষয় ও আশ্রয়ের মধ্যে কি সমন্ধ ?
উঃ— শ্রীকৃষ্ণই একমাত্র বিষয়, আর সকলেই আশ্রয়। আশ্রয় কিছু
বিষয় হইতে পৃথক্ বা দ্বিতীয় বস্তু নহেন।

বিষয় ও আশ্রায়ের মধ্যে সেব্য-সেবক-সম্বন্ধ। বিষয় মাত্র এক,
কিন্তু আশ্রয় বা আশ্রিত বহু। শ্রীকৃষ্ণই সেই অদ্বিতীয় বিষয় বা বিষয়বিগ্রহ।
আশ্রয় বহু হইলেও মূল আশ্রয়তত্ব বা মূল আশ্রয়বিগ্রহ পাঁচটি— মধুররসে
শ্রীবার্ষভানবী, বাৎসল্যরসে শ্রীনন্দ-যশোদা, সখ্যরসে শ্রীসুবলাদি, দাস্যরসে
রক্তকাদি এবং শান্তরসে গো, বেত্র ও বেণু প্রভৃতি। অন্যান্য আশ্রয় বা
আশ্রিতগণ এই পাঁচটি মূল আশ্রয়তত্বের কাহারও না কাহারও আনুগত্যে
কৃষ্ণসেবা করেন। জগতের কথায় সময় নষ্ট করিবার অবসর যাহাদের
নাই, তাঁহারাই এই সকল কথার মর্ম্ম বুঝিতে পারেন

বর্ত্তমান অবস্থায় কৃষ্ণপ্রথমমূর্ত্তি শ্রীরাধার তত্ত্ব বুঝা যায় না।
শ্রীবৃষভানুনন্দিনী আশ্রুজাতীয় কৃষ্ণবস্ত্র যে অপ্রাকৃত ধামে চিন্বিলাসচমৎকারিতা পরিপূর্ণরূপে বিরাজিত, শ্রীরাধিকা তাহার মধ্যে সর্বশ্রেষ্ঠ
স্থান অধিকার করিয়া বর্ত্তমান। তিনি কৃষ্ণের সেবা করিবার জন্য কৃষ্ণবক্ষে
আরোহণ করেন, তিনি কৃষ্ণের সেবা করিবার জন্য কৃষ্ণকৈ তাতৃন ও
ভর্ৎসন পর্যন্ত করেন। কৃষ্ণসেবার জন্য যাহার লৌলা উপস্থিত হইয়াছে,
তিনিই কেবল ভদ্ধতিতে এই সকল কথার মর্মা অনুভার ক্রিটার প্রিটার

প্রঃ--- সার্বেজনীন ধর্ম কি ?

উঃ— বর্ত্তমান সময়ে ধর্ম্ম বা দেশসেবা প্রভৃতির নামে যে সকল কার্য্য জগতের লোকের নিকট বড় আদরের ও ধর্ম্ম বলিয়া চলিতেছে,সেই সব ভগবদ্বিমুখ কর্ম্ম-জ্ঞান-যোগাদির চেষ্টা নান্তিক -সম্প্রদায়ের অক্ষজ-ভোগময়ী চেষ্টা মাত্র: উহাতে ভগবানের সেবার গন্ধমাত্র নাই।

ভগবান্ শ্রীকৃষ্ণ গীতার 'সর্ব্ধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ' শ্লোকে সর্ব্ধর্ম্ম পরিত্যাগ করিয়া ভগবদাশ্রয়রূপ ধর্ম্ম গ্রহণ কর্তে বল্লেন। কিন্তু ভগবানের সেই সাক্ষাৎ আদেশ ও উপদেশ লজ্ঞন ক'রে 'সর্ব্বধর্ম্মসমন্বয়' প্রভৃতি নাম দিয়ে ভগবদ্বহির্দ্মখ নান্তিক-সম্প্রদায় মনঃকল্পিত মত বা মনোধর্মা সৃষ্টি ক'রে নিজেরাও বঞ্চিত হ'চ্ছেন ও অপরকেও বঞ্চিত কর্ছেন। জগতের সমস্ত লোকও যদি উহাকে সত্য ব'লে গ্রহণ করে, তথাপি উহা বাস্তব সত্য হ'তে বহুদূরে অবস্থিত। ভগবদ্বিমুখ অক্ষজ্জানবাদীর চেষ্টা কখনও পরমধর্ম্ম বা সনাতনধর্মা নহে। অধ্যক্ষজ ভগবান্ শ্রীহরিতে অহৈতৃকী ও অপ্রতিহতা ভক্তি বা সেরাই জীবমাত্রের পরমধর্মা ও একমাত্র সার্ব্বজনীন বর্ম। ইহাই আত্মধর্ম্ম, নিত্যধর্ম্ম বা সনাতন ধর্ম।

পদ্মপুরাণ বলেন— আরাধননাং সর্বেষাং বিজ্ঞোরারাধনং পর্ম । তত্মাৎ পরতরং দেবি ভলীয়ানাং সমর্চ্চেন্ম ।

পৃথিবীতে যতরকমের আরাধনা আছে, তন্যুধ্যে বিষ্ণুর আরাধনা শ্রেষ্ঠ বিষ্ণুর আরাধনা অপেক্ষা বিষ্ণুভজের আরাধনা আরও শ্রেষ্ঠ। কৃষ্ণের আরাধনা অপেক্ষা বৃষভানুনন্দিনীর আরাধনা শ্রেষ্ট, নন্দ-যশোদার আরাধনা শ্রেষ্ঠ, শ্রীদাম-সুদামের আরাধনা শ্রেষ্ট, রক্তকপত্রকের আরাধনা শ্রেষ্ঠ।

প্রঃ—শ্রীগুরুপাদপদ্মে কিরূপ দৃঢ়তা থাকা প্রয়োজন ?
উঃ— প্রকৃত শিষ্য শ্রীগুরুদেবকে কৃষ্ণপ্রেষ্ঠ, সেবক-ভগবান্ বলিয়াই জানেন তিনি শ্রীগুরুদেবকে ভগবানের চেয়ে কোনও অংশে কম মনে

করেন না । নিশ্বপট শিষা গুরুকে ভগবানের ন্যায় ভক্তি করেন, পূজা করেন, সেবা করেন। যাঁহারা এইভাবে গুরুর সেবা করেন না, ভাঁহারা শিষ্যস্থান হইতে ভ্রম্ভ ইইয়া যান। গুরুকে ভগবানের প্রকাশমূর্তি ও অভিনুবিগ্রহরূপে দর্শন না ইইলে কোনও দিন শুদ্ধনাম ইইবে না

আমি সরলতার সহিত ৪৬র্বানুগতে শ্রী ৪ক্ত-গৌরান্সের সেবা করিব— ভগবানের ব কা আমার ৪ক্তানের পর্যান্ত আছে— আমি সেই বাক্য যথাযথ পালন করিব । আমি পৃথিবীর কাহারেও কথা শুনিয়া ৪ক্তর অবজ্ঞা করিব না। কৃঞ্চপ্রেষ্ঠ শ্রী৪ক্তানেরে শিক্তা পালন করিতে গিয়া যদি আমাকে দান্তিক হইতে হয়, পশু হইতে হয়, অনন্তকাল নরকে যাইতে হয়— আমি অনন্তকালের জন্য Contract করিয়া সেইরূপ নরকে যাইতে চাই। আমি ৪ক্ত-আজা ছাভিয়া অন্য কোন লোকের কথা শুনিব না— জগতের অন্যান্য লোকের চিন্তান্তোত ওক্তপাদগদ্মের বলে মুষ্ট্যাঘাতে বিদ্বিত করিব। আমার শ্রীগুরুপাদপদ্ম-পরাগের একটু কণা ছড়াইয়া দিলে জগতের কোটি কোটি লোক উদ্ধার লাভ করিবে। এমন কোন পাণ্ডিত্য জগতে নাই, এমন কোন সন্বিচার চতুর্সশ ভুবনে নাই—যা' নাকি আমার শ্রীগুরুদ্দেরের পাদপদ্মের ধৃন্তির একটি কণা হইতেও শুরী হইতে পারে। প্রকৃত শিষ্যের এইরূপ সূদ্য বিশ্বাস ও দৃত্তা থাকা প্রয়োজন।

প্রঃ— সাধক আমাদের চিত্তবৃত্তি বা বিচার কিরপ হইবে ?
উঃ— সাধক অনর্থাকে অর্থলাভের পূর্বাবস্থা বলিয়া জানিবেন । কারণ প্রতিকৃল বিষয়গুলি পরক্ষণেই ভজনেব অনুকৃলতা প্রসব করে। জগতের সকল বস্তুই কৃষ্ণাসেবার উপকরণ— এরপ সুবৃদ্ধি হইলে ভোগবুদ্ধি আর জীবকে বিব্রত করিতে পারে না কৃষ্ণের যাহাতে আনন্দ, তাহাই আমাদের সম্ভুষ্টচিত্তে স্বীকার করা কর্ত্ব্য । কৃষ্ণা যদি আমাকে বিমুখ রাখিয়া সুখী হন, তাহা হইলে তাহাই আমার বরণীয়া ভগবানে এইরপ নির্ভরতাই আমাদিগকে রক্ষা করিবে শ্রণ-ক্রিন্তিন প্রবল হয়ালে

আপনা হইতে অপসারিত হইবে। নিত্যসিদ্ধ মহাজন শ্রীগুরুপাদপদ্মের অনুসরণই আমাদের মঙ্গলের একমাত্র সেতু— ইহা দৃঢ়ভাবে জানিয়া আমাদিগকে ভক্তিপথে অগ্রসর হইতে হইবে।

প্রঃ—কে কৃষ্ণকে দিতে পারে ?

উঃ কৃষ্ণ এ জগতের কোন বস্তু নন। কৃষ্ণই জগদীশ্বর, কৃষ্ণই পরমপ্রক্ষ, কৃষ্ণই পরমপত্য, কৃষ্ণই বাস্তব বস্তু, কৃষ্ণই একমাত্র উপাস্য, কৃষ্ণই একমাত্র ভাজা, কৃষ্ণই একমাত্র আরাধ্য। সেই মায়াধীশ কৃষ্ণকে এজগতের কেহ দিতে পারে না। কৃষ্ণ ভক্তেরই সম্পত্তি। এজন্য ভক্তই কৃষ্ণকৈ দিতে পারেন। কৃষ্ণ সেবোনুখ ব্যক্তির শুদ্ধচিত্তেই উদিত হন।

কৃষ্ণের ভক্ত কৃষ্ণকে দারে দারে বিতরণ করেন. এত তাঁহার দয়া। কৃষ্ণভক্তগণ জীবের প্রতি কৃপাপরবশ হইয়া তাঁহাদের দারে দারে গিয়া সাক্ষাৎ কৃষ্ণ শ্রীনাম বিতরণ করেন। পরমদয়াল শ্রীগৌরাঙ্গ-মহাপ্রভূও জীবের একমাত্র উপাস্যবস্তু ও বাস্তববস্তু শ্রীনাম সর্বত্র বিতরণ করিয়াছিলেন। ভাগ্যক্রমে আমরা যদি কোন কৃষ্ণভক্তকে আশ্রয় করিতে পারি— তাহার পাদপদ্মে নিঙ্কপটে আত্মনিবেদন করিতে পারি, তাহা হইলে তিনি আমাদিগকে কৃষ্ণ দিবেনই।

প্রঃ সদ্তরু কি উপদেশ দেন ?

উঃ— এ জগতে উপদেষ্টার অভাব নাই। জগতের লোকের পরামর্শ হচ্ছে— এখানকার যে-সকল প্রয়োজন পড়েছে, আগে সে সকলের প্রতি বিশেষ মনোযোগ দাও। কিন্তু তা'তে হিতে বিপরীত ফল হয়— প্রয়োজনের মাত্রা কেবল বেড়েই যেতে থাকে। সাময়িক প্রয়োজন মিটাতে গিয়ে অনেক কিছু প্রয়োজনের মধ্যে— অনেক কিছু অভাব ও অসুবিধার মধ্যে ডুবে যেতে হয়।

. এ জগতে আসন্জির সহিত বাস বা আসজির**হিত হ'য়ে অতি** বৈরাণঃ প্রদর্শন, কোনটাই মঙ্গল আনয়ন কর্বে না। জগতে যে-সকল ঠক্ ব্যক্তি সাধুর সজ্জায় ধর্মার্থকামমোক্ষের জন্য জীবকে প্ররেচিত ক'রে তথাকথিত ধার্ম্মিক কর্বার জন্য ব্যস্ত, সে-সকল ঠকের হাত হ'তে নিষ্কৃতি লাভ ক'রে চতুর হওয়া দরকার— শ্রীটেতন্যদেবের কথায় মনোনিবেশ করা প্রয়োজন।

দেবতার গুরু— বৃহস্পতি, তিনি পরামর্শ দেন যা'তে ক'রে দেবতাদের বেশ ভোগ বৃদ্ধি হয় বৃহস্পতির বৃদ্ধির প্রাথর্য্য ও ধর্মের উপদেশ ভোগবৃদ্ধির জন্যই। মনুষ্যজাতির মধ্যেও অনেক ভাল ভাল লোক পরামর্শ-দাতা আছেন। কুলপুরোহিত, সমাজপতি, দেশপতি, আত্মীয়-স্বজন প্রভৃতি যে সকল পরামর্শ দেন, তা' কেবল মানবজাতির ভোগবৃদ্ধির জন্য। আবার বশিষ্ঠের ন্যায় কুলগুরুও আছেন— তিনি নিবৃত্ত-জীবনের পরামর্শ দেন। কিন্তু বৈষ্ণব-সদ্গুরু পরামর্শ দেন একমাত্র হরিডজনের জন্য। প্রবৃত্তি বা নিবৃত্তি তার উপদেশের শেষ সীমা নয়। তিনি প্রত্যেক জীবের চিরস্থায়ী মঙ্গলের উপদেশের শেষ সীমা নয়।

প্রঃ — কাম কি ক'রে যাবে ?

উঃ— ভগবৎ-সেবোনাখত ই আমাদিগকে ভোগোনাখতা হইতে রক্ষা করিতে পারে। কৃষ্ণসেবা-বিমুখতার অপর নাম— কাম। পূর্ণ বস্তুর সেবা করাই অপূর্ণ অংশের একমাত্র কৃত্য। নিদ্ধাম কৃষ্ণভক্তের সেবাই কামের হাত হইতে নিদ্ধৃতি পাইবার একমাত্র ঔষধ। কৃষ্ণসেবকই আমাদিগকে কৃষ্ণভক্তিবিরোধী কাম হইতে পরিত্রাণ করিতে সমর্থ অপ্রাকৃত কামদেব শ্রীকৃষ্ণের সেবোনাখতার অভাবেই আমাদের প্রাকৃত কাম-প্রবৃত্তি।

অপ্রাকৃত কামদেবের ইন্দ্রিয়তর্পণই কৃচ্চদাস জীবের নিত্যা বৃত্তি—
ইহাই সদাচার কৃষ্ণ-প্রপত্তি বা কৃচ্চসেবাই কামবীজ ধ্বংস করে:

প্রঃ— ভক্ত কাহাকে বিপদ্ মনে করেন ?

উঃ— যাঁহারা জাগতিক অভাব, অসুবিধা ও ব্রিতাপকে বিপদ্ মনে করেন, তাঁহারা ধর্মার্থকামকামী বা মোক্ষকামী হইয়া পড়েন ভোগী ও ত্যাগী— বুভুক্ত্ ও মুমুক্ষ্ উভয়েই শ্ব-শ্ব অপশ্বার্থ পূরণের অভাবকেই বিপদ্ মনে করেন। আর ভগবদ্ভক্ত কৃষ্ণাসেবায় অর্থাৎ কৃষ্ণোন্দ্রিয়তর্পণে যাহাতে যাহাতে বাধা উপস্থিত হয়, তাহাকেই বিপদ্জ্ঞান করেন। ধর্ম্ম= অর্থ-কাম-চেষ্টা ও মোক্ষ- চেষ্টায় কৃষ্ণোন্দ্রিয়তর্পনের বাধা হয় বিলিয়া তাঁহারা সেই সকল বিপদ্ হইতে নিষ্কৃতি চান অর্থাৎ ভগবস্তুক্ত ভোগবাঞ্ছাও মোক্ষবাঞ্ছা — এই উভয় ব্যাপার হইতেই পরিত্রাণ আকাজ্ঞা করেন।

প্রঃ— আপনি ত' অনেক শিষ্য ক'রেছেন ?

উঃ— আমি কাহাকেও শিষ্য করি নাই, সকলেই আমার ওর । সকলের নিকটেই আমি শিক্ষা গ্রহণ করিয়া থাকি। তাঁহারা যেন কৃপা করিয়া আমাকে তাঁহাদের অকৃত্রিম ভজনাদর্শ অনুসরণ করিবার সুযোগ দান করেন, ইহাই প্রার্থনা।

প্রঃ--- সরলতা কি বিশেষ প্রয়োজন ?

উঃ— আমাদিগকে সরল হইতেই হইবে। কপটতা, কুটিলতা, পরচর্চ্চা দৃঢ়ভাবে পবিত্যাগ করিতে হইবে। নির্বৃদ্ধিতা বা কুটিলতাকে সরলতা বলিয়া চালাইতে হইবে না। কারণ True Sincerity (প্রকৃত সরলতা) Seeming Sincerity (কৃত্রিম সরলতা) এবং True punctuality (অকৃত্রিম সময়নিষ্ঠা) ও Seeming punctuality (কৃত্রিম সময়নিষ্ঠা) কখনই এক হইতে পারে না। সাধু ও অসাধুর বিচার এক নহে। ২৪ ঘণ্টার মধ্যে ২৪ ঘণ্টাই ভগবানের কথার মধ্যে না থাকিয়া অন্য কথার মধ্যে গেলে হরিভজন হইতে ছুটি লইতে হইবে।

প্রঃ—সেবা কি নিজে করিতে হইবে ?

উঃ—আমাদের প্রত্যেককেই অধােক্ষজ ভগবানের সেবক হইতে হইবে।
পুরোহিত বা প্রতিনিধি দ্বারা সেবাকার্য্য হয় না। কোন কোন সম্প্রদায়ে
দেখিতে পাওয়া যায়—একজন Spokes-man হইয়া উপাসনা করিলেন,
আর বাদবাকী সকলে দাঁড়াইয়া রহিলেন। এইরূপ হইলে সেবা হইবে

না। আচার্য্যের অনুগত হইয়া নিজেকে সেবায় নিযুক্ত করিতে হইবে। সাধুসঙ্গ, নামকীর্ত্তন, হরিকথা-শ্রবণ, শ্রীমূর্ত্তিপূজা প্রভৃতি দারা মঙ্গল হইবে কিন্তু এগুলির অভিনয় হইলে মঙ্গল হইবে না। যদি আত্মসমর্পণ না করিয়া ঐসকল কার্য্যের অনুকরণ করা যায়, তবে অভিনয় মাত্র হইবে।

কৃষ্ণেচ্ছায় আমাদের নিকট যে সব অর্থাদি আসিবে তাহা সব ভগবৎ-সেবায় ল'গাইয়া দিতে হইবে। সেবায় কৃপণতা বা শৈথিল্য করিয়া পয়সা জমাইলে অসুবিধায় পড়িতে হইবে।

আমাকে অনেকে মঠমন্দিরের একটা পাকা বন্দোবস্ত করিতে বলেন। কিন্তু আমি তাহা কিছু করিব না। যদি প্রকৃত সেবোনাখ প্রাণ থাকে, প্রকৃত শরণাগতি থাকে, তবে ভগবৎ-কৃপায় ঠাকুরসেবা সুষ্ঠুভাবেই চলিয়া খাইবে এবং নির্ভীকভাবে মহাপ্রভুর কথা প্রচার হইবে, নতুবা সব জাহানামে যাউক্।

স্ব-পর-মঙ্গলের জন্য আমাদের তীব্র দৃষ্টি দেওয়া দরকার। আমরা জগতে বেশীদিন থাকব না, হরিকীর্ত্তন ও হরিসেবা করিতে করিতে আমাদের দেহপাত হইলেই জীবন সার্থক হইবে। আমরা কিন্তু জগতে কাঠ-পাথরের মিস্ত্রী হইতে আসি নাই, আমরা শ্রীচৈতন্যদেবের বাণীর পিয়নমাত্র।

প্রঃ— গৃহসেবাকে ভগবৎ-সেবা মনে করা কি ভ্রান্তি ?
উঃ— নিশ্চয়ই। ভোগাগার গৃহ ও হরিসেবাময় মঠ এক নয়। এজন্য
গৃহ-সেবাকে ভগবৎ-সেবা বলা যায় না। গৃহব্রতবৃদ্ধি ও হরিসেবাপ্রবৃত্তি
পৃথক্ বস্তু। অবশ্য হরিভজন করিতে পারিলে মঠ ও বাড়ী দুই স্থানই
এক। ভজন না করিতে পারিলে উভয় স্থানে মায়া-মোহ আসিয়া
হরিভজনের ব্যাঘাত করিবে।

গৃহ-সেবাকে হরিসেবা মনে হইলে মঙ্গলের আশা করা যায় না। অনাত্রীয় বস্তু পিতা-মাতা-স্ত্রী-পুত্রাদির প্রতি প্রীতি ও সেবাবৃদ্ধি থাকিলে হরিসেবা কখনই সন্তবপর নয়। তাহাতে আবদ্ধ হইলে স্বজন-ম্নেহ ভজনীয় বম্ভ হইয়া পড়িবে। 'কে কাহার পিতা, কে কাহার পুত্র'— এই বিবেক নষ্ট হইলে সংসার ও অমঙ্গল অনিবার্য্য। দীক্ষা-গ্রহণের পরও যদি পিতা, পুত্র, স্বদেশ, স্ত্রী, জননী প্রভৃতি হরিবিমুখ সঙ্গকেই হরিসেবার অনুকূল বোধ হয় বা তাঁহাদের সেবাকেই ভগবৎ-সেবা মনে হয়, তাহা হইলে শুদ্ধ হরিভজন-বিশ্বৃতি ঘটিয়াছে, জানিতে হইবে। এরূপ দ্রান্তি ও চিত্তচাঞ্চল্য পরিহার করিয়া কিছুকাল Living source এর সঙ্গ করা প্রয়োজন; নতুবা স্বজনাসক্তি, পুত্রমেহপাশ, পত্নীসহবাসস্থ প্রভৃতি নানা বিপজ্জনক বম্ভ আমাদিগকে হরিভজন হইতে নিত্যকালের জন্য তফাৎ করিয়া দিবে। তখন সংসারই আমাদের আকাজ্ফণীয় হইবে। অসৎসঙ্গপ্রভাবেই গৃহসেবাকে হরিসেবা বলিয়া দ্রম হয়। এরূপ জঞ্জাল হইতে নিজৃতি পাইতে হইলে কৃষ্ণভক্ত-সঙ্গ ও শাস্ত্র-শ্রবণ বিশেষ আবশ্যক।

প্রঃ--- God, আল্লা ও কৃষ্ণ--- ইহার মধ্যে কি বৈশিষ্ট্য ?

The word God has got a very limited idea. We find the perfect and highest conception of theism in Krishna only. The word Allah means the greatest i.e. Possessor of a partial quality. It is an adjective. But Krishna is the source of all powers. He is the proper noun.

প্রঃ—শ্রীগুরুদেব আশ্রিতকে কি দেন?

উঃ— গুরুদেব আশ্রিতকে বৈকুষ্ঠনাম প্রদান করেন। তিনি ভগবানেরই অভিনু মূর্ত্তি ও সেবকবিগ্রহ। এজন্য তাঁহাকে মনুষ্যজ্ঞানে অবজ্ঞা করিতে নাই, অবজ্ঞা করিলে মহা-অপরাধ হয়।

বৈকুণ্ঠ-শব্দ হইতে বৈকুণ্ঠ-শব্দী ভগবানের ভেদ নাই। যেই নাম, সেই কৃষ্ণ—নাম ও নামী অভিন্ন। বৈকুণ্ঠনাম এ জগতের বস্তু নহেন। বৈকুণ্ঠনাম দৃশ্য বস্তু নহেন, তিনি স্বয়ং দ্রন্তা। কৃষ্ণপ্রেষ্ঠ সদ্গুরুই কৃষ্ণকে দিতে পারেন। বৈষ্ণবিশুরুর নিকটেই কৃষ্ণকথা-শ্রবণের সুযোগ লাভ হয়। ভক্ত ব্যতীত অপরে ভগবানের কথা বলিতে পারে না। কর্মী, জ্ঞানী, যোগী বা জাগতিক অধ্যাপকের নিকট গেলে মায়ার কথা শ্রবণ করিতে হইবে। ইহারা ভগবান বিষ্ণুর নিত্য অস্তিত্ব ও সচ্চিদানন্দ-বিগ্রহত্ব স্বীকার করেন না। ইহারা ভগবদবতার ও আচার্য্যদেবে মর্ত্যবৃদ্ধি করিয়া থাকেন।

শ্রীগুরুদের অনুগত শিষ্যকে কৃষ্ণনাম ও কৃষ্ণমন্ত্র প্রদান করেন। যেকাল পর্য্যন্ত গুরুতে মর্ত্যবৃদ্ধি থাকিবে, সেকাল পর্য্যন্ত হরিনামের কথা ও মহিমা বুঝা ঘাইবে না। শ্রীচেতন্যদেবকে মানুষ মনে করিলে অনন্ত কালেও মঙ্গল হইবে না। শ্রীগুরুকৃপাতে শ্রীগৌরসুন্দর ও ব্রজধামের সন্ধান পাওয়া যায়।

কৃষ্ণমন্ত্রই সর্বশ্রেষ্ঠ। কৃষ্ণমন্ত্র অপেক্ষা শ্রেষ্ঠ মন্ত্র ও এত অসীম শক্তিশালী মন্ত্র আর কিছুই নাই। কৃষ্ণমন্ত্রে সিদ্ধি হইলে সর্বপ্রকার মনোধর্ম্ম থামিয়া যায়।

শ্রীরাধাকুণ্ণতীরে শ্রীণুরুপাদপদ্মের নিত্যকুঞ্জ আছে। সেস্থানে তিনি সেবা-প্রভাবে কৃষ্ণকে আবদ্ধ করিয়াছেন।

শ্রীগুরুদেবের কৃপাবলেই গিরিবর গোবর্দ্ধনকে পাওয়া যায়।
কৃষ্ণের অপর মূর্ত্তিতে গোবর্দ্ধন। মনোধর্ম যুক্ত হইলে গোবর্দ্ধনকে প্রস্ত রর্পে দর্শন হয়। শ্রীমতী বার্ষভানবী যেস্থানে ক্রীড়া করেন, তাহা জড়-জগতের কাদামাটির তৈয়ারী জিনিষ নয়, উহা দিব্যচিন্তা -মণিময়। শ্রীশ্রীরাধামাধবের অন্তরঙ্গ-সেবা-লাভের আশা যাঁহার কৃপায় পাওয়া যায়, তিনিই শ্রীগুরুপাদপদ্ম।

শ্রীশুরুপাদপদ্মের কৃপায় আমাদের সর্ব্বপ্রকার অমঙ্গল নষ্ট হয় এবং যাবতীয় মঙ্গল উদিত হয়। মাপাধর্ম বা জড়নীতির দ্বারা কৃষ্ণকে কখনও জানা যায় না। তাঁহাকে জানিতে পারা যায়— একমাত্র কেবলা ভক্তি দ্বারা। এই ভক্তি ভক্তশ্রেষ্ঠ শ্রীগুরুদেবের কৃপাতেই লাভ হয়।

একমাত্র কৃষ্ণকথাই মূল্যবান্। গোলোকের পাথেয় সংগ্রহ করিতে হইলে কৃষ্ণকথাই সদল। কৃষ্ণকথা সাক্ষাৎ কৃষ্ণ। কৃষ্ণকথা ব্যতীত অন্য কোন কথার কাণাকড়িও মূল্য নাই। এজন্য জগতে কৃষ্ণকথার বহুল প্রচার আবশ্যক। এই কৃষ্ণকথা বা বৈকুন্ঠকথা ব্রজবাসী শ্রীতক্রদেবের শ্রীমুখ হইতেই শুনিবার সৌভাগ্য হয়।

আমরা বর্তমানে কৃষ্ণের কথা পরিত্যাগ করিয়া হাড়মাংসের থলি এই দেহের চিন্তায় দিনগুলি অতিবাহিত করিতেছি। এজন্য জড়বস্তুর সহিত আমাদের পরিচয় হইতেছে, আত্মা বা Soul এর সঙ্গে সাক্ষাৎকার হইতেছে না।

প্রঃ—ভক্তের ক্রিয়াকলাপ কে বৃঝিতে পারে ?

উঃ— যাঁহারা নিদ্ধপটে ভগবদ্ধক্তের আচরণ ও শিক্ষা অনুশীলন করেন, তাঁহারাই দুর্জ্জের-চরিত্র ভক্তগণের কৃপায় তাঁহাদের ক্রিয়াকলাপ বুঝিতে পারেন। ভগবদ্ধক্তের চালচলন অন্যে কিছুতেই বুঝিতে পারে না। অক্ষজ-জ্ঞান দ্বারা কখনও বৈষ্ণবের চরিত্র বুঝা যায় না। ভক্তের বাহ্য আচরণে তাঁহাকে সব সময় ধরা যায় না। আমরা যদি ভাগ্যক্রমে ভক্তের চরিত্র সেবোনুখ হইয়া দেখিবার সুযোগ পাই, তবেই আমাদের মঙ্গল হয়। অক্ষজ-জ্ঞানে মাপা-ধর্ম্মটা জীবের অসুবিধা ঘটায়।

প্রঃ—শ্রীগুরুদেবের উপদেশ কি প্রত্যহই আলোচ্য ?

উঃ—বৈষ্ণবগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ হইলেন শ্রীগুরুপাদ্পদ্ম, সেই কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুদেবের উপদেশ নিত্যকাল শ্রবণ করা দরকার। প্রত্যহ তাঁহার উপদেশ আলোচনা ও শ্রবণ না করিয়া অন্য কর্ম্ম করিলে ভয়ঙ্কর দুঃখকে ডাকা হইবে। গুরুবৈষ্ণবের অনুকরণ করা বা অসৎসঙ্গ করা উচিত নয়। তাঁহাদের অনুসরণ করিতে হইবে। ভগবান্ যাঁহাদের হৃদয়ে বাস করেন, তাঁহাদের সঙ্গই করণীয়। ভক্ত ও অভক্ত, মুক্ত ও বদ্ধ, সিদ্ধ

ও অসিদ্ধ এক নয়। যেমন অসিদ্ধ চাউল খাওয়া চলে না, চাউল সিদ্ধ হইলে এবং তাহা জুড়াইলে খাওয়ার উপযুক্ত হয়, তদ্রপ সিদ্ধ-ভক্তগণের সঙ্গই সর্বাপেক্ষা অধিক প্রয়োজনীয় ও মঙ্গলকর।

প্রঃ— কিসে চিরস্থায়ী মঙ্গল হ'বে ?

উঃ— যেদিন আমরা ভোগপর ও ত্যাগপর হই, সে-দিন যথেষ্ট লাভবান হ'লাম মনে করলেও আমাদের সেই লাভ অতি অল্পকালস্থায়ী, কিন্ত গুরু-বৈষ্ণব-সেবা চিরস্থায়ী। এতেই নিত্য মঙ্গল লাভ হয়।

বিষ্ণুসেবা গুরু-বৈষ্ণবের সেবা দ্বারাই হয়। যদিও প্রাক্তন কর্মদোষে আমি ভোগী হ'য়ে পড়েছি, তথাপি একমাত্র গুরুবৈষ্ণবের কৃপাই আমাকে ভোগ ও ত্যাগ যে আত্মধর্ম্ম নহে পরম্ভ মনোধর্ম্মমাত্র ইহা জানাইয়া দিতে পারে ।

আমি অযোগ্য সত্য, কিন্তু আমি যদি গুরুবৈঞ্চবের কিছু সেবা কর্তে পারি, তা' হ'লেই যোগ্য হ'তে পার্বো। গুরুবৈষ্ণবসেবা ব্যতীত यागा र'वात्र वा प्रक्रममार्डित जना कान डेशाय नारे। विकृत्यवा कि ক'রে কর্তে হয়, তা' আমরা প্রথমেই জান্তে পারি না। তারতম্য বিচার কর্তে গিয়ে বুঝি— বিষ্ণুসেবা অপেক্ষা বিষ্ণুভক্তের সেবা সবচেয়ে বড়। বিষ্ণুর কোন প্রকার সন্ধান ইহ জগতে না পেলেও যাঁরা বিষ্ণুর সেবা করেন, ত'দের সেবা কর্লে কি প্রকারে বিষ্ণুর সেবা কর্তে হয় জানতে পারি।

ইন্দ্রিয়জজ্ঞানের দ্বারা ভগবানের সেবার কথা জানা সম্ভব নয় ব'লে হতাশ হ'বার কিছু নাই। ভগবান্ অধোক্ষজ বস্তু। যাঁরা অধোক্ষজবস্তর সেবায় নিযুক্ত, তাঁরাও অধোক্ষজ বস্তু। তাই তাঁদের নিকট অধোক্ষজের সেবা অজ্ঞেয়, দুর্জ্ঞেয় বা পরোক্ষ নহে; অধোক্ষজসেবা অধোক্ষজ ভগবৎ-সেবকগণের সেবা-প্রস্কৃটিত আত্মার প্রত্যক্ষ ব্যাপার।

প্রঃ—শ্রীগুরুদেবকে প্রভুপাদ বা বিষ্ণুপাদ বলা হয় কেন ?

উঃ কৃষ্ণতত্ত্বেতা আশ্রাবিগ্রহ শ্রীগুরুদেব শিষ্যের নিকট সাক্ষাৎ

কৃষ্ণতৈতন্য বা হরিশ্বরূপ বলিয়া বিষ্ণুণাদ বা প্রভূপাদ বলিয়া অভিহিত হন।

প্রঃ কর্ম কি ?

উ৪— নিজের সুখ-সুবিধার জন্য এবং অপরের সুখ-সুবিধার জন্য যাহা করা যায়, তাহাই কর্মা। তাহাতে কৃষ্ণ-সুখানুসন্ধানের কোন কথা নাই। স্ব-পর-সুখানুসন্ধানই তাহার তাৎপর্য্য বা উদ্দেশ্য। আর কৃষ্ণসুখানুসন্ধানের নাম হ'লো ভক্তি।

সংসারটা সাধারণের পক্ষে কর্মক্ষেত্র। কিন্তু ভক্তের পক্ষে সংসারটা হ'লো ভাক্তিসাধনক্ষেত্র। কর্তৃত্বাভিমানে সংসারে যাহা করা যায়, তাহা কর্ম। আর গুরু-কৃষ্ণদাস-অভিমানে ভগবৎ-কর্তৃক চালিত হইয়া ভগবানের কার্য্যবোধে যাহা করা যায়, তাহা ভক্তি।

কর্ম কতক্ষণ করণীয় ? এই প্রশ্নের উত্তরে শাস্ত্র বলেন—
তাবৎ কর্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা।
মৎকথা-শ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবনু জায়তে ।

যতদিন কর্মের প্রতি নির্ফোদ বা বিরক্তি না আসে, ততদিন কর্ম করিতে হইবে। অথবা ভাগ্যক্রমে সাধুসঙ্গফলে যদি কাহারও ভগবৎকথায় শ্রদা বা ক্রচি হয়, তাহা হইলে তাহাকে আর কর্ম্ম করিতে হইবে না।

এই দুইটি লক্ষণ মধ্যে যাহার একটিও প্রকাশ পায় না, তাহাকে সংসারক্ষেত্রে কর্ম্ম করিতেই হইবে।

হরিকথায় শ্রন্ধা বা রুচিই ভক্তির মূল। হরিকথা হি কেবলং পরমং শ্রেয়ঃ— এইরূপ দৃঢ় বিশ্বাসই শ্রন্ধা বা হরিকথায় রুচির লক্ষণ।

যাহার যাহাতে শ্রদ্ধা ও রুচি, তাহাই তাহার মুখ্য বা প্রধান কার্য্য।

এমতাবস্থায় বলবান্ সাধুর সঙ্গ করা বিশেষ প্রয়োজন। এতম্ব্যতীত

কর্মোনুখতা বা ভোগোনুখতা ছাড়িয়া সেবোনুখতা লাভ করিবার বা
সেবোনুখ হইবার অন্য কোন পন্থা নাই। সুতরাং ব্যস্ত, চঞ্চল বা হতাশ

না হইয়া Living Source এর নিকট বীর্য্যবতী হরিকথা শুনিয়া তাহা নিজ জীবনে পালন করিবার জন্য যথাসাধ্য যত্ন করাই বৃদ্ধিমন্তা বা চাতুর্য্য। তাই শাস্ত্র বলেন—

> ততো দুঃসঙ্গমুৎস্জ্য সৎসু সংজ্ঞত বুদ্ধিমান্। সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ ॥ সাধুসঙ্গ-কৃপা কিম্বা কৃষ্ণের কৃপায়। কামাদি দুঃসঙ্গ ছাড়ি শুদ্ধভক্তি পায়॥

প্রঃ— অনুক্ষণ হরিভজন কি করিয়া করা যাইবে ?
উঃ— অনুক্ষণ ভজনরত জীবন্ত আদর্শ সম্মুখে সব সময় থাকিলে সর্ব্বক্ষণ হরিভজন করিবার সৌভাগ্য সেই মহাপুরুষের সঙ্গ ও কৃপায় সহজেই হইবে। তাই শাস্ত্র বলিয়াছেন—

নিজাভীষ্ট কৃষ্ণপ্রেষ্ঠ পাছে ত' লাগিয়া। নিরন্তর কৃষ্ণ ভজে অন্তর্মনা হৈয়া।

মহাজনও গাহিয়াছেন—

কৃষ্ণ সে তোমার, কৃষ্ণ দিতে পার, তোমার শকতি আছে।
আমি ত' কাঙ্গাল, কৃষ্ণ কৃষ্ণ বলি'
ধাই তব পাছে পাছে ॥

প্রঃ—হরিকীর্ত্তন কি অনুক্ষণ করণীয় ?
উঃ— নিশ্চয়ই। মহাপ্রস্কু আমাদিগকে শিক্ষা দিয়াছেন— ''কীর্ত্তনীয়ঃ
সদা হরিঃ''। সদা শব্দে কালের কোন ব্যবধান নাই জানা যাছে।
মানুষের মুহূর্তমাত্রও অন্য কোন কাজ নাই— অন্য কোন কর্ত্তব্য নাই—
হরিকীর্ত্তন ছাড়া: এমন কি পণ্ড-পক্ষীর কাছেও হরিকীর্ত্তন কর্তে হবে।
অনভিজ্ঞ লোক আমাদিগকে উন্তর বলুক, অবুঝ বলুক, তাহাতে আমাদের
কোন ক্ষতি নাই, শ্রীগুরুগৌরাক্ষের আদেশ শিরোধার্য্য ক'রে আমরা

ভগবানের কথাই অনুক্ষণ কীর্ত্তন কর্ব , জগতের লোক প্রত্যহ গ্রাম্যকথা ভন্বার জন্য গ্রাম্যবার্তাবহ পাঠ ক'রে থাকে, গ্রাম্যবার্তার আবহাওয়ার আমাদিগকে সব সময়েই ঘিরে রেখেছে। আমরা বল্ছি—সকলে রোজ রোজ চৈতন্য-কথা শ্রবণ করুক, পরস্পর দেখা তনা হইলে চৈতন্য-কথা আলাপ করুক, অনুক্ষণ চৈতন্যকথার আবহাওয়া ভিতরে শ্বাস-প্রশ্বাস গ্রহণ করুক, জগতে যেন চৈতন্যকথা ছাড়া অচৈতন্য কথা না থাকে। চৈতন্যানুশীলন অনুক্ষণ সঞ্জীবিত রাখ্তে হলে আমাদিগকে অনুক্ষণ চৈতন্যের কথার ভিতরে থাক্তে হবে। আজ অচৈতন্যবাদী বহুলোকের বাধা সত্ত্বেও বহু অর্থব্যয় স্বীকার ক'রে প্রত্যহ অনুক্ষণ হরিকথা কীর্ত্তনের ব্যবস্থা হচ্ছে। অচৈতন্য বিশ্ব এমন অনর্থরোগে প্রপীড়িত হ'য়ে রয়েছে-এমন অচেতনার নেশায় আচ্ছনু হ'য়ে রয়েছে যে, তারা মঙ্গলের ঔষধটী গ্রহণ কর্বে না, আর বাদবাকী সব কর্বে, চৈতন্যকথা কিছুতেই ওন্তে চাইবে না। প্রাণ, অর্থ, বুদ্ধি সব খরচ ক'রে অচৈতন্য কথা ভন্বে— নিজের অমঙ্গল নিজে ডেকে আন্বে—কুপথ্য খেয়ে খেয়ে রোগ আরও বৃদ্ধি কর্বে— শেষে নরকে চলে যাবে, তথাপি রোজ রোজ একটুকু ক'রে চৈতন্যের কথা ভন্লে কত মঙ্গল হ'তে পারে—কত সুবিধা হতে পারে, সেই মঙ্গল—সেই সুবিধা কিছুতেই নেবে না : কিছুতেই মঙ্গল নেবো না— এটা যেন প্রতিজ্ঞা ক'রে তারা ব'সে রয়েছে। তথাপি অচৈত্তন্য জণতের সমস্ত বাধা-বিপত্তির পাহাড় উপড়ে ঠেলে ফেলে তৈতন্যভক্তগণ রোজ রোজ চৈতন্যের বার্ত্তাব 🖫 নদীয়া-প্রকাশকে জগতে প্রকাশ কর্ছেন।

প্রঃ—কাহার সঙ্গ করণীয় ?

উঃ— আমাদের গুরুবর্গ কর্ম্ম ও জ্ঞানকে ঠকের ধর্ম্ম বলিয়া থাকেন।
এজন্য কর্ম্মের পথ ও জ্ঞানের পথ পরিত্যাগ করিয়া ভক্তির পথই আমাদের
একমাত্র অনুসরণীয় পথ। যাঁরা সেই পথের পথিক সেই ভক্তগণের সঙ্গই
আমাদের প্রয়োজনীর। নিজাপেক্ষা শ্রেচ ভক্তের সঙ্গই করণীয়। শ্রীচৈতন্যের

মনোহডীষ্ট-সংস্থাপক শ্রীরূপের পাদপদ্মধূলিই আমাদের একমাত্র আকাজ্জার বস্তু। ভক্তসঙ্গ দ্বারাই ভক্তি হয়। কর্ম্মী, জ্ঞানী ও যোগী ইহারা সকলেই অভক্ত এবং স্ব-পর-বঞ্চক। তজ্জন্য ইহাদের সঙ্গ পরিত্যাজ্য। শুদ্ধ ভক্তের সঙ্গ ব্যতীত অপরের সঙ্গ অমঙ্গলজনক।

প্রঃ— আনুগত্য কি বিশেষ প্রয়োজন ?

উঃ— নিশ্চয়ই। স্বতন্ত্র হইলে হরিভজন হয় না। স্বভন্তর ব্যক্তি কখনও ভক্ত হইতে পারে না। আচার্য্যের আনুগত্য করিলেই মঙ্গল হয় স্বতন্ত্র ব্যক্তিগণেরই ভিন্ন ভিন্ন মত হয়। শতকোটী গোপীর শতকোটী মত হইলে কৃষ্ণেন্দ্রিয়তর্পণে বাধা পড়িয়া যায়। শ্রীবৃষভানুনন্দিনীর আনুগত্য ব্যতীত মাধ্বের মন রাখিবার ক্ষমতা কাহারও নাই। শ্রীগুরুপাদপদ্ম সেই শ্রীবৃষভানুনন্দিনীর অন্তরঙ্গ নিজজন ও অভিনুমূর্ত্তি। এইজন্য মঙ্গলাকাজকী ব্যক্তিমাত্রেই গুর্কানুগত্য বিশেষ প্রয়োজন। এতদ্ব্যতীত মঙ্গললাভের অন্য কোন রাস্তা নাই।

প্রঃ—কর্মী, জ্ঞানী ও ডক্তের বিচার কিরূপ?

উঃ— মনুষ্যজাতি সাধারণতঃ নিজ ইন্দ্রিয়তর্পণ ব্যতীত আর কিছু বুঝিতে চাহে না। শত সহস্র লোকের অসুখ ও অসুবিধার বিনিময়ে আমার সুখসুবিধা হউক, ইহাই কন্মীর চিন্তাম্রোত। জ্ঞানীর বিচার— জণতের সুখ ও অসুখ উভয়কেই পরিত্যাগ করিয়া নির্দ্ধিশেষ হইয়া যাওয়া কর্মী নিজের শক্তির প্রাধান্য স্থাপনে ব্যস্ত। আর জ্ঞানী সর্কাশক্তিয়ান্ ভগবান্কে নিঃশক্তিক প্রতিপন্ন করিছে পারিলে নিশ্চিত্ত হন। উভয়ক্ষেত্রেই ভগবানের শক্তি বহুমানিত বা স্থীকৃত না হওয়ায় মঙ্গলাকাজ্ঞী ব্যক্তিগণ কর্ম্ম ও জ্ঞানের পথ গ্রহণ না করিয়া ভক্তির পথই গ্রহণ করেন। ভগবানে সম্পূর্ণ নির্দ্ধরতা এবং ভগবানের সুখবিধানই ভক্তের বিচার। ভগবানের ইন্দ্রিয়তর্পণের উদ্দেশ্যেই তাঁহারা সমস্ত কার্য্য ও সমস্ত জ্ঞানকে নিয়োগ করিয়া থাকেন। ভগবানুকে যথাসক্র্যম্ব সমর্পণ করার নামই ভক্তি বা একায়ন পত্য। তদ্বাতীত অন্য বিচারে ধাবিত হইলেই অভিত্র বা হর্মান পত্য। তদ্বাতীত অন্য বিচারে ধাবিত হইলেই অভিত্র বা হর্মান ক্রিয়া প্রাক্রমান পত্য। তদ্বাতীত অন্য বিচারে ধাবিত হইলেই অভিত্র বা হর্মান

পদ্থা আসিয়া যায়। বহুবয়ন-পদ্থী বহুবীশ্বরবাদী হইয়া যে সকল বিচারকে বহুমানন করেন তাহা তাঁহাদের বিচারে ঠিক হইলেও ভক্তির বিচার তাহা হইতে সম্পূর্ণ পৃথক্। আমার চিত্তবৃত্তি যেখানে পরিপূর্ণভাবে ভগবানের সেবায় উন্মুখ, সেখানেই জানিব সাধুতা, নতুবা সর্ব্বত্রই অসাধুতা বিরাজিত।

ভক্তগণ নিষ্কাম। কর্মী, জ্ঞানী ও যোগীর ন্যায় স্ব-সুখ-বাঞ্ছার লেশমাত্রও তাঁহাদের নাই। ভক্তগণ অনুক্ষণ কৃষ্ণের সুখানুসন্ধানে ব্যস্ত এবং তৃণাদপি সুনীচ। ভগবানের সেবা ব্যক্তীত তাঁহাদের আর অন্য কোন কার্য্য বা চিন্তা নাই। এইজন্য ভক্তগণ নির্ভয়, নিশ্চিন্ত ও সুখী; কিন্তু কর্মী, জ্ঞানী প্রভৃতি সকলেই সকাম বলিয়া অশান্ত বা দুঃখী। শাস্ত্র বলেন—

কৃষ্ণভক্ত নিদ্ধাম অতএব শান্ত। ভুক্তি মুক্তি-সিদ্ধিকামী সকলই অশান্ত।

প্রঃ—সংসার-প্রবৃত্তি কি থামান দরকার ?

উঃ— নিশ্চয়ই। সংসার করিবার প্রবৃত্তিগুলি যদি থামাইবার জন্য ব্যবস্থা না করা হয়, তাহা হইলে জীবকে পুনরায় জন্মগ্রহণ করিয়া মৃত্যুবরণ করিতে হইবে। এইজন্য ইন্দ্রিয়-চালনাকে থামান দরকার। উহাদিগকে না থামাইলে সংসার-প্রবৃত্তি যাইবে না এবং দুঃখও দূর হইবে না। বাস্তব বন্তুর অনুসরণ করা আবশ্যক; তাহা হইলেই সংসার-বাসনা থামিয়া যাইবে, চতুর্কার্গের প্রয়াস থাকিবে না এবং সমস্ত মঞ্চলময় হইয়া উঠিবে অর্থাৎ পরম-মঙ্গল লাভ হইবে।

যাঁহার হৃদয়ে কৃষ্ণ প্রকাশিত হন, তাঁহার সকল কামনাই নষ্ট হয়। যেহেতু কৃষ্ণ— কামদেব, সেইহেতু সকল কামনা তাঁহারই সেবা করিবে, অন্যের-সেবা করিবে না। যিনি কৃষ্ণকে হৃদয়ে ধারণ করিয়াছেন, তিনি ত' নিজে ভোগী নহেন যে, কামনাগুলি তাঁহার সেবা করিবে

यायवा रेवकारवत जीवनयाजात तालां यथन यनूमत्व कति ना

তখনই আমাদের ইন্দ্রিয়গুলি অসং-পথে চলে। তখন আমরা বুঝি না যে, আমাদের সমস্ত ইন্দ্রিয়ের মালিক— একমাত্র কৃষ্ণ। মনুষ্য-দেহ হরিভজনের জন্য পাইয়াছি এই দেহ-তরণীর দ্বারা গুরু-কর্ণধারের নিয়ামকত্বে আমরা ভবসিদ্ধ পার হইয়া কৃষ্ণপাদপদ্ম লাভ করিতে পারি কিন্তু তাহা না করিয়া সংসার-সমুদ্রে ভূবিয়া মরার ব্যবস্থা করা কি আমাদের কর্তব্য ?

প্রঃ— আমাদের মঙ্গল কিসে হবে ?

উঃ—শ্রীগৌরসুন্দরের পাদপদ্ম অমূল্য বস্তু সম্গ্র পৃথিবীতে মহাপ্রভুর কথা সব সময় আলোচনা হোক্ তা' হ'লেই জীবের মঙ্গল হ'বে—সকলেরই অতি-মানুষিক-বৃত্তি করতলগত হ'বে— অতিমর্ত্য বিষয়ের উপলব্ধি হ'বে— বাস্তব-সত্যের সন্ধান প্রেয়ে মনে হ'বে— একমাত্র শ্রীতৈতন্যদেবের কথাই মঙ্গলভনক্ আর সব কথাই অমঙ্গলের কারণ

ভগবান্ ক্ষচন্দ্র অহং ত্ব'ং সর্ব্বপাপেভ্যো মেক্ষয়িষামি, মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে প্রভৃতি ব'লে আমাদিগকে কতভাবে assurance দিচ্ছেন, কত সুযোগ দিচ্ছেন, বল্ছেন— তাঁকে আশ্রয় কর্লেই মঙ্গল হবে, নিজের দায়িত্বে সকলের মঙ্গল কর্বার ভার নিছেন, কিন্তু কই, সে কথা ত' আমরা বিশ্বাস কর্ছি না। তাই সেই কৃষ্ণই স্বয়ং আবার এ জগতে এলেন সেবকের ভাব নিয়ে—গুরুর কার্য্য নিয়ে। তিনি গৌরাঙ্গরূপে এসে বল্লেন—আমি কৃষ্ণের সেবকমান্র। যদি কেউ আমার কথা তন্তে চাও, তন্তে পার, সকলেরই মঙ্গল হ'বে। স্বয়ং কৃষ্ণই সেবকের ভাব অঙ্গীকার ক'রে—স্বয়ং কৃষ্ণই আশুয়ের ভাবে বিভাবিত হ'য়ে কৃষ্ণাম্বেদণ ক'রে জগণকে বুঝাতে লাগ্লেন— কৃষ্ণই সর্ব্বেশ্বরেশ্বর, পর্মোপাস্য, তাঁর চরণশ্রেয় কর্লেই— তাঁর নাম-রূপ-ও্ল-পরিকর-বৈশিষ্ট্য-লীলাদির অনুশীলন কর্লেই সকলের বাস্তব্যঞ্জল লাভ হ'বে।

প্রঃ— ভগবৎ-ত্ত্ত্ব কিরুপে প্রকশিত ?

উঃ— ঈশতত্ত্ব পাঁচ প্রকারে প্রকাশিত — পরতত্ত্ব, ব্যহ, বৈভব, অন্তর্যামী,

অর্চা। ইহারা প্রভৃতত্ত্ব। এতদ্বাতীত সকলেই বশ্যতত্ত্ব বা সেবকতত্ত্ব। প্রভু সেবকমণ্ডলীর সেবা গ্রহণ করেন। প্রত্যেক ঈশতত্ত্বের নিজ নিজ সেবকগণের সহিত আদান-প্রদান আছে। ঈশ্বর যাঁহাদের উপর ঈশিতা (প্রভৃত্ব) করিবেন, তাঁহারা না থাকিলে ঈশিতা-কার্য্য হয় না। এজন্য প্রত্যেক ঈশতত্ত্বের সেবক আছে।

প্রথমে অর্চ্চাবতারের পূজা উপকরণ দ্বারা সাধিত হয়। মানস-পূজার দ্বারা অন্তর্যামীর পূজা হয়। অতঃপর রামাদি বৈডব-অবতারের পূজা। শ্রীরামাবতারে হন্মান্ ও সূত্রীব তাঁহার সেবক ছিলেন। বৈভব-অবতারের পূজা তখনই সম্ভব হয়, যখন তিনি সেবককে দেখা দেন। তৎপরে ব্যূহতত্ত্বের বিচার। বাসুদেব, সম্বর্ষণ, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ— এই চতুর্ব্যহ; তৎপরে পরতত্ত্ব কৃষ্ণের কথা।

আমরা নীচ হইতে উপরে উঠিবার জন্য up-hill work করি। এই পরতত্ত্বাভিমুখে অভিযানের পথে first of all অর্চ্চা will help us. এইজন্য শাস্ত্র ব'লেছেন—

> যেন জন্মশতৈঃ পূর্ব্বং বাসুদেবং সমর্ত্রিতঃ। তন্মখে হরিনামানি সদা তিষ্ঠন্তি ভারত।।

অন্তর্যামী অর্থাৎ যিনি immanent, Pure unalloyed conscience is চৈত্রাভাল বা অন্তর্য্যামী। অন্তর্য্যামী is an internal Entity but He is not an outside Entity.

কৃষ্ণকৈ ভুলিয়া আমরা এজগতে এসে পড়েছি। We have come far off from our eternal Home. We are to go back there. Our first aid is অর্চা, second অন্তর্যায়ী, third বৈভব, fourth ব্যুহ, fifth পরতত্ত্ব।

সাধকের পক্ষে গুরুবৈষ্ণবের সাক্ষাৎ সঙ্গ ও তৎফলে হরিকথা -শ্রবণাদির দ্বাবা যে মঙ্গল উদয় হয়, প্রাকৃতবুদ্ধিবিশিষ্ট হইয়া বহুজন্ম অর্চ্চনের দ্বারাও তাহা হয় না। করুণাময় শ্রীগুরু-বৈষ্ণব কথা দ্বারা যে ভাব প্রকাশ করেন, শ্রীবিগ্রহ কৃপাপূর্ব্যক আমাদিগকে দর্শন দিয়াও তাহা করেন না। যিনি অন্তর্যামী ভগবান্ তিনিও আমাদের সহিত কথা বলেন না। শাস্ত্র বলেন—

শিক্ষাগুরুকে ত' জানি কৃষ্ণের স্বরূপ।
অন্তর্যামী, ভক্তশ্রেষ্ঠ এই দুই রূপ।
জীবে সাক্ষাৎ নাহি তাতে গুরু-চৈত্তারূপে।
শিক্ষাগুরু হন কৃষ্ণ মহান্ত-স্বরূপে।
অন্তর্যামী ঈশ্বরের এই ইতি হয়।

राहिए ना करह, वस्त्र थकार फिर मा (दे हैं)

বৈভবতত্ত্ব শ্রীরামাদি অবভারগণ জীবের সহিত কথা বলেন, উপদেশ দেন, শাসন করেন এবং ভাঁহাদের মঙ্গলামঙ্গলের বিষয় নির্দারণ করেন। ব্যুহতত্ত্বের কার্য্য ভিন্ন ভিন্ন, একমাত্র বস্তু পরতত্ত্বই চারিপ্রকারে প্রকাশিত হন। ঈশ্বরের অনুগ্রহেই ঈশতত্ত্ব জানা যায়। শাস্ত্র বলেন—

> ঈশ্বরের কৃপালেশ হয় ত' যাহারে। সেই ত' ঈশ্বরতত্ত্ব বুঝিবার পারে।

আমাদের ধারণা অর্চ্চা বা শ্রীবিগ্রহ inanimate; কিন্তু অর্চ্চাবতার জড়বস্ত নহেন, তিনি সক্ষিদানকবিগ্রহ ভগবান্ শ্রীগৌরাঙ্গদেব বলিয়াছেন—

উশ্বরের শ্রীরিগ্রহ সন্টিনানন্দাকার পদে-বিগ্রহে কহ সন্থাণের বিকার ? শ্রীবিগ্রহ যে না মানে, সেই ত, পাষও। অদৃশ্য, অস্পৃশ্য সেই হয় যমদণ্ডা॥

শাস্ত্র আরও বলেন---

প্রতিমানহ তুমি—সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন।
বিপ্র দাণি কর তুমি অকার্য্য-করণ।

শ্রীগুরুদেব Intermediate-রূপে আমাদিগরে সাহায়া করেন

অর্চ্চা, অর্চ্চন ও উপাসকের মধ্যস্থলে Guide আছে। কারণ, যদি আর্চা ও অর্চ্চকের স্বরূপজ্ঞান না থাকে, তাহা হইলে বিগ্রহপূজা ছেলেপিলের পুতুল-খেলা হইয়া যাইবে। পুতুলপূজা দরকার নাই, কিন্তু ভগবানের পূজা দরকার আছে।

যাঁহাকে পূজা করা যায়, তিনি অর্চ্চা। অর্চ্চাবতার সাক্ষাৎ ভগবান্।
ভগবান্ই আমাদের কল্যাণার্থ অর্চ্চাবতাররূপে প্রকটিত সাধারণ লাকের
ধারণা— অর্চ্চা প্রতিমামাত্র, অর্চ্চা যায় না, Initiative নিতে পারে না।
কিন্তু ইহা তাঁহাদের ভ্রান্তি। শুদ্ধভক্তের সঙ্গ হইলে তাঁহদের এই ভ্রান্তি
অপসারিত হইবে।

পরতত্ত্বের সকলেই শ্রবণ-কীর্ত্তনের উপর নির্ভর করে। সেই জন্য শাস্ত্র বলিয়াছেন—

> ব্রক্ষাও ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব। ওক্ত-কৃষ্ণ-প্রসাদে পায় ভক্তিলতা-বীজ। মালী হঞা সেই বীজ করে আরোপণ। শ্রবণ-কীর্ত্তন-জলে করয়ে সেচন।

শ্রীগুরুদের কীর্ত্তন করিলে আর সকলে শ্রবণ করেন। কিন্তু আজকাল জগতে উহার উল্টা নিয়ম হইয়া গিয়াছে। ভাড়াটিয়া কথক ও পাঠক শ্রবণ না করিয়া অর্থাৎ শিব্য না হইয়াই গুরুর আসনে বসিয়া কীর্ত্তন করিবার জন্য ব্যস্ত হইতেছে। শ্রীগুরুদের কি বন্তু এবং তাঁহার উপাসনা কিরুপ, তাহা জানা দরকার। শাস্ত্র বলেন—

অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন তামে শ্রীগুরবে নমঃ॥
অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়।
চক্ষুরুন্মীলিতং যেন তামে শ্রীগুরবে নমঃ॥

শ্রীগুরুদেব দিবাজ্ঞানরূপ অঞ্জন-শলাকা দ্বারা আমাদের অজ্ঞানান্ধ চন্দু উন্মীলিত করেন। আমাদের জড়চন্দুর ছানি অপসারিত **হইলে আম**রা foreign elements এর বিচার হইতে অব্যাহতি পাই শ্রীগুরুবৈক্ষরের নিকট নামমাত্র আসিলেই সর্ব্বসিদ্ধি হইল মনে করিতে হইবে না। গাছের নীচে আসিয়াই নারিকেল পাইরাছি মনে করা নিখ্যা। গাছে উঠিতে হইবে এবং নারিকেল পাড়িয়া ছোব্ড়া ও মালা ছাড়াইলে শাঁস ও জল পাওয়া যাইবে। গুরু-বৈক্ষব-আনুগত্যে ভজন ও যোগের পন্থা এক নহে। ভক্তিযোগ ব্যতীত সুবিধা হয় না। যদি কেবল খাই দাই থাকি আর বেদান্ত ও ন্যায় পড়ি, তাহাতে সুবিধা হইবে না। ন্যায়শাস্ত্র ও বেদান্তের নির্বিবেশ্বত্ব প্রভৃতিতে পাঙ্তা লাভ করিলে বৈকৃষ্ঠলোকে যাওয়া যায় না। সদগুরুচরণাশ্র পূর্বেক হরিভজন করিলেই মঙ্গল হয়।

প্রঃ— গুরুনিষ্ঠ বৈষ্ণবের বিচার কিরূপ হয় ?

উঃ— সমগ্র জগদ্বাসী আমার মান্য বা নমস্যা— এই বিচার না আসিলে আমি শ্রীগুরুপাদপরে নমস্কার করিতে পারি না আমার গুরু— সমগ্র জগতের গুরু আমার গুরুবিদ্বেদ্বী ব্যক্তি জগদীশের বিদ্বেদ্বী— জগতের সকলের বিদ্বেদ্বী— মনুষ্যমাত্রের বিদ্বেদ্বী, এই বিচারটা না আসিলে আমি শ্রীগুরুপাদপদ্মের ভৃত্য হইতে পারি না— শ্রীগুরুপাদপদ্মে আত্রাসমর্পণ করিতে পারি না— আমার লঘুত্ব বোধ হয় না— আমি ভৃণাদপি সুনীচ, তরুর ন্যায় সহিষ্ণু, অমানী, মানদ হইয়া হরিকীর্ভ্রন করিতে পারি না। শ্রীগুরুপাদপশ্যে এইরূপ নিষ্ঠা থাকিলেই সমগ্র ভণগতের মান দেওয়া যাইতে পারে— নিজে জমানী হওয়া যাইতে পারে— সর্ব্রাহ্ণ হরিকীর্ভ্রন করা যাইতে পারে।

প্রঃ— আমরা কি কর্বো ?

উঃ— নিজের সকল অহমিকা হেড়ে দিয়ে ভগবৎ-পাদপদ্মে সম্পূর্ণভাবে আত্যসমর্পণ কর্লেই আমাদের মঙ্গল হ'বে কর্ম্মে ফলভোগবাদ— আমি recipient (ভোজা), জ্ঞানেও আমি recipient কিন্তু ভজিতে অধাক্ষজ বন্তু recipient; এজনা ভজিপথই আশ্রমণীয়। ভগবান কৃষ্ণচন্দ্র প্রতিমুহূর্ত্তে কৃপা ক'রে আমার নিকট আত্যপ্রকাশ কর্বার জন্য নাস্ত.

আমাকে কেবল তৎপর হ'য়ে সাদরে সেই কৃপা বরণ কর্তে হ'বে।

শিষ্য কর্তে হ'বে না, নিজে শিষ্য হ'তে হবে বৈষ্ণব সকলবস্তুতে গুরু দর্শন করেন। অপরকে শিষ্য বা সেবক মনে হ'লে হরিকীর্ত্তন হ'বে না। কৃষ্ণসেবা বাদ দিয়েও ২৪ ঘণ্টা গুরু-বৈষ্ণবসেবা কর্তে হ'বে। তবেই মঙ্গল হ'বে।

আমরা অহঙ্কারবশে কোন কাজ কর্বো না বা কোন কথা বল্বো না । যদি করি বা বলি, তবে আমাদের অসুবিধা ও দায়িত্ব এসে যায়। নিত্যকাল হরিকীর্ত্তন করাই আমাদের কাজ। আমরা যদি ভগবানের কথা তাঁর নিজজন শ্রীগুরুদেবের আজ্ঞাবাহী দাসসূত্রে বলি, তা' হ'লে আর দায়িত্ব থাকে না। সুবিধা হউক, আর অসুবিধাই হউক, তা'তে আমার ব্যক্তিগত দায়িত্ব নাই। পিয়ন লোকের কাছে যে সংবাদ এনে দেয় বা বিলি করে, সংবাদ-সম্পর্কে তা'র কোন দায়িত্ব থাকে না। আমাদের যোগ্যতা থাকুক বা না থাকুক, আমাদের বড় ভরসা আমরা শ্রীগুরুপাদপদ্মের কথা বল্বো। তাতে আমাদের অসুবিধার কোন কথা নাই। আমরা গুরুদাসসূত্রে তদানুগত্যে সর্ব্বদা শ্রীহরিকথা শ্রবণ-কীর্ত্তন কর্বো তাতে আমাদের কোন কায় কর্বো তাতে আমাদের কোন অসুবিধা ত' হ'বেই না পরম্ভ মহামঙ্গল হ'বে।

অপূর্ণবন্তর সঙ্গ ও সেবা দারা অমঙ্গল হয় আর পূর্ণবন্তর সঙ্গ ও সেবা দারা আমাদের মঙ্গল লাভ হ'য়ে থাকে। পূর্ণের জন্য পূর্ণ গত্ন করা দরকার। অপূর্ণের জন্য দিনটা কাটিয়ে দিলে অপূর্ণ জিনিষ লাভ হ'বে। এজন্য এজগতে থাকাকালে জগজ্জীবের একমাত্র কর্ত্তব্য— হরিকথা-শ্রবণ। শ্রবণ অন্য এক ব্যক্তির কীর্ত্তনসাপেক্ষ। সবসময় সাধুর নিকট হরিকথা শ্রবণের সুযোগ না হ'লে নিজেই অনুকীর্ত্তন ক'রে পূর্ণবন্তর শ্রবণ ও কীর্ত্তন করা সঙ্গত।

প্রঃ-- ত্যাগী হওয়া কি ভাল ?

উঃ— কখনই না। আমরা ভোগীও হ'ব না ত্যাগীও হ'ব না । আমরা ভগবানের ভক্ত বা সেবক হ'ব। যারা ধর্মা, অর্থ, কাম ও মোক্ষের কাঙ্গাল, তাঁরা কপটী, তাঁরা ভক্ত নহেন।

ভোগী হ'লো ধন্মার্থকামী। ত্যাগী হ'লো মোক্ষকামী। আর ভক্ত—
কৃষ্ণসেবাপ্রার্থী।

ফল্প্-ত্যাণী হ'তে গেলে আমি ভোগ থেকে বাহ্যতঃ বেঁচে গেলাম সত্য, কিন্তু উহা খট্টাভঙ্গে ভূমিশয্যার নীতিমাত্র। এতে কিছু পাওয়া না পাওয়া উভয়ই আমার সম্বন্ধে, ইহার মধ্যে ভগবানের সম্বন্ধে কোন কথা নাই। কিন্তু ভক্ত কৃষ্ণপ্রীতির জন্য ভোগ ত্যাগ করেন এবং নিরন্তর কৃষ্ণসেবায় নিযুক্ত থাকেন, তাই তিনি নিত্য মঙ্গল লাভ করিয়া চিরসুখী হন।

ভগবান্কে দিয়ে নিজের সুখ-সুবিধা ক'রে নেবো— এই বিচারে নানা অসুবিধা হ'য়ে যাছে। কেউ বল্ছে— কৃষ্ণ সেজে প্রকৃতি ভোগ কর্বো, কেউ বল্ছে— স্ত্রীলোক সেজে কৃষ্ণ ভোগ কর্বো— উভয়েই সকাম। প্রত্যেক বস্তুকে কৃষ্ণ-সম্বন্ধে নির্ক্ষিত না কর্লে হয় ভোগ, না হয় ত্যাগ হ'য়ে যাবে— ভক্তি হ'বে না।

কর্মা ও জ্ঞান— ভোগ ও ত্যাগ এই দুইটাই অভক্তি। এতে ভগবানের কোন কথা নাই। ভোগ ও ত্যাগের মূলে আছে কেবল নিজসুখ-তাৎপর্যা কিন্তু ভক্তিতে ভগবৎসুখানুসন্ধান হাতীত অন্য কোন অভিসন্ধি
নাই।

প্রঃ--- আমাদের প্রধান কার্যা কি ?

উঃ—— শ্রীমনাহাপ্রস্থুর উপদেশ বা শিক্ষা নিজ জীবণে আচরণ পূর্ব্বক তাহা সর্ব্বে প্রচারই আমাদের প্রধান কার্য্য। তাহাতেই নিজের ও অপরের মঙ্গল হইবে।

বড় দরিদ্র জীব অমরা কদাপি দরিদ্রনারায়ণ নহি। আমাদের এই দরিদ্রতা কমাইবার জন্য ধন সংগ্রহ করা প্রয়োজন। কৃষ্ণপ্রেমই সেই মহার্থন। প্রেমধন বিনা ব্যর্থ দরিদ্র জীবন। দাস করি' বেতন মোরে লেহ প্রেমধন ॥ --- ইহাই আমাদের একমাত্র প্রার্থনীয় বিষয়।

মহাপ্রভুর আদেশ— "পৃথিবীতে আছে যত নগরাদি গ্রাম। সর্ব্বত্র প্রচার হইবে মোর নাম।" জগতে মায়িক নামই সর্ব্বত্র চলিতেছে, বৈকুষ্ঠনাম প্রচারিত হউক। পাঞ্চরাত্রিক-মতে শ্রীমন্দির করা হউক, ঠাকুর থাকুন, আমাদের সহিত ঠাকুরের সেবা-পূজা হউক, তাহাতে লোকের মঙ্গল হইবে। কিন্তু Better class— Higher class যাঁহারা তাঁহাদের প্রচারকার্য্য। বৈকুষ্ঠনামের সর্ব্বত্র প্রচারই মহাপ্রভুর মনোহভীষ্ট। প্রচুর পরিমাণে বৈকুষ্ঠকথা বলিতে হইবে, এজন্য অনেক করিয়া Pamphlet (ক্ষুদ্র ক্ষুদ্র গ্রন্থ) ছাপা হউক, তাহাতে বহুল প্রচারের সুবিধা হইবে।

বড়লোক— ধনবান্ ও শিক্ষিত লোক যাঁহারা, ভাঁহারা কনক-কামিনী-প্রতিষ্ঠাশা লইয়া ঘুরিয়া বেড়াইতেছেন, ভাঁহাদের নিকট প্রচুর পরিমাণে চীৎকার করিয়া গলা ভাঙ্গিলেও তাঁহারা এনব কথায় কর্ণপাত করিবেন না। সুতরাং তাঁহাদিগকে লইয়া সময় নষ্ট করা কি প্রয়োজন ? এজন্য আমরা বলিতেছি— আমাদের প্রচার-প্রণালী এইরপ হউক—প্রচুর পরিমাণে Pamphlet করা হউক। তাহাতে তাহারা দেখুন—দর্শনশান্তে কভটুকু কি আলোচনা হইয়াছে, আর আমরা কত বড় জিনিষটী বলিতে বসিয়াছি।

দান্তিক লোক কখনও প্রচার-কার্য্য করিতে পারে না। অহঙ্কারী ব্যক্তি প্রচারকের সজ্জা গ্রহণ করিয়া আমিই প্রচারক এই প্রকার অভিমান করে, এজন্য বাস্তবসত্য তাহার নিকট আত্মপ্রকাশ করেন না। সুতরাং তাহার দ্বারা জগতের কোন বাস্তব মঙ্গল হইতে পারে না।

মহাপ্রত্ব তৃণাদপি সুনীচ ও মানদ হ'য়ে হরিকীর্ত্তন করিতে বিলিয়াছেন : তৃণাদপি সুনীচ না হইলে হরিকীর্ত্তন হয় না। পরচর্চ্চা লইয়া দিনটা কাটাইয়া দিলে মঙ্গল হইবে না। আমার ভাল কিসে হয়—-ইহাই বিচার্য্য হওয়া উচিত। পরচর্চেকের গতি নাহি কোন কালে— ইহাই

মহাজন-বাক্য। অন্যাভিলাষী অন্য কর্ম্ম করুক, আমার তাহা লইয়াক দরকার ? অন্য লোকের অসুবিধা হইয়াছে বলিতেছি, কিন্তু আমি ত' তাহাদের অপেক্ষাও মন্দ। এজন্য আমার মন্দ মনকে সর্কান্ধণ ভগবদ্ভজনে নিযুক্ত রাখিতে হইবে। Dissuading policy (নিরসন পন্থা) লইয়া অন্য লোককে আক্রমণ করিয়া বেড়ান কখনও প্রচারকের কার্য্য নহে, উহা প্রতারকের কার্য্য।

আমরা নিজ কার্য্য ভুলিয়া নানা কার্জে ব্যস্ত হইয়া পড়িয়াছি। আমাদের হৃদয়ে যে আবর্জনা জন্মিয়াছে, তাহা weed out করিবার জন্য যত্ন করা দরকার। যদিও এটা আমার ব্যক্তিশত স্বার্থ, তথাপি উহাই আমার সর্ব্বাগ্রে প্রয়োজন। নতুবা আচারহীন প্রচারের কোন মূল্য নাই। নিজে সর্ব্বাঞ্চন হরিভজন না করিলে অপরকে হরিভজন করান সম্ভব নয়।

শ্রীগুরু-নিত্যানন্দের আনুগত্য বিশেষ প্রয়োজন। কৃষ্ণশক্তি শ্রীগুরুদেবই মূল প্রচারক। তাঁহার আনুগত্যেই প্রচার করিতে হইবে। নতুবা প্রচার হইতে পারে না। শাস্ত্র বলেন—

> কলিযুগধর্ম— কৃষ্ণনামসংকীর্ত্রন। কৃষ্ণশক্তি বিনা নহে তার প্রবর্ত্তন।

শ্রীরূপ-সনাতনাদি ষড়গোস্বামী আমাদের গুরু। ইঁহাদের আনুগত্য করিতে হইবে। শ্রীরূপের আনুগত্য ব্যতীত ভজন হইবে না। শ্রীরূপাভিন্ন শ্রীগুরুপাদপদ্মের পদধূলিই আমাদের সম্বল হউক, তবেই মঙ্গল হইবে।

ভক্তি-রাজ্যে দাস্যের বিচারই প্রবল। দাস্য, সখ্য, বাৎসল্য, মধুর—সকল রসেই দাস্যভাবের প্রাবল্য।

পিতা-মাতা-গুরু-সখা-ভাব কেনে নয়। কৃষ্ণপ্রেমের স্বভাবে দাস্যভাব সে করয়॥ (চৈঃ চঃ) উঃ— যিনি সংসার-রূপ মৃত্যু হইতে আমাকে রক্ষা করেন, তিনিই শীগুরুপাদপদ্ম। মরে যাব এই ভীতি— এই আশঙ্কা হ'তে যিনি উদ্ধার করেতে পারেন, তিনিই সদ্ভরু। যাঁর নিকট উপস্থিত হ'লে অন্য কারো কথা তন্বার আবশ্যক বোধ হয় না— অন্য কারো কাছে যেতে হয় না, তিনিই গুরুদেব। সকল মঙ্গলের মঙ্গল-স্বরূপ ভগবান আমার সকল মঙ্গলের ভার যাঁর করে অর্পণ ক'রেছেন, ভিনিই সকল কল্যাণের আকর শীগুরুপাপদ্ম।

যাঁর কৃপায় কর্তৃত্বাভিমান দূর হয়, তিনিই শ্রীওরুপাদপন্ম। যিনি শ্রৌতবাণী আমাদের কর্ণে প্রদান করেন, যিনি নিরন্তর আমাদের কর্ণে শ্রৌতবাণীর অভিষেক ক'রে আমাদিগকে তৃণাদিশি সুনীচ, তরুর ন্যায় সহিষ্ণু, অমানী, মানদ ক'রেছেন এবং সর্ব্বদা আমাদের মুখে বৈকুষ্ঠকীর্ত্রন প্রকাশিত হ'বার শক্তি সংগ্রার করেন, লেই কৃষ্ণু শক্তিই শ্রীওরুপাদপন্ম। শ্রীওরুপাদপন্মই আমাদিগতে মায়াশক্তির করপ হ'তে মুক্ত ক'রে দেন।

সমগ্র জগন্বাসী আমাদের মান্য বা নমস্য, সমগ্র জগৎ গুরুসেবার উপকরণ, সকলেই আমার তাব্য বা ওক, আমি কৃষ্ণসেবক, কৃষ্ণসেবাই আমার ধর্ম— এই বিত্য ভাব বিত্ত প্রদান করেন, দিনিই শ্রীওক্লগানপদ্ম।

প্রঃ—ভজিমার্গ কি ?

উঃ— যে-পথে কৃষ্ণসেবার কথা নাই, তাহাই অভক্তিমার্গ। কৃষ্ণের তদ্ধ-সেবায় কৃষ্ণ-সুখানুসন্ধান ব্যতীত অন্য কোন অভিলাষ নাই। শুদ্ধভক্তি জিনিষটি— কৃষ্ণের অনুকৃল অনুশীলন।

ভক্তিমার্গে কৃষ্ণসুখে তাৎপর্য্য, কিন্তু অভক্তিমার্গে কৃষ্ণসুখের কোন কথা নাই, তাহা আত্মেন্দ্রিয়তর্পণের পথ।

প্রঃ— কে আনুগত্য করিতে পারে না ?

উঃ— অধাক্ষজ-বন্ত কৃষ্ণের সেবা ব্যতীত জীবের মঙ্গললাভের অন্য কোন কথা নাই। সেই পরমসেব্য বস্তুর সেবা আমার গুরুদেব বাতীত আর কেহই করিতে পারেন না— এই উপলব্ধির অভাব যেখানে, সেখানে আনুগত্য বা আত্মসমর্পণ সুষ্ঠুভাবে হয় না।

প্রঃ— গুরুবৈষ্ণব কি আমাদের সকল-কার্য্যই অনুমোদন করেন ?
উঃ— কখনই না। সদ্বৈদ্য যেমন রোগীর মনোমত কথা বলিতে পারেন না, সদ্গুরুও তদ্রেপ বন্ধজীবের মনযোগান কথা বলিতে অসমর্থ। যাঁহারা সাংসারিক সুখ-শান্তি-লাভের জন্য পিতৃমাতৃতি প্রদর্শন করেন ও করিবেন, তাহাতে আমার অনুমোদনের যোগ্যতা নাই। যেহেতু আমাদের চিত্ত তাঁহাদের ন্যায় সুনীতিপরায়ণ নহে; কারণ আমরা শ্রৌতপন্থী, ভক্তিনীতিই আমাদের আদর্শ ও লক্ষ্যের বিষয়। তাই আমরা গুরু-বৈষ্ণব-সেবায় উদাসীন হইয়া অন্যদিকে দৃষ্টি দিতে পারি না, অপরের পরামর্শ গ্রহণ করিতে পারি না। আত্মধর্ম ভগবৎসেবা ছাড়িয়া মনোধর্মের বশবর্ত্তী হইয়া অপরের সেবা করিবার সময় আমাদের নাই।

প্রাশ্বণ কে ?

উঃ— ব্রাহ্মণ ব্রহ্মবম্ভর অনুসন্ধান করেন। যিনি দেহধর্মী বা মনোধর্মী নহেন তিনিই ব্রাহ্মণ। ব্রহ্মজ্ঞই ব্রহ্মণ

প্রঃ— দেহের সার্থকতা কিসে হবে ?

উঃ— দেহ জড় পদার্থ। এই হাড়-মাংসের থলের সঙ্গে কৃষ্ণের কোন সম্বন্ধ নাই। এগুলিকে গুর্ব্বানুগত্যে কৃষ্ণসেবায় লাগাতে পার্লে সুবিধা হ'বে। জাগতিক বিদ্যাবৃদ্ধি প্রভৃতি ভগবানের সেবায় লাগ্লে মঙ্গল হয়:

প্রঃ— কোন্ ভক্তের সেবা কিভাবে করণীয় ?

উঃ— শতকরা একশত কার্য্য মহাভাগবতের জন্য কর্তে হ'বে। আর ৬৬'৬ recurring কার্য্য মধ্যম-ভাগবতের জন্য কর্তে হ'বে। ৩৩'৩ recurring কনিষ্ঠ-ভাগবতের জন্য কর্তে হ'বে।

প্রঃ— গুরুকে ভোক্তা-ভগবান্ মনে করা কি ঠিক ?

উঃ — কখনই না । শ্রীগুরুদেব কৃষ্ণের ন্যায় ভোজা-ভগবান্ বা গোপীনাথ

নহেন। গুরু হ'লেন— সেবক-ভগবান্। গুরু—ভগবান্ হইয়াও ভগবংপ্রেষ্ঠ ভক্তরাজ। গুরু—আশ্রুয়বিগ্রহ; তিনি কৃষ্ণের ন্যায় বিষয়বিগ্রহ বা রাধার ন্যায় মূল আশ্রুবিগ্রহ নহেন।

শ্রীগুরুদের গৌরাভিন্নবিগ্রহ। তিনি শ্রীগৌরাঙ্গ হইতে অচিন্ত্য -ভেদাভেদতত্ত্ব শ্রীগৌরাঙ্গের প্রকাশবিগ্রহ। তিনি আশ্রুজাতীয় ভগবত্তত্ত্ব। বিষয়জাতীয় ভগবতত্ত্বের সহিত তাঁহাকে একীভূত করিয়া বিষয়তত্ত্বের বিলোপ-সাধন কর্বার চেষ্টা অপরাধ্ময় নির্ব্যিশেষবাদ মাত্র। উহা মায়াবাদ বা পাষণ্ডতা।

শাস্ত্র বলেন---

যদ্যপি আমার গুরু চৈতন্যের দাস। তথাপি জানিয়ে আমি তাঁহার প্রকাশ। তাতে কৃষ্ণ ভজে, করে গুরুর সেবন। মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ।

কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুদেবের আশ্রয়ে, আনুগত্যে ও নির্দ্দেশে কৃষ্ণভজনের কথাই শাস্ত্র বলেন।

প্রঃ— হরিভজন করা কি বিশেষ প্রয়োজন ?

উঃ— নিশ্চয়ই। আর সময় নষ্ট না করিয়া এই মুহূর্ত্তেই কৃষ্ণের কৃপালাভের জন্য যত্ন করা কর্ত্তব্য। কি বালক, কি বৃদ্ধ, কি যুবক, কি যুবতী, কি পুরুষ, কি স্ত্রী সকলের পক্ষেই এই কথা। কারণ জীবন কখন শেষ হইবে তাহার ঠিক নাই, নিঃশ্বাসের বিশ্বাস নাই। সুতরাং এইক্ষণেই আমাদের প্রত্যেকেরই হরিভজন আরম্ভ করা দরকার।

কেহ কেহ বলেন— এখন ভোগসুখে কাটাইয়া শেষ-জীবনে হরিভজন করা যাইবে। কিন্তু এই বিচার সঙ্গত নয়। কারণ Time is life, প্রতি মুহূর্ত্তেই আমাদের পরমায়ুঃ ক্ষয় হইয়া যাইতেছে। জীবনের যে সময় চলিয়া যাইতেছে, তাহা আর ফিরিয়া আসিবে না। এই সকল চিন্তা করিয়া জীবনের ক্ষণকালও হরিভজন না করিয়া ছাড়িয়া দেওয়া

উচিত নয়। তাই মহাজন গাহিয়াছেন—

জীবন সমাপ্তিকালে করিব ভজন এবে করি গৃহসুখ। কখন একথা নাহি বলে বিজ্ঞজন, এ দেহ পতনোনাুখ।

ভজনের সুসময় হারাইলে ত্রিতাপের অগ্নিকুণ্ডে দগ্ধীভূত হইতে হইবে। এজন্য সাধুসঙ্গ করা বিশেষ প্রয়োজন। কৃষ্ণভজনই আমাদের একমাত্র কৃত্য, ইহা সাধুসঙ্গফলেই বুঝিবার সৌভাগ্য হইবে এবং তখন ভোগ ও ত্যাগ-চেষ্টা পরিত্যাগ পূর্ব্বক ভজনে ভৎপর হইলে স্বরূপ-সিন্ধিলাভের যোগ্যতা আসিবে। গুর্বানুগতো ভজন করিতে করিতে ক্রমশঃ প্রাক্তনকর্ম্ব-ফল নিঃশেষিত হইলে নিরিক্ষাত হইবে।

প্রঃ — কৃষ্ণাসেবা কি করিয়া পাইব ?

উঃ — বৃদাবননাথ শ্রীকৃষ্ণচন্দ্র নিত্যসিদ্ধ ব্রজ্ঞবাসী নন্দ-যশোদার নিত্যপুত্র, ভিনি অপর কাহারও পুত্র নহেন। প্রচুর পরিমাণে সেবা করিবার ফলেই নন্দ-যশোদা স্বয়ং-ভগবান্কে পুত্ররণে নাভ করিয়াছেন। এই যশোদা-নন্দন শ্যামসুন্দরই আমাদের উপাস্য। আরাধ্য ভগবান্ ব্রজেশতনয়ঃ-শ্রোকে দেবকী-নন্দনের উপাসনাব কথা ব্রলা হয় নাউ, যশোদা-দুলালের কথাই বলা হইয়াছে। নন্দ-যশোদার ন্যায় বসুদেব-দেবকী কৃষ্ণের সেবা -ধিকার পান নাই।

নন্দান্দনের উপাসনাই শ্রেষ্ঠ উপাসনা তাহা অপেক্ষাও যিনি সেবা করিয়া কৃষ্ণের আনন্দ বিধান করেন, সেই নন্দের আরাধনা আরও শ্রেষ্ঠ। তাঁহার কৃপা হইলে অমবা তাঁহার নন্দনের সেবা পাইব।

নন্দ্রত্ব বৃদ্যারনে থাকেন— শুদ্ধ জী রাজ্যার হৃদয়- বৃদ্যারনে। শুরুনদ্দের দ্বো দ্বারা হৃদয় সম্পূর্ণরূপে নির্মান না হুইলে ভগবান্কে হৃদয়বৃদ্যাবনে পাওয়া যায় না।

তথু সেবা করিবার জন্যই ব্রজবাসীগণ কৃষ্ণকে চান — কৃষ্ণকে পাইবার জন্য উতলা হন। কৃষ্ণের সেবা করিয়াই তাঁহাদের আনন্দ— কৃষ্ণের সহিত তাঁহাদের 'দেওয়া-নেওয়া' সম্পর্ক নাই। তাঁহারা নিষ্কাম ও নিঃস্বার্থপর। কৃষ্ণের প্রতি তাঁহাদের স্বাভাবিক আর্ক্ষণ। আমরা যদি সেই সব ব্রজবাসীর অনুসরণ করিতে পারি, তবেই আমাদের কৃষ্ণসেবা-লাভের সৌভাগ্য হইবে।

প্রঃ-- অন্তদ্ধ মন কি ?

উঃ— সঙ্কল্প-বিকল্পাত্মক ধর্মাবিশিষ্ট হাদয়ই জীবের মন; আর ভেলভুত্তি ও ত্যাগবৃদ্ধি পরিত্যাগ ক'রে নিরন্তর কৃষ্ণসেবায় নিযুক্ত চিত্তই পূর্ণপুরুষের বিহারস্থলী শুদ্ধমন।

রূপ-রস-গন্ধ-শব্দ-স্পর্শের নাম— বিষয়। ইহাদের ভোক্তা অভিমানকারী মনই বিষয়াবিষ্ট অশুদ্ধ-মন। সেই মনে কখনও পূর্ণপুরুষ ভগবান শ্রীহরির উপলব্ধি হয় না। ডক্তিপূত-নির্মাল চিত্তেই শ্রীকৃষ্ণের অনুভব হইয়া থাকে।

প্র8— শাস্ত্র কি সাক্ষাৎ ভগবান্ ?

উঃ— শাস্ত্র সাক্ষাৎ কৃষ্ণ — কৃষ্ণের অবতার। ভগবান্ শ্রীকৃষ্ণই আমাদের মঙ্গলের জন্য শাস্ত্ররূপে পৃথিবীতে অবতীর্ণ। ভগবান্ শ্রীগৌরাঙ্গদেব বিলয়াছেন—

> শাস্ত্র-গ্রহ্ম-আত্মরূপে আপনারে জানান। কৃষ্ণ মোর প্রভু, ত্রাতা— জীবের হয় জ্ঞান ॥

মনোধর্মে চালিত হ'য়ে আমরা যদি শাস্ত্র আলোচনা কর্তে যাই, তা' হ'লে আমরা বঞ্চিত হব। শাস্ত্র শরণাগতের কাছে প্রকাশিত হন। ভগবানে যেরূপ অচলা ভক্তি আছে, সেইরূপ অচলা ভক্তি যদি গুরুতে থাকে, তবে সেই মহাত্মার নিকটেই শাস্ত্রার্থ প্রকাশিত হয়। পণ্ডিত-অভিমানী দান্তিক লোক শাস্ত্রের কথা স্থদয়ঙ্গম করিতে পারে না। আমরা যদি কায়-মনোবাক্যে প্রপন্ন হ'য়ে সাধুর কথা শ্রবণ করি, তা' হ'লেই

আমরা শাস্ত্রের মর্মার্থ বুঝ্তে পার্ব।

প্রঃ কুপাপূর্ব্বক আমাকে কিছু উপদেশ দেন ?

উঃ — আমরা শ্রীগুরুপাদপদ্মের কথা আপনাদের নিকট নৈবেদ্যরূপে পরিবেশন করিতে পারি মাত্র। এছাড়া আমাদের আর কোন যোগ্যতা নাই। ডগবান্ শ্রীকৃষ্ণ অধ্যক্ষজবস্তু। এই অধ্যক্ষজ-বস্তু কর্মীর ভূমিকার বস্তু নন ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু নন। যদি তাই হন, তা' হলে তিনি ভোগ্য বস্তুর অন্যতম হ'য়ে যান। তিনি Centre of all Love. আর আমরা Part and parcel of Indefinite All Loved. যেমন সূর্য্য ও কিরণকণ তদ্রেপ। কিরণ-কণ্টী সূর্য্যর নহে, আবার সূর্য্য ছাড়া ইতর বস্তুও নহে, সূর্য্যে সহিত ইহার অবিচ্ছেদ্য সম্বন্ধ। এইজন্য জীব ভগবানের ভেদাভেদ-প্রকাশ।

জীব ভগবানের নিত্যসেবক। এ জগতের সহিত তাহার কোন সম্পর্ক নাই। ভগবান্ বিভূচেতন কিন্তু জীব অণুচেতন। ভগবান্ স্বাধীন কিন্তু জীব তাঁহার অধীন। ভগবান্ই জীবের একমাত্র আশ্রয় এবং ভগবৎ-সেবাই জীবের নিতাধর্ম।

জীব আমরা সর্ববিত্ত্ব-স্বতন্ত্র ভগবানের অণুচিৎ অংশ, সেইহেতু
পূর্ণবন্তর গুণ অণু-অংশে আমাদের মধ্যে আছে। কৃষ্ণের পূর্ণ-স্বতন্ত্রতা
আছে, আর জীবের পরিচ্ছিন্ন স্বতন্ত্রতা আছে। জীব যথন স্বতন্ত্রতার
সদ্মবহার করিয়া কৃষ্ণোনাুখ হয়, তখনই সে সুখে থাকে। আর ভগবানকে
ভূলিয়া যখনই ভোগোনাুখ বা ত্যাগোনাুখ হয়, তখনই সে দুঃখে পড়ে।
জীবের স্বতন্ত্রতা আছে বলিয়া সে সেবার দিকেও যেতে পারে, আবার
ভোগের দিকেও যেতে পারে। এইজন্য জীবকে তটস্থা-শক্তি বলে। তটস্থ
অবস্থায় জীব দাঁড়াতে পারে না। এইজন্য জীব হয় মায়ার দিকে না হয়
ভগবানের দিকে যেতে বাধ্য।

প্রঃ--- আমাদের চিত্ত-বিক্ষেপ কেন আসে?

উঃ— প্রীতির সহিত সর্বাক্ষণ হরিসেবা না করিলে চিত্ত-বিক্ষেপ আস্বেই।

ভজনটী সতত হওয়া চাই। নৈরন্তর্য্যের একটুকু অভাব হইলেই সেই ছিদ্র পেয়ে মায়া আমাদিগকে গ্রাস কর্বে।

প্রঃ— ভজন বা ভক্তি জিনিষটী কি ?

উ৪— ভগবানের সুখের জন্য যাহা করা যায় তাহাই ভজন। ভগবদাস্যই ভক্তি। এই দাস্য উত্তরোত্তর উনুত হয়ে সখ্য, বাৎসল্য ও মধুররস নামে পরিচিত। অন্যাভিলাষ, কর্ম্ম, জ্ঞান, যোগ, তপ, ব্রত প্রভৃতি আবরণ-রহিত অনুকূল-কৃষ্ণানুশীলনই ভজন। হঠযোগ, রাজযোগ, কর্মাযোগ, জ্ঞানযোগ, ব্রত-তপস্যা-যোগ প্রভৃতি অভক্তি-যোগ— এগুলি ভজন-পদবাচ্য নহে। ভক্তিযোগ ব্যতীত— হরিকথা শ্রবণ ব্যতীত কর্ম্ম, জ্ঞান, যোগ, তপঃ, ব্রতাদি দ্বারা কখনও আত্যন্তিক চিত্তদ্ধি হইতে পারে না। ভগবৎসেবা দ্বারাই অশান্ত মন নির্মাল ও শান্ত হয়।

প্রঃ— ভক্তি কি কলিযুগধর্ম ?

উঃ— ভক্তি কলিযুগে কেন, সার্ব্বকালিক, সার্ব্বত্রিক ও সার্ব্বজনীন ধর্মই ভক্তি। কর্ম-জ্ঞান-যোগাদি নৈমিত্তিক প্রস্তাবিত ধর্ম মাত্র। তাহা জীবের সহজবৃত্তি নয়। ভক্তিই মুক্তপুরুষগণের একমাত্র নিত্যধর্ম। আর বন্ধজীব অনর্থগ্রস্ত হয়ে যে সকল ধর্মের প্রস্তাব করে, তাহাই কর্মা, জ্ঞান, যোগ, তপঃ ও ব্রত।

প্রঃ— ভোগবুদ্ধি কি ক'রে কাট্বে ?

উঃ — সাধু-গুরু-কৃপায় আমরা যখন নিজেকে ভগবং-সেবক ব'লে বুঝ্তে পার্বো, তখনই আমাদের মঙ্গল হ'বে। দিব্যজ্ঞান হ'লেই আমাদের ভোগের প্রবৃত্তি — দুর্কুদ্ধি কেটে যাবে। যতক্ষণ ভগবংসেবক অভিমানে প্রতিষ্ঠিত না হই, যতক্ষণ পর্য্যন্ত বৈষ্ণবী-প্রতিষ্ঠা না আসে, ততক্ষণ আমরা ভোগবৃদ্ধি বা ভোগ্যরূপে জগৎ দেখি, তখন আর 'ঈশাবাস্য' জগৎ দর্শন হয় না। তখন প্রভুত্ব ব'লে একটা মেজাজ মাথায় ঢুকে পড়ে। এমতাবস্থায় ওদ্ধভক্তের সঙ্গ ছাড়া বাঁচ্বার অন্য কোন রাস্তা নাই। সুতরাং

মঙ্গলাকাজ্জী ব্যক্তি কাম-ক্রোধ-লোভ-মদ-মাৎসর্য্যে গর্বিত প্রচারক-শ্রেণীর নিকট যাবেন না। তা' হ'লে কখনই দিব্যজ্ঞান লাভ কর্তে পার্বেন না। নিদ্ধাম মহাপুরুষের সঙ্গ না হ'লে আমাদের কামনা-বাসনা, প্রভু-অভিমান, ভোগ কর্বার প্রবৃত্তি কিছুতেই যাবে না, ভগবৎ-সেবক-অভিমানও জাগ্বে না।

তাই শাস্ত্র ব'লেছেন---

মহৎ-কৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু, সংসার নহে ক্ষয়॥ সাধুসঙ্গ-কৃপা কিংবা কৃষ্ণের কৃপায়। কামাদি দুঃসঙ্গ ছাড়ি উদ্ধভক্তি পায়॥

প্রঃ— কে গুরুর কার্য কর্তে পারেন ?

উঃ— আমাদের মত দুর্গত জীবগণকে উদ্ধার কর্বার জন্য মানুষের বেশে যে সব মহাপুরুষ ভগবানের দ্বারা পরজগৎ হইতে এ জগতে প্রেরিত হন, যাঁহারা ত্রিতাপগ্রস্ত মানুষকে উদ্ধার করিয়া ভগবানের রাজ্যে পাঠাইয়া দেন, ভগবানের সেইরূপ নিজজন যিনি— ভগবানের দূত যিনি— বৈকুষ্ঠবাণীর বাহক যিনি, তিনিই গুরুর কার্য্য করিতে পারেন।

ভোগপ্রবৃত্তি ও ত্যাগপ্রবৃত্তিকে যূপকাঠে বলি দিবার জন্য যাঁহার বাণীখড়া সর্বাদা শাণিত রহিয়াছে, তিনিই প্রকৃত সাধু— তিনিই প্রকৃত ওক্ষ।

বিষয়বিগ্রহ কৃষ্ণের সেবা ব্যতীত যাঁহার অন্য কোন কৃত্য, বৃদ্ধি বা দর্শন নাই, তিনিই শ্রীগুরুপাদপদ্ম। তিনি কাহারও তোষামোদ শুনিবার জন্য ব্যস্ত নহেন, তিনি বাস্তব সত্যের নির্ভীক প্রচারক।

যিনি হরিকথা ছাড়া অন্য কথা কখনও বলেন না, হরিসেবা ছাড়া যিনি অন্য কোন ধর্মের উপদেশ দেন না, যিনি ২৪ ঘণ্টার মধ্যে এক সেকেণ্ড অন্য কার্য্য করেন না, তিনিই গুরু হইবার যোগ্য।

An insincere hypocrite (59) can not be a Guru.

Mundane activity তে যাহার aspiration (আকাজ্ঞা) আছে, সে কখনও গুরু হইতে পারে না। Pseudo (কৃত্রিম) guru should be turned out and exposed. ভগবানের কাছে যে সকল উপায়ন শিয়া Surrender করিতেছেন, মাঝপথে যদি কেহ উহা নিজের সেবায় লাগান, কনক-কামিনী-প্রতিষ্ঠা সংগ্রহে তাহা নিয়োগ করেন, তাহা হইলে তাহাকে ঠগ জানিয়া সম্পূর্ণ -ভাবে ত্যাগ করিতে হইবে। সেরূপ অসৎ লোকের কোন কথা শুনিতে হইবে না। বিষয়বিগ্রহের সেবার বস্তু মধ্যপথে আত্মসাৎকারী ব্যক্তি কখনও গুরুপদবাচ্য নহেন।

শাস্ত্র বলেন—
ঈহা যস্য হরের্দাস্যে কর্মণা মনসা গিরা।
নিখিলাস্বপ্যবস্থাসু জীবনাজঃ স উচ্যতে ॥ (নারদীয়-পুরাণ)

ভগবৎসেবা ছাড়িয়া Social Service এর জন্য যিনি প্রম্ভুত হইয়াছেন, সেরপ নাস্তিকের সঙ্গও করিতে হইবে না। সেরপ ব্যক্তি কখনও আত্রমঙ্গল বা পরমঙ্গল করিতে পারে না। এরপ Social Service করিতে করিতে সে মায়ার গর্ত্তে পড়িবে এবং সকলকে অসুবিধায় ফেলিবে।

যাঁহারা ভগবান্কে ঠকাইবার জন্য মালা-জপের অভিনয় করেন বা খুব চেঁচামেচি করেন, অথচ প্রত্যেক শব্দে কৃষ্ণদর্শন, প্রত্যেক উচ্চারণে সাক্ষাৎ গৌরসুন্দর দর্শন না করেন, তাঁহাদের সঙ্গ আমরা করি না। সব্বর্গাণ্ডিত্যের শেষ সীমা— কৃষ্ণসম্বন্ধ। যদি সাধুসঙ্গে থাকিয়া গুর্ব্গানুগত্যে আমাদের ভগবৎসেবা করিবার চিত্তবৃত্তি হয়, তবে ভগবানের সেবার উপকরণ-রূপে সমগ্র জগৎকে দর্শন করিব, জগতের সকল দ্রব্য দিয়ে ভগবানের সেবা করিব, তবেই আমাদের মঙ্গল হইবে।

সর্ব্বত্র যাঁহার ভূগবদ্দর্শন ও ভগবৎ-সম্পর্ক দর্শন, সর্ব্বত্র যাঁহার গুরুদর্শন, যিনি ভূণাদপি সুনীচ, তরুর ন্যায় সহিষ্ণু, অমানী ও মানদ হইয়া সতত হরিকীর্ত্তনে রত ও তন্ময়, সেইরূপ কৃষ্ণপ্রেষ্ঠ মহাপুরুষের সঙ্গ ও সেবা দ্বারাই আমাদের মঙ্গলের পথ উদ্ঘাটিত হইবে।
মহাভাগ্যফলেই এরূপ সদ্গুরু লাভ হয়। মায়ার কিন্ধরকে গুরু সাজাইয়া
ভোগবৃদ্ধির দ্বারা গৌরসুন্দরের নিকট পৌছিতে পারিব না। শ্রীগৌরসুন্দর
এ জগতে প্রকটলীলায় অবস্থান না করিলেও সর্ব্বন্ধণ যদি নিম্ধপটে
সাধু-গুরুর সঙ্গে থাকিতে পারি, তাঁহাদের চিত্তবৃত্তির সঙ্গে নিজের
চিত্তবৃত্তিকে dovetailed (সংলগ্ন) করিতে পারি— তাঁহাদের ইচ্ছার
সহিত যদি নিজের ইচ্ছা মিশাইতে পারি— যদি সেইরূপ কৃষ্ণতত্ত্বিদ্
শ্রীগুরুদেবের পাদপদ্মে শরণাগত হইতে পারি— তচ্চরণে পূর্ণভাবে
আত্মসমর্পণ করিতে পারি, তবে সেইরূপ প্রকৃষ্ট সঙ্গ, সেবা ও আনুগত্য
দ্বারাই আমাদের মঙ্গল হইবে।

প্রঃ— প্রকৃত গুরু আমরা কি করে পাব ?

উঃ— মঙ্গলের প্রথম কথা— সদ্গুরুপদাশ্রা। সকলেই ভগবদিছায় নিজ নিজ অধিকার-অনুযায়ী গুরু পান। যেমন খৃষ্টান ও মুসলমানগণ যীশু ও মহম্মদকে পাইয়াছেন। নিজ ভাগ্যানুসারে আবার কেহ বিষয়ী কুলগুরুকে গুরু বলিয়া গ্রহণ করিয়া সংসারেই আসক্ত থাকেন। কিন্তু যদি আমার ভাগ্য ভাল হয়, আমি যদি অকপটে সত্য সত্য সদ্গুরুর অনুসন্ধান করি, সদ্গুরু লাভের জন্য ভগবানের নিকট কাতর প্রার্থনা জানাই, তাহা হইলে ভগবৎ-কৃপায় এই জন্মে অবশ্যই সদ্গুরুর সন্ধান পাইব এবং তাঁহার শ্রীপাদপদ্ম আশ্রয় করিয়া ধন্য ও কৃতার্থ হইতে পারিব।

শাস্ত্র বলেন-

ব্রন্ধাও ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব। গুরুকৃষ্ণপ্রসাদে পায় ভক্তিলতা-বীজ॥ কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু-অন্তর্যামিরূপে শিখায় আপনে॥ গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে।
গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥
যদ্যপি আমার গুরু চৈতন্যের দাস।
তথাপি জানিয়ে আমি তাঁহার প্রকাশ।
শিক্ষা-গুরুকে ত' জানি কৃষ্ণের স্বরূপ।
অন্তর্যামী, ভক্তশ্রেষ্ঠ এই দুই রূপ।
জীবে সাক্ষাৎ নাহি তাতে গুরু-চৈত্যরূপে।
শিক্ষাগুরু হন কৃষ্ণ মহান্তস্বরূপে। (চিঃ চঃ)

হে কৃষ্ণচন্দ্র, কৃপাপূর্বেক আমাকে সেবক ব'লে গ্রহণ কর। গৃহকর্ত্তা অভিমানে বা ভোক্তা-অভিমানে আমি আজীবন যে অনিত্য সংসারের সেবা ও জগতের সেবা ক'রেছি, তা' আর কর্বো না— জীব যখন এইভাবে নিষ্কপটে ভগবানের নিকট কাতর প্রার্থনা জানায়, তখনই দয়াময় শ্রীকৃষ্ণ মহান্ত-গুরুরূপে তাঁর নিকট আবির্ভূত হন।

সদ্গুরুর নিকট দিব্যজ্ঞান-লাভের সৌভাগ্য না হ'লে ভগবং-সেবায় অধিকার হয় না। এই দিব্যজ্ঞান দিবার সামর্থ্য কোন মনুষ্য বা দেবতার নাই। এইজন্যই সদ্গুরুর এত প্রয়োজনীয়তা।

প্রঃ— আপনাদের মিশনের উদ্দেশ্য কি ?

উঃ— আমাদের Misson করার আদৌ দরকারই ছিল না, কেবল wrong way-তে মানুষ চলিয়াছে বলিয়া আমরা নিজের ভগবৎ-সেবাকে Misson এর কার্য্যে প্রয়োগ করিয়াছি— মনুষ্য সমাজকে wrong way হইতে উদ্ধার করিবার জন্য। এই প্রকার ভোগময় পৃথিবীর সার্ক্বভৌমপদ যদি আমরা কোটিবারও পাই তথাপি উহাকে আমরা মলমূত্রের ন্যায় বিসর্জন করিতে পারি। মনুষ্য-জাতি তাহাদের হইতে উদ্ধার লাভ করিয়া গৌরসুন্দরের পাদপদ্মে প্রতিষ্ঠিত হউক— যিনি সকল মঙ্গলের মূল: এইজন্যই আমাদের ক্ষুদ্র প্রয়াস। শ্রীচৈতন্যদেব যে কথা বলিয়াছেন,

তাহা হইতে যদি একচুলও কেহ তফাৎ হন, তিনি ব্রহ্মা, শিব, বায়ু, বরুণ— যিনিই হউন না কেন, যত বড়ই ধর্মপ্রচারক হউন, ধর্মনেতা হউন, তিনি সেই পরিমাণ অসুবিধায় রহিয়াছেন। শ্রীচৈত্তন্যদেবের যিনি দাস, তিনি পরম বাস্তব সত্যের উপাসক। জগতের Giant Intellect বা মানুষ যাহাকে হোমরা-চোমরা ধর্মপ্রচারক বলিয়া সাজাইয়া উঠাইয়াছে তাহাদের কোন কথায় শ্রীচৈত্তন্যদাস লুব্ধ বা শক্ষিত হন না—শ্রীগৌরাঙ্গপাদপদ্মে এত বড় সৌন্দর্য্য তাহারা দর্শন করিয়াছেন। শ্রীগৌরভজের নিকট বিষয়-বিষধরের দন্ত ভগ্ন হইয়াছে। শ্রীগৌরস্কর্মরের বাণী যাহার কর্ণে প্রবেশ করিয়াছে, জগতের কোন প্রকার ছলনা তাহাদিগকে বঞ্চনা করিতে পারে না।

পতঞ্জলির যোগপথ, কৃত্রিমভাবে জিতেন্দ্রিয় হইবার চেষ্টা অথবা মেনকা, উর্ব্বলী প্রভৃতি বিষয়সমূহ ভগবন্ধক্তকে কোন দিন লুব্ধ করিতে পারে না। Passimistic view লইয়া দুঃখ হইতে বিমুক্ত হওয়াকে যাঁহারা একটা খুব বড় কথা মনে করেন, তাঁহাদের হস্ত হইতেও ভগবদ্ভক্তের জুতা-বরদারগণ পরিমুক্ত। ভগবদ্ভক্ত Privation from necessaries of life কে খুব বড় কথা মনে করেন না। তদ্ভবায়ের ন্যায় কর্ণে তুলা প্রদান করিয়া বহির্জ্জগতের জ্ঞান হইতে দূরে থাকা তাঁহাদের আবশ্যক হয় না। তাঁহারা নিজের প্রীতির কামুক নহেন। আমার প্রীতি ত' আমাকে নরকে লইয়া যাইবে, আমি যে রোগগ্রন্ত পণ্ড, ভগবানে প্রীতিই আমার কাম্য। Worldly acquisition গুলি লইয়া শ্রীগৌরসুন্দরের পাদপদ্মাশ্রয় হয় না। সেই সকল তাঁহার পাদপদ্ম-সেবায় লাগাইলেই মঙ্গল হয়।

নির্জ্জনে বসিয়া গৌর-নিতাইর নাম করিব— ইহা আর একটি কপটতা ও আত্মসুখ-বাঞ্ছা বা প্রতিষ্ঠার এষণা। ইন্দ্রিয়গুলি সমস্তই বৈরিবর্গ। শ্রীচৈতন্যদেবের প্রচারিত নিত্য আত্মবৃত্তি ভক্তির পথকে ঐ সকল শত্রু কোটিকণ্টকরুদ্ধ করিয়া তুলিয়াছে। লোকে তাই ফল্পভোগ-ফল্পত্যাগ- অন্যাভিলাষ-কর্ম্ম-জ্ঞান-যোগবিদ্ধ মিছাভিজকে ভক্তি মনে করিতেছে।
আমি কিন্তু অধোক্ষজ ভগবানের সেবা করিব। অমি আমার প্রচ্ছন্ন বা
স্পষ্ট ইন্দ্রিয়তর্পণকারী কুকুরের সেবা করিয়া মেথর হইব না, গাধার
সেবা করিয়া রজক হইব না, ইউপাটকেলের সেবা করিয়া Engineer
হইব না— এরূপ যাঁহাদের বিচার ভাঁহারাই মহাপ্রভুর প্রীতি আচরণ
করিতে পারেন, ভক্তির পথ আশ্রয় করিতে পারেন। শ্রীগৌরসুন্দর
প্রাচীরজাতীয় অচিদ্-বস্তু নহেন। আমাদের মধ্যে যে নৈসর্গিক অনাদি
বৈমুখ্যজনিত বৃদ্ধি আসিয়া পড়িয়াছে, গৌরকৃপায়ই তাহা হইতে উদ্ধার
লাভ হইতে পারে, অন্য কোন উপায়ে নহে। অন্যান্য লোক যদি কৃপা
করিবার অভিনয় করিতে আসেন, তাহাদিগকে বঞ্চক জানিতে হইবে
তাঁহারা ত' সর্কক্ষণ গৌরনাম কীর্ত্তন করিতে করিতে আমার সম্মুখে
আসেন না, তাঁহারা ত' গৌরনাম, গৌরলীলা গান করেন না, তাঁহারা কি
করিয়া গুরুর কার্য্য করিতে পারিবেন ? যে-সকল ব্যক্তি পার্থিব ক্ষুদ্র ক্ষুদ্র
বস্তুতে আসক্ত, তাঁহারা পাঠশালার গুরুর কার্য্য করিতে পারেন, কিন্তু
পারমার্থিক গুরুর কার্য্য করিতে পারেন না।

কিবা বিপ্র, কিবা ন্যাসী, শূদ্র কেনে নয়। যেই কৃষ্ণতত্ত্ববেত্তা, সেই গুরু হয়।

গুণজাত জগতের যে ক্রিয়া আমাকে অসুবিধায় পতিত করিতেছে. সেইরূপ অসুবিধার হস্ত হইতে উদ্ধারের জন্য যিনি মর্ম্মান্তিক আঘাত প্রদান করিয়া আমার হৃদয়গ্রন্থি ছেদন করিতে পারেন, যিনি নিষ্কপটে দয়া করিতে পারেন, যিনি আমাকে তোষামোদ করিবার জন্য ব্যস্ত নহেন, কিন্তু নিষ্কপটে অমায়ায় আমাকে দয়া করিতে পারেন, তিনিই শ্রীগুরুদেব।

প্রঃ— আমাদের করণীয় কি বলুন ?

উঃ— আমরা জগতের সকলকে বলি— For the time being you stop and lend your submissive and regardful ear. আপনাদের

সকল ধারণা ও সকল কথা রাখিয়া দিয়া কৃপা করিয়া একটু শ্রৌতকথা শ্রবণ করুন। আমি Transcendental sound এর পক্ষপাতী। Rubbish জিনিষগুলি যাহা এখান হইতে সংগ্রহ করিয়াছি, তাহার বোঝা মাথায় লইয়া চলিলে এক ইঞ্চিও ব্রজের পথে—ভগবানের দিকে অগ্রসর হইতে পারিব না। এ জগতের যাঁহারা Giant Intellect বলিয়া প্রতিষ্ঠিত, তাঁহারা তাঁহাদের কথা কিছুকাল স্থগিত রাখিয়া দিয়া Transcendental sound তানুন। Empirism must never be medium. ভক্তি জিনিষটি Suggestive নয়, 'লাগে তাক্, না লাগে তুক্' এ জাতীয় বস্তু নয়, তাহা positive— বাস্তবতা নির্দেশ করিয়া দেয়। Personal Godhead এর আনুগত্য-বিচারই ভক্তি।

প্রঃ— বৈষ্ণব কে ?

উঃ— কনক-কামিনী, প্রতিষ্ঠা-বাঘিনী,
ছাড়িয়াছে যারে সেই ত' বৈষ্ণব।
সেই অনাসক্ত, সেই ওদ্ধতক,
সংসার তথায় পায় পরাভব।

প্রঃ— আমাদের বিচার কিরূপ থাকিবে?
উঃ— যাহারা শ্রীচৈতন্যবিমুখ, সেই সব দেহ-সম্পর্কীয় আত্মীয়গণকে
পর বলিয়া জানিতে হইবে। দুঃসঙ্গ পরিত্যাগ পূর্ব্বক সৎসঙ্গ করিতে
হইবে। সাধুর সঙ্গ না করিলে সর্ব্বতোভাবে দুঃসঙ্গ ত্যাগ হইতে পারে
না।

যাহারা শ্রীচৈতন্যদেবের ভক্তগণের প্রতি বিমুখ, উদাসীন বা বিদ্বেষী, তাহাদিগকে চৈতন্য-বিমুখ বলিয়া জানিতে হইবে।

যাঁহারা ভগবানের কথা নিয়ে দিন কাটান, তাঁহারাই সাধু ও ভক্ত। আর যাঁহারা কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণ বা বিলাসের কথা বাদ দিয়ে জগতের কথা নিয়ে ও নির্কিশেষ-বিচারের কথা নিয়ে দিন কাটান, তাঁহারাই অসৎ, অসাধু বা অভক্ত। জগৎ আমার ভোগ্য, আমি ভোগী— ইহাই জগদ্দর্শন। কিন্তু এ জগৎ জগন্নাথের অবস্থান-ক্ষেত্র।

শ্রীগুরুপাদপদ্মকে কৃষ্ণপ্রেষ্ঠ ও নিত্যসিদ্ধ ব্রজবাসী বলিয়া জ্ঞান হইলে ব্রজে যাইবার সৌভাগ্য হয়। নিত্যসিদ্ধ মহাজন শ্রীগুরুপাদপদ্মের অনুগমন ও অনুসরণই আমাদের কর্ত্ব্য। তাহা হইলেই ব্রজে যাওয়া হইবে। কিন্তু স্বতন্ত্র হইয়া মেপে নেবার বিচার আসিলে সংসার হইবে, ব্রজে যাওয়া হইবে না।

নিষ্কপটে হরিভজন করিবার জন্য আমাদের প্রাণপণে যতু করা উচিত। আর বেশী দিন নাই। আমাদিগকে এ জগৎ হইতে চলিয়া যাইতে হইবে।

আশ্রাবিগ্রহ শ্রীগুরুপাদপদ্মের আনুগত্যেই সেবা করিতে হইবে।
সেবা-চিন্তা বা সেবাবৃদ্ধি প্রবল হইলে আর অন্য চিন্তা আসিতে পারিবে
না।শ্রীরূপানুগবর শ্রীগুরুপাদপদ্মের পদধূলিই আমাদের চরম আকাজ্ফার
বিষয় হইলেই মঙ্গল। শ্রীগুরুগৌরাঙ্গের সুখের দিকে তীব্র লক্ষ্য থাকিলে
স্বসুথ-বাঞ্ছা আর জীবকে বিপন্ন করিতে পারিবে না। হরিভজনের উদ্দেশ্যেই
জীবনযাপন করিতে হইবে। বাধা-বিপত্তি দেখিয়া কিছুতেই হরিভজন
ছাড়িতে হইবে না।

প্রঃ— গৌড়ীয়মঠ কি বলেন ?

উঃ— Back to God and Back to Home is the message of Gaudiya Math. ভগবানের কাছে চল, গৃহে ফিরে চল— ইহাই গৌড়ীয়মঠের কথা।

শুদ্ধভক্তির কথা — মহাপ্রভুর কথা জগতে প্রচার করিবার জন্যই গৌড়ীয়মঠের অবতার।

মহাপ্রভুর অমূল্য উপদেশ ও শিক্ষাই গৌড়ীয়মঠের প্রচার্য্য বিষয়। শ্রীমদ্ভাগবতের কথাই তাঁহারা নিজে আচরণ করিয়া বিশ্বে প্রচার করেন। তাঁহারা আচারবান্ প্রচারক। প্রঃ— ভগবদর্শন কি ক'রে হ'বে ?

উঃ— যিনি সর্ব্বক্ষণ ভগবানের উপাসনা করেন, এরূপ নিছিপ্তন মহাপুরুষের আশ্রয়েই— তাঁহার শ্রীহস্ত দ্বারা উন্মীলিত চক্ষেই আমাদের ভগবদর্শন হ'বে।

যিনি অনুক্ষণ ভগবদ্ভজন করেন, যিনি প্রতি পদবিক্ষেপে ভগবানের সেবা করেন, যিনি সর্ক্রস্থ দিয়ে ভগবানের সেবা ছাড়া আর কিছু করেন না, এমন কোন সাধু-গুরুর সেবাই আমাদিগকে ভগবদনুভূতি দিতে পারে।

ভজের নিজের সম্পত্তি হ'লো কৃষ্ণ। ভক্তই কৃষ্ণকে দিতে পারেন, কৃষ্ণদর্শন করাইতে পারেন। ভক্তকে প্রসন্ন কর্তে পার্লেই সিদ্ধি হ'বে।

ভোগোনাুখ চিত্তে ভগবদনুভৃতি হয় না, সেবোনাুখ চিত্তেই কৃষ্ণানুভৃতি বা কৃষ্ণদর্শন লাভ হয়। নিজেকে ভগবৎসেবক জেনে অনুক্ষণ শ্রীশুক্ল-গৌরাঙ্গের সেবা কর্তে কর্তেই সেব্যের অনুভৃতি হয়। সেবাপথেই সেব্যের সাক্ষাৎকার সম্ভব, অন্য উপায়ে নহে।

প্রঃ— কে কৃষ্ণকে পাইবেই ? উঃ— কৃষ্ণ নিশ্বয়ই আমাকে রক্ষা করিবেন— এরূপ দৃঢ় বিশ্বাস যাহার আছে, তাহারই সিদ্ধি হয়।

যাঁরা সর্বতোভাবে ভগবানে নির্ভর করেন, যাঁরা ভগবৎকথা অনুক্ষণ আলোচনা করেন, তাঁদের পাদপদ্মে শরণ গ্রহণ করাই রক্ষা পাইবার উপায়। তাঁরা পতিতপাবন। তাঁদের শরণ পন্ন হ'লে তাঁরা আমাকে রক্ষা কর্বেনই। আশ্রিভই রক্ষা পাবে, নিরাশ্র বা স্বতন্ত্র রক্ষা পাবে না। পূর্ণ-শরণাগত হ'লে কৃষ্ণের পূর্ণ-কৃপা অবশ্যই হ'বে।

প্রঃ কর্ত্তাভিমানী ব্যক্তির মঙ্গল হয় কি ?

উঃ—কর্মমার্গে বিচরণকারী ব্যক্তিই কর্ত্তা। কর্ম্ম অমঙ্গলের রাস্তা। তা তৈ মঙ্গল বা ভক্তির কোন কথা নাই। আমরা কর্মটাকে বড় কাজ মনে ক'রে অমঙ্গলের দিকে দৌড়াচ্ছি সংকর্ম ক'রে আমরা সকলের প্রিয় হ'তে চাচ্ছি, সংসারের কর্ম যথাসাধ্য ক'রে আত্মীয়স্বজনের প্রীতি আকর্ষণের জন্য ব্যস্ত হচ্ছি, কিন্তু এতে আমাদের মঙ্গল বা শান্তি হ'বে না— সংসার থেকে আমরা নিচ্চৃতি পাব না। তাই ভগবস্তুক্তগণ আমাদিগকে কৃপা ক'রে বল্ছেন— ভগবানের সেবাই আমাদের একমাত্র কৃত্য। দেবতা, পশু, পদ্মী, মানুষ সকলেরই কর্ত্বব্য—ভগবৎসেবা। কিন্তু ভক্তের কথা না তনে আমরা মনে কর্ছি— পিতা হ'য়েছি— পুত্র-কন্যার সেবা করা— তা'দের আথেরের বন্দোবস্ত করা কাজ আমার আছে। যখন পুত্র হ'য়েছি, তখন পিতা-মাতার সেবা করাই আমার কার্য্য ইত্যাদি বহু সংকল্প আমাদের চিত্তে উদিত হ'চ্ছে। ইহারই নাম— অবৈক্ষবতা, ভগবদ্বিমুখতা বা মায়ার দাস্য।

প্রঃ— আমাদের শ্রীনামে রুচি কি ক'রে হ'বে ?

উঃ— মঙ্গলাকাজ্জী সাধক শ্রীনামের পাদপদ্মে নিজেকে অর্পণ কর্বেন। শ্রীকৃষ্ণনামসংকীর্ত্তনই যে সর্ব্বার্থসিদ্ধি-লাভের একমাত্র অব্যর্থ সাধন, তাহা তিনি দৃঢ়ভাবে জান্বেন।

যেদিন আমাদের মন্ত্রসিদ্ধি হ'বে সেইদিন আমাদের মুখে হরিনাম সর্ব্বদা নৃত্য কর্তে থাক্বেন।

যাঁরা কৃষ্ণকীর্ত্তন করেন, সেই মঠবাসী ভক্তগণের সেবায় বিমুখ হ'য়ে ভজনের অভিনয় কর্লে আমাদের মঙ্গল হ'বে না। আদরের সহিত মঠবাসী ভক্তগণের সেবা কর্লেই শ্রীনামকীর্ত্তনে অধিকার হবে—শ্রীনাম-ভজনে রুচি বর্দ্ধিত হ'বে। কিন্তু তা' না ক'রে আমরা যদি আত্রীয়স্বজনের সেবা নিয়েই মেতে থাকি, তা' হ'লে আর হরিনাম হ'লো না। তবে গৃহস্থ-ভক্তগণ যদি সাধুসঙ্গ ও ভজন-প্রভাবে কর্ত্ত্বাভিমান ও গৃহাসক্তি হ'তে মুক্ত হ'য়ে ভগবৎ- সেবক-অভিমানে গৃহে বাস কর্তে পারেন. গৃহের অধিবাসিগণকে নিজ ভোগোপকরণ না জেনে কৃষ্ণসেবার উপকরণ ব'লে জান্তে পারেন, তবে তাঁদেরও'মঙ্গল হ'বে।

সাধুসঙ্গেই হরিনাম হয়। অসাধুসঙ্গে নাম হয় না। সাধুসঙ্গং হরিকথা-শ্রবণ ও হরি-গুরু-বৈষ্ণবস্বোয় উদাসীন হ'লে নাম হ'বে না। এজন্য কি গৃহস্থ, কি মঠবাসী সকলকেই এই তিনটি বিষয়ে বিশেষ যত্ন কর্তে হ'বে। তা' হলেই মঙ্গল হ'বে, হরিনামে রুচি হ'বে, চেতনের উন্মেষ হ'বে, স্বরূপে প্রতিষ্ঠিত হওয়া যাবে।

প্রঃ-- ওদ্ধ-সেবা লাভ ও ভগবদর্শন কখন হয় ?

উঃ— যেদিন আমরা সেবাবিগ্রহ শ্রীগুরুদেবকে শ্রীগৌরাঙ্গ-মহাপ্রভুর সহিত অভিনু বলিয়া উপলব্ধি করিতে পারিব, সেইদিনই আমাদের প্রকৃত ভগবং-সেবা লাভ হ'বে। তখন ধর্ম্ম, অর্থ, কাম, এমন কি মুক্তি পর্য্যন্ত তুচ্ছ মনে হ'বে।

মহান্ত গুরুদেবকে যখন শ্রীগৌরাঙ্গদেবের নিজজন ব'লে উপলব্ধি হয়, তখনই শ্রীরাধা-গোবিন্দের লীলা-কথা আমাদের নির্মাল হৃদয়ে স্কৃর্তিপ্রাপ্ত হয়, তখনই ভগবদ্দর্শন আমাদের ভাগ্যে ঘটে।

প্রঃ পশুরা মানুষ হয় কি জনা ?

উঃ— পতরা মানুষ হয় হরিভজন কর্বার জন্য। তথু পতই বা বলি কেন, দেবতাগণও হরিভজন কর্বার জন্য মনুষ্যজন্ম আকাজ্ফা করেন। এমন দেবদুর্লভ মনুষ্যজন্ম লাভ ক'রে আমরা যদি পতর ন্যায় আহার-বিহারেই ব্যস্ত থাক্লাম— সংসারে মন্ত থেকে হরিভজন না কর্লাম অথবা হরিভজনের নাম ক'রে যে বিষয়ী সে বিষয়ীই থাক্লাম, তা' হ'লে আমাদের জীবন বৃথাই গেল—মনুষ্য-জন্ম পেয়েও কোন লাভ হ'লো না।

যদি হরিভজন না করি, তবে বেঁচে থেকেই বা কি হ'বে ? হরিভজনহীন জীবন ত' বৃথা। তৎফলে আমাকে ত' জন্ম-জন্ম অত্যন্ত দুঃখ-ভোগই করতে হবে।

প্রঃ--- ভক্তগণ কি বলেন ?

উঃ— শ্রীহরির ভক্তগণ বলেন— হে জীব, তুমি ভগবৎসেবক। এ জগতের

সঙ্গে তোমার কোন সম্পর্ক নাই। হরিসেবক তুমি হরির সেবা কর, আর কিছু ক'রো না। হরিসেবা ছাড়া অন্য কিছু কর্তে গেলেই তোমার অশান্তি হ'বে।

হে জীব, তুমি হরিসেবার নামে ইন্দ্রিয়তর্পণ ক'রো না, মনে রেখা—কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণের নামই সেবা। তোমার নিজের ইন্দ্রিয়তৃপ্তি যাতে হয়, তোমার বহির্মুখ আত্মীয়-স্বজনের যাতে সুখ হয়, সেরূপ কার্য্য করার নাম সেবা নয়। তা'কে সেবা মনে কর্লে তুমি বঞ্চিত হ'বে। গৃহসেবাকে ভগবৎসেবা মনে ক'রে ভুল ক'রো না, ভগবান্কে আশ্রয় ক'রে আর মায়ার সেবায় সময় নষ্ট ক'রো না, তা'তে তোমার মঙ্গল হ'বে না পরম্ভ দিন দিন সংসারেই আসক্ত হ'য়ে পড়বে, তৎফলে তোমার ভগবৎপ্রাপ্তি হ'বে না। তুমি ভগবানের জন্য ব্যক্ত হও, তবে ত' ভগবান্কে পাবে। তাই বল্ছি— চতুর হও, সকলকে ফাঁকি দিয়ে কৃষ্ণসেবা কর, তা' হলেই শ্রীতরু-গৌরাঙ্গ প্রসন্ন হ'বেন।

প্রঃ—হাদয়মন্দিরে কাহারা ভগবৎসেবা করেন?

উঃ— শুদ্ধভক্তগণ হৃদয়মন্দিরে ভগবান্কে প্রতিষ্ঠিত করেন। তাঁরা 'ডাবে ভাবে হৃদয়ভবনে ভাবয়েয়ং ভবস্তম্' বিচারে প্রতিষ্ঠিত। প্রহাদাদি ভক্তগণও হৃদয়ে ভগবান্কে প্রতিষ্ঠা করিয়া সেবা করিয়াছেন। ভগবন্যন্দির সব সময় খুলিয়া রাখা যায় না, কিন্তু হৃদয়মন্দির সবসময়ই খোলা থাকে। কনিষ্ঠাধিকারী ভক্ত হৃদয়মন্দিরে ভগবংসেবার কথা বৃথিতে পারে না।

প্রঃ— গুরু কে এবং গুরুসেবা কিভাবে করণীয় ?

উঃ— গুরু ও বৈষ্ণব অপ্রাকৃত শ্রীমন্দির। ভগবান্ যেখানে সেখানে প্রকাশিত থাকেন না। তিনি গুরু ও বৈষ্ণবের মধ্যেই আত্মপ্রকাশ করিয়া বাস করেন। অনেকে ভগবদর্শন চান কিন্তু গুরুদর্শন হইতেই যে ভগবদর্শন হয়, একথা তাঁরা জানেন না। ভক্তির আরম্ভই হয় না— যদি গুরুপাদপদ্ম বলিয়া কোন বস্তু না থাকে। গুরুই কৃষ্ণপাদপদ্মের সহিত

সাক্ষাৎকারের যোগসূত্র। কৃষ্ণ তাঁহার সর্ব্বপেক্ষা শ্রেষ্ঠ সেবক বা শ্রেষ্ঠ বৈষ্ণবকে এ জগতে প্রেরণ করিয়া যে অপার করুণার পরিচয় দেন, সেই করুণাশক্তির মূর্ত্তবিগ্রহই—শ্রীগুরুপাদপদ্ম।

শ্রীগুরুদেব আমাদের পরমান্ত্রীয়। এজন্য কেবল সম্রমের সহিত দূরে থাকিয়া কর্ত্তব্যবুদ্ধিতে গুরুসেবা করিলে চলিবে না, বিশ্রস্তের সহিত অর্থাৎ দৃঢ় বিশ্বাস ও প্রীতির সহিত গুরুসেবা করিতে হইবে। তবেই মঙ্গল হইবে।

আমাদের নিকট শ্রীকৃষ্ণ হ'তেও শ্রীগুরুপাদপদ্মের অধিক প্রয়োজনীয়তা। শ্রীগৌরাঙ্গদেব সর্ব্বগুরুগণেরও গুরু। তিনি জানালেন— গুরু ভগবান হ'তে অভিনু হলেও ভগবদ্ধক্তের প্রধান তত্ত্বরূপে গুরুতত্ত্বের অবস্থান। সেই ভজরাজ কৃষ্ণপ্রেষ্ঠ গুরুকে বাদ দিয়ে ভগবৎসেবা হয় না। গুরুসেবা ব্যতীত জীবের মঙ্গলের আর দ্বিতীয় রাস্তা নাই।

## প্রঃ—দিব্যজ্ঞান কি ?

উং— আমরা সেব্য, আমরা কর্ত্তা, আমরা ভোক্তা— এই বিচারই অচিদ্জ্ঞান বা অজ্ঞানতা। আর আমরা অদিতীয় ভোক্তা ভগবানের সর্ব্বতোভাবে ভোগ্য বা সেবক— এই উপলব্ধিই দিব্যজ্ঞান বা চিন্ময় জ্ঞান।

প্রঃ— মনোবল কি ক'রে হ'বে ?

উঃ— আমরা দুর্ব্বল। আমাদের মনোবল আবশ্যক। জীবন্ত সাধুর নিকট ভগবানের বীর্য্যবতী কথা শ্রদ্ধাপূর্ব্বক শ্রবণের দ্বারাই আমাদের মনোবল লাভ হ'বে। বলবান্ সাধুর সঙ্গ ব্যতীত মনোবল লাভ সম্ভব নয়।

## প্রঃ — মঙ্গল কি ক'রে হ'বে ?

উঃ— আমরা ভগবৎসেবক। এজন্য ভগবৎসেবাই দরকার। তা'তেই মঙ্গল হ'বে। ভগবৎসেবার চেয়ে বড় কর্ত্তব্য আর কিছু নাই।

মায়ার সংসারে প্রবিষ্ট না হ'য়ে কৃষ্ণের সংসারে প্রবিষ্ট হ'তে হ'বে – কর্ত্তা না হ'য়ে সেবক হ'তে হ'বে। তবেই মঙ্গল হ'বে।

প্রঃ— শরণাগত ভক্তগণ ভিক্ষা করেন কেন ?

উঃ— ভগবান্ যাহা করান, শরণাগত ভক্ত তাহাই করেন। শ্রীগৌরসুন্দরের উপদেশক্রমে সকলের কল্যাণ-সাধন কর্বার জন্যই ভক্তগণ ঘারে ঘারে গিয়া ভগবৎ-সেবার্থ ভিক্ষা করেন। তাঁরা যে সর্কশ্রেষ্ঠ সম্পত্তিটী পেয়েছেন, তা সকলকে বিতরণ কর্বার জন্য— সকলকে কৃষ্ণ-সেবা মহোৎসবে আহ্বান কর্বার জন্য দারে ঘারে যান। জাত্যোন্দ্রিয়প্রীতিবাঞ্ছার বশবর্ত্তী হ'য়ে তাঁরা কোথাও যান না। ভক্তগণের দয়ার তুলনা নাই। সকলকে ভগবদুনাখ করার জন্য তাঁদের এই প্রচেষ্টা।

প্রঃ— সংসারপ্রবৃত্তি কি ক'রে কম্বে ?

উঃ — সংসার তৃণাচ্ছাদিত কৃপ-সদৃশ। এই সংসার-কৃপে একবার পড়ে গেলে উঠা খুব কঠিন। ভগবানের কৃপা ব্যতীত সংসার হ'তে নিজে নিজে কেহ উদ্ধার হ'তে পারে না। আমরা কৃষ্ণের গোলাম— এই কথাটা ভূলে গেলেই মায়ার গোলাম হ'য়ে পভূতে হ'বে। ভগবৎ-সেবাই হ'লো ভক্তি। আর ভোগেচ্ছাই অভক্তি। এই অভক্তি পরিত্যাগের একমাত্র উপায়—প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তি সহকারে ওক্ল-বৈষ্ণবের নিকট কৃষ্ণকথা শ্রবণ। তা' হলেই সংসার কর্বার প্রবৃত্তি নিবৃত্ত হ'বে এবং শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তনে রুচি হ'বে।

প্রঃ— আমরা কিডাবে থাকিব ?

উঃ— আপনারা শুদ্ধভক্তের নিকট হরিকথা শুন্তে থাকুন, বিশ্বকে ভগবংসেবক ব'লে দেখুন, তা' হ'লে আপনাদের কোন দুঃখ থাক্বে না।

আপনারা ভগবানের কথায় মনোযোগ দেন। ভগবান্ কি বল্ছেন তা' উৎকর্ণ হ'য়ে ভন্তে থাকুন। ভগবান্ কি ষ'ল্ছেন ? ভগবান্ ব'ল্ছেন— হে জীব, তুমি অনাদি বহির্দ্মথ হ'লেও অন্তর্দ্মথ ধর্মাও তোমাতে ছিল, তুমি আমাকে সেবা কর্তে পার্তে, কিন্তু তা' না ক'রে আমার নিকট থেকে সেবা চাচ্ছ। তুমি আমাকে ভুলে নিজে প্রভু সাজ্তে চাচ্ছ, কিন্তু জানিও তুমি সেবক— তুমি কোন দিন প্রত্ নই।

শ্রীহরিই সকলের প্রভু আর বাদবাকী সকলেই তাঁর সেবক। হরিকথা শ্রবণ করা তাঁর সেবা। হরিকীর্ত্তনকারী হ'লেন গুরু আর শ্রবণকারী হ'লো শিষ্য। শ্রবণকারী Submissive (অনুগত) হইবে। হরিকথা তন্বার জন্য আগ্রহ থাকা প্রয়োজন। যেদিন হরিকথা আলোচনার সুযোগ না হয়, সেইদিনই দুর্দিন।

আপনারা শ্রীমন্তাগবতের কথা শুনুন। শ্রীমন্তাগবত ব'ল্ছেন—
অনেক জন্মের পর মনুষ্যজন্ম লাভ হ'য়েছে; সূতরাং ইহা অত্যন্ত দুর্লভ।
এই জন্ম অনিত্য হ'লেও পরমার্থপ্রদ। মনুষ্যজন্ম অনিত্যমপি অর্থদম্।
স্বতস্ত্রতা পরিত্যাগ পূর্ব্বক শরণাগত হ'য়ে নিম্নপটে ভজন কর্লে এই
জন্মেই ভগবৎপ্রাপ্তি হ'তে পারে। অতএব ধীর ব্যক্তি মৃত্যুর পূর্ব্ব পর্যান্ত
আর ক্ষণমাত্র বিলম্ব না করে চরম কল্যাণ লাভের জন্য যতু কর্বেন।
আহার-বিহারাদি সকল জন্মেই পাওয়া যায় কিন্তু পরমার্থ অন্য জন্মে লভা
নহে। আমাদের যে কোন জন্ম হোক্ না কেন, বিষয়-লাভ প্রত্যেক
জন্মেই হ'বে। মনুষ্যু না হ'লেও বিষয় সব জন্মেই পাওয়া যাবে। এজন্য
মনুষ্যজন্মে শ্রেয়ের অনুশীলনই কর্ত্তব্য। ভগবৎ-সেবাই হ'লো একমাত্র
শ্রেয়ঃ বা মঙ্গল। সেবা কা'কে বলে জানা দরকার। তথু সেব্যের
সুখবিধানের নামই সেবা। শ্রীহরি সকলের মূল, সকলের প্রভু, সকলের
উপাস্য, সকলের একমাত্র সেব্য। আমরা সকলে সেই শ্রীহরিরই সেবক।
তাঁর সেবাই আমাদের ধর্ম্ম, কার্য্য বা কর্ত্ব্য। এ ছাড়া আমাদের আর
কোন কর্ত্ব্য নাই।

ভগবান্ই পূর্ণ বস্তু — জীবের একমাত্র উপাস্য বস্তু। তাঁর সেবা লাভ কর্তে হ'লে তাঁর সন্ধানদাতা — তাঁর প্রকাশবিহাহ শ্রীগুরুদেবের পাদপদ্ম আশ্রয় কর্তে হবে, সেই শ্রীগুরুদেবের সেবা প্রীতির সহিত কর্তে হ'বে। শ্রীগুরুদেব ছাড়া এ জগতে এমন নিঃস্বার্থ বন্ধু ও পরমাত্রীয় আর কেহ নাই। গুরুতে আপন-জ্ঞান ও প্রীতি হ'লেই আমাদের মঙ্গল হবে। আদরের সহিত সেবা কর্তে কর্তেই সেবক-অভিমান জাগ্বে এবং শ্রীগুরুগোবিন্দে প্রীতি হ'বে।

প্রঃ— কাহার নিকট ভগবৎকথা গুন্লে মঙ্গল হ'বে ?
উঃ— যিনি ভগবান্কে দেখাইয়া দিতে পারেন, যিনি ২৪ ঘণ্টার মধ্যে
২৪ ঘণ্টাই ভগবানের সেবা করেন,সেই শ্রীগুরুপাদপদ্মের নিকটেই
ভগবৎকথা ও ভগবৎসেবার কথা গুন্তে হবে। তবেই আমাদের মঙ্গল
হ'বে— আমাদের ভগবৎসেবা-প্রবৃত্তি জাগ্বে।

শ্রীভগবানের সেবাগার ও সেবাশিক্ষাগারই হরিকীর্ত্তন-মুখরিত মঠমন্দির। সেখানে হরিকথা ও হরিসেবারই প্রাধান্য। শ্রীচৈতন্যদেবের নিজজন শ্রীতক্রপাদপদ্ম ও গুরুনিষ্ঠ ভক্তগণের নিকট প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তি নিয়ে হরিকথা তন্লেই মঙ্গল হ'বে—জীবের চৈতন্য আস্বে।

ভগবদ্ধজ্ঞগণ ভজিচক্ষে হ্রদয়ে শ্যামসুন্দর কৃষ্ণকে দর্শন করেন। সেইরূপ সাধুর সঙ্গ ও কৃপা হ'লে আমরাও হৃদয়ে ভগবান্কে দেখতে পাব। এই চোখ দিয়ে ভগবদ্দর্শন হয় না, ভক্তিচক্ষেই ভগবদ্দর্শন হ'য়ে থাকে।

শ্রীকৃষ্ণের আরাধনা দারাই আমাদের নিত্য মঙ্গল লাভ হ'বে। যে মুহূর্ত্তে আমি বৃত্তে পার্বো— ভগবান্ কৃষ্ণই আমার প্রভু, আমি তাঁর সেবক, সেই মুহূর্ত্তেই আমার সুবিধা হ'বে— আমার মঙ্গলের দরজা খুলে যাবে। আমাদের দৃঢ়ভাবে জেনে রাখা উচিত যে, এ জগতে ভগবান্ শ্রীহরি ব্যতীত আরাধনা কর্বার আর কোন বস্তু নাই।

প্রঃ— আমাদের গুদ্ধনাম হ'চ্ছে, ইহা কি ক'রে বুঝ্বো ?
উঃ— একবার যাঁর মুখে শুদ্ধনাম উচ্চারিত হন, তাঁর চরিত্র-হানতা থাক্তে
পারে না— গুরুগিরি কর্বার দুস্প্রবৃত্তি তাঁর থাকে না— কনক-কামিনীপ্রতিষ্ঠাকাজ্কা তাঁর হৃদয়ে স্থান পায় না। শ্রীনামের আভাসেই পাপ,
পাপবাসনা ও অবিদ্যা নষ্ট হ'য়ে থাকে। তিনটির কোন একটি অস্ত

ঃকরণে থাক্লে শুদ্ধনাম একবারও জিহ্বায় উচ্চারিত হন নাই, জান্তে হ'বে।

শ্রীনাম সাক্ষাৎ ভগবান্। শ্রীনাম শব্দ-ব্রহ্ম। ব্রহ্ম-বন্ধ শ্রীনামকে আমি regulate কর্তে পারি না, শ্রীনামই আমাকে regulate কর্বেন, কৃপা করবেন, উদ্ধার কর্বেন।

সাধুগুরুকৃপায় নিজেকে শ্রীনামের সেবক ব'লে জান্বার সৌভাগ্য হ'লে প্রতিষ্ঠালাভের ইচ্ছা জাগে না— কনক-কামিনী ভোগের স্পৃহাও থাকে না। কনক, কামিনী ও প্রতিষ্ঠার কবল হ'তে যিনি মুক্ত হয়েছেন, তাঁর মুখেই শুদ্ধনাম উচ্চরিত হন।

শুদ্ধসন্তাতেই শুদ্ধনামের স্কৃতি হয়। কৃষ্ণনাম সাক্ষাৎ কামদেব। কাম ও কামদেব একসঙ্গে থাকে না।

প্রঃ— আমাদের কামনা-বাসনা কি ক'রে যাবে ?

উঃ— শ্রীমন্তাগব্ত ব্রলেন— সাধুগণের হিতকারী কৃষ্ণ স্বীয় নাম-গুণশ্রবণকারী ব্যক্তিগণের হৃদয়ে অন্তর্যামী চেন্ত্যগুরুরূপে অবস্থান পূর্ব্বক
তাঁদের হৃদয়স্থ কামাদি বাসনা-সমূহ সমূলে ধ্বংস করেন।

যিনি ভগবানের মঙ্গলম্য়ী কথা শ্রন্ধা পূর্বেক প্রত্যহ শ্রবণ করেন অথবা স্বয়ং কীর্ত্তন করেন, ভগবান্ অতি শীঘ্রই স্বয়ং তাঁহার হৃদয়ে আবির্ভূত হন।

যদি সদ্গুরুর নিকট হরিকথা শ্রবণ করা হয়, তার নিকট শ্রীনাম গ্রহণ ক'রে নিরন্তর কীর্ত্তন করা হয়, তা' হ'লে অন্য চিন্তা ও অন্যকামনা সব থেমে যায় এবং অনুক্ষণ কৃষ্ণস্তি হ'য়ে থাকে। কীর্ত্তন-প্রভাবেই স্মরণ স্বাভাবিকভাবে হয়। সরল অন্তঃকরণে নিরন্তর বা প্রত্যহ শ্রবণ-কীর্ত্তন কর্লে মঙ্গল নিশ্চয়ই হ'বে এবং সমস্ত অসুবিধা কেটে যাবে। প্রঃ— কি ক'রে নিজেকে জান্তে পার্বো ?

উঃ--- কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুদেবের কৃপাতেই নিজেকে জান্তে

পার্বো—চিদানন্দ-স্বরূপ পাওয়া যাবে।

সর্ব্রদাই সাধৃগুরুর সঙ্গ কর্তে হ'বে। সাধুসঙ্গফলেই বাস্ত বদেহের সন্ধান পাওয়া যাবে— স্বস্থরপের প্রকাশ হ'বে। তখন আর দেহে আত্মবৃদ্ধি বা প্রাকৃত অভিমান থাক্বে না— সর্ব্ধনাশকর স্বসুখবাসনা চিরতরে বিদূরিত হ'বে। আমি ভগবৎসেবক— ইহাই জীবের স্বরূপ। ভগবৎসেবকের সঙ্গে ভগবৎসেবা কর্তে কর্তেই আমাদের এই স্বরূপ জাগরিত হ'বে। তখন আর বিরূপের চেষ্টা ভোগপ্রবৃত্তি থাক্বে না।

প্রঃ— আমরা কৃষ্ণসেবা কর্তে পার্ছি না কেন ?
উঃ— মহতের কৃপা ব্যতীত কেহ কৃষ্ণসেবা কর্তে পারে না। এইজন্যই
সদ্ওক্ত-চরণাশ্রয়ের এত প্রয়োজনীয়তা। "মহৎকৃপা বিনা কোন কর্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে রহু, সংসার নহে ক্ষয়॥"

যাঁরা সর্ব্বন্ধণ কৃঞ্চসেবা করেন, সেই সব সাধুর সঙ্গে থাক্লে আমাদের সেবাপ্রবৃত্তি জাগ্বে। কৃঞ্চভক্তের সঙ্গ ব্যতীত সেবা করার ইচ্ছা জাগ্তে পারে না। হরিদোবা তামাসার জিনিষ নয়। ইহা কেবল সাধুর সঙ্গ ও কৃপা-সাপেক্ষ। সাধুগুরুর পূর্ণ আনুগত্য কর্লেই সেবার সৌভাগ্য লাভ হয়।

সেবক-অভিমান না হ'লে সেবা হয় না। সেব্য ও সেবকের সহিত যোগসূত্রই হ'লো ভক্তি বা সেবা। আমরা সেবক না হ'য়ে সেব্য হ'তে চাচ্ছি, সুতরাং সেবা কি ক'রে হ'বে ? সেবকই ত' সেবা কর্বে।

আমি কর্ত্তা হ'য়ে শ্রবণ কর্বাে, দর্শন কর্বাে, কীর্ত্তন কর্বাে, স্মরণ কর্বাে—এটা ত' কর্মার বিচার— অভক্তের বিচার। এই মারাত্মক কর্তৃত্বাভিমান পরিত্যাগ পূর্ব্বক্ধ সেবক-অভিমানে প্রতিষ্ঠিত হ'লে ত' সেবা হ'বে। এজন্য ভগবৎসেবক আমরা ২৪ ঘন্টার মধ্যে ২৪ ঘন্টাই সাধুসক্ষে থেকে তাঁদের আনুগত্যে ও নির্দ্ধেশ ভগবানের সেবা কর্বাে, তবেই মঙ্গল হ'বে— শুদ্ধ সেবা লাভ হ'বে। আমরা নিজের প্রতি আস্থা

ছেড়ে দিয়ে শ্রীগুরু-গৌরাঙ্গের উপর সম্পূর্ণ নির্ভর করলেই আমাদের সমস্ত অসুবিধা ও সেবার বাধা কেটে যাবে এ তথ্ন আমরা গুর্বানুগত্যে সানন্দে সেবা কর্তে পার্বো।

পতি-পত্নী-সম্বন্ধ, পিতা-পূত্র-সম্বন্ধ, বন্ধু-বন্ধু-সম্বন্ধ ও প্রভূ-ভূত্য-সম্বন্ধ— এই চারটী সম্বন্ধের মধ্যে যে কোন একটি সম্বন্ধ কৃষ্ণের সঙ্গে হ'লেই মঙ্গল, তা'তেই হরিসেবা হ'বে।

সম্বন্ধ না হ'লে সেবা হয় না। সেবা কর্তে কর্তে সম্বন্ধ পরিস্কৃট হয়। এ জগতের লোকও এই চারটা সম্বন্ধ নিয়ে সেবা করে। সম্বন্ধজ্ঞানের অভাবেই ইহ জগতে এই অনিত্য সম্বন্ধ হ'য়েছে।

আমরা গুরুকৃষ্ণের eternal slaves—আমরা গুরুকৃষ্ণের নিত্য কেনা গোলাম— এই কথাটা ভূলে যাবার জন্যই আমাদের এত দুর্গতি হ'রেছে। এখন সাধু-গুরুকৃপায় ইহা স্মৃতিপথে আস্লেই আমাদের সুবিধা হ'বে— আমরা ভক্তিপথে বা সেবার পথে অগ্রসর হ'তে পার্বো।

প্রঃ— কোন্ বিষয়ে সাবধান হ'তে হ'বে ? উঃ— জগতের সকল জিনিষই ভগবানের। সেই সব ভগবদ্- ভোগ্য জিনিষে ভোগবৃদ্ধি কর্লে অসুবিধায় পড়ুতে হ'বে।

যারা ভগবানের কথা-শ্রবণে বিমুখ হ'বে, তা'রা সংসারে আসক্ত ও আবদ্ধ হ'য়ে যাবে। এজন্য মঙ্গলাকাজ্ফী সজ্জনগণ প্রকৃত সাধুর নিকট হরিকথা-শ্রবণের জন্য যত্নপর হ'বেন।

আমি অনেক সেবা কর্ছি, আমি সেবা ক'রে ফেলেছি, আমি বৈষ্ণব হ'রে গেছি— ইহা দুর্ব্বৃদ্ধি। এসব পাগলামি ছেড়ে দীন হ'রে কৃপা ডিক্ষা কর্তে কর্তে সেবা লাভের জন্য যত্ন কর্তে হ'বে।

গুরুবৈক্ষবের সেবা বাদ দিয়ে কৃষ্ণসেবা কর্বার অভিনয়টা ফুটো হাঁড়িতে জল রাখার মত। গুরুবৈক্ষবের সেবা বাদ দিয়ে কৃষ্ণসেবার ছলনা বা হরিনাম করার অভিনয় দাম্ভিকতা মাত্র। সর্বাহ্ণণ সাধুসঙ্গে থাক্তে হ'বে। সংসঙ্গ ব্যতীত দুর্ব্বল আমি বাঁচ্তে পার্বো না। সবসময় সাধুসঙ্গে বাস না করণে প্রভু হ'বার দুর্ব্বৃদ্ধি প্রবল হ'বে এবং নানা দুশ্ভিষা এসে আমাদিগকে বিব্রত ক'রে ফেল্বে।

সংসারটা নরকের দার। প্রেয়ঃ বা সংসার প্রথম মুখে খানিকটা ভাল মনে হ'লেও শেষটা নৈরাশ্য।

'মাধব হাম পরিণাম নিরাশা'।

থঃ— গুরুকৃপাই কি কৃষ্ণকৃপা ?

উঃ — নিশ্যই। কৃষ্ণ গুরুরপেই জীবকে কৃপা করেন, আশ্রয় দেন।

কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু-অন্তর্যামিরূপে শিখায় আপনে॥ গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥

গুরুকৃপা ও কৃষ্ণকৃপা পৃথক্ নয়। গুরুদেব কৃষ্ণভজন ব্যতীত অন্য কিছু করেন না। কৃষ্ণও তাঁর প্রেষ্ঠজনের সেবা ব্যতীত আর কারো সেবা অঙ্গীকার করেন না।

সকলের সকল সেবা গুরুদেব কর্তৃকই কৃষ্ণের চরণে নিবেদিত হয়। যাঁকে নিত্যকাল সেবা কর্তে হ'বে, সেই শ্রীগুরুদেব ব্রক্ষাণ্ডবাসী জীববিশেষ নন। তিনি পতিত জীবগণকে উদ্ধার কর্বার জন্য কৃষ্ণেছায় এ জগতে অবতীর্ণ হ'য়ে জীবকে ভক্তিলতার বীজ প্রদান করেন— ভগবৎ-সেবা করার সুবৃদ্ধি দেন। কৃষ্ণের কৃপা গুরুষারাই আমাদের নিকট উপস্থিত হয়।

> ব্রক্ষাণ্ড দ্রমিতে কোন ভাগ্যবান্ জীব। গুরুকৃষ্ণপ্রসাদে পায় ভক্তিলতা-বীজ।

প্রঃ— ভক্তের বিচার কিরূপ ?

উঃ — যিনি প্রকৃত ভগবৎসেবক, তিনি সুখ-দুঃখ, সুবিধা-অসুবিধা কোন

অবস্থাতেই বিচলিত না হ'য়ে সর্ব্বাবস্থার কায়মনোবাক্যে ভগবৎ-সেবা করেন। ভক্ত সতত সেবাতেই অবস্থিত থাকেন। ভক্তের বিচার— আমি ভগবৎসেবক। সেবাই আমার জীবন, সেবাই আমার কার্য্য; এতদ্বাতীত যা কিছু সবই মৃত্যু বা সংসার।

ভক্ত সেবাত্মা; তাই তিনি সেবা ছাড়া থাক্তে পারেন না। সেব্যাত্মাই সেবাত্মা হ'তে পারেন। সেব্য, সেবক ও সেবা— এ তিনটি একসূত্রে গাঁথা।

প্রঃ— যারা ভগবান্কে চায়, তাদের প্রথম কার্য্য কি ?
উঃ— যারা সত্য সত্য ভগবান্কে চায়, তাদের প্রথম কার্য্যই হ'ছে—
দুঃসঙ্গ পরিত্যাগ। দুঃসঙ্গ বা অসৎসঙ্গ ত্যাগ না হলে সাধুসঙ্গ হয় না।
কৃষ্ণ ও কৃষ্ণসেবা ব্যতীত অন্য কামনাই দুঃসঙ্গ।
শাস্ত্র বলেন—

দুঃসঙ্গ কহিয়ে কৈতব, আত্মবঞ্চনা। কৃষ্ণ, কৃষ্ণভক্তি বিনা অন্য কামনা।

নিষ্কপট ভক্তগণ দুঃসঙ্গ বা অসৎসঙ্গ দৃঢ়ভাবে পরিত্যাগ করেন এবং আদর ও প্রীতির সহিত সাধুর সঙ্গ ও সেবা করেন।

এখন প্রশ্ন সাধু কে ?

যিনি সতত হরিনাম, হরিকথা ও হরিসেবা নিয়ে দিন কাটান, তিনিই সাধু, তিনিই ভক্ত, তিনিই সং। আর যারা সংসারের কথা নিয়ে, নিজের ইন্দ্রিয়তর্পণ ও সুখসুবিধার কথা নিয়ে দিন কাটায়, তা'রাই অসং বা অসাধু।

যারা নিছপট সাধক, তা'রা ভোগকে গর্হণমুখে যথাযোগ্য স্বীকার করতঃ সাধুসঙ্গ ও সাধুসেবায় তৎপর হয়। তৎফলে ত'ারা ক্রমশঃ মঙ্গল লাভ করে। এইজন্যই শ্রীমদ্রাগবত অসৎসঙ্গ পরিত্যাগ পূর্বেক সৎসঙ্গ করতে ব'লেছেন—

ততো দুঃসঙ্গমুৎস্জ্য সৎসু সজ্জেত বুদ্ধিমান্। সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ॥ (ভাঃ ১১।২৬।২৬)

ভগবদ্বিমুখ ব্যক্তিই অসং। যত dear and near ones—সকলের সঙ্গ ছেড়ে দিতে হ'বে যদি তা'রা ভগবদ্বিমুখ হয়। শ্রীচৈতন্যবিমুখ ব্যক্তিই ভগবদ্বিমুখ। যারা শ্রীচৈতন্যদেবের শ্রীচরণাশ্রয় কর্ল না, যারা তার অমূল্য শিক্ষা গ্রহণ কর্ল না, তারাই শ্রীচৈতন্যবিমুখ। যারা শ্রীচৈতন্যদেবের ভক্তগণের আশ্রিত, গৌরভক্তগণের প্রতি শ্রদ্ধালু ও তাঁদের সেবারত, তাঁরাই প্রকৃতপক্ষে ভগবদুনাখ।

যারা বিদ্যাপ্রার্থী, তারা যেমন বিদ্যান্কে আশ্রয় না ক'রে পারে না, তদুপ যাঁরা ভগবান্কে চান, সেই ভাগ্যবান্ সজ্জনগণ কলিকালে অবতীর্ণ ভগবান্ শ্রীগৌরাঙ্গদেব ও তাঁর ভক্তগণের শ্রীচরণ আশ্রয় ব্যতীত থাক্তে পারেন না। ভক্তের আশ্রেই ভগবান্কে পাওয়া যায়, ভক্তগ্রুর আশ্রয়ই ভগবংপ্রাপ্তির একমাত্র উপায়, এইজন্য তাঁদের এরপ প্রচেষ্টা।

প্রঃ--- সর্বেত্রই কি শ্রীধাম ?

উঃ—প্রত্যেক জীবহৃদয় ও প্রত্যেক পরমাণু শ্রীবিষ্ণুর অধিষ্ঠানক্ষেত্র বা বসতিস্থল। সুতরাং সর্ব্বত্রই শ্রীধাম। যেদিন শ্রীগুরুদেবের কৃপা হৃদয়ে স্ফূর্ত্তি হয়, সেইদিনই এইরূপ দর্শন হয়। ৩খন আর বিশ্বদর্শন বা ভোগ্যদর্শন থাকে না।

প্রঃ অনর্থ কি ?

উঃ— স্বসুথবাঞ্ছাই অনর্থ। ইন্দ্রিয়তর্পণস্পৃহাই ভগবৎসেবার প্রধান বাধা।
তাহাতে ভগবৎস্মৃতি প্রতিহত হয় এবং অন্য চিন্তা হৃদয়ে উদিত হইয়া
থাকে।

প্রঃ—ভগবৎকৃপা কি ক'রে পাব ?

উঃ— यिनि अनुक्रण इतिस्मिना करतन, स्मरे नी छक्र पिरवत छेपरिन छ

আদেশ লজ্মন না করিয়া তাঁহার আনুগত্য করিলেই আমরা অনায়াসে ভগবানের কৃপা লাভ করিতে পারিব। গুরুর প্রসাদেই কৃষ্ণকৃপা লাভ হয়। গুরু প্রসন্ন না হইলে কোন প্রকারেই জীবের মঙ্গল হইতে পারে না। প্রঃ—ভগবান কৃষ্ণই কি নিজের সেবা নিজে শিক্ষা দিবার জন্য গুরুরূপে অবতীর্ণ ?

উঃ— নিশ্চয়ই। সচিচদানন্দ ভগবানের গায়ে হাত আছে, সেই হাত দিয়ে তিনি যেন তাঁর গা চুল্কুছেন; ভগবানের হাত তাঁর দেহই— ভগবান্ নিজেই নিজের সেবা শিক্ষা দিবার জন্য গুরুরূপে অবতীর্ণ হ'য়েছেন। আমার শ্রীগুরুদেবও সেইরূপ ভগবান্ হ'তে অভিনু— ভগবানের সহিত একদেহ— সেব্য ভগবান্ আর সেবক-ভগবান্— বিষয়্ম-ভগবান্ আর আশ্রয় ভগবান্। মুকুন্দ— সেব্যভগবান— বিষয়্ম-ভগবান্ আর মুকুন্দপ্রেষ্ঠ শ্রীগুরুদেব সেবক-ভগবান্— আশ্রয় -ভগবান্। আমার শ্রীগুরুদেবের তুল্য ভগবানের প্রয়য় আর কেহ নাই। তিনি ভগবানের অত্যন্ত প্রয়য়।

চণকের দিনলের ন্যায় বিষয়-জাতীয় কৃষ্ণ অর্দ্ধেকটা আর আশ্রয়-জাতীয় কৃষ্ণ অর্দ্ধেকটা ; এন্তদুভয়ের বিলাসবৈচিত্র্যাই পূর্ণতা। বিষয়-জাতীয় পূর্ণপ্রতীতি— কৃষ্ণ আর আশ্রয়জাতীয় পূর্ণপ্রতীতি— আমার শ্রীপ্তরুপাদপদা।

শ্রীকৃষ্ণ বিষয়জাতীয় ব্রহ্মবন্ত আর শ্রীগুরুদের আশ্রয়জাতীয় ব্রহ্মবন্ত। আমরা লঘু হইতেও লঘু, তদপেক্ষাও লঘু; আর যিনি অনুক্ষণ বৃহতের সেবা করেন, সেই সেবাবিগ্রহ শ্রীগুরুপাদপদ্ম বৃহৎ হইতেও বৃহৎ, জদপেক্ষাও বৃহৎ শ্রীগুরুপাদপদ্ম মুকুন্দপ্রেষ্ঠ। শ্রীগুরুপাদপদ্ম সর্কাপেক্ষা শ্রেষ্ঠ অশ্রয়। সেই কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুদেবকে আশ্রয়জাতীয় ভগবদ্বিচার করতে হ'বে, তবেই আমানের মঙ্গল হ'বে।

প্রঃ—ভক্তি কি ?

উঃ— যে পথে কৃষ্ণসেবার কথা নাই, তাহা অভক্তি-মার্গ। কৃষ্ণানুশীলনই ভক্তি। অনুশীলন অর্থে অনুক্ষণ সেবা বুঝায়। ভক্তি উদিত হইলে জীব ভক্তপদবাচ্য হন।

কৃষ্ণের সুখবিধানের নাম—ভক্তি। ভক্তিভে অন্যাভিলাষ আদৌ থাকিবে না। কৃষ্ণের সুখানুসন্ধান ব্যতীত অন্য উদ্দেশ্যে ভক্ত ভগবানের সেবা করেন না।

ভক্তির প্রারম্ভেই শ্রদ্ধার কথা। শ্রদ্ধাবান্ জীব হয় ভক্তি-অধিকারী'। প্রথম-সাধুসঙ্গে শান্ত্রশ্রবণ দ্বারা শ্রদ্ধা অর্থাৎ শান্ত্রার্থা -বিশ্বাস। কৃষ্ণসন্ধা-জ্ঞান হয় নাই অথচ ভক্তি হইয়াছে, এরপ কখনও হয় না। 'ভক্তি পরেশানুভবো বিরক্তিরন্যত্র চৈষ ত্রিক এককালঃ।' বিষয়ে বৈরাগ্য ও ভগবদ্জ্ঞান ভক্তির সহিত সমকালেই উদিত হয়। ভক্তি ব্যতীত উহাদের উদয়ের সম্ভাবনা নাই। গুদ্ধভক্তির মধ্যে ধর্মার্থকামমোক্ষবাঞ্জা থাকে না। ভক্তসঙ্গ দ্বারাই ভক্তি হয়।

প্রঃ—ভক্তিলাভের উপায় কি ?

উঃ—ভিজ্ঞলাভ করিতে হইলে সর্ব্বাগ্রে ৬৪ ভজ্ঞাঞ্চের পরমমুখ্য ভজ্ঞাঙ্গ শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিতে হইবে। শ্রীগুরুপাদপদ্ম অশ্রয় না করিলে কোনকালে ভক্তিতে অধিকার হয় না। আশ্রয়গ্রহণ ব্যকীত শ্রুবণ-কীর্ন্তনাদিও সুফল প্রসব করিতে পারে না। আশ্রিত বা শরণাগত না হইয়া শ্রুবণ, কীর্ত্রন, স্মরণাদি করিলে সুকৃতি সঞ্চিত হয় মাত্র, প্রকৃত-গ্রন্তাবে শুদ্ধ সেবায় অধিকার হয় না।

ভাগ্যক্রমে কৃষ্ণকৃপায় সদ্তক লাভ হয়। যিনি সর্বাশ্ব অর্পণ করিয়া শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করেন,তাঁহার কৃষ্ণদীক্ষা ও কৃষ্ণশিক্ষা পাভ ঘটে। আংশিক আদান-প্রদানে 'সর্ব্বাত্মনাশ্রিতপদ' হওয়া যায় না।

প্রঃ—ভগবর্দশনের পথটি কি ? উঃ—ভাঃ ৩।৯।১১ বলেন—

## শ্রুত্কিতপথই ভগবদর্শনের পথ।

শ্রীধরস্বামী-টীকা—শ্রুতেন শ্রুবণে ঈক্ষিতঃ পন্থাই ভগবদ্দর্শনের পন্থা। শ্রুবণানুগ্রহে শুদ্ধ চিত্তে ভগবদ্দর্শন হয়।

আদৌ গুরুমুখে শ্রুত, তৎপরে ঈক্ষিত—(শ্রীবিশ্বনার্থটীকা) শাস্ত্র বলেন—

ভক্তের ইচ্ছায় কৃষ্ণের সব অবতার। (চিঃচঃআও।১১১) ভাঃও। ৯।১১ বলেন—

যদ্ যদ্ধিয়া ত উরুগায় বিভাবয়ন্তি তত্ত্বপুঃ প্রণয়সে সদনুগ্রহায়।
শ্রীধরস্বামীটীকা—ভক্তগণ হাদয়ে যে রূপের চিন্তা করেন, ভগবান্
সেই রূপই তাঁহার হৃদয়ে প্রকাশ করেন।

প্রঃ—শ্রীরাধারাণী কে?

উঃ—শ্রীরাধা শ্রীকৃষ্ণের নিত্যা পত্নী—কৃষ্ণকান্তা-শিরোমণি। শ্রীরাধার ন্যায় এত প্রিয় শ্রীকৃষ্ণের আর কেহ নাই ।

শ্রীকৃষ্ণ অপেক্ষা শ্রীরাধা কোন অংশে কম নহেন। শ্রীকৃষ্ণই আস্বাদক ও আস্বাদিত-রূপে দুই দেহ ধারণ করিয়া বিলাস করেন। রাধাকৃষ্ণ এক আত্মা, দুই দেহ ধরি'। অন্যোন্যে বিলাসে রস আস্বাদন করি'॥

যে কৃষ্ণের অপূর্বর সৌন্দর্যা তিনি স্বয়ংই মুগ্ধ হন, সেই কৃষ্ণ আপেক্ষা শ্রীমতী রাধিকার সৌন্দর্য্য যদি বেশী না হইত, তবে তিনি ভ্রনমোহন কৃষ্ণকে মেহিত করিতে পারিতেন না। তাই তাঁহার একটি নাম ভ্রনমোহনমেহিনী তিনি পূর্ণচন্দ্র কৃষ্ণের পূর্ণিমা-স্বরূপিণী এবং কৃষ্ণকান্তাগণের শিরোমণি-স্কুপা—অংশিনী।

সেবকের এরপ ভাষা নাই— যাহা সেব্যবস্তুকে সমাক্ বর্ণন

করিতে পারে। কিন্তু সেবকের তত্ত্ব বর্ণন করিতে সেব্যই সমর্থ। তাই ভগবান্ কৃষ্ণচন্দ্র স্বয়ংই আমাদিগকে শ্রীমতী রাধারাণীর তত্ত্ব জানাইতে পারেন। আর একজন আছেন, তিনিও গোবিন্দা-নন্দিনীর তত্ত্ব আমাদিগকে জানাইতে সমর্থ— যিনি বৃষভানুসূতা ও কৃষ্ণের সাক্ষাৎ-সেবা করেন অর্থাৎ শ্রীগৌরসুন্দরের নিজজন—শ্রীতক্রদেব।

শ্রীকৃষ্ণচন্দ্র অখিল-রসের ও শোভা-সৌন্দর্য্যাদি-গুণের মূল সমশ্রেয়।
তিনি সমস্ত ঐশ্বর্য্য, বীর্য্য ও জ্ঞানের মূল আশ্রয়তত্ত্ব। আবার সেই পূর্ণতম ভগবান্ যাহার আশ্রয় ও বিষয়, সেই শ্রীরাধা যে কত বড়, তাহা মানবজ্ঞানের, এমন কি অনেক মুক্ত-পুরুষ-গণেরও ধারণার অভীত। যে শ্রীকৃষ্ণের ঐশ্বর্য্য ও মাধুর্য্যে সমস্ত জগৎ লালায়িত ও মোহিত, সেই ভুবনমোহন মদনমোহনও যাহা দ্বারা মোহিত হন, তিনি যে কত বড় বস্তু, তাহা ভাষা দ্বারা অপর লোককে বুঝান যায় না।

## প্রঃ—শ্রীগৌরসুন্দর কে?

উঃ—ব্রজেন্দ্রনন্দ্র শ্রীকৃষ্ণই শ্রীগৌরাঙ্গরপে বিশ্বে অব টার্ণ . শ্রীগৌরসুন্দর 
ব্রিকালসত্য বাস্তবনন্ত । তিনি শ্রীজগন্নাথ মিশ্রের নন্দর অর্পাৎ আনন্দবর্দ্ধক ।
শ্রীজগন্নাথ মিশ্র পিতৃরাপে তাঁহার সেবক । শ্রীগৌরাঙ্গনের পরাংশরতত্ত্ব
স্বাং-ভগবান্ আর কেহ তাঁহার সমান বা তাঁহা হইতে বড় নহেন । তিনি
অসমোর্দ্ধ বস্ত ।পিতামাতা প্রভৃতি গুরুবর্গ ও গুরুরপে সেই অসমোর্দ্ধ
পরতত্ত্বেরই সেবক ।

সেই গৌরসুন্দর নিজ ভৃত্যবর্গের সহিত, নিজ পাল্যবর্গের সহিত ও শক্তিবর্গের সহিত অদ্বয়জ্ঞানতত্ত্বরূপে নিত্য বিরাজিত। তিনি নিত্য বস্তু। সূতরাং ভৃত্যবর্গ, পাল্যবর্গ ও শক্তিবর্গ সকলেই নিত্য। ভৃত্য বলিতে তাঁহার সেবকগণ বুঝায়। আর যাঁহারা প্রীতি-সেবা দ্বারা তাঁহার পাল্যবর্গ মধ্যে গণিত হইয়াছেন, তাঁহারা তাঁহার পুত্র। শ্রীগৌরসুন্দর তাঁহার পাল্যবর্গের পিতা। তিনি তাঁহার পাল্যবর্গের বিশুদ্ধ চিত্তে উদিত হইয়া শ্রীনাম-প্রেম প্রচার করিতেছেন। ইঁহারাই ভাঁহার পুত্র। ইঁহারাই শ্রীণৌরাঙ্গের নিজ বংশ। শ্রীভগবানের এই অচ্যুতগোত্রীয় বংশধরগণই জগতে শ্রীগৌরসুন্দরের নাম-প্রেমপ্রচার-ধারা রক্ষা করিয়াছেন ও করিতেছেন।

শ্রীগৌরসুন্দর অভিনু ব্রজেন্দ্রনন্দন। বৈধবিচারে শ্রীলক্ষ্মীপ্রিয়া দেবী ও শ্রীবিষ্ণুপ্রিয়া দেবী তাঁহার কলত্র আর প্রকৃতপ্রস্তাবে ডজন-বিচারে শ্রীম্বরপদামোদর, শ্রীগদাধর পণ্ডিত, শ্রীরায়-রামানন্দ প্রভৃতি অন্তরঙ্গ ভক্তগণ তাঁহার উজ্বল-মধুররসাঞ্জিত ত্রিকালসত্য কলত্র।

শ্রীগৌরসুন্দর অভিনু ব্রজেন্দনন্দন ইইলেও বিপ্রলম্ভারতার।
শ্রীকৃষ্ণ—সম্ভোগরসময় বিগ্রহ, আর শ্রীগৌরসুন্দর—বিপ্রলম্ভরসময় বিগ্রহ।
প্রঃ—শ্রীগৌরোপাসনা কি ?
উঃ—শ্রীগৌরসুন্দরের আদেশ-পালনই গৌর-উপাসনা। 'দাস্যরস-পরাকান্তা গৌরাঙ্গভজনে।' 'মধুর-রসেতে গৌর যুগল-আকার।'

অনর্থযুক্ত ব্যক্তি কৃষ্ণের নিকট যাইতে পারে না। কিন্তু পরমৌদার্য্য-বিগ্রহ শ্রীগৌরসুন্দর সার্ব্বভৌম ভট্টাচার্য্যের ন্যায় বিষয়ীকে, জগাই-মাধাই-এর ন্যায় ব্যক্তিকেও অনর্থ হইতে মুক্ত করিয়া কৃষ্ণারাধনায় নিযুক্ত হইবার যোগ্যতা প্রদান করেন।

ভাগ্যবান্ সজ্জনগণ সদ্গুরুর চরণাশ্র করিয়া গুর্বানুগত্যে গৌর ও কৃষ্ণের উপাসনা করিয়া থাকেন। শ্রীগুরুদেবও গৌরাভিন্ন-বিগ্রহ। তিনি শ্রীগৌরাঙ্গের প্রকাশমূর্ত্তি। তিনি আশ্রুজাতীয় ভগবত্ত্ব। শ্রীগুরুদেব ভগবান্ হইয়াও ভগবংপ্রেষ্ঠ, মুকুন্দ-প্রিরতম। তিনি আশ্রু-বিগ্রহ, সেবক-ভগবান্ তাঁহাকে বিষয়বিগ্রহ বা ভোক্তা-ভগবান্ মনে করা অন্যায় ও অপরাধ।

প্রঃ—মনুষ্যজন্ম পাইয়া হরিভজন কি অবশ্য করণীয় ? উঃ—ভাগ্যক্রমে ভগবৎ-কৃপায় আমরা মনুষ্য-জন্ম পাইয়াছি। এই জন্ম সুদুর্লভ। পরজন্মে আহার যে আমরা মানুষ হইবা, ইহার জিয়ার ক্রাই কারণ দুর্ভাগ্য-বশতঃ আমরা ভূত, প্রেত, পিশাচ, পশু, পক্ষী, কীটও হইতে পারি। এসব জন্মে ভগবদ্ভজন করা সম্ভব নয়। সুতরাং এই জন্মে যে কয়টা দিন আছে, তাহা আর অন্য কার্য্যে লাগান উচিত নয়।

জীবন ক্ষণস্থায়ী। এই মনুষ্যজন্ম অনিত্য হইলেও অর্থপ্রদ । সূতরাং জীবন থাকিতে থাকিতেই শীঘ্র শীঘ্র অর্থ অর্থাৎ পরমার্থ অর্জন করিয়া লইতে হইবে।

মনুষ্য নিজেকে ব্রাক্ষণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, ব্রক্ষচারী, গৃহস্থ, বানপ্রস্থ ও সন্ন্যাসী বলিয়া অভিমান করেন। কিন্তু বুদ্ধিমান্ ব্যক্তি ঐরপ মিথ্যা অভিমান করিবেন না। কারণ আমরা ভগবানের দাস। আমরা এ জগতের কোন বস্তু নই। দেহে আতাবৃদ্ধি জিনিষ্টা ভ্রান্তি। মহাপ্রভু বলিয়াছেন—

> জীবের স্বভাব—কৃষ্ণদাস-অভিমান। দেহে আত্মজ্ঞানে আচ্ছাদিত সেই জ্ঞান॥

অহং-মম-ভাবকারী ব্যক্তির জিহ্বায় হরিনাম উচ্চারিত হন না।
আমরা কৃষ্ণ-বহির্মুখ জীব। কৃষ্ণকে ভুলিয়াই আমরা মায়ার কবলে
কবলিত। এখন অহঙ্কার পরিত্যাগ পূর্ব্বক হরি-গুরু-পাদপদ্মে শরণাগতি
ব্যতীত অন্য কোন উপায় নাই।

হাতী নিজেকে হাতী, কুকুর নিজেকে কুকুর বিলয়া মনে করে; কিন্তু মানুষ সেরূপ করিবেন না—নিজের স্বরূপের অভিমান করিবেন। মহাপ্রভূ বিলয়াছেন—

জীবের স্বরূপ হয় কৃষ্ণের নিত্যদাস।

প্রত্যেক অণু-পরমাণুর ভিতর শ্রীহরি অবস্থিত। তিনি মূর্যকে তাহার মূর্যতা, পণ্ডিতকে তাঁহার পাণ্ডিত্য পরিত্যাগ করাইয়া সকলকে আর্কষণ করিতেছেন। যাঁহাদের ভোগের বাসনা, বড় হওয়ার আশা, সাধু বলিয়া প্রশংসা পাইবার অভিলাষ নাই, তাঁহারাই তাঁহার কথা শুনিবেন। কিন্তু ঐসব তুচ্ছ বস্তু যাঁহারা চান, তাঁহাদের কর্ণে প্রভুর ডাক পৌছিবে না।

কিন্তু তাঁহাদিগেরও জানা উচিত—মৃত্যু যে অবশ্যম্ভাবী।

অদ্য বাদশতান্তে বা মৃত্যুর্বে প্রাণিনাং প্রুবঃ

আমরা চৈতন্য-বস্তু। কিন্তু আমরা চেতন হইয়া যখন ভগবদ্ধতের নিকট উপনীত হইলাম না, তাঁহাদের কথায় কর্ণপাত করিলাম না, তখন আমাদের সর্ক্রাশ অনিবার্য্য।

মনুষ্যজন্ম ব্যতীত অন্য জন্মে হরিভজনের সুযোগ নাই। সুতরাং শ্রেয়ঃ যাহাতে লাভ হয়, মরণের শেষ মুহূর্ত্ত পর্যন্ত জগতের সকল কথা ছাড়িয়া দিয়া আমরা কেবলমাত্র ভগবন্তজন করিব। জগতে সকলেই আমার সবর্বনাশ করিবার জন্য প্রন্তুত। এই বান্ধবহীন দেশে আত্মীয়নমধারী সকলেই ভগবন্তজনের প্রতিকূল। আত্মীয়রুপে একমাত্র বৈশ্ববের আশ্রয় ছাড়া আর আমাদের উপায় নাই। কোন মানুষের জন্য কোন কাজই করিবার দরকার নাই— সকলে মিলিয়া কেবলমাত্র ভগবানের সেবকগণের সেবা করুন। বিদ্যা, বৃদ্ধি, পাণ্ডিত্য, বল, অর্থ, সামর্থের দ্বারা সকলেই ভগবানের সেবা করুক্। 'ভূর্ণং যতেত'— কালবিলম্বে অসুবিধায় পড়িতে হইবে।

অবৈক্ষাব-ধর্মা-গ্রহণকারীর মঙ্গল নাই। সর্কবিধ মঙ্গল বৈষ্ণবের পাদপ্রাশ্রেকারীর হাজামলক। অবৈক্ষব জান্য-মরণ মালা গলায় ধারণ করিয়াছে। হারিপারায়গণকে ককনও মাতৃ কুক্ষিতে পূণর্জনা গ্রহণ করিতে হয় না , বৈক্ষাবের কথা দূরে থাকুক, বৈষ্ণবের অলৌকিক অসামান্য পাদপন্য-দর্শনের স্যোগ ঘাঁহার হইয়াছে, ভাঁহারও পুনর্জনা নাই।

প্রঃ— কে ওপর কর্মা করিতে পারেন।

উৎ— কৃঞ্জতত্ত্বিং কৃত্তেভাই গুরু। কর্মা, যোগী ও নির্বিশেষ ব্রক্ষজ্ঞানী অভক্ত বলিয়া কখনও গুরু হইতে পারে না। Personality of Godhead এর উপাসকই গুরু হইতে পারেন। শ্রীকৃষ্ণের সেবক-অভিমানীও আবার গুরু হইতে পারেন না— যদি তিনি শিষ্যের শিষ্য অভিমান না করেন।

বৈশ্বব-অভিমান থাকিলে গুরু হইতে পারা যায় না। এজন্য যিনি গুরুর কার্য্য করেন, তিনি কখনও নিজেকে বৈশ্বব বা গুরু বলেন না বা মনে করেন না। তাই আমাদের শ্রীগুরুপাদপদ্ম নিজেকে কখনও বৈশ্বব বলিতেন না। কারণ যে নিজেকে বৈশ্বব বলে, সে branded অবৈশ্বব।

মহাজন গাহিয়াছেন—
আমি ত' বৈষ্ণব, এ বৃদ্ধি হইলে,
আমানী না হ'ব আমি ॥
প্রতিষ্ঠাশা আসি' হদয় দৃষিবে,
হইব নিরয়গামী ॥
তোমার কিন্ধর, আপনে জানিব,
গুরু-অভিমান ত্যজি'।
তোমার উচ্ছিষ্ট, পদ-জল-রেণু,
সদা নিন্ধপটে ভ্যজি ॥
নিজে শ্রেষ্ঠ জানি', উচ্ছিষ্টাদি-দানে,
হ'বে অভিমান-ভার।
তাই শিষ্য তব, থাকিয়া সর্ব্ধদা,
না লইব পূজা কা'র॥

মহাভাগবতই গুরু। যাঁহার সর্ব্বে গুরুদর্শন, সেই মহাভাগবতই গুরুর কার্য্য করিতে পারেন—লঘুকে গুরু করিতে পারেন—বহির্দুখকে উন্মুখ করিতে পারেন—সকলকে কৃষ্ণভক্ত করিতে পারেন। নিজে ভক্ত না হইলে অপরকে ভক্ত করা যায় না। এজন্য গুরু হইতে হইবে মানে—নিজে কৃষ্ণভক্ত হইতে হইবে মানে—সর্বাহ্ণ সর্ব্বেশ্বিয়ে কৃষ্ণভক্ত হইতে হইবে সর্বাহ্ণ থাকিতে হইবে গুরুনিষ্ঠ না হইতে পারিলে গুরুর কার্য্য করার অধিকার হইবে না।

মহাভাগৰত তৃণাদপি সুনীচ, তিনি নিজেকে সর্বাপেক্ষা ছোট মনে করেন , আমি শিষ্য হ'য়ে অনেকদিন দাস্য কর্লাম, এখন শিষ্যগিরি আর ভাল লাগে না, আমার গুরুগিরি করা দরকার— ইহা তিনি বলেন না। তিনি গুরুর কার্য্য করেন, কিন্তু তাঁর গুরু-অভিমান নাই।

প্রঃ — সিদ্ধি কি ক'রে হ'বে ?

উঃ— শ্রীগুরুণৌরাঙ্গপাদপদ্মে শরণাগত হ'য়ে নিষ্কপটে ভজন কর্লে অনায়াসে সিদ্ধি হবে। কপটা ব্যক্তি সিদ্ধি লাভ কর্তে পারে না। ভক্তিপথে কপটতার স্থান নাই। কপটতা ভীষণ ভক্তিবাধক। খেতে বসে যদি কপটতা ক'রে ভদ্রতার নামে অল্প খাই, তা'তে পেট ভর্বে না। কামারকে ইস্পাত ফাঁকি দিলে নিজেই ফাঁকিতে পভ্তে হ'বে। এজন্য হরিভজন কর্তে এদে কপটতা কর্তে হবে না। অত্যন্ত সরলতার সহিত ভগবানের সেবা কর্বো— ভগবানের বাক্য আমার গুরুলেব পর্যান্ত আছে, আমি সেই বাক্য সরলভাবে পালন কর্বো, তবেই সিদ্ধি হবে।

প্রঃ— প্রকৃত শিষ্যের বিচার কিরূপ হয় ?

উঃ— গুরুই যাঁহার জীবন, গুরুই যাঁহার আদর্শ, গুরুসেবাই যাঁহার ব্রত.
গুরু ও কৃষ্ণে সমান প্রীতিযুক্ত হইয়াও যিনি গুরুর অধিক পক্ষপাতী,
ভিিই প্রকৃত গুরুতক্ত বা প্রকৃত শিষ্য। প্রকৃত শিষ্য দুর্বল নন, তিনি
গুরুকৃপাবলে বলীয়ান্। গুরুকৃপা ও গুরুসেবাই তাঁহার বল ও ভরসা।
প্রকৃত শিষ্য প্রাণ গেলেও কোন দিন গুরুর আজ্ঞা লজ্ঞান করেন না।
শ্রীগুরুদেব কৃপা ক'রে তাঁকে যে সেবা-ভার দেন, তাহা ভিনি প্রাণ দিয়ে
করেন, তাই তিনি কৃপাও পান।

থাঃ— ভড়ের আশ্র ব্যতীত কি ভগবৎসেবা হয় না ?
উঃ— কখনই না। ভগবানের পাদপদ্মে আশ্রয় গ্রহণ ভগবভুক্তের আশ্রয়
ব্যতীত হয় না। ভট়ের আশ্রয় বা সঙ্গ ব্যতীত আমাদের ভগবৎসেবা
লাভ ঘটে না।

আমবা পতিত জীব : আমরা নিজের মঙ্গল নিজে কর্তে পারি না। পতিতপাবনের চরণাশ্রয় না করা পর্য্যন্ত পতিত আমাদের মঙ্গল হয় না।

## ভক্তসঙ্গ ব্যতীত মঙ্গলের অন্য উপায় নাই।

প্রঃ -- দীক্ষার স্বরূপ কি ?

উ৪— আদৌ সম্বন্ধজ্ঞান। সম্বন্ধজ্ঞানের অপর নামই দিব্যজ্ঞান বা দীক্ষা।
মন্ত্রের উপদেশমাত্রই দীক্ষা নয়, যাতে দিব্যজ্ঞান লাভ হয়, তা'রই নাম
দীক্ষা। জীব নিজে নিজে শত শত গ্রন্থাদি পাঠ করিয়া বা নিজের মনোমত
ভজনের অভিনয় করিয়া নিজের মঙ্গল সাধন করিতে পারে না। গুরুই
কৃপা করিয়া নিজপট সেবাপরায়ণ শিষ্যকে দিব্যজ্ঞান প্রদান করিয়া থাকেন।
যিনি নিজের স্বতন্ত্রতা পরিত্যাগ করিয়া গুরুর নিদ্দেশ অনুসারে চলেন,
তিনিই গুরুকৃপালাভে অধিকারী হন— দিব্যজ্ঞান প্রাপ্ত হইয়া ধন্য ও
কৃতার্থ হন।

প্রঃ — আমাদের এখন প্রধান কর্ত্তব্য কি ?

উঃ— আমরা জন্মে জন্মে বিষয় পাইব— ভোজা হইয়া কর্মফল ভোগ করিতে পারিব। এই সকল ভোগের জন্য বহু বহু জন্মান্তর রাখিয়া দিয়া যে কার্য্যটি সর্ব্রপেক্ষা বড় পড়িয়া গিয়াছে— যে কার্য্যটী মনুষ্যজন্ম ব্যতীত অপর জন্মে হয় না,সেই ভগবৎসেবার জন্য আমাদের উঠিয়া পড়িয়া লাগা উঠিত। তাবলা হুইলে হরিকথা শুনিবার সুযোগ ও সময় হইত না, সূতরাং ীক্র থাকিতে থাকিতে যাহাতে আমাদের ভগবৎপ্রাপ্তি হয়, তজ্জন্য প্রাণপণে যত্ন করা উচিত। কারণ এই ভগবৎসেবা ছাড়া আর বড় কর্ত্ব্যা জীবের কিছু নাই।

প্রঃ—ব্রহ্মচারীর কর্ত্ব্য কি ?

উঃ— ব্রুলারিগণ সংসারে প্রবিষ্ট হন না। সংসারী লোকের কট দেখে তাঁরা পূর্ব্ব হতেই সতর্ক হ'য়ে যান। আবার কেউ মনে করে— আমাকে রেঁধে দিবে কে? যা হোক্, সংসারে প্রবিষ্ট হ'য়ে পড়ি, সুখ ও দুঃখের মধ্যে জীবনটা একরূপ কেটে যাবে। এরূপ বিচার নিয়ে অনেকে বিপনুই হয়। ভগবৎ-সেবাই দরকার। তাতেই মঙ্গল হয়। এর চেয়ে বড় কর্ত্রনা আর কিছু নাই। সেবাই শান্তি, সেবাই সুখ এবং সেবাই জীবের নিত্যধর্ম আর ভগবানের সেবা ছেড়ে নিজ সুখের জন্য যতুই দুঃখেব হেড় এজন্য মায়ার সংসারে প্রবিষ্ট না হ'য়ে কৃষ্ণের সংসারে প্রবিষ্ট হ'তে হবে— কর্ত্তা না হ'য়ে কৃষ্ণের সেবক হ'তে হবে, ভবেই মঙ্গল হবে প্রঃ— জাগতিক শান্তি ও অশান্তি কিরূপ ?
উঃ— ভগবান্ এক; কিন্তু মানুষ প্রভৃতি জীব বহু। বহু জিনিষের সঙ্গে সম্পর্ক হওয়ায় একের সঙ্গে সম্পর্ক কম হ'য়ে গেছে চেতন জগতে সকলেই একের সেবায় ব্যস্ত। সেখানে জাগতিক শান্তি ও অশান্তির কেনে কথা নাই। যাকে আমরা শান্তি বা অশান্তি মনে করি, এই দুটেই আমানের জোগপিপাসা-জনিত উপলব্ধি। জোগের সাময়িক অভাবের নাম— অশান্তি। আর সাময়িক ভোগলাভকেই আমরা শান্তি ব'লে থকি কিন্তু ক্ষণিক শান্তি যে অশান্তির পূর্ব্বাবস্থা, ইহা আমন্ত্রা চিন্তা করি না

শান্তি ও অশান্তি, সুখ ও দুঃখ— দুটোই পরিবর্ত্তনশীল ব্যাপার।
দুঃখের অনুভব কমে যাওয়ায় সুখের উপলব্ধি, আবার সুখের অনুভূতি
কমে যাওয়ায় দুঃখের অনুভব। অনেকে এটা প্রত্যক্ষ দেখেও -- সুখের
অস্তরালে দুঃখ আছে জেনেও তৎকালিক সুখ স্বাচ্চ্নদেটা ত' ভোগ ক'রে
নিই— এরূপ কামনাপ্রেরিত হ'য়ে দুঃখ বা অশান্তির যুপকাঠে নিজেকে
বলি দিয়ে থাকে। এরূপ অসহিচ্ছুতা ও ধৈর্য্যহানি আমাদের নানাপ্রকার
অসুবিধা ঘটাচ্ছে। সুতরাং আমাদের সহিষ্ণু ও ধৈর্য্যশীল হওয়া প্রমোজন
যে কোন বিপদ্ উপস্থিত হোক্, মনে খুব ধৈর্য্য অবলম্বন করা দরকার।
রাস্তায় যেতে যেতে একটা মদের দোকান দেখ্তে পেলাম, অমনি মদের
দোকানে দৌড়ান, কিম্বা ধনীর ধন দেখে ধনবান্ হ'বার জন্য ২ ব্লু, রূপ
দেখে রূপভোগের প্রতি ধাবিত হওয়া, পাণ্ডিত্য দেখে পণ্ডিত ই বার জন্য
উৎসাহ প্রভৃতি অধৈর্য্যের দৃষ্টান্ত

প্রঃ— সাধকের কথা ও সিদ্ধের কথার মধ্যে কি বৈশিষ্ট্য ?
উঃ— নিজের অনুভবের কথা— নিজের স্বাভাবিক আর্দ্তির কথা নিজে জ্ঞাপন করা, আর অপরের আর্দ্তির কথা শুনিয়া বা অপরের হইয়া তাহা বলা — ভিনু কথা। যে নিজের case নিজে Plead করিতে পারে, সে যেরূপ সকল কথা অকৃত্রিম ও সুষ্ঠ্ভাবে বলিতে পারে, অপর ব্যক্তি বা উকিল সেরূপ পারে না। সাধক ও সিদ্ধের কথার মধ্যে ইহাই বৈশিষ্ট্য।

প্রঃ— মহাপ্রভু কেন গোপী গোপী জপ করিতেন ?

উঃ— লোকশিক্ষক ভগবান্ শ্রীগৌরাঙ্গদেব কেন 'গোপী'-নাম জপ করিতেন, তাহা আধ্যক্ষিকগণ বুঝিতে পারেন না। আশ্রুরিগ্রহের নামকীর্ত্তন ব্যতীত বিষয়বিগ্রহ শ্রীকৃষ্ণের সেবা হইতে পারে না—ইহা শিক্ষা দিবার জন্যই মহাপ্রভুর এই লীলা। 'রাধা-ভজনে যদি মতি নাহি ভেলা। কৃষ্ণভজন তব অকারণে গেলা॥'

প্রঃ— সেবোনাখ কর্ণ ব্যতীত কি শ্রবণ হয় না ?

উঃ— না। হরেকৃষ্ণ-নাম Predominating Agent, আর কর্ণ Predominated agent অর্থাৎ হরেকৃষ্ণ-নাম নিয়ামক বা প্রস্কু, আর কর্ণ নিয়াম্য বা বল্য। বর্ণ যেবানে নিয়ামক বা প্রস্কু হইতে চাহে, সেখানে নামশ্রবণ বা কীর্ত্রন-শ্রবণ হয় না। হরিকীর্ত্তনকে যে কর্ণ ভোগ করিতে বা মাপিয়া লইতে চাহে সেরূপ কর্ণ দ্বারা হরিকীর্ত্তন বা হরিনাম শ্রুত হন না। সেবোনাখ কর্ণ বা সেবোনাখ ইন্দ্রিয় দ্বারাই সেব্যের সেবা হইয়া থাকে। ভোগোনাখ কর্ণ দ্বারা যে শ্রবণের অভিনয়, ভাহা অপরাধ—সেবা নহে। এইজন্যই শ্রীরূপগোস্বামী প্রস্কু বলিয়াছেন—

অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্ গ্রাহ্যমিন্ত্রিয়েঃ। সেবোনাুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্কুরক্যদঃ॥

প্রঃ— অধাক্ষজ ও অপ্রাকৃতে কি বৈশিষ্ট্য ?

্লে ভগবান্ ভক্তি দারাই অনুভবনীয়। ভক্তি ব্যতীত অন্য উপায়ে

অধ্যক্ষজ-বস্তু ভগবান্কে জানা যায় না। ভগবান্ ও ভক্তের কৃপাতেই ভক্তি লাভ হয়। ভগবৎকৃপা বিনা ভগবতত্ত্ব জানা সম্ভব নয়। ঈশ্বরের কৃপালেশ হয় ভ' যাহারে। সেই ভ' ঈশ্বরতত্ত্ব জানিবারে পারে ॥ ভগবত্তি কখনই হইতে পারে না যদি Personality of Godhead ignored হয়। কারণ Personality of Godhead is the indispensable factor of ভক্তি।

অনর্থোপশমং সাক্ষান্তজিযোগমধোক্ষজে— এই শাস্ত্রবাক্য হইতে আমরা জানিতে পারি— অধোক্ষজসেবায় অনর্থনিবৃত্তি হয়। এইজন্য অধোক্ষজ চতুর্ভুজ। তিনি তাঁহার অস্ত্র দ্বারা জীবের অনর্থ-নিবৃত্তি বা অনর্থ ছেলন করিয়া থাকেন। অধোক্ষজবম্ভতে মর্য্যাদা-বিচার আছে, সেখানে ঈশ্বরবৃদ্ধি প্রবদ।

অপ্রাকৃত-বন্ধটী বাহ্যদৃষ্টিতে প্রাকৃতবং, কিন্তু প্রাকৃত নয়। সেখানে ঈশ্বরবৃদ্ধি নাই — আপনজ্ঞান প্রবল। অপ্রাকৃতের বিচারে অনর্থ নাই। সম্যক্ অনর্থোপশান্তির পর অপ্রাকৃতের বিচার উপস্থিত হয়। অপ্রাকৃত-বন্তটী দ্বিভুজ মুরলীধর। তিনি বিশ্রম্ভের সহিত সেব্য। পর, বৃহহ, বৈভব, অন্তর্থামী ও অর্চ্চা — এই বিচারে পরতত্ত্ব একমাত্র কৃষ্ণ ব্যতীত আর ক্ষে হইতে পারেন না। পরতত্ত্বেই অপ্রাকৃত শব্দ প্রযোজ্য। বৃহহ ও বৈভব-তত্ত্বে অধ্যাক্ষজ-শব্দ, অন্তর্থামী-তত্ত্বে অপরোক্ষ শব্দ এবং অর্চ্চা-তত্ত্বে পরোক্ষ ও প্রত্যক্ষ শব্দ প্রযোজ্য।

প্রঃ— ব্যক্তিগত কথা দ্বারা কি বেশী মঙ্গল হয় ?

উঃ— নিশ্চয়ই। Platform speaker অপেক্ষা যিনি প্রত্যেককে ব্যক্তিগতভাবে উপদেশ দেন, তিনি অধিক ব্যক্তিগত উপকার করিতে পারেন। Platform speaker সাধারণভাবে যে কথা কীর্ত্তন করিয়া যান, তদ্বারা সকলের সকল সমস্যার সমাধান বা প্রত্যেকের ব্যক্তিগত মঞ্চল অনেক সময় হয় না। কলেজে বা ক্লুলে সাধারণভাবে বক্তা তনা অপেক্ষা coaching class বা private tutorial class এ ব্যক্তিগত

defect অধিকতরভাবে সংশোধিত হয়। এজন্য ব্যক্তিবিশেষকে পৃথক্-পৃথগৃভাবে যাঁরা উপদেশ প্রদান করেন, তদ্ধারা তাঁরা লোকের অধিক স্থায়ী মঙ্গল করিতে পারেন।

প্রঃ— শুদ্ধ কীর্ত্তন কি ?

উঃ— কীর্ত্তন জিনিষটী শ্রবণের উপর নির্ভর করে। যাহা দারা নিজের বা অপরের ইন্দ্রিয়তর্পণ হয়, তাহা কীর্ত্তন বা ভক্তি নহে। ভগবানের সুখের জন্য যে কীর্ত্তন, তাহাই প্রকৃত কীর্ত্তন বা ভদ্ধকীর্ত্তন। শ্রীটেতন্যদেব ব'লেছেন— শ্রীহরির কীর্ত্তনই Cent percent education অর্থাৎ হরিকীর্ত্তনই প্রকৃত শিক্ষা। হরির কথা যত তনা যাইবে, ততই মঙ্গল—ততই সুবিধা হইবে।

थः — ভক্তি कि **এक** माज ज्यवात्ने अर्याजा ?

উঃ—ভগবান্ বিষ্ণু কাহারও Order-Supplier নহেন, Order-Supplier গণের প্রভুরও প্রভু। বিষ্ণুই একমাত্র সকলের সেব্য বলিয়া ভক্তিশব্দ বিষ্ণুতেই প্রযোজ্য। অন্য দেবতাতে ভক্তিশব্দ প্রযোজ্য হইতে পারেনা, যদিও অন্যদেবযাজী মুখে অনুকরণ করিয়া 'ভক্তি' বলিয়া থাকেন। অন্য দেবতার পূজায় আমরা ধর্মা, অর্থ, কাম বা মোক্ষ চাহিয়া থাকি; কিন্তু বিষ্ণু-পূজার সময় বিষ্ণু কি চাহেন, একমাত্র তাহাই attend করিতে হয়।

ভগবান্, ভক্তি ও ভক্ত একসূত্রে গাঁথা। ভক্তিই ভগবানের সহিত্ত ভক্তের যোগসূত্র। ভক্তের উপাস্য হ'লেন— ভগবান্, আর ভক্ত হ'লেন ভগবানের সেবক। দেবতাগণ ভগবান্ নন, তাঁরা জীবতত্ত্ব, সেবক-তত্ত্ব। শাস্ত্র বলেন—

একলা ঈশ্বর কৃষ্ণ আর সব ভৃত্য । যারে যৈছে নাচায় সে তৈছে করে নৃত্য ॥

(३च ३च्य)

হরিরেব সদারাধ্যঃ সর্ব্বদেবেশ্বরেশ্বরঃ।
ইতরে ব্রহ্ম-রুদ্রাদ্যা নাবজ্ঞেয়াঃ কদাচন ॥
যন্ত নারায়ণং দেবং ব্রহ্ম-রুদ্রাদি-দৈবতৈঃ।
সমত্বেনৈব বীক্ষেত স পাষ্ট্রী ভবেদ্ প্রুবম্॥
(পদ্মপুরাণ)

পূর্ব-বস্তু ভগবান্ শ্রীহরির সেবাকে শাস্ত্র ভক্তি বলেন। কিন্তু ভক্তিশব্দের নানাপ্রকার অপব্যবহার বর্ত্তমানে হ'চ্ছে— যেমন পিতৃভক্তি, রাজভক্তি বা পাঠশালার গুরুভক্তি। ভক্তি কা'কে বলে, কোন্ বন্তর medium এ (মাধ্যমে) ভক্তি সাধিত হবে, তার বিচার ঠিক ঠিক না হলে আমরা অসুবিধায় পড়ব।

সর্ব্বেন্দ্রিয়ে হাষ্ট্রাকেশ খ্রীহরির সেবাকেই ভক্তি বলে। শাস্ত্র বলেন—
সর্ব্বোপাধিবিনির্ম্মুক্তং তৎপরত্বেন নির্ম্মলম্।
হাষ্ট্রাকেণ হাষ্ট্রাকেশ-সেবনং ভক্তিরুচ্যতে॥
(নারদপঞ্চরাত্র)

ভগবান্ শ্রীগৌরাঙ্গদেব বলিয়াছেন—

অন্য বাঞ্চা, অন্য পূজা ছাড়ি' জ্ঞান, কর্মা। আনুকূল্যে সর্ব্বেন্দ্রিয়ে কৃষ্ণানুশীলন ॥ এই শুদ্ধভক্তি, ইহা হৈতে প্রেমা হয়। পঞ্চরাত্রে, ভাগবতে এই লক্ষণ কয়॥ (চৈঃ চঃ)

भी या जा वर्ष (७.३० ३०-३३) दर्बन

মদ্ওণ্ড্রিমাত্রেণ ময়ি সর্ব্বগুহাশয়ে। মনোগতিরবিচ্ছিন্না যথা গঙ্গান্তসোহদুধৌ ॥ লক্ষণং ভক্তিযোগস্য নির্গ্রণস্য হ্যুদাহতম্। অহে কুক্যব্যবহিতা যা ভক্তিঃ পুরুষোন্তমে॥ ভগবান্ শ্রীহরি বলিতেছেন— আমার গুণ শ্রবণমাত্র হৃদয়-নিবাসী আমার প্রতি সমুদ্রপ্রবিষ্ট গঙ্গাজলের ন্যায় মনের যে অবিচ্ছিন্না গতি, তাহাই নির্গুণা ভক্তি। পুরুষোত্তম আমাতে সেই ভক্তি অহৈতুকী অর্থাৎ ধর্মার্থকামমোক্ষাদি বাঞ্ছাশূন্যা ও অপ্রতিহতা অর্থাৎ নৈরন্তর্য্যময়ী।

প্রঃ— আমাদের প্রভু কে ?

উঃ— সকলের একমাত্র প্রভু— একমাত্র সেব্য হলেন কৃষ্ণ এবং আমি কৃষ্ণের দাস ও সেবক, এই কথা সর্বেক্ষণ স্মরণ রাখিতে হইবে।

অপরে আমার সেবা করুক্— এই দুর্ব্দ্ধির হস্ত হইতে পরিত্রাণ না পাইলে আমাদের মঙ্গল নাই।

প্রত্যেক ব্যক্তিই আপনাকে সর্ব্বাপেক্ষা হীনজ্ঞানে মঠবাসী অপর বৈষ্ণবের সেবা করিবেন।

কৃষ্ণসেবা করা সর্ব্বহ্ণণ কর্ত্তব্য, ইহা যেন ভুল না হয়। গুরুবৈষ্ণবসেবা তদপেক্ষা অধিক প্রয়োজনীয়।

প্রঃ—শ্রীনামকীর্ত্তন কি অবশ্য করণীয় ?

উঃ— নিশ্চয়ই। পরং বিজয়তে শ্রীকৃষ্ণসংকীর্ত্তনম্ — ইহাই গৌড়ীয়মঠের একমাত্র উপাস্য। শ্রীনামোচ্চারণকেই ভক্তি বলিয়া জানিবেন। হরিনামের আর অন্য Alternative নাই। যাঁহারা প্রত্যহ লক্ষনাম গ্রহণ করেন না, তাঁহাদের প্রদত্ত কোন বস্তুই ভগবান্ গ্রহণ করেন না। ভগদ্ভক্তমাত্রেই শুর্বানুগত্যে প্রত্যহ লক্ষ নাম গ্রহণ করিবেন, নতুবা বিবিধ বিষয়ে আসক হইয়া ভগবৎ-সেবা করিতে অসমর্থ হইবেন। তজ্জন্য শ্রীগৌড়ীয়মঠের আশ্রিত সকলেই লক্ষনাম গ্রহণ করিয়া থাকেন। নামাচার্য্য শ্রীগুরুদেবের নিষ্কপট আনুগত্য ও প্রীতিপূর্ব্বক গুরুসেবা ব্যতীত হরিনাম হয় না, ইহাও সতত মনে রাখিবেন।

অপরাধ পরিত্যাগ পূর্ব্বক গুর্বানুগত্যে হরিনামগ্রহণের ইচ্ছা করিলে

সব সময় হরিনাম করিতে করিতে অপরাধ যাইবে। আমাদের দুর্দ্দৈব অপনাদনের অন্য কোন উপায় নাই— শ্রীনামভজন ব্যতীত। যে সব দুর্ভাগা 'একমাত্র ভজন'-শব্দবাচ্য শ্রীনামকীর্ত্তনে উদাসীন হইয়া অন্য ভজনের ছলনা করেন এবং গুরুবৈষ্ণবসেবা ছাড়িয়া নামভজন বা শ্রীমদ্ভাগবভপাঠাদি করিবার অভিনয় করেন, তাঁহারা দান্তিক বলিয়া তাঁহাদের কোনদিন মঙ্গল হয় না।

প্রঃ— সন্মাসী ভক্তের শ্রীচরণে হাত দেওয়া কি উচিত ?
উঃ— এই ভোগোনাখদেহ বা পাপদেহ লইয়া সাধৃগুরুর শ্রীচরণে হাত দেওয়া উচিত নয়। শ্রীচরণে হাত দিলে যদি সাধৃগুরু অসম্ভন্ত বা দৃঃখিত হন, তা হ'লে ত' অমঙ্গলই হ'লো। সন্মাসী ভক্তগণ এসব আদৌ পছন্দ করেন না। সাধৃগুরুর শ্রীচরণে হাত দেওয়া লোকের একটা রোগ বা খেয়াল হ'য়ে। দাঁড়িয়েছে। প্রত্যেক কার্য্যে গুরু-কৃষ্ণ সুখী হ'ছেন কিনা, র্নোগকে আমাদের তীব্র দৃষ্টি থ'কা দরকার; তবে ত' মঙ্গল হবে। তা' না হাল ত' নিজের পায়ে নিজেই কুড়ল মারা হবে।

যাঁহারা ভাবপ্রবণতা বা উত্তেজনার বশবন্তর্গি হইয়া মাদৃশ সন্মাসীর পদস্পর্শ করিতে উদ্যত, তাঁহাদিগকে আমি আমার গুরুদেবের ভাষায় বল্ছি— ইহারা সাধুর পদধূলি গ্রহণের জন্য হন্ত প্রসারণে সাহস করিবেন কেন হ একপ দুঃসাহস কি ভাল হ তাঁহাদের এমন কি যোগ্যতা আছে. যাহাটে জারার নিজেকে এরপ যোগ্য বা বড় মনে করিতে পারেন হ সাধুগুলের নামা বা সুখের দিকে দৃষ্টি নাই একপ গৃহাসক্ত লোকের সাধুগুরুর পদস্পর্শ করা যে অন্যায়, তাহা সহজেই অনুমেয়।

শাপনার যদি দূর হইতে প্রণামাদি করেন, তাহা হইলে আমরাও দূর হাটার প্রণাম করিতে পারি। আর যদি পা ছুইবার চেষ্টা লইয়া কাড়াকাড়ি হয়. তারে ছুল ব্যাপারেই চিত্ত আকৃষ্ট হইল— মঙ্গলের পরিবর্ত্তে অমজগালেই ঘোৰাহন করা হইল— হিতে বিপরীত ফল ফলিল। সুতরাং এইরূপ অপরাধময় কার্য্য হইতে মঙ্গলাকাঙ্গী ব্যক্তিমাত্রেরই সাবধান হওয়া উচিত।

প্রঃ—শিষ্য করা কি উচিত ?

উঃ— প্রকৃত গুরু কাহাকেও শিষ্য করেন না, তিনি সকলকেই গুরু করিয়া থাকেন— বহির্মুখকে কৃষ্ণোর্নুখ করিয়া থাকেন— সকলকে কৃষ্ণভক্ত করেন— সকলকেই কৃষ্ণসেবায় নিযুক্ত করিয়া কৃষ্ণের সুখবিধান করেন। গুরুর দর্শন, ক্রিয়া সবই গুরু— সবই ভক্তি। গুরুর সর্প্রের গুরুদর্শন— কৃষ্ণসম্বদ্ধদর্শন, তাঁহার লঘুদর্শন, ভোগাদর্শন বা বিশ্বদর্শন নাই। মেডিক্যাল প্রফেসারগণ যেমন ছাত্র তৈয়ারী না করিয়া ভাতার তৈয়ারী করেন, গুরুর কার্য্যও তদ্রপ।

যদি বৈশ্বর গুরুণিরি কার্য্য না করেন, তবে পার্মার্থিক বৈশ্বরংশ থামিয়া যায়। আবার যদি গুরুর কার্য্য করিতে যাওয়া ঠিক নয়, তাহাতে আমঙ্গল বা অধঃপতনই হয়। গুরুর গুরু-অভিমান থাকে না, তাহাতে অমঙ্গল বা অধঃপতনই হয়। গুরুর গুরু-অভিমান থাকে না, তাহার হুনরে হুনরে ভগবদ্দাস-অভিমানই প্রবল। কিন্তু গুরু যদি মনে বারে কিন্তু হুন্তা, তাহা হইলে গুরুর প্রথম বর্ণের উ-কার্ট্যা লোপ হইমা খামা প্রকৃত গুরু ২৪ ঘণ্টার মধ্যে ২৪ ঘণ্টাই জগবৎসেবায় বাস্তা, কুল্ডা, স্বার্টা তাহার আর অম্য কোন কার্য্য নাই। গুরুসেবাপ্রাণ, গুরুনিও জান বার্ট্য তাপরের গুরুর কার্য্য করিবার অধিকার নাই।

প্রঃ— আমরা কিভাবে বিষয় গ্রহণ কর্বো ?

উঃ— আমরা যথাযোগ্য বিষয় গ্রহণ করিব, বেশী বিলাগিতার মধ্যে যাইব না, কিমা যাহাতে আত্মহত্যা হয়— এরূপভাবেও শরীরকে পীড়ন করিব না। আমরা সর্ব্বদা হরিকীর্তনের অনুশীলনে ভদনুভূল জীবন যাপন করিব। শব্দব্রশের সেবা ব্যতীত জীবের মঙ্গলের সম্ভাবনা নাই। তাই বেদান্ত বলেন— অনাবৃত্তিঃ শব্দাৎ, অনাবৃত্তিঃ শব্দাৎ।

বস্তুতঃ হরিকীর্ত্তনের দ্বারাই শ্রীহরির ইন্দ্রিয়তর্পণ হয়— মঙ্গল হয়। বদ্ধজীবের ইন্দ্রিয়তৃপ্তি দ্বারা ব্যষ্টি বা সমষ্টি কাহারও বাস্তব উপকার বা মঙ্গল হয় না।

আমরা ভগবৎসেবার জন্যই শরীর রক্ষা করিব। নিজ ইন্দ্রিয় -তর্পণের জন্য শরীর রক্ষা করিয়া কি লাভ হইবে? তদ্বারা ত' নরকেই যাইব।

যেটুকু বিষয় গ্রহণ করিলে হরিসেবার সুযোগ হয়, সেইটুকু বিষয়ই গ্রহণীয়, বেশী বা কম নহে।

প্রঃ সদ্ধর্ম কি ?

উঃ— ভাগবতধর্মা— ভক্তিধর্মা বা ভগবৎসেবাধর্মাই সদ্ধর্মা। ভগবৎসেবা ও ভক্তসেবা উভয়ই সদ্ধর্মা। এতদ্ব্যতীত সবই অসদ্ধর্মা— অনিত্যধর্মা বা অনাত্মধর্মা। সদ্ধর্মা ভগবদ্ধক্তিই আত্মধর্মা, নিত্যধর্মা বা সনাতন ধর্মা।

সকলেই ভগবানের সেবক— এই বিচার আস্লে সমদর্শী হওয়া যায়— বড়-ছোট-ভেদবুদ্ধি হতে নির্দ্দুক্ত হওয়া যায়।

সর্ব্বতোভাবে শান্তিপ্রদ পথের অনুসরণ ক'রে যে মঙ্গল লাভ হয়, সেই মঙ্গল আর কিছুই নয়— তা' কেবল ভগবৎসেবা।

ভারত্তিই সনাতন ধর্ম— নিত্যধর্ম— পরমধর্ম বা আত্মধর্ম । ভক্তি ব্যতীত জীবের জীবন বৃথা। ভগবন্তক্তি ব্যতীত যাবতীয় চেষ্টাই প্রভূ হবার চেষ্টা। একদিকে ভক্তি, আর একদিকে প্রভূত্ত্লাভের চেষ্টারূপ কর্মা, জোন, যোগ ও অন্যাভিলাষ। হরিনামকীর্ত্তনই ভাগবতধর্ম বা সদ্ধর্মের পরাকাষ্ঠা। কৃষ্ণনাম ব্যতীত জগতে ভবব্যাধির আর কোন ঔষধ নাই।

প্রঃ—কর্ত্তাভজা কি ?

উঃ—কর্ত্তাভজা একটা অপসম্প্রদায়, ইহারা বৈষ্ণব বা ভক্ত নহে। তাদের ধারণা— গুরুই স্বয়ং কৃষ্ণ অর্থাৎ ভোক্তা-ভগবান্; সুতরাং কৃষ্ণারাধনার আর আবশ্যক নাই। ইহা পাষ্ওমতবাদ।

গুরুদের কৃষ্ণ সত্য, কিন্তু ভোক্তা-ভগবান্ নহেন— তিনি সেবক-ভগবান্— আশ্রাবিগ্রহ বা সেবাবিগ্রহ। গুরু কৃষ্ণ হইয়াও কৃষ্ণপ্রেষ্ঠ। কৃষ্ণই নিজের সেবা নিজে শিক্ষা দিবার জন্য গুরুরূপে বিশ্বে প্রকটিত। গুরু বিষয়বিগ্রহ বা শক্তিমান্তত্ব নহেন, তিনি কৃষ্ণের পূর্ণশক্তি, আশ্রয়জাতীয় ব্রহ্মবন্ত। তিনি সেবাবিগ্রহ, ভক্তিবিগ্রহ, আশ্রয়বিগ্রহ বা সেবকভগবান্ বলিয়া ভোগবৃদ্ধির লেশমাত্রও তাঁহাতে নাই। এজন্য গুরুনিষ্ঠ বৈষ্ণবগণ গুর্বানুগত্যেই কৃষ্ণসেবা করেন— গুরুর হইয়া কৃষ্ণসেবাকে জীবন করেন। তাঁহারা কোনদিনই গুরুকে রাসবিহারী, গোপীনাথ বা রাধানাথ মনে করেন না।

প্রঃ— কিভাবে লোককে সম্মান দিতে হয় ? উঃ— ভক্তগণ কৃষ্ণসন্ধ বাদ দিয়া কাহাকেও সদ্দান দিবার পক্ষপাতী নহেন। তাঁহারা প্রত্যেক বস্তুর অন্তর্যামিসূত্রে কৃষ্ণা বিষ্ঠান জানিয়া দেবতা, মনুষ্য প্রভৃতি সকল জীবকেই ভগবৎ-সেবকবুদ্ধিতে সন্দান দিয়া খাকেন। তাই মহাপ্রভৃ বলিয়াছেন—

উত্তম হজা বৈষ্ণার হবে নির্ভিমান জীবে সম্মান গিবে জানি' কৃষ্ণ-অধিষ্ঠান :

প্রঃ— দীক্ষা গ্রহণের পর কি কাহারও বিষয়ে আর্সাক্ত থাকে?
উঃ— কখনই না। দিব্যজ্ঞানলাভের নাম— দীক্ষা। শ্রীভগবান্ অধ্যাক্ষজ
বস্তু, আমি সেই ভগবানের সেবক, ভগবানের সেবা ব্যতীত আমার আর
কোন কৃত্য নাই বা হইতে পারে না— ইহাই দিব্যক্তান বা প্রকৃত দীক্ষা।
এই জ্ঞানের অভাব যেখানে, সেখানেই অজ্ঞানতা অর্থাৎ দিব্যজ্ঞান হয়
নাই—দীক্ষা হয় নাই, জানিতে হইবে। দীক্ষা কথাটাতেই যত গোলমাল
বাধিতেছে। ওক্লর নিকট অভিগমন না করিয়া ''আমরা সদ্ওক্লর নিকট
দীক্ষা গ্রহণ করিয়াছি'' মুখে এই কপট অভিমান করিতেছি বলিয়াই

যাবভীয় অনর্থ উপস্থিত হইয়েছে। শ্রীঞ্জদেবের নিকট দীক্ষা অর্থাৎ দিব্যজ্ঞান লাভ করিবার পদ্ম বিষয়ে অভিনিবেশ কি করিয়া থাকিতে পারে? — সংসারে উন্নতি করিবার ইচ্ছাই বা কি করিয়া জাগিতে পারে? সতন্ত্র দান্তিক ব্যক্তিগণ সত্য সত্য ভক্তর নিকট না গিয়া অর্থাৎ দিব্যজ্ঞান বা সৰন্ধজ্ঞানমুক্ত না হইয়াই "গুৰুর নিকট দীক্ষা লাভ করিয়াছি" এইরূপ নির্থক বাক্য বলিয়া থাকে। আমরা গুরুদেব**কে গুরু অ**র্থাৎ <del>ঈশ্বরজ্ঞান না</del> করিয়া কার্য্যতঃ আম দের শিষ্য বা শাসন্যোগ্য বস্তুতে পরিণত করি— ভাঁহাতে মনুষ্যবৃদ্ধি করিয়া আমরা অপরাধী হই। ওরু সেব্য বস্তু। ওরু অপেক্ষা অধিক সোবা কৈহ নাই, ভগবংসেবা অপেক্ষাও গুরুসেবা শ্রেষ্ঠ। গুরুসেবার মত সর্বশ্রেষ্ঠ ধর্ম আর কিছু নাই—এসব কথা শাল্পেও শুনি এবং মুখেও বলিয়া থাকি কিন্তু দেহাস্ক্তি, গৃহাস্ক্তি বা স্বতম্রতা প্রবল থাকায় আমরা তাহা ভুলিয়া গিয়া নিজসেবা ও গৃহসেবাকেই বড় কর্ত্বব্য মনে করিয়া ভাহাতেই ব্যস্ত হই। যেমন বালক ক্রীড়ায় প্রমন্ত থাকিলে कर्डवाविशृष् इऱ-- थाउद्या-नाउद्या, लियाभणा প্রভৃতি সব ভুলিয়া याय, আমাদের অবস্থাও তত্রপ হইয়া দাঁড়াইয়াছে। দীক্ষাগ্রহণের পরও আমাদের ভগবংসেবাগ্রাপুত্ত জাগিতেছে না— প্রতিষ্ঠা ও অর্থসংঘহের স্পৃহা এবং স্বজনগণের সেবার প্রচেপ্তাই আমাদের নাকে দড়ি দিয়া চতুর্দিকে ঘুরাইতেছে। অমরা ভাগ্যক্রমে সেবার সুযোগ পাইয়াও তাহা পায়ে ঠেলিয়া দিতেছি। ইহার পরিণাম যে কি বিষময়, তাহা পরে বুঝিতে পারিয়া অবশাই হতাশ হইব, সন্দেহ নাই। সাধুওরুর কথা না ওনিলে তাঁহার আর কি করিবেন ?

প্রঃ—কর্ম্ম ও ভার কি আত্মার ধর্ম ?

তিঃ— না। কর্ম্মী হওয়া বা ভারনী হওয়া জীবের প্রয়োজনীয় বিষয় নহে।
কর্ম্ম ও ভার ভীবোয়ার ধর্মা নহে। 'জীব ভগবানের সেবক বলিয়া
কৃষ্ণাসেবাই জীবের নিত্যধর্মা 'জীবের স্বরূপ হয় কৃষ্ণের নিত্যদাস।'

কৃষ্ণী ও ভারী উভয়েই স্বার্থপর— উভয়েই নিজের সূথ নিয়ে

ব্যস্ত। তাহারা ভগবানের ভক্ত নহে, পরম্ভ অভক্ত। এজন্য ভাগ্যবান্ সজ্জনগণ কর্ম্মী বা জ্ঞানী না হইয়া ভগবানের পাদপন্ম আশ্রয় করতঃ ভক্তিপথেই বিচরণ করেন।

अश— শীकृक्षनामगः कीर्जन कि এकमाज जाधन ?

উঃ— নিশ্চয়ই হরিভজন ব্যতীত জীবের আর কোন কৃত্য নাই—এই কথাটা লোক কিছুতেই বুঝ্তে পারছে না। বালক হোক্, বৃদ্ধ হোক্, যুবা হোক্, স্ত্রী হোক্, পুরুষ হোক্, ধনী হোক্, দুরিদ্র হোক্, পণ্ডিত হোক্, মূর্য হোক্, পাপী হোক্, পুণ্যবান্ হোক্, যে যে অবস্থায় থাকে থাকুক, তাদের অন্য সাধনপ্রণালী আর কিছুই নাই, সাধন—একমাত্র শ্রীকৃষ্ণনামসংকীর্ত্রন।

. श्र - त्नवा जिनियंगे कि ?

উঃ— শ্রীহরির সেবকগণ বলেন— হে জীব, তুমি হরির সেবা কর, আর কিছু করো না। হরিসেবার নামে নিজের ইন্দ্রিয়তর্পণ করো না, মনে রেখা— কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণের নামই সেবা। তোমার নিজের বহির্দ্মৃথ ইন্দ্রিয়ের কৃপ্তি যাতে হয়, তোমার বহির্দ্মৃথ আত্মীয়-স্বজনের যাতে সুখ হয়, সেরপ কার্য্য করার নাম সেবা নয়। তাকে সেবা মনে কর্লে তুমি বঞ্চিত হবে। গৃহসেবাকে ভগবৎসেবা মনে ক'রে ভুল করো না, ভগবান্কে আশ্রর ক'রে আর মায়ার সেবায় সময় নষ্ট করো না, তাতে তোমার মঙ্গল হবে না পরম্ভ দিন দিন সংসারেই আসক্ত হ'য়ে পড়বে— ভগবৎপ্রাপ্তি হবে না। ভগবানের জন্য ব্যস্ত হও, তবে ত' ভগবান্কে পাবে। 'উড়ো খই কৃষ্ণায় নমঃ' বল্লে কি কৃষ্ণঃ- সেবা হবে ? কৃষ্ণকে ফাঁকি দিলে ত' নিজেই ফাঁকিতে পড়বে তাই বলি— চতুর হও। সকলকে ফাঁকি দিয়ে কৃষ্ণসেবা কর। তা' হলেই অন্তর্যামী কৃষ্ণ প্রসমু হবেন।

थঃ -- रितंडङनरीन जीवन कि वृथा ?

উঃ— নিশ্চয়ই। খাওয়ার কোন আবশ্যক নাই— পান করার কোন আবশ্যক নাই, যাদি কৃষ্ণভজন না করি। দেবদুর্লভ মনুষ্যজন্ম লাভ ক'রে যদি কৃষ্ণভজনই না হলো, তা' হ'লে ত' জন্মজন্মান্তরের জন্য অত্যন্ত অসুবিধার মধ্যেই পড়তে হলো। 'কৃষ্ণ ভজিবার তরে সংসারে আইনু। মিছে মায়ায় বন্ধ হয়ে বৃক্ষসম হৈনু ॥'

পশুরা মানুষ হয় হরিছজন কর্বার জন্য। কিন্তু আমরা মানুষ হয়েও যদি পশুর ন্যায় আহার বিহারেই ব্যস্ত থাক্লাম— সংসারেই মত্ত থেকে হরিছজন না কর্লাম অথবা হরিছজনের নাম ক'রে যে বিষয়ী সে বিষয়ীই থাক্লাম, তা' হ'লে আমাদের জীবন বৃথা গেল— মনুষ্যজন্ম পেয়েও কোন লাভ হলো না।

প্রঃ—শ্রীনামসংকীর্ত্রনই কি সাধনশিরোমণি ? উঃ— নিশ্চয়ই। কলিকালে শ্রীনামসংকীর্ত্রন সর্ব্বশ্রেষ্ঠ সাধন ত' বটেই. পরম্ভ ইহাই একমাত্র সাধন—একমাত্র সাধন—একমাত্র সাধন। কলিকালে হরিনাম কীর্ত্তন ব্যভীত জীবের আর সাধন-ভজন কিছু নাই— নাই— নাই। এই শ্রীনামসংকীর্ত্তন হতে সর্ব্বার্থ-সিদ্ধি হবে।

শাস্ত্র বঙ্গেন---

হরেনাম হরেনাম হরেনামের কেবলম্।
করেনা নাস্ত্যের নাস্ত্যের নাস্ত্যের গতিরন্যথা।
কলিকালে নামরণে কৃঞ্জ-অবভার।
নাম হৈতে হয় সর্ব্রজণং নিস্তার।
দার্গ্য লাগি হরেনাম উজি তিনবার।
দার্গ্য লাগি হরেনাম উজি তিনবার।
দের্জ শান্দে পুনরিপ নিস্মাকরণ।
কর্মান জান-মোগ-তপ-আদি-নিবারণ।
জন্পণ যে মানে, তার নাহিক নিস্তার।
নাহি, নাহি—তিন উজ এব-কার।
নাহি, নাহি—তিন উজ এব-কার।

নাম বিনা কলিকালে নাহি আর ধর্ম।
সর্ব্বমন্ত্রসার নাম— এই শাস্ত্রমর্ম্ম।
ভজনের মধ্যে শ্রেষ্ঠ নববিধা ভক্তি।
কৃষ্ণপ্রেম, কৃষ্ণ দিতে ধরে মহাশক্তি।
তার মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ নামসংকীর্ত্তন।
নিরপরাধে নাম লৈলে পায় প্রেমধন॥

৬৪ প্রকার ভক্তির অঙ্গ মধ্যে শ্রীনামসংকীর্ত্তনেরই সর্ব্বশ্রেষ্ঠতা।
নামসংকীর্ত্তন দারাই সর্ব্বমঙ্গল সাধিত হয়। নাম-সংকীর্ত্তনের মধ্যে নবধা
ভক্তি সমস্তই আছে। স্বয়ং-ভগবান্ শ্রীগৌরাঙ্গদেবের হৃদ্গত অভিপ্রায়
এই যে—শ্রীকৃষ্ণকীর্ত্তনই একমাত্র অভিধেয়।

যিনি নামকীর্ত্তন করেন, তাঁহার সর্ব্বপ্রকার মঙ্গল হয়। তবে একটা কথা— যিনি নামকীর্ত্তন করিবেন, পূর্ব্বে তাঁহার শ্রবণ করা দরকার। শ্রীকৃষ্ণনামসংকীর্ত্তনই সাধনশিরোমণি। শ্রীনামভজনে জীবের সর্ব্বসিদ্ধি হয়। সাধুসঙ্গে শ্রীনামকীর্ত্তন ব্যতীত আমাদের অন্য কৃত্য নাই। শ্রীমদ্ভাগৰতের প্রতিপাদ্য বিষয়— শ্রীনামসংকীর্ত্তন মুক্তকুলেরও শ্রীনামসংকীর্ত্তন ব্যতীত অন্য কোন কৃত্য নাই। যিনি মন্ত্রোচ্চারণকারী, তিনি নিজেকে শ্রীনামের পাদপদ্মে অর্পব করেন। যেদিন জীবের মন্ত্রসিদ্ধি হয়, সেইদিন তাঁহার মুখে হরিনাম সর্ব্বদা নৃত্য করিতে থাকেন।

যাঁহারা কৃষ্ণকীর্ত্তন করেন নাই, সেই মঠবাসী ভক্তগণের সেবায় বিমুখ হইয়া ভজনের অভিনয় করিলে মঙ্গল হইবে না। শ্রীমদ্ভাগবত পাঠ মঠবাসী ও গৃহস্থ সকলেরই কর্ত্তবা।

যে যে বস্তুর দ্বারা হরিসেবা হয়, তাহা সর্ব্ধপ্রকারে মঠেই আছে।
মঠবাসীগণের সেবা করিলেই শ্রীনামকীর্ত্তনে অধিকার হয়—শ্রীনামন্জনে
ক্রুচি বর্দ্ধিত হয়। কিন্তু তা' না ক'রে যদি আমরা বহির্ম্মুখ আত্রীয়স্বজনের
সেবা নিয়ে মেতে থাকি, তা হ'লে আর হরিনাম হলো না।

হরি-গুরু-বৈশ্বব সেবায় উদাসীন হইয়া আমরা যদি সংসারের সেবাতেই হান্ত থাকি, তবে কখনও নামপরায়ণ হতে পার্বো না। আমাদিগকে নামপ্রায়ণ কর্বার জন্যই শ্রীরাধাণোবিন্দমিলিততনু গৌরাঙ্গদেব এজগতে একেহিলেন। কিন্তু আমরা যদি তাঁর কথা না শুনে শ্রীনামসেবায় উদাসীন হই, তবে কোনদিন আমাদের মঙ্গল হবে না।

কৃষ্ণের সর্বাপেক্ষা উৎকৃষ্ট সাধন— শ্রীনামসংকীর্ত্তন। আর সব সাধন হনি কৃষ্ণসংকীর্ত্তনের সহায় হয়, তবেই তা'দিগকে সাধন বলা হাবে, নতুরা ঐ সকলকে সাধনের ব্যঘাত মাত্র জান্তে হবে।

শূক্ষানামসংকীর্ত্রন—সাধনসম্রাট্। সর্ব্বার্থসিদ্ধিলাভের একমাত্র করার্থ শাহন—বৈকুষ্ঠনামকীর্ত্তন। শ্রীমনুহার্যন্তু অর্চ্চনশিক্ষার কথা বলেন নাট্ট, পরস্থ শিক্ষান্তারে শ্রীনামভজনের কথাই শিক্ষা দিয়াছেন। অন্য ভজ্যস্ত সাধন ক্ষার্তিত ইইলেও শ্রীনামকীর্ত্তন মুখেই তাহা করণীয়। যদ্যপি অন্যা তিত্তিঃ কর্লী কর্ত্তিরা তদা কীর্ত্তনাখ্যা ভক্তি-সংযোগেনের কর্ত্তব্যা।

কৃষ্ণ ও কৃষ্ণনাম দুইটি পৃথ্ক বস্তু নন। কৃষ্ণই নাম, নামই কৃষ্ণ। ক্ষাণ ও কৃষ্ণনাম অভিনু। কৃষ্ণনাম নন্দের নন্দন, কৃষ্ণনাম শ্যামসুন্দর। শ্রুক্ষ্ণনাম কর্তিভাই আমাদের একমাত্র অভিধেয় বা কর্ত্তব্য — এই বিচার হইলেই মঙ্গল।

२१-- मानु कारक र्लन काशांक वरन ?

টিঃ—— শ্রীকৃষ্ণ + সংকীর্ত্তন = শ্রীকৃষ্ণসংকীর্ত্তন। শ্রীকৃষ্ণ=শ্রী + কৃষ্ণ;
শ্রী—লক্ষ্যী ভোগত সর্জালক্ষ্যীগণের অংশিনী শ্রীমতী গান্ধর্কা। সূতরাং শ্রীকৃষ্ণ বিশাতে পাক্ষরতার (শ্রীরাধার) সহিত গিরিধর ব্রজেন্দ্রনন্দন।

ত্তি হিলাত্র যংকীর্ত্তনং তদেব সংকীর্ত্তনম্ অর্থাৎ সকলে মিলিত ছৌহা হে কার্ত্তন, ছাহাই সংকীর্ত্তন। অথবা সম্যক্ কীর্ত্তন অর্থে সংকীর্ত্তন অর্থাৎ শ্রীকৃষ্ণের সকল কথার কীর্ত্তন শ্রীকৃষ্ণের নাম, রূপ, তুল. গ্রিক্রেরিশিন্ত্য ও শীলা কীর্ত্তনের নাম সংকীর্ত্তন।

প্রঃ— আমাদের প্রয়োজন কি?

উঃ— কৃষ্ণচন্দ্রই পূর্ণতম পরতত্ত্ব বস্তু। কৃষ্ণই সকলের নিত্য সেব্য । আমরা সেবক, কৃষ্ণ হলেন আমাদের প্রয়োজন। চেতনের বৃত্তি উন্মেষিত হ'লে 'কৃষ্ণই একমাত্র সেব্য বস্তু, কৃষ্ণসেবাই আমাদের একমাত্র কৃত্য'— একথা আমরা সুষ্ঠভাবে বুঝ্তে পার্বো। নতুবা সংসার সংসার ক'রেই মর্তে হবে— সংসারকেই উপাস্য বা সার জ্ঞান ক'রে নরকে যাব

আত্মার অপ্রাকৃত ইন্দ্রিয়ের দ্বারা কৃষ্ণের সেবা কর্তে হবে —

মনের কল্পনাপ্রভাবে কৃষ্ণসেবা হবে না। সম্বন্ধজ্ঞান বা দিন্য এতন হওয়া

চাই। কৃষ্ণই আরাধ্য ব'লে যাঁদের বিচার, সেই ভক্তগণ ব্যতীত আমাদের
অন্য কেহ আত্মীয় নাই—ইহা মর্ম্মে মর্মে অনুভব কর্তে হবে, তরেই

মঙ্গল হবে। পরকে আপনজ্ঞান কর্লে—ক্সী-পুত্র-কন্য প্রভৃতিকে আত্মিয়ে
জ্ঞান কর্লে ত' আর দিব্যজ্ঞান হলো না, মন্ত্র নিয়েও যে ভিচ্চিরে সে

তিমিরেই রইলাম।

কৃষ্ণই আরাধ্য বা আপনজন, কৃষ্ণই এক্ষার জাত্রির— এই জ্ঞান বৈষ্ণবের। ইহাই প্রয়োজন। ভোগবাঞ্ছায়রী জড় প্রতিষ্ঠা বা অনাত্রীয়কে আত্রীয়জ্ঞান বাঞ্চনীয় নহে।

মনের দ্বারা ভোগ হয়। কৃষ্ণের সেবা হাড়-মাংসের দ্বারা হয়।
না— চেতনের দ্বারা হয়। সেবোনুখ ইন্দ্রিয় দ্বারা সেব্য কৃষ্ণের সেবা
হইয়া থাকে।

প্রঃ—আনন্দবস্তুটী কি ?

উঃ শাস্ত্র বলেন আনন্দং ব্রশ্ম। ভূমৈব সুখম। পরব্রহ্ম শ্রীকৃষ্ণই আনন্দবস্তু। তাঁতে পূর্ণানন্দ আছে, তিনি পূর্ণানন্দবিগ্রহ। 'ঈশ্বরঃ পরমঃ কৃষ্ণঃ সচিচদানন্দবিগ্রহঃ।'

শাস্ত্র বলেন— নাল্লে সুখমস্তি। ক্ষুদ্র বস্তুতে সুখ নাই। জড়ানন্দে পূর্ণতা নাই, তাই তাতে আশা মিটে না। বৃহদ্বস্ত বা ব্রহারত্ত ভগবান্ই

সর্ব্বসুথের আকর। সেই আনন্দমূর্ত্তি কৃষ্ণের সেবা দ্বারা**ই জীব পূর্ণ আনন্দ** লাভ কর্তে পারে।

প্রঃ— এই জগৎ কি জীবের ভোগ্য ?

উঃ— কখনই না। জগৎ জগদীশ্বরের ভোগ্য বা সেবার উপকরণ। তাতে ভোগবুদ্ধি হ'লে অপরাধ হবে— সংসারী হ'য়ে জ্বলে মর্তে হবে।

যখন আমরা শিক্তার স্বরূপ জুলে গিয়ে নানা বিচারে আবদ্ধ হ'য়ে ভোগবাঞ্ছা করি, ভানেই মনে হয়—— জড়েন্দ্রিয় দ্বারা প্রপঞ্চ ভোগ করা যাক্। কিন্তু আমাদের জেলা উচিত— প্রপঞ্চ আমাদের ভোগ্যবস্তু নহে— ভগবানের সেবার বদ্যুতে ভোগবৃদ্ধি কর্তে নাই।

প্রঃ— আত্মা কি ভোগ করে ?

উঃ— আত্মা ড' পরমাত্মার সেবক, কৃষ্ণসেবাই তা'র ধর্ম বা কার্য্য। সুতরাং সেবা হেভে সে ভোগ কর্তে যাবে কেন ? আত্মা ত' আর ভোগী নয়, যে ভোগের জন্য ব্যস্ত হবে।

আত্রা কখনও ভোগের জন্য ব্যস্ত হয় না। মনই ভোক্তারূপে কার্য্য করে। এই ভোগার্হ্য আঙ্কুর্ত্তি-আবরণকারিণী।

প্রঃ— ভগবান্ কি বস্ত ?

উঃ— ভগবান্ সাঁচেলানন্দবিগ্রহ তিনি নিরাকার নহেন। আমাদের ন্যায় ভগবানের জড় দেহ নাই। ভগবানের দেহ ও দেহীতে ভেদ নাই— তাঁহার নাম, রপ, গুণ ও লীলা অভিমু;

ভগবান্ হরট বস্ত্র— বিভূ বস্তু। He does not require any other help. He may come down upon the scene of anybody and everybody as He pleases. ভগবান্ কাহারও সাহায্য অপেক্ষা করেন না — তিনি পূর্ণ নিরপেক্ষ, পূর্ণ স্বতন্ত্র ও স্থপ্রকাশ। তাহার চক্ষু, কর্ণ প্রভৃতি অচিনায় (জড়) নয়— তাহার সর্কেন্দ্রিয় চিনায় ও পূর্ণ। প্রঃ— শ্রীমন্তাগবত কি বলেন ?

উঃ—শ্রীমন্তাগবত কর্মকাণ্ডের উপদেশ দেন না। যাতে জীবের পর্মঙ্গল লাভ হয়, শ্রীমন্তাগবত সেই ভগবানের কথাই কীর্ত্তন করেন ভাগবতে পরমধর্ম্ম শুদ্ধভক্তির কথা আছে। ভাগবত শুন্তে হ'বে, পড়তে হবে, বিচার করতে হবে।

শুদ্ধজ্ঞান, শুদ্ধবিভাগ, শুদ্ধভঞ্জি— একতাৎপর্য্যপর। ইহাতে নিজ ইন্দ্রিয়তৃপ্তির পরিবর্ত্তে কেবল ভগবৎসেবার কথাই আছে। সুখ ও দুঃখ দুইটি ভিন্ন বস্তু। সুখের জন্য ঘুরে বেড়ালে দুঃখই আসে। সুভরাং ফলের আকাজ্ফা করা উচিত নয়। কর্মাকাণ্ড মুক্তপুরুষের কৃত্য নহে। কর্মোর ফল কখন ভাল, কখন মন্দ।

ভাগবত হেড়ে অন্য গ্রন্থ পড়লে কর্মানতা,ন্মার্গের, সুখ-দুংখের ও জন্ম-মৃত্যুর বাধ্য হ'তে হয়। তাতে ধর্মা, অর্থা, কাম লাভ হ'তে পারে। মোক্ষকামী ভোগ ত্যাগ কর্লেও ঈশ্বরের উপাননা করে না। ভক্তই ভগবানের সেবা করেন।

যোগের দ্বারাও ভগবানের ভজন হয় না--- উত্তে অণিমা, লখিমা প্রভৃতি অষ্টাদশসিদ্ধি লাভ হয়। মোক্ষকামীর (Baivationist এর) কথা ছেড়ে দিতে হবে সে কেবল সংসারের পুরত্ত্তের হাত হ'তে ভুটি চায়: সুতরাং সেও নিজে ভোজা (recipient)।

যিনি কর্মা, জ্ঞান বা যোগমার্গ গ্রহণ করে, ছান, ভাগবত বংলন— তিনি ভুল পথ অবলম্বন ক'রেছেন। ভক্তি হ'লে সবই পহজে লাভ হতে পারে।

কৰ্মীপণ এজীবনে বা প্রজীবনে নিজের ভেল চন্ম . Bhakti is the eternal function of pure souls. If we regain our real position then we have the chance of dissociating ourselves from the world. ভিজি নির্মাণ আত্ম এই বৃত্তি আহ্ম পুনক্ষার কর্তে পারি, ত্রেই অনায়াসে এই পৃথিবী হ'তে পৃথক্ হ'তে পার্বো।

3 1

প্রঃ— আমানের চিন্তনীয় বিষয় কি ? উঃ— পৃথিবীরে কোন বিষয় আমাদের চিন্তনীয় নয়। ভগবান্ শ্রীকৃষ্ণই ওদ্ধ সতাবস্তু— বাস্তবসত্য বস্তু। সপরিকর সেই বাস্তব সত্যই আমাদের

চিন্তনীয় বিষয়।

প্রং— কিনে আমাদের মঙ্গল হবে ?

উঃ— সপরিকর গৌরসুন্দরই আমাদের পূজার বস্তু। ভক্তকে বাদ দিয়া ভগবানের সেবাপূজা হয় না। গুরুবৈঞ্চবের সেবা ব্যতীত জীবের মঙ্গলের আর দিতীয় রাজ্যা নাই। গুরুবৈঞ্চবের অনুকরণ দ্বারা জীবের মঙ্গল হয় না— অনুসরণ দ্বারাই মঙ্গল হয়। কৃষ্ণের অনুকরণ করা জীবের পক্ষে অন্যায়। কৃষ্ণের অনুকরণ কর্তে গিয়ে আউল-বাউল প্রভৃতি অপসম্প্রদায়ের সৃষ্টি হয়েছে।

গৌরসুন্দরের অন্য উপদেশ নাই— বৈষ্ণবের অন্য কোন কৃত্য নাই—ভগবান্কে ডাকা ছাড়া অন্য কোনও কথা নাই।

একমাত্র মঙ্গল হয় যে নামগ্রহণের পন্থায়, সেই নামকীর্ত্তন আমার ভাল লাগ্ছে না। সুতরাং মঙ্গল কি ক'রে হবে ?

প্রঃ— গুরুদেব কি বস্তু ?

উঃ— গুরুদের ভগবন্ হয়েও ভগবং-প্রিয়তম। আমাদের নিকট শ্রীকৃষ্ণ হ'তেও শ্রীগুরুপাদপদ্মের অধিক প্রয়োজনীয়তা। শ্রীগৌরসুন্দর সকর্বগুরুপণ্টেরও গুরু তিনি জানালেন— গুরু ভগবান্ হ'তে অভিন্ন হ'লেও ভগবেদ্ধরের প্রধানত ত্ত্রুপে গুরুত ত্ত্রের অবস্থান। শ্রীগুরুদের কৃষ্ণ হ'য়েও কৃষ্ণপ্রের প্রধানত ত্ত্রুপে গুরুত ত্ত্রের অবস্থান। শ্রীগুরুদের কৃষ্ণের হ'য়েও কৃষ্ণপ্রের প্রশাসন কৃষ্ণের প্রেষ্ঠ এবং বৈষ্ণবগণের মধ্যে প্রের্গ নির্দের জান্তরাজ— সেবক-ভগবান— সেবাবিগ্রহ— আশ্রয়বিগ্রহ। তিনি কৃষ্ণের নামে বিষয়-বিগ্রহ বা ভোক্তাতত্ত্ব নহেন।

প্রঃ—ভগবান্কে কে দিতে পারেন?

উঃ— যিনি এখাওবদ্ধ ভগবানের সেবা অনুক্ষণ করেন, তার আনুগত্য

দ্বারাই জীবের মঙ্গল হয়। বৈশ্ববশুরুর সেবা দ্বারাই বিশ্বুসেবা লাভ হয়।
শ্রীগুরুদেবের সম্পত্তি— সাক্ষাৎ কৃষ্ণ। স্বয়ং কৃষ্ণ যদি নিজেকে নিজে
দিয়ে দেন, তা' হলেও তাঁর দেওয়া কিছু বাকী থাকে; কিন্তু ভগবড্ডজ
সম্পূর্ণভাবে ভগবান্কে দিয়ে দিতে পারেন। তাতে ভগবানের কিছু ক্ষতি
হয় না।

প্রঃ— বৈষ্ণব কি অকিঞ্চন ?

উঃ— নিশ্চয়ই। বৈশ্বব কৃষ্ণাশ্রিত— কৃষ্ণের দেবক। ভগ্রং-দেবক অভিমান ব্যতীত অন্য অভিমান তাঁর নাই। তিনি অকিঞ্জন— এ জগতের কোন বিন্তু তাঁকে লুব্ধ কর্তে পারে না। পর জগতে বা এ জগতে এমন কোনও লোভের বন্ধ নাই, যা কৃষ্ণপদনখাপ্রের শোভা হ'তে অধিকতর লোভনীয় হ'তে পারে। যেখানে আমরা ভগবানের তদ্ধদেবায় লুব্ধ না হই, দেখানেই জান্তে হবে—মোহনী মায়া বহুর্নপিণী হ'য়ে আমাদিগকে জাপ্টে ধরেছে, আক্রমণ ক'রেছে।

প্রঃ-- অবৈষ্ণব কে ?

উঃ— যাঁরা নিত্যকাল বিষ্ণুর সেবা করেন, তাঁরা বৈষ্ণুব। যাঁরা বিষ্ণুর সেবা করেন না, কিন্তু তাঁদেরও বিষ্ণুর সেবা করা উচিত, তাঁরা—অবৈষ্ণুব।

যাঁরা বিষ্ণুর কথা ব্যতীত ইতর কথা শ্রবণ এবং বিষ্ণুচিন্তা ব্যতীত ইতরচিন্তা করেন, জগতে খাওয়া-দাওয়া-থাকাকেই যাঁরা ধর্ম মনে করেন, তাঁরা অবৈষ্ণব।

বিষ্ণুর কথা তনা ও বলাই আমাদের নিত্য কৃত্য। গুরু- বৈষ্ণ্যবের অনুগত থাকাই আমাদের উচিত। বিষ্ণুর প্রসাদই আমাদের নিত্য গ্রহণীয় বস্তু। এই সকল সেবাবঞ্চিত হ'য়ে যদি আমরা অন্য কার্য্যে ব্যস্ত হই, তবে আমরা অবৈষ্ণব হ'লাম। অবৈষ্ণব হ'লে আমাদের নানা অসুবিধা এসে উপস্থিত হয়— নানাবিধ ক্লেশ এসে পড়ে। ভগবদ্বিমুখতাই

ক্রেশের একমাত্র কারণ ভগবৎদেবা ব্যতীত অন্যান্য কর্য্য করার দরুণ আমর কট পাছি সভন্তা কশতঃ ভগবানের সেক কাদ দিয়ে যাতে অন্য লোকে আঘাদের সেবা করে, ভদ্বিষয়ে আমরা চেইনিরত হচ্ছি। এইরপ চেটা নিয়ে ভাষরা কর্ত্তা সাজ্ছি। শর্ণর ভগরানের সেবক— এই স্বরূপের উপলব্ধির হাত ধেই আমাদের এসব বিচার এসে উপস্থিত হচ্ছে— আমি কর্ত্তা, আমি ভেভা, আমি দ্রম্ভা আমি চালক— এই সব কুবিচার আমাদিগকে থাস করছে । সাধুর নিকট গেলে আমরা জানতে পারি— আমি করা নহি— কাথারও সেবা নহি, আমি ভগবৎসেবক, ভগবান্ই আমার একসাত্র দেবা। কর্মমার্গে বিচরণকারী ব্যক্তিই কর্তা। আমরা সংক্রের দ্বারা সমগ্র জগতের প্রিয় হ'তে চাই— সংসারের কর্ম যথাসাধ্য ক'রে আট্র'দফলনের প্রীতি-আকর্ষণের জন্য ব্যস্ত হই , এতে আমাদের मक्रन रा भाषि गृहि हा- अश्मात वा क्रग्र थिएक निकृष्टि इरव ना । ठाउँ ভগবানের হ'জ আল' গগকে কৃপা ক'রে জানান থে— ভগবানের সেবাই আমাদের একমত কৃতা : দেবতা, পঙ্-পক্ষী, মানুষ সকলেরই কর্ত্ব্য — ভগ্রংসের। কিছু ভক্তের কথায় অন্যমনক হ'য়ে আমরা মনে কর্ত্তি— প্রের হ্রেছি— পাথরের কার্য্য আছে, গাছ হয়েছি— গাছের ফলদান কার্যা আছে গিড়া হয়েছি— পুত্র-কন্যার সেবা করা— তাদের আগোরের ব্যালের করার কাজ মামার আছে। যথন মানুষ হয়েছি, তখন শিক্ষিত হ্রা. — শন্ত ব্রাম-— সমাজসংকার ও সমাজ-গঠন করা— দেশের উন্নতি কর বহু কর্মা আছে। আমরা গৃহে থাক্বো— কর্ত্ত मा क्रा — - विवास वा वाद्व मान्त्र - द्व हेत् प्रवृत्व — इंदलाया इंदल বিয়ে দোলা ইতালৈ ও হংবা সংকল্প আমালের চিত্তে এসে উপস্থিত হচ্ছে ্ইছার্থ বা — শ্রীব্রাবত — ভগবদ্বিমুখতা — মায়ার দাস্য বা গোলামী করা।

क्षरे— या गा। व गा। । बच्चां रुप १

উঃ — ভগবালের বখা যাবা অনুক্ত আলোচনা করেন — যাঁরা

সর্ব্বতোভাবে ভগবানে নির্ভর করেন, তাঁদের পাদপদ্মে শরণ গ্রহণ করাই রক্ষা পাবার একমাত্র উপায়। তাঁরা পতিতপাবন—দীনের বন্ধু। তাঁদের শরণাপন্ন হ'লে তাঁরা আমাকে রক্ষা কর্বেনই।

প্রঃ— আমাদের ভগবদনুভূতি কি ক'রে হবে ?

উঃ— শ্রীমন্মহাপ্রভু ব'লেছেন— কৃষ্ণসেবা, কার্চ্চসেবা ও নামসংকীর্ত্তন— এই তিনটিই জীবের কৃত্য। যে বস্তুকে সেবা করা যায়,
তিনিই সেবা। যিনি সেবা করেন, তিনি সেবক। সেবকের বৃত্তিই সেবন
বা ভক্তি। ভজনীয় বস্তু— ভগবান্, ভজনকারী— ভক্ত এবং ভজন-বৃত্তি
হ'লো ভক্তি— এই তিনটীই নিত্য। ইহারা কালক্ষোভা বস্তু নহেন,
ভূতাদির ন্যায় জন্ম-স্থিতি-ভঙ্গের অধীন নহেন। ভগবানের স্বোর জন্য
অবিমিশ্রা চেষ্টা না করা পর্য্যন্ত ইহা উপলব্ধির বিষয় হয় না। মিশ্র
চেষ্টাতে ভগবদ্বস্তুর উপলব্ধি হবে না।

আমরা যদি শ্রেয়ঃপথ বরণ ন্দ করি— সর্ব্রক্ষণ ভগবং-সেবায় ব্যস্ত না হই, তা' হলে প্রেয়ঃপথকে বহুমানন ক'রে নরকের পথেই ধাবিত হব।

আমরা জগতের নিকট কপটতা ক'রে বল্ছি— আমরা বিষ্ণুপাসক—
কৃষ্ণের দাস, কিন্তু প্রকৃতপ্রস্তাবে আমরা ইন্দ্রিয়ের দাস—স্ত্রী-পুত্র-কন্যাদির
দাস, ভোগী, অকর্ম্মী। যেকাল পর্য্যন্ত জীবের ভগবানে শুদ্ধা, অবিমিশ্রা
বা নিষ্কামা সেবাবৃত্তি উদিত না হয়, সেকাল পর্যান্ত ভাহার কোনও জ্ঞান
হয় নাই জান্তে হবে। শ্রীগৌরসুন্দরের কথা আমাদের ক্রদয়ে প্রবিষ্ট না
হওয়ার জন্যই আমাদের এই অবস্থা— আমাদের এত দুর্কাসনা।

কৃষ্ণসেবা ও কার্স্ক্রসেবাই যে আমাদের একমাত্র কৃত্য— যতদিন পর্য্যন্ত আমরা ইহা উপলব্ধি করিতে না পারিব, তত্তদিন পর্য্যন্ত আমরা বঞ্চিত। আমাদের দুর্ক্র্যন্ধি হ'তে আমরা ছুটি পেতে পারি কখন ?— যখন আমরা নিষ্কপ্টে কার্ম্বের শর্ণ গ্রহণ করি নিরম্ভর যাঁরা ভগবদুপাসনা করেন, তাঁদের আশ্রয়েই— তাঁদের শ্রীহস্ত দ্বারা উন্মীলিত চক্ষেই আমাদের ভগবদ্দর্শন সম্ভব হয়। যদি যাত্রার দলে সাজা নারদকে ভক্তরাজ নারদ ব'লে মনে করি, খড়িগোলাকে দুধ ব'লে মনে করি,' তা' হ'লে আমরা প্রতারিত হ'ব। যিনি সর্ব্বহ্মণ ভগবদ্ভজনে চেষ্টাবিশিষ্ট, যিনি সর্ব্বতোভাবে প্রতি পদবিক্ষেপে ভগবানের সেবা করেন, যিনি সর্ব্বত্ব দিয়ে ভগবানের সেবা ছাড়া আর কিছুই করেন না, এমন কোন মহাপুরুষের সেবাই আমাদিগকে শুদ্ধ কৃষ্ণভজন দিতে পারে— ভগবদনুভূতি করাইতে পারে।

মনোধর্ম চালিত— রূপরসে আচ্ছনু থাকাকাল পর্যান্ত ইন্দ্রিয়তর্পণপর জনের ভগবদুপলব্ধি হয় না। ভক্তের নিজ সম্পত্তিই — কৃষ্ণ। ভক্তই কৃষ্ণকে দিতে পারেন। ভোগোনাুখচিত্তে কৃষ্ণানুভূতি সম্ভব হয় না। সেবোনাুখচিত্তে তাহা লভ্য হয়। নিজেকে ভগবৎসেবক জানিয়া অনুক্ষণ সেবা করিতে করিভেই সেব্যের অনুভূতি বা প্রকৃষ্ট জ্ঞান লাভ হয়। ভক্তিপথে বা সেবাপথেই সেব্যের সাক্ষাৎকার সম্ভব, অন্য উপায়ে নহে।

প্রঃ— কৃষ্ণপ্রাপ্তি মানে কি ?

উঃ— কৃষ্ণপ্রাপ্তি মানে এজগৎ হ'তে সম্পূর্ণরূপে বিচ্ছিন্ন হওয়া। মুক্ত হ'য়ে হৃদয়ে কৃষ্ণদর্শনই কৃষ্ণপ্রাপ্তি। কৃষ্ণ সকল প্রাপ্তির শেষ প্রাপ্তি। প্রেমে কৃষ্ণপ্রাপ্তি হয়। বিনা প্রেম্সে নাহি মিলে নন্দলালা।

প্রঃ—কুষ্ণাবির্ভাব জিনিষটী কি ?

উঃ— প্রত্যেক জীবহৃদয়ে যে শুদ্ধচেতনের ভাব আছে, তাহাতে পূর্ণচেতনের পূর্ণপ্রকাশই কৃষ্ণাবির্ভাব : শুদ্ধচিত্তে কৃষ্ণের উন্মেষই কৃষ্ণের জন্ম । বর্ত্তমানে আমরা অচিদ্বিষয়ে অভিনিবিষ্ট আছি, যদি সেই অচিদ্ভাবটী— কৃর্তৃত্বভিমানটী— বিষয়াসজিটী সন্ধৃচিত কর্তে পারি, তবেই আমাদের মেপে নেওয়ার ধর্ম হ'তে— সংসার হ'তে ছুটি হবে।

প্রঃ— ভগবান্ কি অচিন্ত্য বস্তু ?

উঃ— ভগবান্ কৃষ্ণ অচিন্তা সতা, কিন্তু তিনি কেবল অচিন্তা নন—
সেবোনাথের চিন্তা। শ্রীকৃষ্ণ নির্তণ হইয়াও গুণাআ— সকল-কল্যাণগুণৈকবারিধি। তিনি যুগপৎ চিদ্গুণে গুণী ও নির্তণ। সমস্ত গুণই তাঁতে
আছে। তিনি জগতের আধার। জগৎ তাঁর মূর্ত্তি নয়— জগতের অভ্যন্ত
রে মূর্ত্তিমান্ তিনিই।

ইন্দ্রিয়জজ্ঞানের দ্বারা যাহা উপলব্ধি হয়, তাহা ভোগের বস্তু। জগৎ তিনি নন— তিনি জগডের আধার। আমরা নমস্কার ব্যতীত অর্থাৎ অহঙ্কার না ছাড়লে তাঁর নিকটে যেতে পারি না। শ্রীহরি ব্রহ্মবস্তু, তিনি সীমাবিশিষ্ট কোন বস্তু নন— তাঁকে মেপে বা ভোগ ক'রে নেওয়া যায় না।

প্রঃ — হরিকথা কোখায় শুনিব ?

উঃ— হরিভক্তের নিকটেই হরিকথা শুনিতে হইবে। যাঁরা সর্বক্ষণ জগবানের সেবা করেন, সেই সকল সাধুর শ্রীমুখ থেকে বীর্য্যবতী হরিকথা শুন্তে শুন্তে আমরা জগবানের শক্তি ও মাহাত্ম্য অবগত হ'তে পার্বো। স্বদয় দিয়ে তেজস্বী সাধুর কাছে হরিকথা শুন্লে আমাদেরও দৃঢ়তা আস্বে, আমরা ক্রমশঃ শ্রন্ধা, রতি ও প্রেমভক্তি লাভ ক'রে কৃতার্থ হ'ব। তখন বাহ্য জগতের বিক্রমসমূহ আমাদিগকে আর পরাভূত কর্তে পার্বে না।

থঃ - প্রকৃত সাধু কে ?

উঃ— জটাজুট ধারণ কর্লে, ত্যাগী সাজ্লে বা বড় গৃহস্থ হ'লেই তাকে সাধু বলা যায় না। সর্ব্বেক্ষণ হরিকথানিরত ব্যক্তির নামই সাধু। নিত্যকাল সর্ব্বেক্ষণ যিনি সকল চেষ্টার মধ্যে কৃষ্ণের জন্য ব্যস্ত আছেন, সকল চেষ্টাই যাঁর ভগবানের সেবার জন্য তিনিই সাধু।

হরিকথা কা'কে বলে ? যাতে ভগবানের সুখ হয়— এরূপ কথার নামই হরিকথা। এরূপ হরিকথাই যাঁর জীবন, হরিকথা ছাড়া যিনি থাক্তে পারেন না, তিনিই সাধু। যাঁর কথা কৃষ্ণকে সুখ দেয়, কৃষ্ণসুখার্থই যিনি কৃষ্ণকথা বলেন, কর্তা বা বজা-অভিমান যাঁর নাই, কৃষ্ণদাস-অভিমানে প্রতিষ্ঠিত যিনি, সেই কৃষ্ণসেবাব্রত ভক্তই সাধু। কর্মী, জ্ঞানী, যোগী কেহই সাধু নহে। নিজাম কৃষ্ণভঙ্ই সাধু।

প্রঃ— ভক্তের দেহ কি ভগবনুন্দির?

উঃ— জীবের দেহ ভগবনুন্দির— চেতনময় মন্দির। ইট, কাঠ, পাথর দিয়া গড়া মন্দিরে দেশ্যা, লেখ্যা প্রভৃতি অর্চ্চা রাখা হয়। ভগবস্ততের চিনায়দেহমন্দিরে এ ভগবন্ নিত্য বিরাজমান। ভত্তের মহাপ্রসাদাদি গ্রহণ ভগবানের মন্দিররক্ষার্থই চেঙা

श्री - (क जागरज भने दर्गित्र भारतम ?

উঃ—শ্রীমন্তাগবতের সেনা বাঁর কার্য্য বা ভীবন, তিনি প্রতি পদবিক্ষেপে, প্রতি গ্রাসে, প্রত্যেক নিঃশ্বাস-প্রশ্বাসে হরিসেবা করিবেন। শ্রীমন্তাগবত সাক্ষাৎ ভগবছন্ত। ভাগবত ব্যবসার জিনিষ নন, পরন্ত সেবার বন্ত্র—উপাস্য বন্তু। এজন্য বেভনভোগী বা চু জিকারক কখনই ভাগবতব্যাখ্যা করিতে পারে না অভএব সব সময় লক্ষ্য রাখিতে হইবে—ভাগবতব্যাখ্যাভা ভার ২৪ ঘটাই নিজপটে ভাগবতসেবায় নিয়োগ করেন অথবা অন্য কার্যা করেন। A stipend-holder or a contractor can not explain Bhagabat. First of all refrain from approaching the professional priest. See whether he devotes his time fully to the Bhagabat or not.

পুরাণতীর্থ হ'লেই ভাগবত ব্যাখ্যা করা যায় না। 'ভজ্যা ভাগবতং গ্রাহ্যং ন বুদ্ধ্যা ন চ টাবায়া।' যিনি ভাগবত ব্যাখ্যা করিবেন, তাঁর নিজে ভাগবত হওয়া চাই অর্থের লোভ, প্রতিষ্ঠার লোভ বা কোনরূপ পশ্চাথ্যান থাক্লে তিনি লোকচিত্তরপ্রক ভাগবতপাঠক হইয়াও ভাগবত হইতে বহুদ্রে। তাঁর মুখে ভাগবত প্রনিয়া ভাগবতের বাস্তবসত্যের প্রতি লোকের চিত্ত আকৃষ্ট হইতে পারে না।

যে নিজে ভাগবত নয়— যার জীবন শ্রীমন্তাগবতের শিক্ষায় গঠিত নয়, তার মুখে শ্রীমন্তগহত তীর্ভিত হন না। সে ব্যক্তি নিজেই বঞ্চিত, তাই ভাগবতপাঠের অভিনয় করিয়া অপরকেও বঞ্চনা করে।

স্কুল-কলেজের শিক্ষক বা অধ্যাপকের সঙ্গে যে সম্বন্ধ, ভাগবত ব্যাখ্যাতার সঙ্গে সেরূপ সম্বন্ধ নহে। যে অধ্যাপক ছাত্রগণকে ভালভাবে পড়া বুঝাইয়া দিতে পারেন, তিনি উত্তম অধ্যাপক বলিয়া বিবেচিত হন। তাঁর জীবন বা চরিত্র যাহাই থাকুক না কেন, তাহাতে কিছুই আসে যায় না। ভাগবত-ব্যাখ্যাতার প্রতি সেরূপ দৃষ্টান্ত খাটিবে না। ভাগবতপাঠক আচারবান্ প্রচারক হইবেন। তাই শাস্ত্র বলেন—

আপনি আচরি' ধর্ম জীবেরে শিখায়।
আপনে না কৈলে ধর্ম্ম শিক্ষান না যায়।। (চৈঃ চঃ)
যাঁর চরিত্র-খারাপ, কামের চিন্তা যাঁর প্রবল, যাঁর প্রতিষ্ঠা ও অর্থ
আবশ্যক, তিনি কখনও শ্রীমন্তাগবত পড়েন না—শ্রীমন্তাগবত পড়িবার
ছলে তিনি ইন্দ্রিয়তর্পণ করেন মাত্র।

প্রঃ— কিরপ গুরু আশ্র করা উচিত ? উঃ— যে গুরুদেব সর্ফ্রকণ হরিভজন করেন, আমি সৌভাগ্যবান্ হইলে সেইরূপ গুরুদেবের চরণাশ্র করিব। আমরা তাদৃশ গুরুর আশ্র গ্রহণ করিব— যিনি শতকরা শতভাগই ভগবানের সেবায় নিযুক্ত আছেন,

নতুবা আমি ত' তাঁর আদর্শে শতকরা শতভাগ ধ্রিনেবায় রত হ'তে

পার্বো না।

অনাচারী বাক্যসার বক্তা (Platfrom speaker) অথবা পেশাদার পুরোহিত (Professional priest) গুরু হ'তে পারে না। দুর্ভাগ্যবশতঃ এরপ গুরু লাভ হ'লে হরিভজন হবে না— আমরা মঙ্গল লাভ কর্তে পার্বো না। গুরু নিদ্ধাম, জিতেন্দ্রিয়, শাস্ত্রজ্ঞ ও ভগবদনুভূতিবিশিষ্ট হবেন।

শাস্ত্র বলেন ( জাঃ ১১।৩।২১)—
তব্মাদ্ গুরুং প্রপদ্যেত জিজ্ঞাসুঃ শ্রেয়ঃ উত্তমম্।
শাব্দে পরে চ নিক্ষাতং ব্রহ্মণ্যুপশমাশ্রয়ম্॥

প্রঃ— প্রেয়ঃপদ্বী ও শ্রেয়ঃপদ্বীর বিচারে কি পার্থক্য ?
উঃ— শ্রেয়ঃকথা অনেক সময় প্রেয়ের ন্যায় হৎকর্ণরসায়ন না হইতেও
পারে। কিন্তু প্রেয়ঃকথা সকল সময়েই ইন্দ্রিয়ভৃপ্তিকর। শ্রোতা অনেক
সময় মনে করেন— আমি যা' ভালবাসি, বক্তার মুখ হ'তে তাহাই
বহির্গত হোক্, কিন্তু শ্রেয়ঃপদ্বী মনে করেন— আপাততঃ আমার
অরুচিকর হলেও নিরপেক্ষ সত্য কথাই আমি শ্রবণ কর্ব।

প্রেয়ঃপন্থী সমুখাদেষণে ব্যস্ত কিন্ত শ্রেয়ঃপন্থী কৃষ্ণসুখানু-সন্ধানে তৎপর। প্রেয়ঃপন্থিগণ শ্রীব্যাসদেবের অনুসরণ করেন না। কিন্তু শ্রেয়ঃপন্থিগণ মহাজনের পথ অবলঘন করেন। মহাজনো যেন গতঃ স পন্থাঃ— মহাজনের যেই মত সেই মত সার— ইহাই শ্রেয়ঃপন্থীর বিচার। শ্রেয়ঃপন্থিগণ শ্রৌতপন্থী— অবরোহবাদী, আর প্রেয়ঃপন্থী জনগণ অশ্রৌতপন্থী— আরোহবাদী।

প্রঃ—প্রকৃত পরোপকার কি ?

উঃ— অনস্তকোটী জীব বিষ্ণুবিমুখ হ'য়ে অনস্তকোটীভাবে বিষ্ণুবিদ্বেষ কর্বার জন্য এই কয়েদখানায়— এই মহামায়ার দুর্গে এসে পড়েছে। এদের মধ্য থেকে একটা লোককে যদি বাঁচাতে পার— একটা লোককে যদি কৃষ্ণের প্রতি উন্মুখ কর্তে পার, তবে অনস্তকোটী হাসপাতাল ও বিদ্যালয় স্থাপন করা অপেক্ষা তাহাতে অনস্তগুণে পরোপকারের কাজ হবে।

আমি ভারতবর্ষের অধিবাসী, কাজেই অনিত্য অভিমানে ভারতবর্ষের interest (স্বার্থ) দেখা আমার কর্ত্তব্য, আবার আমি যদি বিদেশে জন্মগ্রহণ করি, তখন ভারতবর্ষের বিরুদ্ধ হ'লেও বৈদেশিক interest দেখাই আমার কর্ত্তব্য হয়। শ্রীচৈতন্যদেব ও শ্রীচৈতন্যদেবের ভক্তগণের ঐরূপ দেশগত, কালগত, পাত্রগত অচৈতন্যপ্রসূত ক্ষুদ্র সাম্প্রদায়িকতা নাই: তারা দেশের যে উপকার করেন— তারা দেশভক্তির যে আদর্শ দেখান, তাতে একজনের (পরিণামে মন্দ-প্রসবকারী) সাময়িক উপকার, আর একজনের অপকার বা হিংসা হয় না। সেই উপকারের ফল— সেই

দেশ-সেবার ফল— সমগ্র দেশ, সমগ্র পাত্র ও সমগ্র কাল প্রাপ্ত হ'তে পারে। এটা গল্পের কথা নহে, ইহা সবচেয়ে বড় সত্য কথা।

Flatterer (তোষামোদকারী) প্রকৃত শিক্ষক নহে— গুরু নহে— প্রচারক নহে। যাঁরা Popular হ্বার জন্য— যাঁরা কার্য্য ফতে কর্বার জন্য জন্মত অর্থাৎ জগতের অনন্তকোটী রোগীকুলের রুচি বা প্রেয়ের মতে মত দিয়ে চল্ছেন, সে সকল লোক গুভানুধ্যায়ী নহেন— প্রকৃত গুভানুধ্যায়ীর বিরুদ্ধমতাবলম্বী। সে সকল লোকের কথা ভন্তে হবে না। তাতে নিজের ও অপরের অমঙ্গল হবে— সর্ব্বনাশ করা হবে।

প্রঃ— মন কি বিশ্বাসঘাতক ?

উঃ— নিশ্চয়ই। সে ফাঁক পেলেই আমার সর্ব্বনাশ কর্বে। এই পাজি
মন— এই বদ্মাইস্ মনের কাম-ক্রোধাদির দাস্য কর্বার খুব রুচি।
জগদ্বাসীকে কামক্রোধাদির দাস্যে— মায়ার দাস্যে নিযুক্ত কর্বার জন্য
পাজি মন উপদেষ্টার আসন গ্রহণ করে। বহির্দ্থ মন হরিগুরুবৈক্ষবের
প্রতি বিদ্বেষ কর্বার জন্য সতত ব্যস্ত। এজন্য আমরা বিশ্বাসঘাতক
মনের কথা না তনে সাধু-গুরু-শাস্তের কথাই তন্বো।

প্রঃ— সত্যকথা সকলে তনে না কেন ?
উঃ— সত্যকথা সকলেক নেয় না— এটা চিবজন সভা

উঃ— সত্যকথা বহুলোক নেয় না— এটা চিরন্তন সত্য, কারণ সত্যকথা প্রেয়ঃ নহে, তাহা শ্রেয়ঃ।

কতকগুলি লোক ধর্মবীর, কর্মবীর নাম নিয়ে ইয়ং বেঙ্গলের মাথা খেয়ে দিয়েছে, সেজন্য আমাদের শত শত গ্যালন রক্ত খরচ কর্তে হচ্ছে। তথাপি প্রকৃত সত্য খুব কম লোকই ধর্তে পারছে। সুসংস্কার না থাক্লে—কপাল খুব ভাল না হ'লে নিখুত সত্য কথা— কৃষ্ণকথা ওন্বার ইছো জাগে না।

শ্রেয়ঃ ও প্রেয়ঃ— এই দুটো জিনিষ মানুষকে আশ্রয় ক'রে আছে কিন্তু বুদ্ধিমান্ ব্যক্তিগণ— ভাগ্যবান্ সজ্জনগণ এই দুইটির তত্ত্ব অবগত

হ'মে শ্রেয়ঃ মৃক্তির কারণ আর প্রেয়ঃ বন্ধনের কারণ— এইরপ বিচার করেন। ফদয়বান্ ব্যক্তিগণই প্রেয়ঃ পরিত্যাগ করিয়া শ্রেয়ঃকে বরণ করেন। আর বিবেকহীন অল্পবৃদ্ধি ব্যক্তিগণ যোগ অর্থাৎ অলব্ধ বস্তুর লাভ এবং ক্ষেম অর্থাৎ লব্ধ বস্তুর সংরক্ষণ— এতদুভয়াত্মক প্রেয়ঃকে প্রার্থনা করেন। শাস্ত্র বলেন— শ্রেয়ঃকথা শুন্বার লোক বেশী পাওয়া যায় না, দ্-চারজন পাওয়া গেলেও তাহা শুনিয়া অনেকেই উহা উপলব্ধি করিতে পারে না। শ্রেয়োবিষয়ের ভত্তবিৎ নিপুণ বক্তা অতীব দুর্লভ। আবার যদিও ভগবৎ-কৃপায় এইরপ দুর্লভ উপদেষ্টা কদাচিৎ মিলে কিন্তু আচার্য্যের প্রকৃত অনুগত শ্রোতা আরও সুদুর্লভ।

যে নিরপেক্ষ নয়, সেরপ অনন্তকোটি বক্তা নরকে চলে যাবে; কিষ্ট নির্ত্তীক হ'য়ে যে নিরপেক্ষ সত্য বলা হচ্ছে, শত শত জন্ম পরেও— শত শত যুগ পরেও কেউ না কেউ এই নিগৃত সত্য বুঝ্তে পার্বে। কষ্টার্জিত শত শত গ্যালন রক্ত ব্যয়িত না হওয়া পর্য্যন্ত একটি লোককেও সত্যকথা বুঝান যাবে না।

প্রঃ—শ্রীচৈতন্যদেব কি কেবল বাঙালীর ঠাকুর ?

উঃ— শ্রীকৃষ্ণটেতন্যদেব সাক্ষাৎ জগবান্। তিনি জগদীশ্বর— পরমেশ্বর। নন্দনন্দন শ্রীকৃষ্ণটন্দ্রই শ্রীটেতন্যদেবরূপে জগন্মঙ্গলার্থ বিশ্বে অবতীর্ণ। সুতরাং তিনি যে সমগ্র জগদ্বানীর উপাস্য বা সেব্য, তাহা বলাই বাহল্য। এইজন্য বলি—শ্রীটেতন্যদেব কেবল বাঞ্জালীর ঠাকুর নন—তিনি মানুষের ঠাকুর— বিশ্ববন্ধাণ্ডবাসী সর্বেজীবের ঠাকুর নন— তিনি ব্রক্ষা-শিবাদি দেবতাগণেরও ঠাকুর। তিনি পরমপুরুষোত্তম, পরমেশ্বর বস্তু।

প্রঃ— পর্মার্থজগতে কাহাদের সাফদ্য হয় ?

উঃ— ভগবান্ ব্যতীত আর দ্বিতীয় রক্ত্র নাই। যাঁরা ভগবান্ ব্যতীত দ্বিতীয় বস্তু আছে বিচার করেন, তাঁদের বিচার খণ্ডিত ধর্মে সংশ্লিষ্ট। 'সদেব সৌমোদমগ্রমাসীৎ একমেবাদ্বিতীয়ম্' জিনিমটা দশটা পাঁচটা নন। Absolute Truth is only one without a second. যাঁরা মনে

করেন— Absolute Truth challengable, তাঁদের success হয় না। কিন্তু আমরা Personal Godhead এর উপাসক— আমরা Impersonalityর উপাসক নই। প্রপন্নশ্রিত আমাদের সাফল্য অনিবার্য। সবিশেষ বিষ্ণু-বন্তর উপ্লাসকগণ বিষয়বিত্রাহ ব্রজেন্দ্রনন্দনকে ধ'রে রাখ্তে পারেন 'সদ্যো হ্বদ্যবরুধ্যতে' শ্রীমন্তাগবতের এই শ্লোকই তাহার প্রমাণ। তাঁরাই realise কর্তে পারেন— তাঁরাই 'আপনি আচরি ধর্মা জীবেরে শিখায়।' আচার্য্যবান্ পুরুষো বেদ— এই উপনিষদ্-মন্ত্র তাঁরাই গান ক'রেছেন। বিষয়বিত্রহ শ্রীকৃষ্ণ এবং আশ্ররভিত্রহ আমার শ্রীগুরুপাদপদ্ম— এই দুই-এর আশ্ররে ও কৃপাশীর্ক্রাদে অসংখ্য বিপদের মন্তকের উপর দিয়ে আমরা চলে যেতে পার্বো — সাফল্য আমাদের নিশ্চয়ই হবে। শ্রীগুরুপাদপদ্মের আশ্রিত সেবকগণ কোন্টিন বিফলমনোরথ হবেন না।

অভক্তসম্প্রদায় নিশ্চয়ই কালপ্রভাবে পত্তিত হবে। ভগবদ্-ভক্ত কোনদিন অধঃপতিত হন না বা হবেন না। অভক্তগণ পতিত হবে— আর যেখানে কপটভক্তি, সেই ভঙ্দলও পতিত হবে— Mental speculationists (মনোধর্মিগণ) সব প'ড়ে যাবে।

थ8 - आयादमत कृष्धनर्भन इटळ् ना कन ?

উঃ— গুরুপাদপর্যদর্শন না হ'লে কৃষ্ণদর্শন বা কৃষ্ণসেবা হয় না। গুরুপ্র পুরুপ না হওয়ার জন্যই আমানের কৃষ্ণের দর্শন হচ্ছে না। শ্রবণ ঠিক হ'লে কীর্ত্তনও ঠিক হবে, কীর্ত্তন ঠিক ঠিক হ'লে সুষ্ঠ স্মরণ বা কৃষ্ণস্কৃতি হবে। গুরুপাদপর্য়ে সর্কান্ত অর্পণ কর্তে হবে। কারণ কৃষ্ণই আশ্রাবিগ্রহ হ'য়ে গুরুরুরে সৌভাগ্যবান্ জীবের নিকট উপত্তিত হন না। আগে গুরুপাদপ্র আশ্রম কর্তে হবে। প্রথমে নিজে লঘু হ'তে হবে। ইহার নাম আশ্রম। আশ্রম কর্তে হবে। প্রথমে নিজে লঘু হ'তে হবে। ইহার নাম আশ্রম। আশ্রম ত' কর্ব আমি। কিন্তু আমি আশ্রম না কর্লে আর কি হবে ? ভগবানের ইচ্ছাক্রমে সন্গুরু লভে ব্র। ভগবানের দয়া পেলেই সব হবে। তাঁর দয়া না হ'লে আমার পাত গ্রেমা দ্বানাও কিছু হবে না। তাঁর

দহাই মূল জিনিষ, যদি হৃদয়ের মধ্যে নিষ্কপট আর্ত্তি থাকে, যদি তাঁকেই সত্য সত্য চাই, তা হ'লে নিশ্চয়ই তাঁর দয়া লাভ হয়। ভাগ্যক্রমে সদ্গুরু লাভ হ'লে, শ্রীগুরুদের সর্কেন্দ্রিয়ে কিরুপে কৃষ্ণের সেরা কর্ছেন লক্ষ্য কর্তে হবে, তা' হলেই সুবিধা হবে। শ্রীগুরুদেরের উপদেশ শ্রবণ ক'রে তা' নিজ জীবনে যথাযথ পালন না কর্লে বিষয়ভোগ ছাড়া জীব আর কি কর্বে ? জাগতিক বিষয়ে বেশী আসক্ত হ'য়ে পড়লে শ্রবণ হবে না। শ্রবণ সুষ্ঠু না হ'লে মঙ্গলও হবে না।

প্রঃ— গুরুদর্শন হ'লে কি আর লঘুদর্শন থাকে ?
উঃ— কখনই না। গুরু বা শ্রেষ্ঠ অভিমান হ'লে আর গুরু-দর্শন হলো
না। তখন লঘু আমি গুরু সেজে বস্তে ইচ্ছা কর্বো। তৎফলে গুরুদর্শনের
পরিবর্তে যোষিৎদর্শন বা ভোগ্যদর্শন প্রবল হ'য়ে জীবের সর্ব্বনাশ হবে।

গ্রুদর্শন হ'লে সর্বাত্র গ্রুদর্শন হবে, তখন আর লঘুদর্শন থাক্বে না। যেমন চোখে নীল চশমা দিলে সবই নীলদর্শন হয় তদ্রুপ গ্রুদর্শন, দি গ্রদর্শন বা দিব্যজ্ঞান হ'লে সকলকেই পূজ্যবুদ্ধি, গ্রুকুদ্ধি বা গ্রুজ্ঞান হবে। জগৎ জগদীশ্বরের সেবার উপকরণ বা জগদীশ্বরের সেবক, সূতরাং আমার নিকট গ্রুক্ বা পূজ্য। গ্রুদর্শন প্রবল হ'লে কৃষ্ণদর্শন সহজেই হবে।

পিতৃতোগ্যা জননী যেমন আমার সেব্য, তদ্রপ জণ্ণপিতা জগদীশ্বরের ভোগ্য বা সেবক জগৎ আমার পূজ্য, সেব্য অর্থাৎ ওরু।

যদি কেহ বাস্তবিকই গুরুপাদপদ্ম আশ্রুয় করেন, আর যদি প্রীতির সহিত গুরুসেনা করেন, তা' হ'লে নিশ্চয়ই কৃষ্ণসেবা লাভ হবে— কৃষ্ণবিষয়ে দিব্যজ্ঞান— দীক্ষা লাভ হবে।

যে কার্য্য কর্লে বিষয়ী ও যোষিৎকে আর দেখ্তে হয় না, সেই কার্য্য কর্তে হবে। তখন কৃষ্ণযোষিৎকে পরমপূজ্যা গুরুজ্ঞান কর্তে পারা যাবে। তখন 'আমি যোষিতের ভোক্তা' এই দর্শন নিরন্ত হওয়ায় ভগবানে সেবাবৃত্তি উদিত হবে। তখনই কৃষ্ণের সম্যক্ দর্শন হবে, আমি যোষিৎপতি— এরূপ বিচার আর থাক্বে না। গুরুপাদপদ্ম—দর্শনের পরেও যদি আবার যোষিৎদর্শন হয়, তা' হ'লে পতন হয়ে গেল। তখন গুরু সাজ্বার দুর্বৃদ্ধি হবে, জীবের সর্ব্ধনাশ হয়ে যাবে। এইজন্যই বলি—
যাঁরা মঙ্গল চান, তাঁরা দৃঢ়ভাবে শ্রীগুরুপাদপদ্মকে ধর্বেন এবং প্রাণপণে গুরুসেবা কর্বেন, তা' হ'লে মঙ্গল হবে। গুরুনিষ্ঠ ভক্তের কোনদিন পতন হয় না। গুরুনিষ্ঠ ভক্তগণ কৃষ্ণপাদপদ্মে পৌছিবেনই।

প্রঃ— গৃহন্থের কর্ত্তব্য কি ?

উঃ— গৃহস্থ-ভক্তগণ ভগবৎসুখার্থ সাধুগুরুর সঙ্গ ও সেবা আদর ও প্রীতির সহিত করিবেন। তাহা হইলেই পারমার্থিক গৃহস্থ হইবার যোগ্যতা শাভ হইবে। গৃহস্থগণ যদি ভক্তভাগবত ও গ্রন্থভাগবত — এই দুই ভাগবতের সেবা, সঙ্গ ও আলোচনা না করেন, তাহা হইলে তাঁহাদের মঞ্চল হইতে পারে না। আমি সর্ব্বতোভাবে কৃষ্ণসেবা করিব— এই সঙ্কল্প করিয়। গৃহে থাকাই শ্রেয়ঃ, নতুবা হরিসেবাহীন গৃহ নরকের দারস্বরূপ। হরিভজনের অনুকৃল সংসার হইলে সেইরূপ গৃহস্থাশ্রমই গ্রহণীয় ও প্রশংসনীয়, আর যদি প্রতিকৃত্য সংসাদ হয়, তাহা হইলে গৃহান্ধকৃপ পরিত্যাল্য। সেবাপরায়ণ পারমার্থিকের গৃহবাস ও মঠবাসে কোন ভেদ নাই। কিঙ গৃহাসত বা গৃহরতের গৃহবাস ও কৃষ্ণভক্তের গৃহবাস— এই দুই গৃহবাসকে যেন এক করিয়া ফেলা না হয়। যাঁহারা গুরুকৃষ্ণকে জীবন করিয়াছেন, সেই ওদ্ধতভগণের সঙ্গ ও সেবা-ফলেই গৃহাসক্তি বা গৃহত্রতধর্ম এট হইতে পারে না . নিদ্ধপটে গুরুসেবা করা ব্যতীত গৃহাসক্তির হাত হইতে নিদ্ভতি পারার কোন উপায় নাই। ওর্জানুগত্যে কৃষ্ণসেবা করিবার জনাই গৃহে থাকিতে হইবে। অত্যাহার, প্রয়াস, প্রজন্প, নিয়মগ্রহ, জনসঙ্গ, লৌল্য— ইহা হ'তে পারমার্থিক গৃহস্থ সর্ব্বদা দূরে থাকিবেন। গৃহস্থের ভজনে উৎসাহ, দৃঢ়তা, নিশ্চয়তা, ধৈর্য্য, হরিকথাশ্রবণকীর্ত্তনে রুচি বা যত্ন, ধ্বকুষ্ণাসেলয় নিষ্ঠা অবশ্যই থাকিবে।

জারৈধ জ্রীসঙ্গ নিজ ব্রীতে অভ্যাসজি বা **দ্রেণভাব ও দুঃসঙ্গ** ত্যাগ করা এবং ব কোর বেগ, ত্রেটেধর বেগ, জিহ্বার বেগ, উদরের বেগ, উপস্থের বেগ ধারণ করা পার্মার্থিক গৃহস্থের কর্তব্য।

গৃহস্থভক্ত পাপকার্য্য ভ' করিবেনই না, এমন কি ভক্তিবাধক পুণ্যকার্য্য হইতেও সাবধান থাফিবেন। কারণ পাপকার্য্য করিলে ত' হরিভজন হইবেই না, পুণ্যসংঘাছেছে খালিসভ হরিভজন ইইবে না। গৃহস্থভক্তগণ কেবল নামভজনের অভিনয় দেখাইয়া যেন হরি-গুরু-বৈষ্ণবস্বেম্বায় উদাসীন না হন। কারণ ইয়া গৃহত্যের পক্ষে শঠভা ছাড়া আর কিছুই নয়। তৎফলে তাঁহারা ক্রেন্ত্র গুনেই আসক্ত ইইয়া পড়িবেন। গুরুক্ষসেবা না করিলে জীবের ভগবানে হাটে ইইতেই পারে না।

যাঁহারা সমস্ত পরিত্যাগ করিয়া সর্বতোভাবে অনুক্ষণ কৃষ্ণভজন করিতেছেন, তাঁহাদিগকে ভগর্থসেবায় সাহায্য করিবার জন্য গৃহস্থভজ্গণ অনুক্ষণ চেষ্টা করিবেন।

প্রঃ—মঠ করিরা থাকাই কি আমানের কর্মে ?
উঃ—নিজে মঠ করিয়া আমানে পাকিবার জনা ব্যস্ত না হইয়া জীবন্ত মঠ
করিতে যতুগর হওয়াই লুভিডিড ।কেন একটি শ্রদ্ধালু ব্যক্তিকে যদি
শ্রীগুরুপাদপ্রে আনুটা করিছে পার, ভরেই জীবস্ত মঠ করা হইবে।
গুরুর মাহান্ত্যা ও গুরুলেবার ক্যান্তিলা ভীরগুণ্ডে গুরুপাদপ্রে আকৃষ্ট
করাই স্বচেয়ে মজ্যুক্তর কর্ম একা গালন রক্ত ব্যয় করিলে
গুরুক্ষ্ণ অবশাই প্রশান্ত্য ব্যাবিক, সূত্রাং এরপ জগনাসলকরকার্য্যে
কায়মনোবাক্যে ব্রতী হওয়াই ব্রাভিড্যা ও জীবনের সার্থকতা।

হরিকীর্ভনমুখনিত জালে তেলামায় মঠ সাক্ষাৎ বৈকৃষ্ঠ। এজন্য মঠবাসই ধামবাদ। মতে ইতিবাল আলোচনা প্রবল্ধ থাকিবে। খাওয়া-থাকার জন্য মঠ করিয়া লাভ নাই। হরিকগ্রপ্রচারার্থই মঠ করা প্রয়োজন। তাহাতে নিজের ও অপরের মঙ্গল ইইবে গুরুনিষ্ঠ ভক্তই জীবস্ত সাধু বা Living source. এরপ জীবস্ত সাধুর নিকটেই হরিকথা গুনিতে হইবে। তাহা হইলে আমরাও গুরুদেবতাত্মা হইতে পারিব।

গুরুনিষ্ঠাহীন বা গুরুসেবাবঞ্চিত ব্যক্তি জীবন্যুত। এরপ অবৈষ্ণবের সঙ্গ করা উচিত নয়। তাহাতে অমঙ্গলই হয়।

প্রঃ— ওরুকৃপাই কি ভগবানের কৃপালাভের উপায় ?

উঃ— শ্রীগুরুনিত্যানন্দের কৃপাতেই আমরা কৃষ্ণনাম, কৃষ্ণমন্ত্র ও নিত্যমঙ্গলের উপদেশ লাভ করিয়া থাকি। শ্রীগুরুনিত্যানন্দের কৃপা ব্যতীত শ্রীগৌরচন্দ্র ও শ্রীরাধাগোবিলের কৃপা লাভ হয় না, তাহা আমাদের পূর্বাগুরু শ্রীল নরোত্তম ঠাকুর মহালয় বলিয়াছেন। শ্রীগুরুদেবের কৃপাবলেই জীবের সংসার ক্ষয় এবং প্রেমসম্পত্তি লাভ হইয়া থাকে।

ভজনশিক্ষাদাতা নিত্যানদাতির শ্রীগুরুপাদপথ শ্রীনৌরাঙ্গের অন্ত রঙ্গ নিজজন। সেই গুরুনিত্যানন্দের সেবা আদর ও গ্রীতির সহিত করিলে সর্ব্বার্থসিদ্ধি হইয়া থাকে।

যাহাদের হলর জড়াসজিতে কঠিন ইইনা গিয়াছে, তাহারা অঘদমন শ্রীকৃষ্ণের নাম ওদ্ধভাবে উচ্চারণ করিতে পারে না। কিন্তু আমরা যদি সত্য সত্যই শ্রীগুরুমুখে হরিনাম শ্রবণ করি, তাহা হইলে শ্রীনামপ্রভূ আমাকে নিশ্চয়ই পাগল করিবেন। শ্রীগুরুদেব আমার দৈন্য ও আর্ত্তি দেখিয়া আমাকে অকপটে কৃপা করিলেই শ্রীহরিকীর্ত্তন মুখ দিয়া প্রবল বেগে বহির্গত হইবেন।

প্রঃ প্রভা, আপনি কি গুণিচায় যাবেন ?

উঃ— গুণ্ডিচা হলো মনুষ্যের হ্রদয়। চিন্তদর্পণ মার্জিত হ'লে তাহা ভগবানের বসতিস্থল হয়। আপনাদের বিচারের গুণ্ডিচায় আমার যাবার ইচ্ছা নাই। কারণ হৃদয়মন্দির মার্জন কর্তে পার্লাম না। আমার পুরুষ-অভিমান, প্রভুত্ব-অভিমান প্রবল হ'য়ে পড়ুছে, আমি হতাশ হয়ে পড়েছি, আমার আশাবদ্ধ কম হয়ে যাচ্ছে। আমি Insincere লোকদের সঙ্গ কর্তে ভালোবাসি, তাই তাদের সঙ্গেই আমার দেখা হয়; I have no intention to come in contact with Sri Rupa and Sri Sanatan. আমি আমার বিপদ্কেই আদরের সহিত আহ্বান করি । অবশ্য দেহথাকাকাল পর্য্যন্ত We are in the ocean of discomfort — আমরা অস্বাচ্ছেল্যের সাগরে ভাসমান : এজন্য আমরা অনেক সময় মনে করি— Let us be metamorphosed into Charvakism. Discomfort গুলি— অসুবিধাগুলি যে কৃষ্ণকৃপা, তা' আমরা বুঝি না। এই বিচার অবলম্বন ক'রেই আমাদের বাড়ী যাবার ইচ্ছা হয় । শ্রীকৃষ্ণপাদপদ্মই আমাদের নিত্য গৃহ। কৃষ্ণপাদপদ্মেই eternal health of the soul অবস্থিত।

প্রঃ— আমাদের মঙ্গল কি করে হবে ?

উঃ— বিষয়পিপাসা বা পাপপ্রবৃত্তিকে আদরের সহিত গ্রহণ কর্তে হবে না। পাপাচরণ দূরের কথা, নৈতিক পুণ্যময় আচরণকেও গর্হণ কর্তে কর্তে শরণাগত হ'য়ে হরিভজন কর্লে মঙ্গল করতলগত হবে। জগাই ও মাধাই শ্রীমন্মহাপ্রভুর পাদপদ্ম আশ্রুয় করার পর আর কোন পাপ করেন নাই।

হরিভজনই পরম প্রয়োজন— এরপ বিচারকারী ব্যক্তি অন্য ব্যক্তির দুর্গতি বুঝ্তে পারেন। হরিভজন কর্লে নিত্যজীবন লাভ হয়। যারা হরিভজন করেন, তারা মরেন না . ভক্তের কাম- ক্রোধাদি রিপু থাকে না : বহির্ম্মুখ জনগণ রূপ-রস-গন্ধ-শন্দ-স্পর্শাদির জন্য ব্যস্ত হ'য়ে পড়ে। হরিভজনে প্রবৃত্তি থাক্লে ইন্দ্রিয়কে জোর ক'রে দমন করার চেষ্টার দরকার নেই; যেহেতেু অকপটে হরিভজন আরম্ভ হ'লে ভগবৎকৃপায় ইন্দ্রিয়ের বিষদাত সহজেই ভেঙ্গে যায়। মায়াবন্ধ অতিবৃদ্ধেরও বিষয়ে মোহ আছে। কিছ হরিভজনকারীর নিকট বিশ্বং পূর্ণসুখায়তে— তিনি জগৎকে দুঃখপূর্ণ দেখেন না এবং তাঁহার নিকট বিধিমহেন্দ্রাদিশ্য কীটায়তে অর্থাৎ হরি

ভক্তের ইন্দ্র হওয়া দূরে থাকুক, চতুর্মুখ ব্রহ্মা হ'বারও ইচ্ছা হয় না। এ জগতে কীট হ'তে কেউ চায় না। কিন্তু হরিভজন হ'লে কীট হয়ে থাকাও ভাল। তাই শ্রীচৈতন্যদেবের ভক্তের কৃপা হ'লে দেবতারও মঙ্গল হয়।

স্থরপসিদ্ধিই আবশ্যক্। নতুবা মৃত্যুর পূর্ব্বে জাগতিক চিন্তা কর্তে কর্তে সংসারই লাভ হবে। ভগবস্তক্তের সঙ্গে দেখা না হ'লে আমরা সংকীর্ণ সম্প্রদায় বা দল ক'রে বসি।

. Individually adjustment with the Absolute Person must be sought after.

প্রঃ কর্মাকাও ও জ্ঞানকাও কি ?

উঃ— কৃতকার্য্যের ফল আমি পাইব— ইহাই কর্ম্মকাণ্ড। আর কর্ম্মের ফল আমিও পাইব না, ঈশ্বরও পাইবেন না— ইহাই জ্ঞানকাণ্ড।

প্রঃ—ভাগ্য কি ?

উঃ— অনন্তকাল ব্রক্ষাণ্ডে ভ্রমণ করিতে করিতে কোন জীবের সংসার ক্ষয়োনাখ হইলে সাধুসঙ্গফলে সেই জীবের ভক্তির প্রতি যে সম্প্রমাত্র রুচি তাহাই ভাগ্য।

প্রঃ—কর্মী, জ্ঞানী ও ভক্তের বিচার কিরূপ?

উঃ— কর্মী হলো ভোগী, জ্ঞানী হলো ত্যাগী বা প্রচ্ছন্ন ডোগী, আর ভক্ত হলো ভগবৎসেবক।

ভদজ্ঞানীর চিন্তাস্রোত— আমি ব্রন্মের সহিত একীভূত হইয়া যাইব, ভোগের সামগ্রী জগৎকে দিয়া যাইব।

ভগবন্তুক্ত, ভগবন্তুক্তি ও ভগবান্কে আক্রমণই নির্বিশেষবাদী জ্ঞানীর চেষ্টা। ঐরূপ নির্বিশেষবাদীর চিস্তা— কাশীতে বসিয়া দাবাই খেলি আর যাই করি, মরিলেই শিব হইব।

কুকর্মীর চিত্তা— অপরকে কষ্ট দিয়া আমরাই সব ভোগ করিব।

সংকর্মীর চিন্তা— পুণ্যসংগ্রহের জন্য আমরা দান, ধ্যান, পুণ্যাদি ও সাধুর সেবা করিব এবং নিজের বংশধর ও কুটুদ্বাদির জন্য অর্থ সঞ্চয় করিয়া রাখিয়া যাইব। কিন্তু ভগবস্তুক্তের বিচার — যাঁহারা হরিডজন করিতেছেন এবং ভবিষ্যতেও হরিওক্লবৈষ্ণবের সেবা করিবেন, তাঁহাদের জন্যই অর্থাদি সঞ্চয় করিব। হরিভজনে বা হরিসেবায় সকল অর্থ ব্যয়িত হইক, ইহাই শুদ্ধভক্তের বিচার বা চিন্তান্ত্রোত।

প্রঃ--- সর্বশ্রেষ্ঠ উপকার কি ?

উঃ—কৃষ্ণে মতি হউক— এইরূপ শুভাকাঞ্চা বা আশীর্ব্বাদই জগতের পরমমঙ্গলজনক। জীবকে কৃষ্ণে মতিনিশিষ্ট করিতে পারিলে উহাই সর্ব্বপেক্ষা বড় উপকার। মকলকে কৃষ্ণভক্তি দান করাই সক্বশ্রেষ্ঠ দান বা সর্ব্বাপেক্ষা বড় altruism. ভালেগ্রের ডিত্ত সর্ব্বদাই এইরূপ পরোপকারের জন্যই ব্যস্ত।

ভগবান্কে জানাই সর্বশ্রেষ্ঠ জ্ঞান। শাস্ত্র বলেন— বিদ্যা ভাগবতাবধি।

প্রস্থ করে— কোন্ বিদ্যা বিদ্যামধ্যে সার ? রায় করে— কৃষ্ণভক্তি বিনা বিদ্যা নাহি আর 1 (চৈঃ চঃ)

বর্ত্তমানে যে Godiess edu জোতা (নিরীশ্ব শিক্ষা) প্রচারিত ও প্রসারিত হইয়াছে, তদ্বারা জগণ্ক নিব কোন দ্বিধা হইতেছে না অসুবিধাই হইয়াছে, হইতেছে ও ইটাক।

শ্রীচৈতন্যদেবের দয়া বিভরণের করাই মনুষ্যজাতির সর্বশ্রেষ্ঠ উপকার হইবে।

প্রস্করবৈশিষ্ট্য কাহাকে বলে ?

উঃ—শ্রীকৃষ্ণচন্দ্রের নিত্যসিদ্ধ অভাঙ্গ-পার্যন্তজক্দকেই পরিকরবৈশিষ্ট্য, বিশিষ্ট পরিকর বা মুখ্য পরিকর বলে। যাঁহারা সর্ব্যতোভাবে প্রভুর মনোহঙীষ্ট প্রণ করেন, তাঁহারাই মুখ্য পরিকর। আর যাঁহারা জড় জগতে থাকিয়াও গৌরসুন্দরের পাদপদ্মে আশ্রয়গ্রহণ করিয়া সাধন করিতে করিতে কৃষ্ণভজনে অগ্রসর হইতে থাকেন, তাঁহারাই গৌণ পরিকর। তাঁহারাও স্বরূপসিদ্ধির পর বস্তুসিদ্ধিতে সাক্ষাৎ পরিকর বা মুখ্য পরিকরভুক্ত হইবেন।

প্রঃ— ভগবান্ শ্রীগুরুগোবিন্দ কি নিগ্রহও করেন ?

উঃ— অধ্যেক্ষজ বস্তু শ্রীগুরুগোবিন্দ আমাদের নিত্য প্রভু । প্রভুশন্দে যিনি নিগ্রহ ও অনুগ্রহ করিতে সমর্থ। কর্ত্ব্মকর্ত্মন্যথা কর্ত্ত্ং সমর্থঃ ঈশ্বরঃ। প্রভু কেবল অনুগ্রহই কর্বেন, নিগ্রহ কর্বেন না, তা' নয়। তিনি নিগ্রহও কর্তে পারেন। যারা ভগবদ্বিমুখ, যারা দান্তিক, তা'দের নিগ্রহ ক'রে সংশোধন করার জন্যই ভগবানের অবতার। নিগ্রহ ও অনুগ্রহ উভয়ই দয়াময়গণের দয়া। তবে একটি গৌণ দয়া, অপরটী মুখ্য দয়া।

বন্ধ, বিমুখ, ধৃষ্ট জীবগণ ডগবানের নিগ্রহযোগ্য, আর কৃষ্ণোন্যুখ ডক্তগণই শ্রীগুরুগোবিন্দের অনুগ্রহের পাত্র। সরলচিত্ত দীন সাধক ডক্তগণ দুর্ব্বলচিত্ত হইলেও ইষ্টদেবের অনুগ্রহের পাত্র কিন্তু কুটিলচিত্ত অহঙ্কারী ব্যক্তিগণ কপটী বলিয়া নিগ্রহযোগ্য।

এই জড়জগতে নিত্যত্বের ও নিত্য আনন্দের অভাব আছে। এখানে কেবল অমঙ্গল ও নিরানন্দের কথা। এখানে এখন আকাশ নির্মাল, পরক্ষণেই মেঘাছেন্ন, তারপর ঝটিকা, দুর্যোগ ইত্যাদি। কিন্তু বৈকুষ্ঠে এইপ্রকার নিগ্রহের কিছু কার্য্য নাই। তথায় কেবল নিত্য ও পূর্ণ আনন্দ বিরাজমান।

প্রঃ — আমরা সংসারে থেকে কিরূপে নিষ্কৃতি পাব ?

উঃ— বর্ত্তমান সময়ে আমরা বিপন্ন ও পতিত। বদ্ধাবস্থায় আমরা ২৪ ঘণ্টা কেবল অভাব দূর কর্বার ও ইন্দ্রিয়তৃপ্তির চেষ্টা কর্ছি। জড় ইন্দ্রিয়ের ঘারা আমাদের সুখলাভের যে চেষ্টা, তাঁহার পরিণতি— মৃত্যুই। এই সংসাররূপ মৃত্যুর হাত হ'তে উদ্ধার পেয়ে হরিভজন কর্তে হ'লে শ্রীগুরুপাদপদ্ম আশ্রম করা সকলেরই কর্তব্য। গুরুপদাশ্রম ক'রে দীক্ষাদি

গ্রহণকার্য্য ভগবন্ধক্তিরাজ্যে প্রবেশের দ্বার। আমরা মহাজনের অনুসরণ ক'রে ভক্তিরাজ্যে অগ্রসর হ'ব। বলি রাজা যেমন সর্কাশ্ব সমর্পণ ক'রে ভগবানের সেবা করেছিলেন, তার অনুসরণ ক'রে আমরাও শ্রীওরুগৌরাঙ্গপাদপদ্মে সর্কাশ্ব সমর্পণ পূর্কাক নিত্যকাল শরণাগত থাক্ব। শরণাগত হ'য়ে আদর ও প্রীতির সহিত গুরুসেবা ও নামসেবা কর্লেই আমরা অনায়াসে সংসার থেকে নিষ্কৃতি পাব।

## তাই মহাপ্রভু ব'লেছেন—

তাতে কৃষ্ণ ভজে, করে গুরুর সেবন।
মায়াজাল ছুটে, পায় কৃষ্ণের চরণ॥
প্রভু কহে— বৈষ্ণবসেবা, নামসংকীর্ত্তন।
দুই কর, শীঘ্র পাবে শ্রীকৃষ্ণচরণ॥
সাধু-শাস্ত্রকৃপায় যদি কৃষ্ণোনাুখ হয়।
সেই জীব নিস্তরে, মায়া তাহারে ছাড়য়॥ (চৈঃ চঃ)

প্রঃ— কোন্ বিষয়ে চেষ্টা করিতে হইবে ?
উঃ— আমরা বলি— সব সময়ই হরিকথা তন। সাধুসঙ্গে থাকিয়া বিষয়োনুখ
চিত্তকে কৃষ্ণোনুখ কর। তবেই মঙ্গল হইবে।

কর্মে যাহা আছে, তাহা আপনিই ইইবে। তজ্জন্য নৃতন করিয়া চেষ্টা করার আবশ্যক নাই। যদি নৃতন করিয়া চেষ্টা করিতে হয়, তবে হরিডজনের জন্মই করিব।

দে ব্যক্তি আমাকে বিষয়সুখে প্ররোচনা দেয়, বিষয়ী আমি সেই
শক্রকেই বন্ধু মনে করি। কিন্তু যিনি বিষয়সুখ নিষেধ করেন, যিনি
আমাকে সংসার করিতে বা সংসারে আসক্ত হইতে নিষেধ করেন, সেই
নিঃস্বার্থ বন্ধু সংধ্রক্তর কথা আমি শুনি না। প্রকৃত বন্ধুকেই আমাদের
শক্তজ্ঞান হয়। এমনি আমাদের পোড়া কপাল।

প্রঃ— আপনারা মঠে লীলাকীর্ত্তন করান না কেন ?

উঃ— শ্রীকৃষ্ণলীলাশ্রবণকীর্ত্তনে আমরা আপত্তি করি না।
শ্রীহরির লীলাই একমাত্র শ্রবণ-কীর্ত্তন করিতে হইবে, তাহা হইলেই
বন্ধজীবের কর্মবীরত্বের কাহিনী বা গ্রাম্যকথাশ্রবণকীর্ত্তনের প্রতি যে
বাডাবিক ক্লচি বা আগ্রহ, তাহা বিদ্রিত হইতে পারে। এতদ্বাতীত অন্য কোন উপায় নাই।

লীলাকীর্ত্তন ও শৃঙ্গাররসের কীর্ত্তনের মধ্যে বৈশিষ্ট্য আছে। অনর্থযুক্ত জীব গৌরলীলাকীর্ত্তন বা কৃষ্ণের বাল্যলীলাদির কীর্ত্তন শ্রবণ করিতে পারেন। কিন্দু তাহা না করিয়া শ্রীরাধাকৃষ্ণের গৃঢ় লীলার কথা শ্রবণকীর্ত্তনের চেষ্টা করিলে মঙ্গলের পরিবর্ত্তে অমঙ্গলেরই উদয় হইবে।

কীর্ত্তন একমাত্র শ্রীগুরুদেবের নিকট হইতেই গুনিতে হইবে।
প্রকৃত ডক্তের বিচার—আমি একমাত্র শ্রীগুরুদদেবের শ্রীপুর্যবিগলিত হরিকথা
এবং শ্রীগুকমুখবিগলিত শ্রীমন্তাগবতকথাই শ্রবণ বা আলোচনা করিব।
আমি গুরুর মুখে বা গুরুদির্গ গুন্ধভক্তের মুখেই গৌরবিহিত কীর্ত্তন বা
কৃষ্ণ-নাম-রূপ-গুণ-লীলাকীর্ত্তন শ্রবণ করিব। এগুন্ধাতীত ভান্য কোন
লোকের নিকট শ্রবণ করিব না।

নিজাপেকা শ্রেষ্ঠ ব্যক্তির নিকট হইতেই কীর্ত্তন শ্রবণ কারতে হইবে। অন্য লোকের নিকট কীর্ত্তন শুনিশে কখনই মঙ্গল হইবে না

শ্রীরাধাগোবিন্দের গৃঢ় লীলা শ্রবণ ও কীর্ত্তন উভয়ই প্রধান উপাসনা ও নিত্য ভজন। এই ভজনলীলা সর্ব্বসাধারণের নিকট গান করা অনুচিত ও অপরাধ।

আপন ভজনকথা না কহিবে যথা তথা— এই আচার্য্যবাক্য মঙ্গলাকাঞ্জীমাত্রেরই পালন করা কর্ত্ব্য। পাঁচমিশালী লোক যেখানে উপস্থিত, সেখানে নাম ও প্রার্থনা এবং দাস্যরসের গান হওয়া উচিত। যেখানে কেবল রসিক-ভজমাত্র উপস্থিত, সেখানে (অধিকার থাকিলে) রসগান শ্রবণ করুন এবং রসগানশ্রবণসময়ে নিজ নিজ স্বরূপোচিত ভঙ্গাভাব অনুভর করুন। নতুবা হিতে বিপরীত ফল হইবে। ইহাতে

গান পদ্ধতি উঠিয়া যায় যাউক, তাহাতেও লোকের মঙ্গল হইবে। অর্থলোভ ও ইন্দ্রিয়সুখের আশায় যেখানে সেখানে রসগানের প্রথা থাকিতে দেওয়া নিতান্ত কলির কার্য্য।

প্রঃ — জড় জগতের সহিত পরজগতের পার্থক্য কি ?

উঃ— এই জগৎ সেই অপ্রাকৃত নিত্য জগতেরই হেয় ও অসম্পূর্ণ প্রতিবিদ্ব। এজগতের বিচিত্রতায় জনিত্য, খণ্ড ও হেয় ধর্মা আছে; কেননা এজগতের বিচিত্রতা সেই নিত্য জগতের বিদ্ববিচিত্রতার প্রতিচ্ছবি। সেখানে অপ্রাকৃত পাত্র, অপ্রাকৃত স্থান ও অপ্রাকৃত বা অখণ্ডকালের নিত্য বাস্তব অধিষ্ঠান আছে। সেখানে বিষয়বদ্ভর অদ্বিতীয়ন্ত, কিন্তু আশ্রয়ের বহুত্ব আছে বলিয়া ঐক্যতানের অভাব নাই। বিষয়ের বহুত্ব বীকারেই দোধ; বিষয়ের শক্তির বিচিত্রতা স্থীকারে কোন দোষের আরোপ হইতে পারে না।

প্র% -- কর্মাফল কি ডগবৎকৃপা ?

উঃ— বৃদ্ধিমান্ জনগণ নিজ কর্মফলকে ভগবানের অনুকম্পা জানিয়া তাহা ভোগ করিতে করিতে কায়মনোবাক্যে ভগবানে আত্যসমর্পণ পূর্ব্বক জীবন ধারণ করেন। যত বড় বিপদ্ই হউক না কেন, তাহাকে তাহারা নিজের কর্মাবিপাক জানিয়ই গ্রহণ করেন, ডজ্জন্য ভগবান্কে দোয়ারোপ করেন না, বরং অনুকম্পা বলিয়া মন্তকে বরণপূর্ব্বক ভগবানে অধিকতর প্রীতিবিশিষ্ট হন। ইহাই ভাগবতীয় শিক্ষা।

প্রঃ— অপ্রাকৃততত্ত্বের উপলব্ধি কি ক'রে হবে ?

উঃ— অপ্রাকৃতবিষয় কোনক্রমেই প্রাকৃত জ্ঞান-বুদ্ধিবিচারের নিকট আত্মসমর্পণ করেন না। অপ্রাকৃত বিষয়ের নিকট যাঁহারা সর্ব্বতোভাবে আত্মসমর্পণ করিয়া অপ্রাকৃততত্ত্বে প্রবিষ্ট হইয়াছেন, একমাত্র তাঁহাদের নিকট আত্মসমর্পণ করিলেই অপ্রাকৃততত্ত্বের প্রকৃত স্বরূপ উপলব্ধি হইবে। এইজন্য শ্রুতি বলিয়াছেন— তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্।

গীতাও বঙ্গেন— তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া। উপদেক্ষ্যম্ভি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ ॥

অপ্রাকৃত-তত্ত্ব, অধ্যেক্ষজ-বস্ত বা বাস্তবসত্য — সর্বব্র । সর্বাজ্ঞ স্বরাট্ বস্তুকে সকল সুধীব্যক্তিই সেবা করিবার জন্য স্বভাবতঃ উন্মুখ হন। যাঁহারা তাঁহাতে বিমুখতা প্রদর্শন করেন, তাঁহারাই এই কারাগারস্বরূপ জগতে নিক্ষিপ্ত হইয়া দুঃখ পান।

করুণাময় বাস্তবসত্য পতিত ব্যক্তিগণকে উদ্ধারের জন্য তাহাদের বিকৃত চিন্তাধারা পরিবর্তিত করার জন্য তাঁহার মহামুক্ত প্রতিনিধিকর্ণকে এই জগতে পাঠাইয়া দেন।

প্রঃ— আমরা কাহার অনুগত হইব ?

উঃ— কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণের বিমুকারী কোন ব্যক্তিরই কৃষ্ণরাজ্যে প্রবেশাধিকার নাই। আগরা সে-সকল লোকের আর্গান্ত্য করিব না। আমরা আমনের উপর প্রভুত্ব কর্তে দিব না। একমাত্র বিষ্ণু ও ভাঁহার ভৃত্যবর্গ বৈশ্ববর্গাই আমাদের উপর তাঁহাদের সর্ক্ষরিধ আধিপভ্য বিন্ধার করিবেন। বিষ্ণু ও বৈষ্ণব ব্যতীত অপরকে যদি আমরা উদারতার নাম করিয়া আমাদের উপর টেক্কা দিতে দিই, কিংবা গুরু ও কৃষ্ণের সহিত অপবের সমন্থ্য করি, তবে নিশ্চয়ই মায়া আমাদের উপর প্রভুত্ব নিস্তার করিয়া ফেলিয়াছে জানিতে হইবে। আমরা তথাকথিত নির্কেদ-মুক্তিকে পদাঘাতে দূর করিব। সাযুজ্যমুক্তি অপরাধের পরাকাষ্ঠা। মায়াবাদী— অপরাধী, মায়াবাদী কৃষ্ণনাম উচ্চারণ করিতে পারে না। তাহার উচ্চারিত কৃষ্ণনামান্ধবের অভিনয় কৃষ্ণ-অকে বন্ধ্র বিদ্ধ করে। আমরা কৃত্বক্রেই আমাদের গন্ত ব্যবিচার করিব না। তর্কের দ্বারা আমাদের বাক্যের উপসংহার করিব

না। তর্কের দ্বারা কখনও তর্কাতীত বস্তুর উপলব্ধি হয় না। এজন্য শ্রীহ্রির কথা জানিতে হইলে তর্ক ছাড়িয়া ভগবদ্ধক্তের অনুগত হওয়া প্রয়োজন। আমরা সর্কানা সর্কাবস্থায় সর্কোন্দ্রিয়ে শ্রীহ্রির দাস্যে নিযুক্ত থাকিব। আমরা আধ্যক্ষিক হইব না এবং আধ্যক্ষিকের আনুগত্যও করিব না। প্রঃ— আধ্যক্ষিক কহাকে বলে ?

উঃ— পথ দুইটি— একটি শ্রৌতপথ, আর একটি তর্কপথ। শ্রৌতপথের নাম অবরোহপস্থা; আর তর্কপথের নাম— আরোহ-পস্থা। শ্রৌতপথে কর্ণপ্রদানকে অধ্যাক্ষজ-সেবা এবং তর্কপথে ইন্দ্রিয়-পরিচালনাকে আধ্যক্ষিকতা বলা হয়।

যাঁহারা অক্ষ অর্থাৎ ইন্দ্রিয়কে অবলম্বন করিয়া রহিয়াছেন, যাঁহারা জাগতিক বা ইন্দ্রিয়জ বিচার দ্বারা দ্রমে আছেনু হইয়াও আত্মশ্রাঘার পতাকা উত্তোলন করেন, যাঁহারা তাঁহাদের ইন্দ্রিয়তর্পণ-পরতার ভূমিকায় যুক্তিজাল বয়ন করেন, যাঁহারা প্রাকৃত হইতে অপ্রাকৃতের ধারণা করিতে যান, তাঁহারাই আধ্যক্ষিক। আরোহপ্রণালীই আধ্যক্ষিকতা।

সূর্য্য হইতে আ তে রশ্মি যখন আমাদের চক্ষুগোলকে পতিত হয় তখন আমরা সেই সূর্য্যরশ্মির সাহায্যে সূর্য্যকে দর্শন করি— ইহাই অবরোহপ্রণালীতে সূর্য্যদর্শন; আর যখন সূর্য্যরশ্মির সাহায্য পরিত্যাগ করিয়া স্বাধীনভাবে অন্য কৃত্রিম আলোর দ্বারা সূর্য্য দর্শন করিবার চেষ্টা করি, তাহাতে সূর্য্যদর্শন হয় না।

এই শেষোক্ত প্রণালীই আধ্যক্ষিকতা বা আরোহবাদ। আধ্যক্ষিকতাই রাবণের অভিনন্দিত প্রণালী। আধ্যক্ষিকতায় বহিদ্মৃথ লোকসংঘের ইন্দ্রিয়তর্পণ ও সমর্থন আছে। আধ্যক্ষিকগণ হেতুবাদী ও প্রচ্ছন তার্কিক। আধ্যক্ষিকতা পরিহার করিয়া শ্রীকৃষ্ণপাদপদ্মে নিষ্কপটভাবে শরণ গ্রহণ করিলেই আমরা ওরুকৃষ্ণকৃপায় কৃষ্ণতত্ত্ব ও ওদ্ধভক্তির কথা বুঝিতে পারিব।

প্রঃ— ধ্যান কি কৃত্রিমভাবে হয় ?

উঃ— কখনই না। কীর্ত্তনপ্রভাবে স্মরণ হইবে, সেকালে ভজন নির্জ্জন সম্ভব। বিক্ষিপ্তচিত্তে ধ্যান সম্ভব নয়। কৃত্রিমধ্যানের পস্থা আত্যেন্দ্রিয়তর্পণেরই একটা প্রচহন প্রকারবিশেষ। অপ্রাকৃত পূর্ণবন্তর কীর্ত্তনমুখেই ধ্যান স্বাভাবিক ও অকৃত্রিম হইতে পারে। পূর্ণচেতনের সহিত অণুচেতনের পঞ্চপ্রকার সম্বন্ধ এবং সেই সকল সম্বন্ধের অভিধেয়রূপে শক্ত্রক্ষের উপাসনামূলে যে স্বাভাবিক রাগ বা আকর্ষণ আবিষ্কৃত হয়, তদ্মারাই চেতনের সহজ ধ্যান সম্ভব। সেই ধ্যানে বিক্ষেপ, আবরণ বা কৃত্রিমতা নাই। কৃষ্ণের সেবকসম্প্রদায়ের ধ্যান এইরূপ স্বাভাবিক।

প্রঃ—শ্রীটৈতন্যচরিতামৃত কি লীলাগ্রন্থ ?

উঃ— শ্রীচৈতন্যচরিতামৃত কেবল শ্রীচৈতন্যদেবের লীলাগ্রন্থ মাত্র নয়; পরস্তু ইহা একটি অত্যস্তুত মহাদার্শনিক-বিচারগ্রন্থ — মহাপ্রভুর লীলার সঙ্গে সঙ্গে দর্শনের ব্যাখ্যা। শ্রীকৃষ্ণের দ্বিতীয় লীলাই শ্রীচৈতন্যলীলা আর শ্রীচৈতন্যের দ্বিতীয় লীলাই কৃষ্ণুলীলা। শ্রীমন্তাগবতের পথ অনুসরণ ক'রে শ্রীলকবিরাজ গোস্বামী প্রভু এই গ্রন্থ লিখেছেন।

## প্রঃ—তর্কপন্থী কা'রা ?

উঃ— যাঁরা Challenging mood নিয়ে Absolute Truth-কে আক্রমণ কর্তে যান, তাঁরাই তর্কপন্থী। তর্কপন্থা হচ্ছে— তদিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া— এই বিচারের বিরুদ্ধপন্থা। একটা হচ্ছে বাস্ত বসত্যকীর্ত্তনকারী গুরুপাদপদ্মের নিকট শ্রবণ কর্ব এবং সম্মুখ বা উন্মুখ হবার চেষ্টা কর্ব— এরুপ বিচার, আর একটা হচ্ছে আমরা ইন্দ্রিয়জ জ্ঞানবলে অতীন্দ্রিয় বাস্তবসত্যকে বাজিয়ে নেব— মেপে নেব— এরূপ বিচার। প্রথমটা হ'লো শ্রৌতপথ, আর শেষেরটা হলো তর্কপথ। অম্বয়ভাবে যাহা গৃহীত হয়, তাহাই শ্রৌতপথ, আর ব্যতিরেকভাবে যেটা গ্রহণ করা যায়, সেটা তর্কপথ। গাঁচটি দর্শনই তর্কপথে প্রতিষ্ঠিত। কেবলমাত্র বেদান্ত

দর্শন শ্রৌতপথ গ্রহণ করেছেন। আচার্য্য শঙ্কর লোকমোহনের জন্য শ্রৌতপথের নাম ক'রে বেদান্ত-দর্শনে তর্কপথের পরিচালনা ক'রেছেন। আধ্যক্ষিকজ্ঞান বর্দ্ধিত ক'রে তর্কপথ লাভ হয়।

বৈষ্ণবেরা যত কথা বল্ছেন, তাঁরা নিজেদের রচিত কল্পিত কথা বল্ছেন না ; তাঁরা সমস্তই গুরুপাদপদ্মকে দেখিয়ে দিচ্ছেন। গুরু দশটা পাঁচটা নয়। মন্নাথঃ শ্রীজগন্নাথঃ, মদ্গুরুঃ শ্রীজগদ্গুরুঃ। Absolute Truth requires no challenge from anybody.

প্রঃ—শ্রীমন্যহাপ্রভুর সময় ত' অনেকেই গুরুর কার্য্য ক'রেছেন ?
উঃ— হাঁ। তাঁরা সকলেই ভগবৎপার্ষদ— কৃষ্ণপ্রেষ্ঠ। তাঁরা পরস্পর
তাভিন্ন। সকলেই কৃষ্ণসেবার কথাই ব'লেছেন।

প্রঃ--- সব ধর্মেই ত' সেই গুরু হ'তে পারে ?

উঃ— সব ধন্টির্মা রেখে দিন্। যেমন গুরুপানপন্ম অদিতীয়, ভেমনি ধর্মাও একটা। তা'র নাম আত্মধর্মা। আর আত্মধর্মা না হ'লেই বাদবাকী সবই দেহধর্মা ও মনোধর্মা। জগতে দেহধর্মা ও মনোধর্মার নানা মত ও নানা পথের কথা তন্তে পাওয়া যায় কিন্তু আত্মধর্মা সদ্বন্ধে দে সকল কথা নয়। আত্মধর্মা অদিতীয়, কিন্তু তাতে বিচিত্রতার অভাব নেই, তা' একঘেরে ধর্মা নয়, তা' যারতীয় জাগতিক আবরণ ও গণ্ডীরহিত বিভদ্ধ নির্মাল আত্মর স্বাভ্যাবিক সক্তব্দগৃত্তি।

প্রঃ— আমরা বাস্তব সভ্য কি ক'রে জান্তে পার্বো ?

উঃ— বহির্দুখের শ্রন্ধা, ভক্তি ও রুটি— সকলই বহির্দুখ। মানুষ ঐরপ
শ্রন্ধা, ছক্তি বা রুডি নিয়ে কখনও সভ্য বরণ কর্তে পারে না যখন বাস্ত
ব সভ্য কৃপা ক'রে স্বয়ং অবতীর্ণ হন, তখন ভিনি তাঁকে জানিয়ে দেন।
কোন বস্তু বর্ণিয়, তা' জকপট সেবোনুখকে চেন্ত্যুগুরু কৃপা ক'রে জানান।
বিশুদ্ধ আদ্লায়ের সধ্য দিয়েই বাস্তবসত্য প্রবাহিত হয়।

প্রঃ— চৈত্যন্তরু কে ?

উঃ— যে ব্যষ্টি পরমেশ্বর অর্থাৎ individual Godhead প্রত্যেক অণুচিৎ-এর ভিতরে আছেন— যাঁর কথা দ্বা সুপর্ণা শ্রুতিমন্ত্রে বলা হ'য়েছে, তিনিই অন্তর্থামী বা চৈত্যগুরু। Pure Unalloyed conscience is চৈত্যগুরু।

প্রঃ—ভগবান্কে ত' কেউ কেউ নির্বিশেষ বলেন ?

উঃ— বাস্তব সত্য নির্ব্ধিশেষ নন। পরমেশ্বর চিদ্বিলাসী। তাঁর অপ্রাকৃত রূপ, তুণ, লীলা সবই আছে। তাঁর initiative নেবার সামর্থ্য আছে। স্বশ্বরের স্বতম্বতা আছে। তিনি জ্ঞানশক্তি, ইচ্ছাশক্তি ও ক্রিয়াশক্তিপরিচালক পূর্ণবিশ্বহ।

Knowing, feeling, willing আমাদের মধ্যে যা' আছে, তা' পূর্ণমাত্রায় তাঁতেই আছে। তিনি যে Fountain head ইহা ভূলে গেলেই কৃষ্ণমায়া আমাদিগকে আক্রমণ কর্বে, আমাদের বিচারে ভূল করাবে, অসদ্বিবেককে বিবেক ব'লে ভ্রান্তি করাবে।

বিশুদ্ধসত্ত্বেই তাঁর প্রাকট্য, উদয় বা আবির্ভাব। কৃষ্ণ যাঁকে দয়া কর্বেন, তাঁরই হৃদয় বিশুদ্ধসত্ত্বেজ্জ্বল হ'বে। বিশুদ্ধসত্ত্বোজ্জ্বল হৃদয়ের যে দর্শন, তাহাই প্রকৃত সুদর্শন ও প্রকৃত সচ্চিদানন্দ অনুভূতি।

প্রঃ—কাঁহারা প্রচার কর্তে পারেন ?

উঃ— যাঁদের ভগবদন্ভূতি আছে, যাঁরা ভগবানের দেখা পান, তাঁরাই মূল প্রচারক হ'বেন। অসংখ্য প্রচারক তাঁদেরই অনুগত হ'য়ে প্রচার কর্তে পারেন। শ্রীব্যাসদেব পূর্ণপুরুষের সাক্ষাৎকারের পরে শান্তমনা হ'য়ে শ্রীমদ্ভাগবত প্রচার ক'রেছিলেন। আত্মারাম শুকদেব, নবযোগেল্র প্রভৃতি সকলেই পরিব্রাজকরূপে আত্মধর্মের কথা প্রচার ক'রেছেন। পরমমুক্তপুরুষগণই হরিকথা প্রচার ক'রে বেড়ান। শ্রীমন্যহাপ্রভু ও তাঁর প্রেলগণ সর্বর হরিকথা প্রচার করেছিলেন।

হাজার হাজার প্রশ্ন জাগ্বে এক হরিকথা ভাল ক'রে ওন্লেই সব প্রশ্নের উত্তর পাওয়া যাবে। অধীর হলে চল্বে না।

প্রঃ— আমরা কি ক'রে ভগবানের জন্য প্রম্ভুত হ'তে পার্বো ? উঃ—শ্রীগুরুপাদপদ্মের সেবা হ'তেই কৃপা লাভ হয় এবং প্রম্ভুত হওয়া যায়। গুরুসেবা ও শব্রক্ষের সেবা দ্বারাই হৃদয়ে বল লাভ হবে।

প্রঃ—সদ্তরু কি ক'রে পাব ?

উঃ— ভগবান্ অন্তরে চৈন্ত্যগুরুরূরেপে এবং বাহিরে মহান্ত-গুরুরূপে বিরাজমান থাকেন। আমি নিম্নপট হ'লে ভগবান্ই আমাকে মহান্তগুরু দেখিয়ে দিবেন আমরা হাজার হাজার লোক দরখান্ত নিয়ে উপস্থিত হ'তে পারি, কিন্তু মঞ্জুর করার মালিক— তিনি। তিনি কেন মঞ্জুর কর্বেন না— ইহা আমরা বল্তে পারি না। তিনি ত' আমাদের বাগানের মালী নম। আমরা সহিষ্ণু হ'য়ে অপেক্ষা কর্ব— অন্যাভিলাষশূন্য হ'য়ে তাঁতে সেবোন্থ হ'ব। আমরা নিম্নপটে কৃপা চাইলে তিনি অবশ্যই কৃপা কর্বেন। তাঁর কৃপাতেই আমরা সদ্গুরু পাব। 'কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু-অন্তর্যামীরূপে শিখায় আপনে ॥''

প্রঃ— হরিকীর্ত্তন কি তালুক্ষণ করণীয় ?

উঃ—- হরিকথাকীর্ত্রনই বিশ্রাম, তাহাতেই যাবতীয় শ্রম বা ক্লেশ বিগত হয়। কীর্ত্রন ছাড়িয়া মুহূর্ত্তের জন্য অপর চেষ্টা— ভগবদ্বিমুখতা। মহাভাগবতগণ ও তদনুগ সকলেই সর্কাক্ষণ সর্বতোভাবে হরিকথা কীর্ত্তন করেন, তাঁহাদের অন্য কোন কৃত্য নাই। শ্রীচেতন্যদেবও আদেশ ক'রেছেন— কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ। কায়মনোবাক্য দ্বারা নিখিল অবস্থায় হরিকীর্ত্তনই জীবিতাবস্থায় মুক্তের লক্ষণ।

প্রঃ— আমরা ত' পরোপকার করাকেই ধর্ম মনে করি। এ সম্বন্ধে আপনার কি মত ?

উঃ— পরার্থিতা জিনিষ্টা ভাল কিন্তু এর দুই জায়গায় মস্ত বড় দোষ।

একটা হচ্ছে— ব্যক্তভাবেই হউক অথবা অব্যক্তভাবেই হউক ইহাতে নিরীশ্বরতার আবাহন আছে, আর ইহাতে পশুজাতি বা অপর প্রাণীর প্রতি হিংসা আছে।

Absolute Integer - কে neglect ক'রে যত কিছু করা যাক্, তার কোন মূল্য নাই। আমরা পরমার্থকে সুবিধাবাদের সেবায় নিযুক্ত কর্বার পক্ষপাতী নাই। সাধুকে দিয়ে জাগভিক সেবা করিয়ে নেওয়ার চেষ্টার মধ্যে সাধুত্বের প্রতি আদর নেই। মানবজীবনের কার্য্য কেবল এরপ সামান্য Altruism নয়। মানবজীবনে আরও অনেক বড় কাজ আছে, সেটা হল ভগবানের সেবা। এই ভগবৎসেবা দ্বারাই দংখ ইইতে চিরনিক্তি হবে ও চিরস্থী হওয়া যাবে। এজন্য সমগ্র মানবজাতিকে কৃষ্ণভক্ত কর্বো— ইহাই আমাদের মনোরথ।

ভগবৎদেবাই চেতনের ধর্ম— আত্যার ধর্ম— নিভাবর্ম বা পরমধর্ম। ভগবান শ্রীচৈতন্যদেব জগতে যে পরমধর্মের কথা প্রভার ক'রেছেন, তাহা হইতেই জগতের সকলের স্থাভোতাবে উপকার ও পর্মমঙ্গল লাভ হবে। শ্রীচৈতন্যদেব ব'লেছেন—

> ভারতভূমিতে হৈল মনুষ্যজন্ম খার : জন্ম সার্থক করি' কর পর-ই পকার :

শ্রীচৈতন্যদেব দেশের দশের উপকারের কথাই বলিয়াছেন, কিন্তু তাঁহার দেশ ও দশ তথাকথিত সমাজকল্যাণপ্রার্থী ব্যক্তিগণের ন্যায় কুদ্র, সঙ্কীর্ণ, অস্থায়ী, পরিবর্ত্তনশীল বা আকাশ-কুসুমসদৃশ কাপ্পনিক্ষাত্র নহে। তাঁহার কথিত উপকার পর অর্থাৎ শ্রেষ্ঠ, অপর অথাৎ নিফৃষ্ট বা অনিত্য নহে। মানবজাতি তাহাদের কুদ্র বিচারবৃদ্ধিতে পরোপকারের—দেশের ও দশের উনুতির যে সকল উপায় উদ্ভাবন করিয়াছে, করিতেছে ও ভাবীকালে অসংখ্য উপায় সৃষ্টি করিবে, তাহা দ্বারা কখনও দেশের ও দশের প্রকৃত উপকার, উনুতি বা মঙ্গল হইবে না, উহা কেবল প্রস্তাবিত

অনিত্য উপকারের প্রয়াস মাত্র। মহাপ্রভু বাস্তব পর-উপকারের প্রণালী বিলয়ছেন— বেদ্যং বাস্তবমত্র বস্তু শিবদং তাপত্রয়োনালনম্।

শ্রীমদ্ভাগবতের পরোপকারের প্রণালীই শ্রীচৈতন্যদেবের দারা আবিদ্বৃত ও পরিদ্বৃত হইয়াছে। তাহাই শিবদ ও তাপত্রয়ের উন্গূলনকারী। জগতের মনীধীগণের দারা যে সকল পরোপকারের প্রণালী কল্পিত হয়েছে, তাহাতে ক্ষণিকভোষণ বা প্রেয়ঃ লাভ হইতে পারে কিন্তু তাহা শিবদ বা শ্রেয়াদানকারী নহে, আর তাহাতে তাপত্রয়ের উন্গূলনও হয় না। তাপ কোন কারণের কার্যাবিশেষ; কারণ নাশ না হইলে কার্য্য নাশ হইতে পারে না। বটবৃক্কের মূল উৎপাটিত না হইলে সহস্রবার উহার শাখাপল্পব যতই কাটিয়া দিউন না কেন, উহা আবার গজাইয়া উঠিবে। মানুষের কল্পিত যে সহস্র সহস্র পরোপকারের প্রণালী, তাহা হস্ত-দারা মহাসমুদ্রের জলস্চেনের চেন্টার ন্যায়। সহস্র সহস্র লোক যুগযুগান্তর ধরিয়া ঐরূপ সমুদ্রসেচনকার্য্যে নিযুক্ত থাকিলেও মহাসমুদ্র কখনই ওক্ষ হইবে না, তবে আপাতদ্ভিতে দেখা যাইতে পারে যে, ঐরূপ সেচনক্রিয়া দারা একপ্রানে বহু পরিমাণ জল সঞ্চিত হইয়াছে। জগতের ত্রিতাপসমুদ্র মানুষের কল্পিত উপায়রূপ অঞ্জলি দারা কখনও গুক্ক হইতে পারে না, লোককে ভোগা দেওয়া ও নিজে ভোগায় পড়া যাইতে পারে মাত্র।

শ্রীমদ্রাগবতের কথিত প্রণালী ব্যতীত কখনই ত্রিতাপের উন্মূলন হয় না। এই ত্রিতাপের অনন্ত বৈচিত্র্য রহিয়াছে, আমরা কোনকালে এইরূপ কল্পিত উপায়ের দ্বারা অনন্ততাপের একটিকেও সমূলে নাশ করিতে পারিব না। ভগবদ্বিস্ফৃতিরূপা আবরণাত্রিকা ও বিক্ষেপাত্রিকা অবিদ্যাই আমাদের যাবতীয় ত্রিতাপরূপ কার্য্যের কারণ। সেই কারণ নাশ না হইলে তাপ-বৈচিত্র্যারূপ কার্য্যের নাশ হইবে না। ভগবৎসেবা প্রচার ব্যতীত কখনও দেশের দুঃখ মোচন হইতে পারে না। ভগবৎসেবাবার্ত্তা প্রচারিত হইলে সমস্ত দেশ, সমস্ত পাত্রের সার্ব্বকালিক মঙ্গল হইবে।

প্রঃ— বিষ্ণুর সেবা করিলে কি করিয়া জগতের সেবা বা পরোপকার হইবে।

উঃ— বিষ্ণু ব্যাপক বস্তু। তিনি পরব্রহ্ম অর্থাৎ সর্ব্বাপেক্ষা বৃহৎ। তাঁহার সেবাতেই তদভ্যন্তরন্থ নিখিল বস্তু বা সকলের সেবা হইবে। কোন বিশেষ অশ্বের সেবক সকল অশ্বের সেবক নহে বা অপর প্রাণীর সেবক নহে, কোন বিশেষ দেশের সেবক সকল দেশের সেবক নহে, কোন বিশেষ কালের সেবক সকল-কালের সেবক নহে। যদি কেহ ছাগল বা মৎস্য হনন করিয়া জিহ্বার সেবা করে, তাহা হইলে একতরফা সেবা বা প্রীতি হয়, ছাগলের বা মৎস্যের তাহাতে প্রীতি হয় না। কোন মনুষ্য বা দেশবিশেষের সেবা করিতে গেলে অপর মনুষ্য বা দেশ পীড়িত হয়; কিন্তু বিষ্ণুর সেবায় সমগ্র বন্তর সেবা হইয়া থাকে, তাহাতে সকলের প্রীতি হইয়া থাকে। শ্রীটেতন্যমহাপ্রভুর দয়া অমন্দোদয়দয়া— সার্ব্বজনীন দয়া— তাহা সর্ব্বদেশ, সর্ব্বকাল ও সর্ব্বপাত্রের পক্ষে পরমমঙ্গলদায়ক।

প্রঃ— মহামদ্রে যে হরেরাম উল্লিখিত আছে, এ রাম কোন্ রাম ?

উঃ— ঐশ্বর্যাের বিচারে যে সেবােনাুখতা, তাহাতে হরেরাম বলিতে
দাশরথি রামকেই বুঝায়। কিন্তু মাধুর্যাপর ভক্তগণ রাধারমণকেই রাম
বিলিয়া জানেন। তিনি নন্দের নন্দন। যেখানে রাম শন্দে রাধারমণের
সেবা বিহিত হয়, সেন্থলে হরা শন্দের সম্বোধন-পদে পরাশক্তির আকরবিগ্রহ
শ্রীরাধারাণীকেই বুঝায়।

শ্রীরাধাদেবীর একটী নাম হরা। কৃষ্ণমনো হরতি ইতি হরা অর্থাৎ রাধা। হরা শব্দের সম্বোধন হরে। হরি শব্দের সম্বোধনও হরে হয়।

রাম তিনটি— সীতারমণ রাম, রেবতীরমণ রাম অর্থাৎ বলরাম ও রাধারমণ রাম অর্থাৎ রাধানাথ কৃষ্ণ।

প্রঃ—বাস্তব সত্যের সন্ধান কি করিয়া পাইব ?

উঃ — সবিশেষ বিগ্ৰহ ভগবান্ই বাস্তবসত্য। তিনিই একমাত্র

সর্বেকারণকারণ। বাস্তবসত্য স্বপ্রকাশ, তাহা অচেতন নহে, পরম্ভ স্বতঃকর্তৃত্ববিশিষ্ট। তিনি নিজেকে নিজে প্রকাশ করেন। অভিজ্ঞতার প্রণাদী বা আরোহপন্থার দ্বারা বাস্তবসত্যের সন্ধান পাওয়া যায় না। বাস্তবসত্য তৃতীয় মানের (third dimension) অন্তর্গত বস্তু নহেন। যাহা তৃতীয়মানের অন্তর্গত, তাহা আমরা মাপিয়া লইতে পারি, তাহা আমাদের অধীন ভোগ্যবস্ভ। যাহা মাপা যায়, তাহা মায়া।

যেমন সূর্য্য দেখিতে হইলে আমাদের চক্ষুর আবৃত অবস্থা দূর করা আবশ্যক, সেইরূপ বাস্তব সত্য ধারণা করিতে হইলেও আমাদের অন্তর্নিহিত অতীন্দ্রিয় শক্তির উদ্বোধন পর্য্যন্ত অপেক্ষা করা আবশ্যক। রাত্রিকালে সূর্য্যকে যেরূপ সহস্র সহস্র শক্তিসম্পন্ন বৈদ্যুতিক দীপ সাহায্যেও দেখা যায় না, আবার সূর্য্য উদিত হইলে যেরূপ বৈদ্যুতিক আলো দ্বারা সূর্য্যদর্শনের আবশ্যকতা থাকে না, বাস্তবসত্যও সেইরূপ কোনপ্রকার ইন্দ্রিয়জ অভিজ্ঞতার সাহায্যে জানা যায় না। আবৃত অবস্থায় বাস্তবসত্যের স্বরূপ অবগত হওয়া যায় না, শ্রীগুরুমুখ হইতে স্বরূপতত্ত্বের বিষয় শ্রবণ করিতে হয়। অতএব শ্রীগুরুপাদপদ্মে প্রপত্তি ব্যতীত বাস্তব সত্য জানিবার অন্য উপায় নাই।

প্রঃ— সত্য কোন্টি না বুঝিবার পূর্কে কিরুপে প্রণন্ন হওয়া যাইবে ? উঃ— আদৌ প্রপন্ন না হইলে সত্য উপলব্ধি হইতে পারে না। যতদিন প্রপন্ন না হওয়া যায়, ততদিন আমরা ধর্ম্মসংমূঢ়চিত্ত ও সংশয়াত্মা হইয়া বিনাশের পথে ধাবিত হই। এইজন্যই অর্জুন কৃষ্ণকে বলেছেন— নিহাতে হহং শাধি মাং তৃাং প্রপন্নম্।

যাঁহার নিকট প্রপত্তি শীকার করিতে হইবে, তিনি মর্ল্য ব্যক্তিবিশেষ হইলে পারমার্থিক গুরুপদবাচ্য হইতে পারেন না। মর্ল্য জীব——যাহাকে আমরা মাপিয়া লইতে পারি, সেরূপ অধীন ভোগ্যবস্তু পার্মার্থিক গুরু নহেন। তাঁহাতে প্রপত্তি কখনও আমাদিশকে বাস্তবসত্য উপনীত করাইবে না। শ্রীগুরুদের কৃষ্ণশক্তি—কৃষ্ণতত্ত্ববিৎ—কৃষ্ণ হইতে অভিনু, কৃষ্ণেরই দিতীয় স্বরূপ বা প্রকাশ।

প্রঃ—ইনিই যে সদ্তরু তা' কি করে বুঝ্তে পার্ব ?

উঃ— আপনি আপনার বুদ্ধি বিচার লইয়া যাঁহাকে গুরু বলিয়া গ্রহণ করিতে যাইবেন, সেরপ আরোপিত ব্যক্তি কখনও গুরু নহেন। ঐ গুরু আপনার বশ্য বন্তু—আপনার ইন্দ্রিয়জ-জ্ঞানের অধীন। স্বয়ং কৃষ্ণ যাঁহাকে আপনার গুরু বলিয়া প্রেরণ করিবৈন, তিনিই আপনার নিকট বাহিরে মহাস্তগুরুরূপে প্রকাশিত হইবেন।

প্রঃ—- গীতা ও শ্রীমদ্ভাগবতের মধ্যে বৈশিষ্ট কি ?

উঃ— শ্রীমন্তাগবত নিরপেক্ষ বাস্তবসত্যের প্রচারক। তাহা নির্মাৎসর সজ্জনগণের পরমপ্রিয় বস্তু। গীতা Infant Class এর Course অর্থাৎ শিশু-শ্রেণীর পাঠ্য। আর শ্রীমন্তাগবত উচ্চ-শ্রেণীর অর্থাৎ Post Graduate শ্রেণীর (পারমার্থিক বি-এ পরীক্ষোত্তীর্ণগণের) পাঠ্য। যারা পারমার্থিকতার কোন কথাই জানেন না, তাঁদিগকে প্রবেশিকা-পরীক্ষার উপযোগী করিবার জন্য গীতাশাস্ত্র। আর যাঁরা পরাবিদ্যায় M.A. Ph.D শ্রীমন্তাগবতে তাঁদেরই সম্পূর্ণ অধিকার।

নিরপেক্ষ সজ্জনগণ গীতা ও ভাগবতে কোন ভেদ দর্শন করেন না। জগতে যত কিছু শ্রেষ্ঠ বিশেষণ আছে, ব্যাকরণে যত তমপ্রত্যয় আছে, তৎসমন্তই ভাগবতের চরণে শোভা পায়। ভাগবতে আত্মধর্মের কথা আছে। শ্রীমন্তাগবত সাক্ষাৎ ভগবদবতার। শ্রীমন্তাগবতের অসমোর্দ্ধ পদবী কেহই একচুলও টলাইতে পারিবে না।

পরমার্থরাজ্যে নবীন প্রবেশেচ্ছুগণের জন্য— পরমার্থবিদ্যালয়ের শিউশ্রেণীর জন্য গীতাগ্রন্থ নির্দিষ্ট হইতে পারে। আর যাঁহারা গীতার অধ্যয়ন সমাপ্ত করিয়াছেন, তাঁহারাই পরমার্থ-বিদ্যালয়ের উচ্চশিক্ষালাডের জন্য শ্রীমন্ত্রগরতগ্রন্থ মহাভাগবতের নিকট ভক্তিসহকারে শ্রবণ, সুষ্ঠুভাবে পাঠ ও বিচার করিয়া প্রচুররূপে লাভবান্ হইতে পারিবেন।

শ্রীমদ্ভাগবত সাক্ষাৎ ভগবদবতার—অধােক্ষজ বস্তু। তাহা আমাদের ইন্দ্রিয় দ্বারা মাপিয়া লওয়া যায় না। যাহা যত দুর্লভ ও পরমসত্য, তাহা তত সুরক্ষিত। বিমুখগণের নিকট ভাগবত আতা্রপ্রকাশ করেন না।

প্রঃ— চৈত্যত্তর কি করেন ?

উঃ— ভগবান্ প্রত্যেক জীবহৃদয়ে চৈত্যগুরুরপে— অন্ত-র্যামীরূপে অবস্থান পূর্বক জীবের সদসৎ-প্রবৃত্তিকে নিয়মিত করেন, তাদৃশ প্রযোজককর্তৃত্বে চৈত্যগুরুত্ব পরিলক্ষিত হয়। চৈত্যগুরু মহান্তগুরু নির্দেশ করিয়া দেন। এতদ্বাতীত মহান্তগুরুর সেবক-সম্প্রদায় বর্ত্যপ্রদর্শক গুরুর কার্য্য করেন।

শাস্ত্রকী র্ভনকারী, শাস্ত্রব্যাখ্যাকারী, শাস্ত্রশাসনানুমোদিত অনুষ্ঠানকারী ব্যক্তি অনর্থযুক্ত, অনভিজ্ঞ বালিশের চঞ্চল চিত্তের সুষ্ঠগতি বিধান করিয়া থাকেন। তাদৃশ শিক্ষাগুরু দিব্যজ্ঞান-দাতা-গুরুপ্রাপ্তির পূর্ব্বে সাহায্য করেন বিলিয়া তাঁহাকে বর্ত্য-প্রদর্শকগুরু নামে অভিহিত করা হয়।

চেত্তাত্তরুর কৃপা ব্যতীত বর্তাপ্রদর্শকশুরুর, দীক্ষাশুরুর ও শিক্ষাশুরুরর্গের পাদপদ্মসেবা লাভ করিবার কোনপ্রকারই যোগ্যতা হয় না। কৃষ্ণপ্রসাদজ সুকৃতি উদিত না হওয়া পর্য্যন্ত জীবগণ চৈত্যশুরুর নিশ্বপট কৃপা লাভ করিতে পারেন না। জীবের হৃদয়ে ধর্মার্থকামমোক্ষবাঞ্ছা প্রবল থাকিলে জীব ভক্তিপ্রার্থী হইতে পারে না। ভাগ্যক্রমে ভগবচ্চরণাশ্রয়ের ইচ্ছা জাগিলে তখন চৈত্যশুরু কৃপা করিয়া দীক্ষাশুরু ও শিক্ষাশুরুরর্গের প্রতি বিশ্বাস লাভ করিবার প্রসাদ দান করেন।

চৈত্তক্রর কৃপায় মহাস্তত্তক নির্দিষ্ট হন। চৈত্তক্রর কৃপা দ্বিবিধা।
দেই দুই প্রকার কৃপাফলে কেহ বা আধ্যক্ষিক, কেহ বা অধ্যক্ষিজ-সেবক। যাঁহারা জড়ে প্রতিষ্ঠিত হইয়া ইন্দ্রিয়তর্পণই জীবের একমাত্র আরাধ্য বা চরম সিদ্ধান্ত বলিয়া স্থির করিয়াছেন, তাঁহাদের নামই অন্যাভিলাষী। তাঁহারা শ্রেয়ঃ-পথের পথিক ন্ধ ইইয়া ক্ষণিকসুখপ্রদ প্রেয়ঃপথের পথিক হন ইহাই চৈন্তাঞ্জর কপট-কৃপা। কপটই কপট-কৃপা পায়। আর নিঙ্কপট ভঙ্জীচ্ছু সজ্জনগণ চেন্তাগুরুর অকপট কৃপা লাভ করিয়া ধন্য হন। যে জীব ভগবৎসেবক হইয়া সেবা ব্যতীত অন্য কিছু চায়, সে কপটী ব্যতীত আর কি ?

শিক্ষাগুরু দীক্ষাগুরুর বাস্তবজ্ঞানলব্ধ শরণাগত শিষ্যকে শিক্ষা দিয়া থাকেন। এইজন্য শিক্ষাগুরুর বহুত্ব থাকিলেও অন্বয়জ্ঞানদাতা দীক্ষাগুরুর সহিত তাঁহাদের মতভেদ নাই পরম্ভ তাঁহারা দীক্ষাগুরুর অকৃত্রিম বন্ধু।

দিব্যজ্ঞানলাভে জীবের স্বরূপ উদ্বোধন হয়; তখন যাঁহারা হরিসেবার প্রণালী শিক্ষা দেন, সেই উপদেশকগণের নামই শিক্ষাগুরুবর্গ এই সেনাবাহিনীর অগ্রগামী বর্জাগুদর্শকতক শিক্ষাগুরুরই প্রাগ্ভাব, মধ্যে দীক্ষাদাতা মহান্তগুরু অবস্থান করেন।

ভগবান্ চৈত্যগুরুরূপে খাঁহার অকপট মঙ্গল আকাজ্ফা করেন, তিনিই ভগবদ্ধজকে মহান্ত-গুরু বা সন্ধরুরূপে জানিবার সৌভাগ্য প্রাপ্ত হন। ভগবদনুগ্রহক্রমে জীব মহাভাগবত শ্রীগুরুদেবের শ্রীচরণনখশোভা সন্দর্শন করিয়া জীবন ধন্য করিতে সমূর্থ হন।

প্রঃ—মন্ত্র গ্রহণ ক'রেও আমানের মননধর্ম দূর হছে না কেন?
উঃ— আমরা মন্ত্রলাভ করি নাই। মন্ত্র দেওয়া মানে কাণে ফুঁ দেওয়া নয়। দিব্যজ্ঞানের নাম— মন্ত্রদীক্ষা। এই দিব্যজ্ঞান আমাদের জন্মজন্মান্ত রের যাবতীয় অবিদ্যাজ্ঞানের সৌধওলিকে চূর্গ-বিচূর্ণ ক'রে সেখানে অধ্যাক্ষজ-জ্ঞানের নিত্যবান্তবভিত্তিয়য় সৌধ নির্মাণ ক'রে দেয়। দিব্যজ্ঞান দিবার সময় ভগবান্ ব্রক্ষাকে বল্লেন— আমিই Absolute Truth. এই Absolute Truth (বান্তব সত্য) শক্তি দ্বারা সম্বারিত হয়। সেই শক্তিই— গুরু। ক্ষুদ্র কুল বুলার বা Messengers জগতে এসে থাকেন। কিন্তু যেসব মহাশক্তিশালী Messengers sent by God to

suit the adaptability of all the recipients, সেই Sole Agents এর নাম— ওরু। সেই Expart এর মধ্য দিয়ে Revelation হয়। সেইরূপ ওরুই আমার মননধর্ম দূর ক'রে আমার চেতনতার বৃত্তিতে যুগান্ত র আন্তে পারেন।

গুরুদেবের নিকট থেকে যে জ্ঞান লাভ করা যায়, তা' আধ্যক্ষিকজ্ঞান নয়, তাহা অধ্যক্ষজ্ঞান বা দিব্যজ্ঞান। সেই জ্ঞান সাক্ষাৎ Absolute Knowledge বা কৃষ্ণ, পূর্ণজ্ঞান, সাক্ষাৎ সম্বিদ্বিগ্রহ। মন্ত্র পূর্ণচেতনবস্তু। মন্ত্র মননধর্ম হ'তে ত্রাণ কর্তে পারেন, পাপপুণ্যময় মনোধর্ম হ'তে পরিত্রাণ করিয়া পারমার্থিক যোগ্যতা প্রদান কর্তে পারেন, মন্ত্রের এ শক্তি আছে।

প্রঃ— আত্মার ধর্ম কি ?

উঃ— আত্মা অজ বন্তু, তাহার জননী কেহ নাই। আত্মার বৃত্তি ভোগ বা ত্যাগ চাওয়া নয়— দেহি দেহি কথা আত্মায় নাই। আত্মা পরতত্ত্বের Associated Counterpart. পরতত্ত্বের সুখ-কামনা বা দাস্যই আত্মার বৃত্তি, ধর্ম্ম বা স্বার্থ।

প্রঃ— বিলাস ও বিরাগ মানে কি ?

উ%— বি পূর্ব্বক লস্ ধাতু হ'তে বিলাস শব্দ নিষ্পন্ন। বিলাস অর্থে ইন্দ্রিয়ের ক্রিয়া। বিরাগ জিনিষটী বিষয়রাগ বা ইন্দ্রিয়চালনা হ'তে তফাৎ হ'য়ে থাকা। বিলাসের আধিক্যে বিরাগের অভাব, আর বিরাগের আধ্যিক্যে বিলাসের অভাব। ইহ জগতে বিলাস বা জড়বিশেষবাদ এবং বিরাগ বা জড় নির্বিশেষবাদ উভয়ই অপ্রয়োজনীয়। বিলাস— ভগবৎসেবা, আর বিরাগ— কৃষ্ণপ্রীত্যে ভোগ-ত্যাগ। কৃষ্ণনিষ্ঠা, তৃষ্ণাত্যাগ শান্তের দুই গুণ— এর নাম কৃষ্ণভক্তের বিরাগ, আর নিত্য নবনধায়মানভাবে চিল্লীলামিথুনের ইন্দ্রিয়তর্পণসাধনই বিলাস।

প্রঃ— শব্দের কি নিত্যত্ব আছে ?

উঃ— অপ্রাকৃত শব্দবক্ষের নিশ্যুই নিত্যত্ব আছে। কুণ্ঠরাজ্যে শব্দ ও

শব্দীতে ভেদ আছে। সুতরাং ইতরব্যোমে অর্থাৎ এ জগতের জড় শব্দগুলি অনিত্য। বৈকুণ্ঠজগতে নাম ও নামী এক বস্তু— শব্দ ও শব্দীতে কোন ভেদ নাই।

প্রঃ— যত মত তত পথ— এই কথাটা কি ঠিক ?

উঃ— মত জিনিষটা মনোধর্ম। ভিনুক্তি হিঁ লোকাঃ— অসংখ্য মনের খেয়াল বা ক্রচি। লোকের মনের খেয়ালে যে পথ সৃষ্ট হইয়াছে, হইতেছে ও হইবে, তাহা কখনও আত্মধর্ম বা সনাতনধর্ম নহে। জগতে মনোধর্মপর অসংখ্য মত সৃষ্টি হইয়াছে ও হইবে কিন্তু শাস্ত্রসম্রাট্ শ্রীমন্তাগবত বলেন—

> স বৈ পুংসাং পরো ধর্মো যতো ভক্তিরধাক্ষজে। অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা সুপ্রসীদতি ॥

জগতের যত মত তত পথ সমস্তই অক্ষজজ্ঞানপ্রসূত মত ও তদনুকূল পথ। কিন্তু অধ্যেক্ষজ শ্রীহরিতে যে অপ্রতিহতা ও অহৈতুকী তক্তি, তাহাই সকল জীবের পরমধর্মা, তাহাই আতাধর্মা। আত্যা একমাত্র তদ্ধারাই সুপ্রসন্ন হন। অন্যান্য ধর্মমত ও পথের দ্বারা দেহ ও মনের কিঞ্চিৎ প্রসন্নতা হয় বলিয়া দেহধর্মী ও মনোধর্মী মানবগণ ঐ সকল প্রেয়ঃহৃত ও প্রেয়ঃপথকেই মত ও পথ বলিয়া বরণ করেন।

সত্য সত্য Living Source হইতে পরমসত্যের কথা শ্রবণ করিতে হয়। তবেই জীবের নিত্য বাস্তব চরমমঙ্গল হইতে পারে, নতুবা মানুষ প্রতিমুহূর্ত্তে বিপথগামী হইবে।

প্রঃ— শুদ্ধভক্তসঙ্গ কি বিশেষ প্রয়োজন ?

উঃ— নিশ্চয়ই। কনিষ্ঠাধিকারী বা কোমলশ্রদ্ধ ব্যক্তি শ্রীমূর্ত্তির উপাসনা প্রকৃতপ্রস্তাবে বুঝিতে পারে না। শ্রীমূর্ত্তিতে তাঁহার প্রাকৃতবুদ্ধি সম্পূর্ণ যায় না। তিনি ভক্তের প্রকৃত তত্ত্ব ও মর্য্যাদা অবগত নহেন। এইজন্য সাধুওরু কোমলশ্রদ্ধ কনিষ্ঠাধিকারীকে ওদ্ধভক্তের সঙ্গ করিবার জন্য বলেন। শুদ্ধভক্তসঙ্গ ব্যতীত কখনও মানবের নিত্য বাস্তব চরমমঙ্গল হইতে পারে না বা শ্রীমূর্ত্তির যথার্থ পূজা হয় না

প্রঃ— কেহ কেহ বলেন— শ্রীমূর্ডিপূজা একটা means to an end অর্থাৎ সাধ্যলাভের উপায় মাত্র ইহা কি ঠিক ?

উঃ— কখনই না। ইহাও একটা প্রকাণ্ড Blasphemy (অপরাধ)। শ্রীমনাহাপ্রভু ব'লেছেন—

প্রাকৃত করিয়া মানে বিষ্ণুকলেবর।
বিষ্ণুনিন্দা নাহি আর ইহার উপর॥
ঈশবের শ্রীবিগ্রহ— সচ্চিদানন্দাকার।
সে বিগ্রহে কহ— সত্ত্তুণের বিকার॥
শ্রীবিগ্রহ যে না মানে, সেই ত' পাষ্ত।
অস্পৃশ্য, অদৃশ্য সেই হয় যমদণ্ডা॥

বিষ্ণুমূর্ত্তি চিনারী। বিষ্ণু ইতর দেবতার ন্যায় মানবকল্পিত নহেন। শাস্ত্র বলেন—

নাম, বিগ্রহ, স্বরূপ—তিন একরূপ। তিনে ডেদ নাহি, তিন চিদানন্দরূপ॥

কৃষ্ণবিগ্রহ সাক্ষাৎ কৃষ্ণই , শ্রীবিগ্রহ ভগবানের অর্চাবতার। নিজ হৃদয়দেবতাই বাহিরে শ্রীমূর্ত্তিরূপে কৃপা পূর্ব্যক প্রকাশিত হইয়াছেন

প্রঃ— আচার্য্য কে ?

উঃ— আচারপ্রচারপরায়ণ ভগবভাউই আচার্য্য। আচার্য্য নিরপেক্ষ, মুক্ত।
নিজ সম্পূর্ণ অসংসক্ষত্যাগ ও নিরম্ভর কৃষ্ণচর্চ্চার মহান্ আদর্শ দেখিয়ে
যিনি নির্ভীক ও নিরপেক্ষভাবে সকলকে অসংসক্ষত্যাগের কথা ব'লে
অসংসক্ষ ছাড়াতে পারেন, তিনিই আচার্য্য।

প্রাণ না দিলে প্রচার হয় না ফিনি প্রাণ দিতে পারেন, তিনিই প্রচার কর্তে পারেন। প্রতন্ত্র জীবের স্বতন্ত্রতা কোথা থেকে আস্ল ?
উঃ— আমরা সর্বেতন্ত্রস্বতন্ত্র পরমেশ্বরের অণুচিদংশ। এজন্য পূর্ণবন্তর
গুণ আমাদের মধ্যে অণু-অংশে আছে। কৃষ্ণে পূর্ণ স্বতন্ত্রতা আছে, আর
জীবে পরিচিছ্ন স্বতন্ত্রতা আছে।

বিমুখতা দু'রকম হ'তে পারে— একটা ভোগোনাুখী, আর একটা ত্যাগোনাুখী। পথ দুটো— একটা জড় বিল্যানের পথ, আর একটা চিদ্বিলানের পথ— সেবার পথ। নিরপেক্ষ অবস্থায় বা তটস্থ অবস্থায় কেহ দাঁড়াতে পারে না, হয় ভোগের দিকে না হয় সেবার দিকে চ'লে যায়

সতত যুক্ত হ'য়ে প্রীতিপূর্ব্বক ভজনা কর্তে থাক্লে আর আবরণ বা বিক্ষেপ আসে না। ডজনটী সতত হওয়া চাই। নৈরম্ভর্য্যের একটু অভাব হ'লেই সেই ছিদ্র বা অবকাশ পেয়ে মায়া আমাদিগকে বিপন্ন করে।

थ8- याशा गांत कि ?

উঃ— মায়া— যাহা নহে তাহাই মায়া। আর যাহা হয় তাহা ভগবান্, Positive Something. ভগবদ্রাহিত্য বা Negative idea — মায়া।

প্রঃ— আমাদের প্রভূত্যভিমান বা ভোক্ত্যভিমান করে কাট্রে ?

উঃ—- যতক্ষণ ভগবৎসেবক- অভিমানে প্রতিষ্ঠিত না হই, যতক্ষণ বৈষ্ণাবী-প্রতিষ্ঠা না আসে, ততক্ষণ ভোগ্যরূপে জগৎ দেখি, তখন আর 'ঈশাবাস্য' জগৎ দর্শন হয় না।তখন প্রভুত্ব ব'লে একটা মেজাজ মাথায় ঢুকে থাকে। আমার ভোগের প্রবৃত্তি— আমার দুর্বৃদ্ধি কেটে যেতে পারে, একমাত্র দিব্যজ্ঞানের দ্বারা।

প্রঃ -- ভগবানের প্রতি নির্ভরতা কেন আস্থে না ?

উঃ— যতদিন আমাদের নিজ শক্তির উপর— নিজের আত্মন্তরিতার উপর— নিজের অভিজ্ঞতার উপর নির্ভর কর্বার বুদ্ধি থাকে, ততদিন মানুষ ভগবচ্চরণে প্রপন্ন হ'তে পারে না। প্রপত্তি বা শরণাগতি-বুদ্ধি না আসা পর্যান্ত আমরা অরোহবাদকেই বহুমানন করি। যখন নিজের ধার- করা শক্তির ক্ষুদ্রতা— নিজের আত্মন্তরিতার অকিঞ্চিৎকরতা— নিজের চেষ্টার ব্যর্থতা বৃষ্তে পারি, তখনই আমরা শরণাগত হ'রে অবরোহবাদ শ্বীকার করি। যখন আমাদের চিত্তে ভগবদাশ্ররের মহিমা উদিত হয়, তখন প্রপত্তি বা অবরোহবাদে চিত্ত ধাবিত হয়। যে যেখানে আছি, সেখানে থাকাকালেই সাধুদিগের (কৃষ্ণভক্তের) মুখদ্বারে অবতীর্ণ বৈকৃষ্ঠবার্ত্তা শ্রবণ করা কর্ত্তব্য। তা' হ'লেই সব মীমাংসা হ'য়ে যাবে, ভগবানে নির্ভরতা আস্বে।

প্রঃ---ভগবান্ কে ?

উঃ— ভগবান্ অধােক্ষজ বস্তু। অধােক্ষজশন্দে জড় ইন্দ্রিয়ের অতীত। Godhead is He who has reserved the Absolute right of not being exposed to present human senses. তাঁকেই ভগবান্ বলা হয়, যিনি কখনও মনুষ্য বা প্রাণীজগতের ভোগানাবুখ জড়েন্দ্রিয়ের অধীন হন না। তিনি এই অধিকারটি সম্পূর্ণভাবে নিজের করায়ত রেখেছেন।

প্রঃ— জীব বন্ধ হ'লো কেন ? উঃ— জীবের free will র'য়েছে, তার অপব্যবহার হচ্ছে ব'লে।

প্রঃ— তা' হলে ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হদেশেহর্জুন তিষ্ঠতি। দ্রাময়ন্
সর্ব্বভূতানি যন্ত্রার্মঢ়ানি মায়য়া। — গীতার এই বাক্যের সার্থকতা কি ?
উঃ— গীতার এই বাক্য ত' ঐ কথাই সমর্থন করেন। বিষ্ণুই সর্ব্বজীবের
নিয়ন্তা ও ঈশ্বর। জীবসকল যে যে কর্ম্ম ক'রে থাকে, ঈশ্বর তদনুরপ
ফলই দান করেন। জীব হেতুকর্ত্তা আর ঈশ্বর প্রযোজককর্ত্তা। জীব নিজে
কর্ম্মের কর্ত্তা হয়ে যে ফলভোগের অধিকারী এবং যে ভাবী কর্ম্মের উপযোগী
হচ্ছে, সে-সকল ফলভোগে ও কার্য্যকরণে প্রযোজক-কর্তারূপে ঈশ্বরের
কতৃত্ত্ব র'য়েছে। ঈশ্বর— ফলদাতা আর জীব— ফলভোকা।
প্রঃ— জীবের স্বতম্বতার সদ্ব্যবহার ও অসদ্ব্যবহার কি ভগবংপ্রেরণায়

**इय ?** 

উঃ—ভগবৎপ্রেরণায় হ'লে ত' তদ্ধারা ভগবৎসেবাই হ'ত—ভগবদ্বিশৃতি হ'ত না।

প্রঃ— তা' হ'লে সবই ভগবদিচ্ছায় হয় বা সবই ভগবংকৃপা— এ সিদ্ধান্ত কিরূপে হয় ?

উঃ—শ্রীমন্তাগবত এর জবাব দিয়েছেন—

তত্তেহনুকম্পাং সুসমীক্ষ্যমাণো ভূঞান এবাত্মকৃতং বিপাকম্। হদ্মাথপুভির্বিদধন্নমন্তে জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্॥

ইহ জগৎ হ'তে যাঁর ছুটী পাওয়ার যোগ্যতা হ'য়েছে, তিনি বিচার করেন— পরমমঙ্গলময় ভগবানের উপর যদি দোষারোপ করি, তবে সেবা-প্রবৃত্তির অভাব হওয়ায় কোনদিনই মুক্ত হ'তে পার্বো না। কিষ্তু সেবোনাখতাক্রমে যিনি সমস্ত অসুবিধাগুলিকে ভগবানের অনুগ্রহ বা দয়া বিচার ক'রে ভগবানের প্রতি আরও অধিকতর আকৃষ্ট হন, তিনিই অনায়াসে মুক্তিপদের অধিকারী হন।

প্রঃ— আমরা যে পাপ করি, তা'ও কি ভগবানের দ্য়া ?
উঃ— না, তা' নয়। পাপের প্রবৃত্তি রেখেছেন আমাকে পরীক্ষা করার জন্য। যেমন শিশুর রুচি পরীক্ষা কর্বার জন্য পিতা-মাতা পয়সা, কড়ি, ধান, ভাগবতশাস্ত্র প্রভৃতি রেখে থাকেন, শিশু রুচি অনুসারে তাহা গ্রহণ করে। দ্য়ার সাগর ভগবান্কে বহির্মুখ মানবজ্ঞানে, নির্দ্ধয় ব'লে মনে হচ্ছে। কিন্তু দ্য়াময়ের সবই দ্য়া। পিতার চুদ্দন ও চপেটাঘাত যেমন দুইই দ্য়া তদ্রপ। দ্য়াকে দণ্ড ব'লে মনে হ'লে Serving temper (সেবোনুখতা) বা attraction for God (ভগবানে আনুরক্তি) এর অভাব হচ্ছে বুঝা যায়। ভগবান্ সর্বাশ্রয়। তাঁর কাছে আশ্রয় পাব ব'লে যে

আশা ক'রে যায়, ভগবান্ ভার (আশ্রয়প্রার্থীর) ঐকান্তিকতা পরীক্ষা কর্বার জন্য जाँत निकरे जातक अभूविधा এता कालान। रामन कविहास्ङ ह काष्ट्र शिलाम, जिनि अथामित्र प्रिक्त दावञ्चा कत्लान । जाङात छूदि निर्म ফোড়াটা কেটে দিলেন, তাতে যদি তাঁদিগকে নির্দায় মনে করি, তা হলে আমার বিচারটা ভুল হলে। স্তক্ত স্থামি প্রকৃত মঙ্গলাকাজ্ফীকে— **দয়াবান্কে** অমঙ্গলকারী ও নির্দায় ব'লে ভুল কর্লাম । মায়া এ জগতে নানা প্রলোভনের জিনিষ সাজিয়ে রেখেছে আমরা সেই টোপে আকৃষ্ট হ'য়ে কখন যথেচ্ছচারী অসংকর্মী হছিছ, কখন বা লোকহিতকর কার্য্য কর্বার নামে সংকর্মী সভ্ছি, কখন নির্ভেদ-ব্রহ্মানুসদ্ধানকেই ভাল মনে কচিছ, কখন শাক্যসিংহ, শঙ্করাচার্য্য প্রভৃতির মতকে আদর কচ্ছি। এসব দ্বারা আমাদের কোন মঙ্গল হবে না একমাত্র ভগবানের কথায় নিযুক্ত হ'লেই জীবের মঙ্গল হ'বে,এতদ্বাতীত মঙ্গলের অন্যারান্তা নাই। ভগবান কা'রও স্বতন্ত্রতায় বাধা দেন না। তিনি সেতনধর্মের হন্তারক নহেন, চেতনতার বৈশিষ্ট্যে বাধা দিলে তাঁর নির্ময়তার পরিচয় হ'তো। তিনি চেতনবৃত্তির নিকট চেতনবৃত্তির সং ও অসং ব্যবহারের কথাগুলি জানাচ্ছেন মাত্র। শ্রীচৈতন্যরূপে তিনি জ্নাছেন — জৈমিনী ঋষির অভ্যুদয়বাদের কথায়, শঙ্করাচার্যোর নির্ভেদ্রস্থানুসদ্ধানের কথায় নিরত হ'য়ো না। উহা চেতনতা বা স্বতন্ত্রতার সন্ধ্রহার নয় ভগবানের সেবারূপ কর্ম কর ভগ্রানের সেবা যা'তে না হয়, এরূপ কর্ম্য ক'রো না।

প্রঃ— আমরা কেন অন্য ক'জে ব্যস্ত হচ্ছি?

উঃ— আমাদের কপাল পুড়ে গ্যাছে: তাই আমরা ভগবৎসেবা ছেড়ে।
দিয়ে অন্য কাজে ব্যস্ত হ'য়ে পড়্ছি। সব্বক্ষণ ভগবৎসেবাই যে আমাদের
একমাত্র কৃত্য — এই নিশুত সত্য কথাটা আমাদের মাথায় কিছুতেই
চুক্ছে না। তাই ভগবংসেবা অপেক্ষা অন্য কাজকেই আমাদের বড় মনে
হচ্ছে— কর্ত্বা মনে হচ্ছে। পুনঃ পুনঃ সাধুসঙ্গ ক'রেও আমাদের এই
মারাত্যক ভুল্টা আর ভাঙ্গি ব

মায়াতে আবদ্ধ হওয়া— মৎস্য হ'য়ে টোপ খাওয়া, যে সব স্ত্রী-পুত্র-কন্যা প্রভৃতির সঙ্গে আর কোনকালে দেখা হবে না তাদের ভোগের জন্য অমূল্য জীবন নষ্ট ক'রে— মাথার ঘাম পায়ে ফেলে ভোগের ইন্ধন যোগাড় ক'রে রেখে যাওয়া। আমগাছ পুত্লাম— বিষয়সম্পত্তি কিন্লাম— তার ফল পাবে অন্যে— যার সঙ্গে আমার আর কখনও দেখা হবে না— আমার বহু কষ্টের সঞ্চিত ধনদৌলত যে একদিন উড়িয়ে দিবে তা'র জন্যই সব চেষ্টা। আমাদের কি বিচারদ্রান্তি!

প্রঃ— এখন আমাদের কি কর্তে হবে ?

উঃ— গুরুর কাছে কথা ওন্তে হবে। প্রথমে গুরুর কাছে যে-সব কথা ওন্বো সেগুলো বড় revolting (বিপ্লবী) মনে হবে। আমার অভিজ্ঞান দ্বারা গুরুর অসম্পূর্ণতার পূর্ণতা সাধন কর্বো— কোন কোন দুর্ভাগার এরূপ দুর্বুদ্ধিরও উদয় হয়। কিছু গুরুবন্ধকে বাহ্য জগতের চিন্তাস্রোত আক্রমণ কর্তে পারে না— তিনি ঐ সকলকে অনন্তকোটি যোজন দ্রে রাখ্তে পেরেছেন। তাঁর Position (ভূমিকা) Shifting (পরিবর্ত্তনশীল) নয় ব'লেই তিনি গুরু অর্থাৎ সবচেয়ে ভারী জিনিষ। আমার গুরু Absolute truth এর বান্তব সত্যের) সেবক— তাহা খণ্ডিত সত্য নহে— তাহা Unchangable and Unchallengable.

প্রঃ— কি উপায়ে কৃষ্ণে ভক্তি হয় ?

উঃ— অনুক্ষণ কৃষ্ণকথাকীর্ত্তন ছাড়া যাঁদের অপর কোন কৃত্য নাই, সেরূপ নিষ্কপট ভগবস্তুজনপরায়ণের নিকট সেবাবৃদ্ধির সহিত মনোযোগসহকারে ভগবানের কথা শ্রবণ করিলেই পরমপুরুষ কৃষ্ণে ভক্তি উদিত হয়।

প্রঃ— বৈষ্ণবধর্ম জগতের কি উপকার কচ্ছে ?

উঃ— বৈষ্ণবধর্ম দ্বারা জগতের যে উপকার হচ্ছে, রাজনীতি সহস্র সহস্র যুগযুগান্তরে তার কোটী অংশের এক অংশও ক'রে উঠ্তে পার্বে না। আমরা রাষ্ট্রনীতিবাদিগণের নীয় এত সঙ্কীর্ণ সাম্প্রদায়িক হ'তে বল্ছি না।

প্রঃ— বৈষ্ণবধর্ম কয়জন লোকেই বা জানে ?

উঃ— Post Graduate কয়জনই বা হচ্ছে, নিউটন কয়জনই বা হচ্ছে ? অনেক মিঃ জে, সি, বসু যখন হচ্ছেন না, তখন বিজ্ঞানের আলোচনা ছেড়ে দেওয়াই ভাল— এই বিচারই কি সমীচীন ?

প্রঃ— বৈষ্ণবধর্মো কারো ব্যক্তিগত কল্যাণ হ'তে পারে, জগতের তাতে কি উপকার হয় ?

উঃ— তা নয়; সেরপ বিচার অর্চ্চন যিনি করেন, তাঁর পক্ষের কথা; যাঁরা কীর্ত্তন করেন, তাঁদের পক্ষের কথা নয়। অর্চ্চনকারী নিজের ব্যক্তিগত মঙ্গলসাধন করেন, আর কীর্ত্তনকারী সমগ্র জগৎ— বিশ্বব্রহ্মাও— পশু-পদ্দী, দেব-দানব, এমন কি বৃক্ষ-লতা-প্রস্তরাদির পক্ষে যেটা সবচেয়ে বড় উপকার, সেরপ উপকার সাধন করেন।

প্রঃ— বৈষ্ণবধর্ম কি সকলের পক্ষেই গ্রহণীয় ?

উঃ— বৈষ্ণবধর্মই নিখিল চেতনের একমাত্র ধর্ম— বৈষ্ণবধর্মই জীবের শ্বরূপের ধর্ম। খৃষ্টান থেকে কাজ নাই— মুসলমান থেকে কাজ নাই— হিদু থেকে কাজ নাই; সব বৈষ্ণব হ'য়ে যাও, পও-পক্ষী থেকে কাজ নাই, দেবতা-দৈত্য-মানব থেকে কাজ নাই, সব বৈষ্ণব হয়ে যাও অর্থাৎ শ্বরূপের নিত্যধর্মা গ্রহণ কর— আত্রধর্মা গ্রহণ কর। মহাপ্রভু তাই করেছিলেন। তিনি দাক্ষিণাত্যে দ্রমণকালে উচ্চৈঃশ্বরে কীর্ত্তন কর্তে সব বৈষ্ণব ক'রে যান্তিলেন— ঝারিখণ্ডপথে তৃণ-গুলা-লতা, পও-পক্ষী সকলে তাঁর কৃপায় বৈষ্ণব হ'য়ে গিয়েছিল। শৈব-শাক্ত, পাষ্ণগ্রী-হিন্দু, পাঠান, বৌদ্ধ, মায়াবাদী, মুমুক্ষ, বুভুক্ষু, যোগী, তপশ্বী, পণ্ডিত, মুর্থ, রুগু, সুস্থ— সব বৈষ্ণব হয়ে গিয়েছিল। মহাপ্রভুর অন্ত ছিল— একমাত্র কৃষ্ণকীর্ত্তন। আর যাঁরা বৈষ্ণব হচ্ছিলেন, তাঁরাও মহাপ্রভুর আদেশে কীর্ত্তনকারী গুরুর কার্য্য ক'রে সকলকে বৈষ্ণব কচিছলেন।

প্রঃ— বিষ্ণুসেবা কর্লে কি কাজকর্ম সব ছেড়ে দিতে হবে ?
উঃ— বৈষ্ণব হ'য়ে সব কর্কো, বৈষ্ণবতা ছেড়ে— বিষ্ণুসেবা বাদ দিয়ে
কর্মপন্থা গ্রহণ কর্কো না। বৈষ্ণবগণ সমস্ত কার্য্য হরিসেবার অনুকূলে
করেন।

थः — यांत्रा रुतित रमवा करतन छांत्रा कि जीरवत रमवा करतन ना ? উঃ— হরি অখণ্ড বস্তু, হরির সেবকই যথার্থ জীবের বন্ধু বা সাহায্যকারী। যারা জীবের বাহ্য-চেহারায় মুগ্ধ হ'য়ে হরির বাহ্য অঙ্গের সেবাকেই হরিসেবা বা জীবসেবা মনে কর্ছে, তারা বিবর্ত্তবাদী, তাদের জীবসেবা হয় না— হরির বাহ্য অঙ্গ মায়ার সেবা হয়। এইভাবে অনন্তকাল মায়ার সেবা কর্লেও নিজের বা পরের মঙ্গল হ'তে পারে না। নারায়ণে দরিদ্রবৃদ্ধি इ'ल नाताग्रापत स्नवा राला ना नाताग्रापाम जीत्वत स्नवा र'ला না— মায়ার সেবা হ'য়ে গেল। বিবর্ত্তের সেবা— মরীচিকার সেবা— ছায়ার সেবা কখনও বস্তুর সেবা নহে। তত্ত্বস্তু — একমাত্র কৃষ্ণ; জীব সেই কৃষ্ণেরই সেবক : হরির নিত্য সেবক আমরা হরির সেবা কর্ব— হরিভজের সেবা কর্বো, যারা হরিভজকে বুঝ্তে পারেন— তাঁ দিগকে শারীরিক ও মানসিক সাহায্য কর্বো : আর হরিভক্তের বিশ্বেষী যারা তাদেরও সেবা কর্বো উপেক্ষা দারা। ঈশ্বরের সেবকই আমাদের Best friend (সর্কোত্তম অকৃত্রিম বন্ধু), তাঁদের সঙ্গে মিত্রতা কর্বো। আমার যে সকল বন্ধু বিষ্ণুসেবার মাহাত্ম্য বুঝ্তে না পেরে অন্য ধর্ম গ্রহণ करत्रष्ट्रन, जांरमत काष्ट्र विक्कृत स्मिवात कथा वन्ता यिन जांत्रा विषयी ना হন। আর যারা বিদ্বেষী, নান্তিক প্রভৃতি তা'দের সঙ্গে non-co-operation [অসহযোগ] কর্বো

প্রঃ— লোককে অনু-বক্তাদি দিয়ে সাহায্য করা কি জীবে দয়া নয় ? উঃ— যদি কেহ ঈশ্বর বিশ্বাস করেন— হরিভজন করেন, তবে তাঁকে অনুবক্তাদি দিয়ে সাহায্য কর্বো। অভাব্যস্ত ব্যক্তিকে খাইয়ে-পরিয়ে হরিভজন করাতে হবে— তাঁর কিছু উপকার ক'রে দিতে হবে; নতুবা দুধ-কলা দিয়ে সাপ পুষে কাজ কি ? ওগুলো ত' দয়া নয়, ওগুলো মানুষকে লুব্ধ ক'রে নাস্তিকতার দিকে নিয়ে যাওয়া।

কৃষ্ণবিমুখ জীবকে কৃষ্ণের প্রতি উনুখ করাই প্রকৃত দয়া। কৃষ্ণকে ভুলিয়াই—কৃষ্ণসেবা বিন্দৃত হইয়াই জীব সংসারে নানাভাবে কন্ত পাছে। ভক্তসঙ্গে কৃষ্ণোনাখতা জাগিলেই জীব সমন্ত দৃঃখের হাত থেকে রেহাই পেয়ে সুখী হ'তে পার্বে। শ্রীচৈতন্যদেব এই দয়াই ক'রেছেন। শ্রীচৈতন্যদেবের দয়ার সহিত অন্যান্য যাবতীয় তথাকথিত দয়ার—অপূর্ণ দয়ার একটি Comparative study [তুলনামূলক বিচার] কর্লে দেখা যায়, চৈতন্যদেবের দয়া হচ্ছে পরিপূর্ণ দয়া বা চিরস্থায়ী দান, আর যত দয়া সব limited—সব বঞ্চনাময়ী।

প্রঃ— স্মার্ত্তেরা কি বিষ্ণুপূজা করেন না ?

উঃ— শার্তদের বিষ্ণুপূজা— গণেশ-সূর্য্যাদি দেবতা-পূজারই নামান্তর: তাতে বিষ্ণুর পরমপদের পূজা হয় না। বিষ্ণুকে পঞ্চদেবতার অন্যতম মনে ক'রে যে পূজা, তাতে বিষ্ণুর অসমোর্দ্ধ পদকে অন্যান্য দেবতার সঙ্গে সমান করে ফেলা হয়— বিষ্ণুকে ইতর দেবপর্য্যায়ে গণনা করা হয়। কিন্তু তাহা পাষ্ণুতা বা অপরাধ। শাস্ত্র বল্ছেন—

যত্ত্ব মারায়ণং দেবং ব্রক্ষ-রুদ্রাদি-দৈবতৈঃ। সমত্ত্বেনব বীক্ষেত স পাষ্ডী ভবেদ্ ধ্রুবম্ ॥

পাষণ্ডী হিন্দুগণ কৃষ্ণনামকেই একমাত্র সাধ্য ও সাধন ব'লে বিচার করেন না। তাঁরা কৃষ্ণকে অন্য দেবতার সহিত এবং কৃষ্ণনামকে যাগ-যজ্ঞ-যোগ-তপস্যা-ধ্যান-ব্রতাদির সহিত সমান মনে করেন। কিন্তু মহাপ্রভূ ব'লেছেন—

কোটি অখ্যেধ এক কৃষ্ণনাম সম। যেই কহে, সে পাষণ্ডী, দণ্ডে তারে যম। পঞ্চোপাসনায় যে বিষ্ণুপূজা, তাতে বিষ্ণুর সন্তোষ নাই, সেটা দেবতাপূজা মাত্র; সূতরাং অবৈধ।

প্রঃ— দেবতা-পূজা অবৈধ হ'লেও তাতে ত' কৃষ্ণেরই পূজা হয় ?

উঃ— বিধি পূর্বেক পূজা দ্বারাই ফল লাভ হয়— মঙ্গল হয়। অবিধি পূর্বেক পূজা দ্বারা সুবিধা হয় না। কৃষ্ণই একমাত্র সমগ্র বিশ্ব ও বিশ্বের অতীত দ্বিদল বৈকুষ্ঠের একছেরে স্মাট্: সুতরাং তাঁর ভোগে কেউ বাধা দিতে পারে না। তাঁর পূজা সকলেই কছে কিন্তু অবিধি পূর্বেক পূজা হ'লে পূজাকারীর কোন সুবিধা হয় না। যাঁরা সূর্য্য, গণেশ, শক্তি প্রভৃতির পূজা কছেন, তাঁরাও কৃষ্ণেরই ছায়াশক্তির পূজা কছেন।কারণ কৃষ্ণ হ'তে কারো স্বতন্ত্র অধিষ্ঠান নাই। কিন্তু ছায়ার পূজা হ'য়ে যাওয়ায় তাঁদের স্বরূপজ্ঞান হছে না— সম্বন্ধজ্ঞান বিকশিত হছেে না। যে দিন সম্বন্ধজ্ঞান হ'বে, সেদিন জান্তে পার্বে— কৃষ্ণই একমাত্র প্রভু—জীবমাত্রেই কৃষ্ণের নিত্যদাস— কৃষ্ণসেবাই জীবের নিত্যধর্ম।

সর্ব্বেশ্বর কৃষ্ণের ভজনই জীবের নিত্য কর্ত্তব্য। অন্যান্য দেবতাগণ সকলেই বিষ্ণুর কিন্ধর, গোবিন্দের আদেশ পালনই তাঁদের কার্য্য। যাঁরা দেবতাগণকে বিষ্ণুর কিন্ধর না জেনে বিষ্ণুরই নামান্তর বা রূপান্তর ব'লে কল্পনা করেন, তাঁরা কোনকালে মুক্ত হ'তে পারেন না।

প্রঃ— ভক্ত কি নিজের কোন কথা বলেন ?

উঃ— আমাকে অনেকে বলেন, আপনার কথা শুনে খুব উপকৃত হ'লাম।
কিন্তু আমাদের নিজের কোন বিদ্যাবৃদ্ধি নাই। গুরুদাস-সূত্রে আমরা
গুরুপাদপদ্মের কথাই ব'লে থাকি, আমরা নূতন কোন প্রস্তাব করি না।
তবে ভগবান্কে পাবার জন্য তদনুকূলে যে সকল কথা বল্বার আছে,
তাই মাত্র বলি।

আপনার নিকট যে সব কথা বল্লাম, এ সব আমাদের কিছু নয়।
আমাদের ব্যক্তিগত কোন যোগ্যতা নাই—ইহা সব গুরুদেবের কথা।
গুরুপরস্পরায় আমার গুরুদেব পর্য্যন্ত যে সনাতন সত্যের কথা নেমে
এসেছে, সেই কথাগুলিরই আমি কীর্ত্তনকারী।

ডক্ত বলেন—শ্রীগুরুপাদপদ্ম কৃপা ক'রে হৃদয়ে যা ক্ষৃর্ত্তি করান, তাহাই জিহ্বাতে প্রকাশিত হয়। আমার নিজের কোন কিছু বলার যোগ্যতা নাই।

প্রঃ— হিন্দুধর্মে পৌত্তলিকতা আছে কেন ?

উঃ— এই প্রাকৃত জগতে ভগবানের representative কেবলমাত্র দুইটি আছে। একটি— অপ্রাকৃত শব্দ বা শ্রীনাম, আর একটি— ভগবানের নিত্যচিদ্বিলাস সবিশেষরূপের অর্চাবতার। আমরা যে বন্ত হইতে বহু দূরে অথবা যে বম্ভর নিকট পর্য্যন্ত বর্ত্তমানে পৌছিতে পারি না, সে বস্ত ুকে চক্ষুরিন্দ্রিয় দ্বারা দর্শন, নাসিকা দ্বারা ঘাণ, জিহ্বা দ্বারা আস্বাদন বা তুগিন্দ্রিয় দ্বারা স্পর্শ করিতে পারি না। যেমন London town এখানে বসিয়া দেখিতে পারি না, ঘাণ করিতে পারি না, আস্বাদন করিতে পারি না বা স্পর্শ করিতে পারি না— এই চারি ইন্দ্রিয়ের কোন ইন্দ্রিয়ের কাজই দূরস্থিত বস্তুর উপরে প্রযুক্ত হ'তে পারে না ; কেবলমাত্র কর্ণেন্দ্রিয় দারা দূরস্থিত বস্তুর অভিজ্ঞান পাওয়া যায়। London এর বিষয় আমরা এখানে বসিয়া শ্রবণেন্দ্রিয় দ্বারা জানিতে পারি। টরেটকা টেলিগ্রামের শব্দ লণ্ডন হইতে আমাদের কর্ণে লণ্ডনের বিষয় আমাদিগকে জানাইতে পারে। টেলিফোনে আমরা দূরের সংবাদ সব পাইতে পারি পুস্তকে লওনের যে সব কথা পড়ি, তাহা Visualized (চাকুষ) Sounds মাত্র। Scriptures are but the visually revealed transcendental sounds, (শাস্ত্রসমূহ অপ্রাকৃত-শব্দের অর্চ্চা)। সহস্র সহস্র বৎসর পূর্বের্ব বা যুগযুগান্তর পূর্কের্ব সাধুগণ যে-সব শব্দ উচ্চারণ করিয়াছেন তাহা আমরা লেখনীর মধ্য দিয়া শুনিতে পাই, সুতরাং গ্রন্থ বা লেখনীসমূহ শব্দের অর্চা। কিন্তু ইতরব্যোমজাত শব্দ, যেমন—

লওন শব্দটী লওন হইতে পৃথক্। মায়িক জগতের শব্দে মায়িক ব্যবধান আছে। এখানে শব্দ ও শব্দীতে— জল শব্দ ও জল বস্তুতে ডেদ আছে। কিন্তু বৈকুণ্ঠজগতে শব্দ ও শব্দীতে কোন ডেদ নাই। সেখানে শব্দই বস্তু — নামই নামী। ঈশ্বরের নাম মায়িক জগতের উৎপন্ন শব্দ নহে, উহা বৈকুণ্ঠ হইতে অবতীর্ণ। এই অবতীর্ণ অপ্রাকৃত শব্দের মধ্যে মায়ার ব্যবধান নাই। সেই শব্দই সাক্ষাৎ চিদ্বিলাসময় পরব্রক্ষ। সেই অপ্রাকৃত শব্দ যাঁরা অনুক্ষণ উচ্চারণ করেন, তাঁদের অনুক্ষণ পরব্রক্ষের সহিতই communion (সঙ্গ) হয়। যারা বস্তুর নিকট হইতে দূরে, তারা যেমন শব্দের সাহায্যে দূরস্থিত বস্তুর অভিজ্ঞান লাভ করে, আবার বস্তুর সম্মুখন্থ হইলেও শব্দের সাহায্যেই বস্তুর স্তুতি, প্রশংসা ও মহত্ত্পকাশ এবং তদ্দারা সম্যগ্ভাবে সর্ব্বেশ্বিয় দ্বারা বস্তুকে উপলব্ধি করিয়া থাকে, তদ্রপ সাধন ও সাধ্য উভয়কালে অপ্রাকৃত শব্দের প্রয়োজনীয়তা স্বীকৃত হইয়াছে। শব্দব্রক্ষের উচ্চারণ বা নামসংকীর্ত্তনকেই সর্ব্বাচার্য্য-শিরোমণি জগদ্গুরু শ্রীচৈতন্যদেব সাধন ও সাধ্য বলিয়া কীর্ত্তন করিয়াছেন।

আমি (প্রভূপাদ) রেভারেও বাট্লার সাহেবকে বল্লাম যাহাতে ভগবানের কোন interest প্রয়োজন বা স্বার্থ] নাই, কাহারও ব্যক্তিগত তাৎকালিক অপূর্ণ স্বার্থ বা কামনা আছে, তাহাকেই in vain বলে অর্থাৎ বৃথা নাম গ্রহণ বলে। যেমন আপনার খাওয়ার জন্য আপনার ভৃত্য যদি আপনাকে ডাকে, আপনার সুথের জন্য আপনার স্ত্রী-পুরাদি যদি আপনাকে ডাকে তাহা কি in vain! এরপ না ডাকাই বরং in vain. ডগবানের ভক্তগণ ভগবানকে নামসংকীর্ত্তনসহযোগে ডাকেন— ভগবানের সুথের জন্য— ভগবানের সেবার জন্য, তাঁদের নিজের কোন কামনা পরিতৃপ্তির জন্য নহে। যাদের thought idolise [চিন্তা ব্যুৎপরস্তবৎ জড়ে আসক্ত] হইয়া গিয়াছে, তারাই শ্রীমূর্ত্তিকে idol (পুর্তুলিকা) দেখে, আমাদের তাতে কোন অসুবিধা হয় না। শ্রীবিগ্রহ বৈকুণ্ঠস্থ চিদ্বিলাস ভগবানের নিত্য রূপেরই প্রাপঞ্চিক জগতে করুণাময় অবতার। তাহা ভগবৎস্বরূপের সাক্ষাৎ নিদর্শন। শ্রীবিগ্রহ সাক্ষাৎ ভগবান্— সাক্ষাৎ ইষ্টদেব। প্রতিমা নহ তুমি সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন।

বৈষ্ণবগণ জড়ের আকার বা জড় নিরাকারান্তর্গত ঈশ্বরস্বরূপ

কল্পনাকারী নহেন—পৌত্তলিক নহেন। তবে যাহারা প্রাকৃত বুদ্ধি লইয়া বিচার করে, তাহাদের চিত্তে প্রতিফলিত যাবতীয় জড়াবস্থিত মূর্ত্তিই পুত্তলিকা। যাহারা নির্বিশেষবাদী বা বস্তুজ্ঞানাভাবে যাহারা জড়কে ঈশ্বর বলিয়া পূজা করে, তাহারা কাল্পনিক নিরাকারাশ্রিত পৌত্তলিক। আমরা চেতনময়ী শ্রীমূর্ত্তিকে—সচ্চিদানন্দ শ্রীবিগ্রহকে জড়পিও না জানিয়া সাক্ষাৎ ভগবান্ জানিয়া মন্ত্রের দ্বারা— চেতনের দ্বারা হৃদয় দিয়া উপাসনা করি। চেতনের বৃত্তি দ্বারা ভগবানের সঙ্গে communication হয়। যাদের চিন্তাস্রোত ও বৃদ্ধি অচেতনের দ্বারা বিজড়িত হইয়াছে, যাহারা অচিদ্দর্শন ব্যতীত চেতনের অন্য কোন ব্যবহার জানে না, তারাই অর্চাবতারকে idol (পুতুল) মনে করে। শ্রীনামদ্বারা শ্রীমূর্ত্তির সেবা হয়— চেতনের দ্বারা চেতনের সেবা হয়।

প্রঃ—শ্রীটেতন্যদেবের মতটী সংক্ষেপে বলুন ? উঃ—শ্রীটেতন্যদেবের মত আমরা একটী প্রাচীন শ্লোকে এইরূপ ওনিতে পাই—

আরাধ্যো ভগবান্ ব্রজেশতনয়স্তদ্ধাম বৃন্দাবনং রুম্যা কাচিদুপাসনা ব্রজবধূবর্গেণ যা কল্পিতা। শীমদ্ধাগবতং প্রমাণমমলং প্রেমা পুমর্থো মহান্ শীচেতন্যমহাপ্রভোর্মত্যিদং তত্রাদরো নঃ পরঃ ॥

ভগবান্ ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ এবং শ্রীধামবৃন্দাবনই আরাধ্য বস্তু ব্রজবঞ্চাণ যেভাবে কৃষ্ণের আরাধনা করেছেন, সেই উপাসনাই সর্ব্বশ্রেষ্ঠ। শ্রীমন্তাগবতই অমলপ্রমাণ এবং প্রেমই পরম পুরুষার্থ, ইহাই শ্রীচেতন্যমহাপ্রভুর মত। সেই সিদ্ধান্তেই আমাদের পরম আদর, অন্য মতে আদর নাই।

নন্দনন্দন শ্রীকৃষ্ণেই ভগবত্তার পরিপূর্ণ বিকাশ। শ্রীকৃষ্ণ ত্রিবিধ প্রতীতিতে তত্তদ্-অধিকারী ভক্তগণের নিকট প্রকাশিত হন। সেই ত্রিবিধ প্রতীতি সবই পূর্ণ প্রতীতি। উহা শ্রীকৃষ্ণের পরমাত্ম-প্রতীতি ও ব্রহ্ম-প্রতীতির ন্যায় আংশিক বা অসম্যক্ প্রতীতি নহে। ঐ ত্রিবিধ পূর্ণ প্রতীতি পূর্ণ, পূর্ণতর ও পূর্নতমরূপে প্রকাশিত। ভগবানের এই ত্রিবিধ পূর্ণ প্রতীতি দ্বারকা, মথুরা ও বৃন্দাবনে প্রকাশিত। দ্বারকায় কৃষ্ণের পূর্ণ প্রকাশ, মথুরায় পূর্ণতর প্রকাশ এবং ব্রজে পূর্ণতম প্রকাশ।

আমরা চতুর্দ্দশ ব্রহ্মাণ্ডের অন্তর্গত ভূলোকে বাস করি। এই চতুর্দ্দশ ব্ৰহ্মাণ্ড অধঃসপ্তলোক ও উৰ্দ্ধসপ্তলোক লইয়া গণিত হয়। উৰ্দ্ধ সপ্তলোক মধ্যে ভূলোকই প্রথম। ভূঃ, ভুবঃ ও সঃ— এই ত্রিবিধ লোক সকাম পুণ্যকারী গৃহমেধিগণের ভোগস্থান। আর তদৃদ্ধবর্ত্তী মহঃ, জন, তপঃ, সত্য- এই লোকচতুষ্টয় অগৃহস্থ ব্যক্তিগণের প্রাপ্যস্থান। এতনাধ্যে উপকুর্বাণ ব্রক্ষচারী অর্থাৎ যাঁহারা নির্দিষ্ট সময় গুরুগৃহে বাস করিয়া গুরুদক্ষিণা প্রদানপূর্ব্বক সমাবর্ত্তন করেন, তাঁদের প্রাপ্যস্থান—মহর্লোক: নৈষ্টিক ব্রহ্মচারী অর্থাৎ যাঁরা আজীবন গুরুগৃহে অবস্থান পূর্ব্বক ব্রহ্মচর্যব্রত পালন করেন, তাঁদের প্রাপ্যস্থান— জনলোক ; বানপ্রস্থাশ্রমিগণের প্রাপ্যস্থান— তপোলোক ; যতিগণের প্রাপ্যস্থান— সত্যলোক। কিন্ত যাঁরা ভগবদ্ধক্ত অর্থাৎ যাঁদের ইহ জগতে ভোগ বা ব্রক্ষে বিলীন হবার দুষ্টাশা নাই, তাঁহারা দুর্লভ বৈকুণ্ঠলোক লাভ করেন। সেই বৈকুণ্ঠেরও উপরে দারকা, তদুপরি মথুরা, তদুপরি— গোলোক-কূদাবন। পরব্যোমে যেসব ধাম আছে, সেই সেই ধামই প্রপঞ্চে প্রকাশিত। অপ্রপঞ্চে যাহা নাই, তাহা প্রপঞ্জেও থাকিতে পারে না। জলসম্পর্কশূন্য হইয়া সরোবরে যেমন পদ্ম অবস্থান করে, তদ্ধ্রপ প্রপঞ্চসম্পর্কশূন্য হইয়া বৃন্দাবন পৃথিবীতে অবস্থান করেন। যাহাদের চিত্ত সেবোনাুখ নহে, তাহারা প্রপঞ্চে অবতীর্ণ ধামের অপ্রাকৃতত্ব অনুভব করিতে পারে না। অযোধ্যা, দ্বারকা, পুরুষোত্তমক্ষেত্রাদি বৈকুষ্ঠেরই প্রদেশবিশেষ। বৈকুষ্ঠসুখ হইতে অযোধ্যাসুখ মহৎ, অযোধ্যাসুখ হইতে দারকাসুখ মহত্তর, গোলোক-কুদাবনবাসিগণের যে সুখ তাহা সকল সুখের শিরোমণি। রসবিশেষের

তারতম্যই এই সুখ-তারতম্যের কারণ। গোলোকে যে দুঃখ বর্ত্তমান আছে, সেই দুঃখসকলও সমস্ত সুখের মস্তকোপরি নৃত্য করে। সেখানকার দুঃখ পরমানন্দেরই পুষ্টিকারক। শ্রীচৈতন্যদেব এই বৃন্দাবনেশ বা গোকুলেশের সেবার শ্রেষ্ঠতা প্রতিপাদন করিয়াছেন। সমগ্র বিষ্ণু-অবতারের মূল-অবতারী— স্বয়ং-ভগবান্ শ্রীকৃষ্ণ। সেই কৃষ্ণ নন্দের নন্দন— যশোদার দুলাল— রাধার নাথ। সেই স্বয়ংরূপ পরমেশ্বর বা স্বয়ং-ভগবান্ কৃষ্ণই গৌড়ীয়গণের— শ্রীরূপানুগ আমাদের নিত্য উপাস্য। শ্রীচৈতন্যদেব গোকুলেশ-কৃষ্ণের কথাই বলিয়াছেন।

প্রঃ— কৃষ্ণের উপাসনার কথা কিছু বলবেন ?

উঃ—ব্রজবনিতাগণের আচরিত উপাসনাই কৃষ্ণের সর্বশ্রেষ্ঠ উপাসনা কৃষ্ণ পূর্ণশক্তিমান্, নির্দ্ধুশ ইচ্ছাময়। পূর্ণশক্তিমানের একটি পূর্ণ শক্তি আছে। সেই একই শক্তির তিনটী কার্য্য--- ১) আনন্দ বা রসাম্বাদনদান ২) কর্তৃত্ব পরিচালনা বা ভোক্তত্ব সম্পাদন ৩) সত্তাপ্রকাশন বা অস্তি ত্বিধান প্রথমোক্ত শক্তির নাম হ্লাদিনী, দ্বিতীয় প্রভাবের নাম সন্দিৎ, তৃতীয় প্রকাশের নাম সন্ধিনী। কৃষ্ণের যাবতীয় ভোগ্য বস্তুই সন্ধিনীর পরিণতি। এই সন্ধিনীশক্তি কৃষ্ণের ধাম, কৃষ্ণবিলাসের উপকরণ প্রভৃতি যাবতীয় চিদ্বৈভব প্রকাশ করিয়া কৃষ্ণের সেবা করিতেছেন; সম্বিৎশক্তি ভগবানের অনুভবকর্তৃত্ব, আনন্দের ভোকৃত্ব-উপলব্ধি এবং ভগবজ্ঞানের অনুভব করাইয়া কৃষ্ণের সেবা করিতেছেন; হ্রাদিনীশক্তি রসের বিবর্দ্ধন ও নবনবায়মান রসচমংকারিতার জন্য আপনাকে বহুভাবে প্রকাশ করিয়াছেন। ইহারাই ব্রজবনিতা। ব্রজবধূাণ মূর্ত্তিমতী কৃষ্ণপ্রীতিপরাকাষ্ঠা ও শ্রীকৃষ্ণাকর্ষিণী শ্রীরাধারই কায়বিস্তার। শ্রীরাধা— কৃষ্ণের যাবতীয় ঐশ্বরী শক্তির মূল আশ্রম্রপ। এই চিল্লীলামিথুন (Divine couple) একসরপ হইয়াও আস্থাদক এবং আস্থাদিতরূপে দুই দেহ Mahaprabhu comes to establish service through subordination to Srimati Radhika.

প্রঃ—অধোক্ষজ বম্রটি কি ?

উঃ— যাহা ইন্দ্রিয় দ্বারা মাপিয়া লওয়া যায় না, তাহাই অধােকজ। অধােক্ষজ অর্থে ইন্দ্রিয়জ্ঞানাতীত বা অতীন্দ্রিয়। সেই অপ্রাকৃত বস্তু যখন সেবােনাখ ইন্দ্রিয়ে ক্ষেছায় অবতীর্ণ হন, তখনই তাহা উপলব্ধির বিষয় হয়; নতুবা কৃষ্ণতত্ত্ব জাগতিক সর্বাশ্রেষ্ঠ পাণ্ডিত্য, সর্বাশ্রেষ্ঠ সাধনা, সর্বাশ্রেষ্ঠ বুদ্ধিমন্তা, বিচারশক্তি কোন কিছুর দ্বারাই আংশিকভাবেও জানা যায় না। অথচ অনেকে তাঁহাকে প্রাকৃত সাহিত্য বা দর্শনের মত মনে করিয়া ভোগ্যবৃদ্ধিতে তাহা আলোচনা করিতে যায়। তাহাদের কাছে অধােক্ষজ বস্তু কখনও প্রকাশিত হন না। বৈকুষ্ঠ বা অধােক্ষজ বস্তু তুরীয় (চতুর্থ); কাজেই তাঁহাকে ধারণা করিতে অসমর্থ হইয়া আমরা নির্বিশেষ বিলিয়া গোঁজামিল দিতে চাই। কিন্তু অধােক্ষজ তুরীয় পূর্ণ বস্তু কখনও নির্বিশেষ নহেন।

অধোক্ষজতত্ত্ব পরমস্বতন্ত্র, তাহা জীবের বিচারবৃদ্ধি দ্বারা উদ্ভাবিত কোন বস্তু নহে। উদ্ভাবিত বা কল্পিত বস্তুই পুত্তলিকা। জীব তাহার উদ্ভাবনী-শক্তিদ্বারা যে বস্তুকে সবিশেষ বা নির্ব্বিশেষ বলিয়া ধারণা বা কল্পনা করে কিংবা গড়িয়া তোলে, যাঁহাকে সাকার বা নিরাকার বলিয়া থাকে, সে-সকলই পুত্তলিকা। অধোক্ষজ কৃষ্ণ বা পরব্রক্ষ সেইরাপ সবিশেষ, নির্বিশেষ, সাকার বা নিরাকার পুত্তলিকা নহেন। আমরা অধোক্ষজতত্ত্বের নিকট challenging attitude (স্পর্দ্ধার প্রবৃত্তি) লইয়া কখনও উপস্থিত হইতে পারিব না। উহার নাম তর্কপন্থা। আমাদিগকে বিনীতভাবে তাহার নিকট উপস্থিত হইতে হইবে। Godhead can Himself take initiative. Thousand of our exertions can never lead to Him. প্রঃ— শ্রীটৈতন্যদেবের অনুগত সজ্জনগণ কোন্ প্রণালী স্বীকার করেন ? উঃ— দার্শনিক চিন্তাপ্রণালী জগতে অসংখ্য প্রকার হইলেও উহাদিগকে দুইটি বিশেষভাগে বিভক্ত করা যাইতে পারে— একটি শ্রৌতপ্রণালী,

আর একটি অভিজ্ঞতার প্রণালী। অনেকে আবার মুখে শ্রৌতপ্রণালীর

বিজ্ঞাপন দিয়া কার্য্যতঃ অভিজ্ঞতার প্রণালীকেই বরণ করেন, মহাপ্রভূ তাঁ'দিগকে শ্রৌতক্রব অশ্রৌতপদ্বী বলিয়াছেন। শ্রীচৈতন্যদেবের সঙ্গে যখন বৈদান্তিক সার্ব্বভৌম ভট্টাচার্য্যের বিচার ইইয়াছিল, তখন তিনি মায়াবাদিগণকে শ্রৌতক্রব প্রচ্ছন নান্তিক বলিয়া প্রমাণ করিয়াছিলেন— বেদ না মানিয়া বৌদ্ধ হয় ত' নান্তিক।

বেদাশ্রয়ে নাস্তিক্যবাদ বৌদ্ধকে অধিক ॥ (চৈঃ চঃ)

বাস্তবজ্ঞান কখনও অভিজ্ঞতার প্রণালী হইতে লাভ করা যায় না। গোমুখী দিয়া হিমালয় হইতে যেরূপ গঙ্গা নির্গত হয়, আচার্য্যের মুখ হইতেও সেরূপ বৈকুণ্ঠবিষয়ক বাস্তবজ্ঞানধারা বিগলিত হইয়া থাকে। আচার্য্য ভগবানের সংবাদবাহক। তিনি অতীন্দ্রিয় দেশের সংবাদ আমাদের কাছে আনিয়া দেন। গুরুমুখ-বিগলিত বৈকুণ্ঠের সংবাদ কেবলমাত্র সেবোনুখ কর্ণেন্দ্রিয় দ্বারা গ্রহণ করা যাইতে পারে।

যিনি কলিকাতা দর্শন করিয়াছেন, তাঁহার নিকট কলিকাতার সংবাদ্ শুনিতে হইবে। তাঁহাকে প্রতিদ্বন্ধিতাযুদ্ধে আহ্বান না করিয়া বিনীত হইয়া তাঁহার কথা মন দিয়া শুনিতে হইবে। তবে নিক্ষপট জিজ্ঞাসু হইয়া পরিপ্রশ্ন করিবার সংপ্রবৃত্তিকে প্রতিদ্বন্ধিতার দুষ্টপ্রবৃত্তি বলা যায় না, তাহাও শ্রবণ করিবারই পিপাসা। এইজন্যই শাস্ত্র বলেন— শুরুকে অন্ততঃ এক বংসর সময় দিতে হইবে। শিষ্য কোনপ্রকার প্রতিদ্বন্ধিতার প্রবৃত্তি লইয়া শুরুর নিকট উপস্থিত হইয়াছেন অথবা প্রকৃত জিজ্ঞাসু হইয়া শুরুপাদপদ্মে উপনীত হইবার বাসনা করিতেছেন, তাহার পরিচয় এক বংসরের মধ্যে পাওয়া যাইতে পারিবে। গুরুর কাছে উপনীত হইতে হইবে— শুনিতে হইবে, তাঁহার প্রতিদ্বন্ধিতা করিতে হইবে না। আমরা এই বিষয়ে বিশেষ সতর্ক হইব। এই প্রণালীর নামই অবরোহবাদ। আর অভিজ্ঞতার যে প্রণালী, তাহাকে আরোহবাদ বলা হয়।

था -- दिखावधर्मारे कि मृन ?

উঃ— विक्षवस्मारे এक्याज हत्रमध्मा वा नर्विकीरवत अक्याज धर्मा।

অন্যান্য ধর্মাগুলি কেহ বা উহার সোপান, কেহ বা বিকৃতি। সোপানস্থলে কোন অধিকারীর জন্য আদরণীয়, বিকৃতিস্থলে পরিত্যাজ্য।

প্রঃ করপে সেবা করা কর্ত্ব্য ?

উঃ— শাস্ত্র বলেন— প্রাণেরথৈর্ধিয়া বাচা শ্রেয় আচরণং সদা। প্রাণ, অর্থ, বৃদ্ধি ও বাক্য দ্বারা জীবমাত্রেরই ভগবৎসেবা করা কর্ত্বর। ভগবৎসেবাই পরমমঙ্গল, আর ভগবৎসেবাবিমুখতাই দুঃখের মূল।

প্রাণ অর্থে— চেতনতা বা প্রীতি। প্রাণের দ্বারাই ভগবানের সেবা
মুখ্যভাবে সাধিত হয়। প্রাণহীনের অর্থ, বৃদ্ধি ও বাক্য সুষ্ঠুভাবে ভগবৎসেবা
করিতে পারে না। এইজন্য প্রাণ-শন্দটী প্রথমেই বলিয়াছেন। শ্রীগুরুদেব
এই প্রাণেরই উদ্বোধন করেন। শ্রীগুরুদেব সেবোনাথ শিষ্যকে সেবার
প্রকার জানাইয়া দেন। যাঁর সেবা করার ইচ্ছা আছে, শ্রীগুরুদেব তাঁকেই
সেবার কথা বলেন।

প্রঃ— কেউ কেউ বলেন— Time is money (সময় হচ্ছে অর্থ)—
এ কথাটা কি ঠিক ?

উঃ— Time is money— এ কথাটা ঠিক নয় ; তবে Time is পরমার্থ— এটা খুব মূল্যবান্ কথা। সময় বা জীবনকে নশ্বর অর্থপ্রদ মনে না ক'রে সময়কে পরমার্থ করা দরকার— সময় বা জীবনকে ভগবৎসেবায় নিযুক্ত করা প্রয়োজন। জাগতিক নানা ব্যস্ততার সঙ্গে সঙ্গে পরমার্থের দিকে আমাদের মনোযোগ দেওয়া আবশ্যক।

অর্থ ভাল বটে, তা' বহুরূপী ইন্দ্রিয়ভোগের Exchange money. অর্থের সদ্যবহার দরকার। নতুবা অর্থের দ্বারা অনর্থই বাড়্বে— সংসার হবে। অর্থপতি নারায়ণের সেবায় অর্থ নিয়োগ করাই বুদ্ধিমত্তা, ইহাই অর্থের সদ্যবহার। তোমার কনক ভোগের জনক, কনকের দ্বারে সেবহ মাধব। কিন্তু বহু কন্টার্জ্জিত অর্থ যদি পরমার্থে (ভগবৎসেবায়) নিযুক্ত না হয়, তাহলে সেই অর্থ আমাদের সর্ব্বনাশ করবে— মৃত্যুকে ডেকে

আন্বে—ভগবান্কে তুলিয়ে দিবে। কারণ ভোগ ধ্বংসের পথেই অভিসার করে। অনেক সময় নান্তিকতা ভোগের সঙ্গে রফা-দফা ক'রে পৃথিবীর লোকের ভোগবর্দ্ধন বা ভোগের আনুকূল্যরূপ পরার্থিতার প্রদর্শনী উন্মোচন করে। ধনী ব্যক্তিগণ অনেক সময় উত্তরাধিকারিগণের জন্য যে অর্থ রেখে যান, তদদ্বারা অধন্তনগণ তা'র অসদ্ব্যবহার ক'রে মুহূর্ত্বের মধ্যে নিঃশেষ ক'রে দেয়—নিজেও পাপ ক'রে নরকে যায় এবং পিতৃপুরুষগণকেও নরকে পাঠায়।

প্রঃ— কেহ কেহ রজোগুণ বৃদ্ধি করার কথা বলেন কেন ?

উঃ— রজোগুণ বৃদ্ধি করা প্রয়োজন— এটা দুর্ভাগা লোকের উক্তি।
এরূপ অবৃথ ও নির্কোধ উক্তি দুনিয়ার বাজারে মানব জাতির প্রতি
মহাদান ব'লে গৃহীত হচ্ছে। কিন্তু শ্রীমদ্ভাগবত বল্ছেন— রজোগুণের
দারা তমোগুণের বিনাশ, রজোগুণকে সত্তুণ দারা এবং মিশ্রসত্তুকে
তদ্ধসন্ত্বের দারা নিরাস কর্তে হবে। যারা রজোগুণ বৃদ্ধির পক্ষপাতী.
তারা গুদ্ধসত্ত্বকে তমোগুণ মনে কর্ছেন, না হয় গুদ্ধসত্ত্বকে অনিত্য
গুণবিশেষ মনে ক'রে নির্কিশেষভাবকেই নির্গণ বিচার কর্ছেন। বর্তমানে
জগতের ছেলেমানুষী ধর্মে আমাদের ব্যক্ততা হয়েছে। পশুস্বভাবসম্পন্ন
ব্যক্তিগণ আত্যেন্দ্রিয়তৃতি ছাড়া আর কিছু বুঝে না। এই
আত্যেন্দ্রিয়তর্পণপিপাসা চার রক্তমে প্রকাশিত হয়। এগুলি ভক্তি নয়।
ধর্মবাঞ্ছা, অর্থবাঞ্ছা ও কামবাঞ্ছা (কামিনীবাঞ্ছা) আত্যেন্দ্রিয়তৃত্তির প্রথম
তিনটি রূপ। এদের অপর নাম— ভুক্তি। আত্যেন্দ্রিয়তর্পণের সর্ব্বাপেক্ষা
বিরাট পিপাসা— মুক্তিকামনা। আত্যন্তিক দুংখনিবৃত্তির পিপাসারেপ মুক্তি
সৃখপিপাসা বা ভোগপিপাসা ছাড়া আর কিছুই নয়।

প্রঃ— যদি কেহ অর্থ ভগবৎসেবায় না লাগাইয়া পুত্র- পৌত্রাদির জন্য সঞ্চয় করে, তবে তা'র কি গতি হয় ?

উঃ— यात्रा जावी উত্তরাধিকারিগণের জন্য ধন সঞ্চয় ক'রে যাবে.

ভগবংসেবায়, গুরুবৈঞ্চব-সেবায় ধন নিযুক্ত না কর্বে, তাদের সর্ব্বনাশ কর্বার জন্য— তা'দিকে নরকে পাঠাবার জন্য তাদের বংশে অনেক কুলাঙ্গার জন্মগ্রহণ কর্বে। সেই কুলাঙ্গারগণ সেই অর্থ নিজ ইন্দ্রিয়তর্পণের জন্য নানা পাপকার্য্যে ব্যয় ক'রে দূর্ভাগা সেবাবিমুখ পিতা-মাতা প্রভৃতিকে নরকে পাঠাবে এবং নিজেও নরকে যাবে। ভগবদত্ত অর্থ ভগবংকৃপায় পাইয়া আমিই যখন তাহার সদ্ব্যবহার কর্লাম না— তদ্ধারা ভগবানের সেবা কর্লাম না, তখন তার অসদ্ব্যবহার বা অপব্যয় ত' হবেই। এই সাধারণ কথাটা আমরা বুঝ্তে পারি না, এমনি আমাদের কপাল!

প্রঃ সর্বশ্রেষ্ঠ উপাস্য কে ?

উঃ—শ্রীকৃষ্ণ ও শ্রীরাধা হচ্ছেন উপাস্যতত্ত্বের পরাকাষ্ঠা বা চরমসীমা। বেদাদি শাস্ত্র রাধাকে অমৃতস্য পত্নী ব'লেছেন। এই অমৃতই রসম্বরূপ পরব্রক্ষ শ্রীকৃষ্ণ, তাঁর কান্ডাই রাধা।

অথর্কবেদও বলেন---

## রাধে বিশাখে সহভানু রাধা :

শ্রীবৃষভানুসুতার কৃষ্ণসেবা অতুলনীয়া। কৃষ্ণের ः ক্ প্রকার আনন্দবিধানে একমাত্র তিনিই সমর্থা।

প্রঃ— পরমার্থবিষয়ে আমার বিশ্বাস হইতেছে না কেন ?

উঃ— ভগবন্তুক্ত সাধুর নিকট ভগবৎকথাশ্রবণের অভাব বশতঃই জীবের পরমার্থবিষয়ে বিশ্বাস হয় না। Living source থেকে হরিকথা শুনলে বিশ্বাস নিশ্চয়ই হবে। তবে Challenging mood নিয়ে শুনলে হবে না। প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তি নিয়ে শুন্তে হবে— একথা গীতা ব'লেছেন; তবেই মঙ্গল হ'বে— পরমার্থজীবন-যাপনের সুযোগ হবে।

প্রঃ পঞ্জোপাসকের বিষ্ণু-উপাসনাটা কিরূপ ?

উঃ— ভক্ত নৈষ্ঠিক। যেখানে নিষ্ঠা বা ঐকান্তিকতা নাই, যেখানে একনিষ্ঠার অভাব, সেখানেই ব্যভিচার বা অভক্তি। এজন্য পঞ্চোপাসক ভগবন্তুক্ত নন্ তিনি অভক্ত।

বিষ্ণু — কামদেব। তিনিই জগদীশ্বর এবং মনুষ্য, দেবতা প্রভৃতি সকলের নিত্য-উপাস্য। অন্যান্য দেবতা বিষ্ণুর আবরক মাত্র, আমাদের খাজাঞ্চী বা Order-supplier. পঞ্চোপাসকগণ যখন বিষ্ণুর নাম ক'রে বিষ্ণুর কাছ থেকেও কামনাসিদ্ধি চান— মোক্ষ চান তখন তাঁরা বিষ্ণুকে দেবতাপর্য্যায়ের অন্তর্গত ক'রে ফেলেন, তখন বিষ্ণুর বিষ্ণুত্ব আবৃত থাকে।

প্রঃ— সেবা কি ?

উঃ— আমাদের যাবতীয় প্রচেষ্টা ও প্রবৃত্তি কেবল বিষ্ণুর সুখের জন্যই যখন নিযুক্ত হয় তখনই তাহা সেবা; আর যা অপরের নিকট হ'তে সেবা আদায় করে ধর্ম্ম, অর্থ, কাম বা মোক্ষ কামনার আকারে, তাহাই সেবার বিরোধী ব্যাপার বা নাস্তিকতা। এই নাস্তিকতা পরার্থিতা প্রভৃতি বহুরূপিণী মূর্ত্তিতে উপস্থিত হ'তে পারে।

প্রঃ— সনাতনধর্মা কি ?

উঃ— অধোক্ষজভক্তি বা ভগবংসেবাই সনাতন ধর্ম— নিত্যধর্ম বা পরমধর্ম। ইহা Unchangable and Unchallengable— অপরিবর্ত্তনীয় ও অতর্কা বা অখণ্ডণীয়। আজকাল যে-সকল সনাতনধর্ম হ'য়ে উঠেছে, সেগুলি সব অবৈদিক ধর্ম— কর্মকাণ্ডীর বা জ্ঞানকাণ্ডীর দেহধর্ম— মনোধর্ম। এসব কল্পিতধর্মকে সনাতনধর্ম মনে হ'লে বিশ্বত হ'তে হবে, তাতে প্রকৃত শান্তি মিল্বে না।

প্রঃ—ভক্ত ও অভক্ত কে ?

উঃ— যারা ভগবান্ শ্রীহরির সেবা করেন, ভগবংসেবা ব্যতীত যাঁদের আর অন্য কোন কার্য্য নাই, ভগবানের কার্য্যই যাঁদের নিজের কার্য্য, তারাই ভক্ত। তারা ভগবান্ ব্যতীত অন্য কা'কেও জানেন না। চেতনধর্মাবিশিষ্ট ভক্তিযুক্ত সজ্জনগণই ভগবান্ শ্রীহরির উপাসনা করেন।

অচেতনধর্ম আর কিছুই নহে— সেখানে চেতনের ধর্ম বা ক্রিয়া (ভগবৎসেবা) লক্ষিত হয় না। ভক্তিহীন ব্যক্তিই অচেতন, জড়প্রায়, অন্যাভিলাষী, কর্ম্মী বা জ্ঞানক্রব। কর্ম্মী, জ্ঞানী, যোগী, তপস্বী প্রভৃতি অভক্ত— ভক্তিহীন। তাঁরা সকলেই নিজের নিজের স্বার্থ নিয়ে ব্যস্ত।

শাস্ত্র বল্ছেন— যে ভগবৎসেবা করে না, সে-ই জীবন্ত। ভগবৎসেবা না কর্লে ভোগের বিচার এসে আমাদিগকে বিপন্ন কর্বে—
মায়ার নফর ক'রে দিবে। ২৪ ঘণ্টার মধ্যে ২৪ ঘণ্টাই ভগবৎসেবার বিচার না থাক্লে মায়া এসে তাকে গ্রাস কর্বে, মানুষ অচেতন হয়ে পড়বে। সকল বস্তুতে ভগবৎসেবাসম্বদ্ধ না দেখার দরুণ সেই সকল বস্তুর ভোজা বা কর্ত্তা অভিমানে জীব বিপথগামী হয়ে পড়ছে। ভগবানের ভক্ত অন্যাভিলাষী, ভোগপর কর্ম্মী বা ভোগরহিত অভক্তজ্ঞানী নন, তাঁরা জড়ের সেবা— মায়ার সেবা করেন না। অভক্তই জড়ের সেবা করিয়া প্রভূ হইবার বাসনা করে।

ভক্তিই ভক্তের সম্পত্তি। ভক্তিই ভক্তের জীবন। ভগবৎ-সুখবাঞ্ছাই তাঁদের হৃদবৃত্তি। অভক্তগণের চিত্তবৃত্তি ঠিক তা'র বিপরীত। তা'রা নিজসুখবাঞ্ছা নিয়েই ব্যস্ত।

প্রঃ — জগৎকে কিভাবে দেখ্বো ?

উঃ--- শাব্র বল্তেন---

ঈশবাস্যমিদং সর্ব্বং যৎকিঞ্চ জগত্যাং জগৎ। তেনত্যক্তেন ভুজ্ঞীথা মা গৃধঃ কস্য সিদ্ধনম্॥

হে ভোগিকুল, তোমরা বিশ্বকে ভোগ্যজ্ঞান কর্ছ কেন ? ভোগের মধ্যে থাক্লে হরিভজন হবে না। সমস্ত বিশ্বই ভগবানের সেবার উপকরণ, সমস্তই অদিতীয় ভোক্তা ভগবানের ভোগের বস্তু— এটা তুমি ভুলে যাচ্ছে কেন ? সেবক হয়ে ভোগ কর্বার প্রবৃত্তি কেন আস্ছে ? সেবাই সেবকের বৃত্তি। তাই সেবাতেই তা'র শান্তি। ভোগ ত' আর সেবা নয় যে তাতে শান্তি হবে।

প্রঃ— কোন্ পথ গ্রহণ কর্তে হবে ?

উঃ - তর্কপথ পরিত্যাগ ক'রে শ্রৌতপথ গ্রহণ কর্তে হবে।

প্রথমে শ্রবণ কর্তে হবে, আগেই চোখ দিয়ে দেখতে হবে না, তা'হলে বঞ্চিত হ'তে হবে। মহাজনের আচরণ চোখ দিয়ে দেখতে গেলে আনুকরণিক হ'য়ে অসুবিধায় পড়তে হবে। প্রত্যক্ষবাদ, ভোগবাদ, আরোহবাদ জীবকে নান্তিকতার দিকে নিয়ে যায়। এজন্যই অবতারবাদ গ্রহণীয়।

প্রঃ—ভগবান্ কাহাকে উদ্ধার করেন ?

উঃ— অজ্ঞান ভোগী ও ত্যাগী ভক্তির কথা বুঝে না। যারা অতিবৈরাগী বা শুদ্ধজ্ঞানী বা ত্যাগী, তারা ভগবস্তুজন বুঝ্তে পার্বে না। যারে বিষয়ে অত্যধিক আসক্ত, তারাও ভক্তির কথা বুঝ্তে পারে না। যাদের দিব্যক্তান হয় নাই, তারাই নিজে প্রভু হবার জন্য ব্যস্ত হয়। আমি ভগবানের পাদপদ্ম আশ্রয় ক'রেছি, আমি ভগবানের সেবক, ভগবংসেবাই আমার কার্য্য— এই জ্ঞানই দিব্যজ্ঞান। ইহা শুক্রকৃপায় লাভ হয়। যে ভগবান্কে ছাড়ে না, ভগবান্ও তাকে ছাড়বেন না। সেবারত ব্যক্তি ভগবান্কে পাবেই। তবে ষোলআনা দিতে হবে, নতুবা ঠকে যাব। শতকরা শতভাগ দিলে ভগবান্ উদ্ধার কর্বেনই।

প্রঃ—জীবে ও ঈশ্বরে কি ভেদ ?

উঃ — ঈশ্বর ও জীবে উপাস্য-উপাসক-ভেদ। জীবের সেবনধর্ম্ম আর ভগবানের সেবগ্রহণধর্ম। একটি বস্তু পূর্ণ ও বৃহৎ, আর একটি বস্তু সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র। পরমেশ্বর বিভূচিৎ ও জীব অণুচিৎ। ঈশ্বর মায়াধীশ আর জীব মায়াবশ। "মায়াধীশ মায়াবশ ঈশ্বরে জীবে ভেদ"

প্রঃ—কে ভগবানের দয়া পায় ?

উঃ— নিষ্কপট শরণাগত ব্যক্তিগণের প্রতিই ভগবানের দয়া হয়। অহং-মম-ভাবের বর্ত্তমানে কখনই ভগবানের কৃপা লাভের সম্ভাবনা নাই।

প্রঃ—শ্রেয়ঃ ও প্রেয়ঃ কি এক ?

উঃ—কখনই না। যাতে আমাদের বাস্তবিক সুবিধা হয়, তাহাই শ্রেয়ঃ। আমাদের যা' ভাল লাগে তাহাই প্রেয়ঃ, আর যাতে আমাদের ভাল হয় তাহাই শ্রেয়ঃ। এতদুভয়ের মধ্যে শৃতস্ত্রতার অবস্থান। শৃতস্ত্রতা থেকে দুই প্রকার চিন্তান্রোতের উদয় হয়। একপ্রকার শ্রেয়ঃ বিচার, অপর প্রকার প্রেয়ঃ বিচার। যেখানে শ্রেয়ঃ ও প্রেয়ঃ এক হয়েছে, অর্থাৎ ভগবৎসেবাই প্রীতির বস্তু হয়েছে, সেখানে সব ঠিক। কিন্তু তা' না করিয়া অর্থাৎ শ্রেয়ঃকে বাদ দিয়া যদি প্রেয়ঃ লইয়া ব্যন্ত হই, তা'হলে অসুবিধার মধ্যে থাক্লাম। যেখানে শ্রেয়ঃ ও প্রেয়ঃ এক হয়েছে, সেখানে কৃষ্ণানুশীলন ব্যতীত আর অন্য কোন কার্য্য নাই। মায়ারাণীর অধীনে যে শ্বসুখানুসন্ধান, তাহাতে সর্ব্রনাশকর প্রেয়ের প্রলোভন রহিয়াছে। ইহার ভিতর শ্রেয়ের কোন কথা নাই।

যেখানে নিষ্কপট ভগবৎসেবা, সেখানে ভগবানেরও আনন্দ, আর আমাদেরও সেবানন্দলাভরূপ শ্রেয়ঃ। শ্রেয়ঃকে বাদ দিয়া প্রেয়ের দিকে প্রভাবিত হইলেই আমরা অসুর হইয়া পড়ি— ভগবানের সুখানুসন্ধানে উদাসীন হইয়া নিজেন্দ্রিয়তর্পণেই প্রমত্ত হই। যেখানে শ্রেয়ঃই প্রেয়ঃ হয়, সেখানে ভগবৎসেবা ছাড়া আর কিছুই কর্ত্ব্য মধ্যে পরিগণিত হয় না।

যাঁরা শ্রেয়ের বিচার গ্রহণ ক'রেছেন, তাঁরা কর্মফলভোগকে ভগবানের কৃপা জানিয়া তাহা ভোগ করিতে করিতে কায়মনোবাক্যে ভগবৎপাদপদ্মে শরণাগত থাকেন। তাঁরা কর্মফলভোগ হ'তে মুক্ত হবার জন্য প্রার্থনা না করিয়া অহৈতুকী সেবাই প্রার্থনা করেন। এই প্রকার শ্রেয়ের আশ্রয়কারী ব্যক্তিই ভগবৎ-পাদপদ্মলাভের অধিকারী।

প্রেয়ঃপস্থায় মৃত্যু (সংসার) জয় করা যায় না। শ্রেয়োবিচার গ্রহণ কর্লেই মৃত্যু জয় করা যায়।

যাঁরা নিরম্ভর ভগবৎসেবা করেন এবং অপরকে ভগবৎসেবায় উদ্বৃদ্ধ করেন, তাঁরাই প্রকৃত সাধু। আর যিনি তা' না করেন, অন্য কিছু উপদেশ দেন, তিনি দুঃসঙ্গ। যাঁরা প্রেয়ের কথা ব'লে আমার মন হরণ করেন, তাঁদিগকে দুঃসঙ্গজানে দৃঢ়ভাবে পরিত্যাগ করা কর্ত্তব্য, নতুবা বিপদ্
হ'য়ে যাবে— সর্কানাশকর সংসারই ভাল লাগ্বে— প্রেয়ঃপন্থী হ'য়ে
যেতে হবে।

প্রঃ— সেবার ফল কি ?

উঃ— ভগবান্কে নিশ্বপটে আশ্রয় করা এক জিনিষ, আর ভগবানের সেবার নামে নিজের খেয়ালে চলা আর একটা জিনিষ। স্বতম্ত্র অনুগত নহে, অনুগত স্বতম্ত্র নহে। অনুগত— শ্রেয়ঃপন্থী, স্বতম্ত্র— প্রেয়ঃপন্থী। সেবার অভিনয় ও সেবা এক নহে। ফলের দ্বারা তাহা বুঝা যায়। সেবার ফল উত্তরোত্তর সেবোনুতি বা প্রবল সেবাকাঙ্কা, আর তদ্বিপরীত হচ্ছে ভোগের দিকে প্রগতি।

প্রঃ—শিষ্যের বিচার কিরূপ হবে ?

উঃ— শ্রীশুরুমহিমাই আমাদের একমাত্র শ্রোতব্য। আমার শুরুদেব আমাকে যেভাবে থাকিবার নির্দেশ দেন, আমাকে তাহা মাথা পাতিয়া লইতে হইবে। এজন্য যদি অসুবিধাও হয়, তাহার ফল আমি লইতে প্রস্তুত আছি— ইহাই প্রকৃত শিষ্যের বিচার।

যিনি কীর্ত্তন করেন, তিনিই শ্রীগুরুপাদপদ্ম। মন দিয়া কীর্ত্তিত বিষয়ের শ্রবণ এবং তাহা নিজ জীবনে পালনই শিষ্যের বিচার।

প্রঃ— শুদ্ধভজন কি উপায়ে হয় ?

উঃ—সাধুসঙ্গে থাকিয়া হরিগুরুবৈষ্ণবসেবা করিতে করিতেই আত্মকল্যাণ লাভ হয়। মনের খেয়ালে ভজনের অভিনয়কে ভজন বলে না, শ্রীগুরুপাদপদ্মের নির্দ্দেশানুসারে গুরুকৃষ্ণসুখার্থ ভজন করিলেই শুদ্ধভজন হয়।

প্রঃ—জীবের নিত্যধর্ম কি ?

উঃ—ধর্মা, অর্থ ও কাম— এই তিনটি ভোগধর্মা, আর মোক্ষবাসনা— ত্যাগধর্মা। এই ভুক্তি ও মুক্তি— পিশাচীর কবল হইতে মানবজাতিকে উদার কর্বার জন্যই তাগবডধর্ম্মের প্রকাশ। সমগ্র মানবজাতি ভোগধর্ম্ম ও ত্যাগধর্ম্মকেই ধর্ম্ম ব'লে জেনে রেখেছে। ভাগবতধর্ম্ম সমগ্র মানবজাতির ধারণায় বিপ্লব আনয়ন ক'রে বল্ছেন— ভোগকামনা ও মুক্তিকামনার হস্ত হইতে মুক্তি লাভ ক'রে অধোক্ষজ ভগবৎসেবাই জীবের স্বতঃসিদ্ধ নিত্যধর্ম্ম। Integer পরমেশ্বর হইতে Integral part জীব যদি স্বতম্ত্র হ'য়ে নিজের সুবিধা বা স্বার্থ পোষণ কর্তে চায়, তবে অমঙ্গললাভ হবে। ভগবানের সুখের জন্য যত্ন কর্লেই সুখী হওয়া যায়; আর নিজের সুখের জন্য যত্ন কর্তে গেলেই দুঃখ আসে।

ধর্মকে প্রধান দুইভাগে বিভক্ত করা যায়। একপ্রকার ধর্ম—
মেপে নেওয়ার ধর্মা বা যা'কে বলা হয় 'অনয়া মীয়তে ইতি মায়া' বা
আধ্যক্ষিকতা; আর একপ্রকার ধর্ম— আরাধনার ধর্ম, 'অনয়া রাধিতঃ'
বা অধ্যক্ষজসেবাধর্ম। মেপে নেওয়ার ধর্ম দ্বারা কখনও ঈশ্বরসানিধ্য
লাভ হবে না। অন্যাভিলাষ, কর্ম, জ্ঞান, যোগ, ব্রতাদিও মেপে নেওয়ার
ধর্মা বা অভক্তি।

অন্যান্য সকল ধর্মেই ভোগ ও ত্যাগের Philosophy, কিন্তু অধোক্ষজসেবার Philosophy একমাত্র ভাগবতধর্মে। তাই শ্রীমদ্ভাগবতদর্শন অদ্বিতীয়।

তৌলদণ্ডের একদিকে থাকুক জগতের যত অন্যাভিলাষ-কর্ম-জ্ঞানাদিচেষ্টাযুক্ত মণীষা, আর একদিকে 'বিদ্যা ভাগবতাবধি'। কোন্দিকের মূল্য সর্ব্বাপেক্ষা অধিক, তার একটা comparative study কর্বার জন্য ভাগবত আহ্বান ক'রেছেন। শুদ্ধ বিষ্ণুপাসনা একদিকে, আর সূর্যা, গণেশ, শক্তি ও শিব— এই চারি প্রকার উপাসনা এবং বিষ্ণুকে কর্ম্মফলবাধ্যবিচারে বিষ্ণু-উপাসনার ছলনা আর একদিকে। কোন্দিকে অকপট বাস্তব্যত্য, মানবজাতি তা' বিচার করুন। পঞ্চোপাসনায় ভগবদ্বস্তুকে বিশ্বের অন্তর্গত মনে করা হয়। উপাসক— দুষ্য, আর উপাস্য— দৃশ্য, তাদের এই বিচার। কিন্তু ভাগবতদর্শনে উপাসক—

দৃশ্য ও ভোগ্য, আর উপাস্য—দুষ্টা ও ভোক্তা।

আমাদের কাছে থৈ কোন জিনিষ আসুক, কৃষ্ণের সঙ্গে তার যোগসূত্র দেখতে হবে। কারণ প্রত্যেক বস্তুই Integral part, Integer এর সহিত তা'র Uniting tie অনুসন্ধান করাই বস্তুর প্রকৃত স্করপদর্শন

প্রঃ— অন্যান্য ইন্দ্রিয় হইতে কর্ণের বৈশিষ্ট্য কি ?

উঃ— এ জগতে অতীন্দ্রিয় বস্তুর সম্বন্ধে অভিজ্ঞান একমাত্র কর্ণের দ্বারাই সম্ভব, চক্ষুরাদি ইন্দ্রিয়ের দ্বারা সম্ভব নহে। কর্ণের দ্বার বন্ধ করিয়া অন্যান্য ইন্দ্রিয় পরিচালনা করিলে কেবল পূর্ব্বপ্রাপ্ত বিচারই প্রবল থাকে ও আত্মন্তরী হইয়া যে তিমিরে সেই তিমিরেই থাকিতে হয়, তাহাতে অধিকতর অনর্থে ভ্রিয়া যাইতে হয়। আধ্যক্ষিকগণেরও ধারণা নিয়মিত ও পরিবর্ত্তিত হইতে পারে যদি তারা শ্রবণেন্দ্রিয়ের অনুশীলন করেন, যদি তারা শ্রীচৈতন্যবাণীতে কর্ণ নিয়োগ করেন। কিন্তু অন্যান্য ইন্দ্রিয়ের পরিচালনা দ্বারা তারা তাদের মনোধর্ম্ম পরিত্যাগ করিতে পারেন না। তবে অপ্রাকৃত শব্দের বক্তাও অপ্রাকৃত হওয়া আবশ্যক। বক্তা চেতনময় বন্ধ হওয়া চাই। অপ্রাকৃতশব্দের বক্তা নিদ্ধিঞ্চন, তিনি শ্রোতার যাবতীয় কিঞ্চনধর্ম্ম পরিত্যাগ করাইয়া তাহাকে নিদ্ধিঞ্চন করিতে পারেন।

প্রঃ -- জীবের প্রয়েজনীয় বিষয়টি কি ?

উঃ— হরিম্মৃতিই আমাদের সর্ব্বাপেক্ষা প্রয়োজনীয় বিষয়। তাহা শ্রবণ ও কীর্ত্তনের উপর নির্ভর করে। শ্রবণ হইলে কীর্ত্তন হয়; আবার কীর্ত্তন হইলে স্মরণ হয়।

আমরা অসুবিধায় পড়িয়া আছি— এই বিবেক অনেক সময় হরিকথায় রুচি উৎপন্ন করায়। হরিকথা শ্রবণ করিতে করিতেই কীর্ত্তন ও শ্রবণ হয়। যখনই আমরা হরিকীর্ত্তন করি, তখনই আমাদের হরিশ্বৃতি আসে। ভগবানে স্বাভাবিক রুচি উৎপন্ন হওয়ার নামই আত্মসর্মপণ। যখন আমরা বৃথিব— আরাধনানাং সর্বেষাং বিষ্ণোরারাধনং পরং। তশাৎ

পরতরং দেবি ! তদীয়ানাং সমর্চ্চনম্ ॥ অর্থাৎ সকল engagement অপেক্ষা বিষ্ণুর সেবা best engagement আর যাঁরা বিষ্ণুর সেবা করেন, সেই ভগবদ্ধক্তের সঙ্গ ও সেবা আরও শ্রেষ্ঠ engagement, তখন আমাদের জীবন সমর্পিত জীবন হইবে। জগতে বহুপ্রকার লোকের দুঃসঙ্গ করিতেছি, তাতে আমাদের অসুবিধাই বাড়িতেছে। দুঃসঙ্গ ত্যাগ করিয়া সৎসঙ্গ করা প্রয়োজন : অধোক্ষজ কৃষ্ণের service বাদ দিয়ে যে public service প্রভৃতি তাতে অস্থায়ী ফলমাত্র পাওয়া যাবে, তাতে প্রকৃত শান্তি হবে না— চিত্ত স্থির বা শান্ত হবে না। ভগবানের যদি অনুগ্রহ হয়, তবেই কেবল অনাবিল হরিকীর্ত্তনকারী সাধুর সঙ্গলাভ ঘটে।

রূপ, রস, গন্ধ, শব্দ, স্পর্শ প্রভৃতি বিষয় সর্ব্বদা আমাদিগকে আকর্ষণ করিতেছে। ভগবানের সঙ্গে কিরূপে Associated হওয়া যায়, তা' শ্রবণ কর্তে হবে।

Public service ত' আমরা বহু জন্ম করিয়াছি, পতরাও তাদের স্বজাতির জন্য নানাবিধ কার্য্য ক'রে থাকে, কিন্তু মানুষ হইয়া আমরা কি higher promotion পাইব না ? এখানে সব সাময়িক ও নশ্বর বস্তু, যা চিরদিন থাকে তৎসম্বন্ধে কি আলোচনা কর্লাম ? এই মনুষ্যজীবনের সার্থকতা এই যে, ইহাতে পরজীবনের ও নিত্যজীবনের কথা আলোচনা করা যায়। এ জীবনে হরিকথা শুনা ও হরিকথা বলা যায় এবং তাহাই হরিস্ফৃতিলাভের একমাত্র উপায়। কেবল হরিকথাকীর্ত্তন ছাড়া আমাদের এখানে আর কোন কাজ নাই। জীবনে মরণে কৃষ্ণের কথা কীর্ত্তন ব্যতীত আমাদের অন্য কোন গতি বা কৃত্য নাই। সুমেধাগণ কৃষ্ণকথাকীর্ত্তনকারী, আর কুমেধাগণ অন্যাভিলাষ জ্ঞান-কর্ম্যজনকারী। শ্রীবার্ষভানবী দেবী সর্ক্রদাই কৃষ্ণনাম উচ্চারণ করেন। তিনি কৃষ্ণ ব্যতীত অন্য কিছু নহেন। সুমেধাগণের সর্বশ্রেষ্ঠ হলেন—শ্রীবার্ষভানবী; সুমেধাগণের মূলপুরুষ—শ্রীগৌরসুন্দর।

প্রঃ— আমাদের পূর্ণ মঙ্গল কি ক'রে হবে ?

উঃ — পূর্ণবন্ত হ'লেন ভগবান্ শ্রীহরি। কৃষ্ণ দয়ায়য়, তিনি পূর্ণবন্ত, তাঁর দয়াও পূর্ণতা-প্রদানরূপ দয়া। পূর্ণবন্ত প্রদত্ত হইয়া য়য় অপূর্ণের নিকট — তাতে অপূর্ণ পূর্ণকে পেতে পারে। পূর্ণের নিকট না গেলে পূর্ণমঙ্গল ঘটে না। খণ্ডানন্দ বা পরিমিত আনন্দ লাভ ক'রে আমাদের আশা পূর্ণ হয় না। ভগবান্ প্রচুর দয়ায়য় বলিয়া আমাদিগকে ভগবৎকথাশ্রবণ ও কীর্তনের সুয়োগ দিয়েছেন। কৃষ্ণকথাশ্রবণকীর্ত্তন ব্যতীত জীবের চিত্ত নির্মল হয় না— নিত্যমঙ্গলের সন্ধান মিলে না। কৃষ্ণ হলেন আকর্ষক বন্তু। সেই আকর্ষকের কথা শ্রবণ-কীর্ত্তন কর্লে তাঁর অনুগ্রহবশে আমরা অতি সহজেই তাঁর প্রতি আকৃষ্ট হ'য়ে পড়ি, তখনই আমাদের পূর্ণমঙ্গল হয়। প্রঃ — ভগবদবিমুখ জীব প্রথমে কি হইয়া এ জগতে আসিয়ছে? উঃ — ভগবদবিমুখ জীব প্রথমে বিহুয়া হয়, তৎপরে মানুষ হয়। পতিত জীব প্রথমে বিরিঞ্জি হইয়াছে। মায়ার ভোক্তা বা কর্তা হইতে গিয়া অনেক জীব ব্রহ্মার পুত্র হইয়াছিলেন। তাঁহাদের মধ্যে কেহ কেহ প্রজাসৃষ্টির ভার প্রাপ্ত হইলেন।

যখনই জীবের ভোক্তা-অভিমান হয়, তখনই সে মায়াতে আবদ্ধ হইয়া পড়ে। অচেতন রাজ্যে মায়ার প্রভু হইতে গিয়ে মায়ার দাসত্ত্বই তাহাকে বরণ করিতে হয়।

প্রঃ—জীব কি পুরুষ ?

উঃ— জীব বা আগ্রা স্বরূপতঃ স্ত্রী, পুরুষ বা নপুংসক নহে। স্ত্রী-পুরুষ প্রভৃতি দেহের পরিচয় মাত্র।

জীব দেহ নহে, জীব দেহী— আত্মা। আত্মা পরমাত্মার সেবক।
জীব জড় নহে, জীব চেতন আত্মা পরমাত্মার দর্শন পায়। আত্মা
পরমাত্মার সহিত কথা বলিতে পারে। ভাবানুসারে জীবের চেতনদেহ
প্রকাশিত হয়। যারা মধুররসে ভজন করেন, তাঁরা স্ত্রী-মূর্ত্তি— কৃষ্ণের
কান্তা। আর যারা স্থাগণের আনুগত্যে সেবা করেন, তাঁদের পুরুষদেহ। জীবের নিত্যশুদ্ধ দেহ চিনায়, তাহাতে স্ত্রী-পুরুষভেদভাব নাই।

যখন যে ভাব হয়, তাহাতে শুদ্ধ জীব স্ত্রীত্ব বা পুরুষত্ব লাভ করিয়া থাকে।

थ8--- সদ্ভক্চরণাশ্রের ফল कि ?

উঃ— জীব সদ্গুরুর আনুগত্যে ভজনরাজ্যে চরম উন্নতি লাভ করিতে পারে। গুরুক্ষের সেবা-ফলে প্রাকৃত অভিমান নষ্ট হইলে জীবের গোলোকপ্রাপ্ত হয়। জীব নিষ্কপট সেবাফলে মুক্তগণের, এমন কি নিত্যমুক্তকুলের সমপর্য্যায়ভুক্ত হইতে পারেন। শ্রীগুরুনিত্যানন্দর রক্তমাংসের পিও মাত্র নহেন। শ্রীগুরুনিত্যানন্দের পদাশ্রয় করিলে জীবের সকল তাপ দূর হয়।

প্রঃ—ভগবৎপ্রাপ্তি কিভাবে হয়?

উঃ— ভগবানের কৃপা ও সেবকের নিষ্কপট আর্ত্তি একত্র হইলে জীবের অনায়াসে ভবনাশ ও কৃষ্ণপ্রাপ্তি হয়।

প্রঃ— সংসার ভাল লাগে কেন ?

উঃ—তরু-বৈষ্ণবকে উদ্বেগ দিলে লোকের অমঙ্গল হয়। তাঁরা সাধারণ মানুষ নহেন। তরু-বৈষ্ণব বজ্রাদিপি কঠোর এবং কুসুম হইতেও কোমল। দুনিয়ার লোকের সঙ্গে ও বিষ্ণুভক্তের সঙ্গে একরকম ব্যবহার কর্লে চল্বে না। তরুবৈষ্ণবকে নিয়ে খেলা করা উচিত নয়। এঁরা সাংঘাতিক লোক।

অবনতমন্তকে শাসন স্বীকার না কর্লে তা'কে শিষ্য বলা যাবে না। মঠবাসীর আচার-বিচার ছাড়িয়া দিলে সংসারী হইয়া পড়িতে হইবে। মঠস্বার্থ এবং মঠসেবার গুরুত্ব ও মাহাত্ম্য অনুভব না হইলে সংসারই ভাল লাগিবে। মঠ সাক্ষাৎ বৈকুষ্ঠ, আর সংসার নরকের দারস্বরূপ। ভগবৎপ্রসঙ্গবিমুখ হইলেই জীবের পতন বা সংসার হয়।

> শ্রীমন্তাগবত বল্ছেন (৩৯৯৯)— অহ্যাপৃতার্ত্তকরণা নিশি নিঃশয়ানা নানামনোরথধিয়া ক্ষণভগ্ননিদাঃ।

দৈবাহতার্থরচনা ঋষয়োহপি দেব যুদ্মৎপ্রসঙ্গবিমুখা ইহ সংসরন্তি॥

অধোক্ষজ কৃষ্ণের নিরম্ভর সুখেষণার নামই সেবা। সর্বাক্ষণ কৃষ্ণের সুখৈষণা ব্যতীত আমাদের আর কোন কার্যাই নাই। শ্রীনামভজনেই সর্ব্বসিদ্ধ হয়। শ্রীনামের ভজন ব্যতীত নামীর ভজন হয় না। কৃষ্ণের দাস হইতে পারিলে আমাদের মঙ্গল হয়। কিন্তু মায়ার সেবা করিলে অমঙ্গলের হস্ত হইতে নিস্তার নাই।

প্রঃ— হরিকথা শুনেও মঙ্গল হচ্ছে না কেন ?

উঃ— কর্ণ বন্ধ ক'রে শ্রবণ কি ক'রে হবে ? অন্যমনস্ক হ'য়ে ত' আর শ্রবণ হবে না ? অন্যমনস্কের ত' কথাই নাই, কেবল মন দিয়ে ভন্লেও হবে না। কারণ মন ত' অস্থির ! ভনা মানে আচরণ করা। শ্রবণীয় বিষয় আচরণ না কর্লে কি ক'রে ফল হবে ? এজন্যই প্রাণ দিয়ে হরিকথা তন্তে হবে। তবেই ফল হবে।

প্রঃ—ভক্তি ও ভোগ কি পৃথক্ জিনিষ ?

উঃ—নিশ্চয়ই। ভক্তি ও ভোগ এক জিনিষ নহে। যেখানে ভক্তি, সেখানে ভোগ নাই। যেখানে ভোগ, সেখানে ভক্তি নাই। ভোজাভিমানে ভোগ হয়, আর ভগবৎসেবক অভিমানে ভক্তি হ'য়ে থাকে। ভোগ অন্ধকারসদৃশ, আর ভক্তি আলোমরী। ভোগ— নিজেন্দ্রিয়তর্পণ্ময়, আর ভক্তি—কৃষ্ণসুখবিধানময়ী। যখন আমরা ভোগের দিকে যাই, তখন শোক, মোহ ও ভয় আসিয়া পড়ে। তখন অনিত্য বিষয়ে আসক্ত হওয়ার পরিণতি ভগবান আমাদিগকে জানাইয়া দেন। সুতরাং সতর্ক হইয়া ভগবানের ভজন করাই বুদ্ধিমানের কার্য্য। ভোগ ত' দুঃখের রাস্তা। কিন্তু ভক্তি সুখলাভের উপায়।

প্রঃ—ভক্তের দর্শন কিরূপ ?

উঃ— ভক্ত সকল বস্তুকে ভগবানের সেবার উপকরণ বলিয়া জানেন।

ভোগ্যদর্শনের পরিবর্ত্তে সেব্যদর্শন ইইলে সেব্যের সেবোপকরণসমূহও আমাদের সেব্য— এই প্রকার বিচার হয়। হরিকথার শ্রবণ, কীর্ত্তন ও স্মরণে নৈরস্তর্য্য না থাকিলে ভোগ্যবিচার আমাদিগকে গ্রাস করে। আমরা প্রজন্মে মস্তল ইইয়া গেলে— বাজে কথায় প্রমন্ত ইইলে সৎসঙ্গ ও ভগবৎসেবার বিচার হারাইব, গ্রামবাস করিয়া বসিব, নানা অসুবিধায় পড়িব।

হরিকথা-শ্রবণ-কীর্ত্রনই সাধন ও সাধ্য। কত ভাগ্যফলে মনুষ্যজন্য পাইয়াছি। কত ভাগ্যফলে গুরুকৃপায় ভগবৎসেবার সৌভাগ্য হইয়াছে। প্রজন্মে সময় কাটাইলে সেই সৌভাগ্যকে অবজ্ঞা করা হইল। সূতরাং সর্ব্বহ্মণ হরিকথা আলোচনা ও হরিসম্বন্ধীয় বিষয়ের অনুশীলন করা কর্ত্তব্য, ইহা দ্বারাই জীব ভক্ত হইতে পারিবে— সুদর্শন লাভ করিয়া কুদর্শন— মাংসদর্শন বা ভোগ্যদর্শন হইতে নিষ্কৃতি পাইয়া সুখী হইতে পারিবে।

প্রঃ — পাপ ও অপরাধ কি এক ?

উঃ—না। সামাজিকনীতি ভঙ্গ জন্য পাপ এবং বিষ্ণুবৈষ্ণব-চরণে অবজ্ঞা প্রদর্শিত হইলে অপরাধ হয়। পাপ হইতে অপরাধ কোটিগুণ অধিক মারাত্মক। পাপ প্রায়শ্চিত্তে নষ্ট হয়, কিন্তু অপরাধ তাহাতে যায় না পতিতপাবন শ্রীগৌরনিত্যানন্দের ত্বনমঙ্গলনামেই কেবল অপরাধ দূরে পলায়ন করে।

थः - ७७ कि नर्सवारे जगवान्त पर्नन करतन ?

উঃ— নিশ্চয়ই। জলে, স্থলে, অন্তরীক্ষে, প্রত্যেক স্থানের অণুপরমাণুতে যে ভগবানের অধিষ্ঠান আছে, ভগবান্ সর্ব্রেই যে অন্তর্যামিরূপে বিরাজিত, তাহা ভক্তগণের দিব্যদর্শনে নিত্যকাল প্রতিভাত। কিন্তু কনক-কামিনী-প্রতিষ্ঠায় আসক্ত অভক্ত সম্প্রদায়ের অদিব্যচন্দুতে তাহা দর্শনের বিষয় হয় না, ভক্তের দর্শনকেও তাহারা বিশ্বাস করিতে চাহে না। তাই ভক্তবাক্যসত্যকারী ভগবান্ শ্রীনৃসিংহদেব ক্ষটিকস্তম্ভ ইইতে আবির্ভূত

হইয়া ভক্তের সর্ব্বিত্র ভগবদ্দর্শনের সত্যতা প্রমাণিত করিলেন। শ্রীনৃসিংহদেব ভক্তিবিত্নবিনাশন।

প্রঃ—ভত্তের সংসার ও বন্ধজীবের সংসার কি এক ?

উঃ— কখনই না। কনক, কামিনী ও প্রতিষ্ঠা এই যোষিত্রয়ের ভোগাশা যাঁহার হৃদয়ে আছে. তিনি যোষিৎসঙ্গী। বিষয়ী ও যোষিৎসঙ্গী একই কথা। বিষয়ী উজ ত্রিবিধ যোষিৎকে তাহার ইন্দ্রিয়তর্গনের বিষয়রূপে গ্রহণ করিয়া ভগবৎসেবাবিমুখ হইয়া থাকে। ভগবদ্ধক কখনও ইহাদিগকে নিজেন্দ্রিয়তর্পণে নিযুক্ত করেন না, উহা দ্বারা ভগবৎসেবাই করিয়া থাকেন। চিত্তবৃত্তিটি নিজের সুখে অথবা ভগবৎসেবা-বিমুখের সুখচেষ্টায় নিযুক্ত না করিয়া ভগবান্ ও তদ্ধক্তের সুখসাধনে নিযুক্ত কর্লেই চিদ্বৃত্তি প্রকাশিত হয়, সেবা হয়, ভক্ত হওয়া যায়, নতুবা অভক্ত হইতে হয়।

সংসারাসক্তি সর্বাতোভাবে বর্জনীয়। আচার্য্যবর্গের দার-পরিগ্রহ বদ্ধজীবের সংসারভোগ, একতাৎপর্য্যপর কথা নহে। নিদ্ধিন্ধন ভগবন্ধক যে কোন বর্ণে বা যে কোন আশ্রমে অবস্থান করিলেও তিনি তত্তদ্বর্ণ বা আশ্রমের অন্তর্ভুক্ত হইয়া যান না।২৪ ঘণ্টার মধ্যে ২৪ ঘণ্টাই তিনি হরিসেবায় নিযুক্ত থাকেন।

প্রঃ--- হরিকীর্ত্তন কি মহামঙ্গলকর ?

উঃ— নিশ্চয়ই। নির্জন-ভজনের চেষ্টায় পদে পদে অসুবিধা। হরিকথা কীর্ত্তন করিলে অপরেও শুনিতে পাইবে; সুতরাং কীর্ত্তনে আত্মমঙ্গল ও শ্রবণকারীর মঙ্গল— নিজের উপকার ও পরোপকার যুগপৎ হইয়া থাকে। কীর্ত্তনে নিজেরও শ্রবণ হ'য়ে থাকে। কীর্ত্তনে ত্রিবিধভাবে হরিসেবা হয়ে থাকে— কীর্ত্তনে হরিসেবা, নিজের শ্রবণে হরিসেবা, অপরকে শ্রবণের সুযোগদানে হরিসেবা। তদ্মতীত কীর্ত্তনপ্রভাবে স্মরণও হইয়া থাকে। সুতরাং স্মরণের হরিসেবাও ঐ সঙ্গে হয়।

প্রঃ—বৈরাগ্য কাহাকে বলে ?

উঃ—বৈরাগ্য সর্থে ভগবদিতর বস্তুতে আসক্ত না হ'য়ে ভগবদনুশীলনে ব্যস্ত হওয়া। কিন্তু তা' না হ'য়ে ফল্পুবৈরাগী হ'লেই মুস্কিল। তাতে নিজেকে নিজে বঞ্চনা করা হবে—কামারকে ইস্পাত ফাঁকি দিতে গিয়ে নিজেই ঠক্তে হবে। তাই বলি—গৃহেই থাক বা বনেই থাক, ভগবানের অনুশীলন কর। ভগবৎকথা আলোচনা করিলে ইতরবিষয়ে আসক্তি ছুটিয়া যাইবে।

প্রঃ—ভগবদাশ্রয় কি ক'রে হয় ?

উঃ— মায়াশ্রয় ও ভগবদাশ্রয় এক নহে। দুইটা আশ্রয় এক সঙ্গে হয় না। হয় আমি মায়াশ্রিত— গৃহাশ্রিত, না হয় আমি কৃষ্ণাশ্রিত। গৃহাসক বা সংসারাসক্তই গৃহাশ্রিত— মায়াশ্রিত, আর কৃষ্ণাসক্ত বা কৃষ্ণসেবাসক্তই— কৃষ্ণাশ্রিত। এইজন্যই প্রহাদ মহারাজ ব'লেছেন— অন্ধক্পসদৃশ গৃহ ছাড়িয়া সাধুর নিকট গমন পূর্ব্বক ভগবান্কে আশ্রয় কর। দুর্ব্বলতাবশতঃ য়িদ গৃহ ছাড়িতে না পার, তবে গৃহাসক্তি ছাড়িয়া সাধুসঙ্গে ভগবানের আশ্রিত হও। তবেই ভগবদাশ্রয় হইবে— মঙ্গল হইবে। গৃহাসক্তি রাখিয়া— গৃহাশ্রিত থাকিয়া ভগবান্কে আশ্রয় করিবার অভিনয় করিলে ভগবৎসেবাশ্রবৃত্তি জাগিবে না— প্রকৃত মঙ্গল হইবে না। তা'তে সংসারেই— বিষয়েই ডুবিয়া য়াইতে হইবে।

আমি ভগবান্কে আশ্রয় করিয়া যদি গৃহেই মত্ত থাকিলাম—
শ্বী-পুত্র কন্যাদির সেবা বা সুখবিধানকেই ব্রত করিলাম—গৃহ-সেবাকেই
বড় মনে করিয়া ভগবৎসেবায় উদাসীন হইলাম, তা'হলে ভগবদাশ্রয়
ক'রে কি লাভ হলো ? ভগবৎসেবা কর্লে ত' ভগবৎসেবক অভিমান
হবে। কিন্তু তা' হচ্ছে কি ? সেবার ফল — সেবা— উত্তরোত্তর সেবা
করিবার জন্য ব্যথব্যাকুলতা। আমি কি কর্ছি, আমি কা'কে আশ্রয় ক'রে
আছি, আমার চিত্ত কোন্ দিকে ধাবিত হচ্ছে, তা' ভাল ক'রে দেখা যাক্। দক্বা ঠ'কে যেতে হ'বে।

পিতার আশ্রয় ছাড়িয়া পতিকে আশ্রয় করিতে হয়। তাতে গোত্রও

পাল্টে যায়। তখন আর পিতৃগৃহে আসক্তি থাকে না। যে যাহাকে আশ্রয় করে, তাহার সঙ্গ ও সেবা করিতে করিতে তৎপ্রতিই তাহার প্রীতি হয়।

প্রঃ বর্ত্তমানে আমাদের ক্লচি কোন্ দিকে ?

উঃ— যে সব কথা পূর্ব্বে আমাদের শুনা আছে, তাতেই আমাদের রুচি হয়। যে সব কথা আমাদের শুনা নাই, তাতে আমাদের রুচি হয় না। এখন আমরা ভগবদ্বহির্দ্মখ। তাই জগতের কথাতেই আমাদের রুচি, ভগবানের কথা আমাদের ভাল লাগ্ছে না। জড় জগতের রূপ-রস-গন্ধ-শন্দ-স্পর্শ আমাদের উপর আধিপত্য বিস্তার ক'রে আমাদিগকে বিষয়ে নিযুক্ত কর্ছে।

আমরা চাই—ইন্দ্রিয়তৃপ্তি। যে যত পরিমাণে ইন্দ্রিয়তৃপ্তি দিতে পারে, সে আমাদের নিকট তত প্রিয়। আমরা আও প্রয়োজনীয় বা আপাতরমণীয় বিষয়কে আদর ক'রে সংসারে চিরদিন ঐরপভাবে জীবনযাপন কর্বার জন্য ব্যস্ত হচ্ছি। আমাদের বৃদ্ধি মনুষ্যত্বের দিকে যাওয়া দূরে থাকুক, উহা নেমে যাচ্ছে। বর্তমান রুচিতে জীবের চেষ্টা হচ্ছে—বিমুখতার দিকে যাওয়া।

নির্গণ বস্তু স্বেচ্ছায় এ জগতে আসতে পারেন, তিনি প্রপঞ্চে অবতীর্ণ হন। তাতে নির্গণ বস্তুর নির্গণত্ত্বের কোন অপলাপ হয় না।

আমরা যে সকল কথা বলি তা' গুণগত বা জড় : কিন্তু ভগবস্তুজ্ঞগণ যে ভগবৎকথা বলেন, তাহা জড় শব্দ নহে। সেই শব্দের ভিতর এমন অলৌকিক শক্তি আছে যে , তাহা কর্ণে প্রবিষ্ট হ'লে মানবের চেতনতা প্রস্কৃতিত ক'রে দেয়। সে-শব্দ বিরজা-ব্রহ্মলোক ভেদ ক'রে বৈকুষ্ঠে পৌছাতে পারে। যে শব্দ পরজগৎ হ'তে এজগতে অবতীর্ণ হন, সেই আমাদিগকে বৈকুষ্ঠে নিয়ে যায়। আর যে শব্দ জড়াকাশে উৎপন্ন হ'য়ে কিছুক্ষণ জড়াকাশে থেকে জড়াকাশেই লয়প্রাপ্ত হয়, সে-শব্দ আমাদিগকে নরকের পথে নিয়ে যায়। এজগতের কথাতেই আমাদের রুচি, তাই আমাদের অশান্তি কাট্ছে না। যদি বৈকুষ্ঠকথায় আমাদের রুচি হয়,

তবেই মঙ্গল হবে, নতুবা নহে।

প্রঃ— হরিকথা তনেও সেইডাবে চল্তে পারছি না কেন?

উঃ— যাঁরা ভাগ্যবান্, তাঁরাই হরিকথা ভনে বুঝ্তে পারেন এবং সেইভাবে চল্বার সৌভাগ্য পান। যারা ভাগ্যহীন, তারা কথা শ্রবণ কর্ছে মনে কর্লো কিন্তু প্রকৃত প্রস্তাবে ওন্লো না— তাই বঞ্চিত হলো। আমরা ভাগ্যক্রমে যদি ভজনীয় বস্তুর সেবা কর্বার জন্য প্রবৃত্তিবিশিষ্ট হই, তা' হলেই আমাদের কাণে কথা যাবে— আমরা কথা গুন্তে পার্বো— ধর্তে পার্বো । যার যে অবস্থা, সেই অবস্থা থেকে উন্নত হ'তে হবে---ভাল হ'তে হবে। প্রতিমুহূর্ত্তে দৈবী মায়া আমাদিগকে ভগবদ্বিমুখ করার চেষ্টা কর্ছে, আর অজ্ঞ আমরা সেই মায়াকেই গলার হার ক'রে রাখ্বার জন্য ব্যস্ত হচ্ছি। এইজন্যই বল্ছি— সাবধান হও, কুদ্ধিমান্ হও আর বোকা থেকো না, জীবন্ত সাধুর সঙ্গ কর, তেজস্বী সাধুর সঙ্গপ্রভাবে তোমাদের সব অসুবিধা কেটে যাবে, হৃদয়ে বল পাবে। কিন্তু যে মুহুরে আমাদের রক্ষাকর্ত্তা থাক্বে না, সৎসঙ্গের অভাব হবে, েই মুহুরে আমাদের পারিপার্শ্বিক সকল বস্তু শক্ত হ'য়ে আমাদিগকে আ যখনই আমরা সাধুর কাছে হরিকথা না শুন্বো, নিক্ষপটে স ু. র সের না কর্ব, তখনই সুযোগ পেয়ে মায়া আমাদিগকে গ্রাস কর্বে গ্রভএব আমাদের কর্ত্তব্য কোথায় হরিকথা হচ্ছে— সত্যি সত্যি চেডন খেকে চেতনময়ী হরিকথা প্রকাশিত হচ্ছে, সেদিকে মনোযোগ রাখা জগতে অনুস্বার-বিসর্গ নিয়ে মাথা ও জিহ্বার কস্রত করার লক্ষ লক্ষ দল আছে ; পরব্যোম হ'তে আবির্ভূত চেতনময় শব্দের তাৎপর্য্য তাদের উপল্কি হবে না, তারা হরিকথা বল্তে পারে না, তাদের কথা গ্রামোফোনের কথার মত। তাদের কথা ওনে মঙ্গল হবে না — সত্যের উপলব্ধি হবে না, বিষয়েই ডুবে যেতে হবে।

প্রঃ— কোন ব্যক্তির পূর্বের্ব সদুদ্দেশ্য ছিল, কিন্তু কিছু দিন পরে তা'র আবার অসদুদ্দেশ্য বা সংসারপ্রবৃত্তি হয় কেন ? উঃ— সে নির্ত্তণ হরিকথায় সময় দেয় নাই, কিম্বা শুন্বার ছল ক'রে অন্যমনন্ধ হয়েছে। সে আপাত-প্রয়োজনীয় সুথের চেষ্টা হ'তে বিরত হ'তে আদৌ চেষ্টা করে নাই, অসৎ লোকের পরামর্শ শুনে ইন্দ্রিয়সুথের জন্য ব্যস্ত হয়েছে। ভগবানের পাদপদ্ম যদি আশ্রয় করি, তাতে লেখাপড়া শিখি বা না শিখি, বল থাকুক আর নাই থাকুক, কিছুতেই অসুবিধা নাই। জীব নির্ত্তণ বস্তু। কিন্তু জীব যখন নিজেকে এ জগতের গুণবদ্ধ বস্তু মনে করে, তখন তা'র এ জগতের প্রতি আসক্তি হয়।

প্রঃ— ভগবস্তুক্তগণ এ জগতে কেন আসেন ?

উঃ—ভক্তগণ মানবগণের উপকারের জন্য ইহ জগতে আগমন করেন।
ত'দের জগতের কোন কর্ত্তব্য নাই—এজগতে আস্বার কোন আবশ্যকতা
নাই। জীবের বিপরীত রুচিকে পরিবর্তিত করাই সর্ব্বাপেক্ষা দয়াময়দের
একমাত্র কর্ত্তব্য, ভগবদ্বিমুখ জীবকে ভগবানের সেবায় উন্মুখ করাই
তাদের একমাত্র কৃত্য। ক্ষুধিতকে অনুদান, মূর্খকে বিদ্যাদান প্রভৃতি সব
পণ্ডশ্রম হ'য়ে যায়, যদি মূলবিষয় হ'তে আমরা তফাৎ হই—ভগবানের
প্রতি আমরা বিমুখ থাকি—সাক্ষাৎ ভগবৎসেবা যুগধর্ম হরিনামসংকীর্ত্তনে
উদাসীন হই।

প্রঃ—কামিনী-কাঞ্চন কি ভক্তিবাধক?

উঃ— নিশ্চয়ই। কনক, কামিনী, প্রতিষ্ঠা— এই জাগতিক প্রিয় বস্তুগুলি একটা টোপ মাত্র। বন্ধজীব আমরা প্রতি মুহূর্ত্তে ভোগে আকৃষ্ট হচ্ছি, মায়া টোপ দেখিয়ে আমাদিগকে বিদ্ধ কর্ছে, স্ত্রীহাতী শ্বারা বনের পুরুষ হাতী বশ ক'রে শৃঙ্খলিত কর্বার মত মায়া স্ত্রীসঙ্গাদির লোভ দেখিয়ে জীবকে সংসারে আবদ্ধ কর্ছে। অসদ্বস্তুকে সত্যবস্তু জ্ঞান ক'রে— দুঃখকর সংসারকে সুখকর মনে ক'রে জীব দৌড়াচ্ছে। মায়া সংসারে ক্ষণিক সুখ রেখেছে মানুষকে বঞ্চনা কর্বার জন্য। জগতে যা' কিছু আমার ভোগের চক্ষে সুন্দর— ভালো, সেগুলি সব বড়শী। যে ভোগী হবে, সে বঞ্চিত

হবে—বিদ্ধ হবে। খাবে দাবে নরকে যাবে— এই বুদ্ধি মানবজাতিকে গ্রাস ক'রেছে— এর চেয়ে আর দজ্জার কথা কি ?

প্রঃ— জগতে খাঁটি জিনিষ সাধুর আদর আছে কি ?

উঃ— খাঁটি জিনিষ দুর্লভ, তাহা সহজলভ্য নয়। এজন্য খাঁটির আদর কম। যে সকল সাধু জীবগণকে বিপথগামী না ক'রে হরিকথা-কীর্ত্তন দারা ভগবানের প্রতি উনুখ কর্বার জন্য ব্যন্ত, সেইসকল সাধুর আদর এখানে নাই। ধর্মের নামে বর্ত্তমানকালে যাঁরা লোককে বিপথগামী কর্ছেন, তাঁদের নিকট হ'তে বঞ্চিত হওয়াই বর্ত্তমানকালের একটা যুগধর্ম্ম হ'য়ে দাঁড়িয়েছে। প্রকৃত সাধু লোকের মনযোগানো কথা ব'লে বঞ্চনা করেন না— প্রতারক সমনুয়বাদীগণের গলদ্টি সাধু দেখিয়ে দেন। যাঁদের কপাল ভাল, তাঁরাই সাধুর কথা তনে সাবধান হন। খাঁটি সাধুর কথা—ভগবস্তক্তের কথা আমার বর্ত্তমান ক্লচি বা ধারণার বিরুদ্ধ হ'লেও তাহাই মঙ্গলকর।

খাঁটির গ্রাহক কম। মেকীর গ্রাহকই বেশী। গোরস গলি গলি ফিরে, সুরা বৈঠল বিকায়।

প্রঃ— দুর্বলতা ও কপটতা— এই দুই-এর মধ্যে তফাৎ কি ?
উঃ— কপটতা একটা আলাদা জিনিষ, আর দুর্বলতা স্বতন্ত্র জিনিষ।
কপটতা ও দুর্বলতা এক জিনিষ নহে। কপটতা-রহিত ব্যক্তিরই মঙ্গল
হয়। কপটীর মঙ্গল হয় না। সরলতার অপর নাম বৈষ্ণবতা। কপট
ব্যক্তি অভক্ত। সরল দুর্বলে হ'তে পারে কিন্তু কপট নহে। যে কপট,
তার মুখে এক কথা— মনে অন্য চিন্তা। দুর্বল ব্যক্তি নিজের অসুবিধার
জন্য লজ্জিত, দুঃখিত ও মর্মাহত কিন্তু কপটলোক সদা নিজের বাহাদুরী
নিয়েই মন্ত।

আচার্য্যকে ঠকাবো— বৈদ্যের চোখে ধূলি দেবো— আমার অসংপ্রবৃত্তিরূপ কালসর্পকে কপটতার কোটরে লুকিয়ে রেখে দুধ-কলা দিয়ে পুষ্বো— লোককে জান্তে দেবো না— লোকের কাছে সাধু

ব'লে প্রতিষ্ঠা নেবো—এ সকল বৃদ্ধি দুর্ব্বলতা নহে কিন্তু ভীষণ কপটতা।
এদের কোনকালেই মঙ্গল হবে না। নিষ্কপট হওয়ার প্রবৃত্তি নিয়ে
বিনীতভাবে সাধুর শ্রীমুখবিগলিত কথা ভন্তে ভন্তে ক্রমপথে মঙ্গল
হয়। আমরা যদি ভঙ্তের বেশ নিয়ে অন্য কার্য্যে ব্যস্ত হ'য়ে পড়ি—
সংসার করাটাকেই বড় কাজ মনে ক'রে তাতেই মজে থাকি অথবা ত্রিদণ্ড
নিয়ে রাবগের ন্যায় সীতা-হরণের দুর্বৃদ্ধি পোষণ করি, তা'হলে নিজের গলায় নিজেই ছুরি দিলাম— হরিভজনের নামে আর কিছু কর্লাম। লক্ষ্পজন্ম যদি আমাদের দুর্ব্বলতা থাকে— অনর্থ থাকে, তাতে বিশেষ
ক্ষতি নাই; কিন্তু একবার যদি কপটতা আশ্রয় করি— ভক্ত সাজিয়া
ভোগেই মত্ত থাকি, তা'হলে অসুবিধা রয়েই গেল। পত-পক্ষী-কীট-পতঙ্গ প্রভৃতি লক্ষ্প লক্ষ্ণ যোনিতে থাকা ভাল তথাপি কপটতা আশ্রয় করা
ভাল নহে।

প্রঃ— আমাদের দুর্গতির কারণ কি ?

উঃ— আমি কে— এই কথা জালোচনা না হ'লেই আমাদের দুর্গতি ঘটে
— সংসারের নানাপ্রকার প্রলোচনে আমাদিগকে ত্ববিয়ে দেয়। যে মুহূর্ত্তে
আমরা একটুকুও অসতর্ক হই, সেই মুনু নাই নাম্বাক্ষসী আমাদের গলা
টিপে আমাদিগকে গ্রাস ক'রে ফেলে। ভাগতিত তা প্রত্যহ না ওন্লে এই
মায়ার কবল হ'তে উদ্ধার পাওয়ার জান নামা

প্রঃ— প্রথমতঃ প্রামানিগকে জানিতে বি লালে কর্ত্তর কি ?

তঃ— প্রথমতঃ প্রামানিগকে জানিতে বি লালে আমরা কে ? তৎপরে

আমানের কর্ত্তর কি তাহা সহজেই জানা বাইবে। ভগবস্তুজন ও

ভগবংকৃপাই নিত্যমঙ্গলের উপায়, নরত্যুথ লোলানের মূল। মনুষ্যেতর
দেহে হরিভজন হয় না। কেহ মানে, কেন্ না মানে, সবে কৃষ্ণদাস।

আমরা কৃষ্ণের দেনক। কৃষ্ণ জীবের নিত্য প্রভু। কৃষ্ণদেবাই জীবের

নিত্য কৃত্যু, সর্বব্রিকান কর্ত্ব্য বা একমাত্র কর্ত্ত্বা। এতদ্বাতীত আমাদের

আর কোন কৃত্যু নাই। কিন্তু বখন আমরা প্রমেখ্রের সেন ভুলিয়া যাই,

তখনই আমরা অহঙ্কার বিমৃঢ়াত্মা হইয়া প্রকৃতির ভোক্তা বা কর্ত্তা বিশিয়া অভিমান করি। কিন্তু এসকল অভিমান প্রাকৃত। যখন আমাদের চেতনের বৃত্তি বহির্জগতের বিষয় ভোগ করিতে প্রমন্ত থাকে, তখন ঐ বৃত্তিকে মনকহে; এই মন আত্মস্বরূপের বিরূপাবস্থা— জড়ের ভোক্তা। এই মন আত্মার সুগ্রাবস্থায় জাগ্রত থাকিয়া গোমস্তা-স্বরূপে কর্তৃত্বাভিমানে বিষয় জোগ করে। এই মনই আত্মাকে বিশ্বিত করিয়া সুখ-দৃঃখ ভোগ করে, পুণ্য-পাপের বশবর্ত্তী ইইয়া কখনও স্বর্গ, কখনও নরক ভোগ করে। সুতরাং এই মনই আত্মার সর্ব্বপ্রধান শক্তে; এই মনকে নিগ্রহ করাই সর্ব্বশাল্রের অভিপ্রায়।

আমরা অণুচিৎ জীব, ভগবান্ বিভূচেতন বস্তু। জীব কখনও ঈশ্বরপদবাচ্য হইতে পারে না। শ্রীশৌরাঙ্গদেব আমাদিগকে শিক্ষা দিয়া গিয়াছেন— আমরা কার্ক্তরম্বু, আমরা বৈক্তব অর্থাৎ কৃষ্ণসম্বন্ধীয় বস্তু; আমরা কৃষ্ণ নহি বা শিক্ষা কহি, কৃষ্ণের ঐশ্বর্যা-বিগ্রহই বিষ্ণু এবং বিষ্ণুর মাধুর্যাবিগ্রহ কৃষ্ণ। বরতঃ কৃষ্ণ বা বিষ্ণুতে কোন্ ভেদ নাই। কার্ক্তরমাধুর্যাবিগ্রহ কৃষ্ণ। বরতঃ কৃষ্ণ বা বিষ্ণুতে কোন্ ভেদ নাই। কার্ক্তরমাপ কৃষ্ণদেবা ব্যক্তী ও শাহাদের অন্য শোল কৃত্য নাই, যখনই আমরা কৃষ্ণদেবা ভুলি খা খাই, এবং ই স্বন্ধাপ বিশ্বাভ হাইয়া মায়ার কবলে কবলিত হই। সাধুভক্ত-কৃষ্ণার যথন আম্বাদের সারক্ত্তানের উদয় হয়, তখন আমরা বৃষ্তে পারি—ভাচ রা কৃষ্ণের নিত্যালাল এবং ঈশানাসামিদং সর্বাৎ অর্থাৎ জাগতিক সারস্ত বন্ধুই ভগবানের সেবার উপকরণ।

আমাদের সকলকেই মূজ হইতে হইবে। মূক অবস্থা আর কিছুই
নহে— স্বরূপে অবস্থিত হইয়া সর্কেন্দ্রিয়ে আনুক্লো কৃষ্ণানুশীলন।
ভাগ্যক্রমে যখন আত্রা জাগ্রত হয়, তখন প্রমাজ্যারূপী কৃষ্ণের নিত্য
সেবাই য়ে তার স্বরূপের নিত্যধর্ম্ম তাহা বুঝিতে পরে।

শ্রীগৌরাঙ্গদেব সংকীর্ত্তনপ্রবর্ত্তক কলিযুগপাবনাবতারী মহাবদান্য। তিনি তৃণাদপি শ্রেকে চারটি বাক্যে সর্ব্বদা কৃষ্ণকীর্ত্তনই যে জীবের একমাত্র কৃত্য, তাহা শিক্ষা দিয়েছেন। যাঁরা সংসার হইতে নিষ্কৃত পাইয়া পরমানন্দ লাভ করিতে ইচ্ছুক, নিত্যানন্দধনে ধনী হইতে অভিলাষী, তাঁরা সতত শ্রীনামসংকীর্ত্তন করিবেন। এই হরিনাম হরি হইতে অভিনু। শব্দব্রক্ষ কৃষ্ণনাম আমাদিগকে সংসার হইতে উদ্ধার করিতে এবং কৃষ্ণজ্ঞান ও কৃষ্ণপ্রেম দিতে পার্রেন।

তৃণাদপি সুনীচ হ'য়ে কৃষ্ণনাম কর্তে হবে। তৃণাদপি সুনীচ-ভাবটা অহং ব্রহ্মান্মি-জ্ঞানের মূলোৎপাটনকারী। কীর্ত্তনকারী ভক্ত নিজেকে শ্রীনামের সেবক বলিয়া জানেন। তিনি জগতের প্রত্যেক জীবকে কৃষ্ণভোগ্য এবং প্রত্যেক বস্তুকে কৃষ্ণসেবার উপকরণ বলিয়াই জ্ঞান করেন।

শ্রীকৃষ্ণের নাম, স্বরূপ ও বিগ্রহ শ্রীকৃষ্ণ হইতে অভিন্ন। শ্রীনাম সাক্ষাৎ সচিচদানন্দবিগ্রহ। শ্রীকৃষ্ণনাম নন্দের নন্দন, যশোদার দুলাল। শ্রীনাম কথা বলিতে পারেন। শ্রীকৃষ্ণনাম অন্তর্যামী— সর্বজ্ঞ। নামরূপী কৃষ্ণ সরল হৃদয়ে, চিনায়-নয়নে, সেবোনাখ-জিহ্বায়, শ্রবনোনাখ কর্ণে, কৃষ্ণেন্দ্রিয়তোষণপরা ইন্দ্রিয়ে ক্র্রিলাভ করেন।

শ্রীকৃষ্ণনামসংকীর্ত্তনে সর্ব্বাভীষ্ট লাভ হয়। শ্রীকৃষ্ণসংকীর্ত্তনের আভাসে সর্ব্বপাপক্ষয় ও সংসারবন্ধন শিথিল হয়। তখন নামাভাসে মুক্ত হইয়া জীব শ্রীনামকীর্ত্তনের অধিকারী হন। শ্রীকৃষ্ণনাম অথিলরসামৃতসিদ্ধ। ভাবদ্যক্তশা শ্রীনামসংকীর্ত্তনমুখেই শ্রীকৃষ্ণের সেবা করিয়া থাকেন।

শ্রীনামসংকীর্ত্তনে আমাদের সর্ব্ববিধ অমঙ্গল বিদ্রিত হয় এবং চিত্ত নির্ম্মল হইলে তিনি তাহাতে উদিত হন। শ্রীকৃষ্ণনাম—পুরুষোত্তমবস্তু। শ্রীনাম—লীলাপুরুষোত্তম। শ্রীকৃষ্ণনাম পরমপুরুষ—পরমেশ্বর বস্তু। শ্রীনাম স্বেছাময় স্বতন্ত । শ্রীনাম জ্লাদীশ্বর—বিশ্বের নিয়ামক, পালক ও রক্ষক। যত বাধাবিঘ্ন থাকুক্ না কেন, শ্রীনাম অশেষবাধাবিঘ্নহর। হদয়ে যতই কৃসংস্কার থাকুক্ না কেন, শ্রীকৃষ্ণনাম-উচ্চারণে হদয় বিশদ হয়, সমস্ত ভুলভ্রান্তি বিদ্রিত হয়। অবশ্য নমোচ্চারণকালে প্রথম অবস্থায়

হৃদয়ে জন্মজন্মান্তরের আবিলতা ও অনর্থরাশি থাকার দরুণ ওদ্ধনাম উচ্চারিত হয় না বটে কিন্তু অবিশ্রান্ত নামোচ্চারণ-প্রভাবে সেই সমন্ত অনর্থ ক্রমশঃ দূরীভূত হয়।

কৃষ্ণনামেই সর্কশক্তি আছে, সর্কসুবিধা আছে, সকল-আনন্দ আছে। কৃষ্ণনাম অখণ্ড, পূর্ণানন্দ, পূর্ণজ্ঞানময়।

নির্ত্তণ হৃদয়ে নির্ত্তণ কৃষ্ণনাম উদিত হইয়া থাকেন। সত্তণ হৃদয়ে কৃষ্ণনাম উদিত হন না। কৃষ্ণই আমাদের একমাত্র উপাস্য বস্তু। প্রেমপূর্ণ হৃদয়ে সেই প্রেমের ঠাকুরের উপাসনা হয়। ঐশ্ব্যাশিথিলপ্রেমে প্রেমময় কৃষ্ণের সেবা হয় না।

অখিলরসামৃতমূর্ত্তি কৃষ্ণনামের সহিত রামনামের তুলনা হইতে পারে না। কৃষ্ণনামে যে রসামৃতসিদ্ধু উদ্ধেলিত হয়, রামনামে তাহার কোট্যংশের একাংশও হয় না; যেহেতু কৃষ্ণনাম— পূর্ণভম, রামনাম—পূর্ণ। কৃষ্ণনাম— পূর্ণভম, অবতারী, অংশী আর রামনাম—পূর্ণ, অংশ, অবতার।

কৃষ্ণনাম সমস্ত সন্তা, সমস্ত জ্ঞান ও সমস্ত আনন্দের আকর। তিনি সর্ব্বকারণকারণ। নিষ্কপট নির্শ্তণ সেবকের প্রেমসেবা কৃষ্ণনাম গ্রহণ করেন।

শ্রীকৃষ্ণ অবতারী, শ্রীরামচন্দ্র অবতার। শ্রীকৃষ্ণ সীলাপুরুষোত্তম। শ্রীকৃষ্ণে লীলামাধুরী, বেণুমাধুরী, রূপমাধুরী ও প্রেমমাধুরী
পূর্ণ মাত্রায় আছে; শ্রীরামচন্দ্রে ঐ সমস্ত গুণ পরিলক্ষিত হয় না বলিয়া
তিনি ষষ্টিগুণসম্পন্ন নারায়ণ বিষ্ণু সকল দেবতার ঈশ্বর—
মায়াধীশ পূর্ণব্রক্ষ সনাতন। শ্রীকৃষ্ণ ৬৪ গুণসম্পন্ন স্বয়ং-ভগবান্।
তিনি—নন্দনন্দন।

প্রঃ— গুর্ক্বজ্ঞা কি মহা-অপরাধ ?
উ?— িশ্চয়ই। গুর্কবিজ্ঞা তৃতীয় নামাপরাধ। গুরুতে মনুষ্যবৃদ্ধি,

প্রাকৃতবুদ্ধি, লামুবুদ্ধিই গুর্কবিজ্ঞা। গুরুর আদেশ লভ্যন করা এবং গুরুসোবা না করাও গুর্কবিজ্ঞা বা গুরুর চরণে অপরাধ—নামাপরাধ। গুরুর নিকট অপরাধ হইলে নাম কোনদিনই হইবে না— মঙ্গল হইবে না। শ্রীগুরুদেবের কৃপা ব্যতীত মানব জন্মেখর্য্যশ্রুত-শ্রীর প্রভাবে অহস্কারবিমৃঢ়াত্মা, সূতরাং ভগবৎপাদ-পদ্মসেবালাভে অসমর্থ। শ্রীগুরুদেব স্বয়ংরূপ ভগবানের সাক্ষাৎ প্রকাশবিশ্রহ। তিনি আশ্রয়জাতীয় সেবকভগবান, অথচ বিষয়জাতীয় সেব্য-ভগবান্ হইতে স্বতন্ত্র নহেন। শ্রীগুরুপাদপদ্ম লীলাপুরুষোত্তম নন্দনন্দন হইতে অচিন্ত্যভেদাভেদতত্ত্ববিশিষ্ট। সূর্য্যালোকের সাহায্যে যেরূপ সূর্য্যদর্শন সম্ভব— কৃত্রিম আলোকে সূর্য্যদর্শন সম্ভবপর নহে, তদ্ধপ গুরুকৃপাবলে বিষয়ানল সম্পূর্ণরূপে নির্কাপিত হইলে কৃষ্ণসাক্ষাৎকার লাভ ঘটে।

আমরা অধাক্ষজবস্তুর জ্ঞানলাভে যতই চেষ্টা করি না কেন,
শ্রীগুরুপাদপদ্মের কৃপাকণা ব্যতীত সম্ন্তই স্থুলতৃষারঘাতের ন্যায় পথশ্রম
মাত্র। শাস্ত্রজ্ঞানে অধিকার— গুরুকৃপালোকসাপেক্ষ। অক্ষজ্ঞানে
শাস্ত্রজ্ঞানলাভের চেষ্টা ডম্মে ঘৃতাহৃতির ন্যায় বিফল।

শাস্ত্রবাক্যে ও গুরুবাক্যে আমাদের অনাস্থা প্রদর্শন করা উচিত নহে, তাহাতে অপরাধ হয়। ভগবজ্জান লাভ করিতে হইলে শাস্ত্রবাক্যে ও গুরুবাক্যে শ্রদ্ধান্বিত হওয়া একান্ত আবশ্যক। শাস্ত্রবাক্যে অনাদরই চতুর্থ নামাপরাধ।

প্রঃ—কৃষ্ণের উপাসনা কে করিতে পারেন ?
উঃ— আমি কৃষ্ণের, কৃষ্ণ আমার— এইরূপ একনিষ্ঠ না হইলে কৃষ্ণের
উপাসনা হয় না। কৃষ্ণের আমি, আমার কৃষ্ণের সব— এরূপ অকিষ্ণন
ভক্তি যাঁর আছে, তাঁহারই কৃষ্ণোপাসনা সম্ভব।

আমার স্বার্থের বিষয়—একমাত্র কৃষ্ণ এবং আমি কৃষ্ণের : ইহা ব্যতীত কৃষ্ণেতর স্বার্থে আমার কোন সহানুভূতি নাই— ইহাই ডজের বিচার।

যাঁরা কৃষ্ণকে সর্বাধ্ব দেন, তাঁরাই কৃষ্ণের সর্বাধ্ব লাভ করিতে পারেন। যাঁদের কৃষ্ণ ব্যতীত অন্য কাহাকেও কিছু দিবার আছে, তাঁরা কৃষ্ণকে লাভ করিতে পারেন না— কৃষ্ণ কি বম্ভ, কৃষ্ণপ্রীতি কাহাকে বলে, তাহা বুঝিতে পারেন না। এজন্য তাঁদের কৃষ্ণসেবা ব্যতীত নানা কার্য্য পিড়িয়া যায়। দেশসেবা, মনুষ্যসেবা, আত্মীয়- স্বজনের সেবা প্রভৃতি ভিন্ন ভিন্ন সেবার কথা তখনই আসিয়া পড়ে। তখন আমরা গুরুপাদপদ্মসেবা হইতে বঞ্চিত হই। গুরুকৃষ্ণের সেবা ব্যতীত আমার আর কোন স্বার্থ নাই, এই বিচারে প্রকৃত স্বার্থপর হওয়াই প্রকৃত বুদ্ধিমানের কার্য্য।

প্রঃ— ভক্তদেষীর প্রতি ক্রোধ কি ভক্তি?

উঃ— ভক্তদেষীর প্রতি ক্রোধ কর্তে হবে, সেটা ভজনের অঙ্গ-বিশেষ; তা না করাটাই অন্যায়। তবে ভক্তদেষী কে ?— এটার বিচার হওয়া দরকার। পরম-আনন্দময় সর্ব্বান্তর্যামী জগদ্বদু শ্রীভগবানের সেবা যারা করে না, তারা নিজের মঙ্গল ত' করেই না পরম্ভ কৃষ্ণকার্ম্ফবিদেষ দারা নিজের অমঙ্গলকে আহ্বান করে, ইহারাই কৃষ্ণদেষী বা কার্ম্ফদেষী, তাদের প্রতি দয়া দেখাতে হবে না। সেই অকৃষ্ণের উপাসনায় মন্ত ব্যক্তিগণের প্রতি উপেক্ষা বা ক্রোধ প্রদর্শন কর্তে হবে। কিন্তু আমি ভক্তবিদেষী কিনা সেইটা আগে দেখা দরকার। আমি কৃষ্ণসেবা কর্ছি, না কৃষ্ণসেবার ভাগে অন্য কিছু কর্ছি, কৃষ্ণের প্রতি আমার কত্টুকু অনুরাগ, আমি কৃষ্ণের ভোগ্য জিনিষ কৃষ্ণকে ফাঁকি দিয়ে ভোগ কর্তে যাছি কিনা. সেটা পরীক্ষা করা প্রয়োজন।

আমি দেখছি, আমি ও আমার ভোগলোলুপ দেহ একজন ভয়ানক কৃষ্ণকার্ম্ববিদ্বেষী। সর্ব্বাঞ্চণ কৃষ্ণপাদপদ্ম চিন্তা ও তাঁর সুখচিন্তা না ক'রে আমি নিজ সুখ, পরনিন্দা, পরচর্চ্চা ও লোকের ছিদ্রাম্বেষণে ব্যস্ত হ'য়ে পড়েছি। আমি আমার নিজের দিকে একেবারেই তাকাচিছ না। এত বড় ভক্তবিদ্বেষী যে আমি, প্রথমেই সেই আমার প্রতি ক্রোধ প্রকাশ কর্তে

হ'বে। সর্বাক্ষণ ভক্তবিশ্বেষী আমাকে জুতা মেরে ক্রোধ দেখাতে হবে—
নিজেকে পবিত্র কর্তে হবে— নিজে যা'তে আদর্শচরিত্র হ'য়ে মঙ্গল লাভ কর্তে পারি, নিজে যাতে নিষ্কপটে সর্বাক্ষণ হরি-শুরু -বৈশ্ববসেবা কর্তে পারি, তজ্জন্য সচেষ্ট হ'তে হবে, তবেই মঙ্গল। সকলেই হরিভজন কর্ছেন, আমার হরিভজন হলো না, এই মুহূর্ত্তে মরে যেতে পারি—সর্বাক্ষণ এসব কথায় মনোযোগ দিতে হবে।

প্রথমেই নিজের মঙ্গলের জন্য নিজের দুত্পবৃত্তিগুলির প্রতি, কৃষ্ণবজনের প্রতিবন্ধক লাভ-পূজা-প্রতিষ্ঠাদি কৃটিনাটীগুলির প্রতি ক্রোধ প্রকাশ ক'রে তাদের দমন কর্তে হবে। আমার নিজের দিক্টা আগে দেখা দরকার। তা' না হ'লে অমঙ্গল এসে যাবে। তারপর আমি ব্যতীত যারা আমার দেহসম্বন্ধীয় আত্মীয়ম্বজন, যারা গুরুবিদ্বেষ বা কৃষ্ণ-কার্ষ্ণ-বিদ্বেষ কর্ছে এবং ভোক্তা সাজাইয়া আমাকে মায়ার দিকে আর্কষণ কর্ছে, তাদের প্রতি ক্রোধ দেখাতে হবে, তবেই আমাদের মঙ্গল হবে; নতুবা নহে।

তঃ— শ্রীহরিনাম সাক্ষাৎ শ্রীহরি। শাস্ত্র প্রকাশিত হইবার পূর্বের্ব মহামন্ত্র বা শ্রীনামই ছিলেন, তৎপ্রমাণ আমরা চতুঃশ্রোকী ভাগবতের অহমেবাসমেবাগ্রে শ্রোকে পাই। সর্ববিদ্রম্বতন্ত্র শ্রীনাম শাস্ত্রাধীন নহেন। শাস্ত্র যাঁহার ইচ্ছায় প্রকাশিত হয়, সেই পরাৎপর বন্তুই শ্রীনাম বা মহামন্ত্র। শাস্ত্র আগে, পরে নাম বা মহামন্ত্র— এরপ নহে। ব্রক্ষাসংহিতা-গ্রন্থে দেখা যায়— ব্রক্ষার হৃদয়ে সর্ব্বপ্রথমে শ্রীনামই প্রকাশিত হইয়াছিলেন। ও আহস্য জানন্তো নাম চিদ্বিক্তন্ মহন্তে বিক্ষো সুমতিং ভজামহে ও তৎসৎ— এই মন্ত্রে প্রাচীনত্র ক্রেম্বেণ্ড নামের কথা উল্লেখ করিয়াছেন।

যজুবের্বদীয় কলিসন্তরণোপনিষদ্, বৃহন্নারদীয়পুরাণ, জ্ঞানামৃতসার,অথর্কবেদে পিপ্লাদশাখা, শ্রীকৃষ্ণতৈতন্যচরিত্যহাকারা, শ্রীচৈতন্যভাগবত, শ্রীচৈতন্যমঙ্গল, ব্রক্ষ্যামল, রাধাতন্ত্র, পদ্মপুরাণ,ব্রক্ষাণ্ডপুরান, সনংকুমার-সংহিতা, অগ্নিপুরান, অনন্তসংহিতা, শ্রীমন্তাগবত, অথকাবেদীয় চৈতন্যোপনিষদ, শ্রীচৈতন্যচরিতামৃত, বৃহদ্ধাগবতামৃত, শ্রীনামকৌমুদী প্রভৃতি বিভিন্ন গ্রন্থে মহামন্ত্র বা শ্রীনামের কথা আছে। স্বয়ং-ভগবান্ শ্রীগৌরসুন্দরের শ্রীমুখেও আমরা মহামন্ত্রের উপদেশ পাই।

প্রঃ—কোনটী একান্ত কর্ত্তব্য ?

উঃ— আমাদের অনেক কার্য্য আছে। তন্মধ্যে কোন্টী একান্ত কর্ত্ব্য ?
শ্রীশিবজী ব'লেছেন— জীবের যত প্রকার কর্ত্ব্য আছে, তন্মধ্যে বিষ্ণুর সেবাই সর্বশ্রেষ্ঠ কর্ত্ব্য। তাহা অপেক্ষা বিষ্ণুভক্ত গুরুবৈষ্ণ্যবের সেবা অধিকতর শ্রেষ্ঠ কর্ত্ব্য।

শ্রীহরি পরতত্ত্ববস্তু। পরতত্ত্ব অপ্রাকৃত ব্যক্তিত্ববিশিষ্ট। আমাদেরও নিত্যব্যক্তিত্বসম্পন্ন সন্তা। অতএব আমাদের নিত্য ও পূর্ণব্যক্তিত্বসম্পন্ন পরতত্ত্বের উপাসনারই প্রয়োজন আছে। ব্যক্তির সহিত ব্যক্তির সম্বন্ধই সাভাবিক এবং সম্যক্ প্রয়োজনপ্রদ। পরতত্ত্বের সহিত আমাদের সম্বন্ধ। প্রতত্ত্বের উদ্দেশ্যে কৃত হওয়াই সঙ্গত।

প্রঃ—পরতত্ত্বের সাক্ষাৎকার কি ক'রে হবে ?

উঃ— এখানে পরতত্ত্বের সাক্ষাৎকার লাভ হয় না। আমাদের বর্ত্তমান নশ্বর ইন্দ্রিয়াদি দ্বারা পরতত্ত্বের নিকট পৌছান যায় না। তাহা হইলে উপায় কি ? আমরা অকপট সেবোনাুখ হইলে পরতত্ত্ব স্বয়ং কৃপাপূর্ক্বক অবতীর্ণ হইয়া আমাদের ইন্দ্রিয়ের যাবতীয় বহিন্দ্র্বভাব ঘুচাইয়া ইন্দ্রিয়েগ্রামকে সেবা করিবার মত যোগ্যতা প্রদান করেন।

যদি আমরা পরতত্ত্ব ভগবানের সেবা কর্বার জন্য যতুপর না হই, তাহা হইলে অন্য বস্তুর সেবা হইতে নিষ্কৃতি পাইতে পারিব না। আত্মার খারা পরমাত্মার সেবা সম্ভব। সেবালাভের উপায়— শরণাগতি।

আমরা নিজের উপর নির্ভর করিয়া বিপন্ন হইব না, ভগবানের উপর সম্পূর্ণ নির্ভর করিব। ভগবৎসেবা করিতে গিয়া আমরা অন্য ইতর কার্য্য করিতে পারিলাম, না বলিয়া শোক করিব না।

পরতত্ত্বের সেবাবিহীন হইলে জাগতিক পরোপকারে নিযুক্ত হওয়া বা আত্মীয়স্বজনের সেবা করাটাই কর্ত্তব্য বলিয়া বিবেচিত হইবে কিন্তু আত্মার একমাত্র লক্ষ্য— একমাত্র নিত্য আকাক্ষা পরতত্ত্বের নিত্য সেবা সর্ব্বাগ্রে আচরণীয় হইলেই মঙ্গল; নতুবা সংসারেই থাকিতে হইবে

প্রঃ—ভক্ত কি সেবা ছাড়া অন্য কিছু চায় ?

উঃ—না। ধর্মার্থকাম ত' পদাঘাত করিবার বিষয়। ভোগী লোকেরা এই সকল বস্তুর প্রার্থী। শুদ্ধভক্তগণ কখনও ধর্মার্থ-কামমোক্ষ চান না। তারা সেবার প্রার্থী। চিত্তটা নির্মাল হওয়া দরকার। নতুবা সেবার অভিনয় করিয়া বঞ্চিত হইতে হইবে।

আমার বন্ধুবান্ধব অনেক ছিলেন। কিন্তু তাঁরা এখন অন্য কার্য্যে নিযুক্ত হইয়া গিয়াছেন। তাঁরা বাহিরে হরিভজনের চেষ্টা দেখাইতেছেন কিন্তু কার্য্যতঃ অন্তরে অন্য বিষয়ে নিযুক্ত আছেন।

প্রঃ— মাপিয়া লওয়া মানে কি ?

উঃ— মাপিয়া লওয়ার অর্থ— ভোগ করা। প্রকৃতপ্রস্তাবে মুক্তিলাভ করিতে হইলে চক্ষু, কর্ণ প্রভৃতি ইন্দ্রিয়ের দ্বারা মাপিয়া লইবার প্রবৃত্তি ছাড়িয়া দিতে হইবে।

প্রঃ— অতীন্দ্রিয়বস্তু ভগবানের সেবা কি এই জড় ইন্দ্রিয় দ্বারা হয় ?
উঃ— স্থুল শরীরের দ্বারা ভগবানের সেবা করা যায়— ইহা যেন কেহ
মনে না করেন। চক্ষু, কর্ণ প্রভৃতি স্থুল ইন্দ্রিয় এবং মন প্রভৃতি সৃক্ষ
ইন্দ্রিয়ের দ্বারা হরিভজন হয় না। কিন্তু এই কয়টাই এ জগতের সম্বল।
এইজন্য শ্রীরূপগোস্বামিপ্রভূ ইন্দ্রিয় কিরূপে অতীন্দ্রিয়–রাজ্যে পৌছবার
যোগ্যতা লাভ করিতে পারে, তা'র একটা কৌশল ব'লেছেন। শ্রীরূপ

প্রত্ ব'লেছেন—ইন্দ্রিয় যখন নিজ চেষ্টায় অতীন্দ্রিয়ে আরোহণ করিবার চেষ্টা করে, তখন তাহা অতীন্দ্রিয়ে পৌছিতে পারে না। এজন্য আরোহবাদী অপ্রাকৃতের সন্ধান পায় না। কিন্তু ইন্দ্রিয় যখন অতীন্দ্রিয়—রাজ্য হইতে অবতীর্ন সেবোনাখতায় আলোকিত হয়, তখনই ইন্দ্রিয়ের অতীন্দ্রিয় বিষয় ধারনার যোগ্যতা লাভ হয়। তখন আর ইন্দ্রিয়ের বহির্ম্মুখতা থাকে না, ইন্দ্রিয় সেবোনাখতায় উদ্ভাসিত হইয়া অতীন্দ্রিয়ের অন্তঃপুরে প্রবেশের অধিকার লাভ করে।

প্রঃ— অধঃপতনের ক্রমটা কি বলুন ?

উঃ— কাৰ্ম্ব হইতে নামিয়া গিয়া বৈষ্ণব, বৈষ্ণব হইতে নামিয়া গিয়া নিৰ্কিশেষবাদী, তথা হইতে নামিয়া গিয়া সদ্ভোগী বা কৰ্মী, তাহা হইতে নামিয়া গিয়া উচ্ছুঙ্খল ব্যভিচারী অন্যাভিলাষী হইতে হয়।

প্রঃ-- হরে শব্দের অর্থ কি ?

উঃ— কেহ কেহ হরেকৃষ্ণ নামে হরি-শব্দের সম্বোধনে হরে বিচার করেন। যাঁরা বিষয়তত্ত্ব অপেক্ষা অধিকতর আশ্রয়তত্ত্বনিষ্ঠ অর্থাৎ যাঁদের সেবাপ্রবৃত্তি অধিকতর প্রকাশিত, তাঁরা হরা-শব্দের সম্বোধনে হরে (অর্থাৎ রাধে) পদ বুঝিয়া থাকেন। শ্রীরাধা প্রীতিদ্বারা কৃষ্ণের মন হরণ করেন বিদায়া তাঁহার একটি নাম হরা। কৃষ্ণমনো হরতি ইতি হরা।

প্রঃ—ভক্তিপথই কি আশ্রয়ণীয় ?

উঃ— একমাত্র ভগবন্ধক্তি ছাড়া কর্মজ্ঞানাদির চেষ্টা মৃঢ়তা— অনাচার।

শ্রীরাধাগোবিন্দের সেবা ব্যতীত আর যত কথা, সব আত্মার নিত্যবৃত্তিকে ঢাকিয়া ফেলিবার কথা। হরি সব হরণ করিয়া থাকেন। কি হরণ করেন? চামড়া, মাংস তিনি হরণ করেন না। তিনি চান আমাকে— আত্মাকে। ভক্তি আশ্রয় করিলে— ভগবানের উপর নির্ভর করিলে সমস্ত দায়িত্ব কাটিয়া যায়।

প্রঃ— ওঁ-কার শব্দের অর্থ কি ?

উঃ— নামের প্রথম অবস্থা— প্রণব অর্থাৎ ওঁ; আর সম্প্রকাশিত অবস্থায়—কৃষ্ণ।

প্রঃ— খবরের কাগজ পড়া কি খারাপ ?

উঃ—হা। খবরের কাগজগুলি সবগ্রাম্যবার্তা। মায়ার কথার যত কাগজপত্র আছে, তাহা পড়িতে নাই। ঐসব পড়িলে অসৎসঙ্গ হইয়া যায়।

প্রঃ— ত্রিদণ্ডী কাহাকে বলে ?

উঃ— মনুষ্যজীবনের সর্কোত্তম আশা— ত্রিদণ্ডী হওয়া। ত্রিদণ্ডী অর্থে অমানী-মানদ-সহিষ্কৃ-হরিকীর্ত্তনকারী। বৈষ্ণবই দেবতা। কিন্তু তিনি দেবতা-অভিমান, শর্মা-অভিমান করেন না। তিনি তৃণাদপি সুনীচ।

ত্রিদন্তীগ্রহণ ব্রাহ্মণজীবনের সর্ব্বপ্রধান কর্ত্তব্য। কায়, মন ও বাক্য এই তিনটাকে অন্য কার্য্যে নিযুক্ত না করিয়া ভগবৎসেবায় নিযুক্ত করাই ত্রিদন্তীগ্রহণ।

প্রঃ— স্ত্রীর সঙ্গে বাস কি উচিত ?

উ৪— গৃহস্থ কেবল সন্তান-উৎপাদনার্থ যথাসময়ে স্ত্রীর সহিত একত্র বাস করিবেন। নিজের ইন্দ্রিয়সুখের জন্য স্ত্রীর সঙ্গে বাস করা অনুচিত। নিজেন্দ্রিয়তর্পণটা হরিডক্তির ব্যাঘাতকারক।

প্রঃ— কৃষ্ণভজন ব্যতীত কি জীবের কোন কাজ আছে ?
উঃ—না। শ্রীকৃষ্ণ বলিতেছেন—তোমাদের সকলেরই আমার উপাসনাই
একমাত্র কৃত্য। আমাকে লইয়াই তোমাদের কাজ— তোমাদের অন্য
কোনপ্রকার কার্য্য নাই। তোমাদের চোখ, কাণ, মুখ, নাক— সব দিয়া
আমাকে লইয়াই কাজ।

প্রঃ— সাধুগুরুর পদধূলি কি গ্রহণীয় নয় ?
উঃ— সাধুগুরু কৃপা করিয়া দিলে তাহা সাদরে গ্রহণীয় ও মঙ্গলকর।
জোর করিয়া বা অনুরোধ করিয়া সাধুর পদধূলি লইতে গেলে অমঙ্গলের
সম্ভাবনা।

একদিন বৃন্দাবন চন্দ্র লক্ষর আমার শ্রীগুরুদেবের পদস্পর্শ করিলে গিতিন দুঃখিত হইয়া বলিয়াছিলেন— তুমি আমার পদস্পর্শ করিলে ? তোমার সর্কানাশ হউক। লক্ষর একথা আমাকে আসিয়া জানাইলে আমি বলিলাম— শ্রীগুরুপাদপন্ম ব্রশাদির দুর্লত বদ্ভ। তাঁর পাদস্পর্শ করিবার আমাদের কি অধিকার আছে ? আমাদের যোগ্যতা না হইলে আমরা এই পাপ ও অপরাধময় হৃদয় লইয়া তাঁদের কাছে যাইতে পারি না।

আমার শ্রীতরুপাদপদ্ম একদিন নিজন্তণে কৃপা করিয়া স্বয়ং নিজের পায়ের ধূলা লইয়া প্রচুর পরিমাণে আমার মস্তকে অভিষেক করিয়াছিলেন। এত তাঁর দয়া!

প্রঃ—ভগবান্ কিভাবে রক্ষা করেন ?

উঃ— বাস্তবসত্য ভগবান্— সর্ব্বজ্ঞ। করুণাময় বাস্তবসত্য পতিত ব্যক্তিগণকে উদ্ধারের জন্য— তা'দের বিকৃত ধারণা পরিবর্ত্তিত করিবার জন্য তাঁর মহামুক্ত প্রতিনিধিগণকে এ জগতে পাঠাইয়া থাকেন।

श्रঃ— २८ घणाँ कि जगवल्या कत्नीय ?

উঃ— আমাদিগকে ২৪ ঘণ্টা পরমার্থের সহিত সংযুক্ত থাকিতে হইবে। ২৪ ঘণ্টার ভিতর এক সেকেণ্ডও আমরা অন্য আর কিছুই চাহিব না। ইহাই আমাদের স্বরূপের ধর্ম।

আমরা যদি আমাদের প্রত্যেক চেষ্টা, প্রত্যেক অনুশীলন ভগবং-সম্বন্ধে নির্ব্বন্ধ করিতে পারি, তাহা হইলে ২৪ ঘণ্টার মধ্যে ২৪ ঘণ্টাই আমরা ভগবং-সেবা ব্যতীত অবশেও অন্য কার্য্য করিব না।

বৈষ্ণবগণ ২৪ ঘণ্টা হরিভজন করেন। কিন্তু এরূপ বৈষ্ণব বেশী পাওয়া যায় না।

প্রঃ--- সর্বশ্রেষ্ঠ গ্রন্থটী কি ?

উঃ— শ্রীমন্তাগবতের ন্যায় মহামূল্য গ্রন্থ এ জগতে নাই। সাধু-গুরুর সঙ্গ ও সেবা ব্যতীত এই ভাগবতগ্রন্থবিচার দুরহ ব্যাপার। প্রঃ — দুর্বৃদ্ধি কি ?

উঃ— আমি জড়ের ভোক্তা— ইহাই দুর্ব্বৃদ্ধি। এই দুর্ব্বৃদ্ধি মানুষের সর্ব্বনাশ ঘটায়। আমি ভগবৎসেবক— ইহাই সুবৃদ্ধি।

প্রঃ তগবান্ কা'র কাছে প্রকাশিত হন না ?

উঃ— ভগবান্ বিভূচিৎ আর জীব অণুচিৎ। অণুর মধ্যে আবাব যদি কেহ চুরি করিয়া কিছু রাখিয়া দেয়, ভগবান্কে সেইটুকুও দিবে না মনে করে, তাহা হইলে বিভূচিৎ তা'র কাছে প্রকাশিত হন না।

প্রঃ — জ্ঞান ও বিজ্ঞান কি ?

উঃ— জ্ঞান অর্থে ক্রাবজ্জান। আর বিজ্ঞান অর্থে — পরিকর বৈশিষ্ট্যের সহিত ভগবানের জ্ঞান।

প্রঃ—আমার ভাল লাগাটা কি ভক্তি?

উঃ— না। যেটা কৃষ্ণের ভাল লাগে তাহা করাই ভক্তি। আমার ভাল লাগা জিনিষটা অন্যাভিলাষ, তাহা ভক্তি নহে। এজন্য ভোগী হইলে সুবিধা হইবে না, ত্যাগী হইলেও সুবিধা হইবে না, ভক্ত হইতে হইবে — নিজ স্বতন্ত্রতা ছাড়িয়া ভগবান্কে আশ্রয় করিতে হইবে এবং তাঁহার সুথের জন্য যত্ন করিতে হইবে।

প্রঃ -- স্ত্রীদর্শন কি নিষিদ্ধ ?

উঃ— সন্যাসি-ব্রক্ষচারীর স্ত্রীদর্শন নিষিদ্ধ। কিন্তু তাই বলিয়া নারীজাতিকেই থারাপ বিচার করা বুদ্ধিমানের কাজ নহে। ভোগাবুদ্ধিতে নারী-দর্শনই স্ত্রীদর্শন। ভোগবুদ্ধিতে স্ত্রীদর্শন নিন্দনীয়। এখানে বস্তুতে দোষ নাই, বস্তুর ব্যবহারের বৃত্তিতে দোষ। জগতের বিচিত্রতা খারাপ বা দোষযুক্ত নহে। কিন্তু সেই বিচিত্রতার অসদ্যবহারটাই নিন্দনীয়। জগতের বিচিত্রতা যদি ভগবৎসেবায় নিযুক্ত হয়, তা' হ'লে তা' বরণীয়।

প্রঃ—কোন্টা মঙ্গলের পথ?

উঃ তগবদ-সেবাই একমাত্র মঙ্গলের পথ। আমাদের প্রত্যেক

পদবিক্ষেপ, প্রত্যেক নিঃশ্বাস-প্রশ্বাস, প্রত্যেক কার্য্য কৃষ্ণ-সন্ধন্ধ নির্ব্বন্ধ করাই প্রয়োজন। আমরা সর্ব্বদা সেই কৃষ্ণসেবার পথে চল্বো। আমরা যেন হরিগুরুবৈষ্ণবসেবা ছেড়ে দিয়ে অন্য কোন কার্য্য না করি।

প্ৰঃ—পূৰ্ণবস্তু কি ?

উঃ— ভগবান্ই পূর্ণবম্ভ। পূর্ণের জন্য পূর্ণ যত্ন করা দরকার। অপূর্ণের জন্য দিনটা কাটিয়ে দিলে অপূর্ণ জিনিষই লাভ হয়— পূর্ণ বম্ভ পাওয়া যায় না।

প্রঃ—কি প্রার্থনীয় হওয়া উচিত ?

উঃ—ভগবৎকৃপাই আমাদের অনুক্ষণ প্রার্থনীয় হওয়া উচিত। জীবমাত্রেরই Final Goal কৃষ্ণপ্রেম।

প্রঃ — জীবন্ত সাধুর কথা কি খুব শক্তিপ্রদ ?

উঃ— শক্তিশালী তীরন্দাজের দারা যেরূপ তীরের শক্তি প্রকাশিত হয়,
তদ্রূপ যাঁর যত ভক্তিবল আছে, তাঁর কথা তত শক্তিশালী বা কার্য্যকারী
হইয়া থাকে। এইজন্য সাধারণ সাধুর কথা ও তেজসী সাধু বা জীবন্ত
সাধুর কথার মধ্যে বিশেষ বৈশিষ্ট্য থাকে। যাঁদের সুসংক্ষার প্রবল আছে,
তাঁরা ইহা প্রত্যক্ষ জীবনে অনুভব করিয়া থাকেন।

প্রঃ—পণ্ডিত কে ?

উঃ— পণ্ডা অর্থাৎ বেদোজ্জ্বলা বুদ্ধি যাঁর আছে, সেই ভগবদ্-ভজনকারী ডক্তই প্রকৃত পণ্ডিত। পণ্ডিতো বন্ধমোক্ষবিৎ।

কিসে সংসার বন্ধন হয় এবং কি উপায়ে সংসার হইতে মুক্তি লাভ হয়, ইহা যিনি জানেন তিনিই পণ্ডিত। মূর্যো দেহাদ্যহং-বুদ্ধিঃ।

দেহাত্মবৃদ্ধিবিশিষ্ট ব্যক্তিই মূর্য। তিনি পাশ করা পণ্ডিত-নামধারী হইলেও মূর্য-পদবাচ্য।

জাগতিক পণ্ডিতগণ কেবল জড়শব্দার্থ মাত্র জানেন। তাঁহারা

দেহাত্মবুদ্ধি-বিশিষ্ট ও মায়াবদ্ধ বলিয়া শাস্ত্রার্থ হৃদয়ঙ্গম করিতে অসমর্থ। শ্রীমন্তাগবত ও বেদাদি শাস্ত্র ভগবদ্ধস্ত বলিয়া তাহা ভক্তি দ্বারাই গ্রাহ্য বা অনুভবনীয়।

জাগতিক তথাকথিত পণ্ডিতাভিমানী ব্যক্তিগণ ভক্তিহীন বলিয়া অহঙ্কারে মন্ত। সেই দান্তিকগণ ভগবান্রূপী শ্রীমদ্ভাগবতাদি শান্ত্রের অর্থ বা শাস্ত্রমর্ম্ম কি করিয়া অবগত হইবে ? পুতুল-নির্ম্মাণকারী মিস্ত্রী কি ভগবিদ্মিহ দর্শন করিতে পারে ?

ধন, রূপ, আভিজাত্য ও পাণ্ডিত্য প্রভৃতি সংপাত্রে না পড়িলে সর্ব্বনাশকর বা অমঙ্গলের কারণ হয়। অভক্তের পক্ষে এগুলি মৃত্যুজনক, উদ্বেগকর, সংসারপ্রাপক ও অহন্ধারবর্দ্ধক। ভক্তের পক্ষে ইহা ভূষণ-সদৃশ— দোষজনক বা অনর্থকর নহে।

শাস্ত্রার্থ ও শব্দার্থ এক জিনিষ নহে। শাস্ত্র জড়শব্দ নহেন, শাস্ত্র শব্দব্রশ্ব— ভগবদবতার। এইজন্যই মহাজনোক্তি— ভজ্ঞা ভাগবতং গ্রাহ্যং ন বুদ্ধ্যা ন চ টীকয়া। অর্থাৎ অচিন্ত্য অতীন্দ্রিয় শাস্ত্র একমাত্র ভক্তি দারাই ভক্তের নিকট অনুভবের বিষয়— জাগতিক পাণ্ডিত্য দারা নহে। প্রঃ— কৃষ্ণ সকাম ভক্তকেও ভক্তি দেন; কিন্তু শাস্ত্র অন্যত্র বল্ছেন— কৃষ্ণ যদি ছুটে ভক্তে ভুক্তি-মুক্তি দিয়া। কছু ভক্তি না দেন, রাখেন লুকাইয়া। অতএব এই উভয় বাক্যের সামগুস্য কি ?

উঃ— যে কপটতা করিয়া বাহিরে কৃষ্ণভজনের অভিনয় মাত্র করে, আর অন্তরে কৃষ্ণের নিকট ধর্মা-অর্থ-কাম-মোক্ষ বাঞ্ছা করে, যাদৃশী ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশী—এই শাস্ত্রবাক্যানুসারে কৃষ্ণ তাহার অভিলম্বিত এই সমস্ত তুচ্ছ বস্তু দিয়াই তাহাকে বচ্চনা করেন, সেই কপটী ব্যক্তিকে বা কৃটিলাত্রাকে কখনও প্রেমভক্তি দেন না। কিন্তু যে ব্যক্তি কৃষ্ণভজন করিতে করিতে অবশতঃ কৃষ্ণের নিকট বিষয়সুখ প্রার্থনা করিয়া থাকে, কৃষ্ণ কৃপাপরবশ হইয়া সেই নিঙ্কপট অজ্ঞ ব্যক্তিকে সাধৃতক্রর নিকট

হইতে হরিকথাশ্রবণের সুযোগ প্রদান করিয়া বা নিজ মাধুর্য্যাদিতে আকৃষ্ট করিয়া অজ্ঞের তুছে বাসনা দূর করিয়া দেন। মোট কথা এই যে—কৃষণ্ডভজনের অভিনয়কারী কপটী ব্যক্তিকে কৃষণ্ড কখনও সুদুর্লভা প্রেমভক্তি দেন না, তাহার বাঞ্ছিত ভুক্তিমুক্তি দিয়াই তাহাকে বিদায় দিয়া থাকেন। কেবল নিষ্কপট ভজনকারী অজ্ঞ ব্যক্তিকেই কৃপা করিয়া সদ্তক ঘারা শুদ্ধভক্তি বা প্রেম প্রদান করেন।

প্রঃ— দীক্ষাগুরু ও শিক্ষাগুরু কাহাকে বলে ? চৈন্তাগুরুর কার্য্য কি ?
উঃ— গুরু তিন প্রকার— দীক্ষাগুরু, শিক্ষাগুরু, চৈন্তাগুরু। গুরু কখনও
লঘু নহেন, গুরু ঈশ্বরবস্তা। গুরুকে লঘুজাতীয়জ্ঞানে কৃষ্ণু চৈতন্য হইতে
পৃথক্ মনে করা উচিত নয়। কৃষ্ণই গুরুরূপে জীবের চেতনতা উদুদ্দ
করেন— প্রকৃত মঙ্গল বিধান করেন।

দীক্ষাগুরু দিব্যজ্ঞান—পূর্ণবস্তুর জ্ঞান প্রদান করেন। কৃষ্ণই আমার নিত্য প্রতু, আমি তাঁর নিত্য দাস—এই দিব্যজ্ঞান বা সম্বন্ধজ্ঞান দীক্ষাগুরু দিয়ে থাকেন।

শিক্ষাগুরু অনর্থ-নিবৃত্তির উপায় ব'লে দেন ও তৎপরে শুদ্ধভজন শিক্ষা দেন। দীক্ষাগুরুই অধিকাংশস্থলে শিক্ষাগুরুর কার্য্য করেন। বন্ধজীব দীক্ষাগুরু ও শিক্ষাগুরুর কার্য্য কর্তে পারেন না। দীক্ষাগুরু মন্ত্র ও ভজনোপদেশ দান করেন। শিক্ষাগুরু অনর্থনিবৃত্তির পর ভজন-শিক্ষাদাতা। আর হৃদয়বিহারী অন্তর্যামী শ্রীহরিই চৈত্যগুরু।

> কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু-অন্তর্যামিরূপে শিখায় আপনে॥

দীক্ষাওর ও শিক্ষাওর যে কথা বলেন চৈত্যওর তাহা ধারণা কর্নার যোগ্যতা দৈন। চৈত্যওর দীক্ষাওর ও শিক্ষাওর উপদেশ এহণের শক্তি প্রদান করেন। চৈত্যওর র কৃপা ব্যতীত কেহই দীক্ষাওর ও শিক্ষাওর কথা বুঝিতে বা ধরিতে পারেন না। চৈত্যওর কৃপা বা সাহায্য ব্যতীত মহান্তগুরুর কৃপা লাভ হয় না, চিত্তের মালিন্য দূর হয় না, শিক্ষা দৃঢ় হয় না, শ্রবণীয় বিষয় কার্য্যকরী হয় না। ভগবান শ্রীগৌরাঙ্গদেবই স্বয়ং দীক্ষাগুরুরপে দিব্যজ্ঞান ও শুদ্ধভক্তি প্রদান করেন, নিজাভিন্ন শিক্ষাগুরুবর্গকে জগতে প্রেরণ ক'রে সেই ভক্তি সংরক্ষণ করেন এবং নিজেই চৈত্যগুরু হ'য়ে সেবোনাখ জীবহাদয়ে সেই দীক্ষা ও শিক্ষা গ্রহণের শক্তি সঞ্চার করেন।

প্রঃ— কে সংসার থেকে উদ্ধার পাবে ?

উঃ— শতকরা শতভাগ দিলে ভগবান্ তাঁকে উদ্ধার কর্বেনই। সাধু-শুরুর সেবা ও সঙ্গকে জীবন না কর্লে ষোল আনা দিবার প্রবৃত্তি জাগে না। আবার পূর্ণ না দিলে পূর্ণবন্তু গুমিলে না। ভগবান্ পূর্ণবন্ত । তিনি পূর্ণ চান। পূর্ণ দিলেই পূর্ণকে পাওয়া যায়। যেমন দেওয়া ভেমন পাওয়া।

প্রঃ— কৃষ্ণসেবক জীবের কর্তাভিমান কেন হয় ?

উঃ— জীব কর্ত্তা বা ভোক্তা নয় সত্য, কিন্তু জীবের কৃষ্ণশৃতির অভাবে অহঙ্কারধর্ম প্রবল হ'য়ে 'আমি কর্ত্তা' এই বুদ্ধি হয়।

ভগবংসেবক জীব যখনই ভগবংসেবার কথা ভূলে যাবে, তখনই মায়া এসে তা'কে গ্রাস কর্বে। সকল বস্তুতে ভগবংসম্বন্ধ না দেখ্লেই কর্ত্ত্বাভিমানে জীব বিপথগামী হবে। তখন সে কর্ত্তা সেজে জড়ের সেবা অর্থাৎ মায়ার সেবা কর্বার জন্য ব্যস্ত হ'য়ে পভূবে এবং দুঃখ পাবে। ভক্ত সতত ভগবানের সেবাই করেন, তাঁর সেবক-অভিমান প্রবল, কিন্তু অভক্ত জড়ের সেবা করিয়া প্রভূ সেজে উদ্বেগই পায়।

যাদের দিব্যক্তানের উদয় হয় নাই, তা'রাই প্রভু সেজে সেবা গ্রহণ করে। কিন্তু কর্ত্তা বা প্রভু না হ'য়ে যাঁরা ভগন্তক্তের সেবা করেন, তাঁরাই ধন্য।

প্রঃ— বেশীদিন বাঁচিয়া থাকা কি ভাল ?

উঃ - হরিভজন করিলে বাঁচিয়া থাকা ভাল ; কিন্তু যারা হরিভজন করে

না, তাদের জীবিত থাকিয়া দৌরাত্ম্য করা অপেক্ষা মরিয়া যাওয়াই ভাল।
মানুষ ও দেবতা যদি হরির উপাসনা না করেন, তবে তাঁরা কেবল
জগজ্জপ্রাল আনয়ন করেন। দেবতার উপাস্য যে কৃষ্ণ, তিনি মনুষ্যেরও
উপাস্য। সুতরাং অন্য দেবতার উপাসনা না করিয়া সর্ব্বেশ্বরেশ্বর ভগবাদ্
শ্রীকৃষ্ণের উপাসনা করিলেই সকলের উপাসনা হইয়া যায়।

প্রঃ— কি ভাবে সংসারে থাকিতে হইবে ?

উঃ— একটি লোককে বাঁধিয়া মারিলে যেমন বাধ্য হইয়া মার খাইতে হয়, অথচ মার খাওয়াটা যেমন তার ইচ্ছা নয়, সংসারটাকে সেইরূপ গর্হণমুখে গ্রহণ করিতে হইবে। নতুবা বিপদ্ ও দুঃখ অনিবার্য্য।

প্রঃ— আমরা কর্ত্তা হই কেন ?

উঃ— এটা দুর্ভাগ্যের পরিচয়। জীব ত' আর ঈশ্বর নয় যে সে কর্ত্তা হবে? কর্নো হলেন— একমাত্র কৃষ্ণঃ। আমরা সকলে সেই কৃষ্ণের নিত্য সেবক। কিন্তু আমরা এই কথাটা ভুলে গিয়ে গৃহের কর্ত্তা— পাড়ার মালিক, গ্রামের মোড়ল, দেশের প্রভু বা জগতের ঈশ্বর হ'তে সচ্ছি। এমনি আমাদের দুর্দেব।

श्र -- यत्र काशांक वरण ?

উঃ— যে বস্তু বিষয় হ'তে— ভোগ্যদর্শন হ'তে আমাদিগকে উদ্ধার কর্তে পারে, তাহাই মন্ত্র। মন্ত্রসিদ্ধি হ'লে মনোধর্ম হ'তে ত্রাণ হয়। দম্ভ পরিত্যাগ না কর্লে গুরুসেবা, কৃষ্ণসেবা কিছুই হ'বে না। স্বতম্বতাই দম্ভ।

প্রঃ — অধঃপতন কেন হয় ?

উঃ— যদি কোন প্রকার দম্ভ এসে উপস্থিত হয়, তা' হ'লে শ্রীগুরুপাদপদ্মের নির্দ্দেশ পালন বা মনোহভীষ্টসেবা ত' কর্তে পার্বই না বরং অধঃপতন উপস্থিত হবে। মানুষের অধঃপতনের পূর্কের্ম অশ্রন্ধা ব'লে একটা জিনিষ আসে। যদি সাধুগুরুর প্রতি শ্রন্ধা হয় তবেই মঙ্গল; নতুবা সর্ক্রনাশ र रा यात- मश्य्र्श तिष् यात।

আমি ভগবান্কৈ দেখে নেবো— এটা দুর্কৃদ্ধি, দম্ভ, মাপাবৃদ্ধি বা ভোগবৃদ্ধি। শ্রীবিগ্রহ আমাকে দেখছেন— ইহাই হ'লো শ্রীবিগ্রহ-দর্শন। এজন্য কাণ দিয়ে ঠাকুর দর্শন কর্তে হয়। ঠাকুরের কৃপাদৃষ্টি লাভের জন্য— ঠাকুরের সুখের জন্য ঠাকুরের কাছে যেতে হয়, দৈন্যার্ত্তি নিয়ে। তবেই মঙ্গল হয়।

ভোগে ও ত্যাগে শ্রদ্ধা না থাকার মানে— ভগবানে শ্রদ্ধা। শ্রদ্ধা যদি বিশ্বের উপর বা বিশ্ববাসীর উপর হয়, তা' হ'লে সেটা হলো— ভোগ। বিষয় আমার ভোগ্য হবে— এই বৃদ্ধিই দীক্ষা বা দিব্যজ্ঞানের অভাব।

কে আমি— এই বিচার যদি হৃদয়ে না আস্লো, আমার নিত্য আরাধ্যের সঙ্গে যদি সম্বন্ধজ্ঞানের উদয় না হলো, তা' হ'লে শ্রদ্ধা ও শরণাগতি কি ক'রে আস্বে ?

শ্রদ্ধা যদি না হয়, তা' হ'লে সাধুদর্শন বা ডগবদর্শন হয় না.
মৎসরতা, হিংসা বা সমাসোচনাপ্রবৃত্তি এসে যায়।

থঃ— আমরা আজ পর্য্যস্ত যা' শিক্ষা ক'রেছি, তা' কি ক'রে কাট্বে ?
উঃ— আমরা বাল্যকাল থেকে যা শিক্ষা ক'রেছি, সে সবই জাগতিক
শিক্ষা— সাময়িক শিক্ষা— সংসারে থাক্বার শিক্ষা। পরমার্থ-শিক্ষা হৃদয়ে
স্থান লাভ কর্লেই এ সব শিক্ষার তুচ্ছত্ব সহজেই অনুভব হবে।

আমি ভগবৎসেবক, আমি সেব্য নহি, সেবক আমি সেবাই কর্বো.
সেবা ছাড়া আমি আর কিছু কর্বো না— এই সুবৃদ্ধি যদি আসে, তা
হ'লে যে-সকল দুর্ব্বৃদ্ধি বা মেটে বৃদ্ধি বা শিক্ষা মাতা-পিতা বা লৌকিক
আত্মীয়স্বজনের কাছ থেকে পেয়েছি বা শিখেছি, সেগুলি কেটে যেতে
পারে। তা' না হ'লে ঐ দুর্বৃদ্ধিগুলি আরও পুষ্ট হ'তে থাক্বে।

ভগবান্ই একমাত্র ভোক্তা বা কর্তা, এই কথাটা ভূলে গেলেই সংসার হ'য়ে যাবে। ভগবৎ-সেবোনাুখ ব্যক্তিগণেরই সংসার ক্ষয় হয়. আর তগবিষমুখ ব্যক্তিগণের সংসার বৃদ্ধি হয়। যাদের সংসার বেড়ে যাচ্ছে, তাদের ভগবৎসেবা কর্তে ইচ্ছা হয় না, ভগবৎসেবার কথা তন্তে ভাল লাগে না, ভগবৎকথা তন্বার সময় হয় না। যদিও তারা কখনও কখনও তন্বার অভিনয় করে, সেটাও নিজেদের মত ক'রে। তাদের মনের মত কথা না হ'লে সেওলিকে তা'রা বাতিল ক'রে দেয়। হরিসেবার কথাকে তা'রা প্রাধান্য দেয় না, তাদের বিচার হচ্ছে—
Present-day-needই বেশী দরকারী।

ভগবান্ কি জিনিষ যদি জান্তে হয়, তবে ভগবানের ভক্তের কাছে যেতে হবে। এতদ্যতীত ভগবান্কে জান্বার অন্য কোন উপায় নাই।

প্রঃ প্রতিমাদর্শনই ত' ভগবদর্শন ?

উঃ—ভগবানের দেহ-দেহীতে ভেদ নাই। আমার হ্রদয়দেবতা আমাকে কৃপা কর্বার জন্য—আমাকে সেবাসুযোগ প্রদানের জন্য বিশ্বেঅবতীর্ণ। পরতত্ত্বে অর্চাবৃদ্ধি, প্রতিমাবৃদ্ধি বা শিলাবৃদ্ধি থাক্লে পরতত্ত্ববৃদ্ধি, ইষ্টদেববৃদ্ধি বা ঠাকুরদর্শন হলো না। অর্চাকে সাক্ষাৎ ভগবান্ না দেখে যদি অর্চাই দেখতে থাকি, তবে মঙ্গল হলো না। ভগবান্ শ্রীগৌরাঙ্গদেব শ্রীজগন্নাথদেবকে শ্যামসুন্দর মুরলীবদন দর্শন ক'রেছেন—তিনি অর্চা বা প্রতিমা দর্শন করেন নাই, পরম্ভ সাক্ষাৎ পরতত্ত্ব দর্শন ক'রেছেন, মহাপ্রভুর বিচার—প্রতিমা নহ তুমি সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন।

প্রঃ— বাজে কথা বা গ্রাম্যকথা বলা কি অমঙ্গলজনক ?
উঃ— নিশ্চয়ই। ভোগ্যপ্রসঙ্গ বা গ্রাম্যপ্রসঙ্গে সংসার, আর সেব্যপ্রসঙ্গে—
ভগবৎপ্রসঙ্গে কৃষ্ণেন্দ্রিয়তর্পণ বা ভক্তি হয়। হরিপ্রসঙ্গ না হলেই ভোগ্যপ্রসঙ্গ
হ'য়ে যাবে।

জগতের লোক সব সময় বাজে কথা— গ্রাম্যকথা বল্ছে ও বল্বে। সে সব কথায় উদাসীন থেকে হরিনাম কর্তে হ'বে। নতুবা তাদের মধ্যে একজন হ'য়ে যেতে হবে। এইজন্যই মহাপ্রভু ব'লেছেন— গ্রাম্যকথা না শুনিবে, গ্রাম্যবার্ত্তা না কহিবে।

প্রঃ — সকলকেই কি কীর্ত্তন কর্তে হবে ?

উঃ—কীর্ত্তন সকলকেই কর্তে হ'বে। হরিনামকীর্ত্তন ও হরিকথা-কীর্ত্তনই জীবের নিত্যধর্ম। শ্রুত বিষয় কীর্ত্তন ক'রে প্রথমে নিজেকে সেই সকল কথা ভন্ততে হবে। তাহা অপরে শুনেন্ ওনুন্, তাতে আপত্তি নাই কিন্তু নিজে আচরণ করাটা বিশেষ দরকার।

প্রঃ সব ভক্তই কি শ্রীমন্দিরে গিয়া ভোগ দেন ?

উঃ— সদ্গুরুচরণাশ্রিত কনিষ্ঠাধিকারী ভক্ত গুর্বানুগত্যে শ্রীবিগ্রহের কাছে নেবেদ্য নিয়ে মন্ত্র প'ড়ে ঠাকুরকে ভোগ দেন।মুক্তপুরুষগণও মন্দিরে প্রীতিপূর্বেক ভোগ দিয়া থাকেন। মধ্যমভক্ত সব সময় অর্চার কাছে নেবেদ্য না নিয়ে কখন কখন পৃথক্ভাবেও নিজে নিজে ভোগ দেন নিজের হাদয়দেবতাকে এবং পরে সেই প্রসাদ গ্রহণ করেন। আর মহাভাগবতের বিচার— তার নিকট যে কিছু জিনিষ এসে পৌছ্ছে. সমস্তই ভগবান গ্রহণ ক'রে উচ্ছিষ্ট পাঠিয়ে দিয়েছেন। প্রত্যেক বস্তুতে তিনি ভগবদ্ভাব দর্শন করেন। এই কথা গুনিয়া যেন কেহ মনে না করেন যে. মহাভাগবত শ্রীমন্দিরে আদৌ ভোগ দেন না। শ্রীরাঘবপণ্ডিত, শ্রীগৌরীদাস পণ্ডিত, শ্রীরঘুনন্দন ঠাকুর, শ্রীমাধবেন্দ্রপুরীপাদ প্রভৃতি মহাভাগবতগণ সকলেই ঠাকুরকে শ্রীমন্দিরে প্রীতির সহিত ভোগ দিয়া খাওয়াইয়াছেন।

অর্চ্চা অনর্থযুক্ত আমার সহিত কথা বলেন না কিন্তু ভক্তের সঙ্গে কথা বলেন, তাঁর সাম্নে খান।

প্রঃ— ভগবদ্দান কি এই চক্ষে হয় ?

উঃ— জগনাথ ও জগৎ এক নহে দিবাজ্ঞান বা দিবাচক্ষু লাভ না হ'লে জগনাথ দর্শন হয় না। আমি এখন চোখে দেখতে পাই না, কিন্তু চশ্মা নিয়ে বেশ দেখি। তদ্রপ এই চক্ষে জগনাথদর্শন হবে না। গুরুপ্রদত্ত জ্ঞানচক্ষে বা ভক্তিচক্ষেই— গুরুক্পা-সাহায্যেই জগনাথদর্শন হ'য়ে থাকে। কাণ দিয়ে দিব্যজ্ঞান লাভ ক'রে জগনাথদর্শন কর্তে হবে।

প্রঃ— সেবা কি স্বহন্তে করা উচিত ?

উঃ— পুরোহিত বা প্রতিনিধি দ্বারা ভগবৎসেবাকার্য্য হয় না। এজন্য সক্লেরই প্রীতির সহিত স্বহস্তে ভগবৎসেবা করা কর্ত্বা।

প্রঃ— আসক্তি কোন্ বস্তুতে হওয়া মঙ্গল ?

উঃ—জগতের প্রতি, জগদ্বাসীর প্রতি আসক্তিটা বন্ধন বা দুঃখের কারণ এজন্য আসক্তির Direction (মোড়) ফিরাইয়া দেওয়া দরকার The Great Attractor এর সঙ্গে বন্ধন হওয়া প্রয়োজন। তবেই মঙ্গল

প্রঃ— গুরুকুপা ব্যতীত কি কিছুই হবে না ?

উঃ— না। অজ্ঞানান্ধ আমি, আমাকে গুরু ব্যতীত পথ দেখাবেন কে? আমাকে জ্ঞান দিবেন কে? গুরুকুপা হতেই সব লাভ হয়। আমরা লঘু, আমাদের একমাত্র আশ্রুয— শ্রীগুরুদেব। যিনি সর্ব্বভোভাবে সর্ব্বক্ষণ ভগবানের সেবা করেন, তিনিই শ্রীগুরুদেব। শ্রীগুরুদেব আশ্রুয়জাতীয় কৃষ্ণ। সেই গুরুতে ঈশ্বরবুদ্ধি হচ্ছে কই যে আমাদের মঙ্গল হবে?

প্রঃ --- স্ত্রীসঙ্গ করা কি অনুচিত ?

উঃ নিশ্চয়ই। স্ত্রীসম্বন্ধী পাপ আচরণ কর্তে নাই। বৈরাগীগণ ত'
স্ত্রীসঙ্গ কর্বেনই না, আবার গৃহস্থ হ'য়েও অত্যন্ত কামপ্রবৃত্তি চালনা
কর্তে হবে না। যে কৃষ্ণকে ভুলে সংসার কর্বে ও ছাগধর্মা গ্রহণ
কর্বে, সে গৃহব্রত। গৃহস্থ-অভিমান ক'রে অন্য বিচার এলে অধর্মা
হবে। মহাপ্রভূ ব'লেছেন—

অসৎসঙ্গত্যাগ—এই বৈষ্ণব-আচার। স্ত্রীসঙ্গী—এক অসাধু, কৃষ্ণাভক্ত আর॥

প্রঃ— আমাদের ভগবৎপাদপদ্মে মতি হয় না কেন ?

উঃ— ভাগ্য বা সুসংস্কার না থাকলে ভগবানে মতি কি ক'রে হবে ? সকলের কি ব্যবসা, চাকুরী বা অঙ্ক ভাল লাগে ? যার কর্ম্মসংস্কার, তার কর্ম্মে রুচি, যার ভক্তিসংস্কার আছে তার ভক্তিতে রুচি হয়। ভক্তিতে রুচি না হওয়াটা দুভার্গ্যের পরিচয়।

ভগবান্ সেব্য বস্তু — অতীন্দ্রিয় বস্তু। তিনি জড়-ইন্দ্রিয়ের গ্রাহ্য নহেন। ভগবান্ সেবোনাুখ ইন্দ্রিয়েই প্রকাশিত হন। আরোহপদ্মায় কেহই তাঁর কৃপা লাভ করতে পারে না।

প্রঃ— আমাদের উনাখতা আসে না কেন ?

উঃ— একে ত' সংস্কার নাই, আবার তজ্জন্য যহুও নাই।

এইজন্য সদ্বৈদ্যের আবশ্যক। সংসঙ্গ কর্লে উন্মুখতা আস্বে। Veterinary Surgeon (পশুচিকিৎসক) যেমন পশুর মুখকে কৌশলে ফাঁক করাইয়া ঔষধ প্রয়োগ করেন, শ্রীশুরুপাদপদ্ম বা সাধুবৈদ্যও ঐভাবে আমাদিগকে কৃপা করেন। তিনি আমাদের অনিচ্ছাসত্ত্বেও আমাদের মুখে জোর করিয়া ভক্তিরস ঢালিয়া দেন।

শ্রীগুরুদেবের এই কার্য্য পরম দয়ার কার্য্য। তাঁহার দয়ার ইয়তা নাই। কৃষ্ণপ্রেমপ্রদানই শ্রীগুরুদেবের দয়া।

আমরা মঙ্গল চাইব না, কিন্তু মহাপ্রস্থু জোর করিয়া আমাদিগকে নিত্যমঙ্গলের কথা হুনাইতেছেন। মানবজাতির উপর খ্রীচৈতন্যদেব কি অপার করুণা প্রদর্শন করিয়াছেন, শ্রীকৃষ্ণ জানাইয়া অচেতন বিশ্বকে কি প্রকার চেতন করিয়া দিয়াছেন, তাহা একবার বিশ্ববাসীর চিন্তার বিষয় হুইক, তাহা হুইলেই মঙ্গল হুইবে।

প্রঃ— আমাদের ভগবান্কে ডাকিবার প্রবৃত্তি হয় না কেন ? সংসারকৃপের
মধ্যে পভিয়া থাকিতে ইচ্ছা হয় কেন ?

উঃ— মানুষ চেতন : গ্রহণ করা, না করার স্বতন্ত্রতা মানুষের আছে : গ্রহণ করার চিত্তবৃত্তি না হ'লে অরণ্যে রোদন হইবে : হৃদয়ের সহিত ভগবান্কে ডাকিলে নিশ্চয়ই তাঁর করুণা হইবে। চৈতন intiative লইতে পারেন। অচেতনের স্বতম্রতা নাই। চেতন ও অচেতনের মালিক—
ঈশ্বর। চেতনের স্বতম্রতা বলিয়া একটি রত্ন আছে। তবে ভগবান্
সর্বতম্বস্বতম্ব, জীবের স্বতম্রতা তাঁহার ইচ্ছাপরতম্ব। জীব স্বতম্রতার
সদ্ব্যবহারও করিতে পারেন, অসদ্ব্যবহারও করিতে পারেন। ঈশ্বর যদি
চেতনকে বাধ্য করিতে যান, তবে চেতনকে নষ্ট করা হয়। তাই চেতনের
স্বতম্বতার উপর তিনি হস্তক্ষেপ না করিয়া চেতনের স্বাভাবিক বৃত্তিটী
উন্মেষিত করিতে চাহেন।

জীবাত্মা সৃষ্টবস্তু নহেন, তিনি নিত্য সনাতন বস্তু। ভগবান্ সাধ্-গুরু-শাস্ত্ররূপে অবতীর্ণ হইয়া জীবকে শুদ্ধ চেতনধর্ম্মে উদ্ধুদ্ধ করিবার যত্ন করেন। এজগৎ আমাদের নিত্যবাসস্থান নহে।

শাস্ত্র বলেন— সাধুশাস্ত্রকৃপায় যদি কৃষ্ণোনাুখ হয়।

সোই জীব নিস্তরে, মায়া তাহারে ছাড়য়।

মায়ামুগ্ধ জীবের নাহি কৃষ্ণু শৃতিজ্ঞান।
জীবেরে কৃপায় কৈল কৃষ্ণ বেদপুরাণ।
শাস্ত্র-অত্যরূপে আপনারে জানান।
কৃষ্ণমোর প্রভু, ব্রাতা—জীবের হয় জ্ঞান।
নিত্যবদ্ধ—কৃষ্ণ হৈতে নিত্যবহির্ম্মুখ।
নিত্যসংসার, ভুঞ্জে নরকাদিদুঃখ।
সেই দোষে মায়া-পিশাচী দণ্ড করে তারে।
আধ্যাত্মিকাদি তাপত্রয় তারে জারি' মারে।
অাধ্যাত্মিকাদি তাপত্রয় তার লাথি খায়।
ভার উপদেশ-মক্রে পিশাচী পলায়।
কৃষ্ণভক্তি পায়, তবে কৃষ্ণ-নিকট যায়॥
কৃষ্ণভক্তি পায়, তবে কৃষ্ণ-নিকট যায়॥
কৃষ্ণনিত্যদাস জীব তাহা ভুলি গেল।

এই দেশে মারা তার গলায় বাঁধিল । তাতে কৃষ্ণ ভজে, করে ওলের সেবন। মায়া-জাল ছুটে, পায় কৃষ্ণের চরণ ॥ (চৈঃ চঃ)

প্রঃ—আমরা কেন এখানে আসিলাম ?

উঃ— কৃষ্ণকৈ ভূলিয়া আমরা এখনে এসে পড়েছি। এই Planet টা suited for our purpose. সূর্য্যের সঙ্গে proper adjustment না হ'লে তাঁর নিকট গেলে পুড়ে মর্তে হ'ত অণুচিং জীবাত্রা আমি, আমাকে ধরা দিবার জন্য যে বিভূচিং ভগবান কৃপা ক'রে সার্জিত্রিস্ত —পরিমিত অবয়ব ধারণ করেন, তাঁহার সহিত adjustedহইবার বিচার হইলেই মঙ্গল, নতুবা আমি Initiative লইতে গিয়া যে ব্রক্ষ হইবার বিচার গ্রহণ করি, তাহাতে কখনই মঙ্গল হইবে না ভগবানকে disturb না করিয়া যদি properly adjusted হইতে পারি— অনুকূল অনুশীলন করিতে পারি, তবে তাঁহার কৃপালাভ সম্ভব হইবে

কর্মী, জানী প্রভৃতির intellectualism প্রবল আমাদের প্রাধানে কর্ম-জ্ঞানবাদ আর ভগবৎপ্রাধানোই ভক্তি

শাস্ত্র বলেন---

কৃষ্ণভুলি'সেই জীর অনাদিবহিদ্ধুখ। অতএব মায়া তারে দেয় সংসারদুঃখ॥ (চৈঃ চঃ)

প্রঃ— ভক্তির কথা সকলে বুঝ্তে পারে না কেন ?
উঃ— Extra ordinary merit না হ'লে ভক্তির কথা কি প্রকারে বুঝা
যাইবে ? Ordinary merit ভুক্তি-মুক্তির কথা লইয়াই বাস্ত : আচারবান্
হওয়া আবশ্যক নিজে আচরণ কর্লেই অন্যকে আচারে প্রতিষ্ঠিত করা
যায়।

প্রঃ— প্রত্যেক্ষ, সংগ্রাক্ষ ও অধ্যেক্ষল কাহাকে বলে ?
উঃ— প্রত্যেক্ষ— মানুষ নিজের ইন্দ্রিয় দ্বারা যাহা দেখে প্রোক্ষ—
অপরে ইন্দ্রিয় দ্বারা যাহা প্রত্যক্ষ করে, তাহাতে প্রত্যয়-স্থাপন

সপরোক্ষ—প্রত্যক্ষও নহে, পরোক্ষও নহে যাহা, তাহা Tabula rasa, Absolute, ব্রক্ষ প্রতৃতি শব্দ দ্বারা উদ্দিষ্ট হইয়াছে। নির্বিশেষবাদই অপরোক্ষ বিচারের শেষ কথা। অপরোক্ষবাদীরা যাহাকে Absolute বিলভেছেন, আমাদের Absolute কিন্তু সেরূপ নহেন। আমাদের Absolute—বংশীবদন শ্যামসুন্দর ব্রজেন্দ্রনন্দন। শ্রীমন্তাগবত অধ্যক্ষজ শব্দ দ্বারা সেই Absolute-কে নির্দেশ করিয়াছেন। প্রত্যক্ষ, পরোক্ষ ও অপরোক্ষকে অতিক্রম করিয়া অধ্যোক্ষজভূমিকায় অধ্যোক্ষজের সেবা করিতে হইবে, তিনি সেব্যবস্তু। অধ্যোক্ষজ সর্ব্বতন্ত্র স্বতঃকর্তৃত্বধর্মবিশিষ্ট। অধ্যোক্ষজ Initiative লইতে পারেন। অধ্যোক্ষজের সঙ্গে বেনেগিরি চলিবে না, ফাঁকি চলিবে না। কারণ তিনি অন্তর্যামী—সর্ব্বজ্ঞ। তিনি মানুষের range of vision এ আসেন না

প্রঃ কর্ম ও জ্ঞান কি আতাধর্ম ?

উঃ— না। জ্ঞান ও কর্ম্ম— অনাত্ম-ধর্মা। কর্ম্মে নশ্বর ফলভোগবাদ। আর জ্ঞানে ত্যাগের বাহাদুরী লইয়া কেবলাদ্বৈতবাদাশ্রয়ে স্বগত-সজাতীয়-বিজাতীয়ভেদরহিত হইয়া নির্ভেদব্রশ্বানুসন্ধানচেষ্টায় আত্মবিনাশবরণ।

ভোগী ও ত্যাগী both are mistaken and misguided. কর্ম ও জ্ঞান— এই দুইটাই ঠগ। তাদের হাত হ'তে পরিত্রাণ পাওয়া দরকার।

Too much affinity হ'লে বেশী depression, সেজন্য অনাসক্তভাবে সংসার করা দরকার। বিচারসঙ্গত process neglect কর্লে মর্তে হ'বে।

প্রঃ পরাশান্তিলাভের উপায় কি ?

উঃ— জীব দেহে আত্মবুদ্ধি করিয়া জড়ের সহিত সম্বন্ধবিশিষ্ট হইয়া
নানাপ্রকার দুঃখ-যন্ত্রণা ভোগ করিতেছে। ইহা হইতে উদ্ধার পাইবার
জন্য কেহ বলেন— মনই সুখ-দুঃখের ভোক্তা, সুতরাং চিত্তবৃত্তি নিরোধ
করিয়া প্রকৃতিতে লীন হইয়া নির্ক্রাণ লাভ করিতে পারিলেই আর কোন

দুংখ থাকিবে না। আবার কেহ বলেন যে— আমি ব্রহ্ম, বর্ত্তমানে মায়ার সহিত বিজড়িত হইয়া আমার এই দুঃখকষ্ট ভোগ হইতেছে, পুনরায় মায়া হইতে মুক্ত হইয়া ব্রহ্মানুভূতি হইলেই আমার জ্ঞানলাভ হইবে, তখন আর দুঃখকষ্ট কিছুই থাকিবে না। ইহাদের কেহই পরাশান্তির সন্ধান দিতে পারিলেন না। কারণ, প্রথম মতে যে পথ গ্রহণের কথা বলা হইয়াছে, তাহাতে মনের ক্রিয়া ন্তব্ধ হইল মাত্র, কিন্তু তাহাতে তাহার কোন বোধ রহিল না— চেতনের কোন কথা রহিল না। দ্বিতীয় মতে— যদিও চেতনের অন্তিত্ব শীকার করা হইতেছে, তথাপি তাহাতে পরিণামে জ্ঞাতা-জ্যেরে পৃথক্ সত্তা শীকৃত না হওয়ায় জ্ঞানের সম্ভাবনা নাই। জড়ের সহিত সম্বন্ধরহিত হওয়া প্রয়োজন বটে, কিন্তু পূর্ণচেতন ভগবানের সহিত সম্বন্ধবিশিষ্ট না হইলে অণুচেতন জীবের পরাশান্তি লাভ হয় না।

ভগবদ্ধক্তের সঙ্গে থাকিয়া তৎকৃপায় দিব্যজ্ঞান বা সম্বন্ধজ্ঞান লাভ হয়। সাধুসঙ্গ, নামকীর্ত্তন, ভাগবতশ্রবণ, শ্রীমূর্ত্তির শ্রদ্ধায় সেবাদ্বারা জীবের মঙ্গল হয়। আমরা ভগবানের সেবক। তৎসেবাই আমাদের কৃত্য। এজন্য আমাদিগকে ভগবানের সেবার দিকে অগ্রসর হইতে হইবে—ভগবৎসেবাকেই জীবনের একমাত্র লক্ষ্য করিতে হইবে—তবেই প্রকৃত শান্তি পাওয়া যাইবে, নতুবা নহে।

প্রঃ—কি করিলে মঙ্গল হইবে ?

উঃ পরমশ্রদ্ধাসহকারে গুরুসোবা করিলে মঙ্গল হইবেই হইবে। দুঃখময় জগতে কেবল কন্ট পাইবার জন্যই মনুষ্যের যাবতীয় চেন্টা। ভগবৎসেবাবিমুখের জন্যই মায়ার এই বিধান। যাঁরা জগৎসৌখ্যে ব্যস্ত হন, তাঁরা অমঙ্গল বরণ করেন। সেবাবিমুখতাক্রমে মানুষের এই বিচার আসে। নিজ সুখের জন্য যত্ন করাটাই যে দুঃখের কারণ, এই কথাটা সেবুঝিতে পারে না। ১৪ তুবন অমঙ্গলের ভূমিকা। দুর্ভাগ্যবশতঃ বর্তমানে আমি কর্ত্তা—আমাদের এই অভিমান প্রবল হইয়াছে। এই বিচার হইতে

কিরূপে নিস্তার হইবে ? গুরুপাদপদ্ম আশ্রয় করিয়া ভগবৎসেবা করিতে হইবে। আমরা রিপুর বশ হইয়া বিশ্বদর্শনে ব্যস্ত হইয়াছি, ইহা হইতে উদ্ধারের উপায়—গুরুপ্দপদ্মসেবা। যিনি বিশ্বদর্শন করেন, তিনি ভোগী।

প্রত্যেক ইন্দ্রিয় হৃষীকেশের সেবায় নিযুক্ত না হইলে বুভুক্ষা দ্বারা অমঙ্গলই বরণ হইবে। যাহাতে কৃষ্ণ সম্ভষ্ট হইবেন, সেরূপ বিচার ভোগীর নাই। বিশ্বদর্শনকারী ভোগী নিজের সুখভোগ ও আত্মীয়স্বজনের সন্তোষবিধান লইয়াই ব্যস্ত। ভোগী সমদর্শী নহে, সে বিষমদর্শী, বিশ্বদর্শী বা ভোগ্যদর্শনে ব্যস্ত। আমরা বর্ত্তমানে সেবাবিমুখ হইয়া এ জগতে আসিয়াছি। সকলে আমার ইন্দ্রিয়তর্পণ করুক্— এই বিচার আমাদের প্রবল। কেহ আমার ইন্দ্রিয়তর্পণে ব্যাঘাত করিলে সে খারাপ লোক। এই দুর্গতির হাত হতে উদ্ধারের উপায়—শ্রীগুরুপাদপদ্মশ্রয়।

প্রঃ— অর্চ্চন ও কীর্ত্তনের মধ্যে বৈশিষ্ট্য কি ?

উঃ— অর্চ্চনের দ্বারা নিজের মঙ্গল হয়, আর কীর্ত্তনে নিজের ও অপরের মঙ্গল হইয়া থাকে। অর্চ্চন নিজে নিজে করা যায়, অপরে দেখে না, কিন্তু কীর্ত্তন অপরের কর্ণে নিনাদিত হয়। সেই সব কথা শুনিয়া শ্রীশুরুদেব বা ভক্তগণ আমাদের ক্রেটী সংশোধন করিয়া দেন। তা'তে কীর্ত্তনকারীর শীঘ্রই মঙ্গল হয়। তৎফলে কীর্ত্তন প্রাণময়, আচারময় ও শুদ্ধ হইয়া থাকে।

श्रः - एकनाम कथन द्रा ?

উঃ—জড়ের চিন্তা থাকিলে শুদ্ধনাম হইবে না। সেবোনাখ না হইলে
কৃষ্ণমুখী না হইলে কৃষ্ণনাম কি করিয়া হইবে ? যিনি ভোগী, যিনি
কপটতা করেন, যিনি শঠতা করেন, তার মুখে হরিনাম হয় না। নাম ও
নামী অভিন্ন— এবিচার যাদের নাই, তাদের নামে বাধা হইবে। সেবোনাখ
হইলে নাম আরম্ভ হয়। নাম সাক্ষাৎ ভগবান্— ইহা স্টি-পথে না
থাকিলে নাম কি করিয়া হইবে ? বহির্জগতের চিন্তান্ত্রোত প্রবল থাক্লে
বৈকৃষ্ঠনাম হয় না। মন চিনায় বা শুদ্ধ না হইলে হরিনাম হইবে না। যার

বিশ্বদর্শন— ভোগ্যদর্শন ধ্বংস হইয়াছে, তাঁরই নিরম্ভর হরিনাম হয়।

বাসনার দাস হওয়ার জন্যই আমাদের এত দুঃখ। অনিত্য প্রার্থনা বা কামনা প্রবল হইলে কামনার দাস হইয়া ভূত-প্রেত হইতে হইবে :

গুরুকৃষ্ণের সেবা দ্বারা চিত্ত নির্মল হইলেই সেই শুদ্ধচিত্তে শুদ্ধনাম উদিত হইবেন, নতুবা নামাপরাধ হইবে।

প্রঃ --- ভগবান্ আমাদের কাছে কি চান ?

উঃ—ভগবান্ আর কিছু চান না, Submission চান মাত্র। ভগবদনুশীলন করা দরকার। সামর্থ্য না থাকিলে যিনি তাঁর অনুশীলন করেন, আমাদের তাঁর সাহায্য দরকার, নচেৎ বিপরীত দিকে গতি হইবে। জড় জগতের সেবা করিলে কৃষ্ণসেবা হইবে না— এই কথাটা আমাদের মনে রাখা দরকার। জীবন্যুত বা বর্হিন্যুখ ব্যক্তি ভগবানের সেবা-সৌভাগ্য লাভ করিতে পারে না। যাঁহার প্রাণ আছে, তাঁহারই সেবা করার সৌভাগ্য হয়। সেবোন্যুখ ব্যক্তিই জীবন্ত।

শোক, মোহ, ভয় পদে-পদে আছে। এই দস্যত্রয়ের হাত হইতে উদ্ধারের একমাত্র উপায়— অধ্যেক্ষজ ভক্তি। শ্রীমূর্ত্তি অধ্যেক্ষজ বম্ভ। তিনি কাঠ, মাটি, পাথর নহেন।

প্রঃ--- অনর্থ কি ?

উঃ— অর্থ হলো বাস্তববস্তু ভগবান্ শ্রীহরি। তার বিপরীত হলো অনর্থ। মায়াই অনর্থ। উহা বস্তুপ্রতিম হ'লেও বস্তু নহে। অনর্থ অর্থলাভের বাধা, তাহাকে অতিক্রম করিতে হইবে।

প্রঃ—শ্রীগুরুপাদপদ্ম কি ব্রহ্মবম্ভ বা বৃহদ্বম্ভ ?

উঃ — আমরা লঘু হইতেও লঘু, তদপৈক্ষাও লঘু। আর শ্রীগুরুপাদপদ্ম বৃহৎ হইতেও বৃহৎ, তদপেক্ষাও বৃহৎ। শ্রীগুরুপাদপদ্ম বৃহতের সেবা করেন, বৃহৎ-বম্ভ তাঁর প্রেমে বশীভূত। যারা মধুররতিতে কৃষ্ণভজন করেন, তাঁরা গুরুপাদপদ্মকে অভিনুবার্যভানবী ব'লেই জানেন। যারা বাৎসল্যরসের প্রার্থী, তাঁরা শ্রীগুরুপাদপদ্মকে নন্দযশোদার প্রকাশবিশেষ ব'লেই জানেন। যারা সখ্যরসের প্রার্থী, তাঁরা গুরুকে শ্রীদাম-সুদাম প্রভৃতি কৃষ্ণসখা ও তাঁদের প্রভু নিত্যানন্দের প্রকাশবিশেষ বলেই জানেন। যাঁরা দাস্যরসের সেবক, তাঁরা গুরুদেবকে রক্তক, পত্রক, চিত্রকাদি নন্দের ভৃত্যবর্গের প্রকাশবিশেষ ব'লেই মনে করেন।

শ্রীগুরুপাদপদ্ম আশ্রয়জাতীয় ব্রহ্মবম্ভ — আশ্রয়বিগ্রহ: কেই মনে না করেন— তিনি মূল আশ্রয়বিগ্রহ বা বিষয়বিগ্রহ। অনর্থযুক্ত অবস্থায় ও অনর্থমুক্ত অবস্থায় গুরুদেবে দর্শনভেদ আছে।

শ্রীশুরুদেব যেভাবে সেবা করেন, তদাশ্রিত আমাদিগকেও সেইভাবে সেবা কর্তে হবে। আমি একদিকে চল্লাম আর গুরুপাদপদ্মের ইচ্ছা অন্যরূপ, তা'হলে অভক্তি হ'য়ে গেল।

বিশ্বদর্শনই সংসার। সমদর্শী শ্রীগুরুদেবের কৃপায় এই কুদর্শন

যুচ্বে। ভক্তগণ জগৎকে কৃষ্ণভোগ্য অর্থাৎ কৃষ্ণসেবার উপকরণ ব'লে

জানেন। হদয় যখন বিষয়বাসনারহিত হয়, তখন পরম অসুবিধাগুলিকে

সুবিধা ব'লে মনে হয়— সবই কৃষ্ণকৃপা ব'লে অনুভব হয়। শ্রীগুরুদেব

আমার ন্যায়ই নানা অসম্পূর্ণতাদোষে দুষ্ট ও অনভিক্ত মর্ত্তজীব অথবা

আমা অপেক্ষা কিঞ্চিৎ শ্রেষ্ঠ— এই বিচার আস্লে বিশ্বের প্রভু হয়ে

গেলাম— সর্ব্বনাশ হ'য়ে গেল। গুরু ত' জীবনস্বরূপ। সদ্গুরুপদাশ্রয়

না হলে অধাক্ষজ বিচার আস্বে না; প্রত্যক্ষ, পরোক্ষ বা অপরোক্ষ

পর্যান্ত গতি হবে।

যাহা বন্ধ আমাদের ভোগ্য, দৃশ্য, চিন্তনীয়, আদ্রাণীয়, তাহাই মায়া আমাদিগকে অধােক্ষজ ভগবানের সেবক হইতে হইবে। পুরােহিত বা প্রতিনিধি দ্বারা সেবাকার্য্য হয় না। প্রঃ—ভক্তি ও অভক্তি কি ?

উঃ— ভক্তি বলিতে সাধনভক্তি, ভাবভক্তি ও প্রেমভক্তি। অভক্তি বলিতে অন্যাভিলাষ, কর্মা, জ্ঞান, যোগ এবং উহাদের মিশ্রণে অসংখ্য প্রকার হরিবিমুখতা।

প্রঃ—ব্রজবাসী কে ?

উঃ—ব্রজ্ ধাতুর অর্থ— চলা। যিনি সর্ব্রদা চলিতেছেন কৃষ্ণেন্দ্রিয়তর্পণের পথে, তিনিই ব্রজবাসী।

ব্রজবাসীর অনুগত হইয়া শ্রীনামের ভজন করিতে হইবে। নতুবা মায়ার সংসার হইয়া যাইবে। ব্রজবাসীর আনুগত্যে কৃষ্ণসংসার লাভ হইবে। যদি সব সময়েই কৃষ্ণের ভজনা না হয়, তাহা হইলে ব্রজবাসীর আনুগত্য হইতে খারিজ হইয়া যাইতে হইবে। মদীয় শ্রীগুরুপাদপদ্ম, শ্রীরাধারাণী, শ্রীনন্দযশোদা, শ্রীদাম-সুদাম প্রভৃতি সকলেই ব্রজবাসী।

প্রঃ— ভক্তসেবা বাদ দিয়া কি প্রকৃত মঙ্গল হয় না ?
উঃ— যিনি ভগবানের সেবা করেন, তিনিই ভক্ত। আর যিনি সেব্যসূত্রে সেবকের সেবা গ্রহণ করেন, তিনি ভক্তের একমাত্র সেব্য — ভগবান্। ভগবদ্ধক্তগণ ভগবানের ন্যায়ই পূজা। পূজা দুই প্রকার — সেব্য ভগবানের পূজা ও সেবক—ভগবানের পূজা। উভয়েই ঈশ্বরবস্তু। ভগবান্ সূর্য্যসদৃশ, আর ভক্ত বা গুরু আলোস্বরূপ। সেব্য ও সেবক— ভক্ত ও ভগবান্ পরস্পর অবিচ্ছেদ্যসম্বন্ধক্ বিশিষ্ট। ভক্ত ভগবান্ হইতে পৃথক্ পদার্থ নন। ভগবান্ পূর্ণ বস্তু— ভক্তগণ তাঁ ছাড়া নন। যাঁর ভগবদ্ধক্তি আছে, তিনি ভক্ত ভক্ত বল্লে ভক্তনীয়-বস্তু সংশ্লিষ্ট থাকেন। যেমন পুত্র বলিলে পিতা নিশ্চয় থাকিবেন। ভক্তি, ভক্ত ও ভগবান্— এই তিনটি অবিচ্ছেদ্যসম্বন্ধে সংশ্লিষ্ট ভগবদ্ধক্তগণ কৃষ্ণপরতন্ত্র, আর কৃষ্ণ ভক্তপরতন্ত্র। তাঁরা পরস্পর অভিন্ন— অঙ্গান্ধভাবমুক্ত; এজন্য একজনকে আর একজন হ'তে পৃথক্ করা যায় না। ভক্তকে বাদ দিলে ভগবান্

ব'লে কোন বাস্তববন্ত থাকেন না—ভক্তপূজা বাদ দিলে ভগবানের পূজা ব'লে কোন ব্যাপারই হ'তে পারে না। ভক্ত বা সেবককে বাদ দিয়ে সেব্যের বিচার আংশিক বিচার মাত্র। ভক্ত বা সেবককে ভগবান্ বা সেব্য হ'তে পৃথক্ কর্লে ভক্তের ভজনবৃত্তি রহিত ক'রে তাঁকে অসম্পূর্ণ বা স্বতন্ত্র ক'রে ফেলা হলো। অভক্তগণেরই এরপ কুবিচার দৃষ্ট হয়।

ভগবদ্ধক্ত কেবল ভগবানের সেবা করেন যাঁরা ভগবানের নিত্যসেবা করেন, ভগবদ্ধক্ত তাঁদেরও সেবা করেন। ভগবৎ-শব্দে নাম-রূপ-গুণ-পরিকর-লীলা পরিলক্ষিত হয়। ভক্তসেবা বাদ দিয়ে ভগবানের সেবা হয় না। সেব্য-ভগবানের পূজা অনেক সময় সেব্যের নিকট নাও পৌছিতে পারে; কিন্তু সেবক-ভগবানের পূজার দ্বারে যে সেব্য-ভগবানের পূজা হয়, সেই পূজা অব্যর্থ — ভাহা ভগবানের নিকট না পৌছে থাক্তে পারে না। কারণ সেখানে সমস্ত ভার ভক্ত গ্রহণ করেন— তাঁর নিত্য সেব্যের নিকট পৌছে দেন।

প্রঃ—শ্রীগুরুপাদপদ্মের স্বরূপ কি?

উঃ— শ্রীগুরুদের সাক্ষাৎ হরি। কিন্তু তাই বলিয়া তিনি ভগবান নহেন। শ্রীগুরুদের সেবক-ভগবান্ বা আশ্রয়বিপ্রহ বা প্রতি তিন লোসের ভগবান্ বা বিষয়বিপ্রহ। শ্রীগুরুদের কৃষ্ণ হইয়াও দুরু প্রতি তিন লোসের বিষয় হলেন ভগবান্, আর চিদ্বিলাসের আশ্রয়ের মধ্যে তিনি শ্রেষ্ঠতম তিনিই শ্রীগুরুপাদপদ্ম। এ জগতে ভগবানের প্রিয়ত্তম আর কেহ নাই— একমাত্র মুকুন্দপ্রেষ্ঠ শ্রীগুরুপাদপদ্ম ব্যতীত। গুরুদ্ধ বা কৃষ্ণসঙ্গী। পরিকর বাদ দিয়ে ভগবানের ভগবতা স্বীকৃত হয় না। গরিকর-বৈশিষ্ট্য বাদ দিলে ভগবিদ্রোহ উপস্থিত হয়। শ্রীগুরুপাদপদ্ম ভগবদ্ধ হ'তে পৃথক্ বস্তু নন। গুরুপাদপদ্ম এবং গুরুরবন্দ্য ভগবৎ-পাদপদ্ম জিনিষটি এক হ'লেও বৈশিষ্ট্য আছে। বন্দ্য বন্দনাকারী হ'তে বাদ পড়ে যাবেন না— eliminated হবেন না। গুরুর গুরুত্ব নশ্বর কিমাণ্ডরুপাদপদ্ম উপায় মাত্র,

উপেয় নহেন— নিত্য সেব্য নহেন, ইহা অভক্তের বিচার। ভগবদ্বস্ত শ্রীগুরুদেবে এইরূপ মাটিয়া-বুদ্ধি বা অনিত্য বুদ্ধি আসিলে নরক হইবে। কৃষ্ণাই কৃষ্ণাকে দিতে পারেন। গুরুদেবই কৃষ্ণাকে দেন। কৃষ্ণপ্রদাতা গুরুপাদপদ্ম গোলোক-বৃন্দাবনে নিত্য অবস্থিত। তিনি কালের পূর্ব্বে আছেন এবং পরেও চিরদিন থাকিবেন যিনি নিত্যকাল গুরুপাদপদ্মসেবা না করেন, তিনি গুরুদেব নহেন। গুরুদেব নিজে আচরণ ক'রে গুরুসেবা ও কৃষ্ণসেবা শিক্ষা দেন যিনি জীবনে মরণে অনন্তকালের জন্য কৃষ্ণসেবা করেন, তিনিই গুরুদেব। গুরুর প্রত্যেক কার্য্য ভগবানের পূর্ণসেবাময়। ভগবান্ হ'য়ে যাওয়া গুরুর কার্য্য নয়— ভগবদ্বিদ্রোহী হওয়া নিতান্ত नधूत कार्या । शुंककापन कथन उ अरेटका व र एव भारतन ना । जिन ভগবদনুভৃতিবিশিষ্ট এবং সেবার তারত্যানির্দেশে পর্মবুদ্ধিমান্ এরপ মহাপুরুষকে ভাগ্যক্রমে যদি গুরুরূপে পাই তবেই আমাদের মঙ্গল হয় . যে গুরুদেব আমাদের ভোগের জিনিষ অনুমোদন করেন, তিনি গুরু নন— মোসাহেব : যে গুরু শিষ্যের মঙ্গল চান না তিনি শিষ্যের সব কথায় সায় দেন , তুমি যা' কর্ছ তাই ঠিক ইত্যাদি কথা বলা প্রকৃত ७ इन्द्र कार्या नय, देश स्मानाद्द्र कार्या । ७ इन निरंघा व निषा वा जीरवत মোসাহেব নন—তিনি ভগবানের মোসাহেব হ'তে পারেন। কারণ ভগবান্ পূর্ণবন্তু — সক্তিদানন্দ বন্তু, তাঁতে কোনপ্রকার হেয়তা নাই। শ্রীগুরুদেব নিত্য অনর্থমুক্ত— পূর্ণ অর্থ তিনি। ভগবানের শক্তিবিষয়ে বা স্বরূপবিষয়ে অভিজ্ঞান দেওয়াই গুরুর কার্য্য , আমাদের মঙ্গলের জন্য গুরুবর্গ প্রপঞ্চে অবতীর্ন হন আমাদের গুরুবর্গ নিত্যসিদ্ধ : তারা সাধনসিদ্ধ মাত্র নন গুরুসেবা না কর্লে আমরা দান্তিক হয়ে যাব, তৃণাদপি সুনীচ হ'তে পার্ব না- কৃষ্ণদাস-অভিমানে প্রতিষ্ঠিত হ'তে পার্ব না। সদ্ওক লাভ করেও গুরুদক্ষিণার অভাবে আমাদের মঙ্গল হচ্ছে না। শ্রীগুরুপাদপদ্ম আশ্র ক'রে গুরুদক্ষিণা না দেওয়াটা বিশ্বাসঘাতকের কার্য্য। আমরা ওক্লর হচ্ছি কই ? ওক্লর না হ'লে ওক্লসেবা কি ক'রে হবে ? ওক্লর হ'য়ে

গুরুর বিশ্রস্তুসেবাফলে সকল কুসংস্কার বা অনর্থ যাবে। একমাত্র গুরুসেবা দ্বারাই মঙ্গল লাভ হবে। গুরুসেবায় উদাসীন হ'লে কোনদিন মঙ্গল হবে না।

শ্রীগুরুদের নিত্যপূজ্য বা নিত্যসেব্য বস্তু হইয়াও ভগবৎসেবার মূর্ত্তবিগ্রহ। শ্রীগুরুদের সেবাবিগ্রহ, ভিজিবিগ্রহ বা মূর্ত্তিমান্ ভক্তি। গুরুক্ষময়— সতত কৃষ্ণসেবাচিন্তায় বিভোর। শ্রীগুরুদেরের নাম, রূপ, গুণ, লীলা সবই সেবাময়। সেব্য ভগবানের সেবাই তাঁহার সন্তা, সেবাই তাঁহার স্বরূপ, সেবাই তাঁহার গুণ, সেবাই তাঁহার লীলা। তিনি প্রেমসেবায় সুদক্ষ এবং প্রেমভক্তি শিক্ষক। শ্রীগুরুদের ভবপারের কর্ণধার বা নাবিক, নামপ্রেম-প্রদাতা ও ভক্তিপথপ্রদর্শক। তিনি নামাচার্য্য ও সম্বন্ধজ্ঞানাচার্য্য।

প্রঃ— আমাদের কৃষ্ণদর্শন হচ্ছে না কেন ?

উঃ— গুরুপাদপদ্ম দর্শন না হ'লে কৃষ্ণ্যদর্শন কি করে হবে ? গুরুদর্শন না হ'লে কৃষ্ণ্যদর্শনও অসম্ভব । গুরুপাদপদ্মদর্শনের পরেও যদি আবার জগৎ-দর্শন বা যোষিৎ-দর্শন হয়, তা' হলে আর মঙ্গল হলো না, কৃষ্ণাসেবা হলো না— কৃষ্ণানুভূতি পাওয়া গেল না । যদি কেহ প্রকৃতপক্ষে গুরুপাদপদ্ম আশ্রুয় করিয়া নিষ্কপটে গুরুকৃষ্ণাসেবা করেন, তা' হ'লে নিশ্চয়ই কৃষ্ণাদর্শন লাভ হবে—কৃষ্ণাসেবা পাওয়া যাবে— কৃষ্ণাবিষয়ে দিব্যক্তান অর্থাৎ দীক্ষালাভ হবে । শ্রুবণ-কীর্ত্তন প্রবল করা দরকার । শ্রুবণ-কীর্ত্তন প্রবল হ'লে আর ভোগ্যদর্শন প্রবল হবে না । তখন কৃষ্ণাভোগ্যা যোষিদ্গণকে পরমপূজ্য গুরুজ্ঞান করা যাইতে পারিবে । গুরুকৃষ্ণের সেবাফলে ভোক্তা-অভিমান বিদূরিত হ'লে ভগবানের সেবাবৃত্তি উদিত হবে । তখনই কৃষ্ণের সম্যক্ দর্শন হবে— আমি যোষিৎপতি বা ভোক্তা, এই কুবিচার তখন আর থাক্বে না কৃষ্ণাই একমাত্র যোষিৎপতি বা একমাত্র ভোক্তা আর আমরা সকলেই কৃষ্ণের যোষিৎ বা সেবক— এই জ্ঞান সুষ্ঠু না হ'লে কি ক'রে আমাদের মঙ্গল যোষিৎ বা সেবক— এই জ্ঞান সুষ্ঠু না হ'লে কি ক'রে আমাদের মঙ্গল

र्दि ।

শ্রবণ-কীর্ত্তন না হওয়ার জন্যই আমাদের কৃষ্ণদর্শন হচ্ছে না।
প্রথমে আশ্রয় নিয়ে পরে শ্রবণ-কীর্ত্তন কর্তে হয়। আশ্রয় ত' কর্ব আমি। আমি আশ্রয় না কর্লে আর কি হবে ? জগতের কথায় বেশী আসক্ত হ'য়ে পড়লে শ্রবণ হবে না। শ্রবণ না কর্লে বিষয়ভোগ ছাড়া জীব আর কি কর্বে ?

**श्र**— **७गवात्मत्र म**ग्ना कि भाउग्ना यात्वर ?

উঃ— যদি হ্রদয়ের মধ্যে নিঙ্কপট আর্ত্তি থাকে, যদি ভগবান্কে সত্য সত্য চাই, তা'হলে ভগবানের দয়া নিশ্চয়ই লাভ হবে। কিন্তু অন্য আকাক্ষা থাক্লে জন্মেশ্বর্য্যাদির অভিমানে সর্ব্বনাশ হবে।

ভগবানের ইচ্ছাক্রমে সন্তরু লাভ হয়। ভগবানের দয়া পেলেই সব হবে। তাঁর দয়া না হ'লে আমার শত চেষ্টা দ্বারাও কিছু হবে না। তাঁর দয়াই মূল জিনিষ। অন্য কিছু না চেয়ে অকপটে তাঁর দয়া চাইতে হবে। নিষ্কপট কৃপাপ্রার্থী কৃপা পাবেই। 'করুণালয়স্য করুণা মহতী।' দয়াময় দয়া না ক'রে থাক্তে পারেন না। আমরা প্রাণখুলে দয়া চাইতে পারি না ব'লেই দয়া পাই না। সর্ব্বতোভাবে যিনি ভগবানে প্রপন্ন হন, তাঁকেই মায়াধীশ ভগবান্ স্বয়ং সাহায্য করেন।

ভগবৎসেবা সাক্ষাৎ ভগবান্কে প্রদান করেন; ভগবৎসেবা ব্যতীত আত্মার কল্যাণ হ'তে পারে না। কৃষ্ণ আমাদের একমাত্র আরাধ্য। কৃষ্ণসেবা ব্যতীত আমাদের আর কোন কৃত্য নাই। ভগবংসেবা আত্মসুখেছো নয়— আত্মসুখানুসন্ধান নয়। আত্মসুখানুসন্ধিৎসা জিনিষটি অপস্বার্থপরতা মাত্র।

প্রঃ—শ্রীগৌরাঙ্গের কথাই কি সবচেয়ে বড় কথা ?

উঃ— হাঁ। শ্রীগৌরাঙ্গসুন্দরের প্রচারিত কথার ন্যায় এত বড় উচ্চ কথা আর নাই। সেই সর্কোচ্চ ভজনরাজ্যের কথা একমাত্র শ্রীনামসেবা শ্বারা লভ্য হয়।

প্রঃ—ভক্তি কি ?

উঃ— কৃষ্ণকার্য্য করার নামই ভক্তি। নিজ কার্য্য করার নাম ভক্তি নহে। বিষয়ী হ'য়ে বিষয়ের সেবা বা মায়ার সেবা ভক্তি নহে। মায়ার সেবা বা বিষয়ের সেবাকে অর্থাৎ প্রভুত্ব করাকে ভক্তি ব'লে ভ্রম হ'লে হিতে বিপরীত হবে। পাপী, পুণ্যবান্, কর্মী, জ্ঞানী, যোগী, এরা অভক্তি নিয়ে কাল কাটাচ্ছে। ভক্তি না হ'লে এগুলিকেই বড় ব'লে মনে হয়।

থাঃ— গুরুর আদেশ যথাযথ পালন না কর্লে কি অমঙ্গল হয় ?
উঃ— নিশ্চয়ই। মঙ্গলমূর্ত্তি শ্রীগুরুপাদপদ্মের আদেশ পালন না কর্লে
আমঙ্গল হবে— জীবের সংসারবাসনা বেড়ে যাবে এবং মৃত্যুর পর নরক
হবে। যে গুরুর আদেশ পালন করে না, সে ত' নারকী, সে ত' বিষয়ী বা
পাকা সংসারী। গুরুর আদেশলজ্যনকারীর শূকরযোনি লাভ হ'য়ে থাকে।
যাদের সংসারবাসনা বিষয়বাসনা প্রবল থাকে, তারা ভাগ্যক্রমে সদৃগুরু
পাইলেও প্রাণ দিয়ে সেবা কর্তে পারে না ব'লে তাদের বিশেষ মঙ্গল
হয় না। তারা এই অমূল্যবস্তব্ধ মূল্য বুঝ্তে পারে না ব'লে অসার
সংসারকে সার মনে করে জন্ম জন্ম কষ্ট পায়।



# 25 (Mail-3/20)/A

## মঙ্গলাচরণ

বন্দেহহং শ্রীগুরোঃ শ্রীযুতপদকমলং শ্রীগুরুন্ বৈশ্ববাংক শ্রীরূপং সাগ্রজাতং সহগণরঘুনাথান্বিতং তং সজীবম্। সাদ্বৈতং সাবধৃতং পরিজনসহিতং কৃষ্ণচৈতন্যদেবং শ্রীরাধাকৃষ্ণপাদান্ সহগণললিতা শ্রীবিশাখান্বিতাংক ॥

\* \* \*

গ্রন্থের আরম্ভে করি মঙ্গলাচরণ।
গুরু-বৈষ্ণব-ভগবান্ তিনের স্মরণ ॥
তিনের স্মরণে হয় বিঘ্নবিনাশন।
অনায়াসে হয় নিজ বাঞ্জিতপূরণ ॥

মূকং করোতি বাচালং পঙ্গুং লজ্যয়তে গিরিম্। যৎকৃপা তমহং বন্দে শ্রীগুরুং দীনতারণম্॥

\* \* \*

সাক্ষাদ্ধরিত্বেন সমস্তশাদ্রৈরুক্তস্তথা ভাব্যত এব সদ্ভিঃ। কিন্তু প্রভোর্যঃ প্রিয় এব তস্য বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥

\* \*

যস্য প্রসাদাদ্-ভগবৎপ্রসাদো যস্যাপ্রসাদার গতিঃ কুতোহপি। ধ্যায়ন্ স্তবংস্তস্য যশস্ত্রিসন্ধ্যং বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্॥

\* \* \*

বৈরাগ্যযুগ্ভজিরসং প্রয়েরপায়য়ন্মামনভীন্সুমন্ধম্। কৃপাদুধির্যঃ পরদুঃখদুঃখী সনাতনং তং প্রভুমাশ্রয়ামি॥

\* \* \*

দুর্গমে পথি মেহদ্ধস্য শ্বলৎপাদগতের্ম্ছঃ।
শ্বকৃপা-যষ্টিদানেন সন্তঃ সন্ত্ব বলম্বনম্ ॥

### উপদেশ-রত্নমালা

#### (প্রীশ্রীল প্রভুপাদের উপদেশরত্ন-শতক)

- ১। শ্রীমদ্ভাগবতই শ্রুতিসার ও একমাত্র অমল প্রমাণ।
- ২। যদি শ্রেয়ঃপথ চাই, তাহা হইলে অসংখ্য জনমত পরিত্যাগ করিয়াও শ্রীতবাণী শ্রবণ করিব।
- ৩। শুদ্ধতত্ত্ববিৎ কৃষ্ণৈকশরণ পরদুঃখদুঃখী জগৎ-ত্রাতাই শ্রীগুরুদেব।
- 8। শ্রীগুরুদের কনক-কামিনী-প্রতিষ্ঠালোলুপ মন্ত্র-বিক্রয়ী বা ধর্ম-ব্যবসায়ী নহেন।
- ে। তোষামোদকারী— গুরু বা প্রচারক নহেন।
- ৬। মহাভাগবত জানেন—সকলেই তাঁহার গুরু, তজ্জন্য মহাভাগবতই একমাত্র 'জগদ্থরু''।
- ৭। গুরু যদি মনে করেন— 'আমি গুরু,' তবে গুরুর প্রথম বর্ণের 'উ'–কারটা লোপ হয়। প্রকৃত গুরু শিষ্য করেন না, গুরু করিয়া থাকেন।

- ৮। হরিকথা-প্রচারই 'জীবে-দয়া'র পরম আদর্শ।
- ৯। আচার-রহিত কেবল-প্রচার কর্মাঙ্গের অন্তর্গত।
- ১০। শ্রীচৈতন্যদেবের মনোডীষ্ট-সংস্থাপক শ্রীরূপের পদধূলিই আমাদের একমাত্র আকাজ্ফার বস্তু।
- ১১। হরিভজনকারী ব্যতীত সকলেই নির্কোধ ও আত্মঘাতী।
- ১২। মহামায়ার দুর্গের মধ্যে থেকে একটা লোককেও যদি বাঁচাতে পার, তা' হ'লে অনম্ভকোটী হাসপাতাল করা অপেক্ষা অনম্ভ গুণে পরোপকারের কাজ হ'বে।
- ১৩। জীবের বিপরীত রুচিকে পরিবর্তিত করাই সর্ব্বাপেক্ষা দয়াময়গণের একমাত্র কর্ত্তব্য।
- ১৪। মৃত্যুর শেষনিঃশ্বাস পর্য্যন্ত হরিসেবা-প্রবৃত্তি হ্রাস করা কাহারও কর্ত্তব্য নহে।
- ১৫। অপরের সুখভোগের ব্যাঘাত হইলে তাহা পরিপূরণের চেষ্টাকেই মূর্যলোকেরা 'জীবে দয়া' বা পরোপকার বলে; কিন্তু পরোপকার বা শ্রেষ্ঠ উপকার উহা নহে। জীবের বহির্ম্মখ ভোগ-প্রবৃত্তি পরিবর্ত্তন করাইয়া ভগবৎ-সেবায় নিযুক্ত করাইতে পারিলেই

#### প্রকৃত পরোপকার হয়।

- ১৬। আমরা জগতে বেশীদিন থাকিব না। হরিকীর্ত্তন করিতে করিতে আমাদের দেহপাত হইলেই এই দেহ-ধারণের সার্থকতা।
- ১৭। বৈষ্ণব-ধর্মা ব্যতীত আর ধর্মা নাই। কারণ ইহাই সর্ব্ব-জীবাত্মার নিত্যধর্মা। জগতে প্রচারিত ধর্মাসমূহ বৈষ্ণবধর্মোর সোপান, কেহ বা বিকৃতি।
- ১৮। অধ্যক্তান ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণই স্বয়ং-ভগবান্। ভগবতার অন্তর্গত ব্রহ্মত্ব ও পরমাত্মত্ব। বৈষ্ণবতায় ব্রহ্মত্ব ও যোগিত্ব অনুসূতে।
- ১৯। অসংসঙ্গ ত্যাগই—— বৈষ্ণব—আচার। স্ত্রীসঙ্গী ও কৃষ্ণের অভক্তই অসং।
- ২০। যাহারা পাঁচমিশাল ধর্ম্মযাজন করে, তাহারা ভগবানের সেবা করিতে পারে না।
- २১। ভগবান্ সম্বন্ধ, ভক্তি অভিধেয়, প্রেম প্রয়োজন।
- ২২। আত্যেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছাই—কাম। কৃষ্ণপ্রীতিই—প্রেম, ইহাই পরম-পুরুষার্থ।
- ২৩। মনঃকল্পিত উপাসনাই পৌত্তলিকতা, অধোক্ষজ-ভক্ত পৌত্তলিক

#### নহেন !

- ২৪। ভক্তগণ কৃষ্ণেরই অঙ্গ-প্রত্যঙ্গ, ভক্তপূজা বাদ দিয়া কৃষ্ণ-পূজার ছলনা দাম্ভিকতা।
- ২৫। ভগবান্ ও ডভের সেবা করিলেই গৃহব্রত-ধর্মা কম পড়ে।
- ২৬। কৃষ্ণেতর বিষয়-সংগ্রহই আমাদের মূল ব্যাধি।
- ২৭। যে মুহূর্ত্তে আমাদের রক্ষাকর্ত্তা থাক্বে না, সেই মুহূর্ত্তেই আমাদের পারিপার্শ্বিক সকল বস্তু শক্র হ'রে আমাদিগকে আক্রমণ কর্বে। প্রকৃত সাধুর হরিকথাই আমাদের রক্ষাকর্ত্তা।
- ২৮। বিষয়বিগ্রহ শ্রীকৃষ্ণই একমাত্র ভোক্তা, এতদ্বাতীত সব তাঁর ভোগ্য।
- ২৯। শ্রীহরিনাম-গ্রহণ ও ভগবানের সাক্ষাৎকার-দুই একই বস্তু।
- ७०। यथात्न रित्रकथा, त्रियात्न डीर्थ।
- ৩১। সকলে মিলিয়া মিশিয়া ও এক-তাৎপর্য্যপর হইয়া হরিসেবা করা কর্ত্তব্য।
- ৩২। শ্রেয়োবস্তই প্রেয়ঃ হওয়া উচিত।
- ৩৩। পরস্বভাবের নিন্দা না করিয়া আত্মশোধন করিবেন—ইহাই আমার

উপদেশ।

- ৩৪। সহ্য করিতে শেখা মঠবাসীর একটী প্রধান কার্য্য।
- ৩৫। খ্রীরূপানুগ ভক্তগণ নিজ শক্তির প্রতি আস্থা স্থাপন না করিয়া আকরস্থানে সকল মহিমার আরোপ করেন।
- ৩৬। আমরা সংকর্মী, কুকর্মী, জ্ঞানী ও অজ্ঞানী নহি; আমরা অকৈতব হরিজনের পাদত্রাণবাহী, 'কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ' মন্ত্রে দীক্ষিত।
- ৩৭। বৈষ্ণব-শুরুর আজ্ঞা পালন কর্তে যদি আমাকে দান্তিক হ'তে হয়, পশু হ'তে হয়, অনন্তকাল নরকে যেতে হয়— আমি অনস্ত কালের জন্য contract ক'রে সেরপ নরকে যেতে চাই। জগতের অন্যান্য সমস্ত লোকের চিন্তাশ্রোত শুরুপাদপদ্মের বলে মুষ্ট্যাঘাতে বিদ্রিত কর্ব— আমি এতদ্র দান্তিক।
- ৩৮। পশু, পক্ষী, কীট, পতঙ্গ প্রভৃতি ব্লক্ষ লক্ষ যোনিতে থাকা ভাল, তথাপি কপটতা আশ্রয় করা ভাল নয়। কপটতা-রহিত ব্যক্তিরই মঙ্গল হয়।
- ৩৯। "পরস্বভাবকর্মাণি ন প্রশংসের গর্হয়েও" (ভাঃ ১১। ২৮। ১)—
  এই উপদেশটা অগ্রাহ্য ক'রে যাঁরা দিবানিশি পরচর্চ্চায়় আনন্দ
  উপভোগ করেন, তাঁ'রা কখনই আত্মঙ্গল লাওঁ কর্তে পারেন না।
  আমাদের দেশের একটি চলিত কথায় বলে—'চাচা আপন বাঁচা';
  তাই আমরা বলি, প্রত্যেকদিন সকাল-বেলা উঠে সর্ব্বাগ্রে নিজের

মনকে দু'শ ঘা জুতা, আর পাঁচশ ঘা ঝাঁটা মেরে শিখাতে হ'বে—
''মন, তোমার পরচর্চ্চা ক'রে কি লাভ ? তোমার চর্চ্চা তুমি কর
না কেন ?'' ''পরচর্চ্চকের গতি নাহি কোন কালে।'''পরচর্চ্চা''
–শব্দের 'পর' বল্তে পরমেশ্বর-বিমুখজনের চর্চ্চা। উহা দ্বারা
আত্মার অমঙ্গল হয়। কিন্তু 'পর' অর্থাৎ পরমেশ্বরের চর্চ্চার দ্বারা
আত্মাঙ্গল হ'য়ে থাকে।

- 80। যত ঘর, বাড়ী, প্রাসাদ, সৌধ দরকার আছে—যত পাণ্ডিত্য প্রভৃতির দরকার আছে—যত সংযম, সন্মাসের দরকার আছে, সব পাবে, তুমি কেবল আমার কাছে এস। ঘর হউক, দোর হউক, পান্ডিত্য হউক এ'রূপ বৃদ্ধিতে দৌড়িও না—সাধারণ লোক যা'কে প্রয়োজন মনে করছে, তা'কে প্রয়োজন মনে করো না।
- 8)। "পরং বিজয়তে শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তনম্।" ইহাই গৌড়ীয় মঠের একমাত্র উপাস্য।
- 8২। লেখাপড়া ও পাণ্ডিত্যের শেষ কথা—শ্রীহরিনাম-কীর্ত্তন।
- ৪৩। হরিনাম গ্রহণ ছাড়া অন্য Alternative আছে—ইহা তর্ক-পন্থা।
- 88। শ্রীকৃষ্ণনাম গ্রহণকালে কৃষ্ণের অনুশীলন হ'তে থাকে এবং কর্ম্যফল ভোগ ও ব্রহ্মজ্ঞানাদি মুক্তি—পিপাসার অনর্থ দূর হ'তে থাকে, জীবের সকল অনর্থই ক্রমশঃ বিদূরিত হয়। শ্রীনামই স্বয়ং-কৃষ্ণ; কেবল স্বয়ং নহে, স্বয়ংরূপই নাম। আমাদের দুর্দ্দৈব অপনোদনের জন্য

অন্য কোনও উপায় নাই--- শ্রীনামভজন ব্যতীত।

- ৪৫। শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তন বাদ দিয়ে মথুরা-বাস, সাধুসঙ্গ প্রভৃতি কোন অঙ্গই পরিপূর্ণ হয় না। কিন্তু যদি কেবল শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তন করি, তা'হলে তদ্দারা মথুরাবাসের ফল, সাধুসঙ্গের ফল, শ্রীমূর্ত্তি-শ্রদ্ধায় সেবনের ফল ও ভাগবত-শ্রবণের ফল সকলই হয়। নাম-ভজনেই জীবের সর্ব্বার্থসিদ্ধি।
- ৪৬। সর্ব্বদাই সেবা কর্বেন, আর মুখে হরিনাম কর্বেন।
- 89। শ্রীনামগ্রহণকালীন জড়চিন্তার উদয় হয় ব'লে শ্রীনাম-গ্রহণে
  শিথিলতা কর্বেন না। শ্রীনাম-গ্রহণের অবান্তর ফলস্বরূপ ক্রমশঃ
  ঐ প্রকার বৃথা চিন্তা অপনোদিত হ'বে। তজ্জন্য ব্যস্ত হ'বেন না।
  অগ্রেই ফলের সম্ভবনা নাই। কৃষ্ণনামে অত্যাগ্রহ না হ'লে জড়চিন্তা
  কিরূপে যাবে ? কায়মনোবাক্যে শ্রীনামের সেবা কর্লেই শ্রীনামী
  পরমমঙ্গলময় স্বরূপ প্রদর্শন করেন।
- ৪৮। শ্রীকৃষ্ণনামোচ্চারণকে ভক্তি ব'লে জান্বেন। শ্রীনাম গ্রহণ কর্তে কর্তে অনর্থ অপসারিত হ'লে শ্রীনামেই রূপ, গুণ ও লীলার আপনা হ'তে ক্রুর্ত্তি হ'বে। চেষ্টা ক'রে কৃত্রিমভাবে রূপ, গুণ ও লীলা স্মরণ কর্তে হ'বে না।
- 8৯। কীর্ত্তনমুখেই শ্রবণ হয় এবং স্মরণের সুযোগ উপস্থিত হয়। সেইকালেই অষ্টকাল-লীলা-সেবার অনুভূতি সম্ভব। যাহাতে

শ্রীনামের কৃপা হয়, সর্ব্বতোভাবে শ্রীনামের নিকট তাহাই প্রার্থনা করিবেন।

- ৫০। বৈষ্ণবের বিচারে যে কার্য্যে কৃষ্ণসেবানন্দ নাই, সে কার্য্য জাগতিক
   বিচারে পরমশ্লাঘ্য হ'লেও অত্যন্ত ঘৃণ্য।
- ৫১। ভগবদ্বিমুখ প্রপঞ্চ—য়ন্ত্রণাময়, পরীক্ষার স্থল। সহিষ্ণুতা, দৈন্য
   ও পরপ্রশংসা প্রভৃতি এখানে হরিভজনের সহায়।
- ৫২। ভগবান্ যা করেন, তা' আমাদের মঙ্গলের জন্যই করেন—এই সত্য ভুলে গিয়ে, এই বিশ্বাস ছেড়ে দিয়ে আমরা বিপদে পতিত হই।
- ৫৩। সংখ্যা নির্বেদ্ধ করিয়া কৃষ্ণনাম উচ্চেঃশ্বরে কীর্ত্তন করিলে অনর্থ নিবৃত্ত হয়, জাড্য প্রভৃতি পলায়ন করে। এমন কি, হরি-বিমৃখ বহির্ম্মখণণ আর বিদ্রাপ করিতেও পারে না।
- ৫৪। গ্রাম্যকথা লোকমুখে হইতেই থাকিবে, তাহাতে অমনস্ক থাকিবেন। নিজের কর্ত্তব্যপথে অগ্রসর হইতে ইচ্ছা থাকিলে কোন বাধা-বিপত্তি আপনার কিছুই করিতে পারিবে না।
- ৫৫। জগতের বহির্মুখ লোকদিগকে সম্মান করিবেন, কিন্তু তাঁহাদের ব্যবহার আদর করিতে শিখিবেন না। মনে মনে ত্যাগ করিবেন।

- ৫৬। শ্রীহরিনাম-প্রভুর নিকট তাঁহার সেবার জন্য হ্রদয়ের সহিত যোগ্যতার প্রার্থনা করিবেন। নাম-প্রভু নামী-প্রভু হইয়া আপনার হ্রদয়ে বিরাজ করিবেন।
- ৫৭। 'কৃষ্ণ' ব্যতীত অন্যবস্ত্রপ্রাপ্তির আশাকে 'অন্যাভিলাষ' বলে। কৃষ্ণেতর বাসনাবিশিষ্ট জীবগণই অন্যাভিলাষী।
- (৮। সঙ্গই মানবজীবনে প্রধান হরিভজনের বৃত্তি। অবৈষ্ণব–সঙ্গক্রমে জীবের সংসারে উন্নতি, আর সাধুসঙ্গ—প্রভাবে আত্মা উত্তরোত্তর হরিসেবায় প্রমন্ত হয়। মানব-জীবনে উহাই একটি সর্ব্বপ্রধান অবলঘন। তাহাতে বিমুখ হইবেন না। "শ্রেয়াংসি বহুবিদ্বানি" বিচার করিয়া " লব্ধা সুদুর্ল্লভমিদং বহুসন্তবান্তে মানুষ্যমর্থদমনিত্যমপীহ ধীরঃ। তূর্ণং যতেত ন পতেদনুমৃত্যু যাবন্ নিঃশ্রেয়সায় বিষয়ঃ খলু সর্ব্বতঃ স্যাৎ ॥" (ভাঃ ১১। ৯। ২৯) শ্রোকটী বিশেষভাবে বিচার করিবেন।
- কে। যিনি এই জাগতিক ভোগের নাগপাশে বন্ধ, তাঁহার সহিত পারলৌকিক আলোচনা বা অনুশীলন করিলে বিষয় স্পর্শ করে।
- ৬০। দুঃসঙ্গ হইতে কৃষ্ণ-লাভ হয় না। দুঃসঙ্গ ত্যাগ করিয়া সাধুসঙ্গ-বরণ হইতেই হরিলাভ ঘটে একথা সর্ব্বদা মনে রাখিবেন।
- ৬১। প্রত্যেক মঙ্গলপ্রার্থী ব্যক্তি মহাপ্রভুর নিজ-রচিত এই শ্লোকটী যেন সর্ব্বদা মনে করেন,—— ''নিষ্কিঞ্চনস্য ভগবস্তুজনোনুখস্য পারং পরং জিগমিষোর্ভবসাগরস্য। সন্দর্শনং বিষয়িনাং অর্থ যোষিতাং চ

#### হা হন্ত হন্ত বিষভক্ষণতোহপ্যসাধু ॥"

- ৬২। দীক্ষা-ফলেই হরিনামে প্রবৃত্তি হয়। নিরপরাধে হরিনাম করিতে থাকিলে পূর্ব্বজন্মেই কর্মাভোগময়ী দীক্ষা প্রভৃতির কার্য্য সমাপ্ত হইয়াছে, জানিবেন।
- ৬৩। মায়াবাদীর সঙ্গ, বৈষয়িক শাক্ত-সম্প্রদায়ের সঙ্গ এবং কর্মিগণের সঙ্গ সর্ব্বতোভাবে পরিহার করিবেন।
- ৬৪। যাহাদের আত্মবিৎ-এর নিকট নিজেদের ভগবৎসেবা -প্রবৃত্তি সর্ব্বক্ষণ উদিত হয় নাই, সেই সকল ব্যক্তির সঙ্গ যতই প্রীতিপ্রদ হইক না কেন, উহা কখনই বাঞ্ছনীয় নহে।
- ৬৫। 'ভজন' বাহিরের বা লোক দেখাইবার বস্তু নহে। কৃষ্ণ কি বস্তু, তাহা যাঁহার উপলব্ধি হয় নাই, তাঁহার অনুরাগ-পথে উনুতাধিকার প্রাপ্তির চেষ্টা— আলস্যজ্ঞাপক।
- ৬৬। অর্থের বা স্বার্থের জন্য কখনও দুঃসঙ্গ করিবে না। ভোগ্য অর্থের লোভ যেন আমার নিতান্ত পরম শক্ররও কোনদিন না ঘটে। কেবল ভগবৎ-সেবার জন্যই ঐ সকল সংগ্রহ করিবে।
- ৬৭। ভক্তদ্বেষীর প্রতি ক্রোধের বৃত্তি ভজনের প্রকারভেদ মাত্র। ক্রোধের নিয়োগ ভক্তদ্বেষিজনেই কর্ত্তব্য। তাদৃশ ভজনবৃত্তিকে যাহারা সাধারণ ক্রোধের সহিত সমজ্ঞান করে, তাহারা নারকী।

বৈষ্ণবের ভৃত্যসূত্রে গুরুর অবজ্ঞা সহ্য করা কেবলমাত্র পাপ নহে--- আত্মার অধঃপাতকারক অপরাধ।

- ৬৮। ইন্দ্রিয়তর্পণময় কীর্ত্তন হরিকীর্ত্তন নহে। কেবল সুর, মান, তাল, লয়—এসকল কীর্ত্তন নয়। শ্রীমন্মহাপ্রভু আমাদিগকে ভাল কালোয়াত' হ'তে বলেন নি— কেবল রকমারী বোল উঠাতে পার্লেই, লোক ভুলাতে পার্লেই কীর্ত্তনকারী হওয়া যায় না। নিজের ইন্দ্রিয়তর্পণটা 'হরিকীর্ত্তন' নয়—যা'— দ্বারা কৃষ্ণেন্দ্রিয়তর্পণ হয়, সেটিই হরিকীর্ত্তন।
- ৬৯। নামকীর্ত্তনকারীর অন্যাভিলাষ বর্জ্জন কর্তে হবে। মহাপ্রভূ নামসাধন-প্রণালীর কথা ব'লে নামকীর্ত্তনকারীর অন্যাভিলাষ বর্জ্জনের কথা জানালেন।
- ৭০। কৃষ্ণকীর্ত্তনকারীর 'তৃণাদপি সুনীচ' হ'তে হ'বে— অমানী, মানদ হ'তে হ'বে।
- ৭১। সকলের সহিত বন্ধুত্ব অর্থাৎ সকল বৈষ্ণবের মন যোগাইয়া হরিসেবায় নিযুক্ত থাকা কীর্ত্তন-যক্তের ভারপ্রাপ্ত ব্যক্তিগণের অপরিহার্য্য সদ্গুণ।
- ৭২। কৃষ্ণসেবা, কার্ম্ধসেবা ও শ্রীনামকীর্ত্তন, তিনটী পৃথক্ অনুষ্ঠান হইলেও তিনটীই একতাৎপর্য্যপর।

নাম-সংকীর্ত্তন দ্বারা কৃষ্ণ ও কার্চ্চসেবা হয়।
বৈষ্ণবের সেবা করিলে কৃষ্ণ-কীর্ত্তন ও কৃষ্ণ-সেবা হয়।
কৃষ্ণসেবা করিলেই নাম-সংকীর্ত্তন ও বৈষ্ণব-সেবা হয়।
শ্রীচেতনাচরিতামৃত পাঠ করিলে কৃষ্ণসেবা ও নাম-সংকীর্ত্তন হয়।
সংসঙ্গে শ্রীমদ্ভাগবত পাঠেও তাহাই লভ্য হয়। অর্চ্চনেও ঐ
তিনটী কার্য্য হইতে থাকে। নাম-ভজনেও তাহাই সূর্য্বভাবে হয়।

- ৭৩ : পূর্ব্ব ইতিহাস ভজনের অনুকূল বিচারে নিযুক্ত করিবেন অর্থাৎ প্রতিকূল বিষয়গুলি অনুকূলের পূর্ব্বাবস্থা জানিবেন। প্রতিকূল হওয়ায় যে বিপদ্ উপস্থিত হয়, তাহা পরক্ষণে ভজনের অনুকূলতা প্রসব করে।

  ঠাকুর বিল্পমঙ্গলের পূর্ব্বচরিক্র, সার্ব্বভৌমের কথা, প্রকাশানন্দের কৃতর্করূপ যাবতীয় অনর্থ পরিশেষে কৃষ্ণসেবাময় হইয়াছিল র সূতরাং বিগত অনর্থের জন্য কোনও চিন্তা করিবেন না। বর্ত্তমান অনর্থ—শ্রবণ, কীর্ত্তন প্রবল করিলেই—তাহারা প্রবল হইবে না। আমাদের জীবন অল্পদিন স্থায়ী, সূতরাং মৃত্যুর পূর্ব্ব পর্যান্ত নিদ্ধপটে হরিসেবা করিবার যত্ন করিবেন।
- ৭৪ : অভক্রের বিধান—তাঁর নিজ মঙ্গলের জন্য। ভক্তের বিধান— কৃষ্ণসেবার জন্য।
- ৭৫। নিরন্তর হরিভজন করুন, সর্বেজীবকে হরিভজনে নিযুক্ত করুন, সকল জীবের চেতনবৃত্তির নিকট হরিভজন কর্বার কথা কীর্ত্তন করুন।
- ৭৬। সকল জীবের, সকল অজীবের কৃষ্ণপাদপশ্মে অবস্থানই একমাত্র

পরিপূর্ণ সার্থকতা। সমস্ত ইতর চেষ্টা পরিহার ক'রে কৃষ্ণপাদপদ্মে চেতনের বৃত্তিসমূহ নিযুক্ত করাই আমাদের একমাত্র কর্ত্ব্য।

- ৭৭। প্রাক্তন কর্মাফলে যে শারীরিক বা মানসিক তাপ দেখা যায়, উহাকে ভগবদনুকম্পা জ্ঞান করিয়া সর্বাক্ষণ অবিক্লবমতি হইয়া হরিগুরু-বৈষ্ণবের পাদপদ্ম স্মরণ করিবেন। ক্রমশঃ কৃষ্ণেচ্ছায়
  যাবতীয় তাপ দূরীভূত হইয়া হৃদয়ে ভগবৎসেবা-বল লাভ হইবে
  এবং নিরন্তর হরিভজন-প্রবৃত্তি উদিত হইবে।
- ৭৮। নিজ নিজ ভোগের বা শান্তির প্রার্থনা ভগবানের চরণে কর্তে হ'বে না—নিজের সুবিধার জন্য ভগবান্কে কখনও 'চাকর' কর্বো না—খাটাবো না। যাঁরা ধর্ম্ম-অর্থ-কাম ইচ্ছা করেন, তাঁ'রা কর্মাকাণ্ডী, আর যাঁরা কর্মাফল ত্যাগের বিচার করেন, তাঁ'রা জ্ঞানকাণ্ডী। তাঁ'রা উভয়েই স্বার্থপর-ভগবান্কে 'চাকর' করার জন্য ব্যস্ত।
- ৭৯। দীক্ষার অভিনয় ও দিব্যজ্ঞানলাভ এক নহে। যিনি অপ্রাকৃত দিব্যজ্ঞানের অপব্যবহার করিবার মানসে কপটতার বশবর্তী হইয়া গৌড়ীয়মঠের আনুগত্য স্বীকার করেন, তাঁহার সহিত গৌড়ীয়মঠের কোন সম্বন্ধ থাকিতে পারে না বা নাই।
- ৮০। সকলেরই একই উদ্দেশ্য ও একই সেবাস্বার্থ থাকিলে কোনও প্রকার বিরোধের সম্ভাবনা হয় না। সেখানে আপাত বিরোধও প্রেমপর সেবার উৎকর্ষ-সাধনেই পর্য্যবসিত হয়। আপনারা সকলেই এক অন্বয়জ্ঞানের অপ্রাকৃত ইন্দ্রিয়তৃপ্তির

উদ্দেশ্যে, আশ্রয়বিগ্রহের আনুগত্যে মিলে-মিশে থাক্বেন। সকলেই এক হরিভজনের উদ্দেশ্যে এই দু'দিনের অনিত্য সংসারে কোনরূপে জীবন-নির্কাহ ক'রে চল্বেন। শত বিপদ্, শত গঞ্জনা ও শত লাপ্ত্নায়ও হরিভজন ছাড়বেন না। জগতের অধিকাংশ লোক অকৈতব কৃষ্ণসেবার কথা গ্রহণ কর্ছে না দে'থে নিরুৎসাহিত হ'বেন না। নিজ-ভজন, নিজসর্ব্বস্ব কৃষ্ণকথা শ্রবণ–কীর্ত্তন ছাড়বেন না। তৃণাদপি সুনীচ ও তরুর ন্যায় সহিষ্ণু হ'য়ে সর্ব্বক্ষণ হরিকীর্ত্তন কর্বেন।

৮১। সংসারে থাকাকালে নানাপ্রকার অসুবিধা আছে, কিন্তু সেই
অসুবিধায় মুহ্যমান হওয়া বা অসুবিধা দূর কর্বার চেষ্টা করাই
আমাদের প্রয়োজন নয়। এই সকল অসুবিধা বিদূরিত হ'বার পর
আমরা কি বস্তু লাভ কর্ব, আমাদের নিত্য জীবন কি হ'বে,
এখানে থাকাকালেই তা'র পরিচয় লাভ করা আবশ্যক।

কৃষ্ণপাদপদ্ম হ'তে আমরা যতটা তফাৎ হ'ব, ততই এখানকার আকর্ষণ ও বিকর্ষণ আমাদিগকে আকৃষ্ট কর্বে। এই জগতের আকর্ষণ ও বিকর্ষণের অতীত হ'য়ে অপ্রাকৃত নামাকৃষ্ট হ'লেই কৃষ্ণসেবারসের কথা বুঝ্তে পারা যায়।

৮২। মহান্ত গুরুদেবকে ভগবান্ হ'তে অভিন্ন ভগবানের প্রকাশমূর্ত্তি না বল্লে কোনও দিন ভগবানের নাম মুখে উচ্চারিত হবে না। তিনিই শ্রুতির মর্ম্ম বুঝ্তে পারেন, যাঁর গুরু ও ভগবানে অভিনুবুদ্ধি আছে। ৮৩। শ্রীগুরুদের মর্ত্ত্য নহেন, অনিত্য নহেন, তিনি কৃষ্ণ হ'তে দাসরূপে ভিন্ন হ'লেও কৃষ্ণের অভিনু প্রিয়বস্তা। ভগবান নিজেই নিজের সেবা শিক্ষা দিবার জন্য গুরুরূপে অবতীর্ণ হয়েছেন। তিনি ভক্ত, সূতরাং কৃষ্ণ হ'তে বড়। কৃষ্ণের সহিত সমান কর্লে তাঁর থব্বতা করা হয়।

অনেকে নিজের কর্ত্বাভিমানে সদ্গুরুর পাদপদ্ম বাজিয়ে নিতে চান। এ-সকল কর্ত্বাভিমানী ব্যক্তি সদ্গুরুর সন্ধান পান না, সদ্গুরুর পাদপদ্ম ব্রপ্রকাশ-বস্তু।

- ৮৪। হরিকীর্ত্তন করাই অর্থদ মানবজন্মের একমাত্র প্রয়োজন। নির্জ্জন-ভজনের ছলনায় সর্ব্বদা অলস জীবন যাপন করা, নিষ্কিঞ্চনতার ছলনায় অনর্থক দারিদ্রা আনয়ন করা ও হরিকীর্ত্তনে বাধা দেওয়া আবশ্যক নহে।
- ৮৫। 'প্রার্থনা' ও 'প্রেমভক্তিচন্দ্রিকা' লিখিত বৈরাগ্য অন্তরে (অর্থাৎ লোক না দেখাইয়া) অবলম্বন পূর্ব্বক ''ষড়রস ভোজন দূরে পরিহরি, কবে ব্রজে মাগিয়া খাইব মাধুকরী'' ইত্যাদি বাক্য মনে মনে স্বীকার করিয়া ওক্ত-গৌরাঙ্গের মহিমা প্রকাশ ও প্রচারের চেষ্টা করিলে হরিভজন ও মহাপ্রভুর কৃপা লাভ হইতে পারে। বিলাসিতা বা কৃত্রিম-বৈরাগ্য প্রদর্শনের কোন আবশ্যকতা নাই। বৈরাগ্য হৃদয়ের বস্তু।

- ৮৬। শরীরের অধিক সৌখ্য বৃদ্ধি হ**ইলেই ভগবানের সেবা-প্রবৃত্তি কমি**য়া যায়; তজ্জন্য শ্রীভগবান্ যাহাদিগকে দয়া করেন, তাহাদিগের সকল প্রকার সুবিধার পথে কণ্টক অরোপিত হয়।
- ৮৭। যাঁহারা সাংসারিক অমঙ্গলকে ভগবানের দয়া বলিয়া বুঝিতে না পারেন, তাঁহারা পুনরায় জগতের উন্নতি, সুখ প্রভৃতি অম্বেষণ করিতে গিয়া পরিশেষে নিফলতা লাভ করেন।
- ৮৮। পৃথিবী পরিত্যাগের পূর্কের যাঁহাদের ভগবজ্জানদাভ ঘটে এবং ভগবংসেবা-প্রবৃত্তি হয়, তাঁহারাই ব্রহ্মজ্ঞ বা ব্রাহ্মণ, তাঁহারাই ব্রহ্মপুরে নীত হন।
- ৮৯। অকিঞ্চন হ'য়ে শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় কর্তে হ'বে। 'আমি কর্ত্তা, আমি ভোক্তা, আমি প্রভু'—এই দুর্বৃদ্ধি শ্রীগুরুপাদপদ্মের কৃপাতেই দূর হ'বে। 'আমি ভগবৎসেবক, আমি গুরুর কিন্ধর' এই অভিমান গুরুর কৃপাতেই জাগ্বে। অহদ্বার, অভিমান, ভোগবৃদ্ধি, স্বসুখবাঞ্চা প্রভৃতি গুরুর কৃপাতেই—গুরুসেবা প্রভাবেই অপসারিত হ'বে। গুরুসেবাই যে আমার একমাত্র কৃত্য, ইহা গুরুকৃপাতেই জান্তে পারা যাবে। গুরুই আমার একমাত্র বন্ধু, একমাত্র আত্রীয় ও একমাত্র রক্ষক, ইহা গুরুকৃপাতেই বুঝ্তে পার্বো। গুরুকৃপাতেই সংসার হ'তে মুক্ত হ'য়ে ভগবানের অন্তর্রুর সেবা লাভ হ'বে। এত গুরুর দয়া।

গুরু ছাড়া এ জগতে আমার আপন বল্তে আর কেহ নাই, এরূপ

সুবুদ্ধি হ'লে গুরুকৃপা হ'বেই এবং তখন আমি শ্রীগুরু-গৌরাঙ্গের সেবা লাভ ক'রে কৃতার্থ হ'তে পার্বো। এজন্য আমাদিগকে শ্রীগুরুপাদপদ্মে পূর্ণ শরণাগত হ'তেই হ'বে, নতুবা ঠকে যাব।

- ৯০। চবিবশ ঘণ্টার মধ্যে ২৪ ঘণ্টা অর্থাৎ cent percent (শতকরা শতভাগ) হরিসেবা কর্তে হ'বে গৃহস্থগণও ভগবৎ সেবা কর্বেন। গৃহস্থের বাড়ীর যাবতীয় লোক শ্রীভগবানের সেবা কর্বেন। মন্ত্র নেওয়া ও ঠাকুরসেবা করা গৃহস্থের অবশ্য কর্ত্ব্য। ঠাকুরসেবার ফল — ভগবনামে রুচি। ভক্তের কাছে যাঁরা শ্রীমদ্ভাগবত শ্রবণ করেন, তাঁদের মঙ্গল হয়ই।
- ৯১। লোকপ্রিয়তা অনুসন্ধান করার নাম ভক্তি বা বৈষ্ণবধর্ম্ম নহে।
  শ্রীকৃষ্ণপ্রিয়তা অনুসন্ধানের নাম—ভক্তি বা বৈষ্ণবধর্ম্ম; আর
  তাহা অকপটে সকলকে জানিয়ে দেওয়ার নাম—জীবে দয়া বা
  মানুষের উপকার করা। কিমুখ বিশ্ব আমাকে আক্রমণ কর্বে
  ব'লে শ্রীচৈতন্যদেবের নিখুত সত্য কথা বল্তে আমি পশ্চাৎপদ
  হ'ব না; তা'তে আমার লোকপ্রিয়তা অর্জ্জন হ'বে না সত্য, কিম্ব
  শ্রীকৃষ্ণ সুখী হবেন। লোকপ্রিয়তাটা ত' আমার ভোগ, তাহা কৃষ্ণের
  ভোগ নহে। কৃষ্ণের ভোগ— 'বাস্তব-সত্যের' কথা কীর্ত্তন।
  আমরা কারো মনযোগান কথা বল্তে পার্বো না। আমার পূর্ণমঙ্গল
  সর্ব্বতোভাবে যিনি দিবেন, তাঁকেই আমি সর্ব্বম্ব দিব।
- ৯২। নির্মাল চিত্তই ভগবাদের বসতিস্থল। হৃদয়মন্দির মার্জ্জন না হ'লে পুরুষ-অভিমান প্রবল হ'বে। শ্রদ্ধাপূর্ব্বক সাধুসঙ্গে হরিকথা শ্রবণের

দ্বারা চিত্ত নির্মাল হয় আমরা insincere লোকের সঙ্গ না ক'রে সাধুগুরুর সঙ্গই কর্বো। শ্রীকৃষ্ণপাদপদ্মই আমাদের নিত্যগৃহ। কৃষ্ণপাদপদ্মেই Eternal Health of the soul অবস্থিত।

- ৯৩। বৈষ্ণব হ'লেন জগতের একমাত্র গুরু, তথাকথিত নির্তণ ব্রহ্মজ্ঞানী গুরু হ'তে পারেন না । Personality of Godhead-এর উপাসকই গুরু হ'তে পারেন । পুরুষোত্তমের সেবক-অভিমানীও আবার গুরু হ'তে পারেন না— যদি তিনি শিষ্যের শিষ্য-অভিমান না করেন। বৈষ্ণব–অভিমানে গুরু হ'তে পারা যায় না। এজন্য আমাদের শ্রীগুরুপাদপদ্ম কখনও নিজেকে বৈষ্ণব বল্তেন না। যে নিজেকে বৈষ্ণব বলে, সে branded অবৈষ্ণব।
- ৯৪। ব্রাহ্মণের অন্য কোন কৃত্য নাই— বিষ্ণুসেবা ব্যতীত। অন্য দেবতার পূজা কর্লে ব্রাহ্মণ ছোট হ'য়ে যান। সাধারণের ধারণা— ব্রাহ্মণ সকল দেবতার পূজা কর্তে পারেন। কিন্তু বেদ বলেন— ব্রাহ্মণ একমাত্র বিষ্ণুরই সেবা-পূজা করেন। ব্রাহ্মণগণের আচমনীয় মন্ত্র—'ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্।'
- ৯৫। রাস্তায়, ঘাটে বৈষ্ণব পাওয়া যায় না। বৈষ্ণব অত সোজা নয়। পৃথিবী উজাড় হ'য়ে যাবে, বৈষ্ণব পাওয়া যাবে না। কমলের লোম বাছার ন্যায় বৈষ্ণব পাওয়া সুকঠিন।
- ৯৬। যে ব্যক্তি 'আমি কর্ত্তা' মনে করে, তাঁ'র কখনও মঙ্গল হয় না। কৃষ্ণসেবা ব্যতীত সকলই অসুবিধা। ধর্মকামনা, অর্থ-কামনা,

কাম-কামনা ও মোক্ষীমনা—এইগুলি ভক্তি বা সেবা নয়।

'আমি সেব্য, তোমরা সকলে আমার সেবা কর'—ইহা অবৈঞ্চবের বিচার। এইরূপ অবৈঞ্চব কখনও গুরু হ'তে পারে মা। যে সব্ গুরু শিষ্যের সেবা গ্রহণ করেন, তাঁরা বাস্তবিক গুরুপদবাচ্য ন'ন। তাঁরা শিষ্যও হ'তে পারেন নাই।

- ৯৭। পরম-শ্রন্ধা সহকারে গুরুসেবা করিলে মঙ্গল হইবেই। গুরুকৃষ্ণ আমাদের কাছে আর কিছু চান না, কেবল submission চান মাত্র। যে মুহূর্ত্তে আমরা গুরুপাদপদ্মে শরণাগত, সেই মুহূর্ত্তেই মঙ্গল আমাদের করায়ত্ত।
- ৯৮। বিশ্বদর্শন বা ভোগ্যদর্শন যাঁহার আছে, তিনি ভোগী। এই ভোগ্যদর্শন হইতে উদ্ধারের উপায়—— শ্রীগুরুপাদপদ্ম-সেবা। বাসনার দাস হওয়ার জন্যই আমাদের এত দুঃখ, এত বাধা। আমরা রিপুর দাস হইয়া বিশ্বদর্শনে ব্যক্ত হইয়াছি। এইজন্যই আমাদের মুখে ওদ্ধনাম হইতেছে না। মন চিনায় বা ওদ্ধ না হইলে হরিনাম হয় না। নাম ও নামী অভিন্ন—— এই বিচার ও বিশ্বাস দৃঢ় না হইলে নামে বাধা হয়। হদয়ের সহিত ভগবান্কে ডাকিলে নিশ্চয়ই তাঁহার করুণা হইবে এবং করুণাময় গুরুকৃষ্ণের কৃপায় যাবতীয় বাধা অনায়াসে দূর হইবে।
- ৯৯। জীবমাত্রেরই স্বতন্ত্রতা বলিয়া একটা রত্ন আছে। জীব অণুচৈতন্য বলিয়া জীবের স্বতন্ত্রতা কৃষ্ণেচ্ছা-পরতন্ত্র। জীব স্বতন্ত্রতার সদ্ব্যবহারও করিতে পারেন, আবার অসদ্যবহারও করিতে পারেন। ভগবান্ চেতনের স্বতন্ত্রতার উপর হস্তক্ষেপ করেন না।

ভগবান্ শাস্ত্র-গুরু-আতারূপে জীবকে শুদ্ধ চেতনধর্মে উদ্বুদ্ধ করিতে যত্ন করেন। যাঁহারা সাধু-শাস্ত্রের উপদেশ শ্রবণ করিয়া সেবোনাুখ হন, তাঁহারাই মঙ্গল লাভ করিতে পারেন। মহাপ্রভু ব'লেছেন—

'শাস্ত্র-গুরু-আত্মরপে আপনারে জানান। 'কৃষ্ণ মোর প্রভু ত্রাতা' জীবের হয় জ্ঞান॥ সাধু-শাস্ত্র-কৃপায় যদি কৃষ্ণোনাুখ হয়। সেই জীব নিস্তরে, মায়া তাহারে ছাড়য়॥''

১০০। শ্রীকৃষ্ণটৈতন্যদেব একবন্ত হইয়াও ছয়টী ভিন্ন তত্ত্বে প্রকাশমান-(১) গুরুতত্ত্ব, (২) শ্রীবাসাদি ভক্ততত্ত্ব, (৩) অংশাবতার অধৈত-তত্ত্ব, (৪) স্বরূপপ্রকাশ নিত্যানন্দ - তত্ত্ব, (৫) গদাধরাদি নিজশক্তিত্ত্ব, (৬) স্বয়ং ভগবান্-তত্ত্ব শ্রীকৃষ্ণচৈতন্য। এই ছয়-তত্ত্বই একমাত্র শ্রীকৃষ্ণটৈতনা। তাহা হইলে ওরুতত্ত্বও শ্রীকৃষ্ণচৈতন্য, অচিম্ভাভেদাভেদবাদ স্বীকৃত হইলে ছয়-তত্ত্বই ভগবান্ কিন্তু পরস্পর পৃথক্। শ্রীবাসাদি ভক্ত, শ্রীগদাধরাদি শক্তি, অংশাবতার অদৈত, প্রকাশস্বরূপ নিত্যানন্দ এবং গুরুদেব-এই পঞ্চতত্ত্ব শ্রীকৃষ্ণচৈতন্যের সহিত অভেদ হইলেও এই পাঁচ তত্ত্বই শ্রীকৃষ্ণটেতন্য হইতে পৃথক্ দাসতত্ত্ব। শ্রীগুরুদেব শ্রীচৈতন্যদেবের দাস হইলেও ভগবানের প্রকাশস্বরূপ, ভগবান্ই গুরুদেব । শ্রীগুরুদেব সাক্ষাৎ ভগবৎপ্রকাশ হইলেও তিনি শ্রীকৃষ্ণতৈতন্যের প্রিয়তম দাস। শ্রীগুরুদেব মর্ত্ত্য নহেন, অনিত্য নহেন, তিনি কৃষ্ণ হইতে দাসরূপে ভিন্ন হইলেও কৃষ্ণের অভিনু প্রিয়-বন্তু। শ্রীগুরুদেব ভক্ত, সূতরাং কৃষ্ণ হইতে বড় । গুরুকে কুষ্ণের সমান মনে করিলে তাঁহার খর্ব্বতা করা হয়।

